বঙ্গীয়-শব্দসিন্ধু।

অর্থাৎ বাঙ্গালা সাহিত্যে প্রচলিত দেশজ, আরবী, পার্সী, উর্দ্দু, হিন্দী,

পোর্ত্তুগিজ্, ডেনিস্, ফ্রেঞ্চ, ইংরাজী প্রভৃতি যাবতীয়

শব্দের প্রকৃত উচ্চারণ, প্রকৃতি, প্রত্যয়,

অর্থ, শিষ্ট-প্রয়োগ-সম্বলিত বাঙ্গালা

অভিধান।

শ্রীরজনীকান্ত বিদ্যাবিনোদ সঙ্কলিত।

কলিকাতা

প্রকাশক—বি. ব্যানার্জি এণ্ড কোং

২৫, নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট ও ৫৪, নং কলেজ ষ্ট্রীট

১৯০৭ খ্রীষ্টাব্দ।

যাঁহার

যত্নে আমার বিদ্যাশিক্ষা আরব্ধ হয়,

যিনি

আমায় অপত্যনির্ব্বিশেষে স্নেহ করিতেন,

যিনি

এখন স্বর্গে অমল সুখ ভোগ করিতেছেন

সেই

পরম পূজ্যপাদ মদীয় মাতুল

৺ অক্ষয় কুমার আচার্য্য

মহাশয়ের নামে

এই গ্রন্থ

উৎসর্গ করিলাম।

গ্রন্থকার।

ভূমিকা।

বঙ্গভাষায় যে সকল অভিধান প্রকাশিত হইয়াছে, উঁহার অধিকাংশ গ্রন্থে প্রকৃত বাঙ্গালা শব্দের সংখ্যা নিতান্তই অল্প। এমন কি দুই একখানি অভিধানে এমন সকল দুরূহ সংস্কৃত শব্দ বিন্যস্ত দেখা যায়, যাহা প্রাচীন কিম্বা নব্য বাঙ্গালা সাহিত্যের কোথাও প্রযুক্ত নাই এবং কখনও যে প্রযুক্ত হইবে তাহারও সম্ভাবনা অল্প। অথচ শত শত নিত্য ব্যবহার্য্য প্রচলিত বাঙ্গালা শব্দের অর্থ ঐ সকল অভিধান খুঁজিয়া বাহির করা যায় না। তজ্জন্য বহুদিন হইতে একখানি প্রকৃত বাঙ্গালা অভিধানের অভাব পরিলক্ষিত হইতেছিল এবং বঙ্গীয় সাহিত্য পরিষদের সদস্য সম্প্রদায়ের মধ্যে বারম্বার ইহা লইয়া আলোচনাও হইয়াছিল।

এতকাল পরে আমার বন্ধু রাণাঘাট—হরধামনিবাসী শ্রীযুক্ত রজনী কান্ত বিদ্যাবিনোদ, সেই অভাব দূর করিলেন দেখিয়া আমি বড়ই সুখী হইয়াছি। রজনীবাবু একজন নিরাড়ম্বর সাহিত্য সেবী। হয়ত সাহিত্য সেবীদের অনেকেই তাঁহার নাম শুনেন নাই, না শুনিবারই কথা, কারণ তিনি কোন নগরী বা মহানগরীতে অবস্থানপূর্ব্বক জাঁক জমকে লোক বিমোহিত করিয়া সাহিত্য সেবা করেন না। তিনি সেই শান্তিময় পল্লীর নিভৃত কুঞ্জে বসিয়া ধ্যানাসক্ত যোগীর ন্যায় বাঙ্গালা সাহিত্যের রসাস্বাদনে নিমগ্ন থাকেন। অল্পদিন হইল আমার সহিত তাঁহার পরিচয় স্থাপন হইয়াছে। এই অনতিদীর্ঘকালের মধ্যে যতদূর বুঝিয়াছি তাহাতে নিশ্চয় করিয়া বলা যায়, তিনি বাঙ্গালা সাহিত্যের একজন যথার্থ প্রেমিক। বাঙ্গালা সাহিত্যের প্রতি তাঁহার অকপট ভালবাসা। তাঁহার অর্থ সামর্থ্য থাকিলে এই ভালবাসা নানাপ্রকারে প্রকাশ করিতে পারিতেন কিন্তু দুঃখের বিষয় সে শক্তি এখন তাঁহারই নাই।

তিনি খাঁটি বাঙ্গালা শব্দ সংগ্রহ করিয়া যে "বঙ্গীয়-শব্দসিন্ধু" রচনা করিয়াছেন ইহাতে তাঁহার বাঙ্গালা সাহিত্যের প্রতি যথেষ্ট অনুরাগ প্রকাশিত হইয়াছে। এই অভিধান সঙ্কলনের পূর্ব্বে ও সঙ্কলন কালে

তিনি কয়েক বার আমার পরামর্শ জিজ্ঞাসা করেন। আমি যেরূপ পরামর্শ দিয়াছিলাম, এখন দেখিতেছি তিনি তাহার কোন অংশই উপেক্ষা করেন নাই এবং ইহাতে আশাতিরিক্ত পরিশ্রম করিয়াছেন।

বাঙ্গালা সাহিত্যের অনন্ত ভাণ্ডারে যে সকল শব্দরত্ন বিদ্যমান, তিনি তাহার প্রয়োজনীয় প্রায় যাবতীয় শব্দই সংগ্রহ করিয়াছেন। ঐ সকল শব্দের কোন্‌টি দেশজ, কোন্‌টি বৈদেশিক জাতি হইতে প্রাপ্ত তাহাও দেখাইয়া দিয়াছেন। ঐ সকল শব্দের অর্থ লিখিতেও তিনি যথাযোগ্য সাবধানতা অবলম্বন করিয়াছেন এবং স্থানে স্থানে প্রাচীন সাহিত্য হইতে প্রয়োগ উদ্ধৃত করায় উহা বিদ্যালয়ের ছাত্র ও সাধারণ সাহিত্যসেবীদের পক্ষে বিশেষ উপযোগী হইয়াছে। বাঙ্গালা ভাষায় আরবী, পার্সী, উর্দ্দু, পোর্টুগিজ্, ডেনিস্, ফ্রেঞ্চ, ইংরাজী প্রভৃতি ভাষা হইতে যে সকল শব্দরাশি বাঙ্গালা সাহিত্যে প্রবেশ লাভ করিয়া বাঙ্গালা ভাষার প্রকৃতি প্রাপ্ত হইয়াছে, রজনী বাবু তাহাদের প্রকৃত উচ্চারণ ও অর্থ বিশেষ নৈপুণ্যের সহিত লিপিবদ্ধ করিয়াছেন। এক কথায় বলিতে হইলে "বঙ্গীয় শব্দসিন্ধু" বাঙ্গালা সাহিত্যানুরাগী সাধারণ পাঠক ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের পক্ষে বিশেষ উপকারক হইবে, ইহা নিঃসংশয়রূপে বলা যাইতে পারে।

উপসংহারে বক্তব্য, কলিকাতাস্থ হিন্দুস্কুলের ভূতপূর্ব্ব সহকারী প্রধান শিক্ষক ও বি. ব্যানার্জি কোম্পানির একমাত্র স্বত্বাধিকারী শ্রীযুক্ত বাবু অভয়াচরণ পাল বি. এ. মহাশয়ের নিকট বঙ্গীয় শব্দসিন্ধু প্রণেতা বিশেষ কৃতজ্ঞ। এই গ্রন্থ প্রণয়ন করিয়া রজনী বাবু অর্থাভাবে প্রকাশ করিতে পারিতে ছিলেন না, অভয়াচরণ বাবুর নিকট প্রস্তাব করিবামাত্র তিনি উহা প্রকাশ করিতে অঙ্গীকার করায় গ্রন্থকারের বিশেষ ধন্যবাদভাজন হইয়াছেন।

সন ১৩১৪। ২৮শে আষাঢ়।
হিন্দুস্কুল—কলিকাতা।

শ্রীশরচ্চন্দ্র শাস্ত্রী।

পরিভাষা।

যে সকল সংস্কৃতজ, দেশজ ও যাবনিক শব্দ নিতান্ত প্রচলিত বোধ হইয়াছে, তাহা এই অভিধানে সন্নিবেশিত করিয়াছি। ( ) এই বেষ্টনী মধ্যে সংস্কৃতজ ও যাবনিক শব্দের ব্যুৎপত্তির উল্লেখ করা হইয়াছে। শব্দবিভাগের জন্য –, + এই চিহ্নদ্বয় ব্যবহার করিয়াছি। = এই চিহ্নের পূর্ব্বভাগে শব্দ কিম্বা ধাতু এবং পরভাগে অর্থ লিখিত হইয়াছে। প্রত্যেক শব্দের পরে তাহার পদ নির্ণয় ও তদন্তে তাহার ব্যুৎপত্তি নির্ণয় করিতে যথাসাধ্য চেষ্টা করা হইয়াছে। একার্থ প্রতিপাদক শব্দের মধ্যে , এই চিহ্ন ও ভিন্ন ভিন্ন অর্থ প্রতিপাদক শব্দের মধ্যে। দাঁড়ি চিহ্ন দিয়াছি। যে যে সাঙ্কেতিক চিহ্ন গৃহীত হইয়াছে, নিম্নে তাহা প্রকটিত হইল।

বি, ...	বিশেষ্য।	যাং, ...	যাবনিক।
বিং, ...	বিশেষণ।	পা, ...	পারশী।
ক্রি বিং, ...	ক্রিয়ার বিশেষণ।	আ, ...	আরবী।
অং, ...	অব্যয়।	হি, ...	হিন্দী।
সর্ব্বং, ...	সর্ব্বনাম।	ইং, ...	ইংরাজী।
স্ত্রীং, ...	স্ত্রীলিঙ্গ।	উ, ...	উর্দ্দু।

বঙ্গীয় শব্দ-সিন্ধু।

অ

অ, অন্তি স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। অ-শব্দ নঞ্ স্থানে আদিষ্ট হইলে সাদৃশ্য, অভাব, অন্যত্ব, অল্পতা, অপ্রাশস্ত ও বিরোধ —এই ছয় প্রকার অর্থ প্রকাশ করে।

অই, (অদস্ শব্দের অপভ্রংশ) সম্মুখস্থিত, পুরোবর্ত্তী, ওখানে; যথা,—"অই শশী ওই থানে।" পদ্যে "অই" শব্দের পরিবর্ত্তে কবিগণ কখন কখন "ওই" শব্দ ব্যবহার করিয়া থাকেন; যথা—

"ওই" দেখ ধূলারাশি উঠিছে গগনে!
ওই শোন কোলাহল।"
(বীরাঙ্গনাকাব্য)

কাব্যে যতি ও ছন্দাদির অনুরোধে "অই" পরিবর্ত্তে "ঐ" এবং "ও" ব্যবহার হইয়া থাকে। প্রাচীন কবিগণ "অই" শব্দের পরিবর্ত্তে কখন কখন "উহ" শব্দও ব্যবহার করিয়া গিয়াছেন।

অঁকোল, বি, (অঙ্কোল শব্দজ) আঁকড় গাছ।

অকট্‌কিনা, বিং (অকঠিন শব্দজ) অকঠিন, কাঠিন্য রহিত, যাহাতে কোন বাঁধাবাঁধি নিয়ম নাই।

অকড়িয়া, বিং নির্ধন, ২ মূল্যহীন।

অকথা, বি, কুকথা, মন্দকথা, অশ্লীল বাক্য।

অকবজ, বিং (যাং) অনায়ত্ত, অধিকার বহির্ভূত।

অকল, বি, বুদ্ধি, জ্ঞান।

অকষ্টকল্পনা, বি, অনায়াসসাধ্য রচনা, যে রচনার জন্য লেখককে কষ্টস্বীকার করিতে হয় না।

অকষ্টবন্ধ, বি, (অকষ্ট=যার পর নাই কষ্ট+বন্ধ=বন্ধন; অথবা সংস্কৃত "হা কষ্টংবন্ধঃ" শব্দজ কি?) বিষম সঙ্কট, বিষম বিপদ।

অকা, অগা, বিং ("অজ্ঞ শব্দজ কি?) নির্ব্বোধ, বোকা।
অকাটা, বিং অভিন্ন, গোটা।
অকাট্য, বিং অখণ্ডনীয়।
অকাণ্ড, বিং কুকাণ্ড, অঘটনীয় ব্যাপার।
অকাজ, বি, (অকার্য্য শব্দজ) কু-কার্য্য, অসৎকার্য্য।
অকাল, বি, (অ=অপ্রশস্ত+কাল=সময়) অপ্রকৃত কাল, যাহার যে সময় নয়; যেমন অকালমৃত্যু; ২। অশুদ্ধকাল; ৩। দুর্ভিক্ষ।
অকালকুষ্মাণ্ড,বি,(অকাল=অপ্রকৃতকাল জাত+কুষ্মাণ্ড=কুমড়া) যেমন বলিদানাদি কোন কার্য্যে লাগে না, সেই রূপ আলস্যাদি দুর্লক্ষণাক্রান্ত ব্যক্তিকেও অকালকুষ্মাণ্ড বলে। ২। কার্য্যাক্ষম ব্যক্তি।
অকুক, বি, (যাং) বুদ্ধি, জ্ঞান।
অকূলপাথার, বি, (অকূল=যার কূল নাই+পাথার=জল) অগাধ-জল; ২। মহাবিপদ; যথা—
"তুমি হে ভরসা মম অকূল পাথারে।"
অকেজো, বিং (অকার্য্য শব্দজ) কার্য্যের অনুপযুক্ত, যাহার দ্বারা কোন কার্য্য হয় না।
অক্কা, পাওয়া ক্রি, প্রাণত্যাগ করা; যথা,—
"বাবা অক্কা পেলো" (বুড়বক্কেশ্বর)

অখন্তে, বিং (অখাস্ত শব্দজ.?) কার্য্যের অযোগ্য, যেমন অখ-ন্তেলোক।
অখরোট, বি, ফলবিশেষ, আখরোট
অখিল, বি, আকাঙ্ক্ষা; যথা—
"অর্থের কাঙ্গাল নই অচলের ঝি।
অকিঞ্চন অনেক "অখিল" ভরে দি॥"
(শিবায়ণ)
অখ্যাত, বি, (অখ্যাতি শব্দজ) নিন্দা, কুযশ।
অগড়বগড়,আগড়বাগড়, বি, ভাল মন্দ মিশ্রিত বাক্য, অসংলগ্ন কথা।
অগাড়ী, আগাড়ী, বি, অগ্রবর্ত্তী-স্থান, ২। অশ্বের পদবন্ধন রজ্জু।
অগোর, অগৌর, বি,(অগুরু শব্দজ) সুগন্ধি কাষ্ঠবিশেষ; যথা—
"সুবাসিত গন্ধি আদি "অগোর" চন্দন।"
"অগৌর চন্দন রামা নিল বাটী পুরে।"
(কবিকঙ্কণ)
অগ্নিমূল্য, বিং দুর্মূল্য, মহার্ঘ্য।
অগ্নিশর্ম্মা, বিং মহাক্রোধী।
অঘাটী, বিং ত্রুটীহীন, নির্দ্দোষ; যথা—
"কুলে শীলে রূপে গুণে সকলে অঘাটী।"
অঘাসি, বি, নিকৃষ্ট ঘাস, কাঁচড়া ঘাস।
অঙ্গদ, বি, হস্তালঙ্কার বিশেষ, [বাজু।
অঙ্গসেবা, বি, দেবমূর্ত্তির অঙ্গরাগ করণ।
অচী, অলিঅচী, বি, (অচী, তুরকী-

ভায়া, অর্থ বড়ভাই) বাঙ্গালায় অটী বা অলিঅটী অর্থে অভিভাবক বুঝায়।

অছিলা, রি, সূত্র, অবলম্বন।

অজচ্ছল, বি, (অজস্র শব্দজ) অপরিমিত, অপর্য্যাপ্ত।

অজূরদার, বি, (যাং) কর্ম্মচারী, জনমজুর।

অজূরা, আজূরা, বি, (যাং) বেতন, পারিশ্রমিক।

অজূহন্নামা, বি, (যাং) মোকদ্দমার কারণ লিখন।

অজূহাৎ, বি, (যাং) কারণ, জন্য।

অঞ্জাম, বি, (যাং) আয়োজন।

অঞ্জীর, বি, (যাং) পিয়ারাগাছ।

অঝর, অঝোর, বিং অবিশ্রান্ত, অবিরাম; যথা—

"অঝরে ঝরয়ে দুই কমল নয়ন।"
(চৈতন্য ভাগবত)

"আর না শুনিব স্তুতি সে চাঁদবদনে।
কাঁদেন করুণাময়ী অঝোর নয়নে।"
(ধর্ম্মমঙ্গল)

অটুট, বিং (অত্রুটী শব্দজ) অভগ্ন, সম্পূর্ণ, কোন বিষয়ে হীনতা না থাকা।

অঠেল, বিং যাহা ঠেলা যায় না, প্রচুর; যেমন, তাঁহার সংসারে অঠেল জিনিস; ২। অকাট্য; যেমন, তাঁহার কথা অঠেল।

অড়র, বি, (অড়হর শব্দজ) কলায় বিশেষ, অড়হর।

অতর, আতর, বি, (যাং) সুগন্ধি পুষ্পনির্য্যাস বিশেষ, বাঙ্গালায় আতর।

অতরদান, বি, (যাং) আতর রাখিবার পাত্রবিশেষ, বাঙ্গালায় আতরদান।

অতুর, বিং কার্য্যাক্ষম।

অথই, বিং অতলস্পর্শ।

অথল, বিং স্থলরহিত, অতলস্পর্শ।

অথপ্প, অথব্ব, বিং (অথর্ব্ব শব্দজ) গতিশক্তি হীন, আড়ষ্ট।

অথান্তর, বি, চেষ্টা, শ্রম, বিপদ; যথা—

"বহু অথান্তর সেই পুষ্পের কারণ।"
(পদ্মপুরাণ)।

অনকী, বি, কীটবিশেষ, মশক জাতীয় কীট। [তাগা।

অনন্ত, বি, হস্তালঙ্কারবিশেষ,

অনাজ, আনাজ, বি, শস্য, তরকারী।

অনাটন, বি, অপ্রতুল, অভাব।

অনাড়, আনাড়, বি, নিভৃত স্থান, নির্জন স্থান।

অনাড়স্থ, বিং গুপ্তস্থানে লুকায়িত।

অনাড়ি, আনাড়ি, বিং অনভিজ্ঞ জড়, নির্ব্বোধ।

অনাড়িপনা, আনাড়িপনা, বি, অনভিজ্ঞতা, মূর্খতা।

অনামুখ, বিং অপ্রিয় দর্শন, অমঙ্গল, যাহার মুখদর্শনে শুভ হয় না; যথা—

"অনামুখ মিন্সেগুলার কিবা বুকের পাটা
দেবীপূজা বন্ধ করে কুলে দেয় পাটা।"
(রামমণি)

অনার, বি, (যাং) দাড়িম্ব।

অনাস্থষ্টি, বিং স্থষ্টির বহির্ভূত, অদ্ভুত, আশ্চর্য্য; যথা—
"অনাস্থষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ।
এক দিন বলে আজি অপস্কার আন।"
(শিবায়ণ)

অনিঙ্গন, বিং নিশ্চল, অচরিষ্ণু।

অনিমিক, বিং (অনিমিষ শব্দজ) নিমেষ শূন্য, নিস্পন্দ, স্পন্দ-রহিত; যথা—
"অনিমিকে দুটী আঁখি ভুলিয়ে রয়েছে।"
(কমলাকান্ত)

অনীত, বি, (অনীতি শব্দজ) কুরীতি, অনুচিত ব্যবহার, যথা—
"বাছা কেন করগো এমন অনীত।"
(কালীকীর্ত্তন)

অনুল, বি, অভাব, অপ্রতুল, যথা—
"পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল।
মহেশের সে'ত নাহি সকলি অনুল।"
(শিবায়ন)

অনুস্থদন, বি, ভালমন্দ বিচার; ২। অন্বেষণ।

অনোখা, আন্‌কা, বিং অপরিচিত

অন্তরটিপুনী, বি, হস্তদ্বারা এরূপ টেপা যাহাতে অন্তঃকরণে কষ্ট বোধ করে।

অন্তর্জ্জলী, বি, মুমূর্ষু ব্যক্তিকে জলে উপবেশন বা স্থাপন।

অন্তরা, বি, কবিতা বা সঙ্গীতের পদ বিশেষ।

অন্দর, বি, (পারশী) ভিতর বাটীর মধ্যদেশ, যে অংশে স্ত্রীলোকেরা বাস করে; যথা—
"রাজার সকল জানি "অন্দর" বাহির।"
(ভারতচন্দ্র)

অন্দাজ, আন্দাজ, বি, (য়াং) অনু-মান, অনুভব।

অন্দেশা, বি, (যাং) চিন্তা, ভাবনা।

অন্ধকূপ, বি, নিবিড় অন্ধকারময় স্থান।

অন্ধলা, বিং অন্ধ, দৃষ্টিহীন।

অন্ধিসন্ধি, বি, ছিদ্র, রন্ধ্র, ফাঁক; যেমন আগাগোড়া তার কথার অন্ধিসন্ধি পাবার যো নাই।

অন্নক'ষ্ঠে, অন্নকোষ্ঠা, বিং অন্ন-দানে কাতর; ২। অন্নাভাবে কৃশ শরীর; যথা—
"খুঁজিতে খুঁজিতে বন্দীর বুকে পড়ে পা
অন্নকোষ্ঠা বন্দী ছাড়ে বিপরীত রা।"
(কবিকঙ্কণ)

অন্নছত্র, বি, অন্নশালা, যে স্থানে অন্নার্থীদিগকে অন্নদান করা হয়।

অন্নদাস, বিং যে অন্নের নিমিত্ত যাবজ্জীবন অন্যের দাসত্ব করে, ভাতুড়িয়া।

অন্নভোক্তা, বিং যাহার পক্ক অন্ন অথবা যাহার সহিত একত্র বসিয়া অন্নভোজন করা যায়।

অন্ত্যান্তর, বি, অন্যস্থান, অন্যত্র; যথা—

"তপস্বীর দেখি কিছু চঞ্চল অধর।
সেই স্থান ছাড়ি গৌরী যান অন্ত্যান্তর।"
(কবিকঙ্কণ)

অপন্যায়, বি, (অন্যায় শব্দজ) অন্যায়, অনুচিত কার্য্য; যথা—

"তোমার পুত্রের অপন্যায় শুন সব।"
(চৈতন্যভাগবত)

অপয়া, বিং দুর্ভাগা, হতভাগ্য।

অপাক, বিং অজীর্ণ, পরিপাক না হওয়া।

অপার্য্যমাণ, ক্রি বিং অসাধ্য, অপারগপক্ষে।

অফুরন্ত, বিং অপর্য্যাপ্ত, যাহা খরচ করিলেও শেষ হয় না।

আফল্লা, বিং (যাং) অনুৎপাটিত।

অবচার, অপচার, বিং অজীর্ণ, অপরিপাক, বদহজম।

অবনটে, বিং খাঁদা, নতনাসিকা।

অবস্তি, অবনিবনাও, বিং অমিল, অনৈক্য।

অবথব, অবুথবু, বিং অকর্ম্মণ্য, জড়সড়; যেমন, ভগবান এমন অবথব করেচেন।

অবুঝ, বিং নির্ব্বোধ, বোকা, যে কিছু বুঝে না। [অভ্র।

অব্‌র্, বি, (পারশী, সংস্কৃত অভ্রক)

অব্রূ, বি, (পারশী) চক্ষুর ভ্রূ।

অভক্ষা, বিং (অভক্ষ্য শব্দজ) ভক্ষণের অযোগ্য, অসামর্থ বাচক।

অভাবু, অভ্যেবো, বিং বোকা, হতবুদ্ধি।

অমনি, বিং ঐ প্রকার; ২। বিনা মূল্যে; যেমন, জিনিসটা অমনি পাইয়াছে; ৩। তৎক্ষণাৎ; যথা—

যেমন আসা অমনি যাওয়া।

অমানুষ, বিং মনুষ্যাতীত, অলৌকিক, যেমন লোকটার অমানুষ সাহস; ২। মন্দমানুষ, মনুষ্যধর্ম্মের বহির্ভূত।

অমায়িক, বিং সরল, কপটতাশূন্য, যে ছলনা প্রতারণা জানে না।

অমুনি, ক্রি বিং তৎক্ষণাৎ, তখনই

অমৃতি, বি, পানপাত্রবিশেষ; ২। খাদ্যদ্রব্যবিশেষ।

অম্বল, বি, (অম্ল শব্দজ) অম্ল, টক; যথা—

"অম্বল থেকে অনারেবেল আর কে এমন আছে।" (হেমচন্দ্র)

অযোত্র, বিং নির্ধন, নিঃস্ব।

অয়েলক্লথ, বি, (ইংরাজী oil cloth) তেলা কাপড় বিশেষ, ইহাতে জলীয় পদার্থ পড়িলে তাহা তলভেদ করিয়া নিম্নে পড়িতে পারে না।

অলকাতিলকা, বি, অঙ্গলিপ্ত কুঙ্কুম দ্বারা তিল পুষ্পাকার চিহ্ন।

অলক্ষুণে, বিং (অলক্ষণ শব্দজ) অশুভ চিহ্ন বিশিষ্ট; কুলক্ষণ বিশিষ্ট।

অলপ্পেয়ে, অপ্পেয়ে, বিং (অল্লায়ু শব্দজ) অল্লায়ুবিশিষ্ট, অল্পদিন জীবী। [নির্ব্বুদ্ধি।

অলবড্ডে, বিং অব্যবস্থিত, জড়,

অবগর, বিং (অবগাঢ় শব্দজ কি ?) অতিরিক্ত ; যথা—

"জগবন্ধু দেখে ভবসিন্ধু হনু পার।
অবগর কি বর অপর কাছে আর।"
(শিবায়ন)

অবীরা, বি, পতিপুত্রবিহীনা স্ত্রী।

অবের, বি, (হিন্দী) অনেক বেলা হইয়াছে কি বেলা গিয়াছে বলিতে হিন্দুস্থানীরা অবের বলে।

অবেলা, বি, (অতিবেলা শব্দজ) শেষ বেলা, যে সময়ে কোন বিশেষ কাজ হইতে পারে না ; যেমন, এমন অবেলায় যাবে কেমন করে।

অষ্টরম্ভা, বি, শূন্য, ফাঁকি।

অসাড়, বিং অজ্ঞান, সংজ্ঞাবিহীন।

অসুমার, বিং (যাং) অফুরন্ত, অপর্য্যাপ্ত।

অস্তর, বি, (পারশী) যে কাপড় জামা প্রভৃতির ভিতর দিকে লাগান থাকে ; ২। অস্ত্র।

অস্থিরপঞ্চম, অস্থিরপঞ্চক, বি, পাটীগণিতে অঙ্কবিশেষ। চারি জন সন্ন্যাসীর রুটী খাওয়ার অঙ্ক—অস্থিরপঞ্চম। (Indetermination Equation)

অস্বরস, বি, অকৌশল, মনোভঙ্গ।

অস্বস্তি, বি, অমঙ্গল, অসুস্থভাব।

অহমাল, বি, (আরবী হমল= বোঝা=গর্ভ, যেহেতু গর্ভও একটী বোঝা) বোঝাসমূহ। বাঙ্গালায় এই কথা মোকদ্দমা সম্বন্ধীয় ব্যাপারে ব্যবহৃত হয়।

আ

আ ;—আকার, দ্বিতীয় স্বরবর্ণ। উচ্চারণ স্থান কণ্ঠ।

আ-স্মৃতি, ঈষৎ, অবধি, ব্যাপ্তি, সুখ দুঃখবোধক শব্দ। আঃ (অং) হায়, আহা।

আই, বি, মাতামহী, মাতার মাতা, যথা,—

"কার মনে ছিল আই মোর হবে বিয়া।"
(বিদ্যাসুন্দর)

আইও, আইহ, বি, এয়ো, সধবা স্ত্রীলোক ; যথা—

"যতেক আইহ মেলি করেন হুলাহুলি,
তণ্ডুল মঙ্গল করে।" (কবিকঙ্কণ)

আইচ, বি, বৃক্ষবিশেষ ; ২। পুষ্পবিশেষ ; ৩। উপাধিবিশেষ।

আইজ, আজ, ক্রি বিং অদ্য, বর্ত্তমান দিন।

আইঢাই, বি, অস্থিরতা প্রকাশ, ব্যাকুলতাভাব প্রকাশ। যথা,—

"প্রাণ করে আইঢাই, দেহে কালঘাম ছুটে।"

আইন, বি, (পারশী) রাজবিধি, রাজনিয়ম, কায়দা।

আইন্দা, বিং (যাং) ভবিষ্যৎ, আগামী, যেমন আইন্দা সন।

আইমা, বি, আইমাতা, মাতামহী, মাতার মাতা।

আইল, বি, আলি, ভূমির সীমা, জল রাখিবার জন্য ক্ষেত্রের চতুর্দ্দিকে যে বাঁধ দেওয়া হয়; যথা—

"আইল পাতার দেখিলে কথা কহিয়া যামু।" (মাণিকচাঁদের গান)

২। ক্রিয়া আসিল, আগমন করিল।

আইবড়, বিং (অবর শব্দজ কি ?) অবিবাহিত, যাহার বিবাহ হয় নাই; যথা,—

"কেহ কয় হায় হাঁয় বঞ্চিলা বিধাতা।
আইবড় কালে হেন বর ছিল কোথা।"
(ঘনরাম)

আইশাশ, বি, (আই-শাশ, শ্বশ্রূ-শব্দের অপভ্রংশ) শাশুড়ীর মাতা; যথা—

"সুন্দর কহেন মাসি ভাব কেন তবে।
এ বড় আনন্দ মাসি আইশাশ হবে।"
(বিদ্যাসুন্দর)

আইসন, বি, আগমন, আসা।

আইহাঁড়ি, বি, বিবাহ কার্য্যে ব্যবহৃত মাঙ্গলিক ক্ষুদ্র হাঁড়ি বিশেষ, আট হাঁড়ি।

আউওল, আউয়ল, বি, (পারশী, অর্থ প্রথম) সর্ব্বোৎকৃষ্ট জমি, যাহাতে সকল প্রকার শস্যই পূরা অর্থাৎ ষোল আনা জন্মে।

আউল, বি, সিদ্ধব্যক্তি, বৈষ্ণব সম্প্রদায়বিশেষ, ইহাদের আর একটী নাম সহজ কর্ত্তাভজা।

আউটন, আওঁটন, বি, ধাতুদ্রব্যের সংযোগ বা শক্ত করণ, গালান।

আউড় বিং বক্র, বাঁকা, আড়; যথা,—

"হাসিয়া চাহে আউড় দৃষ্টি,
ডাক বলে সেই সে নষ্টী।"
(ডাকের বচন)

আউড়ি, বি, ধান্যাদি রাখিবার গোলা বিশেষ। ইহা ধান্যের গোলার ন্যায় সাধারণতঃ দরমা দিয়া বাঁধা।

আউটাউ, বি, হাবুডুবু; ২। অস্থির-ভাব।

আউদর, বিং অনাবৃত, শিথিল।

আউর, বি, শুষ্কধানের গাছ, বিচালি।

আউলী, বিং (আকুল শব্দজ) ব্যাকুলতাযুক্ত, অস্থির।

আউশ, বি, (আশু শব্দের অপভ্রংশ) বর্ষাকাল সম্ভূত ধান্য, আউশ ধান্য।

আওজন, বি, আটকান, বদ্ধকরণ।

আওটান, বি, দুগ্ধাদি জ্বাল দিয়া ঘন করণ।

আওড়, বি, নদীর জল যেখানে

.. ঘূর্ণপাক দিয়া বিপরীত দিকে যায়। [পড়ন।

আওড়ান, বি, আবৃত্তিকরণ,

আওতা, বি, আবরণ, আচ্ছাদন, ঢাকন। [অভ্যর্থনা।

আওভাও, বি, বিশেষ যত্ন, সমাদর।

আওয়াজ, বি, শব্দ, মুখের শব্দ।

আওল, বি, মঙ্গল ; ২। কুস্থান।

আওলা, বি, বন জঙ্গল, অপরিষ্কৃত স্থান ; ২। অন্তরাল।

আওলাত, বি, ফলকর বৃক্ষ।

আওলাদ, বি, (আরবী) পুত্র, বংশ।

আওাস, আওয়াস, বি, বাসগৃহ ; যথা,—

"তার মধ্যে দেখ পদ্মাবতীর আওাস।
সখীর সঞ্চার নাহি পক্ষীর প্রকাশ।"
(আলোয়াল কৃত পদ্মাবতী)

আওয়ারি, আওয়াড়ি, ক্রি বিং দলে দলে ; যথা—

"সাথে ফিরে আওয়ারি আওয়ারি।"
(কবিকঙ্কণ)

আওসা, বি, কোন পীড়ার আধিক্য, মড়ক (Epidemic)।

আওহাল, বি, (আরবী আহোয়াল শব্দজ = হাল শব্দের বহুবচন) বর্ত্তমান অবস্থা, যেমন লোকটার আওহাল কেমন বল।

আঁইদ, আঁদ, বি, লাঙ্গলের যোয়াল ও আঁকড়া যাহাতে আবদ্ধ করে।

আঁইশ, আঁইষ, বি, শল্ক, মৎস্যের গাত্রের চর্ম্মবিশেষ।

আঁওত, বি, লাঙ্গলের ঈশ যে চামড়ার দড়ি দিয়া জুয়ালের সহিত বাঁধা থাকে, তাহাকে আঁওত বলে।

আঁওল, বি, গর্ভাশয়, জরায়ু।

আঁক, বি, (অঙ্ক শব্দজ) অঙ্ক, সংখ্যা স্থাপন ; ২। চিহ্ন, দাগ।

আঁকড়া, বি, যাহা দ্বারা কোন দ্রব্য বাধাইয়া ঝোলান যায়, আঁকশী।

আঁকড়া-আঁকড়ি, বি, জড়াজড়ি।

আঁকড়ান, বি, আলিঙ্গন, জড়াইয়া ধরা।

আঁকড়দড়ি, বি, নির্যোলপাশিকা, লাঙ্গলের আঁকড়া ও মুড়ার সহিত সংযুক্ত রজ্জু।

আঁকড়ি, বি, যাহা দ্বারা লতাদি অবলম্বন করে।

আঁকবাড়ি, বি, কোন দ্রব্যাদির খরিদ বিক্রয়ের পরিমাণ সম্বন্ধে চিহ্ন সূচক যষ্টি।

আঁকশলী, বি, ঢেঁকীর মধ্যভেদ করিয়া যে কাষ্ঠ উভয় পার্শ্বস্থ পোয়ার উপর স্থিত হয়, ঢেঁকির তম্বুলি ; যথা—

'পুয়া হৈল পুরাতন আঁকশলী নড়ে।
মুষলে কুশল নাই পার পড়ি গড়ে।"
(শিবায়ন)

আঁকা, বি, অঙ্কিত, দাগা, যাহাতে দাগ হইয়াছে ; ২। চুঁয়া, রন্ধন কালীন অতিরিক্ত উত্তাপবশতঃ

যে দ্রব্য অঙ্কিত হয়, ধরা; যেমন আঁকা দুধ; ৩। ক্রি—চিহ্ন করা, চিত্র করা।

আঁকাবাঁকা, বিং (অঙ্কবঙ্ক শব্দজ) অসরল, ফেরাণঘুরাণ।

আঁকুর, বি, (অঙ্কুর শব্দজ) অভিনবোৎপন্ন উদ্ভিদ্।

আঁকাড়া, বিং সতুষ, আছাটা; ২। মহাবিক্রমশালী; যেমন আঁকাড়া জোয়ান।

আঁকুড়ী, বি, আকর্ষনী, আংসী, যথা—

"সজি আঁকুড়ী হাতে চলিলা কানন পথে, সোঙরণ করিয়া শঙ্কর।"
(কবিকঙ্কন)

আঁকুষী, আংষী, বি, (আকর্ষ বা আকর্ষনী শব্দজ) যাহার দ্বারা ফলপুষ্পাদি আকর্ষণ করিয়া পাড়া যায়, নগা।

আঁকুবাঁকু, আঁকুপাঁকু, বি উদ্‌যোগ, ঔৎসুক্য, শীঘ্রতাজ্ঞাপক, সাঁওতালেরা শীঘ্র অর্থে হাঁকোপাঁকো' শব্দ ব্যবহার করে; যথা—

'মা চলা মে হাঁকোপাঁকে'

এই হাঁকোপাঁকো শব্দ হইতে বোধ হয় আঁকুপাঁকু বা আঁকুবাঁকু শব্দ হইয়াছে।

আঁকোড়, বি, বৃক্ষবিশেষ।

আঁখর, বি, (অক্ষর শব্দজ) অক্ষর, যথা—

"পীরিতি বলিয়া এ তিন আঁখর এ তিন ভুবন সার?" (চণ্ডীদাস)

আঁখি, বি, (অক্ষি শব্দ) চক্ষু; যথা—

"কৃষ্ণচন্দ্র দেখিতে পদ্মিনী আঁখি মিলে।"
(ভারতচন্দ্র)

আঁখিঠার, বি, চক্ষুর দ্বারা ইঙ্গিত করা, ইসারা করা।

আঁখিপালট, বি, চক্ষুর অপসরণ।

আঁচ, বি, উত্তাপ, উষ্ণতা; ২। ইঙ্গিত; ৩। অনুমান, মনোগত ভাব।

আঁচড়, বি, নখাদি দ্বারা কোন দ্রব্যে দাগ দেওন।

আঁচড়া, বি, লাঙ্গল।

আঁচড়ান, আচড়াআঁচড়ি, বি, খাম্‌চান; ২। কেশ সংস্কার।

আঁচতাকুড়, আঁস্তাকুড়, বি, আচমন স্থান, আবর্জ্জনাস্থান, কর্দ্দমাদি পূর্ণ অপরিষ্কৃত স্থান।

আঁচমন, বি, ধর্ম্মক্রিয়া নিমিত্ত মন্ত্রপাঠ পূর্ব্বক নিয়মিত জলগ্রহণ; ২। ভোজনান্তর মুখ প্রক্ষালন।

আঁচমনীয়, বিং যে দ্রব্য ভক্ষণ করিলে আচমন করিতে হয়, ভৃষ্ট তণ্ডুল, মুড়ি ইত্যাদি।

আঁচর, বি, (অঞ্চল শব্দের অপভ্রংশ) বস্ত্রের প্রান্তভাগ, আঁচল।

আঁচল, বি, (অঞ্চল শব্দজ) বস্ত্রের প্রান্তভাগ; যথা—

"আঁচলে চাবির থোলো থোলে গল বেড়ে।" (হেমচন্দ্র)

আঁচলা, বি, (অঞ্চল শব্দজ) প্রতিমাদির বস্ত্রের প্রান্তভাগ।

আঁচাআঁচি, বি, সন্দেহ, অনুমান, যথা—
"কি করি দুজনে করে মনে আঁচা আচি॥" (ভারতচন্দ্র)

আঁচান, বি, (আচমন শব্দজ) ভোজনান্তর হস্তমুখ প্রক্ষালন।

আঁচি, বি, নারিকেল মালা; ২। জননাশৌচ।

আঁচিল, বি, চর্ম্মকীলক, ব্রণ বিশেষ উপমাংস বিশেষ।

আঁচোট, বিং আকৃষ্ট, পতিত।

আঁজন, বিং (অঞ্জন শব্দজ) কজ্জ্বল, কাজল।

আঁজনাই, আজনাই, বি, জেঠী; ২। চক্ষুরোগ বিশেষ।

আঁজলা, বি, (অঞ্জলি শব্দজ) যুক্ত কর দ্বয়, করপুট।

আঁট, বি, যত্ন, মনোযোগ; ২। শক্ত; যথা—
'আঁট করে পাঁচ কথা কটু যদি কয়।' (শিবায়ণ)
৩। সমর্থ হওয়া।

আঁটকুড়া, বিং, অপত্যরহিত, সন্তানহীন; যথা—
'ওরে বুড়া আঁটকুড়া নারদ অলপ্পেয়ে।' ভারতচন্দ্র)

আঁটন, বি, শক্তরূপে বন্ধন, দৃঢ়করণ।

আঁট্‌রাকাটা, বি, বয়ঃপ্রাপ্ত বৃষকে মুষ্কহীন করিলে, তাহাকে "আট্‌রাকাটা" বলে।

আঁটাআঁটি, বি, কসাকসি, দৃঢ়তা; যথা—
"যদি দেখে আঁটাআটি
কান্দিয়া ভিজায় মাটি।" (ভারতচন্দ্র)

আঁটাল, বিং আটাযুক্ত; ২। দৃঢ়, কঠিন।

আঁটি, বি, (অষ্টি শব্দজ) ফলের বীজ; যথা—
'টকটে সে আঁটিসার।'
২। তৃণাদির মুষ্টি; যথা—
'আটপণে আনিয়াছি কাঠ আট আঁটি।'
৩। শক্ত, যেমন কুলে বড় আঁটি।

আঁটিয়াউঠা, ক্রি, শাসন করা, হারাইয়া দেওয়া।

আঁটু, আঠু, বি, জানু, হাঁটু; যথা—
'কিছি কিছি করে দানা সূচি-পারা মুখ।
আঁঠু পেড়ে রক্ত খায় বিদারিয়া বুক।' (শিবায়ণ

আঁটুলি, বি, লোমকীট বিশেষ, এঁটুলী।

[আগ্রহ।

আঁটুবাটু, বি, অতিশয় যত্ন, অত্যন্ত

আঁটুলবাটুল, বি, শিশুদিগের ক্রীড়া বিশেষ; যথা—
'আঁটুল বাঁটুল খেলে পসারিয়া পা।' (শিবায়ণ)

আঁড়রা, আঁটরা, বিং, অবাধ্য, দুর্দ্দমনীয়, চোয়াড়; যথা—
"বৃদ্ধ বলি স্বামী, শিবে ত্যজ তুমি,
কেমন আঁড়রা মেয়ে।" (শিবায়ণ)
২। শক্ত, কঠিন; যথা—
"ঝিয়ের আঁড়রা হাত জান নাহি তুমি।" (শিবায়ণ)

আঁড়া, বিং ফল পুষ্পবিহীন, বন্ধ্যা।

আঁড়িয়া, বি,পুং গোবৎস, পুং গো।

আঁড়িয়ালাগান, বি, মাতা অন্তঃ-সত্বা হইলে মাতৃস্তন্যাভাবে শিশুর দৌর্ব্বল্য হওন।

আঁড়ুবাঁড়ু, বি, বমনেচ্ছা।

আঁত, আঁৎ বি,(অন্ত্র শব্দজ) নাড়ী, উদর, ভূঁড়ী; যথা—

"আঁতটী শুখান দেখি দাঁত ছুটী যায়।
বদনে মদন ব'সে বিভাকর রায়।"
(শিবায়ন)

আঁতর, বি, (অন্তর শব্দজ) লাঙ্গল চষিবার সময় একপাক লাঙ্গল ঘুরিয়া আসিলে মধ্যে যে জমি টুকু পড়ে, তাহাকে আঁতর বলে।

আঁতুড়, বি,প্রসবগৃহ, সূতিকাগৃহ।

আঁতুড়ী, বি, সূতিকাগৃহস্থ অগ্নি-কুণ্ড; যথা—

"চালের ফাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি।
গোমুণ্ড দুয়ারে আনি পূজে ষষ্ঠী বুড়ি।"
(কবিকঙ্কণ)

আঁতুড়েছেলে—সগুপ্রসূত শিশু, নিতান্ত শিশুসন্তান।

আঁৎ, বি, (অন্ত্র শব্দজ) নাড়ী, ভূঁড়ী, অজীর্ণ আহারের বহি-র্গমন পথ।

আঁৎকান, বি,ভয়করণ, ভয়ে বিস্ম-য়াপন্ন বা সাহসহীন হওয়া।

আঁৎরাস, বি, কুম্ভকারের পোয়া-নের জ্বালকাষ্ঠ বিশেষ।

আঁতরসা, হিং পেটের পীড়া।

আঁতেপুতে, বি,পিতাপুত্রে, বাপ বেটায়; যথা,—

"আঁতে পুতে ভাল চাষ অভাবে সোদর।
অন্যথা হাভাতে হেল্যা বিকায় সত্বর।"
(শিবায়ন)

আঁদসা,আঁতসা, বি, ভর্জ্জিত খাদ্য-দ্রব্য বিশেষ, ভর্জ্জিত পিষ্টক বিশেষ।

আঁদি, বি, ওস্তাদ, প্রধান বক্তি; যেমন লোকটা চোরের আঁদি।

আঁদিসাঁদি, বি, (অন্ধি সন্ধি শব্দজ কি?) সমস্ত বিষয় তন্নতন্ন করিয়া জানা; ২। ফাঁক, কোণ; ৩। শৃঙ্খলা; যথা—

ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি সাঁদি।
হাত দিলে ধূলা উড়ে যেন কেয়া কাঁদি
(কবিকঙ্কণ)

আঁধল, আঁধলা, বি, (অন্ধ শব্দজ) অন্ধ, যাহার চক্ষু নাই; যথা—

'হাপুতির পুত মোর বালতির ভাড়া।
আঁধলের লড়ি বাছা নির্ধনের কড়া।'
(কবিকঙ্কণ)

আঁধার, বি, (অন্ধকার শব্দজ) অন্ধকার

আঁধারি, বি, অন্ধকার; যেমন আলো আঁধারি ঠেকুচে; ২। যে খড় দ্বারা তৃণময় গৃহের চালে বিস্তৃত করিয়া তদুপরি ছাওয়া হয়; ৩। তক্ত মুড়িবার জন্য দ্বিসূক্ষ্মাগ্র প্রেক্, জলুই।

আঁধারে, বি, পাহারাওয়ালাদিগের

লণ্ঠন বিশেষ, ইহা দ্বারা চোর ধরা যায়।

আঁধি, বি, বাতাস বিশেষ, এই বাতাসে এত ধূলি বা বালুকা উড়াইয়া স্থানান্তরিত করে যে, সময়ে সময়ে তাহা বর্ষার মেঘান্ধকার উপস্থিত করে।

আঁধুয়া, এঁদো, বিং অন্ধকারময়, জঙ্গলাবৃত ; যেমন, আঁধুয়া বা এঁদো পুকুর।

আঁব, বি, (আম্র শব্দজ) আম্র, আম

আঁবআদা, বি, অম্লাক্ত আর্দ্রক বিশেষ।

আঁবুই, বি, ভ্রাতা কিম্বা ভগিনীর শাশুড়ী, মাউই।

আঁশ, বি, আম্রাদি ফলের অভ্যন্তরস্থ সূক্ষ্ম তন্তু, চোঁচ ; যথা—

'দিতে পারি মনোমত কিন্তু তাহা আঁশ।'
(দীনবন্ধু)

২। বস্ত্র গাত্রোত্থিত অংশ; ৩। শল্ক

আঁশান, বি, ঈষৎ শুষ্ককরণ ২। আঁশ তোলা।

আঁশাল, বিং আঁশযুক্ত।

আঁস, বি, বস্ত্র গাত্রোত্থিত সূত্র ; ২। শল্ক, আঁইস।

আঁস্তাকুড়, বি, আবর্জ্জনা স্থান, যে স্থানে বাড়ীর যত লোক মূত্র ত্যাগ করে, হাত মুখ ধোয়া জল ও অন্যান্য ময়লা জল ফেলে, ছেলে পিলের মল ফেলে, আহারান্তে আঁচায়, আবর্জনা ফেলে।

আক্, বি, (ইক্ষু শব্দজ) ইক্ষু।

আক্‌কাটা, বি, মূর্খ, গোঁয়ার।

আকজ, বি, (আক্রোশ শব্দজ কি ?) আক্রোশ, শত্রুতা।

আক্‌ছার, ক্রি বিং (আরবী অক্‌সর—জেয়াদা = সচরাচর) সচরাচর, সদাসর্ব্বদা।

আকজাকজি, বি, দ্বেষাদ্বেষী।

আকট, আকাট, বিং কঠিন, নিষ্ঠুর।

আকড়িয়া, আকড়ে, বিং মূল্যহীন

আকন্দ, বিং বৃক্ষবিশেষ ; যথা,—

"আকন্দ বদলে মাকন্দ পাব জায়ফল বদলে জীরা।" (কবিকঙ্কণ)

আকর, আখর, বি, (অক্ষর শব্দজ) সঙ্গীতে স্বর নৈপুণ্য প্রদর্শনার্থ বাক্য যোগ করিয়া আলাপ ; ২। (পারশী) জিনিসপত্র।

আকরআওলাত, বি, (পারশী) জিনিসপত্র ও বৃক্ষাদি, কোন জমির উপরিস্থ বৃক্ষাদিকে আকর আওলাত কহে।

আকরবিক্রয়, বি, লোকসান মহলের জিনিসপত্র বিক্রয়কে আকর বিক্রয় কহে।

আকাট, বি, চুল্লী, উনুন।

আকাট, বি, অনাবৃষ্টি; ২। দুর্ভিক্ষ; ৩। বিং ভয়ে আড়ষ্ট।

আকাটমূর্খ, বিং অতিশয় মূর্খ,হিতাহিত জ্ঞানশূণ্য (Blockhead)
আকাটা, বিং অকর্ত্তিত, অখণ্ডিত; ২। বি—সারত্বহীন কাষ্ঠ, বাজে কাঠ।
আকাঁড়া, বিং সতুষ, অপরিষ্কৃত; যেমন আকাঁড়া চাউল; ২। মহাপরাক্রমশালী, বলবান; যেমন, আকাঁড়া জোয়ান।
আকামান, বিং অমুণ্ডিত; ২। যে সর্পের বিষদাঁত ভাঙ্গা হয় নাই।
অকাল, বি, (অকাল শব্দজ) দুর্ভিক্ষ, দুঃসময়; যথা—
"হায় কি হ'ল, আকাল এল,
আবার ধ্বজাতুলে।' (হেমচন্দ্র)
আকাশপাতাল,বি, আকাশ হইতে পৃথ্বীতল, বাঙ্গালায় আগাগোড়া; ২। বহুদূর; ৩। বিস্তর, অনেক, প্রভৃতি অর্থে ব্যবহৃত হয়। [দ্রব্যাদিতে অযত্নশীল।
আকৃকুটে, বিং, আবদারে; ২।
আকুণ্ডকুণ্ড, বি, ঘোরতর কলহ, বিবাদবৃদ্ধি।
আকুতে, ক্রি বিং আগ্রহে।
আকোচ, বি, (আক্রোশ শব্দজ) শত্রুতা।
আক্কেল, বি (পারশী) জ্ঞান, বুদ্ধি।
আক্কেলগুড়ুম্, কোন অদ্ভুত ঘটনা দেখিয়া বিস্ময়ে যে হতজ্ঞান হইতে হয়।
আক্কেলদাঁত, বি, মুখমধ্যে বায়ু দ্বারা তীব্রবেদনাযুক্ত যে অতিরিক্ত দন্ত উঠে, তাহাকে "খলিবর্দ্ধন" অর্থাৎ আক্কেল দাঁত কহে। এই দাঁত বাহির হইলে আর তাহাতে বেদনা থাকে না।
আক্কেলসেলামী—কোন দোষ করিয়া তৎকারণ যে দণ্ড দেওয়া যায়, তাহাকে বিদ্রুপের ভাষায় আক্কেলসেলামী বলে।
আক্তা, বিং মুষ্কহীন, খাসি।
আক্রা, বিং (অক্রেয় শব্দজ) মহার্ঘ, দুর্ম্মূল্য।
আখটী,আখুট, আখুটী, বি, (অখট্টি শব্দজ) বালকের আবদার, বালকেরা যদৃচ্ছা প্রবৃত্ত হইয়া বাসনানুরূপ দ্রব্য না পাইলে যে দৌরাত্ম্য করে।
আখড়া, বি, আড্ডা, পাঠশালা, মল্লবিদ্যাদি শিক্ষাস্থান; যথা—
মহাবলী বীর হনু দুই শিষ্য সনে।
আখড়া প্রবেশে দ্বিজ ঘনরাম ভণে।"
২। সঙ্গীতাদির আলোচনা।
আখড়াই, বি, অভিনয়ের সূত্রপাতে বাদ্যারম্ভ।
আখর, বি,(অক্ষর শব্দের অপভ্রংশ) অক্ষর; যথা—
"পিরীতি বলিয়া এ তিন আখর এ তিন ভূবন সার।" (চণ্ডীদাস)
২। সঙ্গীত বাক্য যোজন।

আথরদেওয়া—কীর্ত্তন গান কালে গীতাতিরিক্ত সময়োচিত দুই চারিটী সুমধুর শব্দ প্রয়োগ।

আথরিয়া, বি, (অক্ষর শব্দ হইতে অক্ষরিয়া তাহার অপভ্রংশে) লেখক; যথা—

"শ্রীবিজয় দাস নাম প্রভুর আখরিয়া।
প্রভুর অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া।"
(চৈতন্যভাগবত)

আথরোট, বি, ফলবিশেষ।

আথবার, বি, (আরবী) খবরসমূহ, সুতরাং আথবার বলিলে সাধারণতঃ খবরের কাগজ বুঝায়।

আথা, বি, চুল্লী, উনন।

আথির, আথিরী, বি, (আরবী= দুসরা, যাহা পরে আছে) বাঙ্গালায় আথির বা আথিরী মানে শেষ, সমাপ্তি, অন্ত, বুঝায়।

আখুটে, আক্‌খুটে, বিং, (অখট্টি শব্দজ) আবদেরে; যেমন, আক্‌খুটে ছেলে।

আখুন, আখুন্দ, আখুনজী, বি, (পারশী) শিক্ষক।

আখেজ, বি, (যাং) বিবাদ, শক্রুতা।

আখের, আখেরী, বি, (পারশী আথির শব্দজ। দুসরা, যাহা পরে আছে) বাঙ্গালায়—শেষ, পরিণাম।

আখোট, বি, (অক্ষোট শব্দজ) আখরোট ফল।

আগ, বি, (অগ্র শব্দজ) অগ্র, আগু; ২। প্রক্রিয়া বিশেষ দ্বারা শুভাশুভ নির্ণয়; ৩। (হিন্দী) অগ্নি।

আগড়, বি দ্বারাদির আবরণ, ঝাঁপ; যথা—

"লক্ষ্মী আসতে কি দুয়ারে আগড়।"

আগড়া, বি, তুচ্ছধান্য, তুঁষ, ভূষী, চিটা; যেমন, কার্ত্তিক মাসে প্রবল বাতাস বহিলে ধান পড়িয়া যায়, এবং ধানে ফল না হইয়া আগড়া হয়।

আগাড়ী, আগড়ী, বি, সম্মুথ দিক; যথা—

"আগাড়ী পাছাড়ী দড়ি ছাড়াইয়া রায়
গা খানি মাজিয়া নিল রাজার সভায়।"
(ঘনরাম)

২। অগ্রসর, অগ্রে গমন; ৩। বিং অগ্রিম।

আগণা, বিং, (অগণিত শব্দজ) অসংখ্য, প্রচুর।

আগতথামার—থাস থামার হইতে দাখিল হইলে উহাকে আগতথামার কহে।

আগতরাইয়তী—কোন রাইয়তের জমা হইতে দাখিল হইলে উহাকে আগতরাইয়তী কহে।

আগতোলন, বি, অগ্রফল উত্তোলন; ২। শুভাশুভ ফলজ্ঞাপক ক্রিয়া। [অংশ বিশেষ।

আগদল, বি, ঘোটকের লাগামের

আগন, বি, অগ্রহায়ণ মাস।

আগমকী, বি, লতা বিশেষ।

আগর, বি,সম্বোধন বিশেষ; যথা—
'গুণ সাগর নাগর আগর হে।'
(ভারতচন্দ্র)

আগরী, আগুরী, বি, উগ্রক্ষত্রিয় জাতি।

আগল, বি, বেষ্টন, ঘেরণ, রক্ষণ; ২। অগ্রসর; যথা—
"শাসিয়াল ঘর তুমি বিবাদে আগল।"
(পদ্মপুরাণ)

৩। বিং দক্ষ, অগ্রবর্ত্তী, যথা—
"কর্ণধার আছিলেন বুদ্ধিতে আগলী।
সেই দহে ফেলে দিল গুড় চাউলী।"
(কবিকঙ্কণ)

আগ্লা, বিং, অনাবৃত, আচ্ছাদন রহিত।

আগ্লান, আগ্লন, বি, রক্ষণ, রক্ষাকরণ। [আনয়ন।

আগ্বাড়ান, বি, অগ্রসর হইয়া

আগা, বি, (অগ্র শব্দজ) অগ্রভাগ, ধার, কিনারা, উপরিভাগ।

আগাও, বিং, (যাং) অগ্রিম।

আগাগোড়া বিং, আদি হইতে অন্ত পর্য্যন্ত, সমস্ত। [জঙ্গল।

আগাছা, বি, অব্যবহার্য্য গাছ,

আগাড়ী, বিং অগ্রবর্ত্তী, অগ্রগামী।

আগাম, বিং (অগ্রিম শব্দজ) অগ্রিম, অগ্রে, আগে।

আগাল, আগালে, বি, শেষভাগ, যেমন চেলের আগাল খুদ; ২। বংশাদির শেষভাগ।

আগি, বি, (হিন্দী, অগ্নি শব্দজ) অগ্নি, আগুণ।

আগু, বিং (অগ্র শব্দজ) অগ্র, প্রথম; যথা—
"দক্ষের আগুদল, ধাইল গজবল,
লোহার মুদ্গার শুণ্ডে।"
(কবিকঙ্কণ)

আগুড়ী, বিং অগ্রিম, আগামী; ২। বি—জাতি বিশেষ; ৩। বিবাহে ক্রিয়া বিশেষ।

আগুদল, বি, (অগ্রদল শব্দজ) সম্মুখস্থ লোক সমূহ, অগ্রের লোক সমূহ; ২। ব্যস্ততা-পূর্ব্বক অগ্রগমন।

আগুন,আগুনি, বি, (অগ্নি শব্দজ) বহ্নি, আগুন; যথা—
"কোন গুণ নাহি তার কপালে আগুন।"
(ভারতচন্দ্র)

আগুনওঠা, ক্রি, ঝগড়া হওয়া, বিবাদ বাধিয়া যাওয়া।

আগুনখাগী, বিং অতিশয় ব্যস্ত, দ্রুতধাবমানা; ২। অতি ক্রোধান্বিতা; ৩। সহমৃতা, সহগামিনী।

আগুনলাগা, আগুন হওয়া— গৃহাদিতে অগ্নি সংযুক্ত হওয়া; যেমন ঘরে আগুন লেগেছে, ও পাড়ায় আগুন হয়েছে; ২। কোন বিষয়ে গোলযোগ বা বিশৃঙ্খল হওয়া; যেমন এবার পাটের বাজারে আগুন লেগেছে; ৩। ধ্বংস হওয়া, নষ্ট

হওয়া; যেমন তার সংসারে আগুন লাগুক; ৪। অতিশয় কোপান্বিত হওয়া; যেমন "রামের কথা শুনিয়াই তিনি একেবারে আগুন হয়ে উঠ্‌লেন।

আগুপাছু, বিং (অগ্রপশ্চাৎ শব্দের অপভ্রংশ) সম্মুখে ও পশ্চাতে, অগ্রপশ্চাৎ।

আগুয়ান, বি, অগ্রসর; যথা—
'তার রণে কোন বীর হবে আগুয়ান।'

আগুলান, বি, রুদ্ধকরণ, গমন রহিত করণ; যথা—
'বাট আগুলিয়া পথে বুড়ী বৈসে ছলে।'
(ঘনরাম)

আগুলি, বিং অগ্রবর্ত্তিনী, প্রধানা; যথা—
'যে ব্রত করিলে হয় সোহাগে আগুলি।
জন্ম জন্ম করিয়া গোবিন্দ লৈয়া কেলি।'
(মহাভারত)

আগুলিল, ক্রি, রুদ্ধ করিল, আটক করিল; যথা—
'হট ক'রে হৈমবতী দিতে আনে ভাত।
শার্দ্দূল ঝম্পনে সবে আগুলিল পথ।'
(শিবায়ন)

আগুসরি, আগুসার, বি, (অগ্রসর শব্দজ) অগ্রে গমন, অগ্রসর।

আগে, ক্রি বিং (অগ্রে শব্দজ) প্রথমে; ২। পূর্ব্বে; ৩। সম্মুখে।

আগেপাছে, ক্রি বিং সম্মুখে ও পশ্চাতে। [সর্ব্বাগ্রে।

আগেভাগে, ক্রি. বিং প্রথমেই,

আগোড়, বি, আবরণ, ঝাঁপ।

আগোরিয়া, ক্রি, আবৃত করিয়া, আগুলিয়া।

আঘন, বি, অগ্রহায়ণ মাস; যথা—
'এক আঘনে ধান, তিন শাওনে পান।'
(খনা)

আঘাট, আঘাটা, বি, (অঘট্ট শব্দজ) কুঘাট, স্নানাদির অযোগ্য ঘাট।

আঘাবিঘা, বি, (আঘা—আঘাত শব্দজ; বিঘা—বিঘ্ন শব্দজ) বাধা, বিঘ্ন, প্রতিবন্ধক।

আঙ্গট, আঙট, বিং, সম্পূর্ণ, আস্ত; ২। বি—পদাঙ্গুলি ভূষণ বিশেষ।

আঙটা, আংটা, বি, (অঙ্গুলিত্র শব্দজ) পদাঙ্গুলি ভূষণ বিশেষ; ২। পত্রাদির লৌহনির্ম্মিত ধারণ দ্রব্য বিশেষ।

আঙ্গুটী, আংটী, বি, অঙ্গুরীয়ক, আঙুলের আভরণ বিশেষ।

আঙ্গরা, আঙ্গারা, বি, (অঙ্গার শব্দজ) দগ্ধকাষ্ঠ, কয়লা।

আঙ্গরাখা, বি, (অঙ্গরাক্ষা শব্দজ) গাত্রবসন বিশেষ, জামা বিশেষ

আঙলা, বি, আমলকী ফল, আমলা

আঙ্গলান, আংলান, বি, অঙ্গুলি দিয়া পুনঃ পুনঃ নাড়াচাড়া করণ।

আঙ্গারি, বি, (অঙ্গার শব্দজ) অঙ্গার, কয়লা; ২। প্রসবান্তে সজল রক্তস্রাব।

আঙ্গিনা, বি, (অঙ্গন শব্দজ) উঠান ; যথা—

"একেহাম বিদেশিনী, তাহে কুলকামিনী
ঘর হইতে আঙ্গিনা বিদেশ।"
(চণ্ডীদাস)

আঙ্গুর, বি, স্বনাম প্রসিদ্ধ ফল।

আঙ্গল, আঙ্গুল, বি, (অঙ্গুলি শব্দজ) অঙ্গুলি।

আঙ্গুলমটকান, বি, অঙ্গুলিস্ফোটন, অঙ্গুলিধ্বনি। [বিশেষ।

আঙ্গুলহাড়া, বি, নখশূল, নখব্রণ

আঙ্গুষ্ঠানা, আংস্তানা, বি, অঙ্গুলি-ত্রাণ, অঙ্গুলিরক্ষক। ভেদ।

আচ, বি, বৃক্ষবিশেষ ; ২। পুষ্প-

আচকা, বিং (আচম্বিত শব্দজ কি?) হঠাৎ, অকস্মাৎ, সহসা।

আচকান, বি, (পারশী) চাপকান ধরণের জামা বিশেষ। উভয়ের প্রভেদ এই যে চাপকানে বোতামের লাইন বক্ষের দক্ষিণ পার্শ্ব হইতে আরম্ভ করিয়া কোমর পর্য্যন্ত গোল ভাবে থাকে, কিন্তু আচকানে উহা বক্ষের ঠিক মধ্যভাগে উপর হইতে নিম্ন পর্য্যন্ত সমান লাইনে থাকে। মুসলমানেরাই প্রধানতঃ আচকান ব্যবহার করিয়া থাকেন।

আচম্‌কা, বিং (আচম্বিত শব্দজ) অকস্মাৎ, হঠাৎ।

আচম্বিত, অং (হিন্দী আচম্বা = অকস্মাৎ বা আশ্চর্য্য শব্দজ) দৈবাৎ, অকস্মাৎ।

আচাভুয়া, বিং (আশ্চর্য্যভূত শব্দজ কি ?) অদ্ভুত, আশ্চর্য্য ; যথা—

"শাঁখাশাড়ী সিন্দুর চন্দন পানগুয়া।
নাহি দেখি আয়তি কেবল আচাভুয়া।"
(কবিকঙ্কণ)

আচার, বি, (পারশী) অম্লরসাত্মক চর্ব্বচূষ্য খাদ্য, আম তেঁতুল সরিষা মিশ্রিত দ্রব্য, কাসুন্দি। আম, কতবেল, পাতিলেবু, তেঁতুল, জলপাই, কুল, আমড়া, আমলকী, চালতা প্রভৃতি ফলে তৈল, লবণ ও মসলা মিশাইয়া আচার প্রস্তুত হয়।

আচালা, বিং অচালিত ; ২। স্থূল, মোটা।

আচু, বি, বৃক্ষ বিশেষ।

আচোট, বিং অনাকৃষ্ট, যে জমিতে কখন হলাদি সংযোগ হয় নাই; ২। বি—আঘাত।

আছড়া, বি, ধান্যাদির বাঁধা আটির সমষ্টিকে আছড়া বলে ; ২। পসলা।

আছড়ান, বি, আঘাত করণ, তাড়ন, মাড়া, মর্দ্দন করা। বর্দ্ধমানাঞ্চলে "কাছড়ান" বলে।

আছাড়, বি, উৎপতন, আঘাত ; যথা—

"কে কারে আছাড়ে, কে কারে পাছাড়ে
কে মানে কাহায়।" (অন্নদামঙ্গল)

আছিল, ক্রি, স্থাপিত ছিল, নির্ম্মিত ছিল ; যথা—

"আছিল দেউল এক বিচিত্র গঠন।"

আছোলা, বিং অপরিচ্ছন্ন, অপরিষ্কৃত।

আচ্ছা, অং ভাল, উত্তম; ২। স্বীকার বা অঙ্গীকার বোধক শব্দ, হাঁ।

আজ, আজি, ক্রি বিং অদ্য, এই দিন, বর্ত্তমান দিন।

আজগবী, বিং (আরবী—অজব্—আশ্চর্য্য) হটাৎ, আচম্বিত; ২। অদ্ভূত ; যথা—

"মার্কিণ মুলুকের মত আজগবী
দেশ আর নাই।"

"গুজবকে আজগবী বলিয়া মনে
করা যুক্তি বিরুদ্ধ নহে।'

বাঙ্গালা ভাষায় যাহা কিছু অদ্ভূত, তাহাকে আজগবী বলে।

আজড়ান, বি, তুলিয়া লওন, পাত্রমুক্ত করিয়া দেওন।

আজনবী, বি, (আরবী) বিদেশী মনুষ্য ; ২। অপূর্ব্ব বস্তু।

আজব, বিং (আ, অজব) অদ্ভুত, আশ্চর্য্য ; যথা—

"পাতসা কহেন শুন মানসিংহ রায়।
গজব করিলা তুমি আজব কথায়।"
(অন্নদামঙ্গল)

আজবক, আজবোজ, বিং (যাং) অবোধ, নির্ব্বোধ, বাতুল ; যথা—

"টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধন হরা,
বুঝিল এমন আজবোজ।" (ভা, চ)

আজনাই, বিং (অঞ্জনি শব্দজ) জন্তু বিশেষ, আঞ্জনি.; ২। চক্ষুরোগ বিশেষ।

আজা, বি, মাতামহ, মায়ের বাপ; যথা—

"ব্রহ্মার সম্বন্ধে বলে বর দিলে আজা।
দিকপাল করি মোরে দিয়াইলে পূজা।"
(শিবায়ণ)

আজাড়, বি, মোচন, অবসর ; ২। ভার, গুরুত্ব ; ৩। বিং—শূণ্য, খালি।

আজাড়ন, বি, পরিষ্কার করিয়া দেওন, মুক্ত করিয়া দেওন ; ২। পাইলের কাপড়।

আজ্জান, ক্রি, রোপন করা।

আজান, আজাম, বি, আরবী) মুসলমানদিগের মসজিদে নমাজ পাঠের পূর্ব্বে ডাক নাম পড়িয়া সকলকে সংবাদ দেওয়াকে আজান বলে। নমাজ করিবার সময়ের শব্দ। [চিত।

আজানা, বিং অজ্ঞাত, অপরি-

আজি, আজু, ক্রি, বিং অস্থ, এইদিন।

আজুরা, বি, (যাং) দৈনিক মজুরি।

আজুল, আজুলি, বিং নির্ব্বোধ, ন্যাকা। স্ত্রীলোকেরা পরস্পর কথোপকথনে নির্ব্বোধের ন্যায় ভাব প্রকাশ করিলে তাহাকে দ্বিতীয় ব্যক্তি "আজুলি" বা "আজুল" বলিয়া উপহাস করিয়া থাকে ; যথা—

"যে জানে সে জানে হিয়া।
সে রসে মজিলে ধিয়া।
এ যদুনন্দন ভণয়ে আজুলি,
ওই না গোকুল পিয়া।"
(যদুনন্দন দাস)

২। 'দেবকী দন্দন বলে শুন গো আজুলী।
তুমি কি না জান গোরা নাগর বনমালী।'
(দেবকীনন্দন দাস)

আঝাল, আঝালা, বিং কটুরসহীন, ঝালরহিত।

আঞ্জাম, বি, (আরবী—ঈন্তজাম —বন্দোবস্ত) নির্ব্বাহ, সম্পুর্ণ, সরবরাহ।

আঞ্জীর, বি, খোবানী খর্জ্জুর। [৮

আট, বিং (অষ্টম শব্দ) অষ্টসংখ্যা,

আটক, বি, আবরণ, বাধা, প্রতিবন্ধক। [রোধকরণ।

আটকন, আটকান, বি, বন্ধকরণ,

আটকাট, বি, সমগ্র বিষয়, সকল বিষয় ; যথা—

'আটকাটে দর ঘোড়ার উপর চড়।'
(প্রবাদ)

আটকপালিয়া, বিং দুর্ভাগ্য, মন্দভাগ্য।

আটকাল, আটকোল, বি, অনুমান, অনুভব, আন্দাজ।

আট্‌কিয়া, আট্‌কে, বি, শ্রীশ্রী৺ জগন্নাথদেবের মহাপ্রসাদ বিশেষ।

আটঘাট, বি, (আট—ঘাট=পথ) আটটী পথ বা সমস্ত উপায় ; যেমন, চারিদিকে আটঘাট বন্ধ।

আটকৌড়ে, বি, (আট—অষ্ট, কৌড়ে—কড়ায় শব্দজ) আট কড়ায়ে বা আট কলায়ে, অধুনা বিকৃত আকৃতিতে আটকৌড়ে রূপে অদ্ভুত বিকট মূর্ত্তিতে বঙ্গসমাজে প্রাদুর্ভূত। বাঙ্গালীর আলয়ে সন্তান ভূমিষ্ঠ হইয়া প্রথমাবধি পঞ্চম দিবস পর্য্যন্ত একরূপ বিনা উৎসবে অতিবাহিত হয়। তৎপরে ষষ্ঠ দিবসে 'ষেটেরা পূজার' (ষষ্ঠী পূজার) ব্যবস্থা। যামিনীযোগে উক্ত উৎসবের আয়োজন নিষ্পাদিত হয়। ইহার পর অষ্টম দিবসে আটকৌড়ের ব্যবস্থা। কৌড়ে— "কড়ি" শব্দের সহিতই নিত্য সম্বন্ধ বুঝায়। "কড়াই" শব্দের সহিত তাহার সম্বন্ধ কোথায়? আটকৌড়ে একটী দেশজ শব্দ হইলেও আটকড়ায়ে অথবা আটকলায়ে যথার্থ শব্দ। 'কলাই' একটী প্রাদেশিক শব্দ, কড়াই

হইতেই উদ্ভূত। যে উৎসব উপলক্ষে আট রকম ভাজা কড়াই স্বীয় আত্মীয় স্বজনকে বিতরণ করিতে হয়, তাহাই আটকড়ায়ে বা আটকৌড়ে। আটরকম কড়াই এই কার্য্যের প্রধান অঙ্গ হওয়াতেই ইহার নাম আটকড়ায়ে হইয়াছে। সচরাচর যে যে কড়াই (কলাই) এই কার্য্যে ব্যবহৃত হয়, তাহার নাম, যথা,—মটর কলাই, বর-বটি কলাই, ছোলা বা বুট কলাই, বীরি কলাই, মুগ কলাই, মসুর, মাসকলাই ও হুনমুনে কলাই। আটকৌড়ে যে অষ্ট কড়াই বা অষ্টকলাই শব্দ জাত তদ্বিষয়ে সন্দেহ নাই। প্রাচীন গ্রন্থেও তাহার নিদর্শন দেখিতে পাওয়া যায়; যথা, কবিকঙ্কণ চণ্ডীতে—

১। 'ছয় দিনে ষষ্ঠী পূজা কৈল জাগরণে,
অষ্ট কলাই তার কৈল আট দিনে।'
(খুলন্নার জন্ম)

২। 'আট দিনে অষ্ট কলাই কৈল ধর্ম্মকেতু
নয় দিনে নব নত্তা করেন শুভ হেতু।'
(কালকেতুর জন্ম)

আটচালা, বি, আট খানি চাল দ্বারা নির্ম্মিত গৃহ।

আটপটাঙ্গ, বি, প্রাগলভ্য, দাম্ভিকতা।

আট্‌প'লে, বিং (অষ্টপল শব্দজ) অষ্টপৃষ্ঠ বিশিষ্ট, আটশিরা বিশিষ্ট।

আট্‌পিটা, আট্‌পিটে, বিং (আট্‌ অষ্টন শব্দজ—পিটা, পৃষ্ঠ শব্দজ) সকল বিষয়ে পারগ, পরিশ্রমী।

আটপর, বিং (অষ্ট প্রহর শব্দজ) অষ্ট প্রহর, সর্ব্বদা।

আট্‌পোরে, বিং যাহা অষ্ট প্রহর অর্থাৎ সকল সময় পরিধান করা যায়। যেমন আটপোরে কাপড়।

আটল, বিং বক্র, বাঁকা, আড়া।

আটলা, বি, আটি, গোছা, বীড়া।

আটসটা, বি, গণনা, সংখ্যা।

আটহাঁড়ি, বি, বিবাহে ব্যবহার্য্য ক্ষুদ্র হাঁড়ি বিশেষ, ইহা বরণ-ডালায় রক্ষিত হয়, ঢাকনি যুক্ত ক্ষুদ্র মৃৎপাত্র।

আটা, বি, গোধূম চূর্ণ, গমের গুঁড়া, আটা হইতে রুটী প্রস্তুত হয়। স্থান বিশেষে রুটীকে আটা বলে; ২। আগ্রহ, যত্ন; যেমন ছেলেটীর পড়াশুনায় খুব আটা আছে দেখ্‌চি; ৩। বৃক্ষ নির্য্যাস।

আটাপেষা, বি, অত্যন্ত প্রহার দ্বারা সর্ব্বাঙ্গ চূর্ণ করা।

আটালী, আটুলী, বি, লোমকীট বিশেষ।

আটাসীমি, বি, অপরিপক্কতা।

আটাসিয়া, আটাসে বিং (অষ্টমাস শব্দের অপভ্রংশ কি ?) অষ্টমাসে প্রসূত, অষ্টমাসে জাত ; যথা—

'মা ! আমি কি আটাসে ছেলে।
আমি ভয় করি না চোক রাঙ্গালে।'
(রামপ্রসাদ)

আটি, বি, তাড়া, গোছা। বৰ্দ্ধমান জেলার কোন কোন স্থানে মুষ্টি প্রমাণ ধানগাছকে "হালা" বলে। তাহার দুই হালায় এক আটি হয়।

আটীকেড়ে, বি, জন্মগ্রহণান্তর অষ্টমদিবসে জাতকের মঙ্গল কামনায় শুভ অনুষ্ঠান বিশেষ, আটকৌড়ে। উক্ত ব্যাপারে আটরকম ভাজা কড়াই আত্মীয় স্বজনকে বিতরণ স্থলে বৰ্ত্তমান সময়ে অনেক স্থানে খই ও কড়ি ছড়ান হয় এবং সামান্য রকম ভাজা দ্রব্য বিতরিত হয়। দ্বিজ শ্যামাচরণ কৌতুক বিলাস গ্রন্থে লিখিয়াছেন—

"যেটেরা ষষ্টীর পূজা,
আটীকেড়ে করে রাজা,
খই কড়ি মোহর ছড়ায়।"

আঠা, আটা, বি, বৃক্ষের নির্য্যাস, কাথ।

আঠালু, বি, জন্তুর গায়ের কীট বিশেষ।

আড়, বি, প্রস্থ, পরিসর ; যথা—

"তড়িৎ মণ্ডল, কর্ণেতে কুণ্ডল,
হিমাংশুমণ্ডল আড়ে।"
(কাশীদাস)

২। বক্র, বাঁকে ; ৩। অন্তরাল ; যথা—

'রাণী বলে তবু কি আঁখির আড় করি।'
(ঘনরাম)

৪। মৎস্য বিশেষ।

আড়কাটি, বি, কাণ্ডারী ; ২। মাকু ; ৩। (লোকদিগকে প্রলুব্ধ করিয়া যাহারা স্থানান্তরে চালান দেয়; যেমন কুলির আড়কাটি।

আড়কাঠা, আড়কাট, বি, গৃহের উপরিস্থ প্রস্থদিকের কাঠ, কড়িকাঠ।

আড়গড়া, বি, অশ্বশালা, আস্তাবল ; ২। বেড়ার গায়ে মেটো সিঁড়ি।

আড়ং, বি, গঞ্জ, আড্ডা; ২। ভূরি ভূরি দ্রব্য বিক্রয় স্থান, বহু দ্রব্যের সমাবেশ।

আড়ংঘাটা, বিং নৌকারোহণ স্থান, ঘাট। [নিস্তূষ তণ্ডুল।

আড়ংছাটা, বি, মহাজন গৃহের

আড়্চা, বি, লোভ, লালসা ; ২। ঈষৎসঙ্কেত ; ৩। বিং—বক্র, বাঁক।

আড়চাল, বি, ১২ অঙ্গুলি, অৰ্দ্ধহস্ত ; ২। লাঙ্গলে মুড়ার মধ্যে ঈশ দিয়া যে খিল মারিয়া

দেওয়া হয়, তাহাকে স্থান বিশেষে আড়চাল বলে।

আড়ৎ, আড়ত, বি, (যাং) গঞ্জ, ব্যবসায় স্থান, কারবার স্থান।

আড়তদার, বি, যাঁহারা পরের মাল দালাল দ্বারা বিক্রয় করাইয়া দেন এবং আপনাদের পরিশ্রম প্রভৃতির জন্য ঐ মালের মূল্য হইতে কোন নির্দ্দিষ্ট হারে দস্তুরী লইয়া থাকেন, তাঁহাদিগকে আড়তদার কহে।

আড়ন, বি, বক্র হওন, বেঁকন; ২। ক্ষেপণ।

আড়পাপড়া, বি, ক্ষুদ্র অথচ মোটা পর্ব্ব বিশিষ্ট লাঠি।

আড়পার, বি, নদীর অপর পার, অপর তট।

আড়বাড়, ক্রি, বিং সর্ব্বত্র, সকল স্থানে।

আড়মাদলা, বিং (আড়-মাদল মর্দ্দল শব্দজ) অসমকোণ বা ধার বিশিষ্ট।

আড়বী, আড়ুলি, বি, কূল, কাঁধা, কিনারা ২। তটস্থ উচ্চস্থান; ৩। গড়ানিয়া জায়গা।

আড়ষ্ট, বিং অবশ, বিহ্বল, অস্পন্দ।

আড়সা, বি, জঞ্জাল, আবর্জ্জনা; ২। নিন্দিত স্থান; ৩। বিং বক্র, ত্যক্ত।

আড়া, বি, আকৃতি; ২। কড়িকাঠ (Cross Beam); ৩। মৎস্যধরণার্থ কূটযন্ত্র বিশেষ; ৪। জাতি, রকম, প্রকার; ৫। ধান্যের পরিমাণ বিশেষ; এক আড়া চারি মণ; যথা—

"পাঁচ আড়া মাপি দিল ধান।"

(কবিকঙ্কণ)

৬। কিনারা, তীর; যথা—

"আশ্রম পুথরি আড়া,
নৈবেদ্য শালুক পোড়া,
পূজা কৈনু কুমুদ প্রসূনে।"

৭। গাড়ির চাকার পুঁটে ও হাঁড়িতে সংযুক্ত কাষ্ঠ; ৮। পূর্ব্ববঙ্গে ১৬ কাঠায় এবং জাহানাবাদ অঞ্চলে ৯৬ সের ওজনে হইলে "আড়া" বলে।

আড়াআড়ি, বি, দ্বেষাদ্বেষী; ২। কোণাকোণি।

আড়াই, বিং সার্দ্ধদ্বয়, অর্দ্ধেক সহিত দুই।

আড়ান, বিং বক্রীভূত, বাঁকা; ২। অস্পষ্ট।

আড়ানী, বি, আতপত্র বিশেষ, বড় পাখা, যথা—

"ছত্রদণ্ড আড়ানী চামর মোরছল।
গোলাম গর্দ্দিশে খাড়া গোলাম সকল।"

(অন্নদামঙ্গল)

আড়ামোড়া, বি, (আড়—মোড়া মর্দ্দন শব্দজ) গাত্রভঙ্গী, শরীর ভাঙ্গা।

আড়াল, বি, (অন্তরাল শব্দজ)

আচ্ছাদন, গোপনব্যবধান, পর্দ্দা।

আড়ি, বি, আইড়মাছ; ২। পণ; ৩। ক্রোধ, দ্বেষ; যথা—

"রায় কর্ণসেনে বড় বেড়ে গেল আড়ি।"
(ঘনরাম)

৪। মৎস্য পরিমাপক ঝুড়িকে আড়ি বলে; ৫। ধান্যের ৪ কাঠা মাপকে আড়ি বলে

আড়িউড়ি, বি, আড়িপাতা, উঁকি ঝুঁকি, যথা—

"এই বনে বড় বৃক্ষে রাথ লুকাইয়া।
বাঘা যেন নাহি দেখে আড়িউড়ি দিয়া।"
(ঘনরাম)

আড়কুজি, বি, মৎস্যবিশেষ, আড়মাছ।

আড়িপাতন, বি, গোপনে থাকিয়া বাক্য শ্রবণ।

আড়িপাতনিয়া, আড়িপাতুনে, বিং গুপ্তঘাতক; ২। বিশ্বস্ত বাক্যাদি গোপনে শ্রবণকারী।

আড়ুঝাড়ু, বি, অন্ত্রপাক, বমনোপক্রম। [নতা।

আড়ুরা, বি. বিলম্ব করণের ছল,

আড়ুলি, বি, নদীর ধার, যথা—

"পেরুতে আড়ুলি ভাঙ্গি পড়ে যেন জলে।"
(ঘনরাম)

২। তটস্থ উচ্চস্থান।

আড়েহাতে, ক্রি, বিং প্রাণপণে, যথাসাধ্য; যেমন তুমি আমাকে কৃষ্ণনগর হইতে তাড়াইবার জন্য আড়েহাতে লাগিয়াছ।

আড্ডা, বি, এক ধর্ম্মাক্রান্ত লোকের উপবেশন স্থল, আখড়া, উত্তরণস্থান।

আঢাকা, বিং অনাচ্ছাদিত, খোলা

আঢ়ি, বি, পরিমাণ বিশেষ, চারি কাঠা।

আণ্টাল, আণ্ডাল, বি, বর্ত্তুলাকার বস্তু, গুলী, ভাঁটা।

আণ্টি, বি, তামার তার বিশেষ।

আণ্ডা, বি, (অণ্ড শব্দজ) ডিম্ব।

আণ্ডিল, আণ্ডেল, বিং অতিশয় ধনবান, প্রচুর ঐশ্বর্য্যশালী।

আতপ, বি, ধান্য শুকাইয়া ঢেঁকিতে "ভানিয়া" যে চাউল প্রস্তুত হয়, তাহার নাম আতপ কোন কোন স্থলে "আরুয়" বলে। [বিশেষ।

আতর, বি, (যাং) সুগন্ধি দ্রব্য

আতর, বি, (অস্ত্র শব্দজ কি?) অস্ত্র? যথা,—

"আচ্ছাদিত হয়ে তনু ছত্রিশ আতরে।
পঞ্চাশত ধনুতার পঞ্চাশত করে।"
(শিবায়ন)

আতরদান, বি, (যাং) আতর রাখিবার পাত্র। [উত্তাপ।

আতস, বি, (পারশী) অগ্নি,

আতসবাজি, বি, (পারশী) অগ্নিক্রীড়া বিশেষ; যথা,—

"বায়ু করি বল, আপনি অনল,
হইলা আতস বাজি।" (ভারতচন্দ্র)

আতা, বি, (আতৃপ্য শব্দের অপভ্রংশ) ফলবিশেষ।

আতাই, বি, যাহারা বিনা বেতনে বাদ্য বা গান করে; ২। বিং ধূর্ত্ত, চতুর।

আতান্তর, বি, (অত্যান্তর শব্দজ কি?) দুরবস্থা, শঙ্কট, বিপদ, যেমন বড়ই আতান্তরে পড়েছি।

আতায়িপনা, বি, ধূর্ত্ততা, শঠতা।

আতারি, বি, কোন কোন স্থলে কুম্ভকারেরা হাঁড়ি কলসীর গলদেশ সহিত অর্দ্ধাংশ চাকে ভিঁয়াইয়া তাহাকে অল্প রৌদ্রে শুষ্ক করিয়া, তাহার সহিত নীচের অংশ জুড়িয়া পিটাইবার সময় সমগ্র অংশকে আতারি বা আতাড়ি বলে।

আতারিকাতারি, বি, যন্ত্রণায় অস্থিরতা প্রকাশ, কাতর্য্য।

আতালি, বি, মঞ্চ, মাচা, ভারা।

আতালিক, বি, (তুরকী) রীতি নীতি শিক্ষাদাতা।

আতালিপাতালি, ক্রি, বিং সর্ব্বত্র, চতুর্দ্দিকে; যথা—

"শর শেলগুলি, আথালিপাথালি,
সামালি চালিছে ঢাল।"
(ঘনরাম)

আতিবিতি, বিং অতি সত্বর, অতি ব্যস্ত; যথা—

"আতিবিতি সুন্দরে দেখিতে ধনী যায়।"
"আতিবিতি গেল রায় রাজার ভবন।"
(ভারতচন্দ্র)

আতুআতু, আতুথাতু, বি, অতিশয় স্নেহ, রক্ষার্থ মহাযত্ন।

আতেলা, বিং (অতৈল শব্দজ) অতৈল, তৈলহীন।

আত্তি, বি, যত্ন, স্নেহ।

আত্তিশুভ, আত্তিশুয়ো, বিং সুশীল, সর্ব্বজন প্রিয়, ধীর।

আত্মতা, বি, (আত্মীয়তা শব্দজ) ঘনিষ্ঠতা, বন্ধুতা, সদ্ভাব; যথা—

"অনেক আত্মতা হৈল অতএব কই।"
(শিবায়ন)

আথিবিথি, বিং (অস্তব্যস্ত শব্দজ কি?) ব্যস্তসমস্ত, অতিশয় ব্যগ্রতার সহিত; যথা—

"আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায়।
অঙ্গুলি হেলায়ে হীরা দোঁহারে দেখায়।"
(বিদ্যাসুন্দর)

আদ, আধ, বিং (অর্দ্ধ শব্দজ) অর্দ্ধেক, অর্দ্ধ।

আদকপালিয়া, বি, অর্দ্ধকপাল শব্দজ) রোগ বিশেষ, শিরঃপীড়া বিশেষ।

আদঙ্গা, আদেঙ্গা, বিং অর্দ্ধাংশ।

আদৎ, বি, (যাং) আচার, রীতি; ২। বিং সমস্ত, সমগ্র।

আদতে, ক্রি, বিং (যাং) ব্যবহারতঃ, স্বাভাবিকরূপে, মোটেই।

আদদ, বি, (যাং) সংখ্যা, গণনা ; ২। অঙ্গাদি।

আদব, বি, (আরবী) উত্তম রীতি নীতি। আদব যাহার নাই, সে বেয়াদব।

আদবকায়দা, বি, (যাং) সম্ভ্রম-রক্ষা, উত্তম রীতিনীতি রক্ষণের ব্যবস্থা।

আদমশুমারী, বি, (পারশী) মনুষ্যগণনা (census).

আদমী, বি, (পারশী) মনুষ্য, ব্যক্তি।

আদরা, বি, (আদর্শ শব্দজ) চিহ্ন, দাগ, অঙ্ক।

আদরী, আদুরী, বিং (আদরিন শব্দজ) যে অন্যের নিকট আদর পায়।

আদলা, আধলা, বি, (অর্দ্ধ শব্দজ) অর্দ্ধভাগ, অর্দ্ধাংশ ; ২। অর্দ্ধ পয়সা।

আদলি, বি, ঘৃতকুমারী ; যথা,—

"আদলি উপরে কেবা কদলী রোপনরে
ঐছন দেখি উরুযুগ।"
(চণ্ডীদাস)

আদা, বি, (আর্দ্রক শব্দজ) মূল বিশেষ।

আদাআদি, আধাআধি, বি, অর্দ্ধার্দ্ধি, অর্দ্ধ, অর্দ্ধভাগ।

আদাড়, আদাড়বাদাড়, বি, জঞ্জাল স্থান, কুস্থল। [অপরিষ্কার।

আদাড়ে, বিং অদম্য, দুর্দ্দম্য, দুষ্ট,

আদাভাগী, বিং (অর্দ্ধভাগী শব্দজ) অর্দ্ধাংশী, অর্দ্ধেকের অংশী।

আদায়, বি, গ্রহণ, লওন ; ২। পরিশোধন।

আদালত, বি, (যাং) বিচার স্থান, ধর্ম্মাধিকরণ।

আউদড়, আদুর, আদুল, বিং অনাবৃত, খোলা, আলুলায়িত ; যথা,—

"শুনি শচীদেবী আউদড় চুলে ধায়।"
(চৈতন্যমঙ্গল)

"ক্ষেপাকালা হ'ল রাণী বুক নাহি বান্ধে
ব্যাকুলি আদুড় চুলি শোকাকুলি কান্দে"
(ধর্ম্মমঙ্গল)

আদুড়ে, আদুড়ীয়, আধুড়ীয়, বিং অপরিপক্ব, অপরিণত।

আদুলি, আধুলি, বি, মুদ্রার অর্দ্ধ, অর্দ্ধমুদ্রা।

আদেখা, বিং অদৃষ্ট, অনীক্ষিত।

আদেখলে, বিং অতিলোভী, যে কোন দ্রব্য দেখিয়া লইবার জন্য অতি ব্যগ্র হয়।

আর্দ্দাশ, বি, নিবেদন, অভিযোগ।

আর্দ্দালি, বি, (ইং orderly) শরীর রক্ষক ; ২। হুকুমবাহক ভৃত্য।

আধ, বিং (অর্দ্ধ শব্দজ) অর্দ্ধ, অর্দ্ধেক।

আধকপালিয়া, বি, শিররোগ-বিশেষ, অর্দ্ধশিরোবেদনা।

আধন বিং অস্থায়ী ; যথা—

"নারীর যৌবন, কেবল আধন,
যেমন জলের ফোঁটা।" (কবিকঙ্কণ)
২। আধুনিক।

আধপাগলা, বিং ঈষৎ উন্মত্ত, কিঞ্চিৎ বাতুল।

আধলা, বি, (অৰ্দ্ধ শব্দজ) ইষ্ট-কাৰ্দ্ধ, অৰ্দ্ধেক ভাগ, অৰ্দ্ধপয়সা।

আধলি, আধুলি, বি, অৰ্দ্ধমুদ্রা, আধটাকা। [বয়সী।

আধবুড়া বিং অৰ্দ্ধবয়স্ক, আধা-

আধা, বিং (অৰ্দ্ধ শব্দজ) অৰ্দ্ধেক, যথা—

"মোর পরাণ পুতলী রাধা
সুতনু তনুর আধা।" (অন্নদামঙ্গল)

আধাআধি, বি, (অৰ্দ্ধাৰ্দ্ধি শব্দজ) অৰ্দ্ধাংশ, অৰ্দ্ধভাগ।

আধাঙ্গা, বিং (অৰ্দ্ধাঙ্গ শব্দজ) অৰ্দ্ধাঙ্গ, অৰ্দ্ধেক, অসম্পূর্ণ।

আধানিক, বিং অধুনাতন, নূতন।

আধানী, বিং (অধনী শব্দজ) নির্ধন, দরিদ্র; ২। (আধুনিক শব্দজ) নূতন বড়লোক।

আধুড়ীয়, বিং অপরিপক্ক, অপরিণত। [অৰ্দ্ধ

আধেক, বিং (অৰ্দ্ধেক শব্দজ)

আধোয়া, বিং (অধৌত শব্দজ) অপ্রক্ষালিত।

আন, আনে, আনহি, বিং (অন্য শব্দের অপভ্রংশ) অপর, অন্য, ছন্দের অনুরোধে পূর্ব্বতন কবিরা অন্য শব্দের স্থানে "আন" শব্দের ব্যবহার করিয়াছেন; যথা—

"যারে বেদান্ত দরশনে, ব্রহ্ম বলি বাখানে,
আনে বলে পুরুষ প্রধান।" (কবিকঙ্কণ)
"আন ছলে পুনঃ চাহে ফিরিয়া ফিরিয়া"
(ভারতচন্দ্র)

২। অন্যথা; যথা—

"কেন বা হইবে আন, পুরুষের শতটান,
শস্ত্র, শাস্ত্র, সংগ্রাম, ভ্রমণ। (হেমচন্দ্র)

আন্‌কা, আন্‌থা, বিং (অনীক্ষিত শব্দজ) অজ্ঞাত, অপরিচিত।

আন্‌কোরা, বিং নূতন, যাহা ব্যবহৃত হয় নাই।

আন্‌চান, বিং অস্থির, ব্যাকুল।

আন্‌মনা, বিং (অন্যমনস্ক শব্দজ) অন্যমনস্ক।

আনা, বি, (আনয়ন শব্দজ) আনয়ন; ২। কোন দ্রব্য বা বিষয়ের ষোড়শ ভাগের একভাগ; ৩। টাকার ষোলভাগের এক ভাগ, চারি পয়সা।

আনাগোনা, বি, (আগমন ও গমন শব্দজ কি?) যাতায়াত, গমনাগমন, যথা,—

"কলির বাবু ক'দিন থেকে কচ্চে
আনাগোনা।" (হেমচন্দ্র)

আঁনাজ, বি, তরকারী, ফল মূলাদি।

আনাড়, বিং অপ্রচলিত, অপ্রকাশিত, গুপ্ত; ২। বি—দুর্জ্ঞেয় স্থান।

আনাড়ী, বিং (awkward) অনভিজ্ঞ, মূর্খ, অকর্ম্মণ্য; যথা—
"একি পেয়েছ আনাড়ী দাঁড়ী তুফানে ডরাবে।" (রামপ্রসাদ)

আনাড়ীপনা, বি, মূর্খতা, অনভিজ্ঞতা।

আনান, বিং আনীত, যাহা আনা গিয়াছে; ২। ক্রি—আনয়ন করা।

আনামৎ, আমানৎ, বিং (যাং) স্থিত, মজুত, জমা। দাড়িম্ব।

আনার, বি, (পারশী) ফলবিশেষ,

আনারস, আনারসি, বি, ফলবিশেষ, ইহা অম্লমধুর, ক্রিমিনাশক ও সারক।

আনি, বি, (আনা শব্দজ) ষোড়শাংশের একাংশ।

আঙ্গোট, বি, (অঙ্গুরী শব্দজ ?) পায়ের অঙ্গুরী, পদাঙ্গুলির আভরণবিশেষ। কোন কোন স্থলে আনোট বা আনোটা বা আংটা বলে। অখণ্ড।

আন্দাজ, বি, (পারশী) অনুমান, অনুভব।

আন্দাজী, বিং (পারশী) অনুমানিক, অনুভাব্য।

আন্ধ, আন্ধা, বিং (অন্ধ শব্দজ) অন্ধ, দৃষ্টিশক্তি হীন; যথা—
"আন্ধার মাণিক বাছা অন্ধনীর নড়ি।
লোচনের তারা বাছা! কৃপণের কড়ি॥" (ধর্ম্মমঙ্গল)

আন্ধার, বি, (অন্ধকার শব্দজ) আঁধার; যথা—
"প্রেতভূতগণ, ধায় অগণন,
আন্ধার কৈল ধূলায়।" (অন্নদামঙ্গল)

আন্মনা, বিং (অন্যমনা শব্দজ) অন্যমনস্ক, অন্যচিত্ত।

আপদ, বি, (আ—আফৎ শব্দজ) বিপদ, সঙ্কট।

আপন, বিং (আপনি শব্দজ) নিজ, আত্মীয়, স্বীয়।

আপনাপনি, বিং স্বয়ং, স্বেচ্ছাক্রমে। [কষ্ট।

আপশোষ, বি, মনস্তাপ, দুঃখ,

অপশানি, বি,তাড়না, আস্ফালন।

আপনি (হিন্দি আপ্‌নে শব্দজ) স্বয়ং, নিজ।

আপহর, বি, পাহারা।

আপা, বি, জলখাত, জলাশয়ের তীরে মৎস্য ধারণার্থ গর্ত্তবিশেষ।

আপাকথা, বি, জনশ্রুতি, গল্প।

আপাং, বি, ক্ষুদ্রজাতীয় বৃক্ষবিশেষ। সমগ্র বৃক্ষ ও বীজ ব্যবহৃত হয়, ভারতবর্ষের সর্ব্বত্র জন্মে। অপর নাম চিড়চিড়ে।

আপাতক, বিং তাৎকালিক, হঠাৎ, উপস্থিত। [প্রকাশ।

আপাল, বি, আস্ফালন, তেজ

আপায়, ক্রি, যায়, অতীত হয়; যথা—

"মধুমাস আপায়, মাধব পরবেশ।
দনাই পণ্ডিত কিছু বলে উপদেশ ॥"
(ক, ক)

আপীল, বি, (ইং appeal) পুনর্ব্বিচারের প্রার্থনা।

আপোষ, আপোস, বি, (উর্দ্দু—আপস্ = পরস্পর) উভয় পক্ষের সম্মতিতে নিষ্পত্তি, বিবাদ মীমাংসা; যেমন, বিবাদ আপোসে মিটিয়া গেল।

আপ্ত, বি, আত্মীয়, মিত্র; যথা—
"মহারাজ বিদায় বাসায় দেখি কার্য্য।
এবে আপ্ত অনেক আনন্দে কর রাজা ॥"
(ঘনরাম)

আপ্তখুদী, বিং আপনি, আপনেচ্ছায়কৃত। [পর।

আপ্তগরাসী, আপ্তগর্জ্জী, বিং স্বার্থ

আপ্তবন্ধু, আপ্তবর্গ, বি, আত্মীয় স্বজন।

আপ্তসার, বি, অশুভ বা অনিষ্ট নিবারক কার্য্যবিশেষ, প্রক্রিয়া বিশেষ দ্বারা নিজ দেহ রক্ষা, যথা—
"যার কালীনাম আপ্তসার।
কালের ভয় কি আছে তার ॥"
(কমলাকান্ত)

আফতাব, (পারশী) সূর্য্য, যেমন আফতাব চাঁদ বাহাদুর।

আফশোস, আপশোস, বি, (পা—আফ্‌শোস, দুঃখ প্রকাশ, আহা বলা) খেদ, দুঃখ প্রকাশ।

আফা, বি, জনশ্রুতি, গোলযোগ, মৎস্য আড়া। [বিশেষ, আড়া।

আফাকল, বি, মৎস্যধারণ যন্ত্র-

আফাল, বি, (আস্ফালন শব্দজ) মৎস্যোৎপ্লবন।

আফিঙ্গ, আফিং, বি, (আ—আফিউন্; উ—আফিম; সং—অহিফেন; বাং—আফিং বা আপিং; ইং—ওপিয়ম opium) মাদকদ্রব্যবিশেষ।

আফিমী, বি, আফিংভোক্তা।

আব, আবু, বি, গলগণ্ড, শরীরের কোন স্থানে মাংসপিণ্ডের উৎপত্তি; ২। আব (পারশী) জল, কিন্তু চমক প্রভৃতি অর্থেও ব্যবহৃত হয়, যথা হীরক সম্বন্ধে উজ্জলতা এবং তরবারি সম্বন্ধে তীক্ষ্নতা বুঝায়; ৩। (আরবী) পিতা। "আবু হোসেন, আবু বকর" প্রভৃতি শব্দের "আবু" পিতা বা পিতৃস্থানীয় বা সম্মানার্হ।

আবওয়াব, বি, (যাং—বাব শব্দের বহুবচন) রাজা কিম্বা জমিদারের গৃহীত বিবিধ কর; রাজস্ব ব্যতীত অন্যান্য কর।

আবকার, বি, (পা) যাহারা মদিরা বিক্রয় করে। আমাদের দেশে মাদকদ্রব্যের ব্যবসায়কে "আবকারী" বলে।

আবকারী, বি, (যাং) মাদক দ্রব্যের কর, মাদক দ্রব্যের ব্যবসায়।

আবখোরা, বি, (পা) জলপান করিবার বাসন, পূর্ব্ববঙ্গে জল-পান করিবার "ফেরোকে" আবখোরা বলে।

আবছায়া, অবছায়া, বি, (অপ-চ্ছায়া শব্দজ) দেহের অস্পষ্ট ছায়া, অস্পষ্ট প্রকাশ।

আবজন, বি, বন্ধন, বাঁধন; আচ্ছাদন।

আবডাল, বি, অন্তরাল, আড়াল; যথা—

"রাজার ছেলের আবডালেতে উঁকি মারবো ভাই।" (হেমচন্দ্র)

আবড়তাবড়, বি, ভালমন্দ মি-শ্রিত অসংলগ্ন বাক্য।

আবদার, বি, কোন বস্তু লইবার অতিশয় আগ্রহ, বায়না; ২। (পা) আবদার, আবদারি অর্থে উজ্জ্বল বা উজ্জ্বলতা বুঝায়।

আবদারে, আবদেরে, বিং থোটে, বায়নাওয়ালা; ২। খোটে ছেলে।

আবলুস, বি, (আ, ইহা এবনিয়স শব্দ হইতে উৎপন্ন। (ইং—এবনি Abonny, বাং আব-লুস) কৃষ্ণবর্ণ কাষ্ঠবিশেষ।

আবর, বিং মূর্খ, বোকা; ২। (হি—আওর) আর।

আবরঙ্গ, বি, (যাং) সিংহাসন, সুখাসন।

আবরা, বি, ঈষৎবৃষ্টি; ২। চক্ষু-পীড়া। [কণা।

আবরাণ, বি, অল্প বর্ষণ, সূক্ষ্ম জল-

আবরু, বি, (পা) মান, সম্ভ্রম, ইজ্জত। বাঙ্গালায় স্ত্রীলোক ঘটিত সম্মান সম্বন্ধে অধিক প্রযুজ্য; ২। রীতি, ধারা।

আবরোঁয়া, বি, ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম সুতায় প্রস্তুত বস্ত্র বিশেষ। আবরোঁয়া জলে ভিজিলে ও পররোঁয়া শিশিরে ভিজিলে আর তাহার সুতা দৃষ্টিগোচর হয় না।

আবর্জ্জন, আবর্জ্জনা, বি, জঞ্জাল।

আবলাৎ, আওলাৎ, বি, (যাং) স্থাবরাস্থাবর সম্পত্তি।

আবলুক, বি, পারাবত বিশেষ, সাদা পায়রার মুখের একদিকে লালবর্ণ হইলে তাহাকে আব-লুক বলে। [দিন।

আবহমান, বি, চিরকাল, চির-

আবহাওয়া, বি, (পা—আব= জল, হাওয়া=বায়ু) জলবায়ু (climate).

আবাদ, বি, (পা) বপনরোপণ-কারী শস্যভূমি; ২। জলপূর্ণ-স্থান, যে স্থানে লোকজন বস-বাস করিতেছে; ৩। উঠিত

জমিকে সুন্দরবনে আবাদ কহে; ৩। চাষ, যথা,—
"এমন মানব জমি রইল পতিত।
আবাদ কল্লে ফলত সোণা।"
(রামপ্রসাদ)

আবাদী, বি, (পা) বাসস্থান, গ্রাম নিকটবর্ত্তী স্থান; ২। বিং—আবাদের উপযুক্ত।

আবাথাবা, বিং ত্বরিত, দ্রুত; ২। সংক্ষিপ্ত; যথা—
"হর বলে তোমা হ'তে বিদগধ কে।
আবাথাবা করি বাবা তুক্তি সেরে দে॥"
(শিবায়ণ)

আবার, ক্রি বিং পুনর্ব্বার, এখনি।

আবু, বি, (কুমিল্লা অঞ্চলে ব্যবহৃত) পুত্র, ছেলে।

আবুড়াখাবুড়া, বিং অসমান, উচু-নীচু।

আবুয়া, বি, গলগণ্ডযুক্ত, এবো।

আবে, অং এখন।

আবোর, বিং মূর্খ, অবোধ, জড়।

আভরণ, বি, আচ্ছাদন।

আভাং, বি, (অভ্যঙ্গ শব্দজ) তৈল বা তৈলবৎ বস্তু দ্বারা অঙ্গমর্দ্দন।

আম, বি, (আম্র শব্দজ) ফলবিশেষ। দেশ বিদেশে বহু প্রকার আম আছে, উহাদের নামও ভিন্ন ভিন্ন। যথা— ফজলী, বোম্বাই, নৌরস, ভদামী, হাজিপুরের নেওড়া, মোহনভোগ, জলমুরই, মুশখোর বা শ্রীদাঁহা, সবুজা, ভাদুরে গোল, ভাদুরে লম্বা, মোহন বাঁশী, ঝলমলে, জালিবাঁধা, কাঁচামিঠা, গোপালভোগ, নাতান, বাগবাহার, সিন্দুরে, বারমেসে, বাহার কালুয়া, সাহনে, হিমসাগর ও ক্ষীরসে-পাতি প্রভৃতি। এই সমস্ত আম্রের আকারগত পার্থক্য আছে, স্বাদও ভিন্ন ভিন্ন প্রকার। আঁব; ২। আমাশয় রোগ।

আমচূর, বি, (আম্রচূর্ণ শব্দজ) শুষ্ক আম্র, আমশী।

আমট, বি, শুষ্ক আম্ররস, আমসত্ব।

আমড়া, বি, অম্ল ফলবিশেষ।

আমড়াগেছে, বিং তোষামোদ দ্বারা প্রতারিত, ফাঁকি দিয়া ভুলান।

আমতা আমতা, বি, অস্পষ্টবাক্য উচ্চারণ; যথা লোকটা ফাঁফরে প'ড়ে এখন আমতা আমতা ক'রচে।

আমদানি, বি, (যাং) আয়, বাণিজ্য দ্রব্যাদি আনয়ন, বিক্রয়ের জন্য ভিন্ন স্থান হইতে মাল আনয়নের নাম আমদানী।

আমদানিসুমার, (যাং) আমদানী

—আয়, সুমার—সমষ্টি) আয়-সংখ্যা, আয়সমষ্টি।

আমন, বি, (যাং) ধান্যবিশেষ, হৈমন্তিক ধান্য।

আমমোক্তার, বি, (যাং) প্রতিনিধি, সমুদয় বিষয়কর্ম্মের সাধারণ ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নাম আমমোক্তার। [র্য্যাপ্ত।

আময়দা, বিং অপরিমিত, অপ-

আমরক্ত, বি, (আম অপক্ব রক্ত) উদরাময় বিশেষ, রক্তমলস্রাবের পীড়া।

আমরুল, বি, অম্লরসযুক্ত শাক বিশেষ। ভারতবর্ষের সর্ব্বত্র জন্মে। এই গুল্ম ও ইহার রস ঔষধার্থ ব্যবহৃত হয়।

আমল, বি, (যাং) অধিকারকাল, শাসনসময়; যেমন আকবরের আমল; ২। অধিকার, দখল; যথা—

"কটকে হইল আলিবর্দ্দির আমল।
ভাইপো সৌলদজঙ্গে দিলেন দখল॥"
(অন্নদামঙ্গল)

আমলকী, বি, ফলবিশেষ।

আমলনামা, বি, (যাং) জমী কিম্বা অন্য বিষয় অধিকার করিবার জন্য লিখিত আজ্ঞাপত্রাদি।

আমল, বি, (আমলক শব্দজ) আমলকীফল; ২। (যাং) বেতনভোগী কর্ম্মচারী।

আমলান, বি, ব্যথাযুক্ত হওন।

আমলেট, বি, সুস্বাদু, মৎস্যবিশেষ

আমবাত, বি, রোগবিশেষ।

আম্‌শী, বি, শুষ্ক আম্রচূর্ণ; যেমন
"ওরে এখন যদি না ভজিলে,
আম্‌শী খাবে আম ফুরালে॥"
(রামপ্রসাদ)

আমশূল, বি, শূলবেদনা, আমাশয় নিমিত্ত উদরের বেদনাবিশেষ।

আমসত্ব, বি, শুষ্ক আম্ররস।

আমসুপারি, (উত্তরবঙ্গে) পিয়ারা ফল। কোন কোন স্থানে টামসুপারিও বলে।

আমা, বিং কাঁচাপোড়; যথা—
"রন্ধন করিতে লবে নব আমা হাঁড়ি।
রাত্রি মধ্যে রান্ধিলে অতিথি তোর বাড়ী"
(ধর্ম্মমঙ্গল)

২। কাঁচা পোড় ইট।

আমাতিসার, বি, অতিসার রোগবিশেষ।

আমাদো, বি, কাঠের পরদা।

আমানৎ, বিং (আ) গচ্ছিত, জমা, কাহারও নিকট কোন বস্তু রাখিয়া দেওয়া, টাকা জমা দেওয়া।

আমানি, বি, কাঞ্জী, কাঁজি, পান্তভাতের জল; যথা—
"দুঃখ কর অবধান, দুঃখ কর অবধান,
আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান॥"
(কবিকঙ্কণ)

আমিন, আমীন, বি, (আরবী)

অধ্যক্ষ, তত্ত্বাবধায়ক; ২। জমি মাপকারী, যে কর্ম্মচারী জমি জরিপ অর্থাৎ মাপ করেন তাঁহার নাম আমিন; ৩। (সং) স্বস্তি, (ইং—amen! ঈশ্বর এইরূপই যেন করেন) আমাদের দেশে সত্যনারায়ণের কথা সমাপ্তির পর "আমিন আমিন" শব্দ উচ্চারণ করা হয়, উহা স্বস্তিবচন মাত্র।

আমারী, বি, (পা) হাওদা; যথা—

"হাতীর আমারী ঘরে বসিয়া আমীর।
আপন লস্কর লয়ে হইল বাহির॥"
(ভারতচন্দ্র)

২। গোশকটের "ধুরা" ও "মাচান" বদ্ধ করিবার রজ্জু।

আমীর, বি. (আ) ধনী অথচ সম্ভ্রান্ত ব্যক্তি, বড়লোক।

আমেজ, বি, (পা) ঈষৎপ্রকাশ; ২। মিলিত যেমন হাওয়াটাতে আতরের গন্ধের আমেজ আস্‌ছে অর্থাৎ আতরের গন্ধে মিলিত।

আমোরদপ্ত, (পা) আমদানী রপ্তানি।

আম্বল, অম্বল, বি, (অম্ল শব্দজ) অম্ল, টক।

আম্বা, বি, আকাঙ্ক্ষা, আগ্রহ; যথা—

"আপনাকে আঁট নাই পরের মাগ চাও
এত যদি আম্বা আছে ঘরে কেননা যাও॥"
(শিবায়ন)

আয়্লকুচি, বি, বৃক্ষবিশেষ।

আয়তি, বি, সধবা চিহ্ন, সধবা; যথা—

"জন্ম আয়তি হ'য়ে জীয়া থাক সুখে।"
(শিবায়ন)

আয়ত্তি, আত্তি, বি, প্রীতি, সীমা, প্রয়াস।

আয়বড়, বিং (অব্যূঢ় শব্দজ) অবিবাহিত; যথা—

"ঘরে আয়বড় মেয়ে,কখন না দেখ চেয়ে,
বিবাহের না ভাব উপায়।" ভারতচন্দ্র)

আয়বড়ভাত, বি, (অব্যূঢ়ান্ন শব্দজ) অবিবাহিত পুত্রকন্যার বিবাহ প্রসঙ্গে প্রদত্ত অন্নব্যঞ্জনাদি।

আয়না, বি (পা—আয়িনা—মুখ দেখিবার কাচ) দর্পণ, আর্শি।

আয়ন্দা, আয়েন্দা, বি, (পা) উপস্থিত, আগামী।

আয়মা, বি, (পা) মুসলমান মৌলবীরা কোন সৎকার্য্যের উদ্দেশে মুসলমান সম্রাটদিগের নিকট বৃত্তিস্বরূপে যে জমি পাইয়াছেন, তাহার নাম আয়মা বা আলতমগা। চলিত কথায় বিনামূল্যে।

আয়মাদার, বি, (পা) যে ব্যক্তি আয়মা জমি ভোগ করে।

আয়মাল, (আ) গ্রাম ও পরগণা।

আয়া, বি, (আর্য্যক শব্দজ) পিতামহ বা মাতামহ। স্ত্রীং—আয়ী; ২। (যাং) দাসীবিশেষ।

আয়াতন, বি, আয়তন, পরিসর।

আয়াপান, বি, বৃক্ষবিশেষ, বিশল্য করণী লতা; এই গুল্ম সুগন্ধবিশিষ্ট, পত্র রগড়াইয়া আঘ্রাণ লইলে ঈষৎ উগ্র সদ্গন্ধ পাওয়া যায়। ভারতবর্ষে নানা স্থানে পাওয়া যায়। বঙ্গদেশে অপর্য্যাপ্ত জন্মে।

আয়াসঘর, বি, বিশ্রামগৃহ।

আয়ী, বি, মাতামহী, মাতার মাতা।

আয়েদা, বি, (পা) আগামী; বাঙ্গালা আয়েন্দা।

আয়েব, বি, (পা) বিচার, শুদ্ধাশুদ্ধ বিচার।

আয়েশ, বি, (আয়াস শব্দজ) সুখভোগেচ্ছা, বিশ্রাম।

আয়্যাত, বি, (আয়তি শব্দজ) আয়তি চিহ্ন, সধবা চিহ্ন।

আয়্যেশ, বি, আয়ী শাশুড়ী।

আর, অং (হিন্দী আওর শব্দজ) অন্য কোন, এবং। [বাক্য।

আরচা, আরোচ, বি, মুখভঙ্গী।

আরজ, আর্জ্জী, বি, (পা) আবেদন, দরখাস্ত; যথা—

"ভাল হেতু করেছিনু হজুরে আরজ।
রহিলে কহিতে মোর কি ছিল গরজ।"
(ভারতচন্দ্র)

আরজবেগী, বি, (পা) যে ব্যক্তি বিচারপতির নিকট আবেদন পত্র দেয়, পেশকার; যথা—

"আর রামা বলে সই এত ভাল শুনি।
আমার আরজবেগী পতি বড় গুণী॥"
(ভারতচন্দ্র)

আরণা, বি, বন্য মহিষ।

আরদ্র, বি, হরিদ্রা, হলুদ; যথা—

"আরদ্র মাখিয়া কেবা, সারদ্র বনাইল রে
ঐ ছন দেখি পীতাম্বর।" (চণ্ডীদাস)

আরন্ধ, আরান্দ, বি, (অরন্ধন শব্দজ) অরন্ধন, যে দিন রন্ধন নিষেধ।

আরশী, আর্শি, বি, (আদর্শ শব্দজ) দর্পণ, মুখাবলোকনোপযোগী স্বচ্ছপদার্থ; যথা—

"সরসী আরশী মোর।" (মেঘনাদবধ)

আরসুলা, বি, কীটবিশেষ, তেলাপোকাবিশেষ।

আরাকষ, বি, করাতি, কাষ্ঠ ছেদনকারী।

আরাম, বি, (পা—স্বচ্ছন্দতা) স্বচ্ছন্দতা, চায়েন, সুখ।

আরায়েশ, বি, (পা) সৌন্দর্য্য। আমাদের দেশে আরাশের কাজ বলিলে যে কাজে চূণকামের উপর মাজিয়া ঘসিয়া অধিক সৌন্দর্য্যবিধান করা হইয়াছে।

আরারুট, বি, (ইং Arrowroot) এক জাতীয় গুল্মের মূলভাগের

পালো। এই গুল্ম দেখিতে আদা বা হরিদ্রা গাছের ন্যায়।

আরিন্দা, বি, (যাং) যে ব্যক্তি চিঠি পত্র বা খাজনা বহন করে, তাহাকে আরিন্দা, পেয়াদা বা তৈনিতি কহে।

আরিববল, বি, (যাং) আয়ু।

আর্য্যা, বি, নিয়ম, সঙ্কেত; যেমন শুভঙ্করের আর্য্যা।

আর্শথ, বি, (যাং) প্রত্যেক প্রজা যত ভূমি অধিকার করে, তাহার হিসাব।

আইল, আল্, বি, জমির সীমা।

আল, বি, (আলোক শব্দজ) আলোক, আলোকিত; যথা—

"অঙ্গ আভা উদয়ে আন্ধার করে আলো"

২। অযত্নভাব প্রদর্শন; যথা—

"দেখিতে না পায় কেহ কত ভাগ্য ধরি।
যাচিলে যৌবন আল ঐ তাপেতে মরি।"
(ঘনরাম)

আলকাতরা, বি, (যাং) পাথুরিয়া কয়লা চোঁয়াইয়া যে কৃষ্ণবর্ণ পদার্থ বাহির হয়। এক জাতীয় পাইন বৃক্ষের কাষ্ঠকে আবৃত স্থানে দগ্ধ করিলেও ইহা প্রাপ্ত হওয়া যায়, বাজারে তাহা ষ্টকহলম টার নামে অভিহিত। (Tar.)

আলকুশী, বি, লতাবিশেষ, উক্ত বৃক্ষের ফলের গাত্রসংলগ্ন লোমাকার পদার্থ।

আলখেল্লা, বি, গাত্রাবরণবিশেষ।

আল্গা, বিং (অলগ্ন শব্দজ) অবদ্ধ, শিথিল, এলো।

আলগোচ, বিং উত্থানার্থ ব্যগ্র; ২। নিরবলম্বন; ৩। অস্পর্শ, না ছুঁয়া; যথা—

"তথাপিহ তুমি যদি ভয় বাস মনে।
আলগোচে তুমি গিয়া করহ রন্ধনে।"
(চৈতন্য ভাগবত)

আলচা, বি, অদৃশ্যভাবে পরিদর্শন, গোপনে সন্ধান।

আলচাল, বি, আতপতণ্ডুল; রৌদ্রে শুখান ধান্য হইতে যে চাউল প্রস্তুত হয়। অসিদ্ধ ধান্য হইতে উৎপন্ন চাউল।

আলজিব, বি, (আল—জিব, জিহ্বা শব্দজ) ক্ষুদ্রজিহ্বা।

আলণ্, আলুনি, বি, (অলবণ শব্দজ) লবণহীন, যাহাতে লবণের সংযোগ নাই।

আল্তা, বি, (অলক্ত শব্দজ) অলক্ত, লাক্ষা; যথা—

"আলতা ধুইবে পদ কোথা থুব বল।"
(অন্নদামঙ্গল)

আল্না, বি, বস্ত্রাদি রাখিবার কাষ্ঠদণ্ডবিশেষ, (cloth stand)।

আলপনা, আলিপনা, বি, (আলিম্পন শব্দজ) মঙ্গলালেপন, এলোনা; যথা—

"গোময়ে লেপিয়া মাটী,
আলিপনা পরিপাটী,
চৌদিগে বান্ধবগণ মেলা।" (ক, ক)

আলপিন, বি, (যাং) পিন, ক্ষুদ্র-প্রেক।

আলফা, বি, মিষ্টখাদ্যদ্রব্যবিশেষ।

আলবালা, আলবোলা, বি, (যাং) ধূম পানার্থ যন্ত্রবিশেষ।

আলবৎ, বি, (আ—আলবত্তা) নিশ্চয়, নিঃসন্দেহ।

আলবাটী, বি, পিকদানী।

আলমারি, বি, পুস্তকাদি রাখিবার কাষ্ঠাধারবিশেষ (shelf)।

আলসিয়া, আল্‌সে, বিং (অলস শব্দজ) কুড়ে, কর্ম্মে অসত্বর।

আলস্যত্যাগ, বি, জৃম্ভন, গাত্রভঙ্গকরণ।

আলা, বিং অকর্ম্মণ্য, অলস; ২। মেকী, জাল; যথা—

"ভাঙ্গাইয়া আড়কাট,
এমনি লাগায় ঠাট,
বলে শালা আলা টাকা মোর।"
(অন্নদামঙ্গল)

৩। ক্রি—স্বত্বত্যাগ করা। দাবী দাওয়া না রাখা।

আলাই, বি (অল্লায়ু শব্দজ কি?) আপদ, বিপত্তি; ২। বিং—অমঙ্গলসূচক।

আলাইল, ক্রি আলুলায়িত করিল, শ্লথ করিল; যথা—

"নাটাপাটা হাতে বাটা আলাইল কেশ"
(শিবায়ণ)

আলাইবালাই, বি, আপদ, অশুভ, জঞ্জাল।

আলাৎপালাৎ, বি, অসংলগ্নবাক্য, অসম্বদ্ধবাক্য।

আলাদা, বিং (যাং, উ—আলাহিদা) পৃথক্‌, স্বতন্ত্র।

আলান্ত, বিং পরিশ্রান্ত, ক্লান্ত।

আলায়আলায়, ক্রি, বিং নির্ব্বিবাদে, নির্ব্বিঘ্নে; যথা—

"সবাই গেল আলায়আলায়,
বুড়ী মরে আপন জ্বালায়॥"
(প্রবাদ সংগ্রহ)

আলায়া, বি, পরচ্ছয়া, অপদেবতা।

আলাল, বিং ধনবান্, ধনাঢ্য; যথা—

"আলালের ঘরের দুলাল।"

আলি, ক্রি, পরিত্যাগ করা, ছাড়িয়া দেওয়া; যেমন—

"কাজ নাই গোঁসাই বিষয় আমি আলি।
অশেষ কলুষে আর কত হব কালি॥"
(ধর্ম্মমঙ্গল)

২। আসিলি; যেমন—

"মাথা খেতে আলি মোর।" (ভারতচন্দ্র)

আলিম, বিং (আ—ইলম্ শব্দজ) বিদ্বান।

আলিশ, বিং (অলস শব্দজাত) অলস, কুড়ে।

আলিসা, বি, (যাং) ইষ্টকময় গৃহের ছাদের প্রান্তভাগ, নিকাল, কার্নিস।

আলী, বিং (আ) বহউচ্চ, চরম,

যেমন "আলী হুকুম"=উচ্চ-হুকুম; আলীমেজাজ=উচ্চ-মেজাজ।

আলুইবড়ী, বি, কচি ছেলের গা বাল্‌সান'র ঔষধ বিশেষ। কালমেঘের পাতা, জোয়ান, রাধুনী, বড়এলাইচের খোসা, পোড়া লবঙ্গ, বেলফুলের কুঁড়ি একত্র মিলাইয়া রৌদ্রে শুখা-ইয়া যে বড়ী হয়, তাহার নাম আলুইবড়ী।

আলু, বি, মূলবিশেষ, গোল আলু, রাঙ্গা আলু, শাঁক আলু, মাটিয়া আলু প্রভৃতি ভেদে বহুবিধ।

আলুথালু, বি, অসংযত, উন্মুক্ত; যথা—

"আলুথালু হয়ে এবে কবরী বন্ধন।"
(ভারতচন্দ্র)

আলুফা, আল্‌পো, বিং (যাং) অনায়াসে লব্ধ, বিনাব্যয়ে প্রাপ্ত।

আলুবোখারা, বি, একজাতীয় বৃক্ষের শুষ্কীকৃতফল। পারস্য, সিরিয়া এবং দক্ষিণ ইউরোপে জন্মে। দেখিতে কতক পরি-মাণে অণ্ডাকার। ফল পাট-লাভ বর্ণ, বিশেষ গন্ধহীন, মিষ্ট ও কতক পরিমাণে মণ্ডবৎ অম্লাক্ত আস্বাদ।

আলেখা, বিং (আলিখিত শব্দজ) সাদা যাহাতে লেখা হয় নাই।

আলেখিয়া, বি, সন্ন্যাসী বিশেষ। ইহারা অলখ্ নাম উচ্চারণ পূর্ব্বক ভিক্ষা করিয়া অন্যান্য সন্ন্যাসীকে ভোজন করায়; এইজন্য ইহাদের নাম আলে-খিয়া। (ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায় দ্রষ্টব্য।)

আলো, বি, (আলোক শব্দজ) আলোক, দীপ্তি; ২। ধান্য রৌদ্রে শুখাইয়া ভানা।

আলোয়ান, বি, (আ, রঙসমূহ, অতএব যাহাতে রঙ সমূহ ফলান আছে; তাহাই আলো-য়ান) গাত্রবস্ত্রবিশেষ।

আল্যা, বি, বালকের আবদার, সোহাগ। আল্যা করি—সো-হাগভরে, আহ্লাদে রকমে। এই অর্থে এই শব্দ এখনও উত্তরবঙ্গে কোন কোন স্থলে বিশেষতঃ পাবনা জেলায় প্রচ-লিত আছে। ভারতচন্দ্রও লিখিয়াছেন;—

"আল্যা করি কোলে বসি ছেদেধরি গলে।
ও মা ও মা বলি উমা কথা কয় ছলে।"

আল্যাল, ক্রি, আলুলায়িত করিল, উন্মুক্ত করিল।

আবির, আবীর, বি, রঞ্জক দ্রব্য বিশেষ, ফাগ; যথা—

"হুঙ্কার ছাড়িয়া, ফুঁকে উড়াইয়া,
খেলিছে আবীর উড়া।"
(অন্নদামঙ্গল)

আশ, বি, (আশা বা আশ্বাস শব্দজ) আশা, ভরসা।

আশক, আসক, বিং (যাং, আসক্তি শব্দজ কি?) প্রেমকারী, প্রেমিক; যথা—

"প্রথম দুয়ারে মদের গতি।
দ্বিতীয় দুয়ারে আসক স্থিতি।
আসক রূপেতে শ্রীকৃষ্ণ কই।
মদ রূপ ধরি আশ্রিত হই।"
(চণ্ডীদাস)

২। বি, আসক্তি; যথা—
"পিরীতে আসকে সদাই থাকিব,
পিরীতে গোঙাব কাল।" (চণ্ডীদাস)

আশ্‌কারা, বি, (পা, অর্থ জাহির বা প্রকাশ করা) প্রশ্রয়; ২। অনুসন্ধান, তদারক করিয়া কোন বিষয়ের যাথার্থ্য প্রকাশ, যেমন পুলিশ এই মোকদ্দমার আশকারা করিতে পারিল না অর্থাৎ তদারক করিয়া যথার্থ ঘটনা প্রকাশ করিতে পারিল না।

আশনা, বি, (পা) মেলানি, বন্ধু। বাঙ্গালায় আসনা=বন্ধু। কোন স্ত্রীপুরুষে অসামাজিক প্রণয় ঘটিলে তাহাকে "আসনাই" কহে।

আশপাশ, বি, চতুর্দ্দিক, চারিপার্শ্ব।

আশমান, বি, (যাং) স্বর্গ।

আশমানী, বিং স্বর্গীয়; ২। অদ্ভুত।

আশ্‌রফী, বি, (পা) স্বর্ণমুদ্রাবিশেষ। আশরফ নামক বাদশাহ কর্তৃক প্রথম প্রচলিত হয়। ওজন দশ মাসা। এই জন্য ইহার নাম আশরফী।

আশশাওরা, বি, বৃক্ষবিশেষ।

আশা, বি, ইচ্ছা, ভরসা; ২। দিক; ৩। (উর্দ্দু) দণ্ড, আশাশোটা; যথা—

"আজানুলম্বিত, বাহু সুললিত,
কামের কনক আশা।"
(অন্নদামঙ্গল)

আশাচাষ, বি, জমিতে ধান্য প্রভৃতি বুনিয়া তাহা তুলিয়া লইলে সেই জমি চষিয়া রাখিয়া দিলে সেই চাষকে আশাচাষ কহে।

আশান, বি, বৃক্ষবিশেষ।

আশান (যাং) নিষ্কৃতি, বিশ্রাম।

আশাশোঁটা, বি, (যাং) রাজদণ্ড, রাজচিহ্ন।

আশী, বি (অশীতি শব্দজ) সংখ্যাবিশেষ, ৮০।

আসনাই, বি, (যাং) প্রণয়, ভালবাসা।

আসফলানি, বি, (আস্ফালন শব্দজ) আত্মশ্লাঘা, পরাক্রম প্রভৃতির উল্লেখ করিয়া গর্ব্ব প্রদর্শন।

আস্‌বাব, বি, (আ, অর্থ কারণ সমূহ, বস্তা সমূহ) বাঙ্গালায় জিনিসপত্র। [শূণ্য।

আসমান, বি, (পা) আকাশ,

আসমানী, বি, (পা, অর্থ নীল রং, যেহেতু আসমান বা আকাশের রং নীল) অদ্ভুত।

আসর, বি, (পা) সভা, মজলিস, আখড়া; যথা—

"আসরে আসিয়া উর, দাসের মানস পূর,
মোর কণ্ঠে বৈসগো জননী।"
(ঘনরাম)

আসল, বি, (আ, অসল=প্রকৃত, মূল) মূল, সার, যাহা নকল নয়।

আসলখানা, বি, প্রধান কথা, প্রকৃত ব্যাপার।

আসবার, আসোবার, বি, (পা) অশ্বারোহী, ঘোড়সওয়ার।

আসা, ক্রি, আগমন করা, মনে উদয় হওয়া; যথা—

"মর মাসী এত আসে তোর।"
(বিদ্যাসুন্দর)

আসান, বি, (উর্দ্দু) সাহস; ২। অবসান, রেহাই; যথা—

"আসান করিয়া কত ভুলায় প্রজায়।"
(ঘনরাম)

৩। দর্জিরা উরুস্থলের বেড়কে আসান বলে।

আসানড়ি, বি, হস্তের যষ্টি, হাতের [লাঠি।

আসাপা, বি, ভেক বিশেষ।

আসাম, বি, স্বনাম প্রসিদ্ধ দেশ।

আসামী, বি, (আ) নাম সমূহ; ২। বাঙ্গালায়, যাহার বিরুদ্ধে নালিশ করা যায়, সেই আসামী; ৩। জমিদারীতে প্রজা অর্থে ব্যবহৃত।

আসার, বি, (আ) চিহ্ন, পুরাতন নিশানা। আমাদের দেশে যদি প্রাচীরের গাঁথনী ভবিষ্যতে বাড়াইতে হয়, এইজন্য "আসার" রাখিয়া দেয়।

আসাল্‌তন, বি, (পা) নিয়োগ।

আসিকা, আস্‌কে, বি, পিষ্টক বিশেষ।

আসোয়ার, বি, (আ) সওয়ার সমূহ। বাঙ্গালাদেশে খালি সওয়ার।

আস্ত, বি, সমুদয়, অখণ্ড।

আস্তব্যস্ত, বিং ব্যগ্র, স্বত্বর, শীঘ্রতা বিশিষ্ট; যথা,—

"আস্তেব্যস্তে সব দেখি হায় হায় করে।"
(চৈতন্য ভাগবত)

আস্তানা, বি, (পা, আস্থান শব্দজ) স্থান, আশ্রম।

আস্তাবল, বি, (আ—ইস্তবল) অশ্বাদি থাকিবার স্থান। (stable.)

আস্তীন, বি, (পা—আস্তান শব্দজ) কোরতা, জামা প্রভৃতির হাত।

আস্তে, ক্রি, বিং (পা—আহিস্তা ধীরে) ধীরে, অল্পে।

আস্থায়ী, বি, সঙ্গীতে প্রথমে যেটার দ্বারা মুখবন্ধন করা যায়, অথবা যেটা প্রথম চরণ হয়, তাহার নাম আস্থায়ী।

আহড়, বি, অন্তরাল, আড়াল; যথা,—

"আহড়ে থাকিয়া রম্ভা জামাতা নেহালে
আয়োস্বয়ো আনিতে নিদয়া দাসী চলে।"
(কবিকঙ্কণ)

২। 'কোথায় লুকায় হেন না দেখি আহড়
আজ্ঞা কৈল আনিবারে যত হস্তী ঘোড়'
(বঙ্গবাসীর মহাভারত)

আহড়বিহড়, বি, অন্তরাল ও সম্মুখ; যথা—

"নকুল লুকায় গাঢ়ে চতুর জম্বুকী।
আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকী"
(কবিকঙ্কণ)

আহ্‌মাল, বি, (আ, অর্থ বোঝা সমূহ, হম্‌ল = গর্ভ, বোঝা, যেহেতু গর্ভও একটা বোঝা) বাঙ্গালায় এই কথা মোকদ্দমা সম্বন্ধীয় ব্যাপারে ব্যবহৃত হয়।

আহা, অং কোন জিনিস উত্তম বোধ হইলে আহা শব্দ প্রয়োগ করা যায়। দুঃখ প্রকাশ করিতে হইলেও বাঙ্গালায় আহা শব্দের প্রয়োগ হয়; ২। হায়।

আহাম্মুক, বি, (আ—আহ্‌মক = নেহায়ৎ বেওকুফ) বুদ্ধিহীন।

আহীর, আহীরী, বি, (আভীর, আভিরী শব্দজ) পোগ, গোয়ালা।

আহুড়ি, আহুড়ী, বি, ধাবক, দ্রুত-গামী (?) যথা;—

"উর্দ্ধ মুখে ধাও যেন ফিরিয়ে আহুড়ী।"
(কবিকঙ্কণ)

আহেলকার, বি, কুচবিহার রাজ্যে জেলার শাসনকর্ত্তাকে আহেল-কার বা আহেলকার বলে।

আহেলে বিলাত, বিং সর্ব্ববিষয়ে অনভিজ্ঞ। যে বিলাত (ইংলণ্ড) হইতে প্রথম আগমন করি-য়াছে।

আহেলে মামলা, বি, মোকদ্দমার বাদী প্রতিবাদী।

ই

ই,—তৃতীয় স্বরবর্ণ। উচ্চারণ স্থান তালু। ই—অং, খেদ, কোপ, আহ্বান, নিন্দা, বিস্ময়; ২। পুং—কামদেব। (দেশজ) কেবল, মাত্র; যথা—আমিই, তুমিই।

ইংরেজ, বি, ইংলণ্ড দেশীয় লোক।

ইঃ অং (ইস্ শব্দজ) কোপ, দুঃখ বা সন্তাপবোধক শব্দ।

ইকড়, বি, বৃক্ষবিশেষ; ২। বিং শক্ত, নিরেট।

ইকড়া, বি, মূষিক, ইঁদুর।

ইকুন, বি, (উৎকুণ শব্দজ) কেশ-কীট, উকুণ।

ইচড়, বি, অপক্ক কাঁঠাল।

ইচ্‌লা, ইচ্‌লী, বি, মৎস্য বিশেষ, চিঙ্গড়ীমাছ; যথা—

"খোড় উড়ুম্বর ইচলি মাছে।
খাইলে মুখের অরুচি ঘুচে॥"
(কবিকঙ্কণ)

২। উত্তরবঙ্গে ক্ষুদ্র চিঙ্গড়ী মাছকে ইচলি ও পূর্ব্ববঙ্গে "ইছা" কহে। কোন কোন স্থানে 'ইঞ্চাক'ও কহে।

ইজা, বি. (পা) মিলাইবার জন্য এক ফর্দ্দের ঠিক অন্য ফর্দ্দে লিখিত হয়, তাহা ঐ ফর্দ্দের উপর টানিলে জের ও নীচে টানিলে ইজা কহে।

ইজাদ, বি, (পা) অতিরিক্ত ভূমি।

ইজাফা বি, (পা) জমা (?) যথা,—
"বিটল নাবড় কেন কন মন্ত্রিবর।
তিন দিন ইজাফা দিয়াছি রাজকর।"
(ধর্ম্মমঙ্গল)

ইজারা, বি, (আ) একাধিক বৎসরের জন্য কোন গ্রামে হস্তবুদে খাজনার নিয়মে জমিদারের নিকট হইতে লইলে উহাকে ইজারা কহে। ঠিকা; ২। ইজারার অধিকারীকে ইজারদার এবং স্থানভেদে মুস্তাজির বা ঠিকাদার কহে।

ইজ্জত, বি, (পা) মান, সম্ভ্রম।

ইট, বি, (ইষ্টক শব্দজ) দগ্ধ মৃত্তিকা, যাহা দ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়।

ইটখোলা, বি, (ইট—খোলা=স্থান) ইষ্টক নির্ম্মাণ ক্ষেত্র, যে স্থানে ইট তৈয়ার হয়, পাঁজাখোলা।

ইটচুর. বি, (ইট—চুর=চূর্ণ) ইটের গুঁড়া, সুরকি।

ইড়িক, বি, টক্কর, পদাঘাত; যথা;—
"চরণে ইড়িক দিতে চলে ইসারাতে।
অবনী এড়ায়ে উঠে আকাশের পথে॥"
(ঘনরাম)

ইতরবিশেষ, বি, ভেদাভেদ, ভিন্নতা।

ইতি, অং অতএব; ২। এই হেতু; ৩। এই প্রকার; ৪। সমাপ্তি, সমাপ্তসূচক শব্দ, পত্রাদি লিখনের শেষবাক্য।

ইতিউতি, ক্রি, বিং এদিক সেদিক, চারিধার; যথা;—
"পাগলের মত কভু ইতিউতি চায়।"
(গোবিন্দ দাসের করচা)

ইতু, বি, দেবী বিশেষ, ইতুপূজা, সমগ্র অগ্রহায়ণ মাস ব্যাপী ঘটপূজাবিশেষ।

ইথে, ক্রি, বিং ইহাতে; যথা—
"ইথে কি সংশয় আর কাশীদাস ভণে।"
(মহাভারত)

ইনাম, বি, (পা—প্রকৃত অর্থদান) রাজা কোন অধীনস্থ ব্যক্তিকে যে দান করেন, তাহাকে ইনাম কহে; যথা,—
"মজুমদারে লয়ে গেল পাতসার কাছে।
ইনাম কি চাহ বলি পাতসা জিজ্ঞাসে।"
(অন্নদামঙ্গল)

ইনামভূমি, বি, উপকার করিলে পুরস্কার স্বরূপ যে নিষ্কর ভূমি পাওয়া যায়।

ইনামেল, বি. (ইং Enamel) লৌহনির্ম্মিত গেলাস বাটী প্রভৃতি, কাচের ন্যায় শুভ্রবর্ণের পদার্থদ্বারা আবৃত, তাহাকে ইনামেল বলে। কাওলিন নামক মৃত্তিকা, প্রস্তরচূর্ণ, সীস, লবণ প্রভৃতি বস্তু চূর্ণ করিয়া মসলা প্রস্তুত করিতে হয়।

ইন্দারা, বি, (অন্ধু শব্দজ) ক্ষুদ্র-জলাশয়, কূপ, গর্ত্ত। বিহার অঞ্চলে কূপকে ইন্দারা কহে।

ইমন, ইমনকল্যান, বি, রাগিণী-বিশেষ।

ইমান, বি, (পা) বিশ্বাস, ধর্ম্ম, আত্মদোষাদোষজ্ঞান, স্থায়িত্ব বাক্য। [দ্রুততা।

ইমানদোরস্ত, বি, (পা) বাক্যের

ইমারত, বি. (পা) অট্টালিকা, কোটাবাড়ী।

ইয়াদ, বি, (পা) জ্ঞান, যথা,—

"হুজুরে যেন ইয়াদ থাকে
বান্দার দোহাই" (হেমচন্দ্র)

ইয়ামন, বি, মিশ্রিত রাগিণীবিশেষ

ইরশাল, বি, (পা—অর্থ প্রেরণ) জমিদারের নায়েব গোমস্তা কর্ত্তৃক সদর কাছারিতে খাজনা চালান।

ইল্‌চি, বিং, নিকৃষ্ট, নীচ।

ইলাম, বি, (পা) পুরস্কার, বখ্‌শিশ; যথা—

"ইলামে ময়না মহী অবশ্য আনিব।"
(ঘনরাম)

ইলিমিলি, বি, মালাবিশেষ; ২। অস্পষ্টবাক্য, যথা—

"ইলিমিলি জপে সদা ছিলিমিলি মালে।
(কবিকঙ্কণ)

ইলীশ, বি, মৎস্যবিশেষ, ইলশা-মাছ।

ইলিবিলি, বি. চতুর্দ্দিকে দৌড়া-দৌড়ি; যথা—

"ডেঙ্গর উকুন নীক করে ইলিবিলি।"
(অন্নদামঙ্গল)

ইলেক, বি. রেখা, চিহ্ন; যথা,—

"যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে"
(শুভঙ্কর)

ইল্লৎ, বি (পা) ময়লা, জঞ্জাল, অপরিষ্কার।

ইযুমূল, বি, বৃক্ষবিশেষ।

ইস, অং আশ্চর্য্যবোধক, বিস্ময়-বোধক শব্দ।

ইসদন্ত, বি, কসের দাঁত (?) যথা—

"আর বাঙ্গাল বলে রে কহিতে বাসি লাজ
ইসদন্ত গেল মোর জীবনে কি কাজ।"
(কবিকঙ্কণ)

ইসারা, বি, (আ) ইঙ্গিত, সঙ্কেত; যথা—

"পদ্মমুখী মনে সুখী ইসারা পাইয়া।"
(ভারতচন্দ্র)

ইসলাম, (আ) মুসলমান হওয়া।

ইসাদী, বি, (পা) সাক্ষী (witness)
ইস্তক, বিং (পা) পর্য্যন্ত, অবধি; ২। তাসক্রীড়ায় একহাতে রঙের সাহেব ও বিবি পড়িলে ইস্তক হয়। [শিক্ষা
ইস্তমাল, বি, (পা) অভ্যাস,
ইস্তাহার, ইস্তিহার, বি, (আ— ইস্তহার—সোহরত = প্রচার শব্দ হইতে উৎপন্ন) বিজ্ঞাপন।
ইস্তিমুরারী, বিং (পা) চিরস্থায়ী। যে সকল চিরস্থায়ী তালুক চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বাবধি বিদ্যমান এবং চিরনির্দ্দিষ্ট খাজনা দিয়া থাকে, তৎসমুদয়ের নাম ইস্তমুরারী মোকররী।
ইস্তিয়াফা, বি, (পা) অপরাধ মার্জ্জনা, ত্যাগ (এস্তবা)
ইস্ত্রি, বি, ধৌতবস্ত্র ঘর্ষণার্থ যন্ত্র বিশেষ।
ইস্পাত, বি, পরিস্কৃত লৌহ, ধার।

ঈ ;—চতুর্থ স্বরবর্ণ। উচ্চারণ স্থান তালু।
ঈ—অং বিষাদ, অনুকম্পা, ভাবনা পুং—কন্দর্প। স্ত্রীং—লক্ষ্মী। তদর্থে—বিলাতী, শান্তিপুরী। ভাবার্থে—নবাবী, বাদসাহী।
ঈঃ অং যন্ত্রণা বা ক্রোধাদি বোধক।
ঈদ, বি, (পা) মুসলমানের পর্ব্ব-বিশেষ। ঈদ পর্ব্বের ভিতরের কথা এই যে, ঈশ্বরোদ্দেশে সাংসারিক সকল বন্ধনকে, সংসারের মধ্যে যাহা কিছু বস্তু বলিয়া, মায়ায় আচ্ছন্ন লোকে ভাবিতে পারে, তাহা বলি দাও। আমাদের মনের ভিতরে "কাম ক্রোধাদিকে ছাগ মেষের ন্যায় বলি দেওয়ার ব্যবস্থা" এবং ঈদের প্রকৃত ব্যবস্থা একই ধরণের। (ঈদল আজ্‌হা গ্রন্থ দ্রষ্টব্য।)
ঈশ, বি, (ঈশা শব্দজ) লাঙ্গলের প্রধান দণ্ড, বলদের স্কন্ধস্থিত জোয়ালের সহিত দড়িদ্বারা নিবদ্ধ কাষ্ঠ, লাঙ্গল দণ্ড। উহার পরিমাণ সচরাচর ৫ হাত।
ঈশান, বি, কোণবিশেষ, পূর্ব্ব ও উত্তরদিকের মধ্যবর্ত্তী কোণ।
ঈষ, অং যন্ত্রণাবোধক শব্দ।
ঈষমূল, বি, বৃক্ষবিশেষ, সর্পভয় নিবারক ঔষধ বিশেষ।

উ ;—পঞ্চম স্বরবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ।
উ, বি, পুং—শিব; যথা —

"উ শব্দে বুঝহ শিব মা শব্দে স্ত্রী তার।
বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার॥"
(অন্নদামঙ্গল)

২। ব্রহ্মা; ৩। অং—সম্বোধন, পাদপূরণ, ক্রোধসূচক।

উঃ, অং যন্ত্রণা, ক্রোধসূচক শব্দ।

উঁ, ক্রি, ক্ষীণস্বরে উত্তর দান।

উঁকি, বি, গোপনে ঈষদ্দৃষ্টি।

উঁচ, উঁচা, বিং (উচ্চ শব্দজ) উন্নত, যথা—

"চৌদিকে প্রাচীর উঁচা।" (ভারতচন্দ্র)
২। "কুম্ভযুগ চারু উঁচা" (ভারতচন্দ্র)

২। উপরিভাগ। [বিশিষ্ট।

উঁচকপালিয়া, বিং উচ্চ কপাল

উঁচান, উঁছান, বি, উত্তোলন, উত্থাপন, উঠান।

উঁচনীচ, বিং (উচ্চ নীম্ন শব্দজ) উচ্চনীচ, অসমান, বন্ধুর।

উঁচলন, বি, (উঞ্ছন শব্দজ) চালন, ঝাড়ন, পরিষ্কার করণ।

উঁচোট, বি, ঠোকর, আঘাত, চলিবার সময় পদাঙ্গুলিতে চোট লাগান।

উই, বি, পিপীলিকা বিশেষ, রুই।

উইচারা, উইনন্দন, বি, বল্মীক, উইয়ের ঢিপি।

উক, উকা, বি, (উল্কা শব্দজ কি?) অগ্নিস্ফুলিঙ্গ, উড্ডীয়মান অগ্নিকণা। [শক্ত।

উকটিয়া, বিং উৎকট, কঠিন,

উকড়ী, বি, পেতেন, মঞ্চবিশেষ।

উকড়ো, বি, গুড়মিশ্রিত খৈ, মুড়কি (জম্বুকাঁদীর দিকে চলিত)।

উকলী, উখলী, উখলি, বি, (উদূখল শব্দজ) উদূখল, ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্রবিশেষ, এই পাত্রে তণ্ডুলাদি রাখিয়া মূষল প্রহার দ্বারা পরিষ্কার করে।

উট্‌কন, উকটন, বি, অনুসন্ধান, অন্বেষণ; যথা—

"ঝোপ ঝাপ উটকে গহন।"
(কবিকঙ্কণ)

উকালং, বিং, (পা) উকীলের পদ, কর্ত্তৃত্ব।

উকালংনামা, বি, বাদী বা প্রতিবাদীর পক্ষে উকীলের কার্য্যকরণার্থ নিয়োগপত্র।

উকি, বি, গুপ্তদৃষ্টি, গোপনে থাকিয়া দর্শন; ২। অগ্নিকণা।

উকি, বি, (হিক্কা শব্দের অপভ্রংশ) উদ্গার, বমি; যথা—

'মাথাঘোরে উকি তোলে একি রোগ বাই'

উকি উঠন, ক্রি, ঢেকুর উঠা।

উকিঝুঁকি, উকিমারণ, বি, (উকি সম্ভবতঃ উৎ—ঈক্ষ শব্দের অপভ্রংশ; ঝুঁকি—ঝোঁক শব্দজ) প্রচ্ছন্নভাবে থাকিয়া ঈষদ্দৃষ্টি, গুপ্তদৃষ্টি; যথা,—

"কে যায় কে যায় অই উঁকিঝুকি চেয়ে"
(হেমচন্দ্র)

উকীল, বি. (আ—ওকালত অর্থ সমর্পণ; ইং Vakil) বিচারকালে প্রতিনিধিরূপে বাদী প্রতিবাদী কর্ত্তৃক নিযুক্ত ব্যক্তি। মোকদ্দমা যাহাকে সমর্পণ করা যায়, সেই উকীল।

উকুন, বি, (উৎকুণ শব্দজ) কেশকীট।

উকুণবাড়ি, উখুনবাড়ি, বি, শস্য পরিষ্কার করণের বাড়ি বা যন্ত্রবিশেষ, সরু বংশদণ্ডের অগ্রভাগে বক্রাকার সরুলৌহ সংযুক্ত দণ্ডবিশেষ। কোন কোন স্থলে উখুনপাশীও বলে। শিবায়নে যথা,—

'জোয়ালে কোদাল ফাল দা উখুন পাশী।'

উক্করী, উক্কলী, বি, উকলী, ঢক্কাবিশেষ।

উকো, উখ, উখা, বি, লৌহময় ঘর্ষণী, কর্ম্মকারদিগের ঘর্ষণাস্ত্র।

উখড়, বি. এক সম্প্রদায় সন্ন্যাসীবিশেষ, ইহারা সর্ব্বদা মদ্য মাংস ব্যবহার করিয়া থাকে।

উখড়ন, বি, (উৎখণ্ড শব্দজ) উৎপাটন, উপড়ান। [মুড়কি।

উখড়া, বি, গুড়মিশ্রিত খৈ,

উখড়ী, উড়কী, বি, নারিকেলমালা ও বংশ বা কাষ্ঠশলাকা দ্বারা নির্ম্মিত একপ্রকার হাতা, দুগ্ধাদি জ্বাল দিবার হাতা।

উখন, বি, ঘর্ষণ, মার্জ্জন।

উখি, বি, (পূর্ব্ববঙ্গে) মাথার মরামাস, খুস্কি।

উগরণ, উগরাণ, বি, (উদ্গীরণ শব্দজ) বমন, ওকার; যথা—

"যাহা মুনি পিয়াছিল,
কাণে উগরিয়া দিল।"
(ভারতচন্দ্র)

উগ্রচণ্ডা, বি, (উগ্র—ভয়ানক, চণ্ডা—অতিকোপনা) অতিশয় কোপনা স্ত্রী; যথা,—

"সাজে রক্ষ অনীকিনী উগ্রচণ্ডা রণে।"
(মেঘনাদ)

উঘার, উঘারণ, বি, নির্ম্মুক্তকরণ, খোলন।

উখড়ি, বিং, শূণ্য, খালি।

উঙানি, বি, কীটবিশেষ, মশকবিশেষ, ওয়ানকি।

উচ, উচু, বিং (উচ্চ শব্দজ) উচ্চ; ২। উপরিভাগ।

উচকপালিয়া, বিং উন্নতকপালবিশিষ্ট।

উচ্চবাচ্য, বি, ভালমন্দ কথন।

উচকা, উচক্কা, উচক্ক, বিং অবাধ্য; ২। নব্য, অপরিপক্ক; যথা—

"উচক্ক বয়স এত মনে নাহি আশে।"
(বিদ্যাসুন্দর)

উচল, বিং উচ্চ, উন্নত; যথা,—

"উচল বলিয়া, অচলে চড়িনু
পড়িনু অগাধ জলে।" (চণ্ডীদাস)

উচাটন, বি, (উচ্চাটন শব্দজ)

উৎকণ্ঠা, চিন্তা; ২। বিং ব্যা—কুল, অস্থির; যথা—
"মন উচাটন কর কিসের কারণ।"
(ঘনরাম)

উচান, বি, উত্তোলিতকরণ; যথা,—
"অসুর দলনীমাতা উচাইল চড়।"
(শিবায়ন)

উচ্চিংড়া, **উচুঙ্গ**, বি, পতঙ্গবিশেষ, উরচুঙ্গ।

উচুর, বিং (উচ্চ শব্দজ) উচ্চ, অধিক; যথা,—"বেলা হইল উচুর।" উড়িষ্যায় ঠিক এই অর্থে বহুল প্রচলিত।

উচ্ছা, উচ্ছে, উস্তা, বি, তিক্তফল বিশেষ ইহা দুই প্রকার, করলা ও পুট্লে। বাঙ্গালা নাম করলা বা করোলা। হিন্দী করোলী। ইংরাজী নাম মেমারডিকা চরণসিয়া, (Momardica charansia) ক্ষুদ্র উচ্ছের সংস্কৃত নাম কারবেল্লী। [ধ্বংস।

উচ্ছন্ন, বি, (উৎসন্ন শব্দজ) বিনষ্ট,

উছট, উচোট, বি, পদাঙ্গুলিতে আঘাত, ঠোক্কর।

উছড়ন, বি, বমন, উদ্গীরণ।

উছনিয়া, উছুনে, বিং উৎসন্ন, বিনষ্টকারী।

উছল, (উচ্ছল শব্দজ) উথলিয়া উঠা; যথা—
"কমল পরিমল, লয়ে শীতল জল,
পবনে চলে চলে উছল কূলে।"

উজ, বিং সরল, সোজা, ঋজু।

উজড়, বিং বসতিশূণ্য; ২। খালি; যথা,—
"একশ্বাসে তিন হাঁড়ি আমানি উজড়ে।"
(কবিকঙ্কণ)

উজড়ন, বি, উত্তোলন, আজড়ান, খালি করণ।

উজন, **উজান**, বি, স্রোতের বৈপরীত্যে গমন। যথা—
"কুবাতাসে যদি ভাসে,
তরি না চলে উজানে।" (কমলাকান্ত)
২। বিপরীত, উল্টা।

উজর, **উজোর**, বিং উজ্জ্বল, দীপ্তিশালী, যথা,—
"ভুজে বিরাজিত তাড় ভুবন উজর।
কটিতে কিঙ্কিনীধ্বনি শুনি মনোহর।"
(ঘনরাম)

উজল, বিং (উজ্জ্বল শব্দজ) উজ্জ্বল; ২। বি—উজলের ঊর্দ্ধাধোগমন

উজলপাজল, বি, উল্টা পাল্টা, তলাউপর।

উজলান, বি, উৎক্ষেপণ, উচলান ঝাড়ন।

উজবক, বি, ম্লেচ্ছজাতিবিশেষ, উজবেগজাতি, যথা,—
"যবন কিরাত শক, আগুদলে উজবক,
খোরাসানি মোগল পাঠান।" (কং, ক)

উজবুক, বিং ন্যাকা, হিতাহিতজ্ঞানশূণ্য, বোকা।

উজা, বিং সরল, সোজা।

উজাউজি, ক্রি বিং সোজাসুজি, সহজে।

উজাগর, বি, জাগরণ; যথা,—

"সঙ্গে জ্ঞাতি পুত্র নাতি,
উজাগর দিবারাতি,
নানাচিত্র করে নিরমাণ।" (ক,ক)

উজাড়, উজোড়, বিং, নির্ম্মনুষ্য, শূণ্য, খালি।

উজান, বি, স্রোতের বৈপরীত্য, স্রোতের বিপরীত গতি। যথা,—

পবিত্র প্রভাস, নববৃন্দাবন,
প্রেমেসিন্ধু আজি বহিছে উজান।"
(প্রভাস)

উজানিবেলা, (উত্তরবঙ্গে প্রচলিত) দিবসের পূর্ব্বভাগ, পূর্ব্বাহ্ন, বেলা ৯।১০টা।

উজি, বি, (যাং) জনরব, জনশ্রুতি।

উজিয়ার, বিং, উজ্জ্বল, যথা,—

"গোরা গায় অরুণ বসন উজিয়ার।
প্রাতঃকালের সূর্য্য জিনি বরণ তাহার।"
(চৈতন্য মঙ্গল)

উজির, উজীর, বি, (পা) মন্ত্রী, অমাত্য। [রহিত।

উজজট, বি, শূণ্য, উৎপাতিত,

উজজড়ন, বি, উৎপাটন, বিনাশন, উন্মূলন।

উজোড়, বিং, উজ্জ্বল; যথা,—

"ও মুখচাঁদ উজোড়।" (সারদামঙ্গল)

২। শূন্য, খালি।

উজোর, বি, উজ্জ্বল; যথা;—

"বিনা দীপে ঘর মোর
তোর অঙ্গে উজোর,
রাঙ্গা পায় কত মধু বরিষে।"
(চৈতন্য ভাগবত মধ্য)

উঞ্ছ, বি, জীবিকার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া; ২। তুচ্ছ।

উঞ্ছবৃত্তি, বি, (উঞ্ছ—উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লইয়া তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ) হীনব্যবসা, বঙ্গদেশে কোন কোন স্থানে কৃষকেরা ধান্যাদি কাটিয়া লইবার পর দরিদ্র বৃদ্ধা বা বালিকা কেহ কেহ দুই একটী করিয়া পতিত ধান্যের শীষ বা ধান্যাদি সংগ্রহ করে। যদিও এরূপ সংগ্রহ দূষনীয় নহে, তথাপি কৃষিপ্রধান ভারতবর্ষে এরূপে জীবিকা অর্জ্জন "নীচবৃত্তি" বলিয়াই পরিগণিত। (উঞ্ছবৃত্তির উপাখ্যান, মহাভারত শান্তিপর্ব্ব ২৭১ অধ্যায়ে দ্রষ্টব্য)

উট, বি, (উষ্ট্র শব্দজ) জন্তুবিশেষ।

উটকন, বি, অন্বেষণ, খোঁজা।

উটক্কারা, উট্কো, বিং অজ্ঞাত, আগন্তুক, অপরিচিত।

উটতি, উঠতি, বি, উন্নতি, কাটতি ০ দ্রব্যাদি বিক্রয়।

উট্‌ন, বি, ধারে ক্রয় করণ; ২। উত্থিত হওন। [বিক্রয়।

উঠতি, বি, প্রচুররূপে দ্রব্যাদি

উঠতিপড়তি, বি, উত্থানপতন;

২। দ্রব্যাদির বিক্রয় ও লোক-সান।

উঠতিমুখ, বি, উন্মেষাবস্থা, উন্নতির অবস্থা, বৃদ্ধির সময়।

উঠন, উঠান, বি, (উঠন—উত্থান শব্দজ। উঠান—উস্থান শব্দজ) গাত্রোত্থান; ২। প্রাঙ্গন।

উঠবন্দী-রায়ত, বি, নদীয়া প্রভৃতি জেলায় এক প্রকার রাইয়ত আছে, তাহারা ভিন্ন ভিন্ন বৎসর ভিন্ন ভিন্ন জমি চাষ করে, তাহাদিগকে উঠবন্দী রাইয়ত কহে।

উঠা, ক্রি, (উত্থান শব্দজ) উদ্গম, গাত্রোত্থান করা, বৃদ্ধি হওয়া।

উঠাউঠি, বি, পুনঃ পুনঃ উত্থান, বার বার উঠা।

উঠান, বি, (উত্থাপন শব্দজ) উত্তোলন; ২। প্রাঙ্গন।

উঠিত-পতিত, বি, যে জমি কোন বৎসর আবাদ হয়, কোন বৎসর হয় না, তাহার নাম উঠিত-পতিত জমি।

উড়্কী, বি, উল্কী, স্ত্রীলোকের মুখের চিহ্ন; ২। খই; ৩। মঞ্চ, মাচা; ৪। হাতাবিশেষ। উখড়ী।

উড়কুড়, বি, আগুন্ত, শেষ, সমাপ্তি

উড়কুল, বি, উড্ডয়নোন্মুখ, উড়িতে উদ্যত।

উড়ঞ্চড়িয়া, বি, অপব্যয়কারী, বৃথাধননাশক।

উড়তী, বিং উড্ডীয়মান; ২। অস্থির; ৩। অনিশ্চিত, অমূলক।

উড়ন, উড়া, বি, (উড্ডয়ন শব্দজ) শূন্যে গমন।

উড়নপেকে, বিং অপব্যয়ী; ২। যে গরুর পাঁজরের একখানি হাড় উঁচু, তাহাকে নদীয়া জিলার কোন কোন স্থানে "উড়নপেকে" গরু বলে।

উড়নী, উড়ানী, বি, উত্তরীয়বসন, চাদর। [শীল।

উড়নীয়, বি, পক্ষবান, উড্ডয়ন-

উড়পড়ন, বি, উড়িয়া পতিত হওন

উড়া, বি, আকাশে গমন।

উড়াতাড়া, বি, ভয় প্রদর্শনার্থ কল্পিত তাড়না; ২। চঞ্চলতা, অস্থিরতা প্রকাশ।

উড়ান, বি, উড্ডীন করান; ২। অপব্যয় করণ।

উড়ানি, বি, উত্তরীয়, গাত্রবস্ত্র-বিশেষ।

উড়ানিয়া, বিং অপব্যয়ী, যে উড়াইয়া দেয়।

উড়াপাক, বি, উর্দ্ধে লম্ফ; যথা,—
"উড়া পাক দিয়া ধায় যারা যায় পথে।"
(শিবায়ন)

উড়াবাও, বি, উপদংশ, মেঢ্ররোগ বিশেষ।

উড়িয়া, বি, (ওড্র শব্দজ) উড়ি-

ষ্যার লোক ; ২। ধান্যবিশেষ, উড়ে (মালদহের) ধান, উহা যেই পাকে, অমনি ঝরিয়া পড়ে, এজন্য উহাকে ঝরা ধানও বলে।

উড়িয়াপড়ন, বি, উড্ডীন হইয়া পতন ; ২। হঠাৎ উপস্থিত হওন।

উড়ি, উড়ী, বি, ধান্যবিশেষ, উড়ুক ধান্য ; যে ধান্য বিনা বীজ বিছানতে স্বভাবতই জন্মে। যথা,—

"উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা।
ক্ষীরখণ্ড ছানা ননী পুর দিয়া মিঠা।"
(ধর্ম্মমঙ্গল)

উড়ুউড়ু, বিং অস্থির, চিন্তান্বিত, উদ্বিগ্ন ; যথ,—

"প্রাণ করে উড়ুউড়ু দেখে প্রাণ ফাটে'
(কবিরঞ্জন)

উড়ুক্কা, বিং উড্ডয়নক্ষম, পক্ষবান্, পক্ষবিশিষ্ট।

উতর, বি, (উত্তর শব্দের অপভ্রংশ) উত্তর, জিজ্ঞাসিত বিষয়ে আপন মত বা বক্তব্য নির্দ্দেশ ; যথা,—

"অবনত বয়নী উতর নাহি দেল।'
(বিদ্যাপতি)

২। কেহ কোন দোষারোপ বা আপত্তি করিলে তাহার খণ্ডন ; ৩। ক্রি,—নামা।

উতরখানা, বি, সরাই, পান্থশালা।

উতরডাঙ্গা, বি, মৎস্য ধারণার্থ স্থান।

উতরণ, বি, অবতরণ, নামন।

উতরাই, বি, পর্ব্বতোপরিস্থ হইতে নিম্ন অবরোহণ।

উতরোল, বি, উচ্চৈঃশব্দ, গণ্ডগোল ; ২। উৎকণ্ঠা প্রকাশ।

উতলন, উৎলন, উথলন, বি, (উথলন শব্দজ) উন্নত হওন ; যথা,—

"কখন উথলি উঠিছে আপনি
কখন হইছে হ্রাস।" (আশাকানন)

উতল-পাতল, বিং, নীম্নোচ্চ, অসমান।

উতলা, বিং উৎকণ্ঠিত, চিন্তিত।

উতাড়িয়া, ক্রি, উত্তোলন করিয়া।

উতার, উতারা, বি, নকল, আদর্শ।

উতোর, বি, (উত্তর শব্দজ) উত্তর, জবাব।

উৎকাশি, বি, কাশরোগবিশেষ, এই রোগ হইলে মুখ হইতে সর্ব্বদা কফ নির্গত হয়।

উৎরাই, বি, পর্ব্বতের ঊর্দ্ধভাগ হইতে নিম্নদিকে অবরোহণ।

উত্তর, বি, জবাব, সাড়া; ২। দিকবিশেষ।

উত্তরসাধক, বি, যে কোন বিষয়ে সহায়তা করে, সহায়।

উত্তরী, বি, (উত্তরীয় শব্দজ) দোছোট, উপবীতের ন্যায় ধৃতবস্ত্র।

উত্তি, (উত্তরবঙ্গে প্রচলিত) ওখানে।

উদম, উদাম, বিং (উদ্দাম শব্দজ কি ?) অনাবৃত, খোলা।

উদ্‌মো, বিং অপরিণত বয়স্ক।

উদ্‌মাদা, উদোমাদা, বিং নির্ব্বোধ, অচতুর। [বিধবা।

উদ্‌মোরাঁড়ী, বি, অপরিণতবয়স্কা

উদা, বি, পারাবতবিশেষ, পায়রার মধ্যে যাহাদের বর্ণ ফিকে লাল, তাহাদিগকে উদা বলে।

উঁদাস, বি, (ঔদাস্য শব্দজ কি ?) সর্ব্ববিষয়ে বিরাগ, উপেক্ষা, নিরুৎসাহ।

উদাসী, উদাসীন, বি, সন্ন্যাসী, বৈরাগী।

উতুমধুমা, বিং গ্রাম্য, অসভ্য, মূর্খ।

উদূখল, বি, ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্রবিশেষ, উখলি

উদ্দেশ, বি, লক্ষ্য, অনুসন্ধান; যথা,—

"আকাশবাণীতে পেয়ে দেবীর উদ্দেশ।"
(ভারতচন্দ্র)

উদোষ, বিং অনাবৃত, খোলা।

উদ্বাস্তু, বি, বসতবাটীর সম্মুখস্থ বা পার্শ্বস্থ অধিকৃত স্থান; ২। পালান বাটীর সংলগ্ন খালি জমি; গৃহত্যাগে বাধ্য। যেমন, জমিদারের দৌরাত্ম্যে প্রজাদিগকে উদ্বাস্তু হইতে হইল।

উদ্ভুট্টি, বিং (উদ্ভট শব্দজ) অদ্ভুত, আশ্চর্য্য; ২। উৎকট।

উধাও, বিং অদৃশ্য, অনবলোকিত।

উধার, বি, ঋণ, ধার, কর্জ্জ; যথা—

"কালিকার ভিক্ষায় নাথ উধার সুধিলু।
অবশেষ ছিল যাহা রন্ধন করিলু॥"
(কবিকঙ্কণ)

উনন্, বি, দ্রব করণ, গলান; যথা,—

"কিরণে উনয় নবনীত।" (কালীকীর্ত্তন)

উনন, উনান, বি, চুল্লী, আখা।

উনি, সং (সংস্কৃত অদস্ শব্দজ) সম্মুখস্থ অদূরবর্ত্তী ব্যক্তি।

উনুই, বি, মৃত্তিকাগর্ভ হইতে জলোদ্গম, নির্ঝর, ঝরণা।

উন্দধুন্দ, বি, অতিশয় বিবাদ, মহা গোলমাল।

উন্দিপোকা, বি, কীটবিশেষ, গাঁদিপোকা।

উপকথা, বি, গল্প, উপন্যাস।

উপকরণ, বি, সামগ্রী, অঙ্গদ্রব্য; ২। আনুষাঙ্গিক বিষয় সকল, যে সকলের যোগ বা সাহায্য ব্যতিরেকে কর্ম্ম সম্পন্ন হয় না; যথা—নৈবেদ্যের উপকরণ ফলমূলাদি; রন্ধনের উপকরণ কাষ্ঠ, অগ্নি, জল ইত্যাদি।

উপচান, বি, অতিক্রম করণ, অতিরিক্ত হওন।

উপজায়, ক্রি, উৎপাদন করে।

উপড়ন, বি, উৎপাটন, তোলন।
উপদেব, বি, উপদেবতা, যক্ষ, ভূত প্রেত প্রভৃতি; দেবযোনি; যথা—
"দেব উপদেব নহি দেখ আমি নর।"
(ভারতচন্দ্র)
উপনাম, বি, কল্পিত নাম, কৃত্রিম নাম।
উপরওয়ালা, বি, উর্দ্ধতন কর্ম্মচারী।
উপরপড়া, বি, উপরিপতন, কেহ কোন কার্য্য করিতেছে বা কোন বস্তু লইতেছে, আর একজন আসিয়া সেই কার্য্য করিলে বা সেই বস্তু লইলে তাহাকে উপরপড়া বলে।
উপরিভাব, উপরিভাউ, বি, ভূতাবেশ, প্রেতে পাওয়া।
উপস্বত্ব, বি, (উপ—স্বত্ব—ধনাদিতে প্রভুত্ব) ভূমি প্রভৃতি বিষয় হইতে যাহা পাওয়া যায়, আয়, লাভ; যথা, জমির খাজনা, বাটীর ভাড়া।
উপান, বি, (অপাঙ্গ শব্দজ কি?) কটাক্ষ, আড়দৃষ্টি; যথা—
"মদন বৈসে বাম নয়নে,
মাদন বৈসে দক্ষিণ কোণে।
শোষণ বাণেতে উপানে চাই
মোহন কুচেতে ধরয়ে ভাই।"
(চণ্ডীদাস)
উপালম্ভ, বি, উপর।
উপোতী, বি, পূতিকা, পুঁইশাক।
উপোষ, বি, (উপবাস শব্দজ) উপবাস, অনাহার।
উবল, বি, প্রস্থান, অন্তর্দ্ধান।
উবরণ, বি, উদ্বর্ত্তন, অতিরিক্ত হওন।
উবল, ওবল, বি, অনুসন্ধান, তল্লাস।
উবু, বিং উন্নত, উচ্চ।
উবূড়, উপুড়, বিং ন্যুব্জ, উল্টা।
উভ, বিং উভয়, যুগল, দুই; যথা—
"যোড় করি উভ হাত।" (হেমচন্দ্র)
২। উন্নত, উচা; যথা—
"উভলেজ করিয়া সারিল দুই কাণ।"
(কৃত্তিবাস)
উভচুরচুর, উভচূড়, বিং (উভ—উর্দ্ধচূড়া যার) পাত্রস্থ দ্রব্যের আধিক্য, পাত্রস্থ শস্যাদির চূড়ার আকার ধারণ।
উভচোট, বি, উভয় হস্তের আঘাত, দুই হাতে আঘাত।
উভরড়, বিং, দ্রুতবেগে, অতি শীঘ্র; যথা—
"ভীত মনে জীবকুল ধায় উভরড়ে।"
উভরণ, বি, বহিষ্করণ; ২। উদ্বৃত্ত হওন।
উভরায়, বি, উচ্চৈঃশব্দ, চীৎকার; যথা,—
"মাথায় কঙ্কণ হানি উভরায় কান্দে।"
(ঘনরাম)
"পুত্রশোকে পাগলিনী কান্দে উভরায়।"
উভরোল, বি, উচ্চশব্দ, গোলমাল।
উভারে, ক্রি, নামান।

উমতি, বিং (উন্মত্ত শব্দজ কি ?) উন্মত্ত, অজ্ঞান ; যথা—
"যুবতী যত ছিল, উমতি সবে ভেল,
ছাড়ল গুরুগৃহ-কাজ।" (চৈতন্য মঙ্গল)

উমরা, (পারশী) ধনী, বড়মানুষ।

উমড়য়ে, ক্রি, কষ্টপায়।

উমড়ি, ক্রি, উন্মৌনি হইয়া, স্ফীত হইয়া, উথলিয়া ; যথা—
"তবহুঁ ক্ষীর উমড়ি পড় তাপে।
বিরহ বিয়োগ আগ দেই ঝাঁপে॥"
(বিদ্যাপতি)

উমান, বি, পরিমাণ, মাপ ; যথা—
"সত্বরে পঁহুছিল সবে মহাবীরের বাড়ি।
ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি॥"
(কবিকঙ্কণ)

২। গাম্ভীর্য্য।

উমিদ, বি (পারশী) আশা।

উমেদ, বি, কর্ম্ম, কার্য্য ; ২। জীবন ; যথা—
"উপস্থিত উমেদ বাসিহ নাহি ডর।
সাধু রাজা সকল শুধিব অতঃপর।"
(শিবায়ন)

উমেদার, (পা—উমিদওয়ারি) কর্ম্মপ্রার্থী, উপকার প্রত্যাশায় অন্যের উপাসনাকারী।

উমোগুরি, বি, হামাগুড়ি, বালক যখন চলচ্ছক্তিহীন, যখন ভূমি হইতে জানু উন্নত করিয়া ও বাহুর উপর ভর দিয়া কুক্কুরের ন্যায় গমন করে, তাহাকে কোন কোন স্থানে "উমোগুরি" স্থানান্তরে "হামাগুড়ি" বলে।

উম্মেদ, (যাং) ভরসাকরণ ; প্রত্যাশাকরণ।

উন্মনা, বিং অন্যমনস্ক ; ২। ব্যাকুল, অস্থির ; যথা—
"শুনি মজুমদার বড় উন্মনা হইল।
কার ঘরে আগে যাব ভাবিতে লাগিল॥"
(অন্নদামঙ্গল)

উর, উরহ, ক্রি, অবতীর্ণ হও ; যথা—
"কহে যোড় করে, উরহ আসরে,
ভারতে করহ দয়া।" (ভারতচন্দ্র)

উরথিবারতরে, ক্রি বিং বরণ করিবার জন্য ; যথা—
"আইহ আগে—পাছে কন্যার জননী।
বর উরথিতে ধনী চলিলা আপনি॥"
(চৈতন্যমঙ্গল)

উরল, ক্রি, উদিত হইল।

উলঙ্গ, বিং বিবস্ত্র, ন্যাংটা ; ২। আবরণ বিহীন ; যথা—
"উলাঙ্গিলা অসি রাশি।" (মেঘনাদবধ)

উলট্, বি, (হিন্দী) বিপর্য্যয়, উল্টা।

উলটকম্বল, বি, একজাতীয় বৃক্ষ ও মূলের বল্কল। ভারতবর্ষের দাক্ষিণাত্য ও বঙ্গদেশে মান সহ অঞ্চলে জন্মে।

উলণ, বি, (উলুণ শব্দজ) শরীরস্থিত পিত্ত অথবা বাতের প্রাবল্য নিবন্ধন রোগ। যথা,—

"বাড়ী ধরি স্থানে স্থানে করয়ে ভ্রমণ।
আমি কাঁপি কামজ্বরে সে বলে উলণ।"
(ভারতচন্দ্র)

উল্‌মা, [আ—ইল্‌ম (বিদ্যা) শব্দজ] বিদ্বান; যেমন "সামস্থল উলমা।"

উলান, বি, অবতরণ করান, নামান; যথা,—
"বেহুলা রন্ধন করি উলাইল ভাত।
গাতোল ভোজন কর ওহে প্রাণনাথ॥"
(কেতকাদাস)

উলী, বি, কুশল, মঙ্গল। (ডাকের বচন)

উলু, বি, তৃণবিশেষ, একজাতীয় খড়; ২। জিহ্বা সঞ্চালনপূর্ব্বক আনন্দধ্বনিবিশেষ।

উলুতপুলুত, বি, চতুর্দ্দিক অন্বেষণ, বহু অনুসন্ধান।

উলুবোড়া, বি, সর্পবিশেষ, ইহাদের দংশন গোক্ষুরা সর্পের দংশন হইতে সাংঘাতিক। ইহাকে পচাবোড়াও বলে।

উল্কফুল্ক, বি, ভয়চকিত।

উল্কী, বি, কেশুরের রস, ভুষাকালী ও স্তন দুগ্ধ দ্বারা সূচী বিদ্ধ পূর্ব্বক যে কৃষ্ণবর্ণ চিহ্ন অঙ্কিত করা হয়; স্ত্রীলোকেরা কপালে উল্কীর টিপ পরে, বুকে রাধাকৃষ্ণাদি দেব দেবীর নাম লেখে; আজকাল পুরুষেরাও উল্কী দ্বারা বাহুতে নামাঙ্কিত করে।

উল্‌টন, বি, বিপরীত করণ, উবুড়।

উল্‌টা, বি, প্রতিকূল, বিপরীত।

উল্‌টাপাল্‌টা, বি, বিপর্য্যয়, ফেরফার।

উল্‌টাবুঝ, বি, বিপরীতবুদ্ধি, ভ্রম।

উল্‌টারথ, বি, জগন্নাথদেবের পুনর্যাত্রা, জগন্নাদেবের দক্ষিণাভিমুখে রথযাত্রা।

উলুই, বিং অপব্যয়ী ওলাখ্‌খেনে; যথা—
"লঙ্কার বাণিজ্য যদি এনে দেয় ঘরে।
মেয়ে হ'লে উলুই উড়ায় আঁখিঠারে॥"
(শিবায়ন)

উলুটুল, বি, গণ্ডগোল, গোলমাল।

উলুয়া, বি, গোশকটের চক্রের মধ্যবর্ত্তী গোলাকার কাষ্ঠের (যাহাকে হাঁড়ি বলে) মধ্যস্থ গোলাকার লৌহ।

উল্‌সন, বি, উল্লাসিত হওন, হৃষ্ট হওন।

উষিপিষি, উষিমুষি, বি, ব্যবস্তা প্রকাশ, চঞ্চলতা প্রকাশ; যথা—
"যবে শচীমায, উঠিবারে চায,
উষিমুষি করে প্রভু।" (চৈতন্যমঙ্গল)

উশুল, (ওয়াশীল শব্দজ) পাওনা আদায়।

উযোশ, বি, অবসর, অবকাশ

উষ্কণ, বি, উজ্জ্বল করণ, প্রদীপ্তকরণ।

উষ্মাকার, বিং তেজস্বী, তেজীয়ান ; যথা—

"ব্রহ্মার সদৃশ গুরু বড় উষ্মাকার।" (কৃত্তিবাস)

উস্‌খো, বিং আল্‌গা ; ২। তৈলাদি বিহীন। [উঁছান।

উসন, বি, ওসান, বিস্তৃতকরণ,

উসাস, বি, অবসর, অবকাশ ; ২। বিং—উন্মুক্ত, আল্‌গা ; যথা—

"ভোজন করিতে গলা ডাকে ঘড়ঘড়।
কাপড় উসাস করে যেন মড়ায়ের বড়॥" (কবিকঙ্কন)

উস্‌না. উষ্ণা, বি, ধান্য ১বার বা ২বার অর্দ্ধসিদ্ধ করিয়া এবং পরে শুখাইয়া ও ভানিয়া যে চাউল প্রস্তুত হয়, তাহার নাম উসনা বা উষ্ণা।

উস্তাকার, (পারশী) শিক্ষক, বাঙ্গালায় উচ্চদরের কারিকর।

উস্তাদ, (পারশী) শিক্ষক।

উস্তাদী (পারশী) শিক্ষকতা।

উহড়, বি, অসিকোষ, খাপ, আচ্ছাদনী। চলিত কথা—"ওয়াড়"।

উহু,—যন্ত্রণাসূচক বাক্য ; যথা—

"উহু উহু মরি মরি।" (অন্নদামঙ্গল)

উঁহু,—অসম্মতি, না।

উধোর পিণ্ডি বুধোর ঘাড়ে, উধোর বোঝা বুধোর ঘাড়ে,—একই অর্থে এই দুই প্রকার কথা ব্যবহৃত হয়। অর্থ—একজনের লাভ বা লোকসান অন্যকে দেওয়া। "বোঝার" চেয়ে "পিণ্ডিটা" ভাল হইলেও এক "ঘাড়ে" শব্দে দুইটাকে প্রায় একার্থবাচক করিয়াছে। "উধোর পিণ্ডি বুধোর ঘাড়ে" কথায় একটী রহস্য আছে বঙ্গের ব্রাহ্মণসমাজের বংশবিশেষের কুলকীর্ত্তি ইহাতে পাওয়া যায়। "সম্বন্ধনির্ণয়" গ্রন্থ হইতে আমরা একটী অংশ উদ্ধৃত করিয়া দিলাম। তাহাতেই সকলে এ বাক্যটীর অর্থ বুঝিবেন। উৎসাহ মুখোপাধ্যায় (উধোর) পত্নীর সহিত যোগেশ পণ্ডিতের (বুধোর) অবৈধ প্রণয় জন্মে। দৈবকীনন্দন সেই প্রণয়ের ফল। দৈবকীনন্দন গয়ায় উধোর নামে পিণ্ড দিতে চাহিলে বুধ যোগেশ বীজী অধিকারে তাহা পাইয়াছিলেন ;যথা,—

"যোগেশের উপজায়া,প্রসবিল যোগছায়া
দৈবকীনন্দন উধোর পত্নী।
দেবীবর মতে কাজ, দুষ্ক্রিয়ার নাহি লাজ
কুণ্ড গোলকে পণ্ডিতরত্নী॥
পঞ্চানন নুলো কয়, দৈবদত্ত পিণ্ডচয়,
ক্ষেত্রী বীজী কেহ নাহি ছাড়ে।
পণ্ডিতের বুধ খ্যাতি, নষ্টমূলা জনশ্রুতি,
উধোর পিণ্ডি পড়ে বুধোর ঘাড়ে॥" (সম্বন্ধ নির্ণয়)

ঊ

ঊ ;—ষষ্ঠ স্বরবর্ণ; উচ্চারণ স্থান ওষ্ঠ।

ঊখলি, বি, (উদূখল শব্দজ) উদূখল, গড়।

ঊজবক, বিং, নির্ব্বোধ, বোকা।

ঊনবুকা, বিং অসাহসী, ভীত।

ঊয়ী, বি, বল্মীককীট, রুইপোকা

ঊনপাঁজুরে, ঊনপাঁজুরে বরাখুরে,—এই কথাটী অশিষ্ট ছেলেদের প্রতি কোন কোন অঞ্চলে প্রযুক্ত হয়। ঊনপাঁজুরে=একটী পঞ্জর যাহার কম। বরাখুরে=বরাহের ন্যায় পায়ের খুর। "ঊন পাঁজুরে" "বরাখুরে," "ঘোড়ালেজা" ইত্যাদি গরুর পক্ষে অলক্ষণ। এই দুই শব্দে দুষ্ট ছেলেদের "অলক্ষণযুক্ত গরু" বলিয়া গালি দেওয়া বা উপহাস করা হয়। 'গরুর পক্ষে লক্ষণালক্ষ'—বিশ্বকোষ ৫ম খণ্ড ৪৮০ পৃষ্ঠা ও বৃহৎ সংহিতা ১৬ অধ্যায় দ্রষ্টব্য।

ঊর, ক্রি, আবির্ভূত হও, অবতীর্ণ হও; যথা—

"ঊর বটে পুর মনস্কাম।" (ধর্ম্মমঙ্গল)

ঊর্দ্দু, (পা, বাদসাহী লস্কর বা যেখানে লস্কর থাকে) আকবর বাদসাহের সময়ে লস্কর সংপৃক্ত বাজারে যে কথাবার্ত্তা প্রচলিত ছিল, তাহা হিন্দুস্থানের ভিন্ন ভিন্ন প্রদেশের ভাষা মিশ্রিত থাকাতে আকবর সাহ ঐ মিশ্রভাষাকে সর্ব্বত্র প্রচলিত করিতে ইচ্ছুক হয়েন এবং সভাসদগণকে ঐ ভাষাতেই গ্রন্থরচনা করিতে আদেশ দেন, এইরূপে একটি নূতন ভাষার সৃষ্টি হইল, এবং ঊর্দ্দু ই বাজার হইতে উৎপন্ন বলিয়া ইহার নাম ঊর্দ্দু হইল।

ঊষর,—পঞ্জাব ও উত্তরপশ্চিম প্রদেশে মরুভূমির ন্যায় অনুর্ব্বর ক্ষেত্রকে ঊষর বলে।

ঋ

ঋ ;—সপ্তম স্বরবর্ণ; উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ৠ

ৠ ;—অষ্টম স্বরবর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ঌ

ঌ ;—নবম স্বরবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।

এ

এ ;—দশম স্বয়বর্ণ। উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু।

এই সং (ইদম্ বা এতদ্ শব্দজ) সম্মুখবর্ত্তী, অগ্রস্থিত ব্যক্তি।

এইপাকে ক্রি বিং এই জন্য, এই নিমিত্ত ; যথা—

"এইপাকে সেই কালে
কয়ে ছিলাম আমি।"

(শিবায়ন)

এওজ, এয়জ, এওয়াজ, (পারশী) বিনিময় ; পরিবর্ত্তন।

এওজ দরাজ (পারশী) পরস্পর পরিবর্ত্তন, পরস্পর বিনিময়।

একআড়া, বিং তুল্যাকৃতি বিশিষ্ট।

একআন্দাজ বা একজাই জরিপ,—কোন মৌজার সমুদয় জমি এক সময়ে জরিপ হইলে উহাকে একআন্দাজ বা একজাই জরিপ কহে।

একই,—অভিন্ন, তুল্য, সমান।

এককাট্টা, বিং একমতাবলম্বী, অনেকে একমত বা এক যুক্তিতে আবদ্ধ হইলে এককাট্টা বলে।

একগুঁয়ে, বিং অবাধ্য, অবশ, যে নিষেধ মানেনা।

একঘরিয়া, একঘরে, বিং জাতিভ্রষ্ট, সমাজচ্যুত।

একঘেয়ে, বিং যাহা বরাবর এক বিষয় লইয়াই চলে।

একচালা, বি, তৃণাচ্ছাদিত এক খানি চাল বিশিষ্ঠ ক্ষুদ্রগৃহ।

একচুল, বিং অতি সামান্য, অতিক্ষুদ্র।

একচেটিয়া, বিং একায়ত্ত, একাধীন, একাধিপত্য।

একছুটিয়া, একছুটে, বিং একবস্ত্রান্বিত, উত্তরীয় বিহীন।

একজাই, ক্রি বিং বারংবার, পুনঃপুনঃ ; ২। বি,—জনতা ; ৩। (পা) বৎসরের শেষের একুন চালানকে একজাই চালান কহে।

একজাতি, বি, স্বজাতি, নিজজাতি [সঙ্গে।

একজায়, ক্রি বিং একত্রে, এক

একজোট, বিং একত্র মিলিত, একমতাবলম্বী ; ২। সমবয়সী।

একটানা, বিং অবিরাম, অবিশ্রান্ত ; ২। একদিকে গতিবিশিষ্ট।

একটু, একটুকু, বিং একমাত্র, অল্প, কিছু। [কার।

একডোল, বি, একসমান, তুল্যা-

একঢল, বিং একাকার, ভেদরহিত, একযোগী।

একঢাল, বিং একত্রমিলিত ;

২। বি, মিলান, গড়ানে; ৩। একরাশি। [রূপ।

একতর, বিং একপ্রকার, এক-

একতরফ, একতরফা, বি, এক-দিক, একপক্ষ।

একতারা, বি, (একতন্ত্রী শব্দজ) বীণাজাতীয় বাদ্যযন্ত্র বিশেষ।

একতান, বি, সমানতাল, এক-মিল।

একনাগাড়, বিং অবিশ্রান্ত; ২। ক্রমিক। [বিশেষ।

একপাটা, বি, উড়ানি, গাত্রবস্ত্র

একপেট, বি, এক পরামর্শ; ২। একোদর।

একফালি, বিং এক খণ্ড, এক টুকরা; যথা—

"মেনকার দাসী আনে ঔষধের ডালি।
আছিল ইসরমূল তাহে এক ফালি॥"
(কবিকঙ্কণ)

একমত, বিং ঐক্য, একবাক্য।

একযোট, বিং একসঙ্গ, একত্র মিলিত, একদল; যথা,—

"একযোট মেরে কেহ আর জোট খুঁজে"
(শিবায়ন)

একয়ান, একোওয়াল, (পারশী) একত্রিত, মিলিত।

একরত্তি, বিং অত্যল্প, সামান্য, একটুখানি; যথা,—

"একরত্তি বিষ নাই তার কুলোপানাচক্র"
(দাশরথী)

একরার, (যাং) স্বীকার।

একরোখা, বিং (এক—রোখা= রোষ শব্দজ) ক্রোধী, একগুঁয়ে।

একলা, বিং (একল শব্দজ) একাকী; যথা,—

"একলা পড়িয়া কেন আমার তনয়।"
(কাশীরাম)

একলাই, বি, উড়ানি, ফুলকাটা চাদর; ২। বিং একাকী।

একলাদুকলা, বিং একাকী, এক বা দুই।

একলসাড়িয়া, বিং অন্যের সংস্রব বিহীন, যে কাহারও সংস্রবে না আসিয়া একলা থাকিতে ভালবাসে।

একবান, বিং একপোড়, যাহা একবার অগ্নিতে পোড়ান হইয়াছে।

একশিরা, বি, রোগবিশেষ, মুষ্কবৃদ্ধি রোগ।

একশেষ, বি, চূড়ান্ত মীমাংসা।

একহারা, বিং, কৃশ, পাতলা, যথা,—

"যেমন ডেপুটী বাবু একহারা চেহারা"
(হেমচন্দ্র)

একা, বিং (একাকী শব্দজ) একক, একলা।

একাই, বি, স্বর্ণকারের নেহাই বিশেষ, ইহার মস্তকের দুই পার্শ্ব ক্রমশঃ সরু।

একাকার, বিং এক সমান।

একাদোকা, বিং একাকী, একলা। [একক।

একানিয়া, একানে, বিং একাকী,

একান্দাজ জরিপ, (পারশী) মৌজার সমস্ত জমি জরিপ।

একান্ন, বিং অবিভক্ত, সহ-ভোজী ; যেমন, একান্নবর্ত্তী পরিবার ; ২। বি,—সংখ্যা বিশেষ, ৫১।

একা, বি, গাড়ি বিশেষ।

একি, (এক শব্দজ) তুল্য, সমান ; ২। একমাত্র ; ৩। (এ—কি ?) আশ্চর্য্যবোধক শব্দ।

একুঁড়ে, বিং একাকী ; ২। বিরল, নির্জ্জন।

একুন, (যাং) মোট, সর্ব্বশুদ্ধ।

একুনজমা,—নির্দ্ধারিত মোট জমা

একুশ, বি, সংখ্যা বিশেষ, ২১।

একেএকে, ক্রি বিং ক্রমশঃ, ক্রমে ক্রমে।

একোদ্দিষ্ট, বি, মৃতব্যক্তির উদ্দেশে সাম্বৎসরিক শ্রাদ্ধ।

এক্ষণে, অং (এ—এই শব্দজ ;—ক্ষণে, সময়ে) এখন, এই সময়ে।

এখতিয়ার, একতার, (আ—ইখ-তিয়ার, স্বীকার করিয়া লওয়া, মানিয়া লওয়া) পরাক্রম, শক্তি, ক্ষমতা ; যথা—

"এখন আপন একতারে চুটিয়ে ফসল কেটে নেনা।" (রামপ্রসাদ)

২। অধিকার।

এখন, অং (এ—এই ;—খন, ক্ষণ শব্দজ) সম্প্রতি, এক্ষণে।

এখান, বি, (এ—এই ;—খান, স্থান শব্দজ) এই স্থান।

এজমালি, [আ—ইজ্‌মাস (একত্রিত করা) যাহা পাঁচজনে একত্রে ভোগ করে] একাধিক অধিকার, সর্ব্বসাধারণ। যেমন এজমালি সম্পত্তি।

এজরা, (আ—ইজরা শব্দজ) জারি করা।

এজলাস, (আ—ইজ্‌লাস, বৈঠক) ধর্ম্মাধিকরণ, কাছারির বৈঠক।

এজাহার, এজেহার, (আ—ইজ্‌হার শব্দজ) প্রকাশকরণ, আবেদন। (Deposition.)

এজ্জতাছার, (পা—ইজ্জতাছার) সম্ভ্রান্তলোক।

এটমান,—চট্টগ্রামের রাইয়তের জমাকে এটমান ও টাপা বলে।

এটে, এঁটে, বি, (অষ্ঠি শব্দজ কি ?) কদলী বৃক্ষের মূল, কলাগাছের গোড়া, যথা,—

"কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়।" (ভারতচন্দ্র)

২। ক্রি, শক্ত করিয়া, কষিয়া।

এটেল, এঁটেল, বি, মৃত্তিকা বিশেষ, আটা যুক্ত মৃত্তিকা ; যথা—

"এঁটেল মৃত্তিকা তায় তুলে দিল তালি।
নদী লঙ্ঘি যায় শ্বন শশক শৃগালি।"
(ঘনরাম)

এঁটো, বিং (উচ্ছিষ্ট শব্দজ) উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট; যথা,—
"কোনরূপে পিত্তিরক্ষা এঁটোকাটা খেয়ে'
(ঈশ্বরগুপ্ত)

এড়ন, বি, জাল ক্ষেপণ; ২। ত্যজন, ছাড়ন।

এড়াওন, এড়ান, বি, পলায়ন; ২। রক্ষা পাওন; ৩। নিষ্কৃতি লাভ; যথা,—
"কোন ওঝা বলে আজি এড়াইলি ভাল।
না জানিল নৃসিংহের প্রতাপ বিশাল॥"
(চৈতন্য ভাগবত)

এড়াকানি, বি, তাচ্ছিল্য, উপেক্ষা।

এড়াটিয়া, এড়াটে, বিং আলসে, অপরিচ্ছন্ন, অকর্ম্মা, অধম।

এড়ি, ক্রি, অতিক্রম করি, ত্যাগ করি; ২। বি,—আসাম-জাত রেশমী বস্ত্র বিশেষ।

এড়ুক, এড়ূক, ক্রি, নিক্ষেপ করুক, পরিত্যাগ করুক।

এঁড়ে, বি, (অণ্ড শব্দজ কি?) পুং গো। যথা,—
"ঘরে আছে বুড়া এঁড়ে ধরে মহাবল।"
(শিবায়ন)

এঁড়েগলা, বি, অতিশয় গম্ভীর স্বর; ২। বিষম চীৎকার, ভয়ানক গলার আওয়াজ; যথা,—
"এঁড়ে গলা এঁড়ে ডাক উচ্চ চীৎকার;
আমি জানি বিস্তর এমন এড়ে ডাক॥"
(ভারতচন্দ্র)

এঁড়েলাগা, বি, পারিগর্ভিক রোগ। মাতার গর্ভাবস্থায় মাতৃ স্তন্য পান করিয়া শিশু-দিগের এই রোগ জন্মে, ইহাতে তাহাদের আকৃতির বৈলক্ষণ্য ঘটায়। ইহাতে শিশু অপাক বা অজীর্ণ বশতঃ ক্রমেই শীর্ণ হইয়া পড়ে।

এতেক, বি, এত, এতাবৎ।

এত্তেলা, এতলা, বি, (আ—ইত্তিলা) সংবাদ, খবর।

এত্তেলানামা, এতলানামা, বি, (যাং) সংবাদ পত্র।

এতবার (যাং) বিশ্বাস, প্রত্যয়; ২। রবিবার।

এত্তি, (উত্তরবঙ্গে চলিত) [এখানে।

এথা, বি, (এ—এই;—থা, স্থানে শব্দজ) এই স্থানে, এখানে।

এনা,—এখন, এরূপ; যথা,—
"এনা বেশা কোন দেশে ছিল'।
(চণ্ডীদাস)

এন্তাজারি, (পা—ইন্তজার, প্রতীক্ষা করা) অধীনতা।

এবার—এপালায়, এসময়।

এবারৎ, (পারশী) লিখনবাক্য, লিখিবার পাঠ, বয়ান; ২। পদ্ধতি, নিয়ম (style)।

এবে, অং এই সময়, এবার।

পদ্যে-পাদপূরণার্থ "এবে" ব্যবহৃত হয়।

এব্‌রা, (যাং) নামঞ্জুর, বাতিল, অগ্রাহ্য; যেমন অমুক সাক্ষীকে এব্‌রা করা হইয়াছে।

এমৎ, এমন, বিং এরূপ, এপ্রকার।

এমারৎ, বি, (যাং) অট্টালিকা, কোটাবাড়ী।

এয়্‌জ্‌ (পারশী) বিনিময়।

এয়াদ, (পারশী) সত্যতা, প্রত্যয়; ২। জ্ঞান।

এয়িস্ত্রী, বি, সধবা স্ত্রী।

এয়ো, বি, (আয়াতি শব্দজ) সধবা স্ত্রী; যথা,—

"এয়ো তুমি, তোমার কি সাজে এ বেশ।"
(মেঘনাদবধ)

এরূপ, বিং এইপ্রকার, এমন।

এলবাস, বি, (যাং) বস্ত্র, পোষাক।

এলম, এলেম, বি, (যাং) জ্ঞান, বুদ্ধি; ২। বিদ্যা; ৩। সম্ভ্রম বোধ।

এলা, বিং অলস, অকর্ম্মণ্য; ২। ক্রি—পরিত্যাগ করা।

এলাকা, বি, (যাং) সংস্রব, সম্পর্ক; যথা,—"তাঁহার সহিত আমার কোন এলাকা নাই; ২। দখল, সীমা; ৩। অধিকার; যথা—এই স্থানটী অমুকের এলাকা ভুক্ত।

এলাকাড়া, এলাকানি, বি, তাচ্ছিল্যভাব, অমনোযোগীতা।

এলাচি, বি, ফলবিশেষ, এলাইচ।

এলায়, (উত্তরবঙ্গে চলিত) এখন।

এলুয়া, এলো, বিং আল্‌গা, শিথিল, অসংলগ্ন।

এলেমবাজ, বিং (যাং) বুদ্ধিমান, সুচতুর; ২। কার্য্যদক্ষ।

এলোধাবাড়ী, বিং বিশৃঙ্খল, বেবন্দোবস্ত; ২। ক্রমাগত।

এলোথেলো, এলোমোলো, বিং শ্লথ, আল্‌গা; ২। বিশৃঙ্খল।

এসরাজ, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

এঁসানি, বি, আমিষগন্ধ, আঁষ্টেগন্ধ।

এঁসে, বি, গবাদির ক্ষতরোগবিশেষ। [বিষয়।

এহ,—এই, এইব্যক্তি বা এই

ঐ

ঐ;—একাদশ স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু।

ঐ, অং আহ্বান, আমন্ত্রণ, স্মরণ; ২। সম্বোধন; ৩। (অদস্‌ শব্দজ) কিঞ্চিৎ দূরস্থিত বস্তু; যথা,—

"ঐ বাঁশী বাজে, বন মাজে কি মন মাঝে।" (রবীন্দ্রনাথ)

ঐক্য, বি, একরূপতা, মিল।

ঐক্যবাক্য, বি, আলাপ, কথা-বার্ত্তা।

ঐছন,—এইরূপ; যথা—

"নাম পরতাপে যার, ঐছন করিল গো,
অঙ্গের পরশে কিবা হয়।" (চণ্ডীদাস)

ঐমত,—ঐপ্রকার, সেইরূপ।

ঐরি, বি, (অরি শব্দজ) অরি, শত্রু।

ঐরূপ,—ঐ প্রকার।

ও

ও;—দ্বাদশ স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও ওষ্ঠ।

ও, অং সম্বোধন, আহ্বান; ২। বিং পূরোবর্ত্তী; যথা,—ওদিকে যাইও না; ৩। উনি।

ওআকবক, বি, দ্রোণকাক।

ওআড়, ওয়াড়, বি, লেপ বালিসাদির আবরণবস্ত্র।

ওঁকান, বি, চুল্লীতে অগ্নি প্রদান পূর্ব্বক ফুৎকার দেওন।

ওঁচলা, বি, আবর্জনা, জঞ্জাল।

ওঁছা, বিং (উঞ্ছ শব্দজ) উচ্ছিষ্ট; ২। জঘন্য, হেয়; যেমন উকীলের ওঁছা; ৩। অগ্নির উত্তাপে মৃৎপাত্রে চাউল ভর্জন।

ওকড়া, বি, পাঁচনবিশেষ; ২। বৃক্ষবিশেষ।

ওক্তা, বি, (পা—ওয়াক্ত) সময়।

ওকালৎ (যাং) উকীলের কর্ম্ম বা ব্যবসায়।

ওকু, বি, (যাং) ঘটনা; যেমন, ওকুস্থল অর্থাৎ ঘটনাস্থল।

ওগরা, বি, চাউলডাউল সিদ্ধ; ২। ক্রি,—বমি করা।

ওগো, অং সম্বোধনবাচক শব্দ।

ওজন, বি, তুলাদণ্ডে পরিমাণ করা, মাপা। মাল ওজন হইলে যে খাতায় ওজনের দাগ লিখিত হয়, তাহার নাম ওজন বহি এবং লেখককে ওজন সরকার কহে।

ওজর, বি, (যাং) হেতু, ছল, আপত্তি

ওজুনামা, বি, (যাং) মোকদ্দমার কারণ লিখনপত্র।

ওঝা, বি, বিষবৈদ্য, সাপুড়ে; ২। যাহারা ভূত নামায়, ভূতবৈদ্য; ৩। বৈদ্যনাথ ঠাকুরের প্রধান পুরোহিতের উপাধি; ৪। কুহকী, বাজীকর; যথা—

"রেতে করে মানুষ দিবসে করে অজা।
রাণী বলে দূর কর হেন ছার ওঝা॥"
(ঘনরাম)

ওঝাই,—কুকিজাতির পুরোহিত।

ওট, বি, (ওষ্ঠ শব্দের অপভ্রংশ) ওষ্ঠ; যথা—

"বাধুলি জিনিয়া রাঙ্গা ওঠখানি হাস।"
(ভক্তিরত্নাকর)

ওটবন্দীজোত,—যে সকল জমি

যে বৎসর আবাদ না করিয়া পতিত রাখা হয়, সে বৎসর ঐ জমির খাজনা দিতে হয় না, যে বৎসর আবাদ হয়, সেই বৎসরের খাজনা দিতে হয়। পতিত জমি জমিদার পরবর্ত্তী বৎসরের জন্য পুনর্ব্বার বন্দোবস্ত করেন। ইহারই নাম ওটবন্দী জোত।

ওটসাকিস্তি,—দাবা খেলায় প্রতিপক্ষের কোন বল উঠিয়া কিছু ধরিলে বা মারিলে যে কিস্তি পড়ে, তাহাকে ওটসা কিস্তি বলে।

ওড়আড়, বি, গলিঘুঁজি, ছিদ্র, ফাঁক; যথা—

"দলে দলে গড় দিয়া বেড়িল ভূপাল।
ওড় আড় বুঝিয়া সন্ধানে পাতে জাল॥"
(ঘনরাম)

ওড়ঘোড়, বিং বস্ত্রাদিদ্বারা বেষ্টিত সর্ব্বাঙ্গ আচ্ছাদিত; যেমন, বেশ ওড়ঘোড় কাপড় হ'য়েছে জন্ম আইস্ত্রী হ'য়ে থাক।

ওত, ওৎ, বি, ব্যবধান, অবকাশ; ২। লক্ষ্য; যথা,—বিড়ালটা ওৎ করে ব'সে আছে।

ওতআত, বি, অন্তরাল, আড়াল; ২। অবস্থিতি স্থান; যথা,—

"ওতআত সন্ধান বুঝিয়া এড়ে জাল।"
(ঘনরাম)

ওতুপ্লুত, বিং অক্রমযুক্ত, উল্টা পাল্টা।

ওথা অং (ও—থা—স্থান শব্দজ) ওখানে, কিঞ্চিৎ দূরবর্ত্তী স্থানে।

ওদন, বি, (সংস্কৃত শব্দ) সিদ্ধ তণ্ডুল, অন্ন, ভাত। নোয়াখালি জিলায় "ওদন" শব্দ বিভিন্ন অর্থে ব্যবহৃত, অর্থাৎ "উদয়" অর্থে ব্যবহৃত, যথা,—"ওদনে সাতটা, হেলনে পাঁচটা" অর্থাৎ "ওদনে" যখন উঠিয়াছে এবং "হেলনে" যখন সূর্য্য হেলিয়া পড়িয়াছে।

ওদিগে, বি, ওখানে, তথায়।

ওদী বিং ভিজা, ময়লা, ব্যবহারের অযোগ্য; যথা,—নূতন কাপড় দাগী হয়ে ওদী হয়েছে।

ওপার, বি, পরপার, অন্যপার।

ওয়াকিফ্‌হাল (যাং) অভিজ্ঞ, যে কোন বিষয় সুন্দররূপে জানে।

ওয়ার, বি, শেষ, চূড়ান্ত; যেমন, নগরকে নগর কাটিয়া ওয়ার করিয়া দেয়। ।আদায়।

ওয়াশীল, বি, (পা) পাওনা

ওয়াশীলৎ, (পা) গৃহীত বস্তুর ফেরৎ লওন। মহালে গোমস্তা জমিদারের পাওনা আত্মসাৎ করিলে মহাল যাচাই ও পা-

ওনা নির্দ্দেশ করাকে মহালের ওয়াশীলাৎ কহে।

ওয়াস, বি, (উড়িয়া) অন্তঃপুর।

ওর, সং (অদস শব্দজ) নির্দ্দিষ্ট ব্যক্তি ; ২। বি,—দিক ; ৩। সীমা, শেষ ; যথা—

"আনন্দের ওর নাহি বাহু তুলে নাচে।"

২। "কি কহব সখি আনন্দ ওর,
চিরদিন মাধব মন্দিরে মোর॥"
(বিদ্যাপতি)

ওরফে, (যাং) প্রতিনিধি, মারফত।

ওরম্বা, ওড়ম্বা, বি, লম্পট, হিতাহিত জ্ঞান শূন্য, যে কর্ত্তব্য কর্ম্ম না করিয়া এখানে সেখানে বেড়াইয়া বেড়ায়।

ওরমা, বি, ঢাকনী ; ২। সিয়ানী, সেলাই।

ওরসা, বিং, আর্দ্র, ভিজা।

ওল, বি, মূল বিশেষ ; ওলের ভিন্ন ভিন্ন নাম যথা,—চীংওল, মুখীওল, চণ্ডীওল ও বাঘা ওল প্রভৃতি।

ওলন, বি, অবরোহণ, নামান ; ২। রাজমিস্ত্রীর পরিমাণ যন্ত্র বিশেষ।

ওলা, বি, নামান ; যথা,—সাপে কামড়ালে বিষ ওলে, মানুষের বিষ ওলে না। ২। বৰ্দ্ধমানের লড্ডুক বিশেষ।

ওলাউঠা, বি, (ওলা নামা, উঠা = বমন) বিসূচিকারোগ, ভেদবমন।

ওলাখ্‌খেনে বিং, অপচয়কারী।

ওল্‌ক-তাল্‌ক, বি, হিসাব, তত্বানুসন্ধান ; যেমন, জিনিসটা হারায়েছে তার ওল্‌ক-তাল্‌ক নাই।

ওল্‌ট-পাল্‌ট, বিং বিপর্য্যস্ত, উণ্টাপাণ্টা ; ২। বিশেষরূপ অনুসন্ধান।

ওলান, বি, অধঃক্ষেপণ, নামান।

ওলাহন, বি, ভৎর্সনা, তিরস্কার।

ওলো, বি, (প্রাকৃত ভাষায় উক্ত "হলা" শব্দের অপভ্রংশ) নারীগণের পরস্পরের প্রণয়সূচক সম্বোধন।

ওবল, (যাং) অনুসন্ধান, তল্লাস।

ওষাণ, বি, উল্‌টন, লাড়ন, নিস্তুষ করণার্থ উখলী ইত্যাদিতে ধান্যাদি নিক্ষেপ।

ওষ্কাণ, বি, প্রজ্বলিত করণ, উষ্কণ, লাড়ন।

ওসার, বি, পরিসর, প্রস্থ।

ওস্তাকার, ওস্তাগার, (পা—উস্তাকর শব্দজ) শিক্ষক, উচ্চদরের কারিকর।

ওস্তাদ (পা—উস্তাদ শব্দজ) শিক্ষক। বাঙ্গালায় যাহার চালাকি বেশী, তাহাকেও ওস্তাদ এবং তাহার কার্য্যকে ওস্তাদী বলে।

ওহে, অং সম্বোধন বাচক শব্দ; ২। আরামবাগ অঞ্চলের লোকেরা শ্যালককে "ওহে" বলিয়া ডাকে।

ঔ

ঔ ;—ত্রয়োদশ স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও ওষ্ঠ।

ঔখদ, বি, (ঔষধ শব্দের অপভ্রংশ) ঔষধ; যথা,—

"কেবল মরমে ঔখদ রাধা।" (চণ্ডীদাস)

২।"রোগী করয়ে যেন ঔখদ পান।" (বিদ্যাপতি)

ঔবল, ওবল, (যাং) আদি, প্রথম; ২। উৎকৃষ্ট, প্রধান; ৩। সন্ধান।

ঔরৎ (যাং) মেয়েমানুষ।

ঔষস, বি, সন্ধ্যার অবসর।

ক

ক ;—প্রথম হলবর্ণ। উচ্চারণ স্থান জিহ্বামূল।

কই, বি, (সংস্কৃত কবই শব্দজ) মৎস্যবিশেষ, কইমাছ ; ২। বিস্ময়সূচকশব্দ ; ৩। কোথায়, যথা,—
"হৃদয় চিন্তিত অতি দুহিতার যোগ্য পতি কই।"

কইলা, বি, গোবৎস ; বাছুর।

কএক, বিং কতিপয়, কিয়ৎ, কিঞ্চিৎ। [বৃক্ষ।

কএথা, বি, বৃক্ষবিশেষ, কয়েৎবেল

কএদ, বি, অবরোধ, আটক।

কএদী, বিং অবরুদ্ধ, আটকান ; ২। বি—অবরুদ্ধ ব্যক্তি।

কএলা, বি, মৎস্যবিশেষ, কয়লা মাছ।

ককান, বি, অতিশয় রোদন, রোদন করিতে করিতে স্বর বন্ধ হওয়া। [শব্দবিশেষ।

ককানি, বি, কাতর্য্য, রোদন

কক্কক্, বি, অব্যক্ত শব্দপূর্ব্বক হাস্যবিশেষ; ২। মোরগের ডাক।

কখন, অং (ক—কিম্ শব্দজ ; খন—ক্ষণ শব্দজ) কোন সময়ে।

কখনকখন, ক্রি বিং কদাচিৎ।

কঙ্কন, বি, করভূষণবিশেষ।

কঙ্কুরা, বি, কঙ্কর, কাঁকর।

কচ্‌টা, বিং মর্দ্দিত।

কচটান, বি, মর্দ্দন।

কচড়া, বি, স্থূল দীর্ঘ রজ্জু, কাছী, দড়া ; ২। মহুল বীজ।

কচরকচর,কচরমচর, বি, অব্যক্ত শব্দ ; ২। পক্ষীরধ্বনি।

কচা, বি, দণ্ড, যষ্টি ; ২। বৃক্ষ বিশেষ।

কচান, বি, মুঞ্জরিত হওন, গজান

কচাল, বি, বিবাদ, বাক্‌কলহ ; ২। মৎস্য ধরিবার জালবিশেষ ; ৩। মর্দ্দন, রগড়ান ; যথা,—
"উঠিল পদাতি, ধরিয়া ঢালকাতি,
কচালে কেহ বিলোচন।"
(কবিকঙ্কণ)

কচ্‌কচ্, বি, অব্যক্ত শব্দ, অনুকরণ শব্দ। [বকুনি।

কচ্‌কচানি,অব্যক্তশব্দ, গোলমাল,

কচ্‌কচি, বি, ঝগড়া, বিবাদ ; যথা ;—"লাভ নাহ কচকচি সার।"

কচ্‌কচিয়া, বি, তৃণবিশেষ ; ২। বিং অপক্ক। [বিবাদী।

কচ্‌লা, বি, ধৌত, প্রক্ষালিত ; ২।

কচ্‌লান, **কচ্‌টান**, বি, ছানন, চট্‌কান, ; ২। ধৌত করণ।

কচি, বিং কোমল, নরম ; ২।

নূতন, নবজাত ; যেমন "কচি-খোকার মত কাঁদ্‌চে।"

কচু, বি, (কচ্বী শব্দজ) কচুগাছ ; কচু নানাপ্রকার যথা,—মান-কচু, মানগিরি, মানগুঁড়ি, পানি বা সোলাকচু, ঝুপিকচু, মুখীকচু, চট্টগ্রামীকচু, সাবো-কচু, ও গুঁড়ি কচু। ইহার গুণও অনেক—রক্তপরিষ্কা-রক, স্নিগ্ধকর, কোষ্ঠ পরি-ষ্কারক, দ্রব্য পরিপাচক, বল-কারক ও সুস্বাদু।

কচুরি, বি, ভর্জিত পিষ্টকবিশেষ।

কচুয়া, বি, বাদ্যযন্ত্রবিশেষ, কচুয়া সেতার।

কছুম, বি, (পারশী কিসম্)প্রকার।

কর্জ্জ, বি, ঋণ, ধার, দেনা।

কঞ্চী, বি, বেণুশাখা, বাঁশের ডাল।

কঞ্জুস, বিং; কৃপণ, ব্যয়কাতর।

কটকিনা, বি, কাঠিন্য ; এক বৎসরের জন্য জমি ইজারা লওয়া।

কটবা, বি, মাটীর বাটী, খুরি।

কটা, বি, রুক্ষগৌরবর্ণ কটাসে রং ; ২। বিং—কয়েকটা।

কটারি, কাটারি, বি, অস্ত্রবিশেষ, দা। [গ্লানিযুক্ত।

কটাল, বিং ম্লান, শুষ্ক ; ২।

কটাস, বি, অব্যক্ত শব্দবিশেষ।

কটাসিয়া, বি, কটা রং।

কট্, বি, অব্যক্ত শব্দ ; ২। বিং হঠাৎ, ঝটিতি।

কট্‌কটে, বিং মুখরা, বাচাল, স্পষ্ট-বক্তা ; বি,—জগন্নাথদেবের প্রসাদ বিশেষ।

কট্‌কট্, কটকটাদি, বি, অব্যক্ত শব্দ, পীড়াদায়ক শব্দ ; ২। ভেকবিশেষ।

কটকোবলা, বি, যে বন্ধকী কো-বলাতে এরূপ কড়ার থাকে যে, দেনদার নির্দ্দিষ্ট সময় মধ্যে দেনা শোধ করিতে না পা-রিলে বন্ধকী সম্পত্তির সমস্ত অধিকার মহাজনের হইবে।

কটমটি, খটমটি, বিং শক্ত, দুরুহ, ভয়ানক।

কটিয়া, বিং শক্ত, কঠিন, কদর্য্য।

কটুকাটব্য, বি, দুর্ব্বাক্য, গালা-গালি।

কটফল, বি, ফলবিশেষ, কায়ফল।

কড়, বি, করভূষণ, গালার বালা ; মৎস্যাদি ধরিবার সূত্রবিশেষ।

কড়কচ, করকচ বি, সামুদ্রিক লবণ। [দ্রব্যের শব্দ।

কড়কড়, বি, শুষ্কভাত ; ২। কঠিন

কড়কন, কড়কান, বি, ক্ষত শুষ্ক হওন ; ২। গজান ; ৩। তির-স্কার করণ।

কড়চা, বি, সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত (note) যেমন গোবিন্দ দাসের

কড়চা; ২। কোন প্রজার নিকট হইতে কোন তারিখে কত খাজনা আদায় হইল এবং বৎসরান্তে কত বাকি থাকিল, তাহা যে কাগজ দৃষ্টে অবগত হওয়া যায়, তাহার নাম কড়চা বা হিসাব বাকী; ৩। খুচরা গদ্য সাহিত্য।

কড়তা, বি, দ্রব্যাদি গ্রহণাধারের ওজন। [শিশু।

কড়ম্ব, বি, বংশের অবলম্বন স্বরূপ

কড়রা, বিং শক্ত, কর্কশ।

কড়া, বি, কপর্দ্দক, কড়ি; ২। (কটাহ শব্দজ) ধাতু নির্ম্মিত বলয়, শৃঙ্খল। কটাহ; যথা,—

সম্মুখে দুধের কড়া কাটীতে ঘোঁটন।"
(হেমচন্দ্র)

৩। কর্ম্ম করিলে শরীরের কোন স্থানে শক্ত ফোস্কা; ৪। ঢোলকাদির রজ্জুর অঙ্গুরী।

কড়াই, বি, মুগ, মটর ও মাষ কলাই প্রভৃতি।

কড়াকড়া, বিং শক্তশক্ত।

কড়াৎ, বি, অব্যক্তশব্দ; ২। আয়াস।

কড়ানিয়া, বি, সংখ্যাগণনাবিশেষ, শত পর্য্যন্ত কপর্দ্দক গণনা।

কড়ার, বি, কালনিরূপণ; ২। অঙ্গীকার, স্বীকার, সর্ত্ত; ৩। ক্ষতাদির স্থানীয় প্রলেপ।

কড়ি, বি, কপর্দ্দক; ২। ইষ্টক নির্ম্মিত গৃহের ছাদের লম্বা কাষ্ঠ, কড়িকাষ্ঠ, আড়া (Beam)।

কড়িকান, বি, শুকান, মুসড়ান; ২। তিরস্কৃত করণ।

কড়িকুষ্ঠা, বিং কৃপণ, ব্যয়কুণ্ঠ।

কড়িচণ্ডাল, বি, কৃপণ; ২। ঘুষ-খোর।

কড়িফট্‌কা, বিং নিঃস্ব, দরিদ্র।

কড়িয়া, ক'ড়ে, বি, কনিষ্ঠাঙ্গুলি; ২। গো চাতুর্য্য লক্ষণ; ৩। শরীরের কোন অংশে অঙ্গুলি স্পর্শদ্বারা লোমাঞ্চ করণ; যথা,—

"শেষ রাতে আসে সারারাতি লিখে পড়ে
খাওয়াইতে জাগাইতে হয় দিয়া ক'ড়ে"
(ভারতচন্দ্র)

৪। বিং চঞ্চল; ৫। ক্ষুদ্র, ছোট।

কড়িয়ারাঁড়ী, বি, বালবিধবা, শৈশবে স্বামীহীনা।

কড়িয়াল, বিং ধনবান, ধনী।

কড়িয়ালী, বি, লাগাম, মুখস।

কড়ুই, বি, ধান্যের গোলা।

কড়ুয়া, কড়া, বিং তীব্র, কটু।

কড়ুলী, বি, আর্য্যগণের বস্ত্র-বিশেষ।

কড়্‌কড়ি, বি, শুষ্ক অন্নাদি।

কড়্‌খা, বি, স্তুতিপাঠকগণ যে

সকল গান গাহিয়া রাজগণের স্তুতিবাদ করে, তাঁহাকে কড়্খা কহে, যথা,—

"ধাড়ী গায় কড়্খা ভাঁড়াই করে ভাঁড়।
মালে করে মালাম চোয়াড়ে লোকে কাঁড়"
(ভারতচন্দ্র)

কড়্চা, বি, (পারশী) যে কাগজে প্রত্যেক প্রজার উস্থল বাকী প্রভৃতি হিসাব ভিন্ন ভিন্ন ফর্দ্দে লিখিত হয়, তাহাকে কড়্চা কহে। [শব্দ।

কড়্মড়, বি, কঠিন দ্রব্যের চর্ব্বণ-

কড়্মড়িয়া, কড়ম'ড়ে, বিং অত্যন্ত শুষ্ক। [বিন্দু।

কণামাত্র বি, অত্যল্পমাত্র, এক-

কণি, বি, নখকোণ, কুনি।

কণুই, বি, (কফোণি শব্দজ) বাহুর অধোগ্রন্থি।

কণ্‌কনিয়া, কণ্‌কনে, বি, অতিশয় শীতল, তুষারবৎ শীতল।

কণ্‌কণানি, বি, যন্ত্রণা।

কণ্‌কনাটে, বি, শাকবিশেষ, [illegible] নটিয়া শাক।

কণ্যান, বিং (কনীয়ান শব্দজ) অতিক্ষুদ্র, অতিশয় ছোট; ২। কনিষ্ঠ যথা—

"পাণ্ডু নৃমণি কণ্যান্ রমনী, মদ্রপ মহীপতি সুতা॥" (কবিকঙ্কণ)

কণ্ট্রাক্টর, বি, (ইং contractor) যাঁহারা কোন কার্য্য সম্পন্ন করিবার নির্দ্দিষ্ট টাকা চুক্তি পূর্ব্বক কার্য্য সমাধা করেন; ঠিকাদার।

কণ্ঠা, বি, কণ্ঠদেশের অস্থি।

কণ্ণা, বি, শুশ্রূষা, সেবা।

কত, বিং (কতি শব্দজ) কিয়ৎ, কিছু, পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা।

কতক, কতকগুলা, কতকগুলি, বিং কতিপয়, কয়েক।

কতক্ষণ, বি, কিয়ৎকাল, কিছু-কাল; ২। আগমন জিজ্ঞাসা-বাচক।

কতটা, বিং কতখানি, কতিপয়।

কতরণ, বি, (কর্ত্তন শব্দজ) মেষের লোমচ্ছেদন, কর্ত্তন।

কথক, বি, পুরাণ পাঠক, বক্তা।

কথান্তর, বি, বাক্‌কলহ, মনো-বিবাদ। [আলাপ।

কথাবার্ত্তা, বি, কথোপকথন,

কথায়কথায়, বি, প্রতিবাক্যে, প্রতিকথায়।

কথি, কতি, বি, (কুত্র শব্দের অপভ্রংশ) কোনস্থানে, কোথা; যথা—

"ইহার রূপ দেখি নবীন আকৃতি।
নটবরবেশ পাইল কথি॥ (চণ্ডীদাস)

কদম, বি, (কদম্ব শব্দজ) বৃক্ষ-বিশেষ; ২। (পারশী) পদ, পা; যথা—

"দবে পূজে পীরের কদম।"

৩। ঘোটকের গতিবিশেষ।

কদমা, বি, মিষ্টান্নবিশেষ।

কদর, বি, (আরবী) সম্মান, আদর।

কদাচ, অং (কদাচন শব্দজ) কদাচিৎ, কখন।

কদাচার, বি, কুৎসিৎ ব্যবহার, অভদ্র ব্যবহার; যথা,—

"কি জাতি কে জানে, কারে নাহি মানে
সদা করে কদাচার ময়।"
(অন্নদামঙ্গল)

কদ্দু, বি, (যাং) লাউ।

কধী, কদী, (হিন্দি) কখন, কভু, কদাপি।

কনকচুড়, বি, ধান্যবিশেষ, ইহার উৎকৃষ্ট খৈ হয়।

কনকাঞ্জলি, বি, মাঙ্গলিক দান বিশেষ বাঙ্গালাদেশে প্রচলিত মাঙ্গলিক প্রথা বিশেষ। দেবী প্রতিমা বিসর্জনকালে সধবা গৃহস্বামিনী বেশভূষান্বিতা রমনীগণের সহিত প্রতিমা বরণ করিয়া স্বীয় বস্ত্রাঞ্চল প্রসারণ, করেন, ঐ সময়ে গৃহস্বামীকে প্রতিমার পশ্চাদ্ভাগ হইতে অলক্ষিতভাবে মুদ্রাযুক্ত তণ্ডুলপূর্ণপাত্র উৎক্ষেপন পূর্ব্বক সেই বস্ত্রাঞ্চলে নিক্ষেপ করিতে হয়। ইহাকেই কনকাঞ্জলি বলে। গৃহস্বামিনী এই কনকাঞ্জলি অঞ্চলে জড়িত করিয়া মস্তকে ধারণপূর্ব্বক জলধারা দিয়া গৃহপ্রবেশ করেন। বিবাহ যাত্রাকালেও এইরূপ নিয়মে কনকাঞ্জলি দানের প্রথা প্রচলিত আছে।

কনে, বি, (কন্যা শব্দজ) নব বিবাহিতা বালিকা।

কন্ধ, বি, দেহ, ধড়; যথা—

"মুণ্ড বিনা কেবল নড়িয়া ফিরে কন্ধ।"
(কবিকঙ্কণ)

কপচান, বি, কর্ত্তন, ছেদন; ২। পক্ষিদিগের বুলিধরণের উপক্রম।

কপাটী, বি, ক্রীড়াবিশেষ।

কপালচিতা, বি, বর্ণবিশেষ, যে জন্তুর শ্বেতবর্ণ কপালদেশ।

কপালি, বি, জাতিবিশেষ; ২। খর্জ্জুর বৃক্ষের মস্তকদেশ যেখানে চাঁচিয়া ঘড়া বাঁধে।

কপালিয়া, কপালে, বিং ভাগ্যবান, যেমন লোকটা ভারি কপালে। [বিশেষ।

কপিলাভোগ, বি, শারদীয় ধান্য

কপীন, কপ্নী, বি, (কোপীন শব্দজ কৌপীন, অন্তর্ব্বাস।

কফ, বি, শ্লেষ্মা, সর্দ্দি; ২। (ইং Cuff) জামার হাতার কুঞ্চিতাংশ।

কবচ, কবজ, বি, (যাং) খাজনার রসিদ, দাখিলা ; ২। অধিকার ; ৩। বিঘ্ন নিবারক তন্ত্রোক্ত মন্ত্রবিশেষ ; ৪। পাতাল কোঁড়।

কবা, বি, (যাং) ছল, চাতুরী।

কবাটি, বি, দাঁতে দাঁতে লাগা, দাঁতে দাঁতে চাপিয়া লাগা।

কবালা, কোবলা, বি, বিক্রয়পত্র। যে দলিল দ্বারা ভূম্যাদির বিক্রেতা আপন স্বত্ব ক্রেতার হস্তগত করে, তাহার নাম কবলা বা কোবালা। কোবলা দুই প্রকার—খোস ও বন্ধকী কোবালা ; ২। স্বীকার।

কবুতর, বি, (কপোত শব্দজ) পারাবত, পায়রা।

কবুল, বি, (আরবী) মানিয়া লওয়া, স্বীকার।

কবুলজবাব, বি, স্পষ্ট উত্তর।

কবুলতি, কবুলিয়ত, বি, (পারশী) রসীদ, স্বীকার ; ২। প্রজা পাট্টার অনুরূপ সর্ত্তে যে কাগজে লিখিয়া জমিদারের নিকট খাজনা দিবার জন্য অঙ্গীকারবদ্ধ হয়, তাহার নাম কবুলতি।

কবুলাবেশী, বি, স্বীকৃত জমা, গুজস্তা জমার উপর প্রজা যে বেশী কর দিতে স্বীকার করে।

কবে, অং (কদা শব্দজ) কখন্, কোন সময়।

কব্জা, বি, (যাং—আরবী) দখল; যথা কব্জা করা অর্থ দখল করা।

কব্জা, বি, (যাং) কপাটযোজক লৌহাদি রচিত কল ; ২। কর পৃষ্ঠ।

কব্জী, বি, (যাং) হস্তোপরিভাগ।

কভু, অং, (কদাপি শব্দজ) কখন, কোন সময়ে।

কম, বিং (যাং) অল্প, সামান্য ; ২। তুল্য, সদৃশ ; যথা,—

"কেবা করে কামশরে কটাক্ষের সম।
কটুতায় কোটী কোটি কালকূট কম॥"
(ভারতচন্দ্র)

কমতি, বি, অল্পতা, হ্রস্বতা।

কমবক্ত, বি, (যাং কমবখৎ শব্দজ) দুর্ভাগ্য, দুরদৃষ্ট।

কমবেশ, বিং ন্যূনাধিক।

কম্‌নে, ক্রি বিং কুত্র, কোথায়।

কয়রা, বি, বর্ণবিশেষ।

কয়লা, বি, (যাং) অঙ্গার, দগ্ধকাষ্ঠ যাহা কাঠ পোড়াইয়া পাওয়া যায় ; মৎস্য বিশেষ।

কয়ার ফড়িং, বি, পতঙ্গ বিশেষ। ইহারা ধান্যের একটী প্রধান শত্রু।

কয়াল, বি, (যাং) মাপদার, যে দ্রব্যাদি ক্রয় বিক্রয়ের ওজনের কমিবেশী ঠিক করে।

কয়েক, অং কতিপয়।

কয়েদ, বি, আবদ্ধ, আটক; যথা,—

"তুই যাবে কি করিবি শমন
শ্যামা মাকে কয়েদ করেছি!
(রামপ্রসাদ)

কর, বি, (পারশী) রাজস্ব, খাজনা।

করই, করুই, বি, ভাণ্ডার, গোলা।

করকচ, বি, সামুদ্রিক লবণ।

করকচি, বিং কোমল, অপুষ্ট।

করকঞ্জ, বি, করপথ; যথা—

"চুড়ি কনক করকঞ্জে" (বিদ্যাপতি)

করকটিয়া, বিং অপুষ্ট দশায় পক্ক।

করকণা, বি, কটিদেশ, উরু, সন্ধিস্থান।

করগবীজ, বি, দাড়িম্ব বীজ, দাড়িমের দানা; যথা,—

"দশন মুকুতা জিনি কুন্দ করগবীজ,
জিনি কম্বুকণ্ঠ আকারে। (বিদ্যাপতি)

করঙ্গ, বি, (করঙ্ক শব্দজ) জলপাত্র বিশেষ, কমণ্ডলু বিশেষ, করঙ্গায় সাধারণতঃ উপরের ধরিবার দণ্ড থাকে না।

করচ, বি, কটিদেশ, কোমর।

করচা, বি, (পারশী কড়চা) প্রাপ্য খাজনার হিসাব।

করতপ, বি, সুশিক্ষা; ২। ব্যায়াম, কুস্তি; ৩। রাগ রাগিণীর আলাপ। [বিশেষ।

করবাণ, বি, জলচর পক্ষী

করম, বি, (কর্ম্ম শব্দজ) কর্ম্ম, ক্রিয়া; ২। অদৃষ্ট; ৩। (যাং) অনুগ্রহ, ভাগ্য।

করমচা, বি, বৃক্ষ বিশেষ।

করল, বি, পক্ষী বিশেষ।

করলা, বি, (কারবেল্ল শব্দজ) লম্বা তিক্ত উচ্ছে; ক্ষুদ্র উচ্ছের সংস্কৃত নাম কারবেল্লী। বাঙ্গালায় "পটলে উচ্ছে"ও বলিয়া থাকে।

করাটিয়া, বিং করকচিয়া, অপুষ্ট, অনুর্ব্বর। [লওয়ান।

করাণ, ক্রি, জন্মান, চালান,

করানী, বি, করগ্রাহক, লেখক।

করাত, বি, কাষ্ঠ বিদারণ অস্ত্র বিশেষ। যথা,—

"মাথায় করাতে দিব তবে মনে সুখ পাব

করাতী, বি, করাত ব্যবহারকারী, যাহারা করাত দিয়া কাষ্ঠ কাটে। [পত্র।

করারদাদ, বি, (পারশী) চুক্তি-

করারী, বি, ভগবতীর উপাসক বিশেষ, কাপালিক।

করিবক, বি, বকফুল বিশেষ।

করিতকর্ম্মা, বিং (কৃতকর্ম্মা শব্দজ) কার্য্যক্ষম, যে কার্য্য সম্পাদনে সুপটু।

করিম, বি, (যাবনিক "করম" শব্দের অর্থ আত্মত্যাগের সহিত দান) জগদীশ্বর।

কর্করিয়া, বিং কঙ্করযুক্ত।

কর্জ্জ, বি, (আরবী করজ—ধার-লওয়া) ঋণ, ধার।

কর্জ্জদার, কর্জ্জা, বি, (যাং) অধমর্ণ, খাতক।

কর্ণিক, বি, রাজ মিস্ত্রিদের ইষ্টক ছেদন অস্ত্র বিশেষ।

কর্ত্তাভজা, বি, প্রকৃত অর্থ কর্ত্তার (সৃষ্টিকর্ত্তার) উপাসক দল; উপাসক সম্প্রদায় বিশেষ। নদিয়া জেলার কাঁচড়াপাড়া ষ্টেশনের অনতিদূরবর্ত্তী ঘোষ-পাড়া গ্রামে এই সম্প্রদায় সর্ব্ব প্রথমে গঠিত হয়। রামশরণ পাল নামক জনৈক সদ্‌গোপ ইহার স্থাপয়িতা এবং আউল চাঁদ নামক জনৈক উদাসীন ইহার প্রবর্ত্তয়িতা। ১৬১৬ শকের ফাল্গুন মাসে উলার মহাদেব বারুই তদীয় ইক্ষু ক্ষেত্রে আট বৎসরের একটী বালক কুড়াইয়া পায়। বালকটী ১২ বৎসর উক্ত বারুই গৃহে থাকিয়া কোথায় চলিয়া যায় এবং নানা স্থানে ভ্রমণ করিয়া ২৭ বৎসর বয়সে কাঁচড়াপাড়ার সমীপবর্ত্তী বেজপাড়া (বেজপুর) গ্রামে উপস্থিত হয়, ইহারই নাম আউলচাঁদ। এই স্থানে ২।৩ জন শিষ্য ইহার অনুগত ও সমভিব্যাহারী হয়। তৎপরে রামশরণ পাল ইঁহার নিকট উপদেশ গ্রহণ করেন। ১৬৩৯ শকে বোরালে গ্রামে আউলচাঁদের মৃত্যু হয়। হিন্দু মুসলমান সকলকেই ইনি সমান ভাবিতেন। মুসলমানেরা ইঁহার নাম আউলচাঁদ রাখে। কর্ত্তা-ভজারা ইঁহাকে ঈশ্বরাবতার বলিয়া থাকে। তাহারা কহে কৃষ্ণচন্দ্র, গৌরচন্দ্র ও আউলচন্দ্র —তিনে এক, একে তিন। শিষ্যেরা কহে ইনি অনেক অদ্ভুত ক্ষমতা দেখাইয়াছেন, যথা অন্ধকে চক্ষুদান, খঞ্জকে পদপ্রদান, রোগীকে সুস্থ, মৃতকে সজীব ইত্যাদি।

প্রবাদ, আউলচাঁদ পরে রামশরণের পত্নী শচীমার গর্ভে রামদুলাল রূপে জন্মগ্রহণ করেন, রামশরণই ইহার প্রথম কর্ত্তা বা ঠাকুর হইলেও ভক্ত রামদুলাল প্রধান নেতা। ইহার পদ পৈতৃক এবং বংশের মধ্যে শুদ্ধ সাত্ত্বিক স্বভাব-সম্পন্ন পুরুষেরাই এই পদের অধিকারী। ব্রাহ্মণ কায়স্থ প্রভৃতি কর্ত্তাভজারা এই কর্ত্তা বা ঠাকুরকে প্রণাম করে,

পদধূলি লয় ও পাতের প্রসাদ খাইয়া থাকে। এই সম্প্রদায়ে জাতি বিচার নাই। কর্ত্তার সহিত এই সম্প্রদায়ের অধিস্বামিত্ব পোপের ন্যায় চিরন্তন। কর্ত্তা কতকগুলি গুরু বা প্রতিনিধি নিয়োগ করিয়া ধর্ম্ম প্রচার করেন। তাঁহাদিগকে "মহাশয়" ও গুরু দিগকে "বরাতি" কহে। গুরু শিষ্যদিগকে প্রথমে "গুরুসত্য" এই এক আনা মন্ত্র ও তৎপরে শিষ্য পরিপক্ব হইলে ষোল আনা মন্ত্র দেন। সুরাপান ইহাদের পক্ষে এককালে নিষিদ্ধ। ইহাদের কোন ধর্ম্মগ্রন্থ নাই। দোল ও রাসযাত্রা ইহাদের প্রধান মহোৎসব। উক্ত ঐ সকল উৎসবে ঘোষপাড়ায় বিস্তর যাত্রীর সমাগম হয়।

কল, বি, যন্ত্র, যথা কাপুড়ে কল, ময়দার কল; ২। কৌশল, উপায়, যথা,—

প্রাণী ধরিবার ঘোর কল বিধাতার।
(হেমচন্দ্র)

৩ শস্যের অঙ্কুর; ৪। অব্যক্ত শব্দ বিশেষ।

কলকল, কলবল, বি, সমবেত, বহুলোকের মিশ্রিত শব্দ, কোলাহল, গোলমাল।

কলগী, বি, (যাং) শিরোভূষণ, মুকুট; যথা,—

"মানিক কলগী তোরা চক্‌মকে হীরা।"
(বিদ্যাসুন্দর)

কলতানি, বি, পূঁয, রসানি।

কলপ, বি, কৃষ্ণবর্ণ কাই, লেই।

কলম, বি, লিপি সাধন বস্তু; ২। বৃক্ষাদির শাখা পরিচ্ছেদ, আম্রাদির একটী চারাগাছ প্রাচীন বৃক্ষের সরুডালের সহিত একত্র দৃঢ়বদ্ধ করিয়া রাখিলে উভয়ে মিলিয়া যায়, উহাকেই কলম কহে। কলম দুই প্রকার; যথা, গুলকলম ও জোড় কলম; ৩। ধান্য বিশেষ, হুগলী ও বর্দ্ধমান জেলায় ইহাকে কলমা বলে। এ ধান্য দুই প্রকার, রোয়া কলম ও পাণি কলম।

কলমতরাশ, বি, (যাবনিক) ছুরি।

কলমদান, বি, (যাবনিক) মস্যাধার ও লেখনী রাখিবার পাত্র।

কলমা, বি, (যাবনিক) বাক্য, মন্ত্র, মুসলমানদিগের অঙ্গশুদ্ধিকর কোরানোক্ত ভজনা বিশেষ।

কলয়, বি, কলাই, মাষাদি।

কলরব, বি, জনরব, উচ্চৈঃস্বর।

কলস, কলসী, বি, মৃত্তিকা নির্ম্মিত বৃহৎ জলপাত্র; যথা,

"মস্তকে ধরিয়া গঙ্গাজলের কলস।
(চৈতন্য ভাগবৎ)

কলা, বি, (কদলী শব্দজ) রম্ভা, কদলীফল। মানিক্য, মর্ত্ত্যমান, অমৃত প্রভৃতি কদলীর বহু প্রকার ভেদ আছে। (দেশ-বিদেশে সর্ব্বশুদ্ধ কত প্রকার কলা আছে,তাহার বিশেষরূপে নির্দ্দেশ করা কঠিন; তবে মোটামুটি যতগুলির নাম জানা যায়, তাহা লিখিত হইল; যথা—মানিক্য, মর্ত্ত্যমান্, অমৃত, চম্পক (চাঁপা), ঢাকাই মর্ত্ত্যমান, কালি বৌ বা কাবুলীকলা, কাঁঠালী, লতা কাঁঠালী, মালভোগ, চিনি-চাঁপা, ঠোটে কলা, কাঁচকলা, ডোগরে কলা, সোনাকলা, বীচাকলা, অগ্নীশ্বর, ঘিঞ, অনু-পাম, বত্রিশছড়ী, শিঙ্গাপুরী, কানাইবাঁশী, মদনা, তুলসী কলা, দয়েকলা, সয়াকলা, সিঁদুরেকলা, বেসিনে কলা, রুসথলী, যবদ্বীপে কলা, ফিলি-পাইনে কলা, বেগুনে কলা, ওরঙ্কো কলা; ২। কৌশল, হাবভাব; যথা—

'বচন ইঙ্গিতে কত নয়ন ভঙ্গিতে।
কত গণ্ডা কলা তায় কহিতে কহিতে।"
(ঘনরাম)

৩। মিথ্যা, কিছুই না।

কলাকন্দ, বি, কলার বড়া।

কলান, বি, গজান, কচান।

কলাবৌ, বি, (কদলীবধু শব্দজ) কদলী, দাড়িম্ব, ধান্য হরিদ্রা, কচু, মানকচু, বেল, অশোক ও জয়ন্তী এই নবপত্র যুক্তা স্ত্রী মূর্ত্তি, সূত্রাদি বদ্ধা নব দুর্গা। চলিত কথায় অতিশয় লজ্জাশীলা অবগুণ্ঠনবতী বধূ-কেও বুঝায়।

কলি, বি, (কলহ শব্দজ) কলহ, বিবাদ; যথা,—

"গোবিন্দ দৈব নিয়োজনে,
কলি কৈল মারদনে,
শ্রী কবিকঙ্কণ রসভাবে।" (কবিকঙ্কণ)

কলিকা, বি, ধূমপানাধার বিশেষ; তামাকুর আধার।

কলিচূণ, বি, সজলাদ্রক চূণ,সজল-দ্রব চূণ।

কলিজা, বি, বক্ষঃস্থলের গ্রন্থি।

কলিঙ্কে, বি, (কলঙ্ক শব্দজ) চিহ্ন; ১। বিস্বাদ।

কলিফিরাণ,—চূণকাম করা (to whitewash)।

কলু, বি, তৈলিক তৈলকার জাতি। (উত্তর পশ্চিম প্রদেশে "ঘানিগাছকে" কলু বলে। বঙ্গদেশে দেশে কলু, এখানে তিলি জাতি)। মালদহ জেলার উত্তর পশ্চিম অঞ্চলে কলু অর্থে

ঘাণিকাঠ ও ঘাণিকাঠ বুঝাইতে কলু শব্দ ব্যবহৃত হয়। [বিশেষ।

কল্কা, বি, কাপড়ের সুন্দর পাড়

কল্কলান, কল্কলানী, বি, জল-স্রোতের কলকল শব্দ।

কল্কণীয়, বিং, বিবাদী, ঝগড়া-টিয়া। [আধার।

কল্কী, বি, (হিন্দী) তামাকুর

কল্লা, বি, করলা উচ্ছে। (উত্তর বঙ্গে "কল্লে" বলে); ২। বিং ঝগড়াটিয়া, অতিশয় বাচাল, দুষ্ট, শঠ।

কবচ, কবজ, বি, সাঁজোয়া; ২। বিঘ্ন নিবারক তন্ত্রোক্ত মন্ত্র বিশেষ। ঐ মন্ত্র ভূর্জ্জপত্রে লিখিয়া শরীরে ধারণ করিলে কোন বিঘ্ন ঘটে না।

কবীরপন্থী, বি, বৈষ্ণব সম্প্রদায় বিশেষ, রামানন্দের দ্বাদশ শিষ্যের মধ্যে অন্যতম শিষ্য কবীর এই সম্প্রদায়ের প্রবর্ত্তক।

কশি, বি, (পারশী কশীশ=রেখা —যাহা টানিয়া লেখা যায়) রেখা।

কষ, বি, রস, যেমন হরিতকীর কষ, বাবলার ছালের কষ।

কষটু, বিং (পারশী) কষা।

কষনী, কষুনী, বি, ধমকানি, আঁটনি, তাড়না।

কষা, বি, চাবুক, বেত্র; ২। কটুরস, ধাতুপাত্রে অম্ল দ্রব্য রাখিলে যে বিস্বাদ হয়। উগ্র; ৩। বিং কৃপণ, ব্যয়কুণ্ঠ, যেমন লোকটা ভারি কষা; ৪। আঁট —যাহাতে কষ্ট হয়; যেমন জুতা জোড়াটী পায়ে বড় কষা হইয়াছে।

কষাকষি, বি, তাড়না; ২। দ্রব্যাদির মূল্য হ্রাসের চেষ্টা।

কষাণি, বি, ক্লেদ, পূঁয।

কষাটে, বিং বিস্বাদ; ২। কৃপণ।

কষুটী, বি, অপুষ্ট ফল।

কষুয়া, কষো, বিং বিস্বাদযুক্ত।

কষ্টা, বিং (কষায় শব্দজ) কষা।

কষ্টিপাথর, বি, প্রস্তর বিশেষ, যে প্রস্তরে সোণারূপা পরীক্ষা করিয়া মূল্য নিরূপণ করে।

কষ্টস্বষ্টে ক্রি বিং অতি ক্লেশে, মহায়াসে।

কস্, বি, মুখের প্রান্তভাগ, উভয় ওষ্ঠের প্রান্তভাগ।

কস্‌কসানি, বি, আক্রোশ, ক্রোধে গাত্রজ্বলন। [বেশ্যা।

কসবী, বি, (যাবনিক) বারাঙ্গনা,

কসরৎ, বি, (যাবনিক) আজ্ঞানুরূপ অঙ্গ সঞ্চালন (Drill)।

কসাই, বি, (যাং) গোঘাতক; যাহারা মাংস বিক্রয়ের জন্য পশুবধ করে।

কসাড়, বি, তৃণ বিশেষ, কেশে ঘাস।

কসামাজা, বি, অঙ্ক কসিতে শিক্ষা; ২। দ্রব্যাদি ক্রয় কালীন মূল্য হ্রাসের চেষ্টা।

কসি, বি, দীর্ঘ সরলরেখা, "—" এইরূপ চিহ্ন; ২। আমের আঁঠির মধ্যস্থ জিহ্বাকার বস্তু।

কসুর, বি, (যাং অথবা সংস্কৃত কৃচ্ছ্র শব্দজ কি?) ত্রুটী, হীনতা।

কস্ত, বি, (যাং) ব্যায়াম, শিক্ষা।

কস্তী, বি, অগ্ন্যুৎপাদক পার্শীরা আপনাদের কোমরের সুতাকে কস্তী বলে।

কস্তুর, কস্তুরী, বি, (কস্তূরিকা শব্দজ) সুগন্ধি দ্রব্য বিশেষ, মৃগনাভি। কামরূপী, নেপালী, এবং কাশ্মীরী ভেদে কস্তূরী তিন প্রকার। তন্মধ্যে কামরূপী কস্তূরী সর্ব্বশ্রেষ্ঠ; ২। কচু জাতীয় বৃক্ষ বিশেষ।

কস্তুরা, বি, মুক্তাগার, শুক্তি।

কহন, বি, কথন, উল্লেখন, জ্ঞাপন।

কহর, বি, কোপ, দণ্ড, শাসন; যথা,—

"নহবে কহর দেখে প্রাণ কেঁদে উঠে।"
(ভারতচন্দ্র)

কহা, ক্রি, বলা, বর্ণন করা।

কহাকবি বি, স্বভাবকবি; যথা,—

"সভাসদ তোমার ভারতচন্দ্র রায়।"
কহাকবি মহাভক্ত আমার দয়ায়।"
(অন্নদামঙ্গল)

কহাকহি, বি, বলাবলি।

কহুয়া, বিং বাচাল।

কাই, বি, লেই, মণ্ড।

কাইট, কট, বি, কল্ক, শিটা; মলা, দ্রব্যের অসার অংশ।

কাইত, বিং হেলা, বক্র, আড়।

কাইল, বি, কল্য, কাল।

কাউ, বি, পক্ষী বিশেষ, কাক পক্ষী।

কাউনি, বি, শস্য বিশেষ।

কাউর, বি, ক্ষত বিশেষ, ঘা, এই ঘা বালকের পদাদিতে হয়।

কাএদা, বি, (যাং) নিয়ম, রীতি ২। আবদ্ধ।

কাএম, কায়েম, বি, (যাং শক্ত, দৃঢ়, স্থির।

কাওয়া, বি, (ইং coffee শব্দজ) কফিয়া আরেবিকা নামক বৃক্ষের শুষ্কফল। আরব, পারশ্য, ভারতবর্ষ প্রভৃতি দেশে জন্মে।

কাওয়াজ, বি, (যাং) বন্দুকের গুলি ছোড়া।

কাওয়ান, বি, আবর্ত্তন, আওটান

কাওয়ালী, বি, (কাবালী শব্দজ) সঙ্গীতের তাল বিশেষ।

কাওরা, বি, নীচজাতি বিশেষ।

কাঁইমাই, বিং দুর্ব্বোধ্য, অস্পষ্ট ; যথা,—

"শুনিয়াছি সে দেশের কাঁইমাই কথা।
হায় বিধি সে কি দেশ গঙ্গা নাই যথা।"
(ভারতচন্দ্র)

কাঁওল, কামল, বি, রোগ বিশেষ, পাণ্ডুরোগ ; এই রোগে সমুদয় শরীর হরিদ্রাবর্ণ হয়।

কাঁক, কাঁখ, বি, (কঙ্ক, এবং কক্ষ শব্দজ) পক্ষী বিশেষ, কাঁক-পক্ষী ; ২। কক্ষদেশ, বগল ; যথা,—

"মাথায় ধবল ছাতি খুঙ্গি পুঁথি কাঁখে।
দণ্ড কমণ্ডলুধারী পরব্রহ্ম ডাকে॥"
(ঘনরাম)

কাঁকই, কাঁকুই, বি, (কঙ্কতিকা শব্দজ) চিরুণী, বড় বড় দাঁত-ওয়ালা চিরুণী। পূর্ব্ববঙ্গে চিরুণী মাত্রকেই কাঁকই বলে।

কাঁকড়া, বি, (কর্কট শব্দজ) কর্কট ; যথা,—

"ছেলে ছোকরা খুঁদ কাঁকড়া।"
(পঞ্চানন্দ)

কাঁকড়াশৃঙ্গী, বি, কণ্টকীলতা বিশেষ।

কাঁকবিরালী, বি, কক্ষদেশের [ব্রণবিশেষ।

কাঁকর, বি, (কঙ্কর শব্দজ) কাঁকর, কুয়ুই, ক্ষুদ্র প্রস্তর খণ্ড।

কাঁকরা, বিং কঙ্করময়, কঙ্করযুক্ত।

কাঁকরী, কাঁকড়ী, বি কলার ছোট গাছ ; ২। বৃষ্টি না হইলে জমিতে লাঙ্গল দিয়া ধান বুনিয়া মই দেওয়াকে নদীয়া জেলায় "কাঁকরী বা কাঁকড়ী করা" বলে।

কাঁকবো, কাঁকড়ো, বিং প্রসবান্তে বহুদিন পরে যে সময়ে গাভীর দুগ্ধ অল্প অথচ ঘন হয়, সেই অবস্থার নাম কাঁকরো বা কাঁকড়ো।

কাঁকরোল, বি, ফলবিশেষ এই, ফলের উপরিভাগে কাঁঠাল ফলের ন্যায় কাঁটা আছে। উত্তর ও পূর্ব্ববঙ্গে ইহার নাম "কাঁকরে"।

কাঁকলা, বি, গন্ধ দ্রব্যবিশেষ।

কাঁকলাস, বি, (কৃকলাস শব্দজ) গিরগিটি।

কাঁকাল, বি, কাঁকালি, বি,(কঙ্কাল শব্দজ) কটিদেশ, কোমর ; যথা,—

"শঙ্করের সাজ দেখি তাড়া দিয়ে যায়।
কাঁকালি ভাঙ্গিল দেবি বামপদ ঘায়।"
(ঘনরাম)

কাঁকিনী, বি, স্ত্রী মহিষ ; ২। পূর্ণবয়স্কা স্ত্রী ; ৩। অত্যুচ্চবৃক্ষ।

কাঁকুড়, বি, (কর্কটি শব্দজ) অপক্ক ফুটি।

কাঁকুনি, বি, চাঁচুনি।

কাঁচ, বি, (কাচ শব্দজ) বালি ও ক্ষার দ্বারা উৎপন্ন বস্তুবিশেষ, পরকলা।

কাঁচকড়া, বি, তিমি মৎস্যের দন্ত-স্থানে এক প্রকার কোমল অস্থি আছে; তাহাকে কাঁচ-কড়া কহে।

কাঁচলি, কাঁচুলি, বি, (কঞ্চুলিকা শব্দজ) স্ত্রীলোকের অঙ্গ রক্ষিণী. স্তনাচ্ছাদক বস্ত্রবিশেষ; যথা—

"লাক্ষার কাঁচলি, চমকে বিজুলি।"

২। তারা পশ্চিমে ছিল. তাই কাঁচুলি পরে। (দীনবন্ধু)

কাঁচকলস, বি, কাঁচকূপী,বোতল।

কাঁচকলা, বি, রম্ভাবিশেষ।

কাঁচকা, বি, সর্ষপাদির ডাঁটা।

কাঁচড়াদাম, বি, শাকবিশেষ, কলমী প্রভৃতি শাকের ডাঁটা; যথা,—

ক্ষুদ কিছু ধার লইও সইয়ের ভবনে।
কাঁচড়া ক্ষুদের জাউ রান্ধিহ যতনে॥"
(কবিকঙ্কন)

কাঁচমণি, বি, স্ফটিকবিশেষ।

কাঁচলবণ, বি, সৈন্ধব লবণ।

কাঁচা, বিং অপক্ক, অপরিণত, শিশু, মূঢ়।

কাঁচামিঠা, বি, (কাঁচা-মিঠা মিষ্ট শব্দজ) উৎকৃষ্ট আম্রবিশেষ, যাহা কাঁচা অবস্থাতেই মিষ্ট।

কাঁচি, বি, গুঞ্জা, কুঁচ; ২। মোটা সূতায় "গচ (ঘন) বুনানি কাপড়।

কাঁচী, বি, কর্ত্তরিকা, ছেদনী; ২। বিং অসম্পূর্ণ, ক্ষুদ্র।

কাঁজি, বি, (কাঞ্জিক শব্দজ) পর্য্যুষিতান্নের অম্লজল, আ-মানি; যথা,—

"পাচ মাসে কাঁজি করঞ্জায় যায় মন।
ছয় মাসের বেলা তারে না রুচে ওদন॥"
(কবিকঙ্কন)

কাঁট, বি, ভগাঙ্কুর, যোনিদ্বারের উপরিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্র মাংস-পিণ্ডবিশেষ।

কাঁটা বি, (কণ্টক শব্দজ) বাবলা, সাঁই প্রভৃতি বৃক্ষের গাত্রস্থ সূচী; যথা,—

কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে।"
(সদ্ভাবশতক)

২। মৎস্যের অস্থিবিশেষ; ৩। পীড়াজনক দ্রব্য; ৪। ক্ষুদ্র শত্রু; ৫। দ্রব্যাদি ওজনের জন্য লৌহ নির্ম্মিত বৃহৎ দাঁড়ি পাল্লা।

কাঁটাকুড়. বি. কণ্টকময় স্থান, গহন।

কাঁটানটিয়া, বি, কণ্টকময় নটিয়া [শাক।

কাঁটাল, কাঁঠাল, বি, (কণ্টকী ফল শব্দজ) কাঁঠাল ফল।

কাঁটালিকলা, বি, রম্ভাবিশেষ।

কাঁটাসিজ, বি, কণ্টকবিশেষ,

ইহা চৌশিরা, গায়ে লম্বা লম্বা কাঁটা হয়।

কাঁটী, কাঠী, বি, লৌহবর্ত্তুল-বিশেষ, মৎস্তধারনার্থ জালস্থ লৌহবর্ত্তুল ; ২। শুকপক্ষীর গল রেখা ; ৩। কটুবাক্য, কুকথা।

কাঁঠিমালা, বি, (কণ্ঠমালা শব্দজ) গলদেশের অলঙ্কারবিশেষ।

কাঁড়, বি, কাণ্ড, বাণ।

কাঁড়ন, কাঁড়ান, বি, পরিষ্কার-করণ, ভানন, নিস্তুষকরণ।

কাঁড়রা, বিং স্থূল, মোটা।

কাঁড়া, বি, তৈল ওজন করা পাত্র বিশেষ ; ২। বিং পরিস্কৃত, নির্ম্মলীকৃত।

কাঁড়াদাস, বি, অপরিণত বয়স্ক মূর্খ অথচ গোঁয়ার লোক।

কাঁড়ি, বি, রাশি, স্তূপ ; ২। তাল-কাষ্ঠ।

কাঁত, কাঁথ বি, ভিত্তি, প্রাচীর ; ২। জীর্ণ দেওয়াল। মেদিনী-পুর জেলার দেওয়ালকে কাঁত বা কাঁথ বলে।

কাঁতড়া, কাঁথড়া, বি, ভগ্ন প্রাচীর, প'ড়ো ঘরের ভাঙ্গা দেওয়াল।

কাঁথি, বি, (কান্তি শব্দজ) কান্তি, শোভা, শ্রী ; যথা,—

"নবীন জলদ কাঁতি, ইন্দুজিনি নখপাতি,
আজানুলম্বিত ভুজদণ্ড।"
(কবিকঙ্কণ)

২। প্রাচীর।

কাঁথা, বি, (কন্থা শব্দজ) কন্থা, জীর্ণবস্ত্র রচিত আস্তরণ।

কাঁথী, বি, আড়ুরি, নদীর উচ্চ-তীর। [রোদন।

কাঁদন, বি, (ক্রন্দন শব্দজ) ক্রন্দন,

কাঁদনি, বি, কাতরোক্তি, বিলাপ-বাক্য ; ২। সর্প বৈদ্যদিগের গীতবিশেষ ; যথা,—

"এখনি ধরিত সাপ কাঁদনি গাহিয়া।"
(ভারতচন্দ্র)

কাঁদা, কাঁধা, বি, কূল, কিনারা।

কাঁদাকাঁদি, বি, (স্কন্ধাস্কন্ধি শব্দজ) এক জনের স্কন্ধ হইতে অপ-রের স্কন্ধে লওন ; ২। পরস্পর বিলাপ।

কাঁদাড়ি, বি, জুলী, নালী ; ২। গুচ্ছ ; ৩। যন্ত্রবিশেষ।

কাঁদী, বি, স্তবক, গুচ্ছ, থোবা ; যথা,—

"হাত দিলে ধূলা উড়ে যেন কেয়াকাঁদী।"
(ভারতচন্দ্র)

২। কলার মোচা হইতে যে ফলরাজি দেখা যায়, তাহাকে কলার "কান্দি" বা "কাঁদি" বলে। অনেক ছড়ায় কাঁদি।

কাঁধ, বি, (স্কন্ধ শব্দজ) কন্ধর, ভার বহনের স্থান।

কাঁধাড়ি, বি, পর্ব্বতের ধার ; ২। গৃহের পশ্চাদ্ভাগ।

কাঁধার, বি, কূল, কিনারা।

কাঁপন, কাঁপনি, (কম্পন শব্দজ) কম্পন্, নড়ন।

কাঁসর, বি, (কাংসশব্দজ) কাংস-নির্ম্মিত বাদ্যযন্ত্র বিশেষ; ২। রোগ বিশেষ।

কাঁসলা, বি, স্বর্ণকারের স্বর্ণ রৌপ্যের পাত হইতে টোপ তুলিবার যন্ত্র বিশেষ।

কাঁসা, বি, (কাংস্য শব্দজ) রাঙ ও তাঁমা মিশ্রিত ধাতু।

কাঁসারি, বি, (কাংস্যকার শব্দজ) কাংস্যবণিক। [সময়।

কাঁহাতক, ক্রি বিং কতক্ষণ, কত

কাক্, কাগ, বি, স্বনামপ্রসিদ্ধ পক্ষী। [নিদ্রা।

কাকতন্দ্রা, বি, লঘু নিদ্রা, ক্ষণিক

কাকভুশুণ্ডী,—ভুশুণ্ডা-কাক বহু কাল বাঁচিয়া ছিল বলিয়া, সাধারণতঃ দীর্ঘজীবী লোক-দিগকে এই বিশেষণে অভিহিত করা হয়। (ভুশুণ্ডীর বৃত্তান্ত সম্বন্ধে যোগবাশিষ্ঠ রামায়ণ দ্রষ্টব্য)।

কাকমারি, বি, একজাতীয় বৃক্ষ ও তাহার ফল। ইহার শুষ্ক ফল অনেকাংশে সীমের বীজের ন্যায়, কৃষ্ণ পাটলবর্ণ, কুঞ্চিত। উড়িষ্যা, ত্রিবাঙ্কুর প্রভৃতি স্থানের পার্ব্বত্য অরণ্যে জন্মে।

কাকলা, বি, সুগন্ধিদ্রব্য বিশেষ।

কাকলাস, বি, (কৃকলাস শব্দজ) জন্তুবিশেষ, বড়জেঠী।

কাকাতুয়া, বি, পক্ষীবিশেষ।

কাকা, বি, খুল্লতাত; ২ কাকরব।

কাকী, বি, (যাবনিক) পিতৃব্য-পত্নী, খুড়ী; ২। বায়সী।

কাকু, বি, ভয় শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি, কাকুতি-মিনতি; যথা,—

"শুনিয়া দ্বিজের কাকু শ্রীগৌরাঙ্গসুন্দর।
হাসিয়া তাহানে কিছু করিল উত্তর॥"
(চৈতন্য ভাগবত)

২। সঙ্গীতে স্বরবিকার হওয়ার নাম কাকু।

কাকুতি, বি, (কাকুক্তি শব্দজ) কাতরোক্তি, খেদোক্তি, মিনতি, অনুনয়।

কাগজী, বি, কাগজ প্রস্তুতকারক; ২। লেবুবিশেষ।

কাঙ্গনী, বি, প্রাকার শীর্ষ।

কাঙ্গাল, কাঙ্গালী, বিং দরিদ্র, নিঃস্ব, ধনহীন; যথা,—

"লুঠি বাঙ্গালার লোক করিল কাঙ্গাল।"
(অন্নদামঙ্গল)

২। প্রার্থী, ভিক্ষুক; যথা—

"যৌবনে অধিক ব্যয়ে বয়সে কাঙ্গালী॥"
(ভারতচন্দ্র)

কাঙ্গালীপণা, বি, দীনতা, দরিদ্রতা।

কাঙ্গুর, বি, গঙ্গোদকপাত্রবিশেষ, গঙ্গাজলের পাত্রবিশেষ।

কাঙ্গুরাঘড়ী, বি, পেটাঘড়ি; যথা,—
"কোঠায় কাঙ্গুরা ঘড়ী নহবৎ নিশান।
(ভারতচন্দ্র)

কাঙরী, বি, কামরূপ প্রদেশ।

কাচ, বি, কাঁচ, পরকলা; ২। কাল্পনিক বেশ, ছল; ৩। খেলা; যথা,—
কবি রামপ্রসাদ দাসে গো ভাষে, মা
কত কাচগো কাচ॥" (কালীকীর্ত্তন)
৪। অশুভ নিবারক প্রক্রিয়া বিশেষ, মাথায় কুটা ছোয়ান, অঙ্গুলি দংশন ও অন্যান্য প্রকরণদ্বারা পূর্ব্বে স্ত্রীলোকেরা মঙ্গলাচরণ করিতেন এখনও পল্লীগ্রামে অনেক স্থলে ঐ সকল রীতি আছে। তাঁহারা এখনও ছেলে পিলেকে কোথাও পাঠাইবার সময় নানারূপ ঐ সকল "কাচ" করেন; ৫। বন্ধন; যথা,—
"তুরিতে ঘুচাইনু নীবিক কাচ।"
(বিদ্যাপতি)

কাচ্‌কা, বি, সর্ষপের বিচালি, সরিষার ডাঁটা।

কাচ্‌কাচা, বি, ছদ্মবেশধারণ; যথা,—
"আয়োর মিশালে বুড়ী
নানা কাচ কাচে।
পাকতৈলে দেখ মোর
কেশ পাকিয়াছে।
(কবিকঙ্কণ)

কাচকূপী, বি, কাচের বোতল বিশেষ।

কাচ্‌তয়া, বি, কর্ত্তরী, কাস্তিয়া, কাঁচি; ২। অসার ভাগ, কাস্তে। বিশেষ।

কাচ্‌তি, বি, অস্ত্রবিশেষ, দা-

কাচন, বি, ধৌত করণ, প্রক্ষালন; ২। কপট বেশধারণ।

কাচা, বি, নূতন খণ্ড বস্ত্র বিশেষ; যথা,—
"তখন সাজায়ে মাচা, কলসী কাচা
বিদায় দিবে চণ্ডী বেশে। (রামপ্রসাদ)
২। বিং প্রক্ষালিত, ধৌত; ৩। ক্রি, ধৌত করা।

কাচি, বি, স্থূল রজ্জু, মোটা দড়ী; ২। কাস্তেকে কোন কোন স্থানে "কাচি" বলে।

কাচিম, কাছিম, বি, (কচ্ছপ শব্দজ) জলজন্তু বিশেষ, কূর্ম্ম।

কাচ্চা, বাচ্চা, বি, সন্তানসন্ততি, ছেলেপিলে।

কাছ, বি, নদীর কূল; ২। বিং সমীপ, নিকট।

কাছা, বি, (কচ্ছ শব্দজ) পুরুষের পরিহিত বস্ত্রের শেষভাগ।

কাছা আল্‌গা, বিং অসতর্ক, অসাবধান।

কাছাকাছি, বিং সন্নিকট, নিকটানিকটি।

কাছাড়, বি, নদীর কূল; ২।

আঘাত, আছাড় ; ৩। প্রদেশ বিশেষ। [ধান।
কাছাটিলা, বিং অসতর্ক, অসাব-
কাছাধরা, বিং উপাসক, খোসা-মুদিয়া। [ঘনান।
কাছান, বি, নিকটবর্ত্তী হওন,
কাছারি, বি, (যাবনিক) ধর্ম্মাধিকরণ, বিচারস্থল।
কাছী, বি, স্থূল রজ্জু, কড়চা দড়ি; যথা,—
তিনটে কাছী কাছাকাছি,
যুক্ত বাধা মূলাধারে।" (রামপ্রসাদ)
কাছে, ক্রি বিং নিকট, সন্নিধানে; ২। ক্রি সজ্জা করে, যোজনা করে।
কাছেকাছে, ক্রি বিং সঙ্গে সঙ্গে, নিয়ত নিকটে।
কাজ, কায, বি, (কার্য্য শব্দজ) কর্ম্ম, কার্য্য।
কাজকর্ম্ম, বিং, ক্রিয়া ও অন্যান্য ব্যাপার।
কাজর, বি, (কজ্জল শব্দজ, হিন্দি কাজর, দেশজ "কাজল") কাজল ; যথা,—
কলিজা কাজর করি লিখি চাদমুখ।
(বলরাম দাস)
"চকিত চকোর. জোরি বিধি বান্ধল,
কেবল কাজর পাশ।" (বিদ্যাপতি)
কাজরা, বি, শুঁয়া পোকার জাতীয় একরূপ কীট বিশেষ। ইহাদের গায়ে লোম নাই।

কাজল, বি, (কজ্জল শব্দজ) অঞ্জন, চক্ষুর লেপন দ্রব্য ; যথা,—
"অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে।"
(ভারতচন্দ্র)
কাজলা, বি, শুকপক্ষী বিশেষ ; ২। বংশ বিশেষ ; ৩। ইক্ষু বিশেষ ; ৪। ধান্য বিশেষ, কাজোল ধান্য—ইহা পশ্চিমাঞ্চলে রোপা হয়, বাঙ্গালাতেও মধ্যে মধ্যে হয়, চাউল মোটা।
কাজিয়া, বি, (যাবনিক, কজীয়র =ঝগড়া, বিবাদ) কলহ, বিবাদ, বিতর্ক।
কাজী, বি, (যাবনিক, কজীয়র =ঝগড়া বা বিতর্ক করা) যবন জাতীয় বিচারক, যে বিতর্ক যুক্ত কথার মীমাংসা করে ; যথা,—
"গুরিক্ষা বলেন রায় দোঁহে যদি রাজি।
কি করিতে পারে তবে মীর মিঞা কাজী।"
(ঘনরাম)
কাঞ্জী, বি, পান্তভাতের আমানি ; ২। বিং ক্ষুদ্র, ছোট, (মাণিক চাঁদের গান দ্রষ্টব্য)।
কাজীয়াৎ, বি, কাজীর কার্য্য।
কাট্, বি, তৈলমল ; ২। ক্রিং কর্ত্তন কর। [বিশেষ।
কাট্ছাতা, বি, কোঁড়ক, ছত্র
কাট্তি, বি, বিক্রয়াধিক্য।

কাটন, বি, ছেদন, খনন ; ২। সূত্র নির্ম্মাণ করণ।

কাট্না, বি, (কর্ত্তন শব্দজ) সূত্র কর্ত্তন ; ২। সুতাকাটা যন্ত্র, চর্কা। [কাটা।

কাটনাকাটা, বিং চরকায় সুতা-

কাট্নী, বি, সূত্রনির্ম্মাণকারিনী ; ২। সূত্রাদি কাটার মজুরি।

কাটরা, কাঠ্রা, বি, কাষ্ঠ গৃহ, কাষ্ঠবেষ্টনী।

কাটা, বিং (কর্ত্তন শব্দজ) ছেদিত, কর্ত্তিত ; ২। ক্রি, কর্ত্তন করা।

কাটাই, বি, কাটানী, কর্ত্তন মূল্য।

কাটাকাটি, বি, পরস্পর হত্যা-করণ। [ক্ষুদ্র কাষ্ঠ।

কাটাকুটি, বি, ক্ষুদ্র তৃণাদি, খড়,

কাটান, বি, যাপন, ক্ষেপণ ; ২। কর্ত্তন ; ৩। জলের পথ করিয়া দেওন ; ৪। বশীকরণাদি মন্ত্রের প্রতিপ্রসব মন্ত্র।

কাটানী, বি, সুতা কাটার মজুরী।

কাটারী, বি, (কর্ত্তরী শব্দজ) ছোরা, ক্ষুদ্র দা ; যথা—

"কাটারি পরশে টুটে প্রলয়ের জল।
পার্ব্বতী পালান লাজে মালার একল।"
(ঘনরাম)

২। কীটবিশেষ, কাটারি পোকা ইহারা বেগুন, আলু প্রভৃতি গাছের অনিষ্ঠ করে।

কাটিখাল, বি, খনিত বৃহৎ জলাশয় (canal)।

কাটিঘা, বি, সর্পাঘাত।

কাটী, বি, কুচি, ক্ষুদ্র তৃণাদির খণ্ড, ক্ষুদ্র কাষ্ঠাদি।

কাটুরকুটুর, বি, কর্ত্তন শব্দবিশেষ; যথা,—

"তাহার ইন্দুরে করে কাটুরকুটুর।"
(ভারতচন্দ্র)

কাট্য, বিং, (কাটা শব্দজ) উল্লঙ্ঘ্য, খণ্ডনীয়।

কাঠ, বি, (কাষ্ঠ শব্দজ) কাষ্ঠ।

কাঠকাটা, বি, কাষ্ঠ ছেদন।

কাঠকূয়া, বি, কেঠুয়া, কাঠের জলসেচনী।

কাঠখড়ি, বি, দৃঢ়খড়ি বিশেষ।

কাঠগড়, বি, উদূখল।

কাঠগড়া, বি, কাষ্ঠনির্ম্মিত বেড়া, গরাদিয়া ; যথা—

"চারিদিকে কাঠগড়া মত্তহাতী মাঝে।
তার মাঝে গেল যেন ভাবি ধর্ম্মরাজে॥"
(ঘনরাম)

কাঠগোলাপ, বি, পুষ্পবিশেষ, ইহা দেখিতে গোলাপ পুষ্পের ন্যায় কিন্তু তাদৃশ গন্ধ নাই।

কাঠ্ছাতা, বি, কোড়ক।

কাঠ্জালি, বি, বিট লবণ ; ২। বৃক্ষের অস্থায়ী ফল।

কাঠ্ঠোকরা, বি, পক্ষীবিশেষ, ইহারা সচরাচর কাষ্ঠে ঠোকর মারিয়া থাকে।

কাঠনেকার, বি, (কাঠ—কাষ্ঠ শব্দজ, নেকার—ন্যক্কার শব্দজ) নীরস কাষ্ঠবৎ নেকার, শুষ্ক বমন, উকি।

কাঠফুল, কাঠমল্লিকা, বি, পুষ্প-বিশেষ, বনজাত মল্লিকা পুষ্প।

কাঠবিড়াল, বি, বৃক্ষমার্জ্জার জন্তু বিশেষ, স্বনাম প্রসিদ্ধ জন্তু।

কাঠ্‌রা, বি, (কাষ্ঠাগার শব্দজ কি?) কাষ্ঠ নির্ম্মিত গৃহ, কাষ্ঠ বেষ্টনী।

কাঠরিয়া, বি, কাষ্ঠ ছেদক, যাহারা কাষ্ঠ কাটে।

কাঠা, বি, ভূমির পরিমাণ বিশেষ, ৮০ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ পরিমিত ভূমি; ২। ধান্যাদির পরিমাণ পাত্র, রেক।

কাঠাকালি, বি, কাঠার পরিমাণ অঙ্ক। [গণনা।

কাঠাকিয়া, বি, শতাবধি কাঠা

কাঠাম, বি, (কাষ্ঠময় শব্দজ কি?) বংশাদি রচিত আকৃতি, প্রতিমার পঞ্জর।

কাঠার, বিং শক্ত, কর্কশ, পরুষ।

কাঠাল, বি, কণ্টক ফল; ২। বিং যুবা, দৃঢ়তর, শক্ত।

কাঠিনী, বি, খড়ি।

কাড়ন, বি, তোলন; ২। পরি-স্করণ; বলদ্বারা গ্রহণ।

কাড়া, বি, বাদ্যযন্ত্র বিশেষ, ঢক্কা, ইহার এক মুখে চর্ম্মাচ্ছাদনী, গলায় ঝুলাইয়া বাজাইতে হয়; যথা,—

"বাজিল বৃটিশ দামামা কাড়া।"

(হেমচন্দ্র)

২। বিং লুণ্ঠিত, বলপূর্ব্বক অপহৃত; ৩। ক্রি, প্রকাশ করা, বাহির করা।

কাড়াকাড়ি, বি, পরস্পর বলদ্বারা গ্রহণ; যথা,—

"উঠিয়া শ্রীধর দাস করে কাড়াকাড়ি।"

(চৈতন্য ভাগবত)

কাড়ান, বি, পুষ্পপাতন ক্রিয়া-বিশেষ; যেমন চৈত্রমাসে সংক্রান্তির সময় গাজনে সন্ন্যাসীরা ফুল কাড়ায়; স্বীকার করান; ৩। বৃষ্টি, বাদল; যথা,—

"আষাঢ়ে কাড়ান্ নাম্‌কে,
শ্রাবণে কাড়ান্ বান্‌কে।"

(খনা)

কাণ, বি, (কর্ণ শব্দজ) কর্ণ, যথা,—

"পুরুষের কাণ কাটে ধরে শক্তি হীরা।"

(ভারতচন্দ্র)

২। কৌশল, চাতুরী, যথা,—

'ভাঁড়ুদত্ত কহে কাণ কথা।'

(কবিকঙ্কণ)

কাণ্‌কাটা, বিং (কাণ—কর্ণ শব্দজ, কাটা—কর্ত্তন শব্দজ) যে কাণ কাটে, এতদ্দেশীয় স্ত্রীলোকেরা

বালক বালিকা রোদন করিলে বা অবাধ্যতা প্রকাশ করিলে তাহাদিগকে কাণকাটার ভয় দেখাইয়া শান্ত করা হয়; ২। জুজু।

কাণ্কামড়ানি, বি, কর্ণ রোগ বিশেষ, এই রোগে কাণের ভিতর অসহ্য ব্যথা হয় ও কট্‌কট্ করে।

কাণ্কুয়া, কাণ্কো, বি, মাছের ফুল্‌কো; কাণ্কো মৎস্যের মাথার দুইধারে অবস্থিত।

কাণ্কোটারি, বি, (কর্ণকীট শব্দজ কি?) কীট বিশেষ।

কাণ্খড়কিয়া, বিং শ্রবণে সতর্ক।

কাণ্খড়খড়ি, বিং মনযোগী, সতর্ক।

কাণ্খাড়া, বিং শুনিতে সতর্ক, কোন বিষয় শুনিতে কর্ণকে অধিকতর নিয়োজিত রাখা।

কাণ্খুন্টী, বি, কর্ণমল নির্গত করণের শলাকা বিশেষ।

কাণ্চটা, বি, বৃক্ষছালের উপর জন্মে কর্ণাকার ছাতা।

কাণতড়পা, বি, কর্ণভূষণ বিশেষ।

কাণপাকা, বি, কর্ণ রোগ বিশেষ, এই রোগের প্রথমাবস্থায় কাণের ভিতর ফোলে, কট্‌কট্ করে ও শেষে পূজ হয়।

কাণপাটা, বি, (কাণ—কর্ণ, পাটা—পট্ট শব্দজ) জুল্পী. কর্ণের নিম্নস্থ কোমল অংশ।

কাণপাতলা, বিং অন্যের কথা অন্যের নিকট কথক, যে এক জনের কথা অপরের নিকট ব্যক্ত করে।

কাণভাঙ্গান, বি, অসাক্ষাতে কুৎসাবাক্য কহিয়া অসন্তোষ জন্মান, কুমন্ত্রণা দেওন।

কাণভারি, বি. কুমন্ত্রণা দ্বারা অসন্তোষ জন্মান।

কাণমুথা, বি, (কাণ—কর্ণ, মুথা—মূল শব্দজ কি?) কর্ণমূল, কর্ণের নিকটবর্ত্তী স্থান।

কাণা, বি, (কাণ শব্দজ) এক চক্ষু হীন; ২। পাত্রাদির ধার, কিনারা।

কাণাকাণি, বি, (কর্ণাকর্ণি শব্দজ) গোপনে পরামর্শকরণ. কর্ণে কর্ণে গুপ্ত কথা বলন, পরস্পর বলাবলি; যথা,—

"প্রথম মাসের গর্ভ জানি বা না জানি।
দোয়জ মাসের বেলা লোকে কাণাকাণি"
(কবিকঙ্কণ)

২। প্রায় পাত্র পরিপূর্ণ হওন; যথা,—

"যমুনা হইল কাণাকাণি।"

কাণাঘুষা, বি, পরস্পর বলাবলি, যেমন আমি কাণাঘুষায় কথাটা জানিতাম।

কাণাচি, কাণচি, বি, গৃহের

পশ্চাদ্ভাগ, ছাঁচতলা, ঘাঁটি; ২। আড়ি পাতিয়া কথা শুনা। [কাণখাড়া।

কাণাটীয়া, বিং কাণাড়ি পাতা,

কাণাড়ি, কাণাড়িপাড়া, বি, গোপনে থাকিয়া বাক্য শ্রবণ, গাটা দেওন; ২। গূঢ় শ্রোতা।

কাণাৎ, বি, (কাণ্ডপট শব্দজ কি ?) তাঁবু, কাপড়ের ঘর; ২। পর্দ্দা।

কাণামাছি, বি, শিশুদিগেয় ক্রীড়া বিশেষ, নেত্রবন্ধ ক্রীড়া।

কাণি, কাণী, বি, জীর্ণবস্ত্র খণ্ড, নেকড়া; ২। ডাহিনাদি বাদ্যযন্ত্রের ছাউনীর কিনারা পুরু চর্ম্ম দ্বারা বেষ্টিত থাকে, সেই স্থলকে 'কানী' কহে; ৩। মাপ বিশেষ, পূর্ব্ববঙ্গে জমি ১২০ নল দীর্ঘ ও ১০ নল বিস্তার—বিঘা ২৮৩৷৷৴ হইলে এক 'কাণি, হয়; ৪। এক চক্ষুহীনা।

কাণিপাবদা, বি, মৎস্য বিশেষ।

কাণিমাগুর, বি, মৎস্য বিশেষ।

কাণুটি, বি, কাণমলা, কাণে পাক দেওয়া।

কাণুনগো, বি, (যাবনিক) খাতা-পত্র বিষয়ের অধ্যক্ষ, ভূমি মাপ কারক।

কাণেকাণে, ক্রি বি, কর্ণকুহ-রের সমীপে; ২। পাত্রের ধার পর্য্যন্ত, কাণায় কাণায়।

কাণেড়া, বি, রাগিণী বিশেষ।

কাণোড়, বি, সর্প বিশেষ, কাঁদোড় সাপ; ২। বৃক্ষ বিশেষ।

কাণোড়া, বিং অধীন, অনুগত; ২। উপাসক।

কাণ্টাকুছুরি, বি, তন্তুবায়দিগের যন্ত্র বিশেষ; লোহার নির্ম্মিত, ইহা দ্বারা সুতা গাথা হয়।

কাণ্টান, বি, খাটান, লাগান।

কাণ্টাল, বি, লতা বিশেষ।

কাণ্ঠা, বিং কলহ কারিনী; ২। (উত্তর বঙ্গে) কোন দ্রব্যের কানা।

কাণ্ঠী, বি, দুর্ম্মুখা স্ত্রী।

কাণ্ডজ্ঞান, বি, (কাণ্ড—অধ্যাত্ম-জ্ঞান) প্রকরণ বোধ, বিবেচনা; ২। স্থূল জ্ঞান, মোটামুটি-জ্ঞান; যেমন হরির কিছু মাত্র কাণ্ডজ্ঞান নাই।

কাণ্ডাকাণ্ড, বিং (কাণ্ড—অকাণ্ড) ন্যায় অন্যায়, উচিতানুচিত।

কাণ্ডার, বি, বস্ত্রগৃহ, পর্দ্দা; যথা,—

"কাপড় কাণ্ডার আড়ে কানড়া রূপসী।
ঘরের বারত পুছে দুর্ম্মুখা ধুমসী।"
(ঘনরাম)

কাণ্ডারী, বি, কর্ণধার, নাবিক, মাঝি; যথা,—

"বাহ বাহ বলি ঘন ডাকিছে কাণ্ডারী।"
(মনসামঙ্গল)

কাৎ, বি, মূল্য ; ২। সারগুণ। ৩। পার্শ্ব, দিক ; ৪। তাস বা পাশা খেলার এক দলের ক্রীড়ক ; ৫। পরিমাণ।

কাৎলা, বি, (সং কাতল শব্দজ) বৃহৎ মৎস্য বিশেষ, কাৎলা মাছ।

কাত, বি, (কুত্র শব্দজ) কোন স্থানে, কোথায় ; যথা—

"না কর কপট প্রভু সংসারের নাথ।
বিদিত হইলা আর লুকাইবা কাত॥"
(চৈতন্য ভাগবত)

কাতরাণ বি, কোঁকানি, ক্লেশ-যুক্ত বাক্য কথন ; ২। ক্লিষ্ট-ভাব প্রদর্শন ; যথা,—

"এক চক্ষু কাতরায়ে ছোট নরে যায়।
আর চক্ষু রাঙ্গা হ'য়ে বড় জনে চায়।"
(ভারতচন্দ্র)

কাতা, বি, নারিকেল ছোপার দড়ি।

কাতান, বি, (কর্ত্তন শব্দজ) অস্ত্র বিশেষ, কাটারি।

কাতার, বি, জনশ্রেণী, পংক্তি, সারিসারি ; যথা,—

"সিফাই সকল চলে কাতারে কাতার।"

২। মালদহ জেলার এক প্রকার আমন ধান্যের নাম কাতার, ইহার চাউল সরু।

কাতারি, বি, ঘট, ত্রিজেল ; ২। ঘানিগাছের কাষ্ঠ বিশেষ, যাহাতে প্রস্তরাদি ভার চাপান থাকে।

কাতারী, বি, (কর্ত্তরী শব্দজ) অস্ত্র বিশেষ, কাটারি।

কাতি, বি, (কর্ত্তরিকা শব্দজ) শঙ্খ ছেদনাস্ত্র, শাঁখের করাত ; যথা,—

"কাতি দিব গলে, প্রবেশিব জলে,
অনলে তেজিব প্রাণ॥"
(ভারতচন্দ্র)

২। কালী ; ৩। কার্ত্তিক মাস ; ৪। মেদনীপুর অঞ্চলে এবং বঙ্গদেশের স্থানে স্থানে কাস্তেকে "কাতি" বলে।

কাতিয়ারি, বি, ধান্য বিশেষ, কার্ত্তিকশাল ধান। কার্ত্তিক শাল বহুশ্রেণীর আছে, যথা— কৈলা, আসমিতা, বাগদার, লক্ষ্মী বিলাস, ভোজনশালি, বাবরিয়া, করকটিয়া ইত্যাদি। স্থানভেদে ভিন্ন নাম যথা— ডাকা, নারিডাকা, অশ্বিনা, পুরন্দর ও লারাঙ্গ প্রভৃতি। কার্ত্তিক মাসের শেষে পাকে বলিয়া কার্ত্তিক শাল নাম।

কাতুর, বি, অস্ত্র বিশেষ, স্বর্ণ-কারের কর্ত্তন অস্ত্র বিশেষ ; ২। ঘানিগাছের ভার কাঠ।

কাতে, বি, দিকে; ক্রি বিং কিসে, কি নিমিত্ত। [গোপনে।
কাতেকাতে, ক্রি বিং ছলে,
কার্ত্তুয়া, বি, পানপাত্র, চষক।
কাদড়া, কাদড়াটিয়া, বিং কর্দ্দমাক্ত, ঘোলা।
কাদা, বি, (কর্দ্দম শব্দজ) কর্দ্দম্, পাঁক; ২। স্ত্রীরজঃ জনিত উৎসব বিশেষ।
কাদাখেঁড়ু, কাদাখেঁড়ো, বি, স্ত্রী রজঃ জনিত উৎসব। স্ত্রীলোকের পুনর্ব্বিবাহের সময় কাদা মাখিয়া যে খেউড়, পাঁচালি প্রভৃতি গান হয়, তাহার নাম কাদাখেঁড়ু। যথা,—

"কাদাখেঁড়, খুদমাগা নারিন্থু রচিতে।
কি করি বাড়িছে পুঁথি বিষাদ তাহাতে।"
(কৌতুক বিলাস)

কাদাখোঁচা, বি, পক্ষী বিশেষ।
কাদাটিয়া, বিং কর্দ্দমযুক্ত।
কাদান, বি, ক্ষেত্র জলমগ্ন করণ।
কাদান, বিং ঘোলা, অস্বচ্ছ।
কাদিবাদী, বিং বিবাদী, প্রতিবাদী।
কাদ্দা, বি, কাটারি, দা।
কান, বি, (কিন্নর শব্দজ কি?) সঙ্গীত ব্যবসায়ী জাতি বিশেষ; ২। পক্ষী বিশেষ। [নিক।
কানাট, বি, গাড়ীর চাকার

কানাড়া, কানড়, বি, প্রাচীন কালের স্ত্রীলোকের কেশ বিন্যাস বিশেষ। ১৬ গুচ্ছের বিননী ৪টীতে পরিণত করিয়া বাঁধিবার রীতি ছিল। কানড় সাপ যেরূপ কুণ্ডলী পাকাইয়া থাকে, ইহা দেখিতে সেইরূপ বলিয়া, বোধ হয়, কানাড়া নাম হইয়া থাকিবে। যথা,—

"ধনী কানাড়া ছাঁদে বাঁধে কবরী।
মন মালতী মাল তাম্তি উপরি।"
(গোবিন্দ দাস)

কানাৎ, বি, বস্ত্রগৃহ, তাঁবু; যথা,—

"কাণাৎ পড়িল কত সিফায়ের ডেরা।
পরিসর আড়ে দীঘে বার ক্রোশ ধরা॥"
(ঘনরাম)

কানায়ে, বি, রন্ধনপাত্র, হাঁড়ি।
কানাসী, বি, মৎস্যের ফুল্কা।
কানুড়, বি, লতা বিশেষ।
কানূন, বি, (যাবনিক) বিধি, রাজব্যবস্থা।
কানূনগো, বি, (যাবনিক) মুসলমান রাজত্বকালে ভূমি সম্পত্তির এক প্রকার রেজিষ্টার ছিলেন। কোন স্থানে কত ভূমি, কোন ভূমির কিরূপ উর্ব্বরতা, কাহার কত ন্যায্য কর ইত্যাদি হিসাব এই কর্ম্মচারী রাখিতেন; ২। রাজবাটীর খাতাপত্র বিষয়ের অধ্যক্ষ।

কান্তকড়া, বি, লৌহ নির্ম্মিত কটাহ বিশেষ।

কান্দন, বি, (ক্রন্দন শব্দজ) ক্রন্দন; ২। ক্রি—কাঁদা, ক্রন্দন করা।

কান্দাল, কাঁদাল, বি, অস্ত্রবিশেষ।

কান্না, বি, (ক্রন্দন শব্দজ) ক্রন্দন, রোদন।

কান্নাকাটি, বি, শোকতাপ।

কাপ্, বি, কৌতুক, ছলনা; ২। ব্রাহ্মণের সমাজবন্ধন বিশেষ, ভঙ্গ কুলীন; ২। বিং—কপট, কৌতুককারী, যথা,—

"কেহ বলে ঐ এল শিব বুড়া কাপ।
কেহ বলে বুড়াটী খেলাও দেখি সাপ॥"
(অন্নদামঙ্গল)

কাপ শব্দটী কৌতুক বা ছল অর্থে পূর্ব্ব ও উত্তরবঙ্গে যথেষ্ট প্রচলিত।

কাপ্‌টিয়া, কাপ্টে, বি, শঠ, ধূর্ত্ত; ২। কৃপণ।

কাপটী, বি, খামুটী।

কাপড়, বি, বসন, বস্ত্র।

কাপড়চোপড়, বি, বস্ত্রাদি। কাপড়চোপড় বুঝাইতে পূর্ব্ববঙ্গে কোন কোন স্থানে কাপড়লতা শব্দ ব্যবহৃত হয়।

কাপড়িয়া, কাপুড়ে, বিং বস্ত্রবিক্রেতা, বস্ত্রব্যবসায়ী।

কাপড়্যা, বি, কাপালিক; যথা—

"হাটে বাঘছাল বেচে ফুল্লরা রূপসী।
যতনে কিনয়ে তাহা কাপড়্যা সন্ন্যাসী।"
(কবিকঙ্কন)

কাপা, বি, উত্তরবঙ্গে পলীজাতীয় রমণীরা বুকের উপর দুই কি আড়াই হাত দীর্ঘ এবং দেড় হাত কি পৌণে দুই হাত বহরের পাতলা সতরঞ্চির ন্যায় এক প্রকার বস্ত্র ব্যবহার করে, ইহাকে "কাপা" বলে এবং এইরূপ কাপড় পরাকে 'বুকনি বাঁধা' বলে। আর ঐ আকারের ঘরে বুনা চটের নাম ঝালং।

কাপালিক, বি, বামাচারী তান্ত্রিক বিশেষ; ২। জাতি বিশেষ, কপালি জাতি। [তুলা।

কাপাস, বি, (কার্পাস শব্দজ)

কাপাসে, বি, ফুস্কা, ফুস্‌ফুস্।

কাপেকাপ, ক্রি বিং নিশ্ছিদ্রভাবে। [কৃপণতা।

কাপ্টান, বি, সঙ্কোচ করণ; ২।

কাফর, কাফের, বিং (যাবনিক) নাস্তিক। মুসলমানেরা স্বীয়ধর্ম্ম ব্যতীত অন্য ধর্ম্মাবলম্বীদিগকে কাফের বলে।

কাফ্‌রি, কাফ্রি, বি, (যাবনিক) আফ্রিকার নিগ্রোজাতি।

কাফি, বি, (ইং coffee) দ্রব্য বিশেষ।

কাবা, বি, (যাং) ছল, ব্যাজ ; ২। গাত্রবস্ত্রবিশেষ।

কাবান, বি, আওটান, আলোড়ন।

কাবাব, বি, (যাং) শূল্যপক্ক মাংসাদি।

কাবাবচিনি, বি, ক্ষুদ্রবৃন্তযুক্ত মরিচাকার দ্রব্য বিশেষ।

কাবার, বি, (যাং) মাসের শেষ দিন ; শেষ, সমাপ্তি।

কাবারী, বি, মৎস্য বিক্রেতাজাতি বিশেষ, নিকারী ; যথা--

"মৎস্য বেচিয়া নাম ধরাল্য কাবারী।"
(কবিকঙ্কণ)

২। বাশের শলাকা, বাখারী।

কাবাসী, বি, পক্ষীবিশেষ।

কাবলা, বিং (যাং) কাজলা, ঈষৎ কৃষ্ণবর্ণ বিশিষ্ট।

কাবল্যামটর, বি, কলায় বিশেষ।

কাবু, বিং (পারশী কাবু—অধিকার, আয়ত্ত) দুর্ব্বল, কৃশ।

কাম, বি, (কর্ম্ম শব্দজ) কর্ম্ম, কার্য্য, ব্যাপার; ২। আবশ্যক।

কামঠা, বি, ধনুক।

কামড়, বি, দন্তাঘাত।

কামড়ান, বি, দংশন করণ।

কামড়াকামড়ি, বি, পরস্পর দন্তাঘাত করণ।

কামড়ানি, বি, শরীরের বেদনা।

কামবায়্যা, বিং কামুক, কামাসক্ত।

কাম্‌রা, বি, প্রকোষ্ঠ, গৃহ।

কামরাঙা, বি, ফলবিশেষ।

কামাই, বি, (যাং) অনুপস্থিত, অনাগমন।

কামান, বি, উপার্জ্জন; ২। ক্ষৌরকর্ম্ম করণ ; ৩। আগ্নেয়াস্ত্র বিশেষ ; ৪। নী,—ক্ষৌরমূল্য।

কামার, বি, (কর্ম্মকার শব্দজ) জাতি বিশেষ, যাহারা লৌহের কর্ম্ম করে।

কামিজ, বি, (যাং—কামিজ্) জামা বিশেষ, অঙ্গাচ্ছাদকবিশেষ, (shirt)।

কামিনা, কামিলা, বি, শিল্পী, কারিগর ; যথা,—

"কেমন করিয়া, কৈলে কামিলার বেটা।
শঙ্খের উপরে এত নির্ম্মাণের ঘটা।"
(শিবায়ন)

কায়ক্লেশে, ক্রি বিং অতিক্লেশে, যোগেযাগে।

কায়দা, বিং (যাং) অধীন, আয়ত্ত

কায়ফল, বি, কট্‌ফল।

কায়বার, বি, স্তুতিবাক্য, গুণকীর্ত্তনপূর্ব্বক প্রশংসা ; যথা—

"ব্রাহ্মণেতে বেদ পঠে ভাটে কায়বার।"
(চৈতন্যমঙ্গল)

২ বিং কুজড়া, বিবাদকারী।

কায়া, বি, (কায় শব্দজ) দেহ, শরীর।

কায়েত, বি, (কায়স্থ শব্দজ)

জাতিবিশেষ, সর্ব্বোৎকৃষ্ট শূদ্র-জাতি। [স্থির।

কায়েম, বিং (যাং) দৃঢ়, মজবুত, কায়েমী পাট্টা, চিরস্থায়ী অধিকার পত্র।

কার, বি, রেশমী ঘুনসি; ২। গবাদির গ্রীবাদেশের ক্ষত-বিশেষ; ৩। দায়, বিপাক, যেমন লোকটা ভারি কারে পড়েছে; ৪। সর্ব্ব—কাহার, কোন ব্যক্তির। [কারিগরী।

কারকিৎ, বি, (যাং) কার্য্যনৈপুণ্য,

কারকুণ, বি, (যাং) যে কর্মচারী জমাজমির আদায় উসুলের কাগজপত্র প্রস্তুত করেন।

কারণকণ্ঠ, করমকণ্ঠ, বি, অতি সংক্ষিপ্ত ব্যয়; ২। অভাব।

কারপরদার, কারপরদাজ, বি, (যাং) ভৃত্য, চাকর।

কারখানা, বি, (পা, কার—কার্য্য, খানা—গৃহ) কার্য্যালয়।

কারচুপি, বি, (যাং) কৌশল, ধূর্ত্ততা।

কারদানি, কেরদানি, বি, (যাং) কৃতিত্ব, কার্য্যকুশলতা।

কারবার, বি, (যাং) কর্ম্ম, কার্য্য, ব্যবসায়। [দার।

কারবারী বিং ব্যবসায়ী, ব্যবসা-

কারসাজি, বি, (যাং) কৌশল, চতুরতা, কপটতা।

কারাঙ্গী, বি, উত্তরবঙ্গে কামরাঙ্গা ফলকে কারাঙ্গী বলে।

কারিকর, কারিগর, বি, শিল্পকর, শিল্পী।

কারিকুরী, কারিগিরি, বি, শিল্প-বিদ্যা, শিল্পনৈপুণ্য।

কারিন্দিয়া, বিং কর্ম্মণ্য, অতিশয় আবশ্যকীয়।

কার্থরা, বি, সৌগন্ধ লতা বিশেষ।

কার্ণিস, বি, প্রাকার শীর্ষ বা ধার; ২। কোনও কিছুর সৌন্দর্য্য সাধক উর্দ্ধস্থিত বহির্গতাংশ, cornice)।

কালকচু, বি, কৃষ্ণবর্ণ কচু।

কালকাসুন্দা, বি, (সং—কাসমর্দ্দ) বৃক্ষ বিশেষ।

কালকিষ্টি, বিং অতিশয় কৃষ্ণবর্ণ বিশিষ্ট, অত্যন্ত ময়লা।

কালঘাম, বি, (কাল-ঘাম—ঘর্ম্ম শব্দজ) বিষম ঘর্ম্ম, অতিরিক্ত পরিশ্রম জনিত দেহে যে ঘর্ম্ম বহির্গত হয়; যথা,—

"প্রাণ করে আইঢাই,
দেহে কালঘাম ছুটে।"

কাল্‌পেঁচা, বি, পেচক বিশেষ।

কাল্‌পেসা, বি, শ্যামালতা।

কাল্‌বোস, বি, মৎস্য বিশেষ।

কালমেঘ, বি, তিক্ত আস্বাদযুক্ত বৃক্ষ বিশেষ, মহাতিতা।

কালশার, বি, কৃষ্ণসার হরিণ।

কালশিরা, বি, ক্ষত চিহ্ন, কৃষ্ণবর্ণ চিহ্ন, কড়া। [কাল।

কালসাঁজি, বি, প্রদোষ, সন্ধ্যা-

কালা, বি, মৎস্যধরা বর্ষা, টেঁটা ; ২। বিং—বধির ; ৩। মহা-শীতল ; ৪। কৃষ্ণবর্ণ।

কালাদানা, বি, একজাতীয় লতা ও তাহার শুষ্কীকৃত বীজ। ভারতবর্ষের সর্ব্বত্র জন্মে।

কালাপাতী, বি, (যাং) নৌকা-তলে শণ সুত্রাদি দ্বারা ছিদ্রা-বরোধ।

কালামুখ, বিং (কাল-মুখ) ধিক্কার-সূচক শব্দ ; ২। নির্লজ্জ, বেহায়া ; যথা,—

"আমারে মিলিল পতি কালা কালামুখ।"

(ভারতচন্দ্র)

কালি, কালী, বি, (কাল শব্দজ) মসী ; ২। একত্র সঙ্কলন ; ৩। দৈর্ঘ্য ও প্রস্থের গুণন ; ৪। আগামী কিংবা গত দিবস।

কালিকা, বি, টাকার কিস্তিবন্দী ; ২। আগামী কল্য।

কালিচা, কালচে, বি, কালশিরা, কৃষ্ণবর্ণ চিহ্ন। [ছাওনী।

কালিঞ্চ, বি, জীর্ণ চাল, পুরাতন

কালিয়াকড়া, বি, বৃক্ষবিশেষ।

কালোয়াৎ, বি, (কলাবৎ শব্দের অপভ্রংশ) যিনি গীত বাদ্যাদি বিষয়ে পারদর্শী।

কাবাই, বি, (যাং) বুককাটা জামা বিশেষ।

কাবারী, বি, বংশ নির্ম্মিত শলাকা, বাথারি ; ২। ছত্র, টোকা।

কাবাল, বি, (যাং) যাহারা কেবল খেয়াল প্রভৃতি গান করে, তাহাদিগের নাম কাবাল।

কাবেজ, বিং (পারশী) আয়ত্বাধীন।

কাশ, কাস, বি, কাশরোগ ; ২। কেশেতৃণ।

কাশন্দি, কাসুন্দি, বি, (কাশ-মন্দ শব্দজ) আমের আচার।

কাশী, কাসী, বি, (কাশ শব্দজ) কাশরোগ।

কাসাভা, বি, (ইং kasava) মূল বিশেষ। পূর্ব্ববঙ্গে ইহাকে শিমুল আলু এবং মেদিনীপুরে শাকরকন্দ কহে। ইহার মূল হইতে টেপিওকা নামক খাদ্য ও একরূপ ময়দা প্রস্তুত হয়।

কাস্তিয়া, কাস্তে, বি, ধান্যাদি ছেদনার্থ অস্ত্র বিশেষ। ইহা লৌহ নির্ম্মিত, আকার দ্বিতীয়ার চন্দ্রের ন্যায়।

কাহন, বি, (কার্ষাপণ শব্দজ) ষোড়শপণ।

কাহার, বি, (স্কন্ধাবার শব্দজ) যানবাহক, বেহারা ; যথা—

"কাহার প্রভৃতি যারা ছুটিয়া পালায়।
তাহা দেখে দাস্থ বাস্থ কাঁদে উভরায়॥"
(ভারতচন্দ্র)

কাহারব্যা, বি, (যাং) তাল বিশেষ, ইহাতে দুইটী তাল ও পাঁচটী মাত্রা আছে।

কাহাল, বি, বৃহৎ ঢক্কা বিশেষ, এই যন্ত্রকে শর বা তৃণধ্বজ দিয়া বাজাইতে হয়; যথা,—
"জয়ঢাক বীরঢাক মৃদঙ্গ কাহাল।
দামামা দগড় শঙ্খ বংশী করতাল॥"
(চৈতন্য ভাগবত)

কাহিনী, বি, বিবরণ, গল্প, প্রস্তাব; যথা—
"চোরা না মানে ধর্ম্মের কাহিনী।"
(প্রবাদ)

কাহিল, বিং (পারশী, কায়েল—পরাজিত) দুর্ব্বল, ক্ষীণ, কৃশ।

কাহু, কাহুয়া, বি, বৃক্ষ বিশেষ, অর্জ্জুন বৃক্ষ; ২। শৃগালের রব।

কি সর্ব্ব, (কিম শব্দজ) জিজ্ঞাসা বোধক শব্দ; ২। প্রশ্ন; ৩। আশ্চর্য্য বা বিস্ময়ার্থ।

কিংখাপ, বি, বস্ত্র বিশেষ।

কিচড়, কিচা, বি, পঙ্ক, কাদা।

কিচ্কিচান, বি, কিচ্‌কিচ্‌ শব্দ করণ।

কিচ্‌মিচ্‌, বি, কিসমিস ফল; ২। বানরদিগের শব্দ;

কিছু, বিং (কিঞ্চিৎ শব্দজ) কিয়ৎ, অল্প।

কিছুকিছু, বিং কিঞ্চিৎ কিঞ্চিৎ, অল্প অল্প।

কিজাতি, বিং কোন প্রকার, [কেমন।

কিজানি, বিং বুঝি, পাছে; যথা,—
"কি জানি চোরের ধন বাটপাড়ে লয়।"
(ভারতচন্দ্র)

কিট্‌কিট্‌, বি, মলমূত্রাদি অপবিত্র বস্তু; ২। প্রতিরোধার্থ বারংবার বাক্য প্রয়োগ; ৩। গলা কুট্‌কুট্‌ করণ, চুলকাণ।

কিট্‌কিটা, বিং অতিশয় মলিন।

কিড়মিড়, কিড়মিড়ি, বি, দন্তের ঘর্ষণশব্দ, অব্যক্তধ্বনি।

কিণন, কিনন, বি, ক্রয়করণ, মূল্য দ্বারা গ্রহণ।

কিতা, বি, (পা) পৃথক্ পৃথক্ চৌহদ্দীভুক্ত এক এক খণ্ড জমি; ২। প্রণালী, রীতিনীতি।

কিতাদোরস্ত, বিং (পা) প্রণালীশুদ্ধ [প্রশ্নার্থ।

কিনা, বিং ক্রীত; ২। সন্দেহার্থ,

কিনারা, বি, কূল, তট; ২। পার্শ্ব, ধার, সীমা; ৩। উপায়;

কিফাইত, কিফাত, বি, (যাং) উপার্জ্জন, লাভ উপায়।

কিম্ভূতকিমাকার, বি, কুৎসিত আকৃতিবিশিষ্ট।

কিস্মৎ, বি, (যাং) মূল্য, দাম, যেমন কোহিনুরের কিস্মৎ পাচ জুতা।

কিয়া, বি, প্রতিফল, উপযুক্ত শাস্তি; যথা—

"আমারে যেমন, মারিলি তেমন,
পাইবি তাহার কিয়া।"
(ভারতচন্দ্র)

কিয়ারি, বি, গবাদির ক্ষতস্থানে কীট নিবারক প্রক্রিয়াবিশেষ।

কিরা, কিরে, বি, শপথ, দিব্য।

কিরাট, কীরাট, বি, ব্যাপারী; ২। বিং—কৃপণ, লোভী।

কিরীচ, বি, (যাং) অস্ত্রবিশেষ।

কিরূপ, বিং কি প্রকার।

কির্‌কির্‌, বি, বালুকাময়ত্ব।

কির্‌কিরা, বি, নাসিকালঙ্কার-বিশেষ।

কিল্‌, কীল্‌, বি, বদ্ধমুষ্টি।

কিল্‌কিল্‌, বি. বহুসংখ্যক মনুষ্য কিম্বা পশ্বাদির একত্রিত গমনাগমন; ২। অব্যক্তশব্দ।

কিলান, বি, মুষ্ট্যাঘাত করণ।

কিল্লা, কেল্লা, বি, (যাং) গড়, দুর্গ। [ফলবিশেষ।

কিশ্‌মিশ্‌, বি, (যাং) সুমিষ্ট

কিস্‌মিৎ, বি, (যাং) মৌজার অংশকে কিস্‌মিৎ কহে। উভয় জমিদারের জমি পরস্পরের জমিদারীর মধ্যে থাকিলে তাহাকেও কিস্‌মিৎ বা পিত্তল-গোলা কহে।

কিস্তি, বি, (যাং) ঋণ পরিশোধের বন্দোবস্ত; ২। মালি-বোঝাই বৃহৎ নৌকা; ৩। খাজনা আদায় বা দিবার নির্দ্দিষ্ট সময়; ৪। দাবা খেলায় কোন বলের দ্বারা বিপক্ষ রাজাকে ধরা; যথা,—

"পীলের কিস্তি মাত হ'ল। (রামপ্রসাদ)

কিস্তীবন্দী, বি, (যাং) ঋণ পরিশোধের সময় অবধারণ।

কিস্তীবন্দীখত, বি, যে খতে একেবারে টাকা না দিয়া কিস্তি কিস্তি টাকা দিবার কড়ার থাকে।

কীড়া, বি, কৃমি, কীট, পোকা।

কীর্ত্তনীয়া, কীর্ত্তন গায়ক।

কীলাকীলি, বি, ঘুষাঘুষি।

কুআ, কূয়া, বি, (কূপ শব্দজ) কৃত্রিম ক্ষুদ্র জলাশয়বিশেষ. পাতকূয়া।

কুআড়া, বি, কুরীতি, কুপদ্ধতি।

কুই, বি, (মালদহে) কূয়া।

কুঁকড়ন, বি, সঙ্কোচন, জড়সড় হওন।

কুঁক্‌ড়িসুকড়ি, বি, সঙ্কুচিত।

কুঁচ, বি, (কুঞ্চিকা শব্দজ) গুঞ্জ; ২। গুঞ্জা পরিমাণ। [বক।

কুঁচবক, বি, বকবিশেষ, কুণো-

কুঁচ্‌কী, বি, উরু সন্ধিস্থান ; ২। উরু সন্ধিতে বেদনা বা দাহ হওন।

কুঁচি, কুঁচা, বি, ক্ষুদ্রকাষ্ঠখণ্ড ; ২। মার্জ্জনী, ঝাঁটাবিশেষ।

কুঁচিয়া, বি, মৎস্যবিশেষ, কুঁচেমাছ।

কুঁচিলা, কুচিলা, বি, একজাতীয় বৃক্ষের শুষ্কীকৃত পক্ক বীজ। এই বীজ চক্রাকার, ট্যাপ্টা, অর্দ্ধমুদ্রার ন্যায়, ঈষৎ ন্যুব্জ। (Noxvomica). ইহা বিষফল

কুঁজ, বি, (কুব্জ শব্দজ) বক্রপৃষ্ঠ ; ২। বিং,—যাহার পিঠ বাঁকা।

কুঁজড়ানী, কুজড়ানী, বিং বিবাদকারিণী, ঝগড়াটিয়া; ২। ফলমূল বিক্রয় কারিণী। (স্ত্রীলিঙ্গেই এই শব্দটী অধিকতর খাটে। ফলমূল বিক্রয় প্রায় স্ত্রীলোকেই অধিকাংশ স্থলে করিয়া থাকে এবং ছোটলোকের ঘরের মেয়েরা কোন্দলে অতিশয় মজবুত হইয়া থাকে যথা,—

"কুঁজড়ানী কোলে করি ভাসিল কুঁজড়া।"

(ভারতচন্দ্র)

কুঁজ, কুঁজো, বি, জলপাত্রবিশেষ; ২। বিং—বক্রপৃষ্ঠবিশিষ্ট।

কুঁজি, কুজী, বিং (কুব্জী শব্দজ) যে স্ত্রীলোকের পৃষ্ঠদেশ কুব্জ ; (কুঞ্চী শব্দজ) চাবি, চাবি অর্থে "কুঁজিকাটি"ও কোন কোন স্থানে বলে। উড়িষ্যা প্রদেশে চাবি অর্থে কুঁজি শব্দ প্রচলিত।

কুঁড়, কুঁড়া, বি, (কুণ্ডন শব্দজ) তুষকণা, তুষের ক্ষুদ্রাংশ, চাউলের আবরক কর্কশ পিষ্টত্বক ; ২। পেষণ পাত্র, যাহার উপর পেষণ করা যায়, যথা,—

"নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই।"

কুঁড়ন, বি, খনন, ভূমি বিদারণ ; যথা,—

"বসন্তস্বামীর সখা, মোরে আসি দেহ দেখা
কণ্ড কুঁড়ি জ্বালহ অনল।"

(কবিকঙ্কণ)

কুঁড়ি, কুঁড়ী, বি, কোরক, মুকুল ; ২। পাত্রবিশেষ।

কুঁড়িয়া, কুঁড়ে, বি, (কুটীর শব্দজ) পত্রাদি নির্ম্মিতগৃহ ; ২। বিং অলস।

কুঁদ, বি, (কুন্দ শব্দজ) পুষ্পবিশেষ ; ২। ঘর্ষণ যন্ত্রবিশেষ।

কুঁদন, বি, (কুর্দ্দন শব্দজ) লম্ফন, লাফান ; ২। কুঁদ যন্ত্রে কাষ্ঠাদি পরিষ্কার করণ।

কুঁদল, কোঁদল, বি, (কোন্দল শব্দজ) বিবাদ, ঝগড়া।

কুঁদো, বি, (স্কন্ধ শব্দজ কি ?) কাষ্ঠের স্থূল বৃহৎ খণ্ড, গুঁড়ি।

কুক্, বি, (কুক্ষি শব্দজ) কুক্ষিদেশ ; ২। অব্যক্ত শব্দবিশেষ।

কুকড়া, কুঁক্‌ড়া, বি, (কুক্কুট শব্দজ) কুক্কুট, মোরগ; যথা—
"বকরী বকরা মরে কুঁকড়ী কুঁকড়া"
(ভারতচন্দ্র)

কুকাপ, বি, উদ্বেগ, ঝঞ্ঝাট; ২। বিং কুৎসিত, মন্দ।

কুকুর, বি, (কুক্কুর শব্দজ) গৃহপালিত পশুবিশেষ।

কুকুরছিট্‌কী, বি, বৃক্ষবিশেষ, কুকুরসোঁকার গাছ।

কুক্কুরব, বি, কুক্কুটধ্বনি, পায়রার শব্দ।

কুচকাচা, বি, কাষ্ঠাদির কুচি; ২। খণ্ডবস্ত্র।

কুচক্কুরে, বি, (কুচক্রী শব্দজ) কুটিল, কুপরামর্শদাতা।

কুচন, বি, খণ্ডখণ্ড করণ, ছেদন; ২। (কুঞ্চন শব্দজ) কুঁকড়ন।

কুচনী, বি, (কুচবিহার রাজ্যের অধিবাসী কোচ বা কোঁচ বলে) কোচনী; যথা,—
"নিজ অঙ্গ যদি মোর অঙ্গে মিলাইবা।
কুচনীর বাড়ী তবে কেমনে যাইবা॥"
(অন্নদামঙ্গল)

কুচল, বিং পঙ্কিল, দুর্গম।

কুছ, বিং (হিন্দী) কিঞ্চিৎ, কিছু অল্প।

কুচ্ছা, কুচ্ছ, বি, (কুৎসা শব্দজ) নিন্দা, অপবাদ।

কুচ্ছিত, বিং (কুৎসিত শব্দজ) কদর্য্য, অপকৃষ্ট।

কুজড়, বিং, বিবাদকারী; ২। অধম।

কুজড়া, বিং ঝগড়াটিয়া।

কুট, বি, তৃণ, খড়; যথা,—দাঁতে করি কুট।

কুট্‌, বি, দংশন, শূল; ২। (কুষ্ঠ শব্দজ) রোগবিশেষ, কুষ্ঠরোগ।

কুট্‌কুট, কুট্‌কুটানি, বি, কণ্ডূয়ন, চুলকানি।

কুটন, বি, (কুট্টন শব্দজ) খণ্ড খণ্ড করণ; চূর্ণন, গুঁজন।

কুটনা, বি, পাকার্থ খণ্ড খণ্ডকৃত তরকারী।

কুট্‌নি, বি, (কুট্টনী শব্দজ) সঙ্ঘটিকা, দূতী; যথা—
"কুট্‌নী গস্তানী, বড় যে মস্তানী,
উভে উভে দিব শূলে।"
(ভারতচন্দ্র)

কুট্টনীপনা, বি, ঘটকতা, দূতীপনা।

কুট্টরী, কুঠরী, বি, ক্ষুদ্রগৃহ; ২। পাকাঘর।

কুট্‌পাট, বিং বিষম্‌, ভয়ানক, যেমন, কুট্‌পাট ঝগড়া।

কুটা, বি, টুক্‌রা, তৃণাদির খণ্ড; যথা,—
"পরাণে কাতর যম পড়িল ভূমেতে।
শিবের কিঙ্কর বলি কুটা নিল দাঁতে॥"
(কবিকঙ্কণ)

কুটান, বি, দলান্‌, মাড়ান।

কুটিকুটি, বিং খণ্ড খণ্ড, টুক্‌রা টুক্‌রা।

কুটিনাটি, খুটিনাটি, বি, ছলনা, চাতুরী ; ২। সামান্য বিষয় লইয়া বাদানুবাদ ; যথা,—

"অতএব গৃহে তুমি কৃষ্ণ ভজ গিয়া।
কুটিনাটি পরিহর একান্ত হইয়া॥"
(চৈতন্যভাগবত)

কুটিয়া, বিং (কুষ্ঠ শব্দজ) কুষ্ঠ-রোগী।

কুটী, কুঠী, বি, কর্ম্মস্থান, ২। ভাণ্ডার ; যথা—

"এই সংসার সুখের কুটী, যার যেমন মন তেম্নি ধন, মনকে কর পরিপাটী॥"
(আজু গোসাই)

কুঠীবালা, কুঠীওয়ালা, বি, বণিক, সওদাগর ; ২। যাঁহারা ধরাট বা কমিশন লইয়া হুণ্ডী প্রভৃতি দ্বারা টাকার চালানী কারবার করেন।

কুড়্, বি, (কুষ্ঠ শব্দজ) ঔষধি বিশেষ ; ২। স্তূপ, রাশি ; ৩। তুষকণা।

কুড়, কুড়া, বি, বিঘা, ২০ কাঠা পরিমাণ ; যথা,—

"মাপে কোণে দিয়া দড়া, পনর কাঠায় কুড়া, নাহি শুনে প্রজার গোহারী।"
(কবিকঙ্কণ)

কুড়ন, বি, আহরণ, সঞ্চয় করণ ; ২। খনন, বিদারণ।

কুড়ল, বি, (কুরর শব্দজ) মৎস্য ভোজী পক্ষী বিশেষ ; ২। কুঠার। [কুঠার।

কুড়াল, কুড়ুল, বি, (কুঠার শব্দজ)

কুড়ি, বি, সংখ্যা বিশেষ, ২০ ; ২। (কুষ্ঠ শব্দজ) কুষ্ঠরোগ, কুষ্ঠরোগ গ্রস্ত ; যথা —

"কার নন্দ বেটী, কারে দিনু ভেটী, যে বলে সে হবে কুড়ি।"
(ভারতচন্দ্র)

কুড়্তা, বি, রাঙতা।

কুড়িয়া, কুড়ে, বিং অলস, কার্য্যে তৎপরতা বিহীন।

কুণ, বি, বীণাদির শব্দ। [বিশেষ।

কুণী, বি, নখপ্রান্তভাগের রোগ

কুণো, বিং লজ্জাশীল, ত্রাসযুক্ত।

কুণ্ড, বি, স্বভাবজাত জলাশয় বিশেষ, প্রস্রবণ।

কুর্ণিস, বি, (যাং) অভিবাদন, সেলাম, পশ্চাৎ দিকে হঠিয়া হঠিয়া সেলাম।

কুত, কুতকাত, বি, অনুমান, আন্দাজ, আনুমানিক পরিমাণ নির্ণয় ; যথা,—

"ক্ষেতে দেখে খন্দ যদি খেতে নাহি পায়
কুতকাতে কায়েত কি ফাতি করে তায়"
(শিবায়ন)

কুতঘাট, বি, যে স্থানে বোঝাই নৌকার মালের পরিমাণ নির্ণয় করিয়া শুল্ক গ্রহণ করা হয়।

কুতুরকাতুর, কুতুকুতু, বি, বগলে সুড়সুড়ি দেওন।

কুত্তা, বি, (হিন্দী) কুকুর।
কুতন্ত্র, বিং কুপরামর্শ দাতা।
কুর্ত্তি, বি, (হিন্দী) জামা বিশেষ।
কুথলী, বি, হস্তী ঘোটকাদির সাজ। [গৌরব।
কুদরত, বি, (যাং) মহিমা,
কুদাঁড়া, বি, কুরীতি, কুপদ্ধতি।
কুদাল, কুদ্দাল, কোদাল, বি, ভূমি খনন অস্ত্র বিশেষ।
কুনিকা, বি, পরিমাণ বিশেষ, ৫ ছটাক।
কুন্তলপেড়ী, বি, চুল বাঁধিবার দ্রব্যাদি রাখিবার বাক্স; যথা,—
"সারিকা কুন্তলপেড়ী,
পাছে ল'য়ে যায় চেড়ী,
কেহ লয় বিয়নী দর্পণ।
(কবিকঙ্কণ)
কুন্থন, বি, কোথান, কাতরানি।
কুন্দন, বি, (কুর্দ্দন শব্দজ) উল্লম্ফন, আস্ফালন।
কুন্দল, কোন্দল, বি, কলহ, বিবাদ, ঝগড়া; যথা,—
"যেখানে কুলীনজাতি সেখানে কোন্দল।'
(ভারতচন্দ্র)
কুন্দলিয়া, বিং ঝগড়াটিয়া, যে কলহ করে; যথা,—
"মনে ভাবি সেই বামুন বড় কোন্দলিয়া।'
(ভারতচন্দ্র)
কুপ, কুপা, বি, তৈল ঘৃতাদির পাত্র, মকস্।
কুপন, বি, ক্রীড়া বিশেষ, ফড়খেলা। [চুপ্‌ড়ি।
কুপ্‌না, বি, মাছের খালুই,
কুপিণ্ড, বিং কুপরামর্শ দাতা, পরশ্রী কাতর।
কুপেঁচ, বিং কুৎসিত, কদাকার; মন্দপাক।
কুপেকে, বিং যে মন্দপাক দেয়, যে কোন কার্য্যে প্রতিবন্ধকতাচরণ করে।
কুপ্পুর, বিং অধীন, পরানুগত, পরাধীন।
কুম্‌ড়া, বি, (কুষ্মাণ্ড শব্দজ) ফল বিশেষ; যথা,—
"দায়ে কাটে কুম্‌ড়া যেমন।" (ভারতচন্দ্র)
কুম্‌ড়াগড়ি, বি, স্থূলধান্যবিশেষ।
কুম্‌ড়াবড়ি, বি, (কুষ্মাণ্ড বটিকা শব্দজ) কুষ্মাণ্ড মিশ্রিত মাষাদি বটিকা।
কুমার, কুম্ভার, বি, (কুম্ভকার শব্দজ) জাতিবিশেষ, যাহারা মৃত্তিকানির্ম্মিত কলসী প্রভৃতি দ্রব্য প্রস্তুত করে।
কুমীর, বি, (কুম্ভীর শব্দজ) জলজন্তুবিশেষ।
কুমীরকে, বি, কীটবিশেষ; ২। খিলের ঘর।
কুম্‌কুম্, বি, সুগন্ধিদ্রব্যবিশেষ।
কুর্চি, বি, বৃক্ষবিশেষ; মৎস্যবিশেষ।

কুর্চিনামা, বি, (যাং) বংশ-তালিকা, বংশাবলী।

কুরণ্, বি, চাঁচন, আঁচড়ান।

কুরণী, কুরুণী, বি, চাঁচনের অস্ত্র-বিশেষ, যাহা দ্বারা কোরা যায়।

কুরী, বি, জাতিবিশেষ, এক সম্প্র-দায়ের মোদক।

কুরীতি, বি, মন্দব্যবহার, কুধারা।

কুরুই, বি, কঙ্কর, ঘুটিং।

কুর্পর, বিং অধীন।

কুল্, বি, ফলবিশেষ।

কুল, কুলা, বি, শূর্প, বংশ শলাকা-নির্ম্মিত চাউলাদি ঝাড়িবার পাত্রবিশেষ।

কুল্‌কুচা, বি, কুল্লী, মুখের মধ্যে জল রাখিয়া চালন।

কুলঙ্কী, কুলঙ্গী, বি, গৃহের দেও-য়ালের গায়ের দ্রব্যাদি রাখি-বার ক্ষুদ্র স্থানবিশেষ (Niche)

কুলজী, বি, বংশাবলী, কুলপরিচয়।

কুলন, বি, সঙ্কুলান হওন, সম্পোষ্য হওন।

কুল্‌পি, বি, লতাবিশেষ; ২। ইক্ষুদণ্ড; ৩। বরফবিশেষ।

কুলানী, বি, সমাদর, যত্ন।

কুলি, বি, আটি; ২। কুলকুচা; ৩। মুটিয়া, মজুর।

কুলিয়াকাঁড়া, কুলেখাড়া, বি, বৃক্ষবিশেষ। বৈদ্যক নাম তাল-মাখনা। ইহার মূল সূক্ষ্মাগ্র; বহু উপমূলবিশিষ্ট, পত্রকণ্টক যুক্ত।

কুলুপ, বি, কুঞ্জী, চাবিতালা; যথা,—

"এত বলি মহামায়া ঘুচালে কুলুপ।"
(ঘনরাম)

কুলুপিয়া শঙ্খ, বি, খিলান শাঁখা।

কুল্‌কুল্, বি, জলপ্রবাহকালে ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গ।

কুল্‌চুর, বি, কুলের আচার।

কুল্লী, বি, কুলকুচ।

কুল্লুই, বি, কঙ্কর, কাঁকর।

কুল্লে, ক্রি বিং সমুদয়ে, সর্ব্বতো-ভাবে, মোটে।

কুল্লোল, বি কুলকুচা; যথা,—

"কেহ বসে মোর মুখে দিলেক কুল্লোল"
(চৈতন্যভাগবত)

কুশন, বিং, কাষ্ঠচ্ছেদন, চেলান; ২। হ্রস্ব করণ।

কুশ্‌পেয়ে, বিং বিকৃতপদ।

কুশর, বি, ইক্ষু, আক; যথা—

"মূলার ভূঁই তুলা, কুশের ভূঁই ধূলা।"
(খনা)

উত্তরবঙ্গে "কুশর" শব্দে লাল ইক্ষু বুঝায় এবং সাদা ইক্ষু বুঝাইতে "কুশুই" শব্দ ব্যবহৃত হয়।

কুশি, কুশী, বি, পূজার পাত্র-বিশেষ, ক্ষুদ্রকোশা; ২। আ-ম্রাদি ক্ষুদ্র ফল।

কুশূল, বি, মরাই, ধানের গোলা।

কুষ্ঠী, বি, (কোষ্ঠী শব্দজ) জন্ম পত্রিকা।

কুসম, বি, লাক্ষা বৃক্ষবিশেষ; ২। বিং ঈষৎ, অল্প, যেমন দুধ কুসম কুসম গরম থাকিতে খাওয়া ভাল।

কুসুমবড়ী, বি, ক্ষুদ্রবড়ী, ফুলবড়ী

কুসুম্ভা, বি, একরূপ খাদ্য সামগ্রী, উহা অহিফেণ দ্বারা প্রস্তুত হয়। রাজপুতনা ও তন্নিকটবর্ত্তী প্রদেশে কুসুম্ভা ভক্ষণ আমোদজনক ব্যবহার। ভারত চন্দ্র লিখিয়াছেন,

দুগ্ধ দিয়া ঘন করি সুরাও ঘোটনা।
দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা॥"

কুসৃষ্টি, বি, মন্দ পরামর্শ, মন্দ অভিপ্রায়, অদ্ভূত কাণ্ড।

কূচ, বি, বহু লোকের একত্র সম্মিলন।

কূট, বিং বক্র, দুর্ব্বোধ্য।

কূটকচাল, বি, দুর্ব্বোধ্য; ২। কপট ও কলহ প্রিয়।

কূটপ্রশ্ন, বি, জেরা।

কূড়, বি, সূত্রের শেষাংশ বা অগ্রভাগ।

কূড়চী, বি, (কূটজ শব্দজ) বৃক্ষবিশেষ।

কূণি, বিং নখরোগী, রোগবশতঃ যাহার নখও হস্ত সঙ্কুচিত হয়।

কূণিকা, বি, বীণামূলস্থ বংশ শলাকা; ২। পরিমাণবিশেষ।

কূর্চ্চি, বি, ঔষধি বৃক্ষবিশেষ।

কৃষাণ, বি, কৃষিকর্ম্মে সাহায্যকারী

কৃষাণী, বি, কৃষিকর্ম্ম, চাষবাস।

কৃষ্ণকলি, বি, পুষ্পবৃক্ষবিশেষ।

কৃষ্ণজীরা, বি, কালজীরা।

কৃষ্ণঝাঁটি, বি, নীলীবৃক্ষ, কালঝাঁটিফুল।

কৃষ্ণপাওয়া, ক্রি, দেহত্যাগ করা।

কে, সর্ব্ব (কিম্ শব্দজ) কোন ব্যক্তি।

কেঅা, কেয়া, বি, (কেতক শব্দজ) কেতকী পুষ্পের বৃক্ষ; ২। কেয়াফুল।

কেউটিয়া, বি, (কৃষ্ণ শব্দজ তীক্ষ্ণবিষধর সর্প; ২। তৃণবিশেষ

কেঁচা, বি, শূল অস্ত্রবিশেষ।

কেঁচেগণ্ডূষ, বি, নূতনত্বধারণ; ২। কোন বিষয়ের পুনরারম্ভ।

কেঁচো, বি (কিঞ্চুলুক শব্দজ) কীটবিশেষ।

কেঁড়ে, বি, মৃৎপাত্রবিশেষ।

কেচো, বিং (কাচ শব্দজ) ছদ্মবেশী, কপট।

কেজুয়া, কেজো, বিং কার্য্যেপযুক্ত

কেঞ্চাই, বি, ঔষধিবিশেষ; ২। শঠতা; ৩। কীটবিশেষ, কেন্নো।

কেটো, বি, কচ্ছপজাতীয় জন্তুবিশেষ; ২। কাষ্ঠাধারবিশেষ।

কেট্‌লি, বি, (ইং Kettle) কটাহ, জল সিদ্ধ করিবার পাত্রবিশেষ।

কেড়্কি, বি, ময়মনসিংহ অঞ্চলের কাপাস তুলা হইতে বিচি বাহির করিবার একপ্রকার কাষ্ঠের যন্ত্রবিশেষ।

কেঠুয়া, কেঠো, বি, (কাষ্ঠ শব্দজ) কাষ্ঠনির্ম্মিত জল সেচনী, কাষ্ঠময়পাত্র; ২। কীটবিশেষ, কেঠো পোকা, এই পোকা আসাম অঞ্চলে আম্রের মধ্যে হয়, ইহারা উড়িতে পারে।

কেড়ি, বি, কীটবিশেষ, কেড়ি পোকা, ইহারা সঞ্চিত চাউল গম নষ্ট করে।

কেণ্ণো, **কেণ্ণুই**, বি, কীটবিশেষ।

কেতা, বি, শৃঙ্খলা, বন্দোবস্ত।

কেতাব, বি, (পা) পুস্তক, বই।

কেদারা, কেদেরা, বি, কাষ্ঠাসন, (Chair)।

কেননা, অং কারণ, যেহেতু।

কেন, কেনি,—কি জন্য, কেন; যথা,—

"কতেক আছে বর, ভুবন মনোহর,
ইচ্ছিলে বুড়াবর কেনি।"
(কবিকঙ্কণ)

কেমন, ক্রি বিং কি প্রকার, কিরূপ।

কেঁয়াকাঁদি, বি, (কেয়া—কেতক ও কাঁদি—কান্দি শব্দজ) কেতকী পুষ্পের গোছা, কেয়াফুলের ছড়া। ইহার গায় হাত দিলে ধূলার ন্যায় পদার্থ উড়িয়া থাকে। যথা,—

"ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি সাঁদি।
হাত দিলে ধূলা উড়ে যেন কেয়াকাঁদি॥"
(কবিকঙ্কণ)

কেয়াবাৎ, বিং (যাং) কি অদ্ভুত, কি চমৎকার।

কেঁয়ে, বি, সাধারণতঃ জৈনগণ কেঁয়ে বা কেঁয়ে মহাজন নামে বিখ্যাত।

কেঁয়ে করা,—কোন খেলায় জিতিবার জন্য বড় ব্যগ্র হইয়া সত্যের অপলাপ করিলে কেঁয়ে করা বা কান্নে করা বলে।

কেরাণী, বি, কর্ম্মচারীবিশেষ, (clerk)।

কেরোয়াল, কেরবাল, কেরুয়া, বি, নৌকার দাঁড়, হাইল; যথা,—

"হাতে কেরোয়াল বৈসে নায়ের গাবর।"
(কবিকঙ্কন)

কেরামৎ, বি, (আরবী কারামৎ শব্দজ, অর্থ বুজরুগী) দৈবশক্তি; ২। অত্যন্ত মহত্ব। এক্ষণে মন্ত্রতন্ত্র, ও ইন্দ্রজাল প্রভৃতি অর্থেও সূচিত হইয়া থাকে।

কেরায়া, বি, ভাড়া, যানাদি বাহকের পারিশ্রমিক।

কেলেন, ক্লেল্যান, বি, যে গাভীর বহুদিন অন্তরে অন্তরে বাছুর হয়।

কেশবেশ, বি, বেশ বিন্যাস।
কেশে, কেশ্যা, বি, কাশতৃণ।
কেষী, বি, আম্রকোষ, আম্রবীজের শস্য।
কেস্সা, কেচ্ছা, বি, কাহিনী, বিবরণ। [কোথায়।
কৈ, ক্রি বিং (কিম্ শব্দজ) কুত্র,
কৈছে, ক্রি, কহিতেছে ; ২। (হিন্দী) কিরূপে ; যথা,—
যুবতী ধরম কৈছেরয়। (চণ্ডীদাস)
কৈতর, বি, (কবুতর শব্দজ) পারাবত, পায়রা।
কৈফিয়ৎ, বি, (যাং) কারণ প্রদর্শন। তহবিল মিলাইবার জন্য যে বাকী কাটিতে হয়, তাহার নাম কৈফিয়ৎ কাটা।
কৈলা, বি, গোবৎস, বাছুর ; ২। ক্রি, করিলা ; যথা—
"অবনীর অজ্ঞান তিমির কৈলা নাশ।" (শিবায়ণ)
কো, বি, কূপ ; ২। কুয়াসা।
কোঁক্, বি, (কুক্ষি শব্দজ) কুক্ষি, পার্শ্ব।
কোঁকড়, বিঃ কুঞ্চিত, তোবড়া।
কোঁকড়ান, বি, কুঞ্চিত হওন।
কোঁকান, বি, (কুস্থন শব্দজ কি ?) কোঁথান, অব্যক্ত ক্রন্দন।
কোঁচ্, বি, মৎস্যধারণ অস্ত্রবিশেষ, টেঁটা ; ২। জাতি বিশেষ, কুচবিহারের লোক।
কোঁচড়, বি, (ক্রোড় শব্দজ) ক্রোড় দেশস্থ বস্ত্রাংশ।
কোঁচন, কোঁচান, বি, (সঙ্কুচিতার্থ কুচ্ ধাতুজ) ভাঁজ করণ, চুনট করণ।
কোঁচা, বি, পরিহিত বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ ; যথা,—
"ফোঁটা কাটা মহাদম্ভ,
ছিড়া ধুতি কোঁচা লম্ব,
শ্রবণে কলম খরশান।" (কবিকঙ্কণ)
কোঁড়ক, কোঁড়, বি, ছত্র, ভুঁই-ছাতা ; ২। নব উদ্গত বংশ।
কোঁড়া, বি, বংসাদির নব অঙ্কুর ; যথা,—
"কাল ক'রেছে হৃদে বাস বাড়চে যেন শালের কোঁড়া।" (রামপ্রসাদ)
২। বেত্র, চাবুক ; ৩। বিদেকাষ্ঠে ব্যবহৃত দীর্ঘ বংশদণ্ড।
কোঁৎ, বি, মল্যাদি ত্যাগ কালে বেগ দেওন।
কোঁৎকা, বি, যষ্ঠি, লাঠি ; যথা,—
"এখন পালাও রঙ্গ দেখে শুনে হোৎকা দলের কোৎকা খেয়ে।" (বিশারদ)
কোঁৎপাড়া, ক্রি, যাতনায় আর্ত্তনাদ করা ; ২। বেগ দেওয়া।
কোঁথান, বি, দুঃখেতে আর্ত্তনাদ করণ।
কোঁদল, বি, (কুন্দল শব্দজ) বিবাদ, ঝগড়া ; যথা,—
"কোঁদলে ঝড়ের আগে কথায় তুফান। (হেমচন্দ্র)

কোঁয়াজ্বর, কোআজ্বর, বি, বাত-শিরা জ্বর; যথা,—

"আর যুবতি বলে সই মোর গোদাপতি।
কোঁয়া জ্বরের ঔষধ সদাই পাব কতি।"
(কবিকঙ্কণ)

কোঁস্তা, বি, তৃণনির্ম্মিত মার্জ্জনী বিশেষ, ঝাঁটা. বাড়ন।

কোকশিমা, বি. বৃক্ষবিশেষ, কুকুর শুঁয়া গাছ।

কোঙর, কোঙার, বি, (কুমার শব্দজ) কুমার, পুত্র; যথা,—

"ডুবিলা চাঞ্চল্য রসে প্রভু বিশ্বম্ভর।
সংহতি চপল যত দ্বিজের কোঁঙর।"
(চৈতন্য ভাগবত)

কোঙ্গা, বিং কুব্জ, কুঁজো।

কোট, বি, জিদ; ২। কেল্লা, স্বাধিকারভুক্ত স্থান; ৩। (ইং coat) জামা বিশেষ।

কোটন, বি, (চূর্ণনার্থ কুট্ট ধাতুজ) চূর্ণন, গুড়া করণ, খণ্ড খণ্ড করণ।

কোট্না, বি, (কুট্টিনী শব্দজ) রমণদূত, যে পুরুষ মধ্যবর্ত্তী হইয়া স্ত্রী পুরুষের অসামাজিক প্রণয় সংঘটন করিয়া দেয়।

কোটনাপনা, বি, কোটনামি, রতি সাহায্য।

কোট্শাল, বি, যে স্থানে দেশী লোহা প্রস্তুত হয়, বীরভূম অঞ্চলের চলিত ভাষায় তাহার নাম কোটশাল এবং যাহারা দেশী লোহা প্রস্তুত করে, তাহা-দিগকে কোটশালিয়া বলে।

কোটা, কোঠা, বি, অট্টালিকা, ইষ্টকময় গৃহ।

কোটাল, বি, নগরপাল, প্রহরী; যথা,—

"ধন নিল চুরি করি,
কোটাল আনিল ধরি।"
(ভারতচন্দ্র)

২। অমাবস্যা, পূর্ণিমায় সমুদ্রাদির জলোচ্ছাস; ৩। কোটালী—কোটালের কার্য্য, নগর-পালের কার্য্য।

কোড়া, বি, (ক্রোড়া শব্দজ কি?) কশা, চাবুক; ২। অশ্বাদির তাড়নি; ৩। কুলি লোক, সাঁওতাল পরগণার লোক।

কোণ, বি, হস্তকোষ প্রমাণ; যেমন এক কোণ চাউল।

কোণা, বি, গৃহাদির একদেশ, কোণাকুণি দুই কোণের সন্ধি-স্থান; ২। নয়গোচ তাম্বুল পত্র।

কোণাকোণি, ক্রি বিং কোণে কোণে, মিলাইয়া।

কোত্রা, বি, ঝোলা মাতগুড়।

কোথায়, অং (কুত্র শব্দজ) কোন স্থানে, কোনখানে।

কোদাল, কোদাইল, কুদাল, বি, (কুদ্দাল শব্দজ) ভূমি খনন অস্ত্র বিশেষ।

কোন, সর্ব্বং, (কিম্ শব্দজ) কেহ; ২ অনির্দ্দিষ্ট।

কোন্দল, বি, বিবাদ, ঝগড়া।

কোপ্, বি, আঘাত, চোপ; ২। রাগ। [শস্য।

কোপ্‌রা, বি, নারিকেলের শুক্‌না

কোপ্‌লা, বি, শস্যবপনার্থ জল রাখিবার গর্ত্ত।

কোপা, কূপা, বি, তৈলাদির পাত্র বিশেষ।

কোপান, বি, খনন; ২। ছেদন।

কোমর, বি, কটিদেশ, যথা,—

বিবসনা সমরে, নর কর কোমরে
অসিধর বাম করে ধরে।"
(কমলাকান্ত)

২। (পা কমর শব্দজ) বৃহৎ মৎস্য ধারণ স্থান।

কোমরপাট্টা, বি, বালকবালিকাদিগের কটিদেশের অলঙ্কার বিশেষ। [(belt)।

কোমরবন্দ, বি, কটিদেশ বেষ্টনী

কোবালা, বি, বিক্রয় দলিল।

কোয়ালী, বি, গোহালিয়া গীত গায়ক, গোশালায় গীত গায়ক; যথা,—

"গোহালা গাইয়া গীত,
কোয়ালী ফিরয়ে নিত,
এক ভিতে বসিল মারাটা।"
(কবিকঙ্কণ)

কোর, বি, (ক্রোড় শব্দজ) ক্রোড়, কোল, যথা,—

"করে ধরি প্রিয়া বৈসায়ল নিজকোর।"
(শিবায়ন)

২। বিং—ন্যুব্জ, বাঁকা।

কোরণ, বি, ঘর্ষণ, আচড়ান।

কোর্‌বাণি, বি, (যাং অর্থ হত্যা করা) রোজার এক মাস পরে বিশেষ পর্ব্বদিনে হত্যা ব্যাপার।

কোরফা, বি, (যাং) যাহারা প্রজাদিগের নিকট হইতে জমি লইয়া চাষ করে, তাহাদিগকে কোরফা প্রজা বলে; ৩। রাইয়তের অধীন রাইয়ত, তাহাদিগের জমির উপর স্বত্ব থাকে না। [বিশেষ।

কোর্‌মা, বি, (যাং খাদ্য দ্রব্য

কোরণ্ড, কোরন্দ, বি, (কুরণ্ড শব্দজ) কোষবৃদ্ধি, জলদোষ।

কোরা, বি, ধৌতবস্ত্র বিশেষ; ২। কুরুণী দ্বারা উত্তোলিত দ্রব্য; চাঁচনি।

কোরাণ, বি, মুসলমানদিগের প্রধান ধর্ম্মগ্রন্থ।

কোল, বি, (ক্রোড় শব্দজ) অঙ্ক, ক্রোড়; ২। আলিঙ্গন; যথা,—

"রসাবেশে দেই কোল।" (জ্ঞানদাস)

৩। নির্ব্বাতস্থান; ৪। তট, কিনারা, ধার; ৫। বাঙ্গালার আদিম অধিবাসী অসভ্যজাতি,

এই সকল জাতি প্রধানতঃ তিন ভাগে বিভক্ত; যথা,—কোল, দ্রাবিড় ও মাঙ্গলিক।

কোলআঁধার, বি, সম্মুখ অন্ধকার; ২। সন্ধ্যার পর অন্ধকারাচ্ছন্ন কিয়ৎক্ষণ।

কোল্‌জানা, কোল্‌জমা, বি, (পা) অধীনপ্রজা।

কোলপাতি, (ক্রোড়পত্র শব্দজ) ক্রোড়পত্র, অতিরিক্তপত্র, (Supplement)।

কোলপাতলা, বিং পরস্পর দূরবর্ত্তী, অন্তরে অন্তরে সন্নিবিষ্ট; যথা,—

"কোলপাতলা ডাগর গুছি,
লক্ষ্মী বলেন ঐখানে আছি॥"
(খনা)

কোলবালিস, বি, শয্যার পার্শ্বভাগের বালিস।

কোলা, বি, পাত্রবিশেষ; ২। বৃহৎ ভেকবিশেষ।

কোলাকোলি, বি, পরস্পর আলিঙ্গন।

কোলাচ, বি, অতিশিশু, দুগ্ধপোষ্য বালক; ২। বিং—অতি অল্প বয়স্ক।

কোলানী, বি, আলিঙ্গন; ২। অভ্যর্থনা; ৩। প্রত্যাশা, আশ্বাস; যথা,—

শেষে ফাঁকি আগে দিয়া কথার
কোলানী॥" (ভারতচন্দ্র)

কোশ, কোষ, বি, কাঁঠালের কোয়া।

কোশা, কোষী, বি, তাম্রময় পূজাপাত্র; ২। হস্তকুণ্ড; ডোঙ্গা।

কোষ্টা, বি, পাট।

কোষ্ঠ, বি, বিষ্ঠা, মল; ২। গোলা।

কোষ্ঠবদ্ধ, বি, মলবদ্ধ। [নির্গম।

কোষ্ঠশুদ্ধি, বি, উত্তররূপ মল

কোষ্ঠী, বি, জন্মপত্রিকা; ২। পাশকাদি ক্রীড়াপাত্র।

কোহ, বি, (কোক শব্দজ) চক্রবাক, চকাচকি পক্ষী।

কোহাড়া, বি, কুজ্ঝটিকা, কুয়াসা।

কোহিল, বি, (কোকিল শব্দের অপভ্রংশ) কোকিল পক্ষী।

কৌটা, বি, (কুটী শব্দজ) কাষ্ঠাদি নির্ম্মিত ক্ষুদ্রপাত্র।

কৌড়ি, বি, কপর্দ্দক, কড়ি।

কৌতর, বি, (কবুতর শব্দজ) পারাবত, পায়রা।

ক্যামবিস, বি, (ইং canvas) মোটা বস্ত্রবিশেষ; ২। জাহাজের পাইল। [ঢালু।

ক্রমনিম্ন, বিং ক্রমশঃ গড়ানিয়া,

ক্রোক, বি, (বাং) আবদ্ধ, আট্‌কা; ২। খাজনা আদায়ের প্রতিভূস্বরূপ ভূম্যধিকারী যে প্রজার ফসল প্রভৃতি আটক করেন, তাহার নাম ক্রোক।

ক্রোর, বি, (কোটী শব্দজ) এক-শত লক্ষ।

ক্ষীর, ক্ষীরী, বি, জ্বাল দেওয়া ঘনদুগ্ধ (concentrated milk); ২। নির্য্যাস।

ক্ষীরপুলি, বি, ক্ষীরাদি নির্ম্মিত সুমিষ্ট খাদ্যবিশেষ।

ক্ষীরশর্করা, বি, দুগ্ধের ছানা হইতে প্রাপ্ত দানাময় শর্করা বিশেষ, দুগ্ধ হইতে ছানা প্রস্তুত করিয়া লইলে যে তক্র (ঘোল) পড়িয়া থাকে, তাহাকে গাঢ় করিয়া তাহাতে একখণ্ড কাষ্ঠ বা রজ্জু ফেলিয়া রাখিলে তদুপরি শর্করার ন্যায় যে দানা পড়ে (milk sugar)।

ক্ষীরা, বি, ফলবিশেষ, শসা।

ক্ষুদ্, বি, (ক্ষুদ্র শব্দজ) তণ্ডুলাদি চূর্ণ, তণ্ডুলকণা; ২। বিং —ক্ষুদ্র।

ক্ষুর, বি, নাপিতাস্ত্র, যে অস্ত্রে মাথা কামায়; ২। গো অশ্বাদি জন্তুর পায়ের সর্ব্বশেষ অস্থিময় অংশ।

ক্ষুঁয়া, খুঞা, বি, (ক্ষুমা শব্দজ কি?) পাতলা পেটোবস্ত্র বিশেষ; যথা,—

"ছমাসের খুঞা খানি হৈল মোর গুঁড়া।
লহনা প্রসাদ কৈল একখানি মুড়া॥"
(কবিকঙ্কণ)

ক্ষুঁয়াজাল, বি, মৎস্যধারণার্থ জালবিশেষ, ইহা একপ্রকার পাতলা বোনা কাপড়ে প্রস্তুত, অতি ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য (চলিত কথায় যাহাকে পোনামাছ বলে) ধরিবার জন্য ব্যবহৃত হয়।

ক্ষুঁয়াতাঁতি, বি, (ক্ষুঁয়া—ক্ষুমা-তাঁতি—তন্ত্রবায় শব্দজ) পাতলা সূক্ষ্মবস্ত্র নির্ম্মাতা তন্ত্রবায়, সাধারণ বস্ত্র নির্ম্মাতা তাঁতি; যথা,—

"অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত।
ক্ষুঁয়াতাঁতি হয়ে দেও তসরেতে হাত॥"
(ভারতচন্দ্র)

ক্ষেৎপাপ্‌ড়া, বি, (ক্ষেত্রপর্পটী শব্দজ) উদ্ভিদবিশেষ, বঙ্গদেশে ধান্যক্ষেত্রে ও জলাভূমিতে বিস্তর জন্মে।

ক্ষেপ্, বি, বার, পর্য্যায়।

ক্ষেপ্‌লা, বি, মৎস্য ধরা জাল-বিশেষ।

ক্ষেপা, বিং (ক্ষিপ্ত শব্দজ) পাগল, উন্মত্ত, বাতুল।

খ

খ ;—দ্বিতীয় হলবর্ণ। ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল; ২। (পুং) সূর্য্য; ৩। (ক্লীং)

ইন্দ্রিয়, পুর, ক্ষেত্র, শূণ্য ইত্যাদি।

খই, বি, (খদিকা শব্দজ) ভৃষ্ট-ধান্য, লাজ; যথা,—

"বিপত্তি বিষম বিনা বিধাতার ছলা।
নানা রত্ন মিশাইয়া ছড়া খই কলা॥"
(ঘনরাম)

খইচূর, বি, লাজাচূর্ণ ও শর্করা মিশ্রিত মোদকবিশেষ।

খইন, বিং গভীর, অগাধ।

খইনধান্য, বি, যে ধান্যে খই ভর্জ্জিত হয়।

খইয়াগোখুরা, বি, বৃহৎ সর্প-বিশেষ, গোখুরা সাপ।

খইল, বি, কর্ণমল; ২। তেলের কাট।

খএর, **খয়ের**, বি, (খদির শব্দজ) বৃক্ষবিশেষের নির্য্যাস।

খএলোহা, বি, স্বর্ণাদি নির্ম্মিত বলয়াকার টোপতোলা হস্তা-লঙ্কারবিশেষ।

খক্খক্, বি, অব্যক্ত শব্দ, গলশব্দ।

খকানি, বি, বিকৃত করিয়া তাড়না।

খগাবগা, বিং ইতর, অধম, সুশিক্ষা রহিত।

খচ্চর, **খচ্চর**, বি, অশ্বতর, গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভে অথবা অশ্বের ঔরসে গর্দ্দভীর গর্ভে জাত পশু; ২। বিং—ধূর্ত্ত, শঠ।

খচমচ, বি, করতালের বাদনশব্দ; ২। গোলমাল, গোলযোগ; যথা,—

"রাজসেবা কত খচমচ।"
(অন্নদামঙ্গল)

খচিল, বি, গুলি, বাঁটুল; ২। বিবাদ, কলহ; ৩। বিং—শঠ, প্রতারক।

খচ্, বি, হঠাৎ আঘাত।

খঞ্জনী, **খঞ্জরী**, বি, বাদ্যযন্ত্রবিশেষ, একটা বৃহৎ চক্রাকৃতি কাষ্ঠ খণ্ডের একদিকে চর্ম্মাচ্ছাদন পূর্ব্বক ইহা নির্ম্মিত হয়।

খঞ্জর, বি, (যাং) গোলা; ২। কাটারি।

খট্, **খ'টি**, বি, শিশুদিগের বা-য়না, আব্দার।

খট্কা, বিং সংশয়, সন্দেহ।

খট্খটি, বিং দুরূহ, শক্ত, কঠিন।

খট্খটে, বিং শুষ্ক, পরিষ্কার।

খটাশ, বি, (খট্টাশ শব্দজ) জন্তু-বিশেষ।

খটি, বি, স্তূপ, সমূহ; ২। পরামর্শ।

খটী, বি, শ্বেতমৃত্তিকাবিশেষ, খড়িমাটী; ২। রাশি, বাণিজ্য দ্রব্যস্থান।

খড়্, বি, তৃণ; ২। বৰ্দ্ধমানাঞ্চলে বিচালিকে খড় বলে।

খড়্কি, **খিড়্কী**, বি, গুপ্তদ্বার, পশ্চাদ্দ্বার, যে দ্বার দিয়া স্ত্রী-

লোকেরা গমনাগমন করে। যথা,—
"ধনের পাইয়া আশ,
আসিতে বীরের পাশ,
ধায় বেগে খড়কীর পথে।"
(কবিকঙ্কণ)

খড়্খড়ি, বি, গৃহের দ্বারাদির কাষ্ঠাবরণবিশেষ (Blind)।

খড়ম্, বি, কাষ্ঠপাদুকা; যথা,—
"আশা বুঝি দাসু বাসু খড়ম যোগায়।"
(ভারতচন্দ্র)

খড়মালি, খড়মালী, বি, অগ্নিসিদ্ধ লবণ।

খড়্রা, বি, অশ্বগাত্র মার্জ্জনার্থ লৌহনির্ম্মিত যন্ত্রবিশেষ।

খড়ি, খড়ী, বি, শ্বেতবর্ণ মৃত্তিকা, খড়িমাটী; ২। তিলকমাটী; ৩। চিহ্ন, অঙ্ক, যথা,—
"লেখা ক'রে বুঝ বাছা ভূমে খড়ি পাতি"
(ভারতচন্দ্র)
৪। চাতুরী; ৫। কার্য্য; যথা,—
স্থির চোকে ধীর মনে যে দেখিবে ঘড়ি।
সে বলিবে ঠিক যেন ঈশ্বরের খড়ি॥"
(পদ্যপাঠ)

খড়িকা, খড়্কে, বি, দন্তশোধনী, তৃণবিশেষের মূলভাগ।

খড়িকার, বি, নিন্দা, কুৎসা।

খড়িঙ্কী, খড়িটী, বি, খড় ও মৃত্তিকাদি দ্বারা গৃহের ভিত্তি লেপন।

খড়িয়া, বি পাণ্ডুবর্ণ; ২। শাকবিশেষ; ৩। নদীবিশেষ, জলঙ্গী নদী।

খড়ুয়া, বিং তৃণনির্ম্মিত, তৃণময়।

খড়ুকাভেট্কী, বি, বৃহৎ মৎস্যবিশেষ।

খড়েল, বি, নারিকেলে যখন বিন্দুমাত্র জল না থাকে, তখন সেই অবস্থাকে খড়েল বলে।

খড়্গহস্ত, বিং যৎপরোনাস্তি কুপিত, প্রহারোদ্যত; ২। বিপক্ষ।

খণ্ড, বিং দুরাত্মা, দুষ্ট।

খণ্ডকপালিনী, বি, দুর্ভগা, দৌর্ভাগ্যবতী, ভাঙ্গাকপালী; যথা,—
খণ্ডকপালিনী, আমি অভাগিনী,
কেবা দিল শাপ গালি।
(কেতকা দাস)

খণ্ডনা, বি, আপত্তি, দোষ পরিহার।

খণ্ডপ্রলয়, বি, ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সন্ধ্যাকালে লয় করিলে তাহার নাম খণ্ডপ্রলয়। চলিত কথায় তুমুল কাণ্ড বা বৃহৎ গোলযোগ অর্থে ব্যবহৃত হয়।

খণ্ডা, বি, জ্যোতিষে গণনার সুবিধার জন্য গণিত নির্দ্দিষ্ট অঙ্কাবলী (Table)।

খণ্ডাখণ্ডি, বি, পরস্পর বিবাদ।

খত, খৎ, বি, (যাং) লিপি, ঋণ লেখ্য ; ২। চিহ্ন, আঘাত ; যথা,—

"ভূমে হাঁটু পাতি কেহ নাকে দেয় খত,
বেঁচে গেলে এবার বিষয়ে দণ্ড বত।"

(ঘনরাম)

খতম্, বি, (যাং) ইস্তফা, পরিত্যাগ।

খতান, বি, (যাং) গণনা, সংখ্যা করণ, হিসাব করণ।

খতিয়ান, বি, (যাং) যে কাগজে প্রজাদের জমিজমা বিশেষ করিয়া নিরূপিত হয় ও যাহাতে খাজনা নিরূপণ ও আয়ের হিসাব লিখিত হয়। রোকড় দৃষ্টে খতিয়ান প্রস্তুত করিতে হয়। খতিয়ানে প্রত্যেক ব্যক্তির বা জিনিসের দেনা ও পাওনার হিসাব পৃথক্ পৃথক্ প্রত্যেক ব্যক্তির বা জিনিসের নামওয়ারি করিয়া লিখিতে হয়। খতিয়ান দেখিলে প্রত্যেক আসামীর দেনা পাওনা এবং প্রত্যেক জিনিসের দরুণ লাভ লোকসান অনায়াসে বুঝিতে পারা যায়। খতিয়ান ইংরাজি হিসাবের লেজর বুকের(Ledger book) তুল্য।

খতুয়া, খোতো, বি, (ক্ষত শব্দজ) চক্ষুরোগ বিশেষ, চক্ষের পাতায় খোতো ঘা, ইহাতে চক্ষুর পাতা খুব চুলকায় ও মামড়ি পড়ে, ইহা শিশুরোগ ; ২। বিং,—জীর্ণ, ভগ্ন ; ৩। হ্রাসিত।

খদরণ, বি, তাড়ান, প্রহার করণ।

খদি, খদিকা, বি, লাজা খই ; যথা,—

"গোপ নারী দেয় দধি, সূত্রধর চিড়া খদি
মোদক সন্দেশ খণ্ড চিনি।"

(কবিকঙ্কণ)

খনা, খোনা,—সুপ্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ মিহিরাচার্যের পত্নী—ইনি জ্যোতিষ শাস্ত্রে অতিশয় পারদর্শিনী ছিলেন। অস্মদ্দেশে বাঙ্গালা ভাষায় লিখিত সংস্কৃত গণিত ও ফলিত জ্যোতিঃশাস্ত্রের সার সঙ্কলিত গার্হস্থ্য জীবনের নিত্য প্রয়োজনীয় ক্ষুদ্র ও সামান্য অসংখ্য বিভিন্ন প্রকৃতির সরল ও সুমধুর কবিতায় নিবদ্ধ জ্যোতির্গণনা সম্বন্ধীয় বহুবচন প্রচলিত আছে, তাহা 'খনার বচন' নামে অভিহিত। ভবিষ্যপুরাণ প্রতিসর্গ পর্ব্ব অষ্টম অধ্যায়ে এবং বত্রিশ সিংহাসন নামক গ্রন্থ হইতে মিহিরাচার্য্য ও খনা সম্বন্ধীয় অনেক বৃত্তান্ত জানিতে পারা যায়।

থন্‌থন্‌, বি, ধাতু পাত্র ও বাদ্য যন্ত্রাদির শব্দ। [বিশেষ।
খন্তা, বি, (খনিত্র শব্দজ) খননাস্ত্র
খন্দ, বি, শস্যাদি, ফলমূলাদি; যথা,—
"হিম বিন্দু রবিখন্দ করিয়া পোষণ।"
(পদ্যপাঠ)
খন্দপালা, বি, শস্যাদির স্তূপ; ২। পর্য্যায়ক্রমে শস্য সম্বন্ধীয় উৎসব বিশেষ। ভাদ্র, পৌষ ও চৈত্র মাসে শস্যাধিষ্ঠাত্রী লক্ষ্মী দেবীর পূজা।
খপ্‌রা, খাপ্‌রা, বি, (খর্পর শব্দজ) গৃহাচ্ছাদনের খোলা; ২। ক্ষুদ্র ক্ষুদ্র দগ্ধ মৃৎখণ্ড; ৩। কুটীর।
খপ্‌রেল, বি, খোলা দ্বারা আচ্ছাদিত, খোলা দ্বারা ছাওয়া।
খপখপ্‌, বিং (ক্ষিপ্র শব্দজ) শীঘ্র শীঘ্র, তাড়াতাড়ি।
খর্পর, বি, চাতর, মায়া, প্রলোভন।
খবর, বি, (যাং) সমাচার, সংবাদ; ২। সতর্ক, সাবধান।
খবরদার, বি, (যাং—খবরদার—দাস্তন ধাতুজ=যে রাখে সে 'দার' ও তাহার ভাব 'দারী') যে সতর্ক রাখে, যে সাবধান করিয়া দেয়। এইরূপ জমিদার, হাওলদার (আধুনিক হালদার), তবলদার ইত্যাদি।
খবরদারী, বি, (যাং) সতর্কতা।
খবীশ, বি, (যাং) হিংস্র, কুটিল।
খমক, বি, বাদ্যযন্ত্র বিশেষ, শিঙ্গা; যথা,—
বন্দে দিগম্বরে, খমক ডমরু করে,
বৃষে আরোহণ পঞ্চানন।"
(কবিকঙ্কণ)
খম্বা, খাম্বা, বি, স্তম্ভ, থাম।
খয়রা, বি, মৎস্য বিশেষ, পিঙ্গল বর্ণ।
খয়রাৎ, বি, (যাং) দান্‌ বিতরণ, যথা,—
"রাজকর খরচ খয়রাৎ হেন জানি।"
(ঘনরাম)
খয়েরখাঁ, বিং, স্তাবক, খোসামুদে।
খর, বিং তীক্ষ্ণ স্পর্শ, উগ্র; ২। অতিরিক্ত লবণাক্ত।
খর্‌খরে, বিং চতুর; ২। চঞ্চল, স্থির; ৩। বেশী রকম ভাজা; ৪। খাটী, বিশুদ্ধ।
খরগোস, বি, শশক। মালদহের উত্তর পশ্চিম অঞ্চলে লাভা বলে।
খরচ, বি, (আ—খরজ্) ব্যয়।
খরতাল, খরতালী, বি, বাদ্যযন্ত্র বিশেষ।
খরধার, বিং অতিশয় ধারাল।

খরপোড়, বিং অতি দগ্ধ, অগ্নি দ্বারা সুদগ্ধ।
খরমুজ, বি. ফল বিশেষ, এক জাতীয় তরমুজ।
খরশূলা, বি. মৎস্য বিশেষ।
খরলি বি, ঢোলকাঠির বাম মুখে লেপিত দ্রব্য বিশেষ, খিরণ।
খরা. বি (খরগোস শব্দজ) জন্তু বিশেষ. শশক ; ২। রৌদ্র, যথা,—

"পাটের চাঁদোয়া শোভে মাথার উপর,
মাঘ মাসে খরা পোহায় রাজা গৌড়েশ্বর।"
(কৃত্তিবাসী রামায়ণ)

৩। বিং অতি দগ্ধ।
খরিদ, বি, (যাং) ক্রয়, কিনন।
খরিদা, বিং (যাং) ক্রীত, কেনা।
খরিদদার, বি. (যাং) ক্রেতা, যে ব্যক্তি জিনিস পত্র খরিদ করে।
খর্পর, বি, কপাল, মরার মাথার খুলি ; ২। মৃৎপাত্র, সরা।
খল্, বি, ঔষধ মর্দ্দন পাত্র বিশেষ ; ২। বিং কুটিল।
খল্‌খল্, বি, হাস্যধ্বনি বিশেষ।
খলৎ, বি, রেতঃপাত ; ২। বিং কপটী ; ৩। পিচ্ছল।
খল্‌পা, বি, ধান্যাগার, গোলা ; ২। উরু, সন্ধিস্থান। [লোড়া।
খলমুষল, বি, উদূখল মোণা,
খলল. বি, গণ্ডগোল, কলহ।
খল্‌বল্, বি, অস্থিরতা প্রকাশ ; ২। নড়ন চড়ন শব্দ।
খলিকার, বি, নিন্দা, অখ্যাতি।
খলিশ. বি, মৎস্য বিশেষ, খলিশা মাছ।
খস্, খোস, বি, পাঁচড়া, চুলকণা।
খস্‌খসিয়া, খস্‌খসে, বি, বেণার মূল ; ২। বিং—অসমান, যাহার উপর হাত দিলে হাতে ঠেকে।
খস্‌ড়া, বি, (যাং) মুসাবিদা, পাণ্ডু-লিপি ; ২। যে কাগজে রোজ রোজ ক্রয় বিক্রয়ের জমা খরচ উপস্থিত মত লিখিতে হয়, তাহার নাম খসড়া বা খসড়া-খাতা।
খসন, বি, ঝরান, পতন, স্খলন ; ২। পৃথক হওন।
খসম, বি, (যাং) পতি, স্বামী, যথা,—

"মোল্লারে ধরেছে ঠেসে খসম খসম বলে।"
(দীনবন্ধু)

খসা, বিং বিযুক্ত, পৃথগ্‌ভূত ; ২। ক্রি,—খুলিয়া পড়া।
খাঁই, বি, (কাঙ্ক্ষ্ ধাতুজ) আকাঙ্ক্ষা, স্পৃহা ; যথা,—

"বাপের আদরে খাঁই বেড়ে গেছে তার।"
(মুকুল)

২। সূত্রের এক প্রান্ত।
খাঁক, বি, খাগ, খাগড়া অপর

নাম খাগ, অস্তি, খাগড়া, সর প্রভৃতি।

খাঁকৃতি, বি, (কাঙ্ক্ষতি শব্দজ কি ?) অভাব, অনাটন।

খাঁক্‌রি, বি, চূর্ণখণ্ড, কাঁকর।

খাঁখা, বি, শূন্যতা ও গভীরতা সূচক অবস্থা।

খাঁখার, খাখার, বি, কলঙ্ক, অপযশ ; যথা,—

"কি কারণে এতেক যে রাখিনু খাঁখার।"

(পদ্মাপুরাণ)

খাঁচা, বি, পিঞ্জর, পিঁজ্‌রা।

খাঁটী, খাটী, বিং বিশুদ্ধ, অন্যের সংস্রব বিহীন

খাঁড়, বিং (খণ্ড শব্দজ) কঠিন দানাওয়ালা গুড় ; যথা,—

"রান্ধিবে মসুর ডালি দিয়া টাবা জল।
খাঁড় মিশাইয়া রান্ধ করঞ্জার ফল॥"

(কবিকঙ্কন)

খাঁড়া, বি, (খড়্গ শব্দজ) খড়্গ, অসি।

খাঁদা, বি, (ক্ষুণ্ণ নাসিক শব্দের অপভ্রংশ) নতনাসিক, যাহার নাক নত পূর্ব্ববঙ্গে 'বোঁচা' বলে। [খাঁ।

খাঁন, বি, বাদসাহী উপাধিবিশেষ,

খাংরা, খেংরা, বি, সম্মার্জ্জনী, ঝাঁটা।

খাই, বি, (খন্‌ ধাতুজ) খাত, গর্ত্ত, গভীরতা।

খাইদ, খাদ, বি, কাইট, মলা, পাইন।

খাইকুড়ী, বি, যে সমস্ত খাইয়া ফেলে, রাক্ষসী।

খাউকী, বি, ছল, কাপট্য, কুহক; ২। বিং—বহুভোজী।

খাউড়ল, বিং বহুভোজী, পেটুক।

খাওন, বি, (খাদন শব্দজ) ভক্ষণ, আহার করণ; ২। খাওয়ান, ভোজন করান।

খাক্‌, বি, (যাং) ভস্ম, ছাই ; ২। খাগড়া, নল, শর।

খাকি, বিং ভস্মের ন্যায় বর্ণবিশিষ্ট

খাগড়া, বি, নল, শর।

খাজা, বি, (খজিকা শব্দজ) পক্ক মিষ্টান্নবিশেষ; ২। নিরেট মূর্খ।

খাজাগোঁয়ার, বি, নিরেটমূর্খ, ভয়ঙ্কর ক্রোধী।

খাজাঞ্চী, বি, (যাং) ধনাধ্যক্ষ; ২। সদর কাছারীতে যে কর্ম্মচারী তহবিল রক্ষা করে, মফঃস্বলের আদায় খাজনার চালান প্রভৃতি বুঝিয়া লয় ও খরচ পত্রের জমা খরচ প্রভৃতির হিসাব রাখে (Treasurer)।

খাজানা, খাজনা, বি, (যাং) রাজস্ব; ২। অপরের ভূমি ব্যবহার ও ভোগদখল করিতে হইলে ঐ ভূমির অধিকারীকে উহার পরিবর্ত্তে যাহা কিছু

দিতে হয়, তাহার নাম কর বা খাজনা।

খাজুর, খেজুর, বি, (খর্জ্জুর শব্দজ) খেজুর। খেজুর প্রধানতঃ তিন প্রকার, দেশী, পিণ্ডি ও সোহারা খেজুর।

খাঞ্চা, বি, (যাং) কাষ্ঠময় বৃহৎ পাত্রবিশেষ।

খাঞ্চাপোষ, বি, (যাং) কাষ্ঠময় বৃহৎ পাত্রের আচ্ছাদন।

খাট্, বি, পালঙ্ক, খাটিয়া।

খাট, বিং ক্ষুদ্র, অল্প ; ২। খর্ব্ব; ৩। হেয়। [কৃপণ।

খাটদৃষ্টি, বি, অদূরদর্শী, অজ্ঞ ; ২।

খাটন, বি, পরিশ্রম করণ।

খাটনি, খাটুনি, বি, পরিশ্রম; ২। পারিশ্রমিক, পরিশ্রমের বেতন। [পোকা।

খাট্‌মল, বি, কীটবিশেষ, ছার-

খাটা, ক্রি, পারিশ্রম করা।

খাটাখাটুনি, বি, পরিশ্রম ; ২। পরিশ্রমের কার্য্য।

খাটান, বি, কর্ম্মে নিয়োগ করণ; ২। কার্য্য করান ; ৩। লাগান, যোজন।

খাটাল, বি, (যাং) অন্তর, আড়াল ; ২। মধ্যস্থল।

খাট্টা, বি, (হিন্দী) অম্ল, টক।

খাটি, খাটী, বি, শুদ্ধধাতু ; ২। বিং—নির্দ্দোষী, অকপট।

খাড়ল, বি, গ্রীষ্মকালে ভূমির ছিদ্র ; ২। বিদীর্ণ ভূমি।

খাড়া, বি, শাকাদির ডাঁটা ; ২। বিং,—দণ্ডায়মান ; ৩। সোজা ; ৪। উত্থিত।

খাড়াই, বি, উচ্চতা।

খাড়াখাড়া, বিং, শীঘ্র, ত্বরায় ; ২। তৎক্ষণাৎ।

খাড়ি, বি, অপ্রশস্ত খাল।

খাড়ু, বি, স্ত্রীলোকের অলঙ্কার বিশেষ; পাদাভরণবিশেষ, মল।

খাণ্ডার, বি, ভয়ানক কোন্দলিয়া, দুষ্টা।

খাত, বি, গর্ত্ত, খাঁই।

খাতক, খাদক, বি, অধমর্ণ, ঋণী।

খাতা, বি, (যাং) একত্রবন্ধ পত্রাদি, হিসাববহি, ; ২। সমূহ, বহু ; ৩। ষোল বিঘা জমি।

খাতাবন্দী, বি, খাতাদ্বারা কর নির্দ্ধারণ প্রণালী।

খাতির, বি, (যাং) সম্মান, সম্ভ্রম ; ২। মন, প্রাণ ; ৩। অভিলাষ ; ৪। দায়, যথা,—

"কেহ বলে মুস্কিলে আসান কৈল পীর।
পরাণ হারায়েছিনু পেটের খাতির॥"
(ঘনরাম)

খাদা, বি, বড় পাথরবাটী ; ২। পূর্ব্ববঙ্গে জমির পরিমাণবিশেষ (১/১/১০ × ১৬)

খাদি, বি, (খণ্ড শব্দজ) টুকরা,

ক্ষুদ্র ক্ষুদ্র অংশ; ২। ছোট শাড়ী; যথা,

"শত শত একজায়, গুজরাটে তন্তুবায়,
ভূনী ধুতি খাদি বুনে গড়া।"
(কবিকঙ্কণ)

খান, বি, (স্থান শব্দজ) স্থান; ২। বস্তু নির্দ্দেশ; ৩। বস্তুর সংখ্যামাত্র। [বেশ্যা।

খানকী, বি, (যাং) বারবণিতা,

খানা, বি, (খন্ ধাতুজ) গর্ত্ত, খাত; ২। যবনদিগের ভোজ।

খান খান, বি, খণ্ডখণ্ড, টুক্‌রা টুক্‌রা।

খানসামা, বি, (যাং) ভৃত্য, চাকর।

খানাতল্লাসী, বি, চৌর্য্যদ্রব্য বহিষ্করণার্থ গৃহানুসন্ধান।

খানি, বি, ক্ষুদ্রাংশ, অতি সামান্য অংশ। [অংশ।

খানিক, বি, কিছুকাল, কিছু

খানেখারাবি, বি, উৎসন্ন, ধ্বংস।

খানেজাদ, বি, (যাং গোলাম; ২। ভৃত্য বিশেষ।

"রাজা হুকুম পেয়ে যত খানেজাদ
উড়িল বাজায়ে ভেরী করি ঘোরনাদ॥"
(কৌতুকবিলাস)

খানেসুমারি, বি, যে হিসাবে গ্রাম, বাড়ী, দোকান, জনসংখ্যা, লাঙ্গল ইত্যাদি নির্দ্দিষ্ট থাকে; ২। জনসংখ্যা।

খাপ, বি, অসিকোষ, খড়্গাধার; ২। দ্রব্যের বিক্রয়াধিক্য, কাট্‌তি।

খাপ্‌খাওয়া,—মিল হওয়া, সংলগ্ন হওয়া।

খাপ্‌ছাড়া, বিং অসংলগ্ন, অমিল।

খাপ্‌রা, বি, (খর্পর শব্দজ) দগ্ধমৃত্তিকাখণ্ড, খোলা।

খাপা, খাপ্পা, বিং (যাং) অসন্তুষ্ট।

খাপরী, খাবরী, বি, মাথারখুলি।

খাপী, বিং সরু, পাতলা।

খাবল, বি, মুষ্টি, মুঠা; ২। গ্রাস; ৩। খাঁজ।

খাবলা, বি, কবল, গ্রাস; ২। মুঠা।

খাবার, বি, খাদ্যদ্রব্য।

খাবি, খাবিখাওন, বি, মৃত্যুকালীন মুখভঙ্গীবিশেষ; ২। জলমগ্ন অবস্থায় নাসিকা ও মুখে জল প্রবেশ করিয়া অবসন্ন হওন।

খাম্, বি, নানারূপ বিকঠশব্দ; ২ পত্রাদির মোড়ক; ৩ খুঁটি; যথা,—

"ক্ষেরাগু র খাম ওই আছে মধ্য ঘরে।
প্রথম বৈশাখ মাসে নিত্য ভাঙ্গে ঝড়ে॥"
(কবিকঙ্কণ)

খামখা, ক্রি বিং যাং) অকস্মাৎ, হঠাৎ।

খামখেয়ালী, বি, স্বেচ্ছাচারিতা; ২। ইচ্ছানুযায়ী কার্য্যকারী।

খামটি, বি, মুখভঙ্গী বিশেষ, দাঁতে চাপন

খামার, বি, শস্যপ্রাঙ্গন, শস্যমর্দ্দন স্থান, ধান্যাদিরাক্ষত স্থান।

খামারপতিত, যে জমিতে আবাদ হয় নাই ও যাহাতে কোন কর ধার্য্য হয় নাই, এরূপ পতিত জমিকে খামারপতিত বা রাজ-জঙ্গল কহে।

খামালু, বি, আলুবিশেষ।

খারা, বিং অকপট, সরল।

খারাব, বিং (যাং) মন্দ, মূল্য-হীন।

খারিজ, বি, (আ—খরজ শব্দজ) পৃথক্, আলাদা; ২। বিং পরি-ত্যক্ত।

খারিজদাখিল,—এক প্রজার জমা অপর প্রজা লইলে একের জমা খারিজ অর্থাৎ পৃথক হয় ও যে লয় তাহার নাম সেরে-স্তায় দাখিল হয়, ইহাকেই খারিজদাখিল কহে। দাখিল দুই প্রকার, যথা—আগতরাই-য়তী ও আগতখামার। খারিজ ও দুই প্রকার, গতরাইতী ও গতখামার। [খাড়ি।

খাল, বি, খাত, কৃত্রিম নদী,

খালগস্তী,—যে জলপথে ভ্রমণ করিয়া আগতদারদিগের জন্য গস্ত করে অর্থাৎ মাল সংগ্রহ করিয়া আনে, তাহাকে খাল-গস্তী কহে।

খাল্সা, বিং নিজের অধীনস্থ, নিজের আয়ত্ত; ২। শিখসৈন্য-বিশেষ। ইহারা মহারাজ রণজিৎ সিংহের খাস উৎকৃষ্ট সৈন্য ছিল। [স্থান।

খালাড়ী, খালারী, বি, লবণপ্রস্তত

খালাস, বি, (আরবী খল্স্ হইতে। খল্স্ অর্থে ছেড়ে যাওয়া, অব্যাহতি পাওয়া) মুক্ত হওন, উদ্ধার হওন; ২। প্রসব হওন।

খালাসী, বি, (যাং) জাহাজ কিম্বা সৈন্যে নিযুক্ত মুসলমান কর্ম্ম-চারী।

খাল্সা, বি, (যাং) রাজ্য সংক্রান্ত রাজার নিজ কর্ত্তৃত্বাধীনে যে সকল গ্রাম থাকে।

খাল্সামহল,—যে সম্পত্তির কর, কেবল রাজাকে দেওয়া যায়, তাহার নাম খাল্সা মহল।

খালি, বিং শূণ্য; ২। কেবল, যথা 'ঘরে ঘরে জ্বেলেছে খালি তেলের প্রদীপ;" ৩। ক্রি, খাইলি, ভোজন করিলি।

খালুই, বি, মৎস্যাধানী, মাছ রাখিবার পাত্রবিশেষ।

খাস, বি, (যাং) নিজের দখল; যথা,—

"আমি ক্ষেমার খাস তালুকের প্রজা।
ঐ যে ক্ষেমঙ্করী আমার রাজা॥"
(রামপ্রসাদ)

২। বিং, অসাধারণ; ৩। উৎকৃষ্ট।

খাসখামার, বি, (যাং) যে জমি ভূম্যধিকারীর খাসে আছে,

অর্থাৎ যাহাতে প্রজাবিলি হয় নাই, তাহাকে খাসথামার বা নিজ জোত কহে।

খাসমহল, বি, (যাং) রাজার কর্ত্তৃত্বাধীনে যে সকল জমি থাক্কে। যে সকল ভূম্যধিকার গবর্ণমেণ্ট জমিদারদিগের সহিত চিরস্থায়ী বন্দোবস্ত না করিয়া নিজের খাসদখলে রাখেন, তাহার নাম খাসমহল।

খাসবরদার, বি, (যাং) আশা-শোটাধারী।

খাসা, বি, (যাং) গোধূমচূর্ণ-বিশেষ; ২। মালদহ জিলায় একরূপ আমনধান্যের নাম খাসা। উহা লাল, কাল ও সাদা ভেদে ত্রিবিধ। লাল ও কাল'র চাউল অতি ছোট ও মোটা, কিন্তু সাদার চাউল সরু ও কিছু লম্বা, ইহাদের পায়স অতি সুমিষ্ট, সুস্বাদ ও সুগন্ধ। ইহাদিগকে কোন কোন জিলায় "পরমান্নভোগ" বলে; ৩। বিং উত্তম, উৎকৃষ্ট।

খাসী, বি, (যাং) ছিন্নমুষ্ক ছাগাদি।

খাস্ত, বিং (যাং) কদর্য্য, কুৎ-সিৎ; যথা—

"সাত নকলে আসল খস্তা।" (প্রবাদ)

খাস্তা, বি, বিশেষ পক্বতা; ২। বিং সামান্য, হেয়।

খিচড়, বি, কর্দ্দম; ২। নীচগান।

খিচড়া, খিচড়ীয়া, বি, অপভাষা, ইতরকথা।

খিচড়ী, খিচুড়ী, বি, (খেচরান্ন শব্দজ কি?) খেচরান্ন, তণ্ডুল কলায় মিশ্রিত পক্ব অন্নবিশেষ; ২। গোলমাল, গোলযোগ।

খিচুড়ীপাকান,— গণ্ডগোলকরণ, কার্য্য নষ্ট করণ।

খিচন, বি, মুখের বিকৃত করণ।

খিচে, বি, জমিবিশেষ, যে জমিতে বৈশাখে লাঙ্গল দিয়া কর্ষণ করিয়া সে বৎসর তাহাতে কেবল রবি খন্দ বুনিলে, তাহার নাম খিচে। যথা—

"সরকার হৈলা কাল,
খিচে জমি লিখে লাল,
বিনা উপকারে খায় ধুতি।"
(কবিকঙ্কণ)

খিচ্‌নী, বি, তৃণাচ্ছাদিত গৃহের চালের বংশ শলাকাবিশেষ। কোন কোন স্থানে ইহার নাম 'বলনী।'

খিট্, বি, মরিচা, ময়লা।

খিটা, খিটিয়া, বিং মর্চ্চা ধরা।

খিট্‌খিট্, বি, সর্ব্বদা তাড়না বা বকা।

খিট্‌খিটান, বি, অসহিষ্ণুতা প্রকাশ করণ।

খিট্‌খিটীয়া, খিট্‌খিটে; বিং অস-হিষ্ণু, বিরক্ত স্বভাববিশিষ্ট।

খিটে, ক্রি, খুটিয়া তোলা।
খিড়্কী, খড়কী, বি, (হিন্দী) গুপ্তদ্বার, বাটীর অপ্রকাশ্য ক্ষুদ্রদ্বার।
খিদা, বি, (ক্ষুধা শব্দজ) ভক্ষণেচ্ছা, খাইবার অভিলাষ।
খিয়াইব, খেয়াব, ক্রি, পার করিব, ভাসাইব; যথা,—
"প্র পধন বিদ্যালাভ ব্যাপারের তরে।
খেয়াব তনুর তরী প্রবাস সাগরে।"
(ভারতচন্দ্র)
খির্‌কিচ, বি, গোলমাল, গোলযোগ।
খিরাই, বি, ফলবিশেষ, ভুঁইশসা।
খিরই, বি, বৃক্ষবিশেষ।
খিরাজ, বি, (যাং) রাজা প্রজাদিগকে নিজ ভূমি ব্যবহার করিতে দিয়া কেবল যে তাহার পরিবর্ত্তে কর গ্রহণ করিতেন, এইরূপ নহে, প্রজাদিগকে শত্রু হইতে রক্ষা করিতেন বলিয়াই তিনি ঐ রক্ষার পরিবর্ত্তে রাজভাগ গ্রহণ করিতেন, এই রাজভাগকে হিন্দুরা কর ও মুসলমানেরা খিরাজ বলে। সাধারণতঃ যে জমির খাজনা দিতে হয়, তাহাকে খিরাজি বা মালের জমি বলে।
খিরশাল, বি, ধান্য বিশেষ।
খিল, বি, অর্গল, হুড়কা।
খিলঘন্টা, বি, খিলের বন্ধন কাষ্ঠ, কুমিরকে।
খিলজমি, বি, যে জমি আপাততঃ পতিত আছে, কিন্তু চাষ করিলে যাহাতে ফসল জন্মিতে পারে, তাহাকে খিলজমি বলে।
খিলন, খিলান, বি, খিল মারণ; ২। ইষ্টকাদির গ্রন্থন বিশেষ।
খিলি, খিলী, বি, পর্ণাদির বীটীকা, পানের বীড়া।
খুঁআড়, খোঁয়াড়, বি, গো মেষাদির স্থান।
খুঙ্গি, খুঙ্গী, বি, পুস্তক রাখিবার সম্পুট, ক্ষুদ্র পেটিকা; যথা—
"নিরন্তর আছে সঙ্গী,
মসীপাত্র পুথি খুঙ্গী,
স্মরণে জড়িমা যায় দূরে।"
(কবিকঙ্কণ)
খুঁচন, বি, বেধন, ফোটন।
খুঁচি, বি, ধান্যাদির পরিমাণাধার, পালি; ২। কুটীর সংস্কার বিশেষ, চালে গোজা দেওয়া।
খুঁজন, খুজন, বি, অনুসন্ধান, অন্বেষণ।
খুঁজলী, বি, (পূর্ব্ব-বঙ্গ) চুলকণা।
খুঁট, বি, বস্ত্রাদির প্রান্তভাগ, যথা,—
"আঁচলের খুঁটটি তুলে, অঙ্গমলা ঘষা।"
(হেমচন্দ্র)
খুঁটআখুরে, বি, অস্পষ্ট হস্তাক্ষর

বিশিষ্ট, যে অল্প লেখাপড়া জানে।

খুঁটন, বি, হস্তদ্বারা উত্তোলন, কুড়িয়া লওন। [দোষ।

খুঁটনি, বি, বিন্দু, দাগ; ২।

খুঁটা, খোঁটা, বি, কীলক, স্তম্ভ।

খুঁটান, বি, তুলনা করণ, সমান করণ।

খুঁটিনাটি, বি, বিবাদ, সামান্য কলহ; ২। বিং সামান্য, তুচ্ছ।

খুঁটী, বি, স্তম্ভ, থাম, ঠেস।

খুঁটীগাড়ি, খুঁটোগাড়ি, বি. মাছ-ধরা বা নৌকা বান্ধিবার জন্য নদীর কিনারায় খুঁটী গাড়িতে হইলে জমিদারকে যাহা দিতে হয়, তাহার নাম খুঁটীগাড়ি।

খুঁত, বি (ক্ষত শব্দজ) ক্ষত চিহ্ন; ২। দোষ, কলঙ্ক।

খুঁৎখুঁৎ, খুঁৎমুৎ, বি, অসন্তুষ্টি; ২। অসম্মতি, ঈষৎ চাঞ্চল্য। ৩। বিং সন্দিগ্ধ।

খুকী, বি, দুগ্ধোপোষ্যা, ক্ষুদ্র বালিকা; ২। মাথার মরামাস, খুস্কী।

খুচরা, খুজরা, বিং (যাং) খরচা, অল্প, সামান্য।

খুজলান, বি, চুলকাণ, কণ্ডূয়ন।

খুঞ্চিয়া, বি, দ্রব্য সহিত পাত্র, আধার।

খুড়তত, বিং (খুল্লতাত শব্দজ) খুড়া সম্বন্ধীয়।

খুড়ন, খেড়ন, বি, (খনন শব্দজ কি ?) খনন, খোঁড়ন।

খুড়া, বি, পিতৃব্য, পিতার কনিষ্ঠ ভ্রাতা; ২। স্ত্রীং—খুড়ী,—পিতৃব্যপত্নী।

খুদ, বি, (ক্ষোদ শব্দজ) বর্টিত তণ্ডুলের চূর্ণীকৃত কণা, চাউলের ক্ষুদ্রাংশ। [আপনি।

খুদ, খোদ, সর্ব্বং (পারশী) স্বয়ং,

খুদকস্তা রাইয়ৎ,—যে রাইয়ত নিজ গ্রামের জমি চাষ করে, তাহাকে খুদকস্তা বা স্থানী রাইয়ত কহে। এই শ্রেণীর যে সকল রাইয়ত দশশালা বন্দোবস্তের পূর্ব্বাবধি পুরুষানুক্রমে জমি ভোগ করিয়া আসিতেছে, ভূম্যাধিকারী উহাদিগকে নিজের ইচ্ছায় উচ্ছেদ করিতে পারেন না।

খুদগর্জ্জী, বিং (যাং, আরবী—গরজ=প্রয়োজন) যে কেবল আপনারই প্রয়োজন বুঝে, স্বার্থপর। [সিদ্ধ।

খুদজাউ, বি, খুদসিদ্ধ, তণ্ডুলকণা-

খুদন, বি, খনন, খোঁড়ন; ২। খোদাইকরণ।

খুদমর্জ্জী, বিং (যাং, আরবী—মর্জ্জী=পসন্দ) আপনার

অভিপ্রায় মত যে চলে, অন্যের আদেশ বা অনুরোধ যে রক্ষা করিতে জানেনা।

খুদমাগা, বি, স্ত্রীরজঃ জনিত উৎসব বিশেষ। [ছোট।

খুদি, বিং (ক্ষুদ্র শব্দজ) ক্ষুদ্র,

খুদিপিপীলিকা, বি, ক্ষুদ্র পিঁপড়ে।

খুন, বি, (যাং) হত্যা, বধ।

খুনখারাবি, বি, হত্যা, পরস্পর আঘাত।

খুনচাপা, বি, হত্যা করণের অভিলাষ জন্মান।

খুনসুড়ি, বি, বিবাদ, সামান্য কলহ।

খুন্‌সি, বি, কৌতুক, মসকারামি; যথা,—

"মোরে পরিচয় দেহ ছাড়হ খুন্‌সি।"

(ভারতচন্দ্র)

খুন্তি, খুন্তী, বি, (খনিত্র শব্দজ) লৌহ নির্ম্মিত দ্রব্য বিশেষ, অস্ত্র বিশেষ।

খুপ, বি, গুল্ম, ঝোপ; ২। বিং শীঘ্র, হঠাৎ।

খুব, বিং (যাং) উত্তম; ২। যথেষ্ট।

খুবরী, বি, (ক্ষুপ শব্দজ) ক্ষুদ্র গৃহ, কুটরী।

খুবানি, বি, (যাং) সুমিষ্ট ফল বিশেষ। (Apricot.)

খুম্‌খুম্‌নি, বি, বিদ্বেষভাব, আন্তরিক ক্রোধ।

খুমারি, বি, কোন কারণে ক্রুদ্ধ হইয়া বাঙনিস্পত্তিহীন অবস্থার নাম খুমারি; যথা,—

"তুমি আছ ভালে, পতি তব কোলে,
তুমি ভাগ্যবতী নারী।
সেবি স্বামী অন্ধ, সদা করে দ্বন্দ,
ভোজনকালে খুমারি॥"

(ঘনরাম)

খুর্‌পা, বি, (ক্ষুরপ্র শব্দজ) অস্ত্র বিশেষ, ঘাসাদি ছেদনাস্ত্র।

খুরপী, বি, (ক্ষুরপ্র শব্দজ) নিড়ানী, ইহা দ্বারা ফসলের মাঝেমাঝে যে ঘাস ও আগাছা জন্মে, তাহা তুলিয়া দেওয়া যায়।

খুরি, খুরী, বি, মৃত্তিকা নির্ম্মিত ক্ষুদ্র পাত্র বিশেষ, কটরা।

খুর্ম্মা, বি, (যাং) খর্জ্জুর বিশেষ।

খুর্শী, বি, ক্ষুদ্র কাষ্ঠাসন বিশেষ, ছোট পিঁড়ি।

খুশী, খুসি, বিং (যাং) সন্তুষ্ট, আহ্লাদিত, যথা,—

"খুসি হইয়া মহারাজ দিল পুষ্পমালা।

(কৃত্তিবাস)

খুশাবো, খোসবো, বিং (যাং) সৌগন্ধ, সৌরভ।

খুষখুষি, বি, গলশব্দ; ২। কাশা।

খুষণ, বি, কাসন, গলশব্দ।

খুস্কী, বি, ময়লা; ২। মস্তকের মরামাস।

খুস্, বিং ঝটীতি, শীঘ্র।

খুসড়ন, বি, জড়াইয়া রাখন, গুঁজিয়া রাখন।

খুসন, বি, মৃত্তিকা খনন, খোড়ন; ২। শস্য পরিষ্কার করণ।

খুস্‌নি, বি, শস্য ঝাড়ুনি; ২। ডাকিনী।

খেঁই, খে, বি, সূত্রের অগ্রভাগ।

খেঁউড়, খেঁড়ু, বি, ইতর কবিতা, ইতর সঙ্গীত, যথা,—

"নূতন নূতন ঠাটে খেঁড়ু শুনাইব।"
(ভারতচন্দ্র)

খেঁক, বি, কুক্কুরাদির ধ্বনি।

খেঁকান, বি, গর্জ্জন, কর্কশ রবে ভাষণ।

খেঁকী, বি, কুক্কুরী; ২। বিং ক্রুদ্ধ, রাগী।

খেঁক্‌চা, খেঁচকা, বি, নিত্যযাচন দ্বারা পরোত্যক্ত করণ; ২। অতিশয় অভাব।

খেঁচকান, বি, উত্তেজনা, উত্যক্ত করণ, সর্ব্বদা বিরক্ত করণ।

খেঁক্‌শিয়াল, বি, ক্ষুদ্র শৃগাল বিশেষ।

খেঁচন, খেঁচা, বি, শরীর বিকৃত করণ; ২। আকর্ষণ, টানন; যথা,—

"ঘন ঘন মারে খেঁচ বড় মৎস্য উঠে।"
(কেতকা দাস)

খেজারি, খেজাড়ি, বি, খাদ্যদ্রব্য, খাবার; যথা,—

"প্রভাতে খেজারি সঙ্গে কার্ত্তিক গণাই।
চারি কড়ার সম্ভাবনা তোর ঘরে নাই॥"
(কবিকঙ্কণ)

খেটে, খেট্যা, বি, (খেটক শব্দজ) স্থূল যষ্টি, লাঠি।

খেড়ি, বিং কৃশ, ক্ষীণ, পাতলা।

খেড়ো, খেঁড়ো, বি, বহুদিন প্রসব হেতু যে গরুর দুগ্ধ ক্রমশঃ কমিয়া অতিশয় ঘন হয়; যথা,—

"যে গাভির পঞ্চসের অগ্রে দুগ্ধ ছিল।
খেড়ো হ'য়ে ক্রমে তার এক পোয়া হইল॥"
(কৌতুক বিলাস)

খেতাব, বি, (যাং) খ্যাতি, উপাধি।

খেতি, বি, (ক্ষিতি শব্দজ) ভূমণ্ডল, পৃথিবী; যথা,—

মহাকায় মহাদেব মহাভয়ঙ্করে।
চলিতে বিদরে খেতি চরণের ভরে।"
(বঙ্গবাসীর মহাভারত)

খেদা, বি, হস্তী ধরিবার স্থান, কাঠগড়া; ২। ক্রি, খেদান, তাড়াইয়া দেওয়া।

খেদড়ান, খেদান, বি, দূরীকরণ, তাড়ান।

খেদমত, খেজমত, বি, (যাং) আজ্ঞা, হুকুম। যে হুকুম অনুসারে কার্য্য করে, তাহার নাম খিদমতগার।

খেপা, বিং (ক্ষিপ্ত শব্দজ) উন্মত্ত, পাগল, হিতাহিত জ্ঞান শূন্য।

খেপান, বি, উত্তেজিত করণ, রাগান।

খেপী, বি, খুঙ্গী, পেট্‌রা, গহনার সিন্দুক ; ২। বিং অদৃঢ়, অ-মজবুত।

খেয়া, বি, নদী পারহওন, নৌকা চালন ; যথা,—

'সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী।
ত্বরায় আনিল নৌকা বামাস্বরশুনি '
(অন্নদামঙ্গল

খেয়াঘাট, বি, নদীপার হওনের স্থান, যে স্থানে নৌকা সাহায্যে নদী পার হয়।

খেয়াতি, বি, (খ্যাতি শব্দজ) প্রসিদ্ধি, খ্যাতি, নাম।

খেয়ানৎ, বি ক্ষতি, অনিষ্ট।

খেয়ারি, বি, পাটুনী, মাঝি ; যথা,—

'তবে আমি নৌকা নিয়া খেয়ারির রূপে,
গঙ্গাতে বহিয়া যাই তোমার সমীপে।"
(চৈতন্যভাগবত)

খেয়াল,—এক জাতীয় সঙ্গীত, সুলতান হোসেন ইহার সৃষ্টি করেন, ইহাতে অস্থায়ী, অন্তরা ও দুইটী তুক্ থাকে।

খেয়াল, বি, (আরবী—খয়াল শব্দজ) মনোযোগ, মনোভাব, এই সকল অর্থে হিন্দুস্থানে ও বাঙ্গালায় ব্যবহৃত ; ২। জ্ঞান। (Mental perception.)

খেরি, বি, (হিন্দী) ক্রীড়া, খেলা।

খেরো, বি, (হিন্দী খারুয়া শব্দজ) মোস্তা বস্ত্র বিশেষ।

খেলাড়ী, বি, সহক্রীড়ক ; ২। লীলাকারী।

খেলাড়ু, খেলোয়াড়, বি, ক্রীড়ক, খেলক ; যথা—

'কেগো তুমি খেলোয়াড় বসি কোন
অন্তরালে।
মানবে ঘিরিছ সদা অনন্ত বিস্ময় জালে।'

২। যাহারা লাঠি, তলোয়ার খেলিতে পারে ; ৩। বিং চতুর, ধূর্ত্ত।

খেলাত, বি, (যাং, খিল্লৎ শব্দজ) পরিচ্ছদ বিশেষ।

খেলানা, খেলনা, বি, ক্রীড়ন দ্রব্য, খেলা করিবার বস্তু।

খেলাপ, বি, (যাং) মিথ্যা, কথার অনৈক্য। [লোকসান।

খেশারৎ, বি, (যাং) ক্ষতি, হানি,

খেসারি, বি, কলায় বিশেষ।

খৈ, বি, (খেদি শব্দজ) লাজা, ভাজাধান। [বক।

খৈরী, বি, পক্ষী বিশেষ, খৈরী

খো, বি, কঙ্কর, খোয়া ; ২। মাছিতা ; যথা,—

"ধূমযুত অনলে সদাই চক্ষে লো।
দর্পণে নেহালি দেখ পড়িয়াছে খো।"
(কবিকঙ্কণ)

খোচা, বি, কোন দ্রব্যের সূক্ষ্ম অগ্রভাগ ; ২। ত্রুটী, অঙ্গ হীনতা।

খোঁচা, বি, আঘাত, ঘা।

খোঁচাখোচি, বি, আঘাত বিশেষ ; ২। গঞ্জনা, তিরস্কার।

খোঁজ, বি, অনুসন্ধান, অন্বেষণ।

খোঁটা, বি, স্তম্ভ, ঠেকুনা (peg); ২। লজ্জা, কৃতকার্য্যের উল্লেখ পূর্ব্বক তিরস্কার ; যথা,—

"পাছে বল পুনঃপারে যামিদেয খোঁটা।"
(ভারতচন্দ্র।

খোঁড়ন, বি, বিদারণ, খনন।

খোঁড়া, বি, (খঞ্জ শব্দজ কি ?) খঞ্জ, নেঙড়া ; যথা,—

"খোঁড়া কেন আসে নাই,
নিত্য দেবতার ঠাই,
ভগবতী অভিমান করে।" (শিবায়ণ)

খোঁপা, বি, বদ্ধকেশ ; যথা,—

"রতিয় খুলিয়ে খোঁপা আলু থালু কেশ।"
(সারদামঙ্গল)

খোঁয়াড়, বি, গবাদির আবদ্ধ স্থান, যে স্থানে গো মহিষাদি আটক রাখাযায়।

খোঁয়াড়ি, বি, মদ্যপানের পর অবসাদ অবস্থা বিশেষ। ঐ সময়ে পুনর্ব্বার মদ্য পান করাকে "খোঁয়াড়ি ভাঙ্গা" বলে।

খোয়ান, বি, হারাণ, উড়ান ; ২। ইক্ষুর নীরস তৃণ।

খোকা, বি, দুগ্ধপোষ্য শিশু।

খোচা, বি, তৃণ পল্লব।

খোজ, অন্বেষণ, উদ্দেশ।

খোজা, বিং (যাং) পুরুষত্বহীন, মুষ্কহীন।

খোট, বি, বায়না, আব্দার।

খোণা, বিং নাকীসুরো, যে নাকীস্বরে কথা কহে।

খোদ্, সর্ব্বং (যাং) স্বয়ং, নিজে।

খোদন্, বি, মুদ্রাদিতে অঙ্কপাত, কাষ্ঠাদিতে দ্রব্য নির্ম্মাণ।

খোদ্‌হাকিমি, বি, নিজে প্রভুত্ব প্রকাশ।

খোদা, খোদাতালা, বি, (পারশী —খুদা=ঈশ্বর) ঈশ্বর।

খোদকস্তা রাইয়ত,—আপন অধিকারে প্রজা জমি রাখিলে তাহার নাম খোদকস্তা রাইয়ত।

খোন, বি, অস্ত্রবিশেষ; ২। বড়সী।

খোপ, খোপরী, বি, (কুপ শব্দজ) পায়রার ঘর ; ২। প্রকোষ্ঠ, ক্ষুদ্রকুঠরী ; ৩। গৃহের পার্শ্বভাগ।

খোপা, বি, বংশাদির কীলক, বাঁশের গোজ ; ২। বদ্ধকেশ।

খোয়া, বি, ইষ্টকাদির খণ্ড ; ২। তাপ দিয়া দুগ্ধকে কঠিন পদার্থের ন্যায় করিলে যে ক্ষীর হয় তাহার নাম খোয়া ; ৩। বিং অপচিত, হারণ।

খোয়ানীয়া, বিং অপব্যয়ী।

খোয়ার, বি, (পারশী খুর্দন (ভক্ষণ) ধাতু হইতে খোর এবং খোয়ার

শব্দ উৎপন্ন) হানি, ক্লেশ; দুরবস্থা।

খোর, বি, পশ্বাদির রোগবিশেষ; ২। (পারশী খুর্দন=ভক্ষণ ধাতুজ, অর্থ যে খায়) খাদক, যেমন সুদখোর, ঘুষখোর।

খোরপোষ, বি, আহার্য্য ও পরিধেয়, অন্নবস্ত্র। (Alimony.)

খোরা, বি, প্রস্তরের পাত্রবিশেষ।

খোরাক, বি, (যাং) খাদ্যদ্রব্য, ভক্ষ্য, আহার।

খোরাকি, বিং (যাং) খাদ্যদ্রব্যের মূল্য।

খোরাকী, বিং (যাং) পেটুক, বহুভোজী।

খোল, বি, বাদ্যযন্ত্রবিশেষ; ২। আবরণ, ঢাকনী, ; ৩। নীরস সরিষার শিটী; ৪। নারিকেল মালা; ৫। বিং ফাঁপা।

খোল্‌তা, বি, জৌলস্‌, ঔজ্জ্বল্য।

খোলন, বি, উন্মোচন, খসান।

খোলম্‌কুচি, বি, দগ্ধমৃত্তিকাখণ্ড, খাব্‌রা।

খোলস, বি, সর্পত্বক।

খোলসা, বি, (আরবী—খল্‌স= অব্যাহতি পাওয়া) অব্যাহতি, মুক্তি; ২। পরিষ্কার।

খোলা, বি, পাকস্থালীবিশেষ; ২। কড়াইখোসা; ৩। ক্ষেত্র, জমি, যেমন ইটখোলা; ৪। বিং অবদ্ধ, স্পষ্ট, অনাবৃত; ৫। ক্রি, উন্মোচন করা।

খোলাভাঁটি, বি, দেশী মদ চোলাই স্থান।

খোষাল, বিং সন্তুষ্ট, আহ্লাদিত, যথা,—

"নাপিত রজকে রাজা করিল খোষাল।
বক্‌সিস করিল জোড়া সরবন্ধ শাল॥"
(ঘনরাম)

খোস, বি, ত্বকরোগবিশেষ, পাচড়া।

খোসখবর, বি, সুসমাচার, শুভসংবাদ।

খোসগল্প, বি, আমোদজনক গল্প।

খোসন, বি, শস্যমর্দ্দন।

খোসনাম, বি, সুনাম, প্রশংসা, সুখ্যাতি।

খোসপোষাক, বি, মনোমত পোষাক, উৎকৃষ্ট বস্ত্রাদি।

খোসলা, বি, কম্বলাদি ঊর্ণাবস্ত্র; যথা,—

"হরিণ বদলে পাইনু পুরাণ খোসলা।
উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধুলা॥"
(কবিকঙ্কণ)

খোসা, খোষা, বি, ত্বক, ছাল; ২। শ্মশ্রুহীন ব্যক্তি।

খোসামোদ, বি, তোষামোদ, মনযোগান।

খোসামুদিয়া, বিং চাটুকার, প্রিয়ভাষী, যে অন্যের প্রীতি জন্মাইবার জন্য অনুচিত বাক্য প্রয়োগ করে।

গ

গ ;—তৃতীয় হলবর্ণ। উচ্চারণ স্থান জিহ্বামূল।

গইড়, গোড়, বি, বৃহৎতরঙ্গ, ঢেউ ; ২। বিস্ফোটক. ফোড়া।

গইর, গহেরা, বিং (গভীরশব্দজ) গভীর ; ২। বি, গভীরজল।

গঁগঁ, গাঁগাঁ, বি, অব্যক্ত শব্দবিশেষ ; ২। সিংহ ব্যাঘ্রাদির শব্দ।

গগণভেলা, বি, পক্ষীবিশেষ, হাড়গিলা।

গগরী, বি, (হিন্দী) ঘড়া, কলসী।

গগাণ, বি, কাতরোক্তি, কাতরান।

গঙ্গাজলিয়া, বিং যে ব্যক্তি গঙ্গাজল স্পর্শপূর্ব্বক শপথ করে, মিথ্যাবাদী। [ফরাস।

গঙ্গাপুত্র, বি, জাতিবিশেষ, মুদ্দ-

গঙ্গাপ্রাপ্তি, বি, গঙ্গা পাওয়া অর্থাৎ সজ্ঞানে গঙ্গার গর্ভে প্রাণত্যাগকরণ।

গঙ্গাফল, বি, কচ্ছপডিম্ব, কাছিমের ডিম।

গঙ্গাযাত্রা, বি, মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে গমন, মুমূর্ষু ব্যক্তিকে প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে লইয়া যাওয়া।

গচ, গচাল, বিং স্থূল, মোটা, পুরু।

গচা, বিং অনুগত, বাধ্য ; ২। মিলিত।

গচ্ছ, বি, নিক্ষেপ ; ২। বন্ধক।

গচ্ছিত, বিং নিক্ষিপ্ত, ন্যস্ত।

গছন, গছা, বি, স্বীকার ; ২। গ্রহণ।

গছান, বি, জোড়া দেওন ; ২। গ্রহণ করান ; যথা,—

'শ্লোক রাখি কৌটা ঢাকি হীরারে গছায়।'
(ভারতচন্দ্র)

গজ, বি, দুইহাত পরিমাণ ; ২। বাস্তুস্থানভেদ ; ৩। ঔষধ পাকার্থ গর্ত্তবিশেষ।

গজকচ্ছপী, বিং বীভৎস, ভীষণ, তুমুল। (মহাভারত পাঠে জানা যায়, গজকূর্ম্মে যে ভীষণ যুদ্ধ হইয়াছিল, সেই যুদ্ধ হইতেই এই কথার উৎপত্তি অর্থাৎ কোন বিষয়ে তুমুল গোলযোগ উপস্থিত হইলে গজকচ্ছপী কাণ্ড বলিয়া থাকে।) [মাপকাটী।

গজকাঠি, বি, পরিমাণদণ্ডবিশেষ,

গজগিরি, বিং ঘন সন্নিবিষ্ট, নিকটানিকটি। [ঘণ্টাবিশেষ।

গজঘণ্টা, বি, হস্তীর গলদেশস্থ

গজচক্ষুষা, বিং টেরা, আড়চখো।

গজরগজর, বি, বড়বড়ানি, বিরক্তি প্রকাশার্থ অব্যক্ত শব্দ।

গজরা, বি, করভূষণবিশেষ, বাজুবন্ধ।

গজল, গজর, বি, (যাং) এক-জাতীয় সঙ্গীতবিশেষ। ইহা সাধারণতঃ পারশ্য ভাষায় রচিত হইয়া থাকে।

গজলক্ষ্মী, বি, কোজাগরীলক্ষ্মী, আশ্বিনীপূর্ণিমারাত্রিতে অর্চ্চিতা লক্ষ্মী।

গজব, বি (যাং) সর্ব্বনাশ, সমস্ত ক্ষয়; যথা,—

"গজব করিলা তুমি আজব কথায়।"
(ভারতচন্দ্র)

গজা, বি, অঙ্কুর; ২। ঘৃত শর্করা মিশ্রিত গোধূমপক্ক মিষ্টদ্রব্য-বিশেষ। [কচান।

গজান, বি, অঙ্কুরিত হওন,

গজাল, বি, প্রেক; ২ মৎস্যবিশেষ, গজাড় মাছ।

গজ্‌গজ, বি, আধিক্য হেতু নড়াচড়া করা। [প্রকাশ।

গজগজানি, বি, বড়বড়ানি বিরক্তি

গঞ্জ, বি, ভাণ্ডারগৃহ; ২। হট্ট, বাজার; ৩। ধান্যতণ্ডুলাদি বিক্রয়স্থান।

গঞ্জনা, বি, তিরস্কার, তাড়না, ভৎর্সনা।

গড়, বি, মাত্রা (Average); ২। প্রণাম; যথা,—

"তোমার চরণে করি গড়।"
(কেতকাদাস)

৩। উদূখল, ঢেঁকির পতন হইবার গহ্বর স্থান; ৪। পরিখা, দুর্গ; যথা,—

"আগে ঐ অন্ধকার জলন্দার গড়।
গৌড়পতি প্রাণ লয়ে যায় দিল রড়।"
(ঘনরাম)

গড়ই, গড়ুই, বি, (গড়ক শব্দজ) মৎস্যবিশেষ, লাটামাছ।

গড়খাই, গড়খানা, বি, (গড়খাত শব্দজ) রাজা বা ভূম্যধিকারী-দিগের বাটীর চতুঃপার্শ্বস্থ পরিখা।

গড়গড়, গড়গড়ি, বি, তৃণবিশেষ; ২। মেঘগর্জ্জন; ৩। উপাধি-বিশেষ।

গড়গড়া, বি, ধূমপানপাত্রবিশেষ, সট্‌কা। [নির্ম্মাণ।

গড়ন, বি, (গঠন শব্দজ) গঠন,

গড়নিয়া, বিং নির্ম্মাতা, রচক।

গড়া, বি, বস্ত্রবিশেষ, সাদা থান-ফাড়া ধুতি; ২। ক্রি, নির্ম্মাণ করা।

গড়াগড়া, বিং একঢাল, একসমান।

গড়াগড়ি, বি অবলুণ্ঠন।

গড়ান, বি, নির্ম্মাণ; ২। চালন।

গড়ানিয়া, বি, ক্রমনিম্ন, ঢালু।

গড়ানী, বি, নির্ম্মাণ বেতন, গড়-নের মূল্য।

গড়াপিটা, বি, নির্ম্মাণ, প্রস্তুত; ২। কল্পনা, মন্ত্রণা।

গড়ি, বি, তরঙ্গ, ঢেউ; ২। বিস্ফোটক, ফোড়া; ৩। ক্রি,

নির্ম্মাণকরি. তৈয়ারকরি ; যথা,—
"কর বিনা বিশ্ব গড়ি।"

গড়িমসী, বি, বিলম্ব. গৌণ।

গড়িয়া, গ'ড়ে, বিং অলস, জড় ; ২। একত্রে. সর্ব্বমিশ্রণে।

গড়িয়াল, বিং কাইত,ঢালু,হেলা।

গণতা, বি, পক্ষপাত, আপন পক্ষীয় লোকের পোষকতা করণ।

গণৎকার, বি, জ্যোতিষিক, জ্যোতির্ব্বেত্তা ; ২। ব্রাহ্মণ-জাতিবিশেষ. দৈবজ্ঞ ব্রাহ্মণ।

গণা, ক্রি, সংখ্যা করা. গণনা ; ২। বিং নাকমুখকাটা,গন্নাকাটা।

গণাগণি, বি, পরস্পর সংখ্যাকরণ, পুনঃ পুনঃ গণন।

গণাগাঁথা, বিং. সংখ্যাদ্বারা অবধা'রত, নির্দ্দিষ্ট, সংখ্যাকরা।

গণাগোষ্ঠী, বি. কুল. বংশ ; ২। গোত্র সহিত।

গণান, বি, গণনা করান ; ২। সংখ্যা করান।

গ'ণআরি, বি, পুষ্পবৃক্ষবিশেষ।

গণ্‌গণিয়া. বিং দীপ্ত, বাহ্যমান ; ২। যে নাকিস্বরে কথা কহে।

গণ্‌তি, বি, গণনা, হিসাব।

গণ্ড. বি, কপোল, গাল ; ২। স্ফোটক চিহ্ন ; ৩। শিশুরিষ্টি ; যথা,—
"তারা গণ্ডযোগে জন্ম আমার।"
(রামপ্রসাদ)

৪। বিং প্রধান, শ্রেষ্ঠ, যেমন গণ্ডগ্রাম, গণ্ডগোল।

গণ্ডগোল, বি, প্রধান বা বৃহৎ গোলযোগ, অতিশয় কোলাহল ; ২। বিবাদ।

গণ্ডগ্রাম, বি, প্রধানগ্রাম, বহুজন বাসস্থান। [মূর্খ।

গণ্ডমূর্খ, বিং প্রধানমূর্খ, অতিশয়

গণ্ডা, বি, সংখ্যাবিশেষ, চারিকড়া ; ২। গণ্ডার ;

গণ্ডাকিয়া. বি, অঙ্কবিদ্যাবিশেষ, গণ্ডার শত পর্য্যন্ত গণনা।

গণ্ডার, বি, বন্যপশুবিশেষ।

গণ্ডারগল্লা, বি, বেত্রবিশেষ।

গণ্ডী, বি, মণ্ডল, রেখাদি দ্বারা সীমাবদ্ধ স্থান ; যথা,—
"কালীনামে গণ্ডী দিয়ে আছি দাঁড়য়ে।"
(রামপ্রসাদ)

২। রামধনুক।

গণ্ডূষ, বি, এককোষ জল. গোকর্ণাকৃতি হস্তে যত জল ধরে ; ২। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের ভোজনের অগ্রে ও পরে মন্ত্রোচ্চারণপূর্ব্বক মুখে জল গ্রহণ।

গৎ, বি, বাদ্য, বাজনা।

গতথামার,—কোন জমি খাস থামার হইতে খারিজ হইলে তাহার নাম গত থামার।

গতর, বি, (গাত্র শব্দজ) শরীর ; ২। শরীরের বল।

গতরাল, বিং স্থূল, মোটা, মাংসল।
গতরশোকা, গতরপোষা, বিং অলস, কুড়ে।
গতরায়তী, বি, (যাং) কোন রাইয়তের জমি উহার জমা হইতে খারিজ অর্থাৎ পৃথক্ হইলে তাহার নাম গত-রাইয়তী।
গতাজী, বিং পূর্ব্বকৃত, পূর্ব্বজাত, অতীত বিষয়ে অবশেষ।
গতাগতি, বি, গমনাগমন, যাতা-য়াত। [গতায়ুঃ।
গতাজু, বিং অব্যবহার্য্য,; ২।
গতান, বি, গছান; ২। ধনাদি স্থাপন। [আসা।
গতায়াত, বি, গমনাগমন, যাওয়া
গতি, গতিক, বি, উপায়; ২। প্রকার; ৩। অবস্থা; ৪। ঘটনাবলী। [গমন।
গতিবিধি, বি, যাতায়াত, গমনা-
গত্যন্তর, বি, অন্যগতি, উপায়ান্তর।
গদগদ, বি, হর্ষশোকাদিজনিত অবস্থা বিশেষ; ২। হর্ষাদি-জনিত অব্যক্ত কণ্ঠধ্বনি; ৩। বিং মোহিত, মুগ্ধ।
গদা, বি, লৌহমুদ্গার।
গদি, বি, তুলাদিপূর্ণ স্থূল আস্তরণ বিশেষ; ২। শস্য বিশেষ; ৩। (যাং) বণিকদিগের ভিন্ন ভিন্ন স্থানে বানিজ্যের যে আড্ডা থাকে, ঐ সকল আড্ডার নাম গদি।
গদিয়ান, বি, গদির প্রধান কর্ম্ম-চারী, আড়তের সর্ব্বপ্রধান কর্ম্মচারী।
গদ্দি, বি, পরিহাস, কৌতুক।
গদু, বি, চট্টগ্রাম অঞ্চলের অতি মন্থর গতি বিশিষ্ট জল যান বিশেষ।
গদ্য, বি, সহজ ভাষা, যে ভাষা ছন্দোবন্ধে রচিত নহে; ২। ঠাট্টা, বিদ্রুপ; যথা,—

"হেন বুঝি গদ্য মোরে করিল যুবতী।"
(মা-চণ্ডী)

গন, বি, রাস্তা, পথ; যথা,—

"উড়ের গড় এড়াল, আমলা উচানন।
মাদারন রেখে ধরে মহনার গন॥"
(ঘনরাম)

গন্তি, বি, সংখ্যা, গণনা।.
গন্ধক, বি, খনিজ দ্রব্য বিশেষ। এই দ্রব্য খনি মধ্যে এবং আগ্নেয় গিরি প্রদেশস্থ মৃত্তিকা হইতে পাওয়া যায়।
গন্ধকাটি, গন্ধকাঠি, বি, দেশালাই।
গন্ধবিরজা, বি, ঔষধি বিশেষ। ইহা কফ নাশক, মূত্রকারক, বেদনা নিবারক।
গন্ধভাদালিয়া, গন্ধভাদুলে, বি, লতা বিশেষ, গাঁদাল। হিন্দু-স্থানে ইহার নাম গান্ধালি,

গান্ধালি ও গন্ধপ্রসারণী, মহারাষ্ট্রে চাঁদাবলী।
গন্ধমরা, বি, তিক্তরস দ্রব্য বিশেষ, নাগদোনার গাছ।
গন্ধনাকুলি, বি, বন্য পানশিউলির মূল। [বিশেষ।
গন্ধরাজ, বি, গন্ধ প্রধান লেবু
গন্ধেশ্বরী, বি, গন্ধবণিকদিগের উপাস্য দেবতা।
গপ্প, বি, (গল্প শব্দজ) উপন্যাস, উপকথা।
গপ্পিয়া, বিং বাচাল, বহুভাষী।
গবড়ন, বি, গর্ভপতন; ২। পণ্ড-শ্রমী হওন। ৩। লেপন; ৪। অপরিষ্কৃতকরণ।
গবড়ান, বি, বিগড়ন্‌, নষ্টকরণ।
গবা, বিং নির্ব্বোধ, মূর্খ; যথা—
"পাত্র মিত্র যত জন সকলেই গবা।"
(হেমচন্দ্র)
২। বি, গহ্বর গর্ত্ত।
গবু, বিং (গর্ভিণী শব্দজ কি?) গর্ভবতী, অন্তঃসত্ত্বা।
গম, বি, (গোধূম শব্দজ) শস্য বিশেষ।
গমক, বি, লাউ, কুমড়া ইত্যাদির লতা বিশেষ; ২। করমালা জপিবার কোষ; ৩। স্বর কম্পন, একটী সুরের শ্রুতিচয় প্রকাশের নাম গমক, যে স্বর মূর্চ্ছনা প্রাপ্ত হয়।
গমি, বি, বৃক্ষবিশেষ।
গম্‌গমে, বিং জনতা বহুল; ২। ঈষৎ উষ্ণ।
গম্বুজ, বি, স্তম্ভ গৃহ। [বিশেষ।
গম্ভীরা, বি, মালদহ জিলার উৎসব
গয়ার, বি, থুথু. শ্লেষ্মা।
গয়ালী, বি, গয়া তীর্থের পুরো-হিত, পাণ্ডা। হিন্দুগণ পিতৃ-লোকের পিণ্ডদানার্থ গয়া ক্ষেত্রে গমন করিয়া অগ্রে ঐ গয়ালীর পদদ্বয় পূজা করেন।
গর্‌—অভাব, বৈপরীত্য ইত্যাদি অর্থ প্রকাশক, যেমন গর-হাজির, গরমিল।
গর্‌গর্‌, বিং পরিপূর্ণ।
গরজ, বি, (যাং) আবশ্যক; ২। কার্য্য; যথা,—
"কি গরজ কেন গঙ্গাতীরে যাব
আমি কেলে মায়ের ছেলে হয়ে,
বিমাতার কি স্মরণ লব।"
(কমলাকান্ত)
গরণাকাটা, গরনাখাঁদা, বি, ছিন্নোষ্ঠ।
গরদ, বি, রেশমী বস্ত্র বিশেষ।
গরবাদ, বিং কার্য্যের অনুপযুক্ত; ২। বাতিল।
গরভূষণ, বি, মালদহ জিলার আউস ধান্য বিশেষ। এ ধান্যের শীষ অন্যান্য ধানের ন্যায় গর্ভ হইতে বাহির হয় না। গর্ভেই ফুলফল হইয়া সুপক্ক হইলে আগাগোড়া শুখাইয়া যায়।

গরম, বিং (যাং-গর্ম্ম শব্দজ) উত্তপ্ত. উষ্ণ ; ৩ বি, উত্তাপ।

গরমকাপড়,—শাল, বনাত, কম্বল প্রভৃতি পশমী কাপড়, কার্পাস বস্ত্র অপেক্ষা আমাদের শরীর অধিক গরম রাখে, এই জন্য ইহাদিগকে গরম কাপড় বলে।

গরমিল, বিং অমিল, অনৈক্য।

গরমী, বি, মেঢ্ররোগ বিশেষ, উপদংশ পীড়া।

গর্‌রা, গটরা, বি, (আরবী—গরূর =অহঙ্কার শব্দজ কি ?) আধিক্য ; ২। অহঙ্কার ; ৩। গোলযোগ ; ৪। জনতা, ভিড়। [আটি।

গরল, বি, বিষ। ২। ঘাসের

গরলায়েক, বিং কার্য্যের অনুপযুক্ত, অকর্ম্মন্য।

গরব, বি, (গর্ব্ব শব্দজ) গর্ব্ব. অহঙ্কার। [গভীর।

গরাণ, বি বৃক্ষ বিশেষ ; ২। বিং

গরাদিয়া, বি. জানালার লৌহ বা কাষ্ঠনির্ম্মিত দণ্ড বিশেষ ; ২। কাঠগড়া, বেড়া।

গরিব, বিং (আরবী—গুরবৎ= জন্মস্থান হইতে দূরে যাওয়া বা প্রবাস দরিদ্র, কাঙ্গাল।

গরু, বি. গো ; ২। বিং নির্ব্বোধ, নিতান্ত মূর্খ।

গর্গর, বিং ক্রোধান্বিত, ক্রোধে অস্থির। [উন্মত্ত।

গর্গরিয়া, বিং কোপান্বিত. ক্রোধে

গর্চা, বি, মৎস্য বিশেষ, গর্চামাছ।

গর্জ্জন, বি, একজাতীয় বৃক্ষ হইতে প্রাপ্ত তৈল ও ধুনাযুক্ত রস। উক্ত বৃক্ষের স্কন্ধদেশে অস্ত্রাঘাত করিয়া অগ্নি সন্তাপ দিলে ইহা নির্গত হয়। পূর্ব্ববাঙ্গালায় জন্মে।

গর্জ্জনী, বি, ভৎর্সনা, তাড়না ; ২। চীৎকার।

গর্দ্দান, বি. গলা, ঘাড়, স্কন্ধ।

গর্ভথোড়, বি, মোছাপড়া কদলীবৃক্ষ, যে কদলীবৃক্ষের গর্ভে থোড় জন্মিয়াছে ; যথা,—

"তণ্ডুল সহিত তবে দিবা গর্ভথোড়।
আনগোছে দিয়া বিপ্র কৈল করজোড়॥"
(চৈতন্য ভাগবত)

গর্ভবৃৎ, বি, জরায়ুফুল।

গয়সাল, গরসাল, বি, মুসলমান ধর্ম্মাবলম্বী হিন্দু ; যথা,

"হিন্দু হয়ে মুসলমান হৈল গরসাল,
কাণ হয়ে মাঙ্গে কেহ পায়্যা নিশাকাল।
(কবিকঙ্কণ)

গল, বি, কণ্ঠ, গলা।

গলকম্বল, বি, গোরুর গললম্বিত কম্বলাকৃতি মাংস। কোন কোন স্থানে উহাকে "লতি" বলে।

গলগণ্ড, বি রোগ বিশেষ, গল দেশের মাংসপিণ্ড।

গলগ্রহ, বি, স্বয়ং উত্থাপিত অপরিহার্য্য বিপদ, অকারণে যে লেঠা ও দায় ঘটে। গলার বোঝা। [বিশেষ।

গলঘষী, বি, বৃক্ষবিশেষ, পুষ্প-

গলৎ, গলদ, বিং গলিত, যাহা গলিয়া পড়ে; ২। বি, ত্রুটী, দোষ, ভূল। [করণ।

গল্‌তি, বি, দোষ, ত্রুটী; ২। দ্রব-

গলা, বি, (গল শব্দজ) গলদেশ, কণ্ঠ; ২। উচ্চশব্দ; ৩। বিং (গল্‌ ধাতুজ) গলিত, দ্রবীভূত।

গলাগলি, বি, সমাশ্লিষ্ট, পরস্পর আলিঙ্গন।

গলাট, গলাটিয়া, বিং জীর্ণ, পচা, বিকৃত।

গলাটিপি, গলাধাক্কা, বি, হস্তদ্বারা গলদেশ টিপিয়া ধরা বা ধাক্কা দেওন।

গলান্, বি, গবাদির গলরজ্জু; ২। বিং গলিত, দ্রবকরণ।

গলানিয়া, বিং দ্রাবক, দ্রবকর্ত্তা।

গলাভরা, বিং গম্ভীর।

গলাভাঙ্গা, বিং বদ্ধকণ্ঠ, স্বরভঙ্গবিশিষ্ট, ঘোঙ্গরা। [বিশেষ।

গলাবন্ধ, বি, গলদেশের বেষ্টনী-

গলাবাজি, বি, সালঙ্কার বক্তৃতা; ২। চীৎকার, গলার আওয়াজ। [রজ্জু।

গলাসী, বি, গবাদির গলবন্ধন

গলি, বি, অল্প পরিসর পথ, ক্ষুদ্রপথ; ২। হস্তপদের অঙ্গুলির মধ্যভাগ; ৩। গড়িয়া গরু।

গলুই, বি, নৌকার দুই মুখের যে মুখ অপেক্ষাকৃত নিম্ন ও সরু; ২। নৌকার অগ্রভাগ।

গল্‌গলিয়া, গল্‌গলে, বি, অতিশয় পক্কফলাদি; ২। বিং বাচাল, বহুভাষী।

গল্প, বি, উপন্যাস, উপকথা।

গল্লা, বি, আটি, পুলা, গোছা।

গল্লাচিঙ্গড়ী, বি, বৃহৎ অথচ স্থূল চিংড়ীমাছ।

গল্লান, বি, আটি বন্ধন, গুচ্ছকরণ

গস্‌গস্, বি, ক্রোধে উন্মত্ত হওন, রাগান্ধতা প্রকাশ; ২। লোকারণ্য, ভিড়।

গস্ত, বি, মালখরিদ, শস্যাদি ক্রয় করিয়া আনা, বিক্রয় জন্য মাল সংগ্রহ করিয়া আনা। যে গস্ত করে, তাহার নাম গস্তীদার।

গস্তানী, বি, কামুকী, স্বেচ্ছাচারিণী, বেশ্যা; যথা,—

'কুটিনী গস্তানী, বড় যে মস্তানী,
উভে উভে দিব শূলে।"
(ভারতচন্দ্র)

গহগহ, বি, জনতা; ২। কুক্কুর ধ্বনি।

গহন, গহল, বি, জনতা, ভিড়, যথা—

"লোকের গহন দেখি আছেন বিরলে।
এই কথা বাচস্পতি স্থানে বলে॥"
(চৈতন্যভাগবত)

গহনা, বি, অলঙ্কার, ভূষণ।

গহরা, বি, গর্ত্ত, দহ, খাত।

গহরী, বি, বিলম্ব, গৌণ, দেরী; যথা,—

"উদয় হইলে আশা করিবে পূরণ।
গহরী করিলে হরি করেন বঞ্চন॥"
(কৌতুকবিলাস)

গহীর, গহেরা, বিং গভীর, অতলস্পর্শ।

গা, বি, (গাত্র শব্দজ) শরীর, দেহ; ২। ('গা' ধাতুজ) স্তুতি, গাথা; যথা,—

"কোকিল নাদিনী, গা পরিবাদিনী,
হী পরিবাদ বিধায়িনী।"
(ভারতচন্দ্র)

গাই, বি, (গাভী শব্দজ) গাভী, যথা,—

"একে ছাড়ি গাই যেন ধরে অন্য ষাঁড়ে।"
(ভারতচন্দ্র)

গাইন, গায়েন, বি, (গায়ন শব্দজ কি?) গায়ক।

গাইয়ে, বি, (গায়ক শব্দজ কি?) গায়ক।

গাইল, বি, (গালি শব্দজ) কটুক্তি, অভিশাপ।

গাওন, বি, গানকরণ, গীতগাওয়া।

গাওনী, বি, গায়কের বেতন; ২। নৌকা কালাপাতি।

গাং, বি, (গঙ্গা শব্দজ, ইতর জাতীয় লোকেরা নদ নদী সম্বন্ধে ব্যবহার করে) নদী।

গাংচি, বি, তণ্ডুল বিশেষ।

গাংচিল, বি, পক্ষীবিশেষ।

গাংদাড়া, বি, মৎস্যবিশেষ।

গাঁ, বি, (গ্রাম শব্দজ) বহুজন বসতি স্থান, গ্রাম।

গাঁই, বি, (গ্রামীন শব্দজ কি?) গ্রাম সম্বন্ধীয়, গোত্র, কুল।

গাঁইগুঁই, বি, বাক্যের নিশ্চয়তার অভাব, স্পষ্ট জবাব না দেওয়া।

গাঁইট, গাঁট, বি, (গ্রন্থি শব্দজ) গিরা; ২। মোট, বস্তা।

গাঁইটকাটা, বি, গ্রন্থীভেদী তস্কর, যে গাঁইট কাটিয়া টাকাকড়ি লয়, জুয়াচোর।

গাঁইটছড়া, গাঁটছড়া, গাটছলা, বি, বিবাহকালীন বরকন্যা উভয়ের বস্ত্রে গ্রন্থিবন্ধন; যথা,—

"মাথায় বসন দিলা রতন মৌড়ালা।
বেদের বিধানে বিপ্র বাঁধে গাঁছলা॥"
(কবিকঙ্কণ)

গাইঠের-গাবর, বি, নৌকার অগ্রভাগস্থ মাঝি, গলুয়ের মাঝি; ২। গাবর জাতীয় অতিশয় বলিষ্ঠ মাঝিমাল্লা।

গাগা, বি, বিকট শব্দ প্রকাশক গো রব; ২। গ্রামে গ্রামে।

গাঁজন, বি, দ্রব দ্রব্যের বিকৃত হওন, ফেণা উঠন।

গাজলা, বি, সদ্যপ্রসূতা গাভীর দুগ্ধ; ২। তরল বস্তুর উপরি উত্থিত বুদ্বুদ, ফেণা; ৩। বিং ফেণাযুক্ত।

গাজা, বি, (গঞ্জিকা শব্দজ) মাদক দ্রব্য বিশেষ।

গাঁজ, বি, ক্ষুদ্রমাংসপিণ্ড; যথা—
"চণ পান খয়েরে করিহ তার ক্ষার।
কাল গরুর গাঁজ আন্য ঔষধের সার॥"
(কবিকঙ্কণ)

গাজিয়াল, বি, গেঁজেল, গাঁজাখোর।

গাটা, বি, দ্রব্যবিশেষে বর্ত্তুলাকার; ২। বন্ধন; ৩। গুপ্ত থাকিয়া শ্রবণ।

গাটা দেওন—গুপ্তভাবে থাকিয়া কথাবার্ত্তা শ্রবণ।

গাঠরী, বি, (গ্রন্থি শব্দজ) পুঁটুলি, বস্তা।

গাঠুলি, গাওঠুলী, বি, মন্ত্রোচ্চারণপূর্ব্বক বিষ বন্ধন। মন্ত্রদ্বারা নির্ব্বিষ করিতে না দেওন।

গাঁড়, গোঁড়, বি, স্ফীত নাভি, নাইয়ের মাংস মোটা হওন; ২। (হিন্দী) পায়ু, গুহ্য।

গাঁড়িয়া, গেঁড়ে, বিং পুংমৈথুনকর্ত্তা, গুহ্যঃ রমণক।

গাতান, বি, পর্য্যায়, পালা; ২। বিং শঠ, ধূর্ত্ত।

গাতি, বি, ক্ষুদ্র জমাজমি; ২। পরস্পর একত্র হইয়া পরস্পরের কার্য্য করণ; ৩। পর্য্যায়, পালা; ৪। কুঠারবিশেষ, (Pick-axe) যথা,—
"নাহি গাতি ধরে বিশাই না ধরে সেউ’ন
অঞ্জলি করিয়া হনুমান তোলে পাণি॥"
(কবিকঙ্কণ)

গাথন, গাথনি, বি, (গ্রন্থন শব্দজ) গ্রন্থন, গঠন।

গাঁদা, বি, সপুষ্পক ওষধি বিশেষ, গাঁদাফুল। [লতা।

গাঁদাল, গাঁধাল, বি, গন্ধ ভাদুলে

গাঁদি, বি, স্তূপ, বহুসম্মিলন; ২। পক্ষযুক্ত উইপোকা; ৩। গান্ধি বা ভোমাপোকা, ইহারা ধান্যের পরম শত্রু। যখন ধানগাছে ফল ধরে, তখন উহারা গাছের রস ও ধানের দুধ বা তরল শাঁস খাইয়া ফেলে।

গাকাঁটা, বি, লোমাঞ্চ, গাত্রের লোম খাড়া হওয়া।

গাখসা, বি, গর্ভস্রাব, গর্ভপাত।

গাগরী, বি, (হিন্দুস্থানে ব্যবহৃত গর্গর শব্দজ) কলসী, ঘড়া, যথা,—
"প্রেমের রমণী জেল দাস নরহরি।
চৈতন্যের হাতে ফিরে লইয়া গাগরী।"
(নরহরিদাস)

গাণী, বি, শুকপক্ষী বিশেষ।

গাচা, গাছ, বি, তরু, বৃক্ষ; ২।

সংখ্যাবাচক শব্দের পর স্বার্থে প্রযুক্ত হয়, যেমন তিন গাছা, পাঁচ গাছা ইত্যাদি ; ৩। বিং বৃহৎ, লম্বা, যেমন গাছগাড়ু, গাছ প্রদীপ।

গাছড়া, বি, গুল্ম, লতা।

গাছড়িয়া, গাছুয়া, বিং বৃক্ষারোহণে নিপুণ। [ঝাল।

গাছমরিচ, বি, লঙ্কা বিশেষ, ক্ষুদ্র

গাছলা, বি উদ্ভিদ, বৃক্ষ লতাদি; যথা,—

"মানুষ মরে যাতে, গাছলা সারে তাতে ॥"
(খনা)

গাছান, বি, গজান, অঙ্কুরণ; ২। বৃক্ষে আরোহণ, গাছে চড়ন ; ৩। বৃহৎ কলসী।

গাছী, বি, যাহারা খর্জ্জুরাদি বৃক্ষ কাটিয়া রস বাহির করে, শিউলী।

গাজন, বি, গর্জ্জন। ২। চৈত্র সংক্রান্তিতে বাণরাজ কৃত পর্ব্ববিশেষ, শিবের উৎসব।

গাজর বি, মূল বিশেষ। পেঁয়াজ লশুনের ন্যায় গাজরও দ্বিজাতির নিষিদ্ধ খাদ্য বলিয়া শাস্ত্রে উক্ত।

গাজী, বি, (আরবী) যুদ্ধ বিজয়ী, (Field marshal)।

গাজে, ক্রি, (গর্জ্জন শব্দজ) গর্জ্জন করে ; যথা,—

"ফণাফণ ফণাফণ ফণীফন্ন গাজে।"
(অন্নদামঙ্গল)

গাঠিয়া, গাঁঠিয়া, বিং সুদৃঢ়, বলিষ্ঠ, গেঁটে। বাঁশ প্রভৃতির গাঁইট যেরূপ সুদৃঢ়, সেইরূপ সুদৃঢ় লোকদিগকেই গাঠিয়া অর্থাৎ গাঁইঠের ন্যায় শক্ত জুয়ান বলে।

গাড়, গাড়া, বি, (গহ্বর শব্দজ কি ?) গহ্বর, গর্ত্ত, খাদ ; ২। প্রোথন, পোঁতা।

গড়ান, বি, প্রোথিত করণ, পোতন। [চালক।

গাড়বান, গাড়োয়ান, বি, শকট

গাড়র, গাড়ল, বি, (গড্ডালিকা শব্দজ) মেষ, ভেড়া।

গাড্ডী, বি, বাঙ্গালা কাগজ দশ দিস্তা হইলে তাহার নাম গাড্ডি।

গাড়ি, গাড়ী, বি, (গন্ত্রী শব্দজ) শকট ; ২। গর্ত্ত, খাদ, গহ্বর।

গাড়িআড়ি, বি, বিবাদ, বন্ধুত্বের অভাব, বিরোধ।

গাড়ু, বি, (গড্ডুক শব্দজ) জলপাত্র বিশেষ, ভৃঙ্গার, ঝারি।

গাঢাকা, বি, অদৃশ্য, লুকান।

গাঢ়া, বি, গর্ত্ত, গহ্বর ; ২। নিবিড়ারণ্য ; ক্রি,—প্রোথিত করা। [দেহ।

গাত, বি, (গাত্র শব্দজ) গাত্র,

গাতুয়া, বিং অলস, জড়।

গাতোলন, বি, গাত্রোত্থান, উঠন।

গাত্রপাক, বি, গাপাক দেওয়া, গাঘোরা, পীড়া জন্য শরীরের ভ্রমি। [রচয়িতা।

গাথক, বি, সঙ্গীত রচক, সঙ্গীত

গাদ, বি, ময়লা, সিটা, কাইট।

গাদন, বি, পোতন; ২। ঠাসন; ৩। পূর্ণকরণ।

গাদা, বি, (গর্দ্দভ শব্দজ) গর্দ্দভ। ২। রাশি, স্তূপ; ৩। ক্রি,— মাটী ঠাসিয়া দেওয়া। [কৃত।

গাদাগাদি, বি, ঠাসাঠাসি, রাশি-

গাদি, গাঁদি, বি, রাশিস্তূপ; ২। গাধিপোকা।

গাদীপতি, বিং আড্ডাধারী, সন্ন্যাসী, মহান্ত।

গাদুলস্যা, বিং, অলস, অকর্ম্মণ্য।

গাধা, বি, (গর্দ্দভ শব্দজ) গর্দ্দভ; ২। বিং নির্ব্বোধ মূঢ়।

গাধাবোট, বি, মন্থরগতি সম্পন্ন জলযান বিশেষ।

গাপ, গাফ্, বি, (গুপ্ ধাতুজ) গোপন, ছাপা; ২। অস্বীকার করণ।

গাফিল, বিং (যাং) অমনোযোগী, অলস; ২। বি, গাফিলী; অমনোযোগীতা, শৈথিল্য-ভাব।

গাব্, বি, ফলবিশেষ, গাবফল; ২। গাব (ক্রি) গান করিব; যথা,—

"আসিবে সজ্জন সভা,
আমি অন্ধ গাব কিবা,
গুণ হীন ক্ষীণ হীন দাস।"
(ধর্ম্মমঙ্গল)

গাবড়া, বি, গল্প; ২। ভ্রূণ; ৩। গর্ভপাত।

গাবন, বি, ঘোলা হওন; ২। মূর্চ্ছা পড়ন।

গাবর, বি, নৌকা ব্যবসায়ী মাল্লাজাতি; ২। মাঝি; যথা—

"প্রথমে ত্রিবেণী বাহিয়া চৌদ্দ ডিঙ্গা।
গাঠ্যার গাবর বাহে বাজে রণশিঙ্গা॥"
(কেতকাদাস)

২। "সারি গায় দুই সারি গাবরে।"
(রামেশ্বর)

ঢাকা অঞ্চলে কৈবর্ত্ত ও হাইলা-দাস দিগকে সাধারণতঃ গাবর বলা হয়। ঐ অঞ্চলে অবজ্ঞা প্রকাশ স্থলে হালিকদাস গোয়ালা ও ছোট কায়েস্ত প্রভৃতিকে অন্যজাতীয় লোকে "গাবর" বলে। (ঢাকাপ্রকাশ)

গাবা, বি, পুষ্করিণীর জলের উপরিস্থ ঢালু মৃত্তিকাময় স্থান, পাড়।

গাবান, বি, লম্ফন; ২। গুপ্ত-বাক্য প্রচার।

গাবানিয়া, বিং ব্যাপক, ধূর্ত্ত।

গাবাল্সান, বি, শরীর অসুস্থ হওন।

গাভা, বি, (গর্ভ শব্দজ) গর্ভ, উদর ; ২। তট, তীর ; ৩। আভা, দীপ্তি, যথা,—

"কটিতটে পীতবাস বিরাজিত শোভা।
শিরে লটপটি পাগ চম্পকের গাভা ॥"
(চৈতন্যমঙ্গল)

গাভারী, বি, গাত্র ভার হওন ; ২। গর্ভসঞ্চার।

গাভীণ, গাবিণ, বি, (গর্ভিণী শব্দজ) গর্ভবতী, অন্তসত্বা।

গাভুর, বিং চট্টগ্রাম অঞ্চলে প্রচলিত হাল চাষ প্রভৃতি গৃহস্থালীর যাবতীয় কর্ম্ম করিবার জন্য নিযুক্ত ভৃত্য। উক্ত ভৃত্যের কার্য্যকে 'গাভুরালী' বলে।

গাভুর, বি, বলশালী যুবক। বিক্রমপুর অঞ্চলে এই শব্দ প্রচলিত আছে। [স্ত্রীগো।

গাভী, বি, (গবী শব্দজ) ধেনু,

গামধুরাণ, বি, মিষ্টদ্রব্য ভোজনে গাত্রের বিকার জন্মান, বমন করণোদ্যোগ।

গাময়, বি, সর্ব্ব শরীর, সর্ব্বাঙ্গ ; যথা,—

"বেড়ে সাপ গাময় গলায় হাড়মালা।"
(শিবায়ণ)

গামারী, গাম্ভারী, বি, বৃক্ষ বিশেষ, গাম্ভীর বৃক্ষ।

গামোড়ন, বি, আলস্য ভঞ্জন, জৃম্ভন, শরীর প্রসারণ, আড়া মোড়া ভাঙ্গন।

গামোছা, গাম্ছা, বি, (গা— গাত্র, মোছা—মোছন শব্দজ) গাত্র মার্জ্জনী, গামলিবার, ক্ষুদ্র বস্ত্রখণ্ড।

গাম্ড়ো, বি, নারিকেল শাখার মূলদেশ, বাগ্লো।

গাম্লা, বি, পিত্তল বা মৃণ্ময় পাত্র বিশেষ, গবাদনী, মেচ্লা, ডাবা।

গায়, বি, (গাত্র শব্দজ) গাত্র, দেহ ; ২। বহির্দ্দিক ; ৩। উপর ; ৪। ক্রি—গান করে।

গায়ন, গায়েন, বিং গায়ক, গান-কারক ; যথা,—

"মন্দিরা করিয়া করে, মধুর মধুর স্বরে,
গায়েন মঙ্গল গীত গায়।"
(কবিকঙ্কণ)

গাল, বি, (গণ্ড শব্দজ কি ?) কপোল, গণ্ড। ২। কটূক্তি, গালি।

গারি, গারী, বি, গৃহ, সংসার ; যথা,—

"লুঠ হৈল ধন, লণ্ডভণ্ড হৈল গারী।
লক্ষ্য নাহি মাতা মোর যথা রহে নারী।"
(কবিকঙ্কণ)

গালগল্প, বি, বৃথা গল্প, বাস্তবিক সত্তা নাই, কেবল কল্পনা

করিয়া সেই কথা বলা ; ২। বৃথা আড়ম্বর।

গালগুল, বি, গোপনে আন্দোলন ; ২। গল্প।

গালাঘুষা, বি, পরস্পর বলাবলি ; ২। রটনা।

গালা, বি, লাক্ষা, জৌ।

গালি গালী, বি, কটুবাক্য প্রয়োগ ; ২। অভিসম্পাত। হিন্দুস্থানীরা "গারি" বলে।

গালিচা, বি, (যাং) মেষলোম নির্ম্মিত আসন বিশেষ (carpet)।

গালিম, বি, (যাং) শত্রু ; ২। [দস্যু।

গালুনিয়া, গালুয়া, বিং কলহপ্রিয়, কটুভাষী, বাচাল।

গাহক, বিং (গায়ক শব্দজ) গায়ক, গানকারক।

গাহনা, গাওনা, বি, গীত, গান ; ২। ক্রি,—গান করান।

গাহা, বি, সুপারির পরিমাণ বিশেষ, গাই ; যথা,—

"গাহা ছুই গুয়া নিল আপনার তরে।
একেবারে ছুইগালে গুবাক লয়্যা পুরে॥"
(কবিকঙ্কণ)

২। ক্রি—নৌকার বান মেরামত করা।

গিজি, গিজ্জি, বিং সুগহন ; ২। সঙ্কীর্ণ, সঘন।

গিট্‌কিরি, বি, স্বরচয়ের উপর শীঘ্র গমনের নাম গিট্‌কিরি। মূর্চ্ছনা ও গিট্‌কিরিতে এই প্রভেদ যে, মূর্চ্ছনা—শ্রুতি সকল স্পষ্ট প্রকাশ হওয়া উচিত

গিন্নি, বি, (গৃহিনী শব্দজ) পুরস্ত্রী, কর্ত্রী ; ২। ভার্য্যা।

গিন্নিপনা, বি, গৃহিনীর কর্ত্তৃত্ব।

গিদড়, গিধড়, বি, গৃধ্র পক্ষী ; ২। মালদহের উত্তরপশ্চিম অঞ্চলে শৃগালের নাম ; ৩। অপরিষ্কার, ময়লা।

গিধিনী, বি, (গৃধিনী শব্দজ) শকুনি।

গিনা, বি, মৃত্তিকা বা ধাতুময় ক্ষুদ্র পাত্রবিশেষ।

গিনি, বি, (ইং guinea) স্বর্ণমুদ্রাবিশেষ, ইংলণ্ড প্রভৃতি দেশীয় চলিত মুদ্রা—২১ শিলিং

গিমা, বি, তিক্ত শাকবিশেষ।

গির্‌দা, বি, (যাং) উপাধান, তাকিয়া, বালিশ ; যথা,—

"বড় এক গিরদা শিয়রে সখী রাখে।"
(কবিরঞ্জন)

গির, গিরা, বি, গ্রন্থি, গাঁইট।

গির্‌গিটি, বি, জন্তুবিশেষ।

গিরি, বি, গৃহী, সংসারী ; যথা ;—

"গিরি লোকের বাড়ী গেলে গুরু জ্ঞান বলিমু।" (মানিকচাঁদের গান)

২। মহান্তদিগের উপাধি ; যথা—গিরি, পুরী, ভারতী।

গিরিফ্‌তার, গেরেপ্‌তার, বি, (পারশী গিরিফ্‌তন ধাতু হইতে

গির্, গিরি ও গিরিফ্‌তার শব্দের উৎপত্তি—অর্থ ধরা) ধৃত করণ, আটক। উদাহরণ, ১। গির, যথা, ডনগির অর্থাৎ ডনের (Dand) কার্য্য ধরা বা অবলম্বন করা; ২। গিরি, যথা, কেরাণীগিরি অর্থাৎ কেরাণীর (clerk) কার্য্য ধরা বা অবলম্বন করা; ৩। অমুক লোককে গেরেপ্‌তার কর অর্থাৎ 'গিরিফতার কর' তাৎপর্য্য ধর।

গিরিয়াল, বি, গৃহ, সংসার; ২। পর্ব্বতত্ব; যথা—

"তোমা ঝি হইতে মোর মজিল গিরিয়াল
ঘরে জামাই রাখিয়া পুষিব কতকাল॥"
(শিবায়ন)

গিরিলোক, বি, গৃহস্থ, সংসারী-ব্যক্তি। [করণ।

গিলন, বি, গলাধঃকরণ, গ্রাস-

গিলান, বি, খাওয়ান।

গিলা, বি, ফলবিশেষ।

গিলাফ্, বি, (যাং) আচ্ছাদন, ঢাকনী, ওয়াড়।

গিল্‌টী, বি, স্বর্ণজল দ্বারা মোড়ন বা আচ্ছাদন।

গীম্, বি, গ্রীবা, ঘাড়; যথা,—

"বঙ্কিম গীম অমিয় মিঠ বোল।
কাঞ্চন কুণ্ডল গণ্ড হিলোল॥"
(গোবিন্দদাস)

২। কণ্ঠ, গলা।

গু, বি, বিষ্ঠা, মল।

গুআ, গুয়া, বি, (গুবাক শব্দজ) সুপারি; যথা,—

"এলাচি কর্পূর গুয়া লঙ্গ জায়ফল।
সুলভ দেখিনু হাটে নাহি যায় ফল।"
(ভারতচন্দ্র)

২। গুহ্যদেশ।

গুড়, বি, খর্জ্জুরাদির রস হইতে জ্বাল দিয়া উৎপন্ন মিষ্টদ্রব্য।

গুঁড়, গুঁড়া, বি, (চূর্ণ করণার্থ গুণ্ড ধাতুজ) চূর্ণ, অতি ক্ষুদ্র অংশ; ২। নৌকার এক ডালি (ধারকাঠ) হইতে অপর দিকের ডালি পর্য্যন্ত আড় ভাবে মাচান করিবার জন্য যে মোটা মোটা কাষ্ঠ বসান হয়, তাহার নাম গুঁড়া বা গুঁঢ়া।

গুঁড়ন, বি, চূর্ণন, পেষণ।

গুঁড়ী, বি, (গুণ্ডিকা এবং গণ্ডি ধাতুজ) তণ্ডুলাদিচূর্ণ; ২। গাছের কাণ্ডদেশ; ৩। অবনত হওন।

গুগ্‌গুল, বি, বৃক্ষনির্য্যাসবিশেষ, সুগন্ধিদ্রব্যবিশেষ, ইহা পঞ্চপ্রকার, যথা—মহিষাক্ষ, মহানীল, কুমুদ, পদ্ম ও হিরণ্য। হিরণ্যাক্ষ্য গুগ্‌গুল মনুষ্যগণের পক্ষে বিশেষ হিতকারক।

গুগ্‌লি, বি, ক্ষুদ্র শম্বুক, গেঁড়ি।

গুচি, বি, (গুচ্ছ শব্দজ) গুচ্ছ,

স্তবক, ছোট চুলের গোছা; ২। আটি; ৩। ৩২ নরী হার।

গুচ্চার, গুচ্ছির, বি, (গুচ্ছ শব্দজ কি ?) কতকগুলি, সমূহ।

গুচন, গুছান, বি, সঞ্চয় করণ, একত্র করণ; ২। যথাস্থানে রাখন।

গুছিদেওন, বি, পোষকতা করণ; ২। খোঁপা বাধিবার সময় বিউনীতে ক্ষুদ্র ক্ষুদ্র চুলের গোছা সংযোগ করণ।

গুজরাট্, বি, (গুর্জ্জর শব্দজ) দাক্ষিণাত্য জনপদবিশেষ, গুজরাট-প্রদেশ। গুজরাটী—গুজরাট প্রদেশস্থ লোক।

গুজরাৎ, (যাং) দ্বারা, কোন ব্যক্তির দ্বারা; ২। প্রতিনিধি

গুজরাংখোদ, (যাং, গুজরাৎ—দ্বারা, খোদ—স্বয়ং) কোন ব্যক্তির নিজের দ্বারা।

গুজ্রান, বি, (যাং) ব্যয়, খরচ; সঙ্কুলান হওন।

গুজ্রী, বি, রৌপ্যনির্ম্মিত পাদাভরণবিশেষ; ২। কীটবিশেষ, এই পোকা নারিকেল সুপারি গাছে থাকে, এগুলি খুব বড় এবং কাল, উড়িবার সময় খুব ভোঁ ভোঁ শব্দ হয়। গাছের মাথাতে যে অঙ্কুর থাকে, তাহা খাইয়া ফেলে এবং অন্যান্য কোমল অংশও খায়; এইরূপে গাছ মরিয়া যায়।

গুজগুজ, গুজগুজনি, বি, গোপনে পরামর্শ, গোপনে কথাবার্ত্তা; ২। নড়নচড়ন।

গুজব, বি, মিথ্যা রটনা।

গুজস্তাজমি,—যে জমিতে প্রজাবিলি থাকে; তাহার নাম গুজস্তা-জমি।

গুজী, গুঁজী, বি, ইক্ষুগুড়; ২। পুরাতন চালে খড় প্রবেশ করান।

গুজীগুটী, বি, গুবাক, সুপারি।

গুজিবিজি, বিং জটিলতাময়; ২। বি, অস্পষ্ট লিখন।

গুটন, বি, সূত্রাদি একত্র করণ, জড়ান। [আঁটি।

গুট্লী, বি, বর্ত্তুলাকার মল; ২।

গুটি, গুটী, বি, কোয়া; ২। বসন্ত রোগ; ৩। বটিকা, ঘুঁটি; ৪। ক্ষুদ্রফল; ৫ তুঁতপোকা।

গুটিক, বিং অধিক, রাশি, যথেষ্ট।

গুটিকাপাত, বি, গুলিবাট; ২। ভাগাদি নির্ণয়ার্থ গুলি ফেলন।

গুটিপোকা, বি, তুঁতপোকা।

গুটিগুটি, ক্রি বিং, চুপেচুপে, আস্তে আস্তে।

গুটী, বি, কীটজাত গোলাকার বস্তু; ২। গুটীপোকার ন্যায় ধীর গমন; ৩। কীটজাত

সূত্র ; ৪। বর্ত্তুলাকার মৃণ্ময় পাত্র।

গুড়, বি, ইক্ষুবিকার, খাঁড়।

গুড়কামাই, বি, বৃক্ষবিশেষ, ফলবিশেষ, গুড়কাঁকোল।

গুড়চাউলী, বি, গুড়সংযুক্ত তণ্ডুলকণা ; যথা—

"কেহ আগাইয়া বীরে গুড়চাউলী মারে."

(কবিকঙ্কণ)

বিবাহকালীন বর কন্যাগৃহে উপস্থিত হইলে পুরস্ত্রীগণদ্বারা ভাবী জামতার প্রতি "গুড়চাউলী" নিক্ষেপ রাঢ়দেশে অদ্যাবধি অনেক স্থানে প্রচলিত আছে।

গুড়ন, বি, আকুঞ্চন, জড়ান ; ২। চূর্ণ করণ। [বিশেষ।

গুড়পিঠা, বি, গুড়সংযুক্ত পিষ্টক-

গুড়মুড়, বি, গুল্‌ফ, গোড়ালি।

গুড়ন, বিং গুড়সংযুক্ত, গুড়মাখান।

গুড়াকু, বি, মোদক, ময়রা ; ২। মোয়া ; ৩। বিং গুড়াক্ত।

গুড়ি, বিং নম্র, নত, নুইয়া পড়া ; ২। বি, গুঁড়িকাঠ।

গুড়িগুড়ি, গুড়ীগুড়ী, বি, অবনত হইয়া গমন ; যথা—

"ধূলা ঝাড়ি গুড়িগুড়ি পলাইল ওঝা।"

(কবিরঞ্জন)

গুড়িয়া, বি, মোদক, মোয়া ; ২। বিং গুড়সংযুক্ত।

গুড়গুড়, বি, অব্যক্তধ্বনি, শব্দবিশেষ। [খর্ব্ব।

গুড়গুড়িয়া, গুড়গুড়ে, বিং বামন,

গুড়গুড়ী, বি, ধূমপানযন্ত্রবিশেষ ; ২। পক্ষীবিশেষ।

গুণ, বি, মানসিকধর্ম্ম ; ২। আত্মার উৎকর্ষসাধক বস্তু ; ৩। ব্যাকরণে স্বরের পরিবৃত্তিবিশেষ ; ৪। বার, যথা—তিন গুণ, পাঁচগুণ ; ৫। শক্তি ; যথা—তাহার ঔষধে কোণ গুণ দেখিল না ; ৬। যে রজ্জু মাস্তুলে বাঁধিয়া নৌকা টানিয়া লইয়া যাওয়া যায় ; ৭। ফল, উপকার ; যথা—সত্যকথা বলার অনেক গুণ ; ৮। এক অঙ্কদ্বারা অন্যের পূরণ, গুণন ; ৯। রজ্জু, কাছি, সূত্র ; যথা— 'গাথে বিনা গুণে" ; ১০। থলিয়া, চট ; ১১। ধনুকের ছিলা।

গুণপনা, বি, নিপুণতা, ক্ষমতা, কারুকার্য্য।

গুণগুণান, বি, গুণগুণ শব্দকরণ ; ২। ভ্রময়ের রব করণ।

গুণগার, বি, দণ্ড, জরিমানা ; যথা—

"ঝুঁটি ধ'রে ঝাঁটা মেরে দূর করে দিব।
গলা টিপি দিয়া শাঁখা গুণাগার লব"

(শিবায়ন)

গুণাগুণ, বি, গুণ এবং দোষ।
গুণি, গুণী, বি, গুণবান, পণ্ডিত; ২। ক্রি,—গণনা করে; যথা—
"শিবনিন্দা শুনি, মহাদুঃখ গুনি"
(ভারতচন্দ্র)
গুণ্ডা, বিং দুরাত্মা, অপহারক; ২। লম্পট।
গুণ্ডামী, বি, দৌরাত্ম্য, দুষ্টতা, লম্পটতা।
গুণ্ডী, বি, কামাতুরা স্ত্রী।
গুত, গুতা, বি, শৃঙ্গাঘাত; ২। আঘাত; যথা—
"তোমার বিবাহ মনে হাতে বেঁধে সুতা।
বুড়া বরে এনেছিল, খেয়ে গেছে গুতা।"
(ঘনরাম)
গুতন, গুতান, বি, আঘাতকরণ, শৃঙ্গদ্বারা মারণ।
গুদ্, বি, ভগ, যোনি; ২। পায়ু, গুহ্যদেশ।
গুদড়ী, গুধ্ড়ী, বি, স্থূলবস্ত্রবিশেষ, কান্থা, কাঁথা।
গুদাম, বি, দ্রব্যাগার, গোলা (Godown)।
গুদার, গুদারা, বি, (পূর্ব্ব ও উত্তর বঙ্গে) পারঘাট, খেয়াঘাট।
গুন্তি, বিং গণিত; ২। বি, গণনা।
গুন্গুন্, বি, ভ্রমরের রব; নাকিশব্দ, অস্পষ্টশব্দ
গুপ্তি, বি, নৌকা বা জাহাজের মেজে; ২। বর্ষাবিশেষ, বংশযষ্টির মধ্যস্থিত লৌহশলাকা-বিশেষ।
গুফ, বি, পর্ব্বত গহ্বর।
গুব্‌রিয়া, বিং গোময়সম্বন্ধীয়; ২। অপকৃষ্ট; ৩। বি, কীটবিশেষ, গুব্‌রেপোকা।
গুম্, বি, মুষ্টাঘাতের শব্দ; ২। বিং, বাকস্ফুর্ত্তিহীন, নিস্তব্ধ।
গুমট্ বি, গ্রীষ্ম, গর্ম্মি।
গুমটিয়া, বিং, দুর্গন্ধযুক্ত, ছাতা-পড়া। [(cupola)
গুম্‌টী, গুম্বজ, বি, গোলছাদ
গুমর, বি, দম্ভ, অহঙ্কার।
গুমরণ, বি, গ্রীষ্মকরণ, উত্তাপ; ২। নিঃশব্দে ক্রন্দন।
গুম্‌শো, বি, গ্রীষ্ম, গরম।
গুমসন, বি, দুর্গন্ধ হওন; ২। গ্রীষ্ম হওন।
গুমান, বি, অভিমান, আত্মীয় স্থলে অল্পেতেই দুঃখ, ক্ষোভ অনাদর বা অপমান বোধ করা; যথা—
"গুমানে মরিয়া গুমানে রবে।"
(ভারতচন্দ্র)
২। দর্প, অহঙ্কার।
গুমী, বি, গুপ্তহত্যা, গোপনে বধ।
গুয়া, বি, (গুবাক শব্দজ) সুপারি।
গুয়াকাতি, বি, উড়িষ্যা অঞ্চলে জাঁতির নাম গুয়াকাতি।
গুয়ামুটী, বি, কবরীবিশেষ, গুয়ার আকার কবরী।

গুরাম, বি, বন্যশশা ফল।

গুরী, বি, শ্বেতবর্ণ, গৌরাঙ্গ; ২। লতাবিশেষ।

গুল, বি, বর্ত্তুল; ২। অঙ্গার বটিকা, তামাক পোড়া; যথা—

"গালে ভরা গুল" (হেমচন্দ্র)

৩। পুষ্প; ৪ বাহুর পরিধি।

গুলকলম, বি, আম্রাদি বৃক্ষের শাখার সন্ধিস্থলে মৃত্তিকা, গোময়, খৈল ইত্যাদি দ্রব্যদ্বারা বান্ধিয়া রাখিলে যে শিকড় বাহির হয়, তাহারই নাম গুলকলম।

গুলজার, বিং (পারশী গুল—পুষ্প, জার কেয়ারি: গুলজার অর্থে ফুলের কেয়ারি) চলিত অর্থ শোভাময়, জমকাল; ২। বি, বাগান।

গুলঞ্চ, বি, লতাবিশেষ, গোলঞ্চ—বিশেষ গন্ধ বিহীন, তিক্ত আস্বাদ।

গুল্‌তি, গুল্‌তাই, বি, ধনুক; যথা—

"কণি মণি হার আর, কত রত্ন অলঙ্কার, হাতে হেম গুলতাই বাঁটুল॥"

(কবিকঙ্কণ)

গুলন, বি, দ্রবীকরণ, একত্রীকরণ, প্রকাশন।

গুলল, গুলাল, বি, পুষ্পবিশেষ; ২। ব্যাধের ধনু। কোন কোন স্থানে 'গুরল'ও বলে।

গুলবাহার, বি, (যাং) ফুলের নক্সা; ফুলের কারুকার্য্য।

গুল্‌নক্স, বি, কোন খেয়ালে 'গুল' এই শব্দটীর উল্লেখ থাকিলে তাহাকে গুলনক্স বলে।

গুল্‌মেহেদি, বি, দোপাটি পুষ্প।

গুলা, গুলি, গুলিক, গুলিন, অং বহুত্ববোধক শব্দ; সমূহবোধক প্রত্যয়।

গুলাব্ বি, (যাং) পুষ্প বিশেষ; ২। গোলাবজল।

গুলি, বি, বাঁটুল, বন্দুকের গুলি; ২। ক্ষুদ্রকাষ্ঠদণ্ডবিশেষ; ৩। বাহুর পরিধি।

গুলিবাঁট, বি, গুটিকাপাত।

গুলিভাঁটা, বি, খর্ব্বাকার ও স্থূলদেহ সম্পন্ন।

গুলেবাস, বি, কৃষ্ণকেলিপুষ্প।

গুল্ম, বি, উদররোগবিশেষ; যথা,—

"ভেবে পেটে গুল্ম হোলো, প্রাণ শুকায়ে কুলের আঁটি।"

(কমলাকান্ত)

গুলো, বি, ঢেঁকির ছেয়ার মাথার গোলাকার লৌহ। ইহা দ্বারা ধান্যাদি সহজে নিস্তুষ হয়।

গূ, বি, বিষ্ঠা, মল।

গৃহদেবতা, বি, বাস্তুদেবতা; ২। গৃহমধ্যস্থ দেবমূর্ত্তি।

গৃহবাজ, বি, কপোতবিশেষ, একজাতীয় পায়রা।

গেঁউড়, গেঁড়, বি, শস্যবীজাকার মূল। আদা, বনআদা, হলুদ প্রভৃতিজাতীয় উদ্ভিদের কাণ্ড। গোলাকার মূল, কন্দ।

গেঁচ, বি, বৃহৎ মৃৎকলসী।

গেঁজ, গ্যাঁজ, বি, অঙ্কুর, নবোদ্ভিদ; ২। বিস্ফোট।

গেঁজলা, বি, প্রসবান্তর প্রথম গোদুগ্ধ, ফেণা।

গেঁজা, বি, (গঞ্জিকা শব্দজ) মাদকদ্রব্যবিশেষ, গাঁজা; ২। ক্রি,—ফেণা হওয়া। [বগ্নী।

গেঁজিয়া, বি, সূত্রনির্ম্মিত থলী,

গেঁজিয়াল, বিং গাঁজাখোর।

গেঁটা, বিং গ্রন্থিযুক্ত, গাঁইট দেওয়া।

গেঁটাগোটা বিং স্থূলাকায়, সুদৃঢ়, মোটাসোটা।

গেঁটে, বি, (গ্রন্থি শব্দের অপভ্রংশ) গাঁইট, গিরা; ২। কটিদেশ, কোমর; ৩। কড়িবিশেষ, গেঁটেকড়ি; ৪। বিং সুদৃঢ়, শক্ত।

গেঁড়া, বিং স্থূল অথচ বলিষ্ঠ, খর্ব্বাকার। [বিশেষ।

গেঁড়ি, বি, (গণ্ডুক শব্দজ) গুগলি-

গেঁড়ু, বি, গোলাকৃতি ক্রীড়াদ্রব্য বিশেষ, ভাঁটা; ২। গোলাকার মূল, কন্দ।

গেঁড়ে, বি, গর্ত্ত, খাত; যথা,—
"ভুমি বুনে ভুতনাথ ভাজা পোড়া ছেড়ে
কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেঁড়ে।"
(শিবায়ণ।)

গেঁদা, গেন্দা, বি, পুষ্পবিশেষ, গাঁদাফুল।

গেঁয়ে, গেঁয়ো, বিং (গ্রাম্য শব্দজ কি?) গ্রামসম্বন্ধীয়।

গেঁয়োমোড়ল, বি, (গেঁয়ো—গ্রাম্য ও মোড়ল—মণ্ডল শব্দজ) যাহারা গ্রামের মধ্যে সর্ব্ববিষয়ে কর্ত্তৃত্ব করে।

গেবিয়া, বি, সিন্দুকাদির খোপ, বাক্সের কুঠরী।

গেরণ, বি, ক্ষরণ, পতন, পড়ন; ২। (গ্রহণ শব্দজ) চন্দ্র, সূর্য্য-গ্রহণ। [গিরিমাটী।

গেরী, বি, রক্তবর্ণ মৃত্তিকাবিশেষ,

গেরো, বি, গ্রন্থি, গিরা; ২। গ্রহ।

গেরোপীড়া, বি, (গ্রহপীড়া শব্দজ) গ্রহজনিত শারিরীক কষ্ট।

গেলন, গেলা, বি, ভক্ষণ, গলাধঃকরণ; ২। ক্রি,—খাওয়া, গিলিয়া ফেলা।

গেলান, বি, খাওয়ান।

গেলুয়া, বিং বাচাল, বহুভাষী।

গেহ, বি, (গৃহ শব্দজ) গৃহ, ঘর।

গৈগাঁ, বি, পল্লীগ্রাম, সামান্যগ্রাম।

গোঁ, বি, একগুয়েমি; ২। লাভ।

গোঁগা, গোঙা, বি, মূক, বোবা, বাক্যশক্তিহীন।

গোঁজ, বি, কীলক, খোঁটা।

গোঁজলা, বি, গবাক্ষ, গৃহের ক্ষুদ্র আলোক প্রবেশ পথ।

গোঁজা, বি, কীলক, খোঁটা; ২। তালি; ৩। অপ্রকাশ্য দান; ৪। হিসাব ভুল অসদুপায়ে মিল করা; ৫। তৃণনির্ম্মিত খড়ের চালে নূতন খড় প্রবেশ করান।

গোঁড়, বি, (গণ্ড শব্দজ) উচ্চ নাভি, মাংসপিণ্ড; ২। ফুলা।

গোঁড়া, বিং স্তাবক, চাটুকার, খোসামুদিয়া; যথা,—

"গৌড় রাজ্যে গোঁড়া গুলা বেড়ায় কি ঠাটে।" (কবিরঞ্জন)

২। পক্ষপাতী; ৩। অতিশয় অনুরক্ত; ৪। বি, অতিশয় অম্লাক্ত লেবু বিশেষ।

গোঁড়াম, গোঁড়ামি, বি, অতিশয় পক্ষপাতীত্ব; ২। স্তাবকতা।

গোঁদ, গঁদ, বি, বাবলার আটা।

গোঁধলা, বি, দুর্গন্ধ বিশিষ্ট শঠিত পদার্থ; যথা,—

"পচলা সরায় পাছলা সারে,
গোঁধলা দিয়ে মানুষ মারে।"
(খনা)

গোঁফ, বি, (গুম্ফ শব্দজ) গুম্ফ, শ্মশ্রু। [অলস।

গোঁফখেজুরে, বিং অতিশয়

গোঁফালি, বি, গবাদির লেজের কেশ।

গোঁয়ান, বি, কালাতিপাত করণ; ২। একত্রে বাস করণ; যথা,—

"জয় জয় নিরঞ্জন, ডাকে যত ভক্তজন
মহোৎসবে গাজনে গোঁয়ায়।"
(ঘনরাম)

গোঁয়ার, গোঙার, বি, (হিন্দী গাঁও+আর কিম্বা আল্=গ্রাম সম্বন্ধীয় গ্রামীন) মূর্খ, জিদী, অমার্জ্জিত; ২। অবিমৃশ্যকারী, অবিবেক, কাণ্ডজ্ঞান হীন।

গোঁয়ারা, বি, মুসলমানদিগের প্রধান উৎসব মহরমের শেষ দিনের উৎসব ব্যাপারের অঙ্গ বংশাদি রচিত পদার্থ বিশেষ। তাজিয়া।

গোঁসাই, বি, (গোস্বামী শব্দজ) প্রসিদ্ধ নিত্যানন্দবংশীয় গণের উপাধি।

গো, বি, গরু; ২। সুপারি; ৩। সম্বোধন শব্দ।

গোআলী, গোয়ালা, বি, গোপ, দুগ্ধ বিক্রেতা জাতি।

গোকল, বি, গোগ্রাস, গরুকে দত্ত ঘাস;

গোক্ষুর, বি, সর্প বিশেষ, গোক্ষুরা সাপ; ২। বৃক্ষ বিশেষ, বৃক্ষ বিশেষের ফল ও পত্র। বৃক্ষ বিশেষ ভূমি সন্নিকটে বিস্তৃত হয়, আঠার ন্যায় রসযুক্ত, ফল

চতুষ্কোণ বিশিষ্ট, বড় ও ছোট ভেদে দ্বিবিধ।

গোগা, বি, বোবা, হাবা।

গোগ্রাস, বি, প্রায়শ্চিত্তের পর মন্ত্রপূত করিয়া গরুকে ঘাস দেওয়া; ২। গরুর ন্যায় গ্রাস গ্রহণ।

গোঙরান, বি, মূকতা প্রকাশন; ২। বাক্যস্ফূর্ত্তিহীন গর্জ্জন।

গোঙান, বি, কালাতিপাত করণ; ২। বাস করণ।

গোঙ্গা, গোঙা, বি, বোবা; ২। বৃহৎকড়ি।

গোচ, গোছ, বি, (গুচ্ছ শব্দজ) হালা, আটি, মুষ্টিপ্রমাণ ধান গাছ; ২। সুযোগ, সদুপায়; ৩। সদৃশ, মত।

গোচর, বি, যে জমিতে গো মহিষাদি পশু চরিয়া বেড়ায়।

গোচা, গোছা, বি, (গুচ্ছ শব্দজ) আটি, পুলা, স্তবক।

গোচান, গোছান, বি, শ্রেণী বন্ধন; শৃঙ্খলা করিয়া রাখন।

গোচাল, গোছাল, বিং কর্ম্মদক্ষ, উপযুক্ত, চতুর; ২। আটি বান্ধা।

গোছালি, বি, বারুজীবি, বারুই; যথা,—

"তেলি মালী তাতুলি,
গোপ নাপিত গোছালি।
কুমার কামার পাটালি,
নবশাকের গাথুলি।" (প্রবাদ)

গোট, বি, স্ত্রীলোকের কটিদেশের অলঙ্কার বিশেষ।

গোটা, বি, জরির পাত; ২। বিবিধ মসলার চূর্ণ বিশেষ; ৩। চাউলের গুঁড়া; ৪। বিং অখণ্ড, আস্ত, সমুদয়।

গোটাকতক, বিং কতিপয়, কতকগুলি।

গোটাগোটা, বিং অখণ্ড, আস্ত আস্ত; ২। বৃহৎ বৃহৎ।

গোটান, বি, জড়ান, একত্র করণ।

গোটানাল, বি, ফেণা, গাঁজলা।

গোঠ, বি, (গোষ্ঠ শব্দজ) গোষ্ঠ, গোচারণ স্থান; ২। মেষাদির পাল; ৩। কটি ভূষণ।

গোডিম, বি, পক্ষী শাবকদিগের গুহ্যদেশের মাংসপিণ্ড বিশেষ।

গোড়, বি, পাদমুল; ২। রোগের দীর্ঘকাল স্থায়িত্ব; ৩। ক্ষতাদির ব্যাপকত্ব; ৪। শ্রেণী, সারি; ৫। তরল গুড় অথবা দোলোর রস জ্বাল দিয়া যে চিনি পাওয়া যায়, প্রাদেশিক ভাষায় তাহার নাম গোড় বা গোড় চিনি। সরকাটা গোড়, চল্‌তা গোড় ও লালী গোড় ভেদে গোড় ত্রিবিধ।

গোড়মুড়া, বি, গুল্‌ফ, গোড়ালি।

গোড়া, বি, আদি, মূল।

গোড়াগোড়ি, বিং আদ্যোপান্ত, সুত্রপাত হইতে।

গোড়ান, বি, অনুসরণ; ২। ঘটন; ৩। সমীপবর্ত্তী হওন।

গোড়ারী, গোড়ালি, বি, গুল্ফ, পাদমূল।

গোড়ে, গেড়ুয়া, বি, পুষ্পস্তবক।

গোদ, বি, পদস্ফীতি রোগ।

গোদা, বিং শ্লীপদরোগগ্রস্ত; ২। স্থূলকায়।

গোদাচিল, বি, পক্ষী বিশেষ, বড়চিল।

গোদান, বি, গোভূত।

গোদানী, বি, স্ত্রীলোকের ললাট-দেশে কৃষ্ণচিহ্ন, উল্কী; ২। পদস্ফীতা স্ত্রী।

গোধূলি, বি, সন্ধ্যার প্রাক্কাল।

গোধেউড়ী বি, গরুর রাখালী।

গোনাগোষ্ঠী, বি, সকল পরিবার, এক বংশীয় সমুদয় লোক।

গোপাল, বি, সন্তানাদির প্রতি স্নেহসূচক বাক্য বিশেষ।

গোপীমাটী, বি, মৃত্তিকা বিশেষ, তিলক ধারণ মৃত্তিকা।

গোপীযন্ত্র, বি, একতারা, বাদ্য যন্ত্র বিশেষ।

গোপুরী, বি, লতাবৃক্ষবিশেষ।

গোপো, বি, সপরিবার, সগোষ্ঠী; ২। গরুবাছুর ও ছেলেপিলে।

গোফা, বি, গহ্বর, গর্ত্ত; যথা,—

"তবে হরিদাস গঙ্গাতীরে গোফা করি।
থাকেন বিরলে অহর্নিশ কৃষ্ণস্মরি।"
(চৈতন্যভাগবত)

গোবর, বি, (গোবিট্ শব্দজ) গোময়, গো বিষ্ঠা।

গোব্‌রা, বিং, গোময় সদৃশ, অপ-কৃষ্ট; ৩। বিস্বাদ।

গোবরাট, বি, দ্বারের উপরি-ভাগের কাষ্ঠ।

গোব্‌রাণ, বি, বিবর্ণ করণ, কদাকার করণ; ২। বুদ্ধিহীন হওন।

গোবাছা, বি, (গো ব্যাঘ্র শব্দজ) নেকড়িয়া বাঘ। [শান্ত।

গোবেচারী, বিং অতিশয় নিরীহ,

গোবৈদ্য, বি, গো চিকিৎসক; ২। চিকিৎসা শাস্ত্রে অনভিজ্ঞ বৈদ্য।

গোব্দা, বিং স্থূল, মোটা, ভারী।

গোম, বি, (গোধূম শব্দজ) শস্য বিশেষ, গোধূম।

গোমড়া, বি, গম্ভীর ভাব, হাস্যা-দিবিহীন, মুখভাব বিশেষ।

গোমী, গুমী, বি, গুপ্তহত্যা, গোপনে প্রাণনাশকরণ।

গোমাস্তা, বি, (যাং) যে ব্যক্তি খাজনা আদায় করে; ২। মহাজনের গদির প্রধান কর্ম্মচারী।

গোমুড়, গোমুঢ়, বি, মরা গরুর মাথা, যথা,—

"গোমূড়ে ঢাকিয়া পীড়া আলিপনা তায়।
বরপাত্র রায় গিয়া তাহাতে দাঁড়ায় ॥"
(কৌতুকবিলাস)

গোয়াল, বি, গোশালা, গরু থাকিবার ঘর।

গোয়ালা, বি, গোপ জাতি।

গোর, বি, গৌরবর্ণ; ২। কবর।

গোরা, বি, (গৌর শব্দজ) গৌরবর্ণ, শুভ্র; যথা,—
"গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল।" (ভারতচন্দ্র)
২। ইংরাজ সৈন্য। [বুঝ।

গোরু, বি, (গো শব্দজ) গো,

গোর্দ্দ, গের্দ্দ, বি, একত্রীকরণ, গুছান।

গোল, বি, গোলাকার; ২। কোলাহল, কলরব।

গোলকধাঁধা, বি, (গোলক— বর্ত্তুলাকার বস্তু; ধাঁধ—ধন্দ শব্দজ) বিষম দৃষ্টিভ্রম।

গোলন্দাজ, বি, (যাং) যাহারা কামানের আওয়াজ করে, কামান দাগা সৈন্য।

গোলমরিচ, বি, মরিচ বিশেষ, বৃক্ষ বিশেষ, এই বৃক্ষ লতানিয়া ও গুল্ম সদৃশ, শাখা সকল সূক্ষ্ম ও নিয়মিত যুগ্মরূপে বিভক্ত। ইহারই শুষ্কীকৃত অপক্ক ফল।

গোলা, বি, (যাং) রোজ নমাজ হীন মুসলমান; ২। ধান্যাগার, ধান্যাদি রাখিবার পাত্র বিশেষ; ৩। জল মিশ্রিত তণ্ডুলচূর্ণ; ৪। বর্ত্তুলাকার লৌহ পিণ্ড ৫। কাষ্ঠাদি নির্ম্মিত গোলাকার বস্তু; ৬। মাষাদির শুষ্ক ত্বক; ৭। বিং—দ্রবীভূত।

গোলান, বি, প্রকাশন, ব্যক্তকরণ; ২। ঘোলান।

গোলাপ, বি, (যাং, গুলে-আব। পারশীতে "গুল" শব্দের অর্থ সাধারণতঃ ফুল, কিন্তু ইহার এক বিশেষ অর্থ গোলাপ ফুল এবং "আব" শব্দের অর্থ জল; অতএব 'গুলে আব' অর্থে গোলাপ ফুলের জল; সুতরাং গোলাপ—গোলাপ জল) গোলাপ ফুল।

গোলাম, বি, (যাং) ভৃত্য, চাকর; ২। তাস ক্রীড়ার রং বিশেষ। যথা—
"আগে আন্'ত; গোলাম, হ'র গোলাম এখন আমি গোলাম হই।" (দাশরথী)

গোলামী, বি, ভৃত্যের কার্য্য, চাকরি, যথা—
"গোলামের জাত শিখেছে গোলামী।" (হেমচন্দ্র)

গোলালো, বিং, গোলাকার চৌকস।

গোসাপ, বি, (গোসর্প শব্দজ) সর্পের ন্যায় বিষধর চতুষ্পদ জন্তু বিশেষ।

গোসা, বি, (যাং) রাগ, ক্রোধ, অভিমান। [স্নান।

গোসল্, বি, (যাব) অবগাহন,

গোহাইল, গোহালি, বি, (গোশালা শব্দজ) গোগৃহ।

গোহাড়, বি, গো অস্থি, গরুর হাড়।

গোহারি, বি, দোহাই, সুবিচার প্রার্থনা করণ, যথা—

"মাপে কোণ দিয়া দড়া,
পনর কাঠায় কুড়া,
নাহি শুনে প্রজার গোহারি।"
(কবিকঙ্কণ)

২। নমস্কার, যথা—

"আগে পাছে বসিয়াছে যত সহচরী।
খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারি॥"
(কবিকঙ্কণ)

গোহাল্যা গীত,—গরুর মঙ্গলার্থ গান; ২। গরুর মঙ্গলার্থ গোশালায় যে সঙ্গীত হয়।

গোহির, বিং (গভীর শব্দজ) গভীর, অতলস্পর্শ।

গৌণ, বি, অপেক্ষা, বিলম্ব, দেরী।

গৌরচন্দ্রিকা, বি, বাহ্যাড়ম্বর, কোন বিষয় আরম্ভের পূর্ব্বে তৎসম্বন্ধে বর্ণনা; ২। সাজ সজ্জা।

গ্যাদার, বি, অহঙ্কার, গর্ব্ব।

গ্রহওঝা, বি, (গ্রহ—রব্যাদি নব গ্রহ, ওঝা—পুরোহিত) জ্যোতিশাস্ত্রোক্ত আদিত্যাদি নবগ্রহের বৈগুণ্য শান্তির নিমিত্ত তাহাদের পূজায় যাহারা পৌরহিত্য করেন, গ্রহবিপ্র, আচার্য্য ব্রাহ্মণ।

গ্রামভাঁটি, বি, বিবাহাদি শুভকর্ম্মে গ্রামের কতকগুলি কার্য্যের জন্য যাহা আদায় হয়, গ্রাম খরচ। [বিশেষ।

গ্লটন, বি, (ইং Glutton) জন্তু

গ্লাস, গেলাস, বি, (ইং Glass) পান পাত্র বিশেষ।

ঘ

ঘ; চতুর্থ হলবর্ণ। উচ্চারণ স্থান জিহ্বামূল।

ঘট, বি, ক্ষুদ্র কুম্ভ, কলসী; ২। শরীরের অন্তর্গত স্থান বিশেষ।

ঘটক, বি, দূত; ২। যাহা হইতে ঘটে, যে ঘটাইয়া দেয়, যে যোজনা করিয়া দেয়, যে মধ্যবর্ত্তী হইয়া বিবাহ সম্বন্ধ স্থির করিয়া দেয়; ৩। উপাধি বিশেষ।

ঘটকালি, বি, ঘটকতা, যোজকতা, মিলন কার্য্য।

ঘটন, ঘটনা, বি, যোজনা; ২। সংঘটন, মিলন; ৩। আকস্মিক ব্যাপার।

ঘটা, বি, সমারোহ, আড়ম্বর; ২। সংঘটন।

ঘটাটোপ, বি, যানাদির আচ্ছাদন

বস্ত্র, যাহা দ্বারা কোন শকট বা গৃহোপকরণ ঢাকিয়া রাখা যায়।

ঘটান, বি, উৎপাদন ; ২। মিলান, যোজকতা করণ।

ঘটী, বি, কাংস্যাপিত্তলাদি ধাতু নির্ম্মিত ক্ষুদ্র জল পাত্র ; ২। ঘড়ি, দণ্ডাত্মক কাল।

ঘড়া, বি, (ঘট শব্দজ) পিত্তলময় কলস, বড় কলসী।

ঘড়ঘড়ান, বি, ঘড় ঘড় শব্দ করণ।

ঘড়ঘড়িয়া, বি, ব্যাঘ্র বিশেষ, নেকড়ে বাঘ।

ঘড়ী, বি, (ঘটি যন্ত্র শব্দজ) সময় নির্ণায়ক যন্ত্র।

ঘড়ীঘড়ী, ক্রি বিং, ঘণ্টায় ঘণ্টায়।

ঘড়ীয়াল, ঘড়েল, বি, যাহারা ঘটী-যন্ত্র বাজায় ; ২। পক্ষী বিশেষ ; ৩। জল.জন্তু বিশেষ।

ঘণ্ট, বি, মৎস্য শাকাদির ব্যঞ্জন বিশেষ।

ঘণ্টা, বি, কাংস্যাদি নির্ম্মিত বাদ্য-যন্ত্র বিশেষ, ইহা দেবদেবীর পূজাকালীন ব্যবহৃত হয় ; ২। আড়াই দণ্ড সময় ; ৩। কোন বস্তু প্রাপ্তির অভাব।

ঘনটী, বি, ক্ষুদ্র ঘণ্টা, ঘুঙুর ঘুনটী।

ঘন, বি, সমান তিন অঙ্কের পূরণ ; ২। বিং—জমাট, নিবিড়, পুরু।

ঘনা, বি, কলু, যাহারা ঘানিগাছ হইতে তৈল বাহির করে ; যথা—

"তেলি বৈসে যত জনা, কেহ চাষী কেহ ঘনা, কিনিয়া বেচয়ে কেহ তেল।"
(কবিকঙ্কণ)

ঘনান, বি, নিকটবর্ত্তী হওন, কাছান। [নিকট।

ঘনিষ্ঠ, বিং আসন্ন, নিকটস্থ, অতি

ঘনী, ঘুনী, বি, মৎস্যধারণার্থ বংশ নির্ম্মিত যন্ত্র বিশেষ, ঘুনী।

ঘনীভূত, বি, সান্দ্রীভূত, আভ্যন্তরিক ; ২। শরীরস্থ। [টনা।

ঘনুয়া, বি, উপপতি, জার, কো-

ঘবরণ, বি, স্তব্ধ হওন ; ২। ব্যাকুল হওন। [বিস্ময়।

ঘবরাণী, বি, উদ্বেগ, স্তব্ধতা,

ঘর, বি, গৃহ, ভবন ; ২। সংসার ; ৩। বংশ।

ঘরকন্না, ঘরকরণা, বি, সংসার-ধর্ম্ম, গৃহকর্ম্ম।

ঘরজুয়ান, বি, চিরযৌবন।

ঘরণী, বি, ভার্য্যা, গৃহিণী, স্ত্রী।

ঘরদল, বি, আত্মীয়, স্বজন।

ঘরবার, বি, কোন বস্তুর প্রতীক্ষায় ব্যস্ততা সহকারে গৃহমধ্যে গতায়াত।

ঘরসন্ধান, বি, গৃহচ্ছিদ্র জ্ঞান, গৃহের ভেদ জ্ঞাত হওয়া।

ঘরা, বি, (ঘর শব্দজ) আধার ; ২ ছিদ্র।

ঘরাই, ঘরাও, ঘরুয়া, বি, গৃহ সম্বন্ধীয়, ঘরের, ঘর পোষা, অন্তর্ব্বর্ত্তী।

ঘরাঘরি, আপনাপনি প্রত্যেক ঘর।

ঘরাণা, বিং সদ্বংশজাত।

ঘরামী, বি, গৃহ নির্ম্মাতা, যাহারা খড়োঘর নির্ম্মাণ করে।

ঘষা, ক্রি, ঘর্ষণ করা, মাজা।

ঘষি, বি, শুষ্ক গোময়, ঘুঁটে।

ঘা, বি, (ঘাত শব্দজ) আঘাত ; ২। ক্ষত চিহ্ন।

ঘাই, বি, ছিদ্র, ফাক, ঘোঘ ; ২। মাছের ঝিম্।

ঘাইট, ঘাটি, বি, অপরাধ, দোষ, কসুর ; ২। কমতি হওন, যথা,—

"আধবুড়া হল তবু ঠাট ঘাটে নাই।"
(ভারতচন্দ্র)

৩। নদ্যাদির অবগাহনার্থ প্রবেশ স্থান ; ৪। আতিথ্য, অতিথি সেবা।

ঘাঁট, ঘাঁটু, বি, (ঘণ্টাকর্ণ শব্দের অপভ্রংশ) দেবতা বিশেষ, খোস পাচড়ার দেবতা।

ঘাঁটন, বি, আবর্ত্তন, আলোড়ন ; ২। মিশ্রিত করণ, চট্কান।

ঘাঁটা, বি, জটুল মাংসপিণ্ড, কড়া ; ২। ক্রি, আলোড়ন করা, উত্যক্ত করা,—জ্বালাতন করা।

ঘাঁটাঘাঁটি, বি, আলোড়ন, নাড়াচাড়া।

ঘাঁটান, বি, উত্তেজিত করণ, রাগান, উঠান।

ঘাঁটি, বি, (ঘট্ট শব্দজ) চৌকিদারের নির্জ্জনে বসতি স্থান, চোরাপথ, থানা, আড্ডা।

ঘাঁটিদার, বি, চৌকিদার, যে ঘাঁটিতে থাকে।

ঘাঁত, ঘাঁতঘোত, বি, কৌশল, উপায়, পথ।

ঘাঁতন, বি, কটুকথন, পরিহাস দ্বারা ভৎসন।

ঘাগী, বিং ভূক্তভোগী ; ২। পুনঃ পুনঃ দণ্ডিত ; ৩। দুষ্ট, শঠ, চতুর।

ঘাঘর, বি, (ঘর্ঘর শব্দজ) ক্ষুদ্র ঘণ্টিকা, ঘুঙ্গুর।

ঘাঘ্রা, বি, স্ত্রী পরিধেয় বস্ত্র বিশেষ ; ২। রাই সরিষা ; ৩। তুঁষ।

ঘাট, বি, (ঘট্ট শব্দজ) নদ্যাদির অবগাহনার্থ প্রবেশ স্থান ; ২। পর্ব্বত ; ৩। পর্ব্বত মধ্যস্থ পথ ; ৪। সঙ্গীতে যন্ত্রাদিকে বিভাগ করিলে তাহার এক এক অংশের ঘাট। ডাহিনাদি বাদ্য যন্ত্রের প্রত্যেক 'গুলির' উপরিস্থ ভাগ ; ৫। অপরাধ, দোষ; যথা—

"করিলাম কাজির অনেক অপমান।
আর যদি করে ঘাট তবে লব প্রাণ।"
(চৈতন্য ভাগবত)

ঘাটন, বি, হ্রাস হওন, অকুলান, শেষ। [চালান।

ঘাটমারণ, বি, বিনা করে দ্রব্য

ঘাটী, বি, অপরাধ, দোষ।

ঘাটু, বি, ময়মনসিংহ জেলায় প্রচলিত সঙ্গীত বিশেষ। ঘাটু সঙ্গীতে যে উন্মাদনা আছে, তাহা অন্য কোন সঙ্গীতে সচরাচর দেখা যায় না।

ঘাটোয়াল,—মহারাষ্ট্রীয়দিগের অত্যাচারের সময় মহারাষ্ট্রীয় দস্যুদিগের বিরুদ্ধে পর্ব্বতের ঘাট অর্থাৎ দ্বার রক্ষা করিবার পরিবর্ত্তে অল্প খাজনায় জমি বিলি হইত। ইহার নাম ঘাটোয়ালী। অনেক ঘাটোয়ালী বহু বিস্তৃত জমিদারীর ন্যায়। ঘাটোয়ালীর অধিকারীর নাম ঘাটোয়াল।

ঘাড়, ঘাড়ি, বি, (ঘাটা শব্দজ) গ্রীবা, মস্তকের অধোভাগ।

ঘাড়নাড়ন, বি, শিরঃকম্পন, গ্রীবা হেলন দ্বারা সঙ্কেতে অঙ্গীকার করণ। [করণ।

ঘাড়ান, বি, সম্মত হওন, স্বীকার

ঘাড়িপাতন, বি, গ্রীবাদেশ অবনত হওন। গ্রীবাদেশ উচ্চ করিতে না পারা।

ঘানাঘুনা, বি, জনরব, পরস্পর বলাবলি ; যথা—

"শুধাইতে নারে কথা, অন্তরে মরম ব্যথা,
লোক মুখে শুনি ঘানাঘুনা।"
(চৈতন্য মঙ্গল)

ঘানি, বি, তৈল যন্ত্র, সর্ষপাদি নিষ্পীড়ন যন্ত্র ; ২। কৌশল, চাতুরী।

ঘানিভাঙ্গান, বি, সর্ষপাদি নিষ্পেষণ দ্বারা তৈলবাহির করণ।

ঘাম, বি, (ঘর্ম্ম শব্দজ) স্বেদ, শ্রমজল।

ঘামন, বি, ঘর্ম্মাক্ত হওন।

ঘামাচি, বি, (ঘর্ম্ম চর্চ্চিকা শব্দজ) ঘর্ম্ম জন্য ব্রণ। [সঙ্কেতে।

ঘারেঘোরে, ক্রি বি, ইঙ্গিতে,

ঘালি, ঘাল, বি, আঘাত, ঘা ; ২। বিং, আহত, আঘাত প্রাপ্ত, নষ্ট।

ঘাস, বি, গবাদির ভোজনীয় তৃণ।

ঘাসিয়াড়া, ঘেসেড়া, বি, যাহারা ঘোড়ার খাইবার জন্য তৃণ সংগ্রহ করে, সহিস।

ঘি, বি, (ঘৃত শব্দজ) ঘৃত।

ঘিকুমারি, বি, বৃক্ষ বিশেষ, ঘৃতকুমারী গাছ।

ঘি কাঁকরোল, বি, বৃক্ষ বিশেষ, ফল বিশেষ।

ঘিঞ্জি, বি, (নিবিড়ার্থ ঘন শব্দজ কি ?) নিবিড়, ঘন।

ঘিয়া, বিং, ঘৃতময়, ঘৃতাক্ত।
ঘিরণ, বি, বেষ্টন, বেড়ন।
ঘূঁটি, বি, (ঘুন্টিকা শব্দজ) কঙ্কর; ২। ইষ্টকাদি খণ্ড; ৩। পুরুষের স্তনবর্দ্ধন; ৪। ক্ষৌরিভেদ; ৫। গুচ্ছ, গোছা; ৬। পাশকাদির বটিকা।
ঘুঁটিয়া, ঘুঁটে, বি, শুষ্ক গোময়।
ঘুঁতঘুঁতিয়া, ঘুঁত ঘুঁতে, বি, শূকর: ২। বিং, একগুঁয়ে।
ঘুঘু, বি, পক্ষী বিশেষ।
ঘুঘনীদানা, বি, গোধূম অথবা ছোলা প্রভৃতি দ্রব্য অর্দ্ধসিদ্ধ করিলে যে সামগ্রী প্রস্তুত হয়, তাহার নাম ঘুঘনীদানা।
ঘুঘুর, ঘঘুরা, বি, ঘুরঘুরিয়া পোকা।
ঘুংঘুর, ঘুঙ্গুর, বি, (ঘন্টিকা শব্দজ) অলঙ্কার বিশেষ, বাজাওয়ালার পাদাভরণ বিশেষ।
ঘুংড়ি, বি, কষ্টদায়ক কাসি বিশেষ, ঘুংড়ি কাসি। ইহাতে প্রথমে সামান্য সর্দ্দি হইয়া শেষে বেঁহুস ভাব, গলার ভিতর ব্যথা, গলার স্বর বসা প্রভৃতি উপসর্গ হয়।
ঘুচন, বি, মোচন, অন্তর্হিত হওন; ২। ত্যাগ করণ।
ঘুচান, বি, মোচন, খোলন।
ঘুঁজি, বি, নিভৃত স্থান, অপ্রকাশ্য স্থান।
ঘুজিশিঙ্গে, বি, যে সকল জন্তুর শৃঙ্গ ঘুরিয়া কপালের দিকে বাঁকিয়া আসে। [শব্দ বিশেষ।
ঘুটঘুট, বি, নিবিড়ান্ধকার; ২।
ঘুটন, বি, আলোড়ন, মর্দ্দন।
ঘুটমণ্ডন, বি, গোলযোগ, গোলমাল; ২। জঞ্জাল।
ঘুটিঙ্গ, বি, কঙ্কর, কাঁকর।
ঘুটী, বি, গুল্ফ, গোড়ালি; ২। দাবার বড়িয়া; ৩। বসন্ত রোগ।
ঘুড়ী, বি, (ঘূর্ণ শব্দজ কি? আকাশগামী কাগজ নির্ম্মিত ক্রীড়ন দ্রব্য বিশেষ; ২। ঘোটকী।
ঘুণ, বি, কাষ্ঠকীট বিশেষ; ২। বিং, নিপুণ, দক্ষ।
ঘুণন, বি, সমীপস্থ হওন, নিকটবর্ত্তী হওন।
ঘুণাক্ষর, বি, ইঙ্গিত, ইসারা: ২। বিং, অতি সামান্য।
ঘুনঘুন, বি, অস্পষ্টভাবে সঙ্গীত, আস্তেআস্তে গান গাওয়া।
ঘুনী, বি, মৎস্য ধরিবার যন্ত্র বিশেষ; ২। বিং, আটল।
ঘুন্টি, বি, কিংকিনী, ঘুঙ্গুর।
ঘুপসি, বি, অতিশয় নিম্ন ও আলোক বিরহিত স্থান।

ঘুম, বি, নিদ্রা, তন্দ্রা।
ঘুমন, বি, নিদ্রা, যাওন।
ঘুমগড়িয়া, ঘুমনিয়া, বি, নিদ্রালু; ২। কুড়ে, অলস।
ঘুমন্ত, বি, নিদ্রিত, শয়ান।
ঘুরাণ, বি, আবর্ত্তন, ফিরাণ।
ঘুরুনি, বি, (ঘূর্ণ শব্দজ) ঘূর্ণবাতাস; ২। জলস্তম্ভ; ৩। রোগ বিশেষ, যে রোগে রোগী ঘুরিয়া পড়িয়া যায়।
ঘুরুনিয়া, ঘুরুণে, বিং যে ঘুরিয়া বেড়ায়, যে ঘুরিয়া ঘুরিয়া দান সাধিয়া বেড়ায়।
ঘুর্ঘুর, বি, কীট বিশেষ, ঘুয়ঘুরিয়া পোকা; ২। অনবরত ফিরা ঘোরা।
ঘুলন, বি, আলোড়ন, আবর্ত্তন; ২। ঘন করণ।
ঘুষ, বি, কার্য্যসিদ্ধির জন্য গোপনে দেয় বস্তু, উৎকোচ।
ঘুষখোর, বিং (যাং) যে উৎকোচ লইয়া কার্য্য করে।
ঘুষড়ন, বি, গোপনে রাখন; ২। বিমর্দ্দন করণ।
ঘুষণ, বি, মুষ্টাঘাত করণ, কীলন; ২। প্রচার করণ; ৩। অভ্যাস করান।
ঘুষা, ঘুষি, বি, মুষ্টি. কীল, মুটা।
ঘুষাঘুষি, বি, মুষ্টামুষ্টি, কিলোকিলি।
ঘুষাচিঙ্গড়ী, বি, চিঙ্গড়ি প্রভৃতি ক্ষুদ্র মৎস্য; ২। ক্ষুদ্র মৎস্য।
ঘুষ্কাণ, বি, প্রবেশন, অভ্যন্তরে স্থাপন।
ঘুস্কী, বি, গুপ্তবেশ্যা, গোপনে উপপতি কারিণী।
ঘূরণ, বি, (ঘূর্ণন শব্দজ) চক্রের ন্যায় ফিরণ।
ঘেউয়া, বিং আহত, ক্ষত বিশিষ্ট; ২। ভক্ষিত।
ঘেঁচড়া. বিং, দুর্ম্মুখ, অবাচ্য; ২। অবাধ্য।
ঘেচন, বি, একত্র করণ, জড়ান; ২। ছেদন।
ঘেচিকড়ি, বি, গেঁঠেকড়ি।
ঘেঁচু, বি, (ঘেঞ্চুলিকা শব্দজ) মূল বিশেষ।
ঘেঁটন, বি, হ্রাস হওন, ফুরাণ; ২। ক্রোধ জন্মান।
ঘেঁটু, বি, (ঘণ্টাকর্ণ শব্দজ) খস পাচড়া রোগের দেবতা।
ঘেঁটুফুল, বি, পুষ্পবিশেষ, ঘাটফুল, এই ফুলদ্বারা ঘেঁটুদেবতার পূজা হয়।
ঘেঁষড়ন, বি, (ঘর্ষণ শব্দজ) পেষণ, মৃত্তিকায় ফেলিয়া আকর্ষণ, হিঁচড়ান।
ঘেঙ্গা, বি, সদা যাচ্ঞা দ্বারা বিরক্ত করণ; ২। দায়, আপদ।

ঘেঙ্গান, ঘেঙ্গানি, বি, দরিদ্রের যাচন ; ২। কাকুতি করণ।
ঘেড়ান, বি, সম্মত হওন ; ২। সমীপস্থ হওন ; কাছে আসা।
ঘেরণ, বি, বেষ্টন, আবরণ।
ঘেরা, বিং, বেষ্টিত, আবৃত ; ২। অবরুদ্ধ।
ঘেসেড়া, বি, যে ঘোড়ার ঘাস কাটে, জাতি বিশেষ। দিল্লীশ্বর আকবর বাদশাহের প্রধান সেনাপতি মানসিংহ বিদেশ হইতে ইহাদিগকে আনিয়া ছিলেন বলিয়া উক্ত আছে। বাঙ্গালায় এ জাতি দেখা যায় না। ছোট নাগপুরে এবং উড়িষ্যায় কোন কোন স্থানে অসপৃশ্য মেথর এবং সহিস জাতি ঘাসি জাতি নামে অভিহিত। [পথ।
ঘোঁজ, বি, কুপথ, অন্ধকারময়
ঘোঁট, বি, কুতর্ক, বিচার।
ঘোঁটন, বি, অন্বেষণ ; ২। পেষণ। [কুতর্ক।
ঘোঁটমণ্ডন, বি, গণ্ডগোল, বিষম
ঘোঁট্‌না, বি, পেষণ দণ্ড, নোড়া, যদ্দ্বারা পেষা যায়।
ঘোগ, ঘোঘ, বি, ফাক্, ছিদ্র ; ২। জল নিঃসরণের পথ ; ৩। পশু বিশেষ ; ৪। চক্রবাক্।
ঘোঙা, বি, ঘন নামে বাদ্য যন্ত্র বিশেষ, আনন্দলহরী, একতারা ; ২। বড় কড়ি।
ঘোঙাউল্‌টান,—প্রাণত্যাগ করা।
ঘোড়া বি, (ঘোটক শব্দজ) অশ্ব।
ঘোড়ামুখো, বিং, শীষভরে অবনত ; যথা,—

"খোড় তিরিশে, ফুলো বিশে,
ঘোড়ামুখো বার দিন।" (খনা)

২। ঘোড়ার মুখের ন্যায় মুখ।
ঘোড়ারু, বি, ক্ষুদ্র মৃগ বিশেষ।
ঘোণা, বি, অশ্ব নাসিকা ; ২। মুখের সুচাল অগ্রভাগ ; ৩। যে নাকিসুরে কথা কয়।
ঘোণান, বি, নিকটবর্ত্তী হওন।
ঘোপ, বি, গুপ্তস্থান, ঝোপ।
ঘোম্‌টা, বি, অবগুণ্ঠন, মুখাচ্ছাদন। [অসদৃশ।
ঘোর, বিং, ভয়ানক ; ২।
ঘোরফের, বি, দুর্ব্বোধ্য বিষয় ; ২। নিগূঢ় তত্ত্ব।
ঘোরা, বি, প্রদক্ষিণ, ফিরণ।
ঘোরাল, বিং অব্যক্ত, অস্পষ্ট, পেঁচাল।
ঘোল, বি, জল মিশ্রিত পাতলা দধি ; ২। আবর্ত্ত, নদীর আওড়।
ঘোলখাওয়ান,—পরিশ্রান্ত করণ, কষ্ট দেওয়া।
ঘোলা, বিং, কর্দ্দমাক্ত, অপরিষ্কার।

ঘোলান, বি, অপরিষ্কার করণ।

ঘোলানি, বি, কাদা, ময়লা; ২। বিং, আবিল, কাদাটে।

ঘোলাপড়া, বিং, পচা; ২। নিষ্ফল।

ঘোষান, বি, জ্ঞাতকরণ; ২। পড়ান।

ঘোষাফল, বি, ঝিঙ্গা। হিন্দুস্থানে, নেন্নুয়া, ঘিয়াতরুই, ও তোরোই বলে।

ঘ্যানঘ্যান, বি, পুনঃ পুনঃ এক বিষয়ের উক্তি; ২। বিরক্তি।

ঙ

ঙ;—পঞ্চম হলবর্ণ; ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল। ইহাকে অনুনাসিক বর্ণও বলে।

চ

চ;—ষষ্ঠ হলবর্ণ; ইহার উচ্চারণ স্থান তালু।

চই, বি, মূল বিশেষ। ইহা পিঁপুল মূলের ন্যায় গুণ বিশিষ্ট।

চইত, বি, (চৈত্র শব্দজ) চৈত্র মাস।

চওড়া, বিং, প্রশস্ত, বিস্তৃত।

চক্, বি, (চতুষ্ক শব্দজ কি?) চতুঃশালার মধ্যবর্ত্তী স্থান, বাজার; যথা,—

"সম্মুখে দেখেন চক, চাঁদনী সুন্দর।"
(ভারতচন্দ্র)

২। চৌহদ্দী যুক্ত খণ্ডা জমি; গ্রামের মধ্যে কিয়ৎ পরিমাণ ভূমিকেও চক বলে।

চক্‌চক্, বি, (চাক্‌চিক্য শব্দজ) স্বচ্ছতা, উজ্জ্বলতা, দীপ্তি।

চক্‌চকান, বি, উজ্জ্বলন, প্রকাশন।

চক্‌দার, বি, (যাং) গ্রামের প্রধান প্রজা।

চক্‌মকি, বি, দীপ্তি, কিরণ; ২। অগ্নিপ্রস্তর, অগ্ন্যুৎপাদক প্রস্তর ও লৌহ।

চক্‌মিলান,—চতুর্দ্দিক বেষ্টিত গৃহ। পরস্পরাভিমুখ বহুসংখ্যক গৃহ।

চক্‌বন্দী,—কোন জমির কিম্বা সম্পত্তির সীমা নির্দ্ধারণ করা; ২। গ্রাম সীমা নিরূপণ করা।

চক্‌লা, চাক্‌লা, বি, (চক্র শব্দজ) প্রদেশ, কয়েকটী পরগণার সমষ্টি; ২ কর্ত্তিত কিয়দংশ।

চকা, বি, (চক্রবাক শব্দজ) চক্রবাক পক্ষী; ২। জলময় বহুদূর ব্যাপী স্থান।

চকাচকি, চকচকি, (চক্রবাক-শব্দজ) চক্রবাক ও চক্রবাকী; যথা,—

"চকা কন চকী প্রিয়ে এ বড় কৌতুক,
বিধি হ'তে ব্যাধ ভাল বড় দুঃখে সুখ।
(রসসাগর)

চকারবকার, বি, অসংলগ্ন বাক্য, এলোমেলো কথা; যথা,—
"ক্ষণে দুই জনে প্রীত ক্ষণে ধরে চুলে,
চকারবকার শব্দ উচ্চ করি বলি।"
(চৈতন্য ভাগবত)

চকেচামড়া, বি, চক্ষুলজ্জা।

চকেবা, বি, (চক্রবাক শব্দজ) চক্রবাক পক্ষী; যথা,—
"কুচ যুগ চারু চকেবা।" (বিদ্যাপতি)

চক্কুরে, বি, (চক্র শব্দজ) সর্প-বিশেষ, বোড়াসাপ; ২। বিং, চক্রী। [চুরি।

চক্ষুদান, বি, অপহরণ, চক্ষুর উপর

চঙ্গ, বি, সৈন্য, শ্রেণীবদ্ধ যোদ্ধা, অস্ত্রধারী সিপাহী।

চঙ্গা, চাঙ্গা, বিং, সুস্থ, নীরোগ।

চঙ্গারি, চাঙ্গারি, বি, বংশনির্ম্মিত পাত্রবিশেষ।

চঞ্চনিয়া, বিং শুষ্ক, নীরস।

চট, বি, গুণ, থলিয়া; ২। ক্রি বিং, ঝটিতি, শীঘ্র।

চটই, বি, (চটক শব্দজ) পক্ষী-বিশেষ, চড়াই পক্ষী।

চটক, বি, আরোপিত সৌন্দর্য্য, কাল্পনিক শ্রী। চাক্‌চিক্য।

চট্‌কা, চট্‌কনা, বি, মোহ, অজ্ঞানতা।

চটন, বি, বিদারণ, ফাটন; ২। ক্রোধ জন্মান।

চটা, বি, চাক্‌লা, দ্রব্যের পাৎলা অংশ; ২। বিং ক্রোধী, রাগী।

চটাচটি, বি, বিচ্ছেদ, অনৈক্য।

চটান, বি, ক্রোধ জন্মান, প্রণয়-ভঙ্গ, রাগান।

চটাল, বিং—প্রশস্ত, চওড়া।

চটিয়াল—যে সমস্ত পায়রার মস্তকের পালক কিছু উচ্চ হইয়া টিকির মত উঠে, তাহাকে চটিয়াল বলে, গেরবাজ পায়রা।

চটী, বি, গুণ, টাট; ২। গঞ্জ, আড্ডা; ৩। বণিকদ্রব্য বিশেষ, রসসিন্দুর; ৪। বিং, খণ্ড, ক্ষুদ্র, পাৎলা।

চট্‌কান, বি, মাখন, ছানন, মর্দ্দন; ২। বিং—মর্দ্দিত।

চট্‌চটে, বিং আটাল, আটাবৎ।

চট্‌পট্‌, বিং, ত্বরিত, দ্রুত।

চট্‌পটে, বিং, চতুর, চালাক।

চট্টল, বি, চট্টগ্রাম অঞ্চল।

চটলী—চট্টগ্রাম অঞ্চলের লোক।

চড়, বি, (চপেট শব্দজ কি?) চাপড়, করতল দ্বারা আঘাত; যথা,—
"যারে পায় তারে ধরে, গালে মারে চড়।"
(কৃত্তিবাস)

চড়ই, চড়াই, বি, (চটক শব্দজ) চড়াইপক্ষী; ২। পর্ব্বতের

নিম্নভাগ হইতে উৰ্দ্ধভাগে আরোহণ।

চড়ক, বি, চৈত্র সংক্রান্তির ক্রিয়া-বিশেষ, বাণরাজার উৎসব-বিশেষ, গাজন।

চড়ক্ণ, বি, ফোড়ায় বেদনা, জ্বলন।

চড়কল, বিং, অতিশয় উজ্জল।

চড়্কা, বি, করকা, শিলা।

চড়্চড়্, বি, ব্যথা, শুষ্কতাজনিত জ্বালা; ২। বিস্ফোটকাদির যাতনা।

চড়্বড়্, বিং, দ্রুত, টপ্টপ্।

চড়্চড়ি, বি, শুষ্ক ব্যঞ্জন।

চড়্তি, বি, বাজার বৃদ্ধি, মূল্য-বৃদ্ধি; ২। রাগিয়া উঠন।

চড়ন, বি, আরোহণ, উঠা।

চড়নদার, বি, যে চড়িয়া থাকে; ২। নৌকার মালের তত্ত্বাব-ধায়ক।

চড়া, বি, জলমধ্যস্থ উচ্চভূমি, দ্বীপ; ২। চড়াই পক্ষী; ৩। জ্যারোপণ; ৪। ধনুকের ছিলা; যথা,—

"প্রভাতে উঠিয়া বীর পরে রাঙ্গা ধড়,
যৌতুকের বাঁশে দিল মুরুগার চড়া।"
(কবিকঙ্কণ)

৫। বিং—উচ্চ, দুর্ম্মূল্য, আক্রা ৬। কঠিন; ৭। আরূঢ়।

চড়াও, বি, আক্রমণ; ২। আক-র্ষণ; ৩। গ্রহণ।

চড়াচড়ি, বি, পরস্পর চড় মারণ; ২। হাতে চট্চট্ শব্দ করা।

চড়ান, বি, চপেটাঘাত করণ; ২। জ্যারোপণ; ৩। উঠান।

চড়ুকেহাঁসি,—অতিশয় উচ্চহাস্য।

চণা, চানা, বি, (চণক শব্দজ) ছোলা, বুট। ছোলাকে হি-ন্দীতে চণা ও চাণা বলে; ২। গোমূত্র।

চণ্ডীমণ্ডপ, বি, দুর্গা কালী প্রভৃতি দেবীর পূজার স্থান; ২। বাটীর বহিঃস্থ গৃহ

চণ্ডু, বি, মাদকদ্রব্যবিশেষ।

চণ্ডুল, বি, পক্ষী বিশেষ।

চতুরালি, বি, চালাকি, ধূর্ত্ততা।

চন্দনপাটা, বি, চন্দনপীড়ি, চন্দন ঘসিবার প্রস্তর বিশেষ।

চন্দা, বি, (চন্দ্র শব্দের অপভ্রংশ) চন্দ্র, চাঁদ; ২। চাঁদা, মাথট, ৩। মাধুকরী বৃত্তি।

চন্দ্রহার, বি, স্ত্রীলোকের কটি-ভূষণ বিশেষ।

চপট, বি, বিপদ, দায়; ২। আধিক্য; ৩। গতায়াত।

চপরাস, চাপরাস, বি, (হিন্দী) পদাতিকের চিহ্ন, মুদ্রাঙ্কিত চিহ্ন বিশেষ।

চবিলা, বিং হৃষ্ট, প্রফুল্ল।

চমক, বি, উজ্জ্বলতা, প্রভা; ২। চৈতন্য, জ্ঞান।

চমকন, চমকান; বি, (চমৎ-করণ শব্দজ) কাঁপন, চমৎ-কৃত হওন; ২। ভৃষ্ট করণ।

চমকিত, বিং, বিস্মিত, চমৎকৃত; ২। বি, ভৃষ্টদ্রব্য।

চমড়া, চামড়া, বি, (চর্ম্ম শব্দজ) ত্বক, ছাল।

চমস, বি, পিষ্টক বিশেষ; ২। এক প্রকার মিষ্টান্ন বিশেষ; ৩। চাম্‌চে।

চম্পট, বি, (হিন্দী ও উর্দ্দু—চম্পৎ পলায়ন, শব্দজ) প্রস্থান, পলায়ন।

চম্বেলি, বি, পুষ্প বিশেষ, [চামেলি।

চর, বি, গুপ্ত অনুসন্ধান কারক, দূত; ২। নদী গর্ভে স্রোত দ্বারা উৎপন্ন বালুকাময় স্তর; ৩। গোচারণ ভূমি।

চরকা, বি, (চক্র শব্দজ কি?) সুতা কাটিবার কল।

চর্‌কী, বি, বাখারির তৈয়ারী সুতা জড়াইবার দ্রব্য বিশেষ, নাটাই; ২। অগ্নিক্রীড়া বিশেষ, চরকীবাজি।

চরণসেবা,—পদসেবা, পা টেপা।

চরতী, বি, ঘাস বিশেষ; ২। এক প্রকার বিছুটী।

চরবী, চর্ব্বি, বি, (যাং) বসা, শরীরস্থ ধাতু বিশেষ।

চরম, বি, চূড়ান্ত, শেষ।

চরমলেখ, বি, উইল পত্র।

চরস্, বি, মাদক দ্রব্য বিশেষ, গাঁজার সার (আটা)।

চরসী, বি, চরসখোর; ২। স্বর্ণ-কারের স্বর্ণ গলাইবার দীর্ঘ পাত্র বিশেষ।

চরাই, বি, পশু পক্ষ্যাদির আহারার্থ ভ্রমণ, চরিয়া বেড়ান।

চরাণ, বি, (চারণ শব্দজ) পশু পালন, পশু দিগকে মাটে তৃণাদি খাওয়ান।

চরাণি, বি, (চারণ শব্দজ) গো-চারণ স্থান, মাঠ; ২। চারণের বেতন।

চল, বি, চুয়াল, কস, মুখের প্রান্ত-ভাগ।

চলন, বি, প্রচলিত থাকন, আহার ব্যবহার থাকা।

চলনী, বি, পরিধেয় বস্ত্রবিশেষ, ঘাঘ্‌রা।

চলাচল, বি, ব্যবহার থাকা না থাকা; ২। গতায়াত।

চলাচলী, বি, পরম্পরানুগামী। সঙ্গে সঙ্গে গমন।

চলান, চালান, বি, প্রচলিতকরণ; ২। প্রচারণ; ৩। বহান।

চলা, বি, কাষ্ঠখণ্ড, চেলা।

চলাবুলা, বি, গতিবিধি, গমনা-গমন।

চলি, বি, যাত্রা, গতি ; ২। দৌড় ; ৩। ক্রি, গমন করি।

চল্কন, চল্কান, বি, উথলন, উত্তোলিত হওন।

চল্লিশ, বি, (চত্বারিংশৎ শব্দজ) সংখ্যাবিশেষ, ৪০।

চল্তি, বি, ক্রিয়া, কার্য্য ; ২। চলন ; ৩। প্রচার।

চল্চলিয়া, বিং, তরল ; ২। চঞ্চল।

চবুতরা, চৌতারা, বি, (হিন্দী) দালান ; ২ ছাদ ; ৩। বিলাস গৃহ।

চশম্, চসম্, বি, (যাং) চক্ষুলজ্জা ; ২। চক্ষু।

চশমখোর বি, (পা) চক্ষু লজ্জাহীন ; যথা,—

"চশমখোর চোকল খোর হয়।
পাপিষ্ঠ দুরন্ত সেই পুরুষমস্ত নয়।"
(ঘনরাম)

চশমা, বি, (যাং) কাচ নির্ম্মিত চক্ষু আবরণ।

চষণ, বি, ভূমি কর্ষণ, ভূমি চষা।

চষী, বি, করচুলকণা, চষিপোকা।

চহলা, বি, বৃষ্টি দ্বারা আর্দ্র ভূমি কাদা।

চা, বি, (ইচ্ছা শব্দজ কি ?) স্পৃহা ইচ্ছা ; ২। (যাং) বৃক্ষ বিশেষের পত্র।

চাইট, চাট, বি, গবাদির পদাঘাত।

চাউনি, বি, দৃষ্টি, অবলোকন।

চাউল, বি, তণ্ডুল।

চাউলী, বি, চালের গুঁড়া, খুদ ; যথা,—

"নিছিয়া ফেলিল পান উভ হাত তুলি।
বরে ফেলাইয়া মারে সগুড় চাউলী।"
(ঘনরাম)

চাওন, বি, যাচ্ঞা, প্রার্থনা ; ২। অবলোকন।

চাওয়াচাওয়ি, বি, পরস্পর প্রার্থণা করণ ; ২। পরস্পর দৃষ্টিপাত করণ।

চাঁই, বিং (চঙ্গ শব্দজ) প্রধান, শ্রেষ্ঠ ; যথা,—

"মৌলভী বলেন আমি মুসলমানের চাঁই। (হেমচন্দ্র)

২। বি, মূলীভূতকারণ ; ৩। লোষ্ট্র, ডেলা।

চাঁচ, বি, (চঞ্চা শব্দজ) নল নির্ম্মিত আস্তরণ ; ২। আবরণ বিশেষ ; ৩। পাত্র বিশেষ।

চাঁচন, বি, ছোলন, পরিষ্কার করণ।

চাঁচনি, বি, পরীক্ষা করণার্থ নিকটে স্থাপিত স্বর্ণাদির খণ্ড ; ২। পাত্রের গাত্র সংলগ্ন দ্রব্য।

চাঁচর, বি, কুঞ্চিত, কোঁকড়া ; যথা,—

"চাচর চিকুর বেণী কি শোভে আধশিরে।" (দেওয়ান মহাশয়)

২। বি, দোলযাত্রার পূর্ব্বদিনে বহ্ন্যুৎসব।

চাঁচী, বি, দুগ্ধাদির পাত্র সংলগ্ন গাত্র অংশ।

চাঁটি, চাটি, বি, হস্ত দ্বারা আঘাত, ২। গবাদির পদাঘাত।

চাঁড়াল, বি, (চণ্ডাল শব্দজ) অন্ত্যজ জাতি বিশেষ।

চাঁদ, বি, (চন্দ্র শব্দজ) চন্দ্র।

চাঁদড়, বি, ঔষধি বিশেষ; ২। গৃহের পশ্চাদ্ভাগ।

চাঁদনী, বি, (চন্দ্রাতপ শব্দজ) চাঁদোয়া; ২। বারাণ্ডা; ৩। জ্যোৎস্না।

চাঁদমারী, বি, বন্দুকাদির গুলিতে অব্যর্থ নিশানা হইবার জন্য চন্দ্রাকার যে বস্তুকে লক্ষ্য করিয়া গুলি ছোড়া যায়।

চাঁদমালা, বি, সোলার চন্দ্রাকার মালা বিশেষ, দেবীহস্তে লম্বিত সোলার মালা।

চাঁদা, বি, মাথট; ২। মৎস্য বিশেষ, চাঁদা মাছ।

চাঁদী, বি, স্বচ্ছ রৌপ্য,; ২। মস্তকের উপরিভাগ, ব্রহ্মতালু।

চাঁদোয়া, বি, (চন্দ্রাতপ শব্দজ) পাইল।

চাঁপা, বি, (চম্পক শব্দজ) চম্পক পুষ্প, চাঁপা ফুল,; ২। চাঁপার আকারের কর্ণালঙ্কার বিশেষ; ২। কদলী বিশেষ, চাঁপাকলা,

চাক, বি, (চক্র শব্দজ) মধু চক্র, মৌচাক; ২। কুম্ভকারের চাক।

চাকন, বি, আস্বাদ গ্রহণ, তার লওয়া।

চাকন্দা, চাকুন্দা, বি, (চক্রমর্দ্দ শব্দজ) বৃক্ষ বিশেষ। ইহাকে বাঙ্গালায় চাকুন্দা, চাটকাটা বা এড়াঞ্চী এবং হিন্দুস্থানে চকুবড় বলে।

চাকক্রমি, বি, চক্রবৎ ভ্রমণ, চরকির ন্যায় ঘুরণ।

চাকফেরা,—চাকঘুরাণ, চক্রবৎ ঘূর্ণন।

চাকর, বি, (যাং) কর্মচারী, ভৃত্য; ২। যে 'চা' প্রস্তুত করে; যেমন চাকর সাহেব; ৩।—রাণী, দাসী; ৪। বি, দাসত্ব।

চাকরাণ, বি, (যাং) ভৃত্যের ভরণপোষণার্থ নিষ্কর ভুমি। পূর্ব্বকালে কোন কার্য্যের বেতনের পরিবর্ত্তে অত্যল্প খাজনায় বা বিনা খাজনায় জমি দেওয়া হইত, ইহার নাম চাকরাণ। চাকরাণ চিরস্থায়ী।

চাকলা, বি, (যাং) কাষ্ঠাদির অংশ; ২। কতিপয় পরগণার সমষ্টি।

চাকশূল, বি, ওষধি বিশেষ।

চাকা, বি, (চক্র শব্দজ) চক্র,

মণ্ডল, রথাদির চাকা ; ২। ক্রি,—স্বাদ গ্রহণ করা।

চাকী, চাকৃতি, বি, চক্রাকার বস্তু ; ২। টেকুয়ার অগ্রভাগস্থিত গোলাকার বস্তু ; ৩। সূর্য্য; ৪। মুদ্রা, টাকা ; যথা—
"চাকী কেবল ফাকি মাত্র,
শ্যামা মা মোর ধনের ঘড়া।"
(রামপ্রসাদ)
৫। কাষ্ঠের গোলাকার পাত্র বিশেষ।

চাকিডুবা,—সূর্য্যাস্ত।

চাকু, বি, ছুরি বিশেষ।

চাকুলে, বি, বৃক্ষ বিশেষ। ইহার সংস্কৃত নাম পৃশ্নীপর্ণী, পৃথকপর্ণী, হিন্দী নাম পীঠবন।

চাগন, বি, উঠন, নড়ন।

চাগান, বি, উঠান, নাড়ান।

চাঙ্গড়া, বি, মঞ্চ, মাচা।

চাঙ্গা, বিং, সুস্থ, নীরোগ, সবল।

চাঙ্গারি, বি, বংশরচিত পত্র বিশেষ।

চাঙ্গামুখা, বি, এক জাতীয় তৃণ, মুথাঘাস বিশেষ।

চাট, বি, মাদকদ্রব্য রোচনার্থ খাদ্য দ্রব্য ; ২। পদাঘাত, লাথি।

চাটগা,—চটগ্রাম।

চাটন, চাটা, বি, লেহন, জিহ্বা দ্বারা রসাস্বাদন।

চাটনি, বি, অম্ল দ্রব্যের খাদ্য বিশেষ ; ২। বংশ শলাকা।

চাটপুট, বিং, সমগ্র, সমস্ত। [শূন্য।

চাটী, বি, পদাঘাত ; ২। লোক

চাটিবাটী, বি, সংসার ধর্ম্ম, ঘরকন্না ; ২। বাস গৃহ।

চাটিম্, বি, লেহ্য ; ২। কদলী বিশেষ, চাটিম কলা।

চাটু, বি, লৌহ নির্ম্মিত পাত্র বিশেষ (Frying Pan) ; ২। প্রিয় বাক্য, যথা,—
"পুনঃ দরশন লাগি কত চাটু বলে।"
(বিদ্যাপতি)

চাটুতি, বি, উপাধি বিশেষ ; চট্টোপাধ্যায় বংশ সম্ভূত।

চাটে, ক্রি বিং, সমূলে, সর্ব্বোতোভাবে ; ২। ক্রি,—লেহন করে।

চাড়, বি, প্রয়োজন, ত্বরা।

চাড়া, বি, ঊর্দ্ধ, উচ্চতা ; ২। উচ্চৈঃস্বর ; ৩। জ্যা টানন।

চাড়ী, বি, উত্তোলন দণ্ড।

চাণ, বি, মৎস্যের জল চিহ্ন।

চাতর, বি, (চতুর শব্দের অপভ্রংশ) চাতুরী, কৌশল ; যথা—
"হায় প্রভু কোটালের পড়িলে চাতরে।"
(ভারতচন্দ্র)
২। দুষ্ট লোকের সম্প্রদায় ; ৩। নদীর তীর।

চাতাল, বি, (চত্বর শব্দজ) অবেষ্টিত স্থান, উঠান।

চাদর, বি, (পারশী) উত্তরীয় বস্ত্র বিশেষ।
চা'দান, বি, চা খাইবার পাত্র।
চানা, বি, (চণক শব্দজ) ছোলা।
চান্দনী, বি, জ্যোৎস্না; ২। বারাণ্ডা।
চাপ, বি, স্থূল মৃত্তিকা খণ্ড, কাদার চাপ; ২। ভার, আধিক্য; ৩। দাবী।
চাপকান, বি, (হিন্দী) গায়ের জামা বিশেষ।
চাপগারি, বি, ব্যায়াম বিশেষ; যথা,—
"তুলিয়া আখড়া ঘরে, মল্লযুদ্ধ কেহ করে,
মাল বিদ্যা শুলি চাপগারি"
(কবিকঙ্কণ)
চাপড়, বি, (চপেট শব্দজ) থাবড়া, হস্ত দ্বারা আঘাত।
চাপড়ান, বি, আঘাত করণ, থাবড়ান। [টিপন।
চাপন, বি, ভার দেওন, জাতন,
চাপরাশি, বি, (যাং) বরকন্দাজ, হুকুম প্রতিপালক এবং সর্ব্বদা নিকট থাকে, এরূপ ভৃত্য। দূত পেয়াদা।
চাপা, বি, ছপ্পর, জাঁত; ২। আচ্ছাদন, ঢাকা।
চাপাদার, বি, যাহারা, মাল ওজনের সময় কাঁটায় বা কাঠায় মাল চাপাইয়া দেয়।
চাপান, বি, অবরোহণ; ২। স্থাপন। [মাছ।
চাপিলা, বি, মৎস্য বিশেষ, খয়রা
চাপুয়া, বিং, আবর্ত্তিত, ঘন, গাঢ়।
চাপ্টা, চ্যাপ্টা, বিং প্রশস্ত, অগভীর।
চাপ্টালি, বি, থাবড়াইয়া বসা।
চাবড়া, বি, মৃত্তিকা রাশি; ২। হাঁড়ি কলসীর তলদেশের অংশ।
চাবন, বি, (চর্ব্বণ শব্দজ) চর্ব্বণ, দণ্ড দ্বারা পেষণ; ২। উপরি আক্রমণ।
চাবনি, বি, দৃষ্টি, কটাক্ষ।
চাবাড়ি, বি, থাবড়া চড়; যথা,—
"যাবত না দেহ বেটা তিন সনের কড়ি,
নগরিয়া মেলি তোরে মরিবে চাবাড়ি।"
(কবিকঙ্কণ)
চাবাল, বি, চুয়াল।
চাবি, বি, (হিন্দী) তালার কাঠি, কুঁজি, ছোড়ান।
চাবুক, বি, (যাং) কশা, বেত।
চাম্, চাম্‌ড়া, বি, (চর্ম্ম শব্দজ) চর্ম্ম, ত্বক।
চামচ্, চাম্‌চা, বি, (চম্‌স শব্দজ) পাত্র বিশেষ, দর্ব্বী, হাতা বিশেষ।
চাম্‌চিকা, বি, (চর্ম্মচটিকা শব্দজ) জন্তু বিশেষ, বাদুড় জাতীয় জন্তু।

চাম্‌টী, চাম্‌ড়ী, বি, মরা মাস; ২। বিং—শুষ্ক, নীরস।

চামঠুলী, বি, চর্ম্মনির্ম্মিত চক্ষু আবরনী।

চামডাইনী, বিং অতিকৃশ, পাতলা।

চামড়, বিং পরস্পর বদ্ধ, আঠাল, চিটা। [মাংস।

চামড়মাংস, বি, দৃঢ়মাংস, শক্ত-

চামদল, বি, দদ্রু, কুষ্ঠ; ২। বসন্ত রোগ বিশেষ; ৩। ঘোড়ার সাজ বিশেষ।

চামনী, বি, উকুনের ডিম্ব।

চামর, বি, চমরীপুচ্ছ লোমনির্ম্মিত ব্যজন।

চামবাদুড়, বিং অতিকৃশ।

চাম্‌সা, বি, শুষ্ক চর্ম্মবৎ দুর্গন্ধ।

চামাটী, বি, নাপিতের ক্ষুরঘর্ষণার্থ ক্ষুদ্র চর্ম্মখণ্ড, ক্ষুর ঘসিবার চামড়া।

চামাতি, বি, চর্ম্মবন্ধনী, চামের দড়ি; যথা,—

"গজের শিকলী দিয়া বান্ধে মহাবীরে।
দুই হাতে চামাতি দিল গলায় জিঞ্জিরে॥
(কবিকঙ্কণ)

চামার, বি, (চর্ম্মকার শব্দজ) মুচি।

চামারআলু, বি, মূল বিশেষ। ইহা অনূপদেশে (জলাভূমিতে) উৎপন্ন হয়। উহাতে শূকরের ন্যায় লোম আছে।

চাম্পিল, বি, মৎস্য বিশেষ, চাপিল মাছ, খয়রা মাছ।

চায়েন, বিং কার্য্যক্ষম, উৎকৃষ্ট।

চার, বি, মৎস্য ধরিবার টোপ; ২। প্রলোভন; ৩। চতুঃসংখ্যা।

চারা, বি, ক্ষুদ্রবৃক্ষ, নূতন বীজোৎপন্ন বৃক্ষ; ২। উপায়, গতি।

চারান, বি, ক্ষুদ্রবৃক্ষ জন্মান; ২। বিস্তৃত হওন, ছড়ান।

চারি, বি, (চতুর বা চত্বার শব্দজ) চতুঃসংখ্যা।

চারিপায়া, বি, খট্টা, খাট।

চাল, বি, রীতি, ব্যবহার; ২। চাউল; ৩। ঘরের ছাওনি; ৪। সূচনা, প্রস্তাব, গূঢ় উদ্দেশ্য; ৫। চালান, একস্থান হইতে স্থানান্তরে রাখন।

চাল্‌কী, চালকি, বি, তণ্ডুল বিক্রেতা; ২। যাহারা চাউল প্রস্তুত করে। [নীতি।

চালচলন, বি, চলাফেরা, রীতি

চালন, বি, ঝাড়ন; ২। সরান, চালান; ৩। চালুনী; ৪। পাটীগণিতে গুণ ক্রিয়াবিশেষ।

চালানী, চালুনী, বি, ছাঁকনী, শস্যাদি ছাঁকিবার জন্য বহুছিদ্রযুক্ত স্বনাম প্রসিদ্ধ বস্তু; ২। খইচালা যন্ত্র; ৩। খরিদবিক্রয়।

চালবাতা, বি, ঘরের চালের বাখারি; যথা,—

"কোন কোন জন বলে শুন মোর কথা।
প্রাণধন পাইলুঁ আমি ধরি চাল বাতা॥"
(কবিকঙ্কণ)

চালভাজা, বি, বালিতে ভর্জ্জিত চাউল।

চালমুগরা, বি, একজাতীয় বৃক্ষ ও তাহার বীজ। আসাম, সিকিম প্রভৃতি রাজ্যে জন্মে।

চালা, বি, গৃহাচ্ছাদক, দুইচাল বিশিষ্ট ঘর ; ২। ইন্দুরগর্ত্ত।

চালাক, বিং (যাং) চতুর, দক্ষ।

চালাকি, বি, (যাং) চতুরতা, নিপু-ণতা ; ২। প্রত্যুৎপন্নমতি ; ৩। বুদ্ধি ; ৪। ঠাট্টা।

চালান, বি, নিয়োজন ; ২। পাঠান, প্রেরণ ; ৩। টাকা পাঠাইলে উহার সঙ্গে এবং জিনিস বিক্রয় হইলে উহার সঙ্গে প্রাপকের নিকট যে কাগজ পাঠান হয়, তাহার নাম চালান (Invoice).

চালি, বি, চলন ; ২। তণ্ডুল ; ৩। গর্ত্ত ; ৪। বংশ নির্ম্মিত পাত্র বিশেষ ; ৫। ছপ্পর।

চাল্‌মাত,—সতরঞ্চ খেলায় চাল বন্ধ হওয়া। কোন পক্ষের যদি চালিবার উপায় না থাকে, বটিকাতে (বড়ে) বটিকাতে আটকান্ বল চাপায় ধরা এবং রাজার অন্য ঘরে নড়িবার যো নাই রাজা যে যে ঘরে যাইতে পারিত, তাহা প্রতিপক্ষের বলের দ্বারা বা বটিকার দ্বারা আক্রান্ত, তাহা হইলে চালবন্ধ বা মাত বলা হইয়া থাকে। এইরূপ হইলে বাজি চটিয়া যাওয়াও বলে।

চাষ, বি, কৃষিকর্ম্ম; ভূমিকর্ষণ।

চাষা, বি, কৃষক ; ২। বিং—অসভ্য, ইতর। [ইতর।

চাষাড়িয়া, বিং অসভ্য, আনাড়ী,

চাষাধোপা, বি, জাতি বিশেষ।

চাষী, বি, কৃষক।

চাহন, বি, ভিক্ষাকরণ, যাচ্ঞা ; ২। দর্শন, দৃষ্টি।

চাহনী, বি, দৃষ্টি, নজর।

চাহারাম,—(পা) যে জমিতে চারি আনা রকম ফসল জন্মে, তাহার নাম—চাহারাম জমি ; ২। সে পত্তনিদারের নিকট পত্তনি লইলে তাহার নাম চাহারাম পত্তনি।

চিক্, বি, (চিক্কণ শব্দজ) কণ্ঠা-ভরণ বিশেষ ; ২। বংশনির্ম্মিত আবরণ বিশেষ।

চিকণ্, বিং (চিক্কণ শব্দজ) চিক্কণ, সরু, মসৃণ, সুশ্রী ; ২। মূল্য-বান বস্ত্রের উপর সূক্ষ্মকারু-কার্য্য।

চিকারা, বি, বাদ্যযন্ত্র বিশেষ।

চিকারী, বি, সেতারে আবদ্ধ পাঁচটী তারের অতিরিক্ত আরও ৩।৪টী ক্ষুদ্র ক্ষুদ্র তার

আবদ্ধ থাকে, সেইগুলির নাম চিকারী। [নির্ম্মোচন।

চিকাশ, বি, সুপ্রকাশ ; ২। মেঘ

চিকিচিকি, বি, দ্যোতমান, ক্ষণ-প্রকাশন।

চিকী, বিং কঠিন, কষায়।

চিক্‌চিক্, বিং চিক্কণ ; ২। বি, ঔজ্জ্বল্যপ্রকাশ, দীপ্তিস্ফুরণ।

চিক্‌চিকিনী, বি, অতিপ্রভা, খরদীপ্তি। [ময়লা।

চিকুটী, বিং অতিশয় মলিন, অত্যন্ত

চিঙ্গড়া, চিঙ্গড়ী, বি, (চিঙ্গট শব্দজ) মৎস্য বিশেষ, চিঙ্গড়ী মাছ।

চিচিঙ্গা, বি, ফল বিশেষ ; ২। শস্য বিশেষ। রাঢ় অঞ্চলে ইহাকে "হোপা" বলে।

চিট্, বি, মর্চ্যা, ময়লা।

চিটা, বি, জরিপের কাগজ ; ২। আঁকবাড়ি ; ৩। বিং—আঠাল, চট্‌চটে।

চিটেগুড়,—আটাবিশিষ্ট তীব্র-গন্ধযুক্ত আলকাতরার ন্যায় গুড়। ইহাকে মাৎগুড়, ভেলি-গুড় ও কারখানাওয়ালারা চিটেগুড় বলে।

চিঠি, চিটি, বি, (চিত্র শব্দজ কি ?) পত্র, লিপি।

চিঠিজারি, বি, পত্র পাঠান।

চিড়, বি, বিদারণ চিহ্ন, ফাটা ; ২। ক্রোধ।

চিড়ন, বি, ক্রুদ্ধ হওন, রাগন, ফাটন, খিটখিটান।

চিড়া, চিঁড়া, বি, (চিপীটক শব্দজ) চিপীটক, সিদ্ধধান ভানিয়া তাহা ঢেঁকিতে কুটিয়া তুষ ছাড়াইলে চিড়া হয়।

চিড়িয়া, বি, (হিন্দী) পক্ষী।

চিড়িয়াখানা, বি, (হিন্দী—চিড়িয়া—পক্ষী, পারশী—খানা—আবাসস্থান) পক্ষীশালা ; ২। যেখানে নানাবিধ জীবজন্ত থাকে।

চিড়চিড়া, বি, বৃক্ষবিশেষ ; ২। কোন্দলিয়া।

চিৎ, বি, উত্তান শয়ন ; ২। (চিত্ত শব্দের অপভ্রংশ) চিত্ত, মন।

চিতন, বি, চিৎ হইয়া শয়ন।

চিতল, বি, (সং—চিত্রফল শব্দজ) মৎস্য বিশেষ।

চিৎপাত, বি, চিৎ হইয়া পতন।

চিতা, বি, চুল্লী ; ২। শবদাহ স্থান ; ৩। শবদাহ জন্য ভুমিতে চুল্লী করিয়া তদুপরি সজ্জিত কাষ্ঠরাশি ; ৪। চিতাবাঘ ; ৫। বৃক্ষ বিশেষ, ইহা দুই প্রকার, শ্বেত চিত্রক বা সাদা চিতা এবং রক্ত চিত্রক বা লালচিতা।

চিতেন, বি, সঙ্গীতের প্রকার বিশেষ।

চিতি, বি, সর্প বিশেষ, চিতিসাপ।

চিন, বিং (চিহ্ন শব্দের অপভ্রংশ) চিহ্ন, দাগ, যথা—
"পড়ে কি না পড়ে মনে হ'ল অনেক দিন।
হাত বুলায়ে দেখ গলে আছে লেজের চিন।"
(রামায়ণ)

চিনন, বি, জানন, অবগত হওন।

চিনান, বি, পরিচয় করিয়া দেওন; ২। দর্শান।

চিনা, বি, (চিহ্ন শব্দজ) নিদর্শন, চিহ্ন; ২। শস্য বিশেষ; ৩। বিং—পরিচিত। [য়তা।

চিনাপরিচয়, বি, আলাপ, আত্মী-

চিন্‌চিন্, বি, অল্প অল্প জ্বালাকরণ।

চিনি, বি, গুড়বিকার বিশেষ, উৎকৃষ্ট শর্করা। উহা অপেক্ষা-কৃত নিকৃষ্ট হইলে "ভুরা" বা "দোলো" বলে; ২। ক্রি,—জানি।

চিনিরবলদ—প্রকৃত মর্ম্ম সম্বন্ধে অনভিজ্ঞ।

চিপ্, বিং আঁটআঁট ভাব, কষা; যথা,—
"গুটি শস্য দুটী বাই চিপ যদি হয়।
টল্ টল্ করে নাহি চির দিন রয়।"
(শিবায়ণ)

চিপ্‌পি, বি, নখ কুন্নুই।

চিবণ, বি, (চর্ব্বণ শব্দজ) চর্ব্বণ, দন্ত দ্বারা পেষণ।

চিম্‌টী, **চিম্‌টন**, বি, অঙ্গুলি বা নখ দ্বারা পীড়ন। চিম্‌টী অর্থে তিন অঙ্গুলি (বুড়া, মাঝের ও তর্জ্জণীতে) যত টুক্ ধরে।

চিম্‌টা, বি, অঙ্গার উত্তোলনার্থ লৌহনির্ম্মিত যন্ত্র বিশেষ।

চিম্‌ড়ন, **চিম্‌ড়ান**, বি, লিপ্ত হওন; ২। কোঁকড়ান; ৩। শুষ্ক হওন, শুকান।

চিম্‌ড়া, বিং শুষ্ক, কৃশ।

চিম্‌ণী, বি, ধূম নির্গমের পথ; ২। আলোকাদির কাচাবরণ বিশেষ।

চিয়ন, **চিয়ান**, বি, জাগরিত করণ, জাগান।

চিয়ার, **চিয়াড়**, বি, ছোট ছুরি; ২। চিয়াড়ি, বাঁশের চটা।

চিরণ, বি, বিদারণ, ফাড়ন।

চিরণী, **চিরুণী**, বি, কেশ প্রসরিণী, কাঁকুই।

চিরতা, বি, (চিরতিক্ত শব্দজ) শুষ্কীকৃত ওষধি বিশেষ; পুষ্পিত হইলে সংগৃহীত হয়, নেপাল প্রভৃতি হিমালয় প্রদেশে জন্মে। হিন্দুস্থানে চিরাইতা ও মহারাষ্ট্রে কিরা-ইত বলে।

চিরা, বি, (যাং) বখ্‌শিশ, পুরস্কার যথা;—
"ত্বরায় আসিবি যাবি পাবি খুব চিরা।"
(ঘনরাম)

২। শিরোভূষণ।

চিরাগ, বি, (যাং) আলোক, প্রদীপ। [বিশেষ।
চিল্, বি, (চিল্ল শব্দজ) পক্ষী
চিলম্, বি, (হিন্দী) কলিকা।
চিলম্চি, বি, হিন্দী) হস্ত-ক্ষালনার্থ পাত্র বিশেষ, ডাবর।
চিলা, বি, ছাদের উপরিস্থ গৃহ, চিলেঘর।
চিল্লা, বি, (হিন্দী) কলহ, ঝগড়া।
চিহিঁ, বি, হ্রেষা, অশ্বরব।
চিহ্নভনামা,—জমি জমা সম্বন্ধে রাজার প্রদত্ত সীমা নির্দ্ধারণ পত্র।
চীজ, বি, (যাং) দ্রব্য, বস্তু।
চীৎকার, বি, উচ্চরব, চেঁচান।
চীনাকর্পূর, বি, সুগন্ধি বৃক্ষ বিশেষ।
চীর, বি, (চীবর শব্দজ) যোগী বা সন্ন্যাসীরা যে জীর্ণ ও ছিন্ন বস্ত্র ধারণ করেন; ২। ফাটন। [অংশ।
চীরকুট, বি, কাগজাদির ক্ষুদ্র
চুঅন, বি, দগ্ধ হওন, খরিয়া যাওন।
চুআন, চুয়ান, বি, ক্ষরণ, গলণ, নিঃসারণ।
চুক্, বি, শক্ত থোড়; ২। (হিন্দী) ভুল; ৩। অম্ল শাক বিশেষ, চুকাপালম শাক।
চুকন, চুকান, বি, শানন, তীক্ষ্ণ করণ; ২। ভ্রমে পতন; ৩। পরিশোধ করণ, মিটান।
চুক্চুক্, বিং উজ্জ্বল, চিক্কণ; ২। বি,—অল্প অল্প দুগ্ধ পান শব্দ, বালকের স্তন্য পান শব্দ।
চুক্তি, বি, নিয়ম; ২; সমাধা, নিষ্পত্তি।
চুকলি, বি, নিন্দা, অপবাদ; ২। চালাকি, শঠতা; ৩। চাউ-লাদির দ্বারা নির্ম্মিত খাদ্য দ্রব্য বিশেষ।
চুঙ্গী, বি, নলী, খোল, ঘরা; ২। রাজস্ব বিশেষ।
চুঁচি, বি, (চুচুক শব্দজ) স্তনের বোঁটা।
চুট্কী, বি, স্ত্রীলোকের পাদা-ঙ্গুলির অলঙ্কার বিশেষ; ২। চিম্টী; ৩। টাকার সুদ; ৪। কয়ালের প্রাপ্ত দস্তরী; ৫। বিং—সামান্য, কুচ্ছ।
চুড়ী, চূড়ী, বি, স্ত্রীলোকের হস্তালঙ্কার বিশেষ।
চুড়ীদার, বিং চুনট করা, কোঁকড়া বা ভাঁজ করা;
চুনন, বি, (হিন্দী—চুন্না ধাতুজ, অর্থ খুঁটিয়া লওয়া) নির্ব্বাচন; ২। কোঁকড়ান; ৩। গবাদির মূত্রত্যাগ।
চুনাট, বি, কোঁকড়ান বা ভাঁজ করণ।

চুনি, চুনী, বি, রক্তবর্ণ রত্ন বিশেষ।

চুনোপুঁটি, বি, ক্ষুদ্র পুঁটি মাছ।

চুপ, বিং নীরব, মৌনী; ২। বি,—গোপন।

চুপড়ী, চুবড়ী, বি, ক্ষুদ্র ঝুড়ী, টুকরী; যথা,—

"ফুলের চুপড়ী কাঁধে ফিরে বাড়ী বাড়ী।"
(ভারতচন্দ্র)

চুপন, বি, অস্ত্রাঘাত করণ।

চুপিচুপি, ক্রি বিং, গোপনে, অপ্রকাশ্যে, আস্তে আস্তে।

চুপ্পন, বি, ভিজান, আর্দ্রীভাব হওন, তোবড়ান।

চুবন, বি, জলমগ্ন করণ, ডুবান।

চুমন, বি, (চুম্বন শব্দজ) চুম্বন করণ, চুমা খাওন।

চুমুক, বি, (চুম্ব ধাতুজ) পেয় দ্রব্যাদির মুখ সংযোগ পূর্ব্বক স্তোকে স্তোকে পান।

চুমুরী, চুম্‌রী, বি, নারিকেল কোষ, নারিকেলে মুচি যে গুচ্ছে জন্মে।

চুম্‌কী, বি, জলপাত্র বিশেষ, ক্ষুদ্র ঘটী; ২। রাং নির্ম্মিত ক্ষুদ্র বুটী বিশেষ; যথা,—

"সৈকতে পুলিনে তার চুম্‌কী বাসায়।"
(যদুগোপাল)

চুম্‌কুড়ী, বি, ওষ্ঠদ্বয়ের মিলন ধ্বনি।

চুম্বক, বি, লৌহাকর্ষক প্রস্তর বিশেষ; ২। সংক্ষেপ, বহু বিস্তৃত বিষয়ের সারসংগ্রহ।

চুয়ন, চুয়ান, বি, ক্ষরণ, নিঃসরণ, ঝরণ।

চুয়াচন্দন, বি, সুগন্ধি দ্রব্য বিশেষ।

চুয়াড়, চোয়াড়, বি, পার্ব্বতীয় জাতি বিশেষ, পাহাড়িয়া লোক; ২। বিং—অসভ্য, গোঁয়ার।

চুরট, বি, শুষ্ক তামাক নির্ম্মিত নল।

চুরী, বি, (চৌরী শব্দজ) অপহরণ, চৌর্য্য।

চুর্‌চুর, বি, পরিপূর্ণ শব্দ বিশেষ।

চুরমার, বি, খণ্ড খণ্ড হওন।

চুল, বি, কেশ।

চুলা, চুলী, বি, (চুল্লী শব্দজ) উনন, আখা।

চুল্‌কন, চুল্‌কান, বি, কণ্ডূয়ন।

চুল্‌কনা, চুল্‌কণি, বি, গাত্র-কণ্ডূ।

চুল্কী, বি, কোঁকড়া চুল।

চুলবুলিয়া, চুল্‌বুলে, বিং চঞ্চল, অস্থির, যথা,—

"ফণা তুলে চুল্‌বুলে ফণি অগনন।"
(সারদা মঙ্গল)

চুড়, চুড়ি, বি, হস্তাভরণ বিশেষ।

চূড়া, বি, সংস্কার বিশেষ, চূড়া-করণ; ২। বিং—শ্রেষ্ঠ, প্রধান; ৩। (হিন্দী) চিপীটক, চিঁড়ে।

চূণ, বি, (চূর্ণ শব্দজ) ক্ষার বিশেষ, প্রস্তর শম্বুকাদি ভস্ম।

চূণকাম, বি, (চূণ—চূর্ণ, কাম—কর্ম্ম শব্দজ) চূণ ফিরাণ, চূণ দ্বারা শ্বেতবর্ণ করণ।

চূনারী, বি, চূণ প্রস্তুত কারক জাতি বিশেষ।

চূর, বি, (চূর্ণ শব্দজ) গুঁড়া, চূর্ণ; ২। বিং—পরিপূর্ণ, যেমন নেশায় চূর। [মত্ত।

চূরচূরিয়া, চূঃচূর, বিং উপচান,

চূর্ম্মালাড়ু, বি, মিষ্টান্ন বিশেষ।

চূষী, বি, বালকের খেলনা, চূষী-কাঠী।

চেঁচাড়ি, বি, বংশাদির পাতলা অংশ, চটা।

চেঁচান, বি, চীৎকার করণ।

চেক, বি, নিদর্শন পত্র, যাহা দিলে টাকা পাওয়া যায়।

চেকদাখিলা, বি, প্রত্যেক জমিদারকে মুদ্রিত দাখিলা বই রাখিতে হয়। এই প্রকার দাখিলার নাম চেকদাখিলা।

চেঙ্গ, চ্যাং, বি, মৎস্য বিশেষ, চ্যাং মাছ। কোন কোন স্থানে 'ওকড়' মাছ বলে;

চেঙ্গড়া, বিং অপরিণত বুদ্ধি, অপ্রবীন, ছোকরা; যথা,—

"চেঙ্গড়া ভুলায়ে খায় জানে কত বুলি।"
(ভারতচন্দ্র)

২। বি,—বংশ রচিত পাত্র বিশেষ; ৩। মৃত্তিকার খণ্ড; ৪। বরিশাল জিলায় ১০।১৫ বৎসর বয়ক্রমের বালক।

চেঙ্গড়ামি, বি, বালকত্ব; ২। অজ্ঞতা।

চেঙ্গ, বিং সুস্থ, নীরোগ; ২। বি,—মুথাঘাস বিশেষ।

চেগরা, বি, অনিচ্ছা, স্পৃহা-হীনতা। [দাস।

চেট, বি, (চেটক শব্দজ) ভৃত্য,

চেটা, চেটাই, বি, আসন বিশেষ, খর্জ্জুর বা তাল পত্র নির্ম্মিত আসন; যথা,—

"মরন সময় দিবে তোমায়,
ভাঙ্গা কলসী ছেঁড়া চেটা।"
(রামপ্রসাদ)

চেটাল, বিং প্রশস্ত, চওড়া।

চেটুয়া, চেটো, বি, বয়স্থা, তরুণী, যুবতী; যথা,—

"সহজে অবলা জাতি তায় তুমি চেটো।
অরি হয় নারীর পথের কাঁটাকুটো॥"
(ঘনরাম)

২। করতল, থাবা।

চেটেনেটে, বি, তরুণী, যুবতী; যথা,—

"চেট্টেনেট্টে যায় জলে, তারে তুমি ধর চুলে
এমত তোমার কোন রীত।" (চণ্ডীদাস)

চেট্টো, বি, বয়স্থ, বৌবন।

চেড়ান, বি, ক্ষেপান, জ্বলান।

চেড়িকা, চেড়ী, বি, চাকরানী, দাসী।

চেতনা, বি, (চৈতন্য শব্দজ) সংজ্ঞা, জ্ঞান ; ২। জাগরণ. নিদ্রা ভঙ্গ।

চেতান, বি, জাগান, প্রবৃত্তি জন্মান, উত্তেজিত করণ।

চেতরা, বি, গো শকটের চাকার ধুরোর উপরিস্থ কাষ্ঠখণ্ড বিশেষ, যাহাতে গাড়ির মাচান বসান থাকে।

চেনা. বি, (হিন্দী) শস্য বিশেষ, ছোলা ; ২। চিহ্ন।

চেপ্টা, বিং (চিপিট শব্দজ) চেটাল, প্রশস্ত।

চেমড়, বি, চপেট, চড়।

চেরণ, বি. বিদারণ, ফাড়ন।

চেরা, বিং বিদারিত, ফাড়া।

চেরাক, বি. (হিন্দী—চিরাগ শব্দজ) প্রদীপ।

চেরী, বি. রাগিণী বিশেষ।

চেলা, বি, সন্ন্যাসী প্রভৃতির শিষ্য ; ২। কাষ্ঠখণ্ড. কুচা ; ৩। মৎস্য বিশেষ ; ৪। বৃশ্চিক।

চেলান, বি, কাষ্ঠ খণ্ড করণ, কাঠ কাটন।

চেলি, বি, পট্টবস্ত্র বিশেষ, রেশমী [কাপড়।

চেলিনী, চেলুনী, বি, চাউল ধোয়া জল।

চেহারা, বি, (পারশী) আকৃতি; ২। মুখমণ্ডল।

চৈ, বি, মরিচ বিশেষ।

চৈর, চইর বি, (উত্তর বঙ্গে) ধ্বজা, লগি।

চোঁকান, বি, শানন, ধার করণ।

চোঁকাল, চোকাল, বিং শানিত, ধারাল, তীক্ষ্ণ।

চোঁচ, বি, আঁষ, ছালের অন্তঃরস্থ-ভাগ ; ২। ককুদ, গরুর ঝুঁট।

চোঁচা, বি, বীজ চয়ন ; ২। দ্রুত ধাবণ।

চোঁচাল, বিং আঁসযুক্ত।

চোঁতা, চোতা, বি, পাণ্ডু লেখ্য, ক্ষুদ্র লিপি।

চোঁয়া, বিং ভৃষ্ট, ভর্জ্জিত, পোড়া।

চোঁয়ান, বি. অতিশয় ভর্জ্জন, পোড়ান।

চোঁয়াঢেকুর, বি, অজীর্ণতা জনিত উদ্গার, অম্লোদ্গার।

চোক, চোখ, বি, (চক্ষু শব্দজ) নয়ন, চক্ষু ; ২। দশ সের ; ৩। চারিপণ ; ৪। আদা হলুদ প্রভৃতি উদ্ভিদের কাণ্ডস্থ মুকুল।

চোকউঠা,—চক্ষুরোগ বিশেষ। এই রোগে চক্ষুর পাতা ফুলিয়া থাকে ও লাল বর্ণ হয় এবং অনেক সময় চক্ষুর পাতা জুড়িয়া যায়।

চোক্‌ল, বি, ভূষি, গমের খোসা, ময়দার অসার অংশ।

চোকা, চোখা, বিং (যাঃ) তীব্র,

তেজাল, খর, উগ্র ; ২। (হিন্দী) ব্যঞ্জন, তরকারী।

চোকাল, চোখাল, বিং তীক্ষ্ণ, সুধার ; ২। চতুর।

চোগা, বি, (পারশী) অঙ্গাচ্ছাদক বিশেষ (cloak)।

চোঙ্গা, বি, নল, সচ্ছিদ্র বংশখণ্ড।

চোট, বি, আঘাত, ঠক্কর ক্ষত ; ২। দম্ভ, গর্ব্ব।

চোটা, বি, কুসিদ বিশেষ, এক প্রকার সুদ, চক্রবৃদ্ধি।

চোটান, বি, ঠোকরাণ, বিদারণ।

চোট্‌পাট, ক্রি বিং জোর জোর, সতেজ ; যথা,—

"ভয় নাই চোটপাট কথা কহে হীরা।"

(ভারতচন্দ্র)

চোড়, বি, উত্তরীয় বস্ত্র।

চোণা, বি, গবাদির মূত্র।

চোনান, বি, মূত্র ত্যাগ করণ।

চোনন, বি, নির্ব্বাচন, বাছন।

চোনাট, বি, আকুঞ্চিত করণ, কেশ ও বস্ত্রাদির সৌন্দর্য্য সাধন করা।

চোপ, বি, (যাং) অস্ত্রাঘাত, আঘাত চিহ্ন।

চোপদার, বি, (যাং) ভৃত্য বিশেষ, যাহারা আশা শোটা বহন করে।

চোপা, বি, বহু ভাষিতা ; ২। সমান উত্তর ; ৩। মুখ ; ৪। কলার খোষা।

চোপ্সন, বি, ভিজন, আর্দ্র হওন।

চোবচিনি, বি, দ্রব্য বিশেষ, টোপচিনি।

চোবা, বি, ত্বক, ছাল।

চোবান, বি, ডুবান, ভিজান।

চোয়াড়, চোহাড়, বি, অসভ্য, গোঁয়ার।

চোয়াল, বি, চুয়াল ; ২। কসের [দাঁত।

চোরকাঁটা, চোরকাঁটকী, বি, ক্ষুদ্র কণ্টকান্বিত ঘাস বিশেষ, ভাঁটুই ঘাস।

চোরকুঠরী, বি, অট্টালিকা মধ্যস্থ গুপ্ত গৃহ বিশেষ ; যথা—

"ওরে কোটার ভিতর চোরকুঠরী
ভোর হলে সে লুকাবে রে।"

(রামপ্রসাদ)

চোরা, চোরাও, বিং অপহৃত, গুপ্ত। [গুপ্ত খাত।

চোরাগর্ত্ত, বি, অপ্রকাশিত গর্ত্ত,

চোরানী, বি, অসতী, লম্পটী।

চোরাবালী, বি, দলদলিয়া স্থান, বালির দহ।

চোরার মার কান্না—যেখানে কোন বিষয় গোপন বা সহ্য করা এবং প্রকাশ করা উভয়ই কঠিন, সেই খানেই "চোরার (চোরের) মার কান্না" বলা হয়। এ সম্বন্ধে একটী গল্প আছে এবং ঐরূপ আর একটী শব্দও আছে ; যথা,—

"উকুরতেও পারেনা ফুকুরতেও পারেনা।'
চণ্ডীদাস লিখিয়াছেন—
"চোরের মা যেন পো'য়ের লাগিয়া,
ফুকারি কাঁদিতে নারে।"

চোল, বি, ঘাঘ্‌রা ; ২। কাঁচুলি।

চোষা, বি, মুখ দ্বারা রসাকর্ষণ।

চৌ, বি, চতুঃসংখ্যা, চারি।

চৌক, বি, (চক্ষুস্ শব্দজ) চক্ষু ; ২। চারি পণ, দশ সের ; ৩। খাতের পরিমাণ বিশেষ।

চৌকস, চৌকষ্, বিং সতর্ক, সাবধান, হুঁসিয়ার, চারিদিকে দক্ষ।

চৌকা, বি, (চতুষ্কোণ শব্দজ) চারিকোণা ; ২। পাকস্থান, উনান, ; ৩। পরিমাণ বিশেষ, ৬৪ ঘন গজ।

চৌকাঠ, বি, (চৌ—চতুর, কাঠ —কাষ্ঠ শব্দজ) দ্বারের নিম্নস্থ কাট।

চৌকালা, বি, পোলো বিশেষ ; ২। বৃহৎ মৎস্যধারণার্থ টেঁটা।

চৌকি, বি, (চতুষ্কী শব্দজ) আসন, খুরসী ; ২। পহরা, রক্ষা ; ৩। যেখানে কেবল মাত্র মুনসেফি আদালত থাকে। পুলিস্ কিম্বা কর আদায় স্থান ; ৪। স্বর্ণকারের নেহাই ; ৫। উত্তর বঙ্গে গর্ত্ত বা ডোবাকে চৌকি বলে।

চৌকিদার, বি, (যাং) প্রহরী ; ২। কর আদায়ের পেয়াদা।

চৌকিয়া, বি, চৌকের গণনা।

চৌথ, চৌথাই, বি, চতুর্থাংশ, সিকি অংশ ; যথা—
"যতেকের সিন্নিতার চৌথাই দক্ষিণা।"
(রামেশ্বর)

চৌখণ্ডিয়া, বিং চতুষ্কোণ বিশিষ্ট, চারি কোণা সমান।

চৌঘুড়ি, বি, চারি ঘোড়া দ্বারা টানিত শকট।

চৌচাপট, বি, দর্প, তেজ।

চৌচালা, বি, চারি চাল বিশিষ্ট গৃহ। [পূরণ।

চৌটা, চৌঠা, বি, চতুর্থ, চারির

চৌঠ, বি, চৌহ্, চতুর্থাংশ।

চৌড়া, বি, পরিসর, ওসার।

চৌতারা, বি, (হিন্দী চাবুত্রা শব্দজ) ছাদ ; ২। বিলাসগৃহ।

চৌথ, বি, (চতুর্থ শব্দজ) কর বিশেষ, প্রজাগণ আপনাদিগের বৃক্ষাদি কর্ত্তন করিলে জমিদারকে যে তাহার চতুর্থাংশ মূল্য প্রদান করে, তাহার নাম চৌথ।

চৌদিগ, বি, (চতুর্দ্দিক শব্দজ) চারি দিক, চারি ধার।

চৌদোল, বি, (চতুর্দ্দোল শব্দজ) যান বিশেষ, চতুর্দ্দোলা।

চৌদ্দ, বি, সংখ্যা বিশেষ , ১৪।

চৌধুরী, বি, উপাধি বিশেষ, শ্রেষ্ঠ পদবী।

চৌপল, বি, চারি কোণ; ২। কাচ পাত্র বিশেষ।

চৌপাঠী, চৌপাড়ী, চৌবাড়ী, বি, (চতুষ্পাঠী শব্দজ) চারি বেদ অধ্যয়নের স্থান, টোল।

চৌপাড়, বি, পাঞ্জি, পাশা, অক্ষ।

চৌপায়া, বি, চতুষ্পদ বিশিষ্ট খট্টা।

চৌপালা, বি, যান বিশেষ, চতুর্দ্দোল।

চৌবাচ্চা, বি, চতুষ্কোণ খাত।

চৌবং জমা,—সেবং জমা ও অন্য কোন বাজে আদায়ের সমষ্টি-কে চৌবং জমা বলে।

চৌমাথা, বি, চারিটী রাস্তার সম্মিলন স্থান।

চৌরঙ্গ, বি, (চতুরঙ্গ শব্দজ) চতুরঙ্গ, পাশক। [সমান।

চৌরস, বি, (যাং) সমভূমি,

চৌহদ্দী, বি, (চৌ—চতুঃ, হদ্দী—সীমা) চতুঃসীমা। [শব্দ।

চ্যাচোঁ, বি, দুগ্ধ দোহনের অব্যক্ত

চ্যাঁট, বি, উপস্থ, পুংলিঙ্গ।

চ্যাগার, বি, উত্তর বঙ্গে বাটীর চতুঃপার্শ্বস্থ প্রাচীর বা বেড়ার নাম চ্যাগার।

ছ

ছ; সপ্তম ব্যঞ্জন বর্ণ; ইহার উচ্চারণ স্থান তালু।

ছই, বি, (ছদিঃ শব্দজ) নৌকা বা গাড়ির ছাদ, আচ্ছাদনী।

ছউদ, বি, (পূর্ব্ব বঙ্গে) চর্ম্ম রোগ বিশেষ, ছলি।

ছক্, বি, চতুরঙ্গ ক্রীড়ার অঙ্কিত ভূমি, সতরঞ্চের ঘর।

ছকড়া, ছেকড়া, বি, সামান্য শকট, জঘন্য গাড়ি।

ছকড়ানকড়া, বিং ব্যতিব্যস্ত, বিরক্ত, জ্বালাতন।

ছকা, ক্রি, অঙ্কিত করা, আঁকা; ২। বি, (হিন্দী) তরকারী, ব্যঞ্জন।

ছজলবজল, বিং স্বচ্ছল, সুপ্রতুল।

ছটা, বি, শোভা; ২। পরম্পরা; ৩। আড়ম্বর; ৪। রাঙ্তা নির্ম্মিত দ্রব্য বিশেষ।

ছটাক, বি, সেরের ষোড়শাংশ, চারি কাঁচ্চা, পাঁচতোলা।

ছটাফল, বি, সুপারি গাছ।

ছটি, বি, বেত, ছড়ি; যথা—
"ধরিতে চলিল শচী হাতে ছটি করি।"
(চৈতন্য ভাগবত)
২। ছটা, দীপ্তি।

ছটকন, ছট্‌কান, বি, পলায়ন, নিঃসরণ, দূরে গমন।

ছট্‌ফটান, বি, পীড়ার লুণ্ঠন, গাত্রাদি দাহে ব্যাকুল হওন, ধড়ফড়ান।

ছড়, বি, বর্শা, শস্ত্র বিশেষ ; ২। যষ্টি, ছড়ি ; ৩। ক্ষত চিহ্ন, আঁচড় ; ৪। ত্বক, চামড়া। যথা—

"নিযুক্ত করিল বিধি সবার কাপড়।
অভাগী ফুল্লরা পরে হরিণের ছড়।"
(কবিকঙ্কণ)

ছড়ন, বি, চিহ্ন হওন ; ২। পরিষ্কৃত করণ ; ৩। জন্তুর চর্ম্ম উত্তোলন।

ছড়া, বি, ভাষাপদ্য ; ২। মালা ; ৩। নারিকেলাদির ফলের গুচ্ছ, কদলী পুষ্পের এক এক স্তবক ; ৪। পরিষ্কৃত দ্রব্য ; ৫। প্রক্ষেপ ; ৬। সংখ্যা বিশেষ, গাছা ; ৭। চর্ম্ম, ছাল ; ৮। শিম্বী জাতীয় বৃক্ষাদির ফল।

ছড়ান, বি, বিস্তৃত করণ, বিছান ; ২। বীজাদি ছিটান।

ছড়ানিয়া, বিং অপব্যয়ী, উড়ানিয়া।

ছড়াছড়ি, বি, অপব্যয়, নষ্ট ; ২। ইতস্ততঃ বিক্ষিপ্ত ; ৩। আধিক্য।

ছড়াহাঁড়ি, বি, গোময় মিশ্রিত জল দিবার পাত্র, গোবর জল ছড়া দিবার পাত্র।

ছড়ি, ছড়ী, বি, ক্ষুদ্র যষ্টি, সরু লাঠী ; ২। বালকের রোগ বিশেষ, কৃশ রোগ।

ছড়ীদার, বি, যে ফুলের ছড়ি লইয়া যায়, ছড়িওয়ালা।

ছত্র, বি, ছাতা ; ২। শালা, গৃহ ; ৩। সারি, রেখা।

ছত্রভঙ্গ, বি, স্বাতন্ত্র্য ; ২। দল হইতে ছাড়াছাড়ি ; ৩। অরাজকতা।

ছত্রিশ, বি, সংখ্যা বিশেষ, ৩৬।

ছত্রী, বি, (ক্ষত্রিয় শব্দজ) জাতি বিশেষ।

ছদ্‌, বি, ধারা, প্রথা।

ছন, বি, (পূর্ব্ব বঙ্গে) তৃণ, খড়।

ছনছন, বি, অনুকরণ শব্দ ; ২। অল্প অল্প জ্বালা বা বেদনা।

ছন্নছাড়া, বি, গুপ্ত প্রকাশ ; ২। উৎসন্ন হওন।

ছপ্‌ছপ, বি, বেত্রাদির দ্বারা প্রহার, এরূপ প্রহারের আধিক্য বুঝাইতে হইলে ছপাছপ্‌ শব্দ ব্যবহার্য্য ; ২। গাত্র রোমাঞ্চিত হওন।

ছপ্পর, বি, আচ্ছাদন, ছাদ, চাল।

ছম্‌ছম্‌, বি, ভয়ে আন্তরিক কম্প।

ছয়, বি, ষট্‌ সংখ্যা, ৬।

ছয়লাঠ, ছয়লাপ, বি, ধ্বংস ; ২। প্লাঘন, বন্যা।

ছর্‌রা, ছটরা, বি, ক্ষুদ্রগুলি।

ছল্, ছলনা, বি, কপটতা, শঠতা; ২। কৌশল।

ছল্‌ছল্, বিং সজল, জলপূর্ণ, জলে ভাসা।

ছলা, বি, ছলনা; ২। বাক্য বিন্যাস কৌশল; ৩। বাক্-চাতুর্য্য; ৪। সূত্র।

ছলি, বি, চর্ম্মরোগ বিশেষ।

ছা, ছাঁ, বি, (শাবক শব্দজ কি?) শিশু, বাচ্ছা।

ছাই, বি, ভস্ম, পাঁশ।

ছাইট, ছাট, বি, জলের ছিট, জলের প্রক্ষেপ; ২। কশা।

ছাউনি, বি, ছাওয়া, আচ্ছাদন; ২। শিবির, সৈন্যের আবাস; ৩। ডাহিনা বাঁয়ার উপরিস্থিত চর্ম্মাচ্ছাদনী; ৪। পরস্পর দর্শন, শুভদৃষ্টি; যথা—

"এত বলি দূর করে ঔষধের ডালা।
খেদায় অসতী নারী ছাউনির বেলা॥"
(ঘনরাম)

ছাওন, বি, তৃনাদি দ্বারা গৃহের উপরিভাগ আচ্ছাদন; ২। ছাওয়া।

ছাওনী, বি, আচ্ছাদন; ২। দৃষ্টি, পরস্পর দর্শন।

ছাওয়াল, ছাবাল, বি, (শাবক শব্দজ কি?) শিশু, সন্তান; যথা—

"নিবারণ কর ঝাট আপন ছাওয়াল।"
(চৈতন্য ভাগবত)

"মজাইবে মিছা কাজে পরের ছাবালে।"
(ভারতচন্দ্র)

ছাওয়া, বি, ছায়া; ২। ক্রি,— তৃণাদি দ্বারা আচ্ছাদিত করা।

ছাঁকন, বি, বস্ত্রাদি দ্বারা দ্রব দ্রব্য নিঃসারন, নির্ম্মলী করণ; ২। জাল দ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন।

ছাঁকণী, বি, পরিষ্কার করণীয় দ্রব্য, ঝাঁঝরি, চালনী, জালী।

ছাঁকা, ছাঁক্কা, বিং নির্ম্মল, পরিষ্কৃত, খাঁটী, শুদ্ধ।

ছাঁচ, বি, প্রতিমূর্ত্তি; ২। মূর্ত্তি করিবার যন্ত্র; ৩। চালের প্রান্তভাগ।

ছাঁচতলা, বি, চালের প্রান্ত-ভাগের নিম্ন স্থান। উত্তর বঙ্গে "ছাঞ্চৎ" বলে।

ছাঁচন, বি, পেষণ; ২। মসলা বাটা।

ছাঁচনী, বি, মন্থন দণ্ড।

ছাঁচিতৈল, বি, সর্ষপতৈল, সরিষার তৈল।

ছাঁট, ছাট, বি, জলচ্ছটা।

ছাঁটন, বি, কর্ত্তন, ছেদন, ২। অগ্রাহ্য করণ; ৩। ঝাড়ন, পরিষ্কৃত করণ।

ছাঁদ, বি, (ছন্দ শব্দজ) ছন্দ, স্বরূপ, বাক্য কৌশল; ২।

বন্ধন, বেষ্টন ; ৩। সজল দুগ্ধ ; ৪। বন্ধন রজ্জু অর্থাৎ যে রজ্জু দ্বারা গবাদির পদ দ্বয় বন্ধন করিয়া দোহন করা হয়।

ছাঁদন, বি, বন্ধন, ছাঁদা।

ছাঁদনী, বি, বন্ধন-রজ্জু ; ২। ছন্দোবন্ধ।

ছাগল, বি, জন্তু বিশেষ। উর্দ্দু ভাষায় 'বকরা' এবং মালদহ জিলার উত্তর পশ্চিমে 'বকৃরি' বলে।

ছাগলগোত্রীয়া, বিং গম্যাগম্য বিবেচনা হীন ; ২ কামাসক্ত, কামুক।

ছাঞ্চি, বি, খাদ্য বিশেষ, নারিকেল অথবা তিলগুঁড়া ও গুড় সংযোগে প্রস্তুত মিষ্টান্ন বিশেষ ; যথা—

"মনে করি সাধ খাইতে মিঠা।
ক্ষীর নারিকেল ছাঁঞ্চির পিঠা॥"
(কবিকঙ্কণ)

ছাট, বি, বেত্র, ছড়ি ; যথা—

"দনার ছাট খুঞা বান রাখ বাস ঘরে।
সাধুর চক্ষের বালি করিব লহনারে॥"
(কবিকঙ্কণ)

২। চিহ্ন ; ৩। জলোচ্ছাস।

ছাটপহর, বি, নোয়াখালি জিলায় চন্দ্র শূন্য অথচ নক্ষত্র আলোকিত রাত্রিকে ছাটপ্রহর বলে।

ছাড়, বি, মুক্তি পত্র।

ছাড়ন, বি, বর্জ্জন, ত্যাগ করণ।

ছাড়া, বিং ত্যক্ত, ভিন্ন।

ছাড়ান, বি, মোচন, খসান ; ২। ত্বক নির্ম্মোচন

ছাত, ছাদ, বি, চাল ছাদ, ইষ্টক প্রস্তরাদি নির্ম্মিত গৃহাচ্ছাদনের উপরিভাগ।

ছাতা, বি, আতপত্র, ছাতি ; ২। ময়লা।

ছাতি, বি, আতপত্র ; ২। সাহস ; ৩। বুক, বুকের আচ্ছাদন বা উপরাংশ ; যথা—

"ভেবেছিনু মনের সাধে লিখবো ছাতি ঠুকে।" (হেমচন্দ্র)

ছাতিম, বি, বৃক্ষ বিশেষ, ইহার বল্কল ভাঙ্গিলে ক্ষুদ্র খণ্ড হইয়া ভাঙ্গে। বাহ্য স্তর দানাময়, ঈষৎ সদ্‌গন্ধযুক্ত সাতিশয় তিক্ত আস্বাদ।

ছাতু, বি, (শক্তু শব্দজ কি ?) শক্তু ভাজা যবাদি চূর্ণ।

ছানন, বি, কচ্‌টান, মিশ্রণ।

ছানা, বি, শাবক, শিশু ; ২। দুগ্ধ বিকার, উষ্ণ দুগ্ধের সহিত অম্ল মিশ্রিত করিলে দুগ্ধ ও জলীয়াংশ পরস্পর পৃথক হইয়া পড়ে, তখন ইহার কঠিন ভাগ টুকু কাপড়ে ছাকিয়া লওয়া হয়, ইহার নাম ছানা ; ৩। নাড়া।

ছানী, বি, চক্ষু রোগ বিশেষ; ২। মোকদ্দমার পুনর্ব্বিচার, (Re-hearing)

ছাপ, বি, (হিন্দী) মুদ্রা; ২। চিহ্ন; ৩। ছাপা; ৪। জাঁত, আদতে; ৫। পরিষ্কার।

ছাপর, বি, (ছপ্পর শব্দজ) আচ্ছাদন।

ছাপরখাট, বি, ছপ্পর যুক্ত খাট।

ছাপা, বি, সুমিষ্ট খাদ্য দ্রব্য বিশেষ, ছাঁচে তোলা খাদ্য দ্রব্য বিশেষ; ২। বিং—মুদ্রাঙ্কিত, চিহ্নিত; ৩। আবৃত, অপ্রকাশিত, লুক্কায়িত।

ছাপী, বিং গুপ্ত, লুক্কায়িত।

ছাব, বি, মুদ্রাঙ্কন, চিহ্ন।

ছাব্বিশ, বি, (ষড়্ বিংশতি শব্দজ) সংখ্যা বিশেষ, ২৬।

ছামনি, বি; শুভদৃষ্টি, পরস্পর মুখাবলোকন; যথা—

"আনন্দে পুলক তনু দুজনে ছামনি।
হুলাহুলী দেই যত পুরনিতম্বিনী॥"
(কবিকঙ্কণ)

ছায়া, বি, অনাতপ, রৌদ্রাভাব; ২। আবর্ত্তন; ৩। আশ্রয়।

ছায়ানট, বি, (ছায়ানট্ট শব্দজ) রাগিণী বিশেষ।

ছায়াপাদ, বি, ছায়ার পরিমাণ দ্বারা বেলা নির্ণয়।

ছায়াবাজি, বি, ভোজবাজী, ভেল্কী; ২। অগ্নিক্রীড়া বিশেষ।

ছায়ামণ্ডপ, বি, চাঁদোয়া দেওয়া স্থান; ২। বিবাহার্থ সজ্জিত স্থান; যথা—

"ছায়া মণ্ডপ মাঝে, ঢেমচা দগড় বাজে,
হীরাবতী হৃদয়ে উল্লাস॥"
(কবিকঙ্কণ)

ছায়ামণ্ডপী, বি, বিবাহ কালীন সমাজস্থ মান্যাস্পদ ব্যক্তি সম্বন্ধীয় মুদ্রাদান।

ছার, বি, ভস্ম; ২। বিং—উৎসন্ন, ধ্বংস; যথা—

"উড়িষ্যা করিল ছার লুঠিয়া পুড়িয়া।"
(অন্নদামঙ্গল)

ছারখার, বি, সর্ব্বনাশ; ২। ভস্মসাৎ; ৩। বিং—উৎসন্ন।

ছারপোকা, বি, খাটমল, কীট বিশেষ।

ছাল, বি, ত্বক, চর্ম্ম, বাকল।

ছালন, বি, (যাং) ব্যঞ্জন, তরকারী।

ছাল্না, ছান্দলা, বি, চন্দ্রাতপ, চাঁদনী; যথা—

"শুভক্ষণে বান্ধিল ছান্দলা।"
(কবিকঙ্কণ)

ছালনাতলা, বি, যে স্থানে বর কন্যাকে একত্র মিলন করা হয়, স্ত্রী আচার স্থান।

ছালা, বি, গুণ, থলিয়া, পশু পৃষ্ঠের ঝুলি।

ছালানী, বি, বৃক্ষ বিশেষ, শাল পানি বৃক্ষ।

ছালি, বি, ভস্ম, ছাই।

ছালিয়া, ছেলিয়া, বি, শিশু, সন্তান।

ছি, ছিছি, অং ঘৃণা সূচক শব্দ, নিন্দা।

ছিক, বি, (ছিক্কা শব্দজ) ক্ষুত, হাঁচি, ; ২। ছেঁকা।

ছিকল, বি, (শৃঙ্খল শব্দজ) শৃঙ্খল, শিকলি।

ছিকলন, বি, একত্র বন্ধন, যোড়ন।

ছিঁচ্‌কা, বি, (শলাকা শব্দজ) শিক, গজ ; ২। হুঁকার মল পরিষ্কার করণার্থ লৌহ শলাকা।

ছিঁচ্‌কাচোর, বি, ক্ষুদ্রচোর, অধমচোর।

ছিট, বি, বিচিত্র বস্ত্র ; ২। চিহ্ন ; ৩। বিং—অবশিষ্ট।

ছিটজমি, বি, এক মৌজা বা পরগনার জমি অন্য গ্রাম বা পরগনায় থাকিলে তাহার নাম ছিটজমি।

ছিটন, বি, বপন, ছড়ান।

ছিটা, বি, বিন্দু, কণা।

ছিটাফোঁটা, বি, অতি ক্ষুদ্র বিন্দু ; ২। বশীকরণ ঔষধ ; যথা—

"ছিটাফোঁটা মন্ত্রতন্ত্র আসে কত গুনি।"
(ভারতচন্দ্র)

ছিট্‌কা, বি, শিকা ; ২। ফাঁসি ; ৩। বিং—ক্ষুদ্র।

ছিট্‌কান, বি, ছড়ান, ঠিক্‌রান।

ছিট্‌কিনি, বি, ক্ষুদ্র অর্গল। (Bolt)।

ছিঁড়া, বিং (ছিন্ন শব্দজ) ছিন্ন, নষ্ট ; যথা—

"সই দধি কেন ছিঁড়ি গেল।"
(চণ্ডীদাস)

ছিণ্ডিল, ক্রি, ছিঁড়িল, খণ্ড খণ্ড করিল।

ছিনন, বি, বল পূর্ব্বক গ্রহণ, হরণ।

ছিনাল, ছেনাল, বি, (সং—ছিন্না শব্দজ) ভ্রষ্টা স্ত্রী, কুলটা, কোন কোন স্থলে ছিনার (হিন্দী) শব্দ ব্যবহৃত হয় ; যথা—

"ডাকাতি ছিনার চোর হাজার হাজার।"

ছিনালপনা, ছিনালী, বি, গণিকার ভাব, বেশ্যাদিগের চাতুরী।

ছিনিমিনি, বি, ক্রীড়া বিশেষ, জলে প্রস্তর বা খোলামকুচি ফেলিয়া ছি-নি-নি খেলা (Duck and drake)।

ছিন্ন-ভিন্ন, বিং ইতস্ততঃ বিক্ষিপ্ত, ছারখার, উচ্ছিন্ন।

ছিনাজোঁক, বি, রক্ত শোষক কীট বিশেষ ; ২। বিং—অতিশয় অধ্যবসায়ী, অতিশয় অনুরক্ত।

ছিপ, বি, বড়সীর সূত্রবদ্ধ দণ্ড, মৎস্য ধারণ দণ্ড; ২। ডাকাতের নৌকা বিশেষ; ৩। মুখজল, থুথু।

ছিপন, ছিপান, বি, গোপন, লুকান; ২। দাবন।

ছিপী, বি, গুঁজি, ছিদ্ররোধক কাষ্ঠ; যথা—

"ছিপীর কিরীটী শিরে, উঠিলিরে ধীরে ধীরে যকৃত জননী।" (বঙ্কিমচন্দ্র)

ছিম্, বি, (শিম্বী শব্দজ) ফল বিশেষ, শিম।

ছিম্ড়া, বি, শুঁটা; ২। বিং— অনাথ, পিতৃহীন; ৩। নির্লজ্জ; ৪। বহুভাষী।

ছিরি, বি, (শ্রী শব্দজ) পিটুলি দ্বারা নির্ম্মিত মাঙ্গলিক দ্রব্য বিশেষ; যথা—

"হদ্দ বাহাদুরি ছিরি বিচিত্র কারখানা।" (হেমচন্দ্র)

২। (স্ত্রী শব্দজ) স্ত্রী।

ছিল্কা, বি, (ছল্লি শব্দজ) বল্কল, ছাল; ২। ক্ষুদ্র অংশ।

ছিলা, বি, জ্যা, ধনুকের গুণ; ২। বস্ত্রাদির প্রান্তভাগস্থ সূত্রাদি; ৩। (যাং) মুসলমানদিগের ব্রত বিশেষ, ইহাতে ব্রতধারী মৃত্তিকা মধ্যে গর্ত্ত খনন করিয়া সেই গর্ত্তে সমস্ত দিন অবস্থান করেন সন্ধ্যার প্রাক্কালে গর্ত্ত হইতে উঠিয়া চন্দ্র দর্শন করিয়া অন্যান্য কার্য্য করেন।

ছিলিম্, ছিলম্, বি, (হিন্দী) কলিকা, হুঁকা। উত্তর পশ্চিম প্রদেশে 'ছিলম্' অর্থে কল্কে, তামাকু নহে।

ছুঁই, ছুঁচ, বি, (সূচি বা সূচী শব্দজ) সূচী, সুঁই, সোমাজি; ২। বিং—শূন্য, খালি; যথা—

"ছুঁচ কলসী, বাটের তিলি,
গমন কালে না যাবে ফেলি।"
(ডাকের বচন)

৩। ক্রি,—স্পর্শ করা; যথা—

"প্রত্যয় না হয় বল গঙ্গ জল ছুঁই"
(কবিরঞ্জন)

ছুঁচা, ছুছা, বি, (ছুছুন্দরী শব্দজ) গন্ধমূষিক, ছুঁচা; ২। গালি বিশেষ।

ছুঁচাল, বিং সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র।

ছুঁচিপাতন, বি, বিরলে দর্শন, উঁকিমারণ, আড়ি পাতন।

ছুঁচিবাই, বি, (ছুঁচি—শুচি, বাই—বায়ু শব্দজ) শুচি হইবার বাতিক, শুচি হইবার বায়ু রোগ। ইহাতে সর্ব্বদাই অপবিত্র দ্রব্য স্পর্শ হইল বলিয়া মনোমধ্যে বিশ্বাস জন্মে।

ছুঁড়ি, বি, বালিকা, নবযৌবনা; যথা,—

"চারি ছুঁড়ির বধূর আয়ত ঘুচে করে।
ভালে ঘুচে ভাবন, ভাগিনা যদি মরে।"
(ঘনরাম)

ছুঁয়ন, বি, স্পর্শ করণ, স্পর্শন।
ছুঁয়াচপড়া,—অপবিত্র দ্রব্য স্পর্শ করা। [যৌবনা।
ছুক্‌রী, বি, বয়স্থা কন্যা, নব-
ছুট্, বি, ত্যাগ, বর্জ্জন; ২। তহির; ৩। গুচ্ছ, গোছা; যথা,—
"একপণ দাড়ির ছুট মুটোর ভিতর থাকে।" (দীনবন্ধু)
৪। অসংলগ্ন বাক্য।
ছুটন, ছুটা, বি, পলায়ন, দৌড়ন; ২। ছেড়ে যাওয়া।
ছুটাছুটী, বি, দৌড়াদৌড়ি।
ছুটান, বি, দৌড় করান; ২। ছাড়ান। [সামান্য, লঘু।
ছুটালিয়া, ছুট্‌লে, বিং ক্ষুদ্র,
ছুটী, বি, বিদায়; ২। উদ্ধার, ছাড়ানি। [ছাড়ন।
ছুড়ন, ছোড়ন, বি, প্রক্ষেপণ,
ছুত, ছুতা, ছুতালতা, বি, (সূত্র শব্দজ কি?) ব্যাজ, ছল, উপলক্ষ, ওজর; ২। সামান্য কারণ। [বিভ্রাট।
ছুতক, বি, বিবাদ, ঝগড়া; ১।
ছুতার, বি, (সূত্রধর শব্দজ) জাতি বিশেষ, সূত্রধর।
ছুৎ, বি, মারী, মরক; ২। দোষ।

ছুপন, বি, চাপন, ছুপে ধরা।
ছুরী, বি, অস্ত্র বিশেষ।
ছুলী, ছলী, বি, চর্ম্মরোগ বিশেষ।
ছুবায়, ক্রি, অনুসরণ করায়, লেলাইয়া দেয়; যথা,—
"সঙ্গে শিশুগণ ফিরে,
তাড়িয়া শশারু ধরে।
দূরে গেলে ছুবায় কুকুরে॥
(কবিকঙ্কণ)
ছুহারা, বি, খর্জ্জুর বিশেষ, সোহারা খজ্জুর।
ছে, বি, খণ্ড, টুক্‌রা; ২। নৌকার পশ্চাৎ ও সম্মুখভাগে লম্বালম্বিভাবে বসান কাষ্ঠের (মেরুদণ্ড) শেষ স্থূল অংশকে প্রাদেশিক ভাষার "ছে" বলে।
ছেই, বি, ঘৃণা বা অবজ্ঞাবোধক শব্দ, অপমান বা হেয়তা বাচক বাক্য।
ছেওট, বিং দুষ্ট।
ছেঁক্, ছেঁকা, বি, (সেক শব্দজ) অন্তর, বিরাম, বিচ্ছেদ; ২। অগ্নির উত্তাপ, সেক।
ছেঁক্‌নী, বি, (সেচনী শব্দজ কি?) যাহা দ্বারা ছাঁকা যায়, ছাঁকিবার পাত্র।
ছেঁচ্‌কী, বি, যে দ্রব্য অধিক তৈল দ্বারা ভর্জ্জিত নহে। সামান্য তৈল দ্বারা ঝল্‌সান তরকারী।
ছেঁচড়, ছেঁচোড়, বিং দুষ্ট, প্রতা-

রক, খল, বেহায়া ; ২। ছিঁচ্‌কা চোর।

ছেঁচ্‌ড়া, বিং শঠ, প্রতারক ; ২। ব্যঞ্জন বিশেষ, পাঁচ মিশালি তরকারি ; ৩। বি, শঠতা, নীচতা।

ছেঁচন, ছেঁচ, বি, (সেচন শব্দজ) সেচন, অভিষেক ; ২। পেষণ।

ছেঁটেছুটে, ক্রি বিং, বাদ দিয়া, কাটিয়াকুটিয়া।

ছেঁড়া, ছিড়া, বিং ছিন্ন, অংশীকৃত ; ২। ক্রি,—ছিন্ন করা, ছেদন করা ; ৩। উষ্ণদুগ্ধের সহিত অম্ল মিশ্রিত করিলে বা অপরিষ্কার পাত্রে অধিকক্ষণ রাখিলে দুগ্ধের জলীয়াংশ পৃথক হইয়া পড়ে, প্রাদেশিক ভাষায় তাহাকে দুধ ছিড়িয়া যাওয়া বলে।

ছেঁদা, বি, (ছিদ্র শব্দজ) ছিদ্র, গর্ত্ত ; ২। দোষ, কলঙ্ক।

ছেক, বি, বিরতি, বিরাম।

ছেড়, বি, সঙ্গীতে গতাদি, বাদন কালে যে কোন তারে যে কোন স্বর প্রকাশ করিয়া, নায়কী ও আহত তার ভিন্ন অন্যান্য তারে বিভিন্নরূপ মাত্রানুযায়ী আঘাত করতঃ যে বাদন ক্রিয়া সম্পন্ন হয়, তাহার নাম ছেড়।

ছেনি, ছেয়ানি, বি, স্বর্ণকারাদির কাটিবার অস্ত্র বিশেষ।

ছেপ, বি, (ষ্টীব ধাতুজ) নিষ্টীবন, থুথু।

ছেপলা, ছেব্‌লা, বিং (সং—চপল শব্দজ কি.? অথবা যাং- নিবলা নিকৃষ্ট শব্দজ) অ-প্রবীন, বালকের ন্যায় চপল।

ছেবলামি, বি, বালকবৎ চপলতা।

ছেমড়া, বি, অপ্রবীন, বালক।

ছেমুয়া, বিং খিট্‌খিটা ; ২। অর্ব্বাচীন ; ৩। নির্লজ্জ, বেহায়া।

ছেয়া, বি, ঢেঁকির মোনা, ইহার দ্বারা ধান্যাদি ভানা হয়। যথা,—

'বৈশাখে ভেরাণ্ডা ছেয়া উড়ি দিল ভেগে।'
(ঘনরাম)

ছেলিয়া, ছেলে, বি, কিঞ্চিদ্বয়ঃস্থ বালক। [ব্যবহার।

ছেলেমি, বি, বালকতা, বালকবৎ

ছেলি, ছেলী, বি, (ছেলিকা শব্দজ) ছাগী, ধাড়ী ছাগল ; যথা,—

"নানা শস্য দেখিয়া চৌদিকে ধায় ছেলি।
দেখিয়া কৃষাণ সব দেয় গালাগালি।"
(কবিকঙ্কণ)

২। মৃগের গাত্র চিহ্ন।

ছেলীপড়া, বিং চিত্রিত, বিচিত্র।

ছৈ, বি, নৌকা প্রভৃতির উপরি-ভাগের আবরণ।

ছৈঘর, বি, নৌকার বৈঠক গৃহ। [গ্রহণ।
ছোঁঅন, বি, স্পর্শ করণ; ২।
ছোঁচপড়া, ক্রি, অপবিত্র দ্রব্য স্পর্শ করা। যে দ্রব্য স্পর্শে শরীর অপবিত্র হয়।
ছোঁচান, বি, জল শৌচ করণ।
ছোঁচাবোচা, বিং নির্লজ্জ, বেহায়া।
ছোঁড়া, বি, ছোক্‌রা, বালক।
ছোঁয়া, ক্রি, স্পর্শ করা।
ছোঁয়াচিয়া, বিং স্পর্শাক্রামক। পরস্পরের সংস্পর্শে যে সকল রোগ ছড়াইয়া পড়ে, তাহার নাম ছোঁয়াচিয়া রোগ। বসন্ত, দাদ, খোস পাঁচড়া, ছোঁয়াচিয়া রোগ। [বালক।
ছোক্‌রা, বি, কিঞ্চিৎদ্বয়ঃস্থ
ছোকা, বি, ব্যঞ্জন, তরকারি।
ছোট, বিং লঘু, খাট, কনিষ্ঠ; ২। তুচ্ছ, নীচ।
ছোটগোক্ষুর, বি, বৃক্ষ বিশেষ, বৃক্ষের ফল ও পত্র। সংস্কৃত নাম ইক্ষু গন্ধা। শুষ্ক ফলাণুদ্বয় পরস্পর সংলগ্ন থাকিলে দেখিতে গরুর খুরের ন্যায়, একারণ ইহাকে গোক্ষুর কহে।
ছোটন, বি, দ্রুত ধাবন, দৌড়ন।
ছোট লোক,—নীচ লোক, নীচ জাতি।
ছোট্, ছোটা, বি, দড়ি; ২। গবাদির মুখবন্ধন রজ্জু; ৩। নদী পারের নৌকা।
ছোড়্‌গা বিং (পূর্ব্ববঙ্গে) কনিষ্ঠ, ছোট।
ছোড়ন, বি, ক্ষেপণ; ২। বর্জ্জন।
ছোড়না, বি, চন্দ্রাতপ, ছালনা।
ছোড়লা, বি, ছালনাতলা, স্ত্রী-আচারস্থান; যথা,—

"তবে সেই মহাপ্রভু ছোড়লাতে গিয়া।
দণ্ডাইলা পীঠোপরি উল্লাসিত হইয়া॥"
(চৈতন্য ভাগবত)

ছোড়ভঙ্গ, বি, বিশৃঙ্খল, ছত্রভঙ্গ, দল ছাড়াছাড়ি।
ছোড়ান, বি, (হিন্দী) তালার কাটা। পূর্ব্ববঙ্গে তালার চাবির নাম ছোড়ানি।
ছোপ, বি, (স্পর্শার্থ ছুপ্ ধাতুজ) বস্ত্রাদিতে চিহ্ন, দাগ; ২। ভিত্তিতে মৃত্তিকা লেপন।
ছোপান, বি, বস্ত্রাঙ্কন, চিহ্ন করণ, রং মাখান।
ছোব্‌ড়া, বি, নারিকেল ফলের উপরিভাগস্থ ত্বক, খোসা; ২। ফলের অসারাংশ।
ছোবল, বি, সর্পের দংশন বিশেষ।
ছোবাল, ক্রি, দংশন করাইল; ২। লেলাইল।
ছোরা, বি, অস্ত্র বিশেষ, ছুরির আকারের অস্ত্র।
ছোল, বি, (ছল্লী শব্দজ) ত্বক,

ছাল; ২। সর্পের দংশন বিশেষ।

ছোলা, বি, চণক, কড়াই বিশেষ; ২। বিং—ত্বক্ নির্ম্মুক্ত, খোসা ছাড়ান।

ছোলান, বি, ছাল ছাড়ান, ছাল তোলা।

জ

জ ;—অষ্টম হলবর্ণ। উচ্চারণ স্থান তালু।

জই, বি, যবাকার ধান্য বিশেষ; ২। গালা।

জক্‌সক্, বিং (পারশী) প্রচুর, যথেষ্ট।

জখম্, বিং (যাং) ক্ষত, বিশেষ রূপে আহত (Hurt)।

জখর, বি, উদরমধ্যস্থ গুল্মাকার রোগ বিশেষ।

জগঝম্প, বি, বাদ্যযন্ত্র বিশেষ। ইহা পূজা ও বিবাহ প্রভৃতি উপলক্ষে ব্যহহৃত হয়। পূর্ব্বে ইহা যুদ্ধ বাদ্য যন্ত্র ছিল। এই যন্ত্রকে গলায় এবং সম্মুখে সচরাচর লোকেরা তাসা যন্ত্রের সহিত বাজাইয়া থাকে।

জগদ্দল্, বিং বিষম ভারী, অত্যন্ত গুরুভার বিশিষ্ট।

জগদ্গৌরী, বি, মনসা দেবী।

জগহ, বি, (হিন্দী) স্থান, ভূমি।

জগ্‌জগা, বি, রাঙ্‌তা বিশেষ।

জঙ্গ, বি, বৃহৎ নৌকা; ২। বিবাদ, কলহ; যথা,—

"প্রভাতে পার্ব্বতী সনে বয়ে যায় জঙ্গ।"
(শিবায়ন)

জঙ্গলাট, বিং পতিত; ২। বনময়। [আরণ্য।

জঙ্গলিয়া, জঙ্গলী, বিং বন্য

জঙ্গা, বি, মালদহ জিলার রোপা ধান্য বিশেষ। ইহার চাউল নব সদৃশ মোটা। [বাঁধ।

জঙ্গাল, জাঙ্গাল, বি, আলি, সেতু

জজ, বি, (ইং Judge শব্দ) বিচারপতি, বিচারক।

জঞ্জাল, বি, আবর্জ্জনা, ওঁচলা; ২। উৎপাত, ঝঞ্ঝাট।

জট, জটা, বি, সংহত কেশ, মস্তকের কেশ সমূহ আটাল হইয়া একত্র জড়িত হওয়া; ২। কেশর, সিংহাদির ঘাড়ের ঝুঁট। ৪। বৃক্ষের ঝুরি।

জটলা, বি, জনতা, ভিড়।

জটিয়া, জটে, বিং জটাধারী, জট বিশিষ্ট।

জটাজুট, বি, জটা সমূহ।

জটিল, বিং দুর্ব্বোধ্য, যাহাতে অনেক গোল আছে।

জটুল, জড়ুল, বি, শরীরস্থ চিহ্ন বিশেষ, জতুক।

জঠর, বি, উদর, পেট।

জঠরজ্বালা, বি, পেটের জ্বালা, ক্ষুধা।

জঠূর, বিং শক্ত, গাঢ়।

জড়, বিং একত্রিত, মিলিত।

জড়পিণ্ড, বি, স্থূল জড়পদার্থ।

জড়ভরত, বি, মহাভারতে জড়ভরত নামে এক ঋষিপুত্রের বৃত্তান্ত বর্ণিত আছে। জন্মান্তরে ইনি রাজর্ষি ভরত ছিলেন। মৃত্যুকালে মৃগের বিষয়ে চিন্তা করাতে জাতিস্মর মৃগরূপে জন্মগ্রহণ করেন, পরে ব্রাহ্মণ কুলে তাঁহার জন্ম হয়, ঐ জন্মেও তিনি জাতিস্মর ছিলেন বলিয়া, জন্মান্তরীন বৃত্তান্ত সর্ব্বদা স্মৃতিপথে আরূঢ় হইয়া, সাধারণের সঙ্গ ত্যাগ বাসনায় জড়বৎ অবস্থান করিতেন বলিয়া "জড়" নামে খ্যাত হন। জনৈক ঋষি ইহাকে প্রতিপালন করেন। চলিত কথায় নির্ব্বোধ, অতি অলস ও অকর্ম্মণ্য অর্থে ব্যবহৃত হয়।

জড়সড়, বিং সঙ্কুচিত, আড়ষ্ট।

জড়াও, জড়োয়া, বিং মণ্ডিত, খচিত; ২। হীরা চূণী পান্না প্রভৃতি রত্ন দ্বারা মণ্ডিত।

জড়াজড়ি, বি, পরস্পর আলিঙ্গন।

জড়ান, বি, বেষ্টন, আবৃতকরণ।

জড়িত, বিং আবৃত, বেষ্টিত; ২। অব্যক্ত, অস্পষ্ট।

জড়িপট্টি, জড়িবট্টি, বিং বিষমরূপে জড়িত, জড়ীভূত; ২। বি,—ঔষধ."ভেষজ শিকড়।

জড়ীভূত. বিং একত্রিত; ২। সঙ্কটাপন্ন।

জড়িম, বি, জড়তাযুক্ত বাক্য, মাতালদের জড়ান কথা।

জড়ূর, বি, (জড়ুল শব্দজ) শরীরের চর্ম্মের বিকার, জটুল।

জড়েন, বিং (জটিল শব্দজ কি ?) পাক দেওয়া।

জড়্জড়িয়া, বিং আটাল; আটাবৎ; ২। আর্দ্র।

জন, বি, লোক; ২। ইতর লোক, যে দৈনিক মজুরিতে অন্যের কর্ম্ম করে।

জনম্, বি, (জন্ম শব্দজ) জন্ম, উৎপত্তি, উদ্ভব।

জনমানব, বি, কোন লোক, কোন মনুষ্য।

জনরব, বি, জনশ্রুতি, কোলাহল।

জনাজাত, বি, প্রতিজন, প্রত্যেক লোক। [দেধান।

জনার, বি, শস্য বিশেষ, ভুট্টা,

জনাব, বি, (পারশী) লোকপালক।

জন্মু, বি, জন্ম, উৎপত্তি ; যথা,—
"বিদ্যাশিখি পুর্ব্বে. কর্ণ হৈল গর্ভে,
কর্ণ পথে যার জন্মু।" (কবিকঙ্কণ)
২। যেরূপ, যেন ; যথা,—
"দলিত অঞ্জন জনু।" (চণ্ডীদাস)

জন্মশোধ, ক্রি বিং, চিরজীবনের মত। [করাণ।

জন্মান, বি, উৎপাদন, উৎপন্ন

জপগুটী, জপবটী, বি, জপমালা, করমালা। [২। লওয়ান।

জপান, বি, পরামর্শ দেওন ;

জবজব, বিং আর্দ্রীভূত ; ২। অতিশয় তৈলাক্ত।

জবর, .বি, (আরবী) ক্ষমতা, বল ; ২। বিং—পরাক্রান্ত, বলিষ্ঠ।

জবরদস্তী, বি, (আরবী) অত্যাচার ; ২। ক্ষমতা, শক্তি।

জবান, বি, (পারশী) জিহ্বা ; ২। বাক্য, ভাষা ; ৩। বিং— বলবান।

জবানী, বি, (পারশী) জিহ্বা দ্বারা যাহা উচ্চারিত হয়, ভাষা ; ২। বিং—কথিত, মৌখিক; ৩। বি,—শস্য বিশেষ, জোয়ান।

জবাব, বি, (পারশী) উত্তর ; ২। কার্য্য হইতে অবসর।

জব্দ, বিং (যাং) পরাজিত, অপমানিত, শাসিত ; ২। স্বাধিকার ভূক্ত।

জব্দজমি,—যে জমি মাপে বেশী হওয়ায় আটক করা যায়।

জমক, বি, প্রাগল্‌ভ ; ২। আড়ম্বর ; ৩। বিং—যুগ্ম। [পূর্ণ।

জম্‌জমা, বিং জমকাল, আড়ম্বর-

জমা, বি, (যা) মোট সংখ্যা সমূহ ; ২। আয়, সঞ্চয় ; ৩। নির্দ্দিষ্ট কর, কোন জমির নির্দ্ধারিত বার্ষিক খাজনা।

জমাওয়াশীল বাকি—কত টাকা দেয়, কত দেওয়া হইয়াছে, কতই বা বাকি, তাহার হিসাব।

জমাখরচ—চলিত হিসাব ; ২। আয়ব্যয়।

জমাগুজস্তা—অতীত কাল বা কোন গত সনের কাগজে প্রজার নামে যে জমা লেখা যায় ; পূর্ব্ব বা চলিত বৎসরের খাজনা। [স্পত্তি।

জমাজমি—টাকা কড়ি ও ভূস-

জমাট, বিং জম্‌কাল, আড়ম্বর-পূর্ণ ; ২। ঘন সান্নিবিষ্ট, নিবিড় ; ৩। বি,—নিবিড় অংশ, কাঠিন্য; ৪। চূর্ণাদি দ্বারা লেপিত অংশ।

জমাদার, বি, (যাং) ১০।১৫ বা ২০।৩০) প্রভৃতি নির্দ্দিষ্ট সংখ্যক্ সৈন্য বা প্রহরী যাহার অধীনে থাকে ; ২। সৈন্যে—সুবাদারের নিম্নস্থ কর্ম্মচারী ; ৩। পুলিস দারোগার নিম্নস্থ কর্ম্মচারী।

জমানবিশ—(পা), জমা সেরেস্তার ভারপ্রাপ্ত কর্ম্মচারী

জমাবন্দী, বি, (যাং) নানাপ্রকার জমির নিরিখমত প্রত্যেকের হার ধরিয়া প্রজা বিলিপূর্ব্বক যে জমা স্থির করা যায়, তাহার নাম জমাবন্দী।

জমি, জমিজরাৎ, বি, (যাং জমিন্ শব্দজ) ভূমি।

জমীদার, বি, (যাং) ভূম্যাধিকারী। ১৭৯৩ খৃষ্টাব্দে ইংরাজ গবর্ণমেণ্ট যে শ্রেণীর ভূম্যধিকারীদিগের সহিত সাক্ষাৎ সম্বন্ধে চিরস্থায়ী বন্দোবস্ত করিয়াছিলেন, তাঁহারাই জমিদার নামে অভিহিত। জমিদারদিগের ভূম্যধিকারের নাম জমিদারী।

জম্বুরা, বি, (পূর্ব্ব ও উত্তর বঙ্গে) বাতাবিলেবু।

জয়ঢাক, বি, (জয়ঢক্কা শব্দজ) বাদ্যযন্ত্র বিশেষ।

জয়তুর, বি, বিজয়তূরী, জয়ঢাক।

জয়পত্র, বি, জয়সূচক নিশান।

জয়পাল, বি, বৃক্ষবিশেষ, ইহার বীজ অতিশয় সারকগুণ বিশিষ্ট।

জয়িত্রী, বি, (জাতিপত্রী শব্দজ) সুগন্ধি মসলা বিশেষ।

জর, বি, (যাং) স্বর্ণ, সোণা।

জরকসী, বি, (যাং) জরি।

জরজর, বিং, (জর্জ্জর শব্দজ) জীর্ণ, শীর্ণ।

জরতী, বিং জরাযুক্তা, বৃদ্ধা।

জরদ, বি, (যাং) পীতবর্ণ।

জরা, বি, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা ; ২। জীর্ণতা।

জরাণ, বি, জীর্ণকরণ, পাককরণ।

জরাধি, বিং জরাগ্রস্ত।

জরিপ, বি, (আ) ভূমির পরিমাণ স্থির করণ (Survey).

জরিমানা, জরীমানা, বি, (আরবী —জুরম্ = অপরাধ, কসুর ; পারশী—আনা = সম্বন্ধ রাখা। অপরাধের সহিত যাহা সম্বন্ধ রাখে, তাহাই জুরমানা জুরমানা বঙ্গে জরীমানা) অর্থদণ্ড।

জরী, বি, (পারশী জর—সোনা) রৌপ্য ও স্বর্ণসূত্র বিশেষ। সোণালী কাজযুক্ত সূত্র।

জরু, বি, (যাং) দারা, পত্নী, স্ত্রী।

জরুর, জরুরী, বি, (আরবী— জরুর শব্দে পারশী ঈকার যোগ) আবশ্যক, প্রয়োজন ; ২। বিং—অত্যন্ত প্রয়োজনীয়।

জর্দ্দা, বি, (যাং) পীতবর্ণ, হরিদ্রা রং।

জলকর—যে জমির উপর নদী, পুষ্করিণী প্রভৃতি জলাশয় থাকে, সেই জমিকে ও তাহা হইতে উৎপন্ন আয়কে জলকর কহে ;

২। মৎস্য ধরিবার স্থান; ৩। বিং—যাহা হইতে জল উৎপন্ন হয়।

জলকুম্ভি, বি, শৈবাল, শেয়ালা।

জলকুলা, বি, ক্ষুদ্র তড়াগ, ক্ষুদ্র জলাশয়।

জলগণ্ড, বি, জলমগ্নস্থান, জলাভূমি; ২। জেলিয়া।

জলছত্র, বি, পথিকদিগের জলদান স্থান।

জলছাপা, বি, কাগজাদিতে জল বিশেষ দ্বারা লিখন।

জলছবি, বি, যে সমস্ত ছবি জল সাহায্যে এক কাগজ হইতে অন্য কাগজে তোলা যায়।

জলটুঙ্গী, বি, জলছত্র; ২। জল মধ্যস্থ গৃহ।

জল্দী, বিং (পারসী জলদ্—শীঘ্রগামী ঘোড়া) শীঘ্র, সত্বর।

জলদোষ, বি, কোষবৃদ্ধি রোগ।

জলনিকাশ, বি, জলনির্গমন পথ, মোহানা।

জলপথ, বি, নৌকাদিতে গমন; ২। পয়নালা, নর্দ্দমা।

জলপাই, বি, বৃক্ষ ও ফল বিশেষ, অম্লফল বিশেষ। ইহা বিদেশীয় বৃক্ষ। [২। রক্ষিতা স্ত্রী।

জলপাত্র, বি, ঘটী, গাড়ু ইত্যাদি;

জলপান, বি, অন্ন ভিন্ন অন্য বস্তুর আহার, জলযোগ।

জলভরনিয়া, বি, জলপূর্ণ নৌকাদি; ২। বিং—যাহাতে জল উঠে; ৩। বি,—নাবিক।

জলভর, বিং জলযুক্ত, সজল, যাহা হইতে জল নির্গম হয়।

জলভস্কা, বিং পানসিয়া, বিস্বাদ।

জলভাঙ্গা, বি, জলময়স্থান দিয়া গমনাগমন।

জলমুহরী, বি, পয়নালা, নর্দ্দমা।

জলমুহান, বি, খাত, খানা, জল নির্গমন পথ।

জলযোগ, বি, অন্ন ভিন্ন কিঞ্চিৎ আহার; ২। জলপান।

জলসহা, বি, বিবাহাদি মাঙ্গলিক কর্ম্মে পুরনারীগণের প্রতিবেশীর বাটী গমন পুর্ব্বক জল আনয়ন।

জল্সা, বি, (যাং) উজ্জ্বলতা; ২। সমাগম, বৈঠক।

জলসার, বি, সর্পদষ্ট ব্যক্তিকে জল দ্বারা নির্ব্বিষকরণ চেষ্টা।

জলা, বিং (জলময় শব্দজ) জলপ্লাবিত, জলমগ্ন; ২। বি,—বহুদূর বিস্তৃত জলময় স্থান।

জলাঞ্জলি, বি, কোন বিষয় সম্পূর্ণরূপ পরিত্যাগ করণ।

জলাম, বি, গর্ভপুষ্প, জরায়ুফুল।

জলুয়া, জলো, বিং জলতুল্য, তরল; ২। বিস্বাদ।

জল্জল্, বিং উজ্জ্বল, দীপ্তিমান।

জলুই, বি, লৌহ শলাকা বিশেষ, উভয় প্রান্ত সূক্ষ্ম যে লৌহ শলাকা দ্বারা নৌকার কাষ্ঠ জোড়া হয়। দুইখানি তক্তা বা'নে বা'নে মিলাইয়া ইহা দ্বারা আঁটিয়া দেওয়া হয়। পূর্ব্ববঙ্গে ইহার নাম পাতান।

জল্পনা, বি, আন্দোলন, আলোচনা। [কারী।

জল্লাদ, বি, (যাং) ঘাতক, হত্যা-

জবনাল, বি, শস্যবিশেষ, জনার, দেধান। [২। মজবুত।

জবর, বিং (যাং) উত্তম, উৎকৃষ্ট;

জবা, বি, স্বনাম প্রসিদ্ধ পুষ্প।

জবাই, বি, (যাং) হত্যা।

জহর, বি, (যাং) গরল, বিষ; ২। মূলবান জহরত।

জহরমোহরা, বি, প্রস্তর বিশেষ।

জা, বি, (জায়া শব্দজ কি?) দেবরস্ত্রী, স্বামীর ভ্রাতৃপত্নী।

জাউ, বি, (যবাগু শব্দজ) মণ্ড, মাড়।

জাওয়াতি, বি, জন্মপত্রিকা, কোষ্ঠী; যথা,—

"দীপিকা ভাস্বতী পড়ে, শাস্ত্রবিচার করে,
বালকের লিখে জাওয়াতি॥"
(কবিকঙ্কণ)

জাওর, জাওরাণ, বি, (জীর্ণ হওনার্থ জৄ ধাতুজ কি?) গিলিত চর্ব্বণ, উদ্গার করিয়া পুনর্ব্বার চিবান।

জাঁক, বি, সমারোহ, ঘটা; ২। গর্ব্ব, দম্ভ; যথা,—

"মিছামিছি করি জাঁক,
মিছামিছি করি হাঁক।"
(ঈশ্বর গুপ্ত)

জাঁকড়, বি, (যাং) ফেরত হইলেও হইতে পারে, এরূপ দ্রব্য বিক্রয়ের জমাখরচ যে কাগজে পৃথক করিয়া লিখিতে হয়, তাহার নাম জাঁকর বা জাঁকড়া খাতা।

জাঁকার, বি, কোলাহল, অতিশয় উচ্চশব্দ। [হান্বিত।

জাঁকাল, বিং জমকাল, সমারো-

জাঁকড়ে, ক্রি বিং মোক্তা, গড়ে।

জাঁত, জাঁতন, বি, চাপান; ২। দৃঢ়রূপে পেষণ, চাপন।

জাঁতদড়ি, বি, পদবন্ধন রজ্জু, ছাঁদনদড়ী।

জাঁতবাড়ি, বি, জাঁতদণ্ড।

জাঁতা, বি, (যন্ত্র শব্দজ) পেষণযন্ত্র; ২। কর্ম্মকারদিগের অগ্নিপ্রজ্বলনার্থ যন্ত্রবিশেষ।

জাঁতি, বি, গুবাক ছেদনার্থ অস্ত্রবিশেষ। উড়িষ্যাঞ্চলে নাম 'গুয়াকাতি'।

জাঁয়তিপত্র, বি, জন্মপত্রিকা ঠিকুজী কোষ্ঠী; যথা,—

"আমার বচনে যদি প্রত্যয় না যান।
পিতার জাঁয়তিপত্র করহ স্মরণ।"
(বঙ্গবাসীর মহাভারত)

জাঁহাপনা, বি, (জাঁহা—পারশী-শব্দ অর্থ পৃথিবী. পনা—আশ্রয়,—যে পালন করে; অতএব পৃথিবী যাহার আশ্রয় অথবা পৃথিবীকে যিনি পালন করেন) রাজাধিরাজ, সম্রাট।

জাঁহাবাজ, বিং দুর্দ্দান্ত, পরাক্রমশালী।

জাগন. বি, (জাগরণ শব্দজ) জাগরণ, নিদ্রাভঙ্গ।

জাগরণ, বি, অনিদ্রা; ২। কীর্ত্তনের অঙ্গবিশেষ; যথ,—

"এতদূরে পালা গীত হইল সমাপন।
অতঃপর রজনীতে গাব জাগরণ॥"

জাগান, বি, নিদ্রাভঙ্গকরণ; ২। পত্রাদি দ্বারা ফল পক্ককরণোদ্যোগ

জাং, জাঙ, বি. (জঙ্ঘা শব্দজ) গোড়ালি হইতে জানু পর্য্যন্ত, ঠ্যাং; ২। ক্রি,—গমন করিব, যাইব এই অর্থে প্রাচীন কবিরা ব্যবহার করিয়াছেন; যথা—

"প্রভু বলে যদি মোরে না দেহ পড়িতে।
তবে মুই নাহি জাঙ কহিনু তোমাতে॥"
(চৈতন্য ভাগবত)

জাঙিয়া, বি, (জঙ্ঘিয়া শব্দজ) জানু আচ্ছাদক বস্ত্র; ২। কটিপট।

জাঙ্গলা, বি, পূর্ব্ব ও উত্তরবঙ্গে শশা, কুমড়া প্রভৃতি গাছের জন্য যে মাচা বাঁধা যায়, তাহাকে জাঙ্গাল কহে।

জাঙ্গড়া, বি, অশ্বারোহী সৈন্য; যথা,—

"যতেক জাঙ্গড়া, জড়াইয়া ঘোড়',
ঘোড়া সনে ভূমে লোটে॥"
(ঘনরাম).

জাঙ্গাল. বি, (জঙ্গাল শব্দজ) আলি, সেতু; যথা,—

"রিপু যার দশানন, সদা সত্য পরায়ণ,
যার কীর্ত্তি সমুদ্রে জাঙ্গাল।"
(কবিকঙ্কণ)

২। মাটীর বাঁধ; ৩। তুঁতের ন্যায় দ্রব্যবিশেষ।

জাঙ্গী, বি, জাং, উরুস্থল; ২। হরিতকীবিশেষ, ক্ষুদ্রহরিতকী।

জাচন, বি, পরীক্ষাকরণ; ২। জাচাই করিয়া দেখান।

জাচাই, বি, পরীক্ষা; ২। মিলাইয়া দেখা।

জাজম, জা'জম, বি, (বাং) গালিচাবিশেষ; ২। চিত্রবিচিত্র আসনবিশেষ; ৩। পূর্ব্ববঙ্গে—গদি।

জাজী, বি, (বাং) যোদ্ধা, বীরপুরুষ।

জাঠ. বি. জাতিবিশেষ; ২। ঘানিগাছের হাঁড়ির মধ্যস্থ কাষ্ঠদণ্ডবিশেষ; ৩। হুঁকার নলিচা।

জাড়, বি, হিম, শীত।

জাড়া, বি, হিম ; ২। বৃহৎ-কলসী।

জাড়ি, বি, ঔষধ বিশেষ ; ২। বিং—শীতল।

জাড়িবেঙ, বি, ভেক বিশেষ, আসাপা বেঙ। [বংশ।

জাত, বি, (জাতি শব্দজ) জাতি,

জাতগির্ব্বিখত,—বিষয়ের উপস্বত্ব হইতে দেনা শোধ হইবে, এই সর্ত্তে ভূসম্পত্তি বন্ধক দিতে হইলে যে খত লিখিতে হয়, তাহার নাম জাতগির্ব্বি খত।

জাতিখাওয়া, ক্রি, সতীত্ব নষ্ট করা, ধর্ম্ম নষ্ট করা।

জাতিমারা, ক্রি, জাতিচ্যুত করা, স্বজাতির সহিত আহারাদি বন্ধ হওয়া।

জাতীফল, বি, জায়ফল।

জাদ, বি, ফিতা ; যথা,—

"সুরঙ্গ পাটের জাদে,
বিচিত্র কবরী বাঁধে
মল্লিকা মালতী চাঁপা গাভা॥"
(কবিকঙ্কণ)

জাদা, বি, (পারসী—জাদন্ জন্মগ্রহণ ধাতুজ) পুত্র সন্তান। স্ত্রীং—জাদী—কন্যা।

জাদু, বি, (যাং) কুহক, মায়া, ভেল্কী ; ২। সন্তানাদির প্রতি স্নেহ সূচক বাক্য ; ৩। অধীন, বশ, বাধ্য।

জাদুগর, জাদুগীর, বি. (জাদুকর শব্দজ) কুহকী, মায়াবী, ভেলকীওয়ালা।

জান, বি, (জ্ঞা ধাতুজ) সর্ব্বজ্ঞ, দৈবজ্ঞ, ; যথা,—

"গণ্ডা কড়ি গণতে হ'লে জানের বাড়া যান।" (হেমচন্দ্র)

২ (জীবন শব্দজ) জীবন, প্রাণ।

জানত, ক্রি বিং, জ্ঞাতানুসারে, জ্ঞাতসারে। [হওন।

জানন, বি, অবগত হওন, জ্ঞাত

জানবর, জানোয়ার, বি, (যাং) জন্তু, প্রাণী।

জানবিৎ, বিং জানত, বিদিত, পরিচিত।

জানান, বি, জ্ঞাত করাণ, জ্ঞাপন, বিদিত করণ।

জানানা, বি, (হিন্দী) স্ত্রীলোক।

জানানি, জানাজানি, বি, সংবাদ ; ২। পরস্পর জ্ঞাত হওন ; ৩। বিং—জ্ঞাপন সম্বন্ধীয়।

জানালা, বি, গবাক্ষ।

জাপ, বি, (জপ শব্দজ) মন্ত্রজপ, মন্ত্রোচ্চারণ।

জাপ্টান, বি, দৃঢ় ধারণ, আঁকড়ন।

জাপ্যমালা, বি, জপের মালা ; যথা,—

"হাতে জাপ্যমালা প্রভু বসিল ধেয়ানে।"
(কবিকঙ্কণ)

জাফরান, বি, (যাং) সুগন্ধি দ্রব্য বিশেষ, কুঙ্কুম।

জাবনিক, বিং ম্লেচ্ছ সম্বন্ধীয় ; ২। ম্লেচ্ছ।

জাবরকাটা, বি, চর্ব্বিত চর্ব্বণ, জাওরান।

জাবান, বি, জীবিত করিয়া রাখন ; ২। মৎস্যাদি ধরিয়া জলে রাখন।

জাবারদেওয়া,—রোয়ার জমিতে যদি বেশী আগাছা থাকে, তবে ৩৪ দিন ফিরাইয়া ঘুরাইয়া চষিয়া মই দিয়া রাখিলে, আগাছা সকল পচিয়া নষ্ট হয়, ইহাকে মালদহ জিলায় "জাবার দেওয়া" কহে। [বিশেষ।

জাম, বি, (জম্বু শব্দজ) ফল

জামরুল, বি, বৃক্ষ বিশেষ, ফল বিশেষ। [ফতুয়া।

জামা, বি, (পারশী) কুর্ত্তি,

জামাই, বি, (জামাতৃ শব্দজ) জামাতা, কন্যার পতি ; ২। পূর্ব্ব বঙ্গে জামাই শব্দ 'স্বামী' অর্থেও ব্যবহৃত হয়।

জামিন, বি, (যাং জামেন শব্দজ) সংরক্ষণ, প্রতিভূ।

জাম্বির, বি, (জম্বীর শব্দজ) লেবু। [রাঙ্‌তা।

জামিরা, বি, তামার পাতের

জামুই, বি, (উত্তর বঙ্গে) গন্ধ-রাজ লেবু।

জামূড়া, বি, হস্ত পদাদিতে কঠিন মাংস রূপ রোগ, কড়া।

জায়, বি, (যাং) লেখা, বিবরণ ; ২। তালিকা।

জায়বেজায়, বি, অসংলগ্ন বাক্য, এলোমেলো কথা।

জায়গা, বি, (পারশী জায়—স্থান, গা—স্থান, অতএব থাকিবার স্থান) স্থান, ভূমি।

জায়গীর, বি, (যাং জাও শব্দ ভূমি। গিরিফ্‌তন ধাতু হইতে গীর শব্দ। উক্ত ধাতুর অর্থ ধরা। গীর শব্দের অর্থ যে ধরে অতএব জায়গীর শব্দের প্রকৃত উচ্চারণ "জাগীর"= Estate) সৈন্যদিগের ব্যবহারার্থ সেনাপতিকে প্রদত্ত ভূমি ; ২। রাজার দত্ত পুরস্কার স্বরূপ ভূ সম্পত্তি।

জায়দাদ, বি, (যাং) সম্পত্তি, কোন কার্য্যের ব্যয় নির্ব্বাহার্থ ভূমি সম্পত্তির দান।

জায়ফল, বি, (জাতীফল শব্দজ) ফল বিশেষ। ভারত সমুদ্রস্থ মলক্কা দ্বীপে জন্মে। বঙ্গদেশে রোপিত হইয়াছে।

জারক, বিং পরিপাচক, যে জীর্ণ করে।

জারাণ, বি, গলান ; ২। জীর্ণ করান।

জারিজুরি, বি, আত্ম প্রভাব প্রকাশ ; ২। দম্ভ, তেজ।

জারী, বি, ঔষধি বিশেষ, জাড়ী ; ২। আত্ম শ্লাঘা ; ৩। প্রচার, প্রকাশ করণ ; ৪। মুসলমান সঙ্গীত বিশেষ।

জারুয়া, বিং জারজন্মা, বিজন্মা।

জাল, বি, মৎস্য ও পশুপক্ষ্যাদি ধৃত করণার্থ সূত্র নির্ম্মিত ফাঁদ বিশেষ। মৎস্য ধৃত করণার্থ বঙ্গদেশে বহুবিধ জাল ব্যবহৃত হয়, তন্মধ্যে কতক গুলির নাম লিখিত হইল; যথা,—কচাল, ক্ষেপলা, খাস জাল, ক্ষুঁয়ে জাল, (ইহা এক প্রকার অতিশয় পাতলা কাপড় দ্বারা প্রস্তুত এবং মৎস্য শাবক ধরিবার জন্য ব্যবহৃত হয়), বেড় জাল, বাঁশ জাল, ঝাঁপ জাল, ধলি জাল, পাশ জাল, নিটুকি জাল, হুড়ী ও কাঁচী জাল। ভিন্ন ভিন্ন অঞ্চলে এই সমস্ত জালের নামও ভিন্ন ভিন্ন রকমের ; ২। মস্তকাদির আবরণ বিশেষ ; ৩। (আরবী ভাষা) মিথ্যা, কৃত্রিম।

জ্বালন, জ্বালন, বি, উদ্দীপন ; ২। পোড়ান ; ৩। জ্বালাইবার কাষ্ঠাদি। [রক্ষণার্থ বৃহৎপাত্র।

জালা, বি, (জল শব্দজ) জলাদি

জালি, জালী, বি, অস্ফুট কলিকা ; ২। কুষ্মাণ্ডাদির ক্ষুদ্র ফল ; ৩। ছিদ্র ; ৪। বর্দ্ধমানাঞ্চলে ক্ষেত্রে ধান্যাদির গাদা দেওয়াকে 'জালি দেওয়া' বলে ; ৪। আচার। [কৈবর্ত্ত।

জালিয়া, জেলে, বি, ধীবর,

জালিয়, জালিয়ৎ, বিং (আরবী) জালকারক, জালকারী, কৃত্রিম কারী।

জালী, বি, ঝাঝেরী, ঝালর ; ২। সূক্ষ্ম চর্ম্ম ছানী ; ৩। অক্ষি পটল ; ৪। মাকড়সার জাল ; ৫। ক্ষুদ্র ফল।

জালীপড়া, বিং ঝালরের ন্যায় সচ্ছিদ্র, জলজলিয়া ; ২। ক্ষুদ্র ফল ধরা।

জাল্‌তি, বি, জাল, জাল দ্বারা প্রস্তুত, আধার বিশেষ ; ২। মুখবন্ধনী, মুখস।

জাব, বি, গবাদির আহার ; ২। জাবপোকা।

জাব্‌দা, বি, যাহাতে অনেক রকম বিষয় লিখিত থাকে ; ২। প্রথম রোকর বা কাঁচা রোকর।

জাস্থ, বি, (যাং) চর, গোয়েন্দা ; ২। মাদক দ্রব্য বিশেষ, পেয়ারা পাতা ভাজা ; ৩। ওস্তাদ, প্রধান।

জাস্তী, বিং (হিন্দী জিয়াদতী শব্দজ) প্রচুর, অনেক।
জাহাজ, বি, (যাং) অর্ণবপোত, যাহা দ্বারা সমুদ্রে গতায়াত করা যায়।
জাহান্নম, বি, (পারশী) নরক।
জাহির, বি, প্রকাশ করণ; ২। বিং—অবতীর্ণ, প্রকাশিত।
জি, বি, (জিহ্বা শব্দজ) জিহ্বা।
জিয়ান, জিওন, বি, জীবনদান করণ, প্রাণরক্ষা করা।
জিউ, জীউ, বি, (হিন্দী) জীবন, প্রাণ। [সায়ী।
জিউনি, বি, মাছুয়া, মৎস্যব্যব-
জিওল, জিয়ল, বি, বৃক্ষবিশেষ; ২। মৎস্যবিশেষ।
জিকির, জিগির, বি, (যাং) পরমার্থবিষয়ক গান; ২। উল্লেখ।
জিজিয়া, বি, (পারশী) মাথা গণনায় সংগৃহীত রাজকর, (Poll Tax)।
জিঞ্জির, বি, শৃঙ্খল। [জিনন।
জিতন, বি, জয়করণ; ২। দমন,
জিদ, বি, (আরবী, সাম্‌না করা, অর্থাৎ লড়াই করিবার ভাবে সম্মুখীন হওয়া) বিপক্ষতা; ২। টেরাভাব, একগোঁধরা।
জিন, বি, ঘোটকের পৃষ্ঠের চর্ম্মনির্ম্মিত আস্তরণ বিশেষ।
জিনন, বি, জয়করণ; ২। দমন।
জিনীস, বি, (যাং) দ্রব্য, বস্তু।
জিব, বি, (জিহ্বা শব্দজ) জিহ্বা।
জিব্রা, বি (ইংরাজী Zebra শব্দজ) অশ্বজাতীয় বিচিত্র জন্তুবিশেষ। [অধীন।
জিম্মা, বি, (যাং) গচ্ছিত; ২।
জিয়িল, ক্রি, জীবিত হইল।
জিরাণ, বি, বিশ্রাম, ক্লেশ নিবারণ
জিরেফা, বি, (ইং Giraffe শব্দজ) লম্বাপদ ও লম্বাগ্রীবা বিশিষ্ট জন্তুবিশেষ।
জিল, বি, (ঝিল্লী শব্দজ কি?) তীক্ষ্মস্বর, উচ্চস্বর; ২ তানপুরা বেহলাদি যন্ত্রের তার, গুণ।
জিলিপি, বি, মিষ্টান্ন বিশেষ। সংস্কৃত নাম কুণ্ডলিনী।
জিলদগর, বি, (যাং) দপ্তরী, পুস্তকবন্ধন কারক। [দশাস্থ।
জীবৎমান, বিং বর্ত্তমান, জীব-
জীয়ন্ত, বিং (জীবন্ত শব্দজ) যে জীবিত আছে, যে বাঁচিয়া আছে। [করা।
জীয়ান, বি, বাঁচান, জীবনদান
জীরা, বি, ক্ষুদ্রবীজবিশেষ, মসলা দ্রব্যবিশেষ।
জুঁই, বি, পুষ্পবিশেষ।
জুয়ার, জোয়ার, বি, (জলবার শব্দজ কি?) জলোচ্ছ্বাস, সমুদ্র হইতে আগত জলস্রোত।

জুথ, বি, পরিমাণ, মাপ; যথা,—
"দর করে এক মূলে,
জুথে লয় দুনা তুলে।"
(ভারতচন্দ্র)

জুগৎ, বি, (যাং) পরামর্শ, মন্ত্রণা।

জুঙ্গ, বিং দুরন্ত, সাহসী, ধৃষ্ট।

জুজু, বি, ভয়প্রদর্শক মূর্ত্তিবিশেষ, অনর্থক শঙ্কাজনক পদার্থ, কল্পিত ভূতযোনি।

জুঝারু, বিং, যুদ্ধশীল, লড়ায়ে।

জুটী, বিং সমযোগ্য, সমবয়স্ক; ২ বি,—সমান; ৩। কবরীবন্ধনার্থ ক্ষুদ্র কেশগুচ্ছ।

জুড়, বি, অনাতপ স্থান, ছায়া।

জুড়ন, বি, মিলন; ২। স্নিগ্ধ হওন, শীতল করণ।

জুড়ান, বিং অনুষ্ণ, শীতল।

জুড়, বি, সঙ্গীত সম্প্রদায়ের প্রধান গায়ক; ২। বৃহৎ অশ্ব; ৩। বিং—সমান, সমবয়স্ক।

জুৎ, জুত, বি, সুযোগ, সুবিধা; ২। কৌশল; ৩। সুগঠন।

জুতন, বি, চর্ম্মপাদুকাদ্বারা প্রহার করণ।

জুতল, বিং সুগঠিত, সুশ্রী।

জুতসই, বিং সুগঠিত; ২। সুবিধাজনক।

জুতা, জুতী, বি, চর্ম্মপাদুকা; ২। জ্যোতি, দীপ্তি; যথা,—
"রাজহংস মন্দগতি, হেম জিনি দেহজুতি
গজকুম্ভ চারু পয়োধরে।"
(কবিকঙ্কণ)

জুদা, বিং (পারশী) স্বতন্ত্র, ভিন্ন; যথা,—
"তাহা মোরে দেহ জুদা।" (চণ্ডীদাস)

জুন্নার, বি, (আরবী) সুতা, খৃষ্টানদের গলায় ক্রুস ঝুলান সুতা ও প্রাচীন পারশীদের কোমরের ঘুনসীকে আরবীয়েরা জুন্নার বলে।

জুফা, বি, (যাং) ভেষজবিশেষ।

জুবড়ন, বি, মগ্নকরণ, ভিজান।

জুবড়ি, বিং অতিশয় আর্দ্র, সিক্ত।

জুভু, বি, ছল, প্রতারণা, ফাঁকি।

জুম, বি, (যাং) অহিতাচার, অত্যাচার; যথা,—
"বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম।"
(ভারতচন্দ্র)

জুয়া, বি, (হিন্দী) পাশাখেলা।

জুয়ায়, ক্রি, উচিত হয়, যোগ্য হয়; যথা,—
"হেন লয় মোরে, এই পাপ ঘরে,
রহিত নাহি জুয়ায়।"
(কবিকঙ্কণ)

জুয়ার, জুয়ারী, বিং দ্যূতক্রীড়ক, যে বাজি রাখিয়া জুয়া খেলে; যথা,—
"কেহ বলে মোর পুত্র পরম জুয়ার।
মোর এই বর যেন না খেলায় আর॥"
(চৈতন্য ভাগবত)

জুয়াল, জোয়াল, বি, লাঙ্গলের কাষ্ঠদণ্ড বিশেষ, হলকর্ষণ কালে বলদের স্কন্ধস্থিত কাষ্ঠদণ্ড। [(Jury)।

জুরী, বি, সহকারী বিচারক

জুল্, বি, (যাং) বিলাস প্রকাশ; ২। হাবভাব সহিত ঈষদ্দৃষ্টি করণ; ৩। গোপনে দর্শন।

জুল্পী, বি,(পারশী জুলফ্ শব্দজ—সমগ্র কেশদাম) উভয় রগের প্রান্তস্থ কেশ, কানের নিকটের চুল।

জুলী, বি, (জল প্রণালী শব্দজ) ক্ষুদ্র খাত, নালা;

জুলুম, বি, (যাং) অন্যায় দণ্ড, জোর জবরদস্তী।

জুদা, বিং (যাং) পৃথক, ভিন্ন।

জুষ, বি, (ইং Juice) ক্বাথ, কোন বস্তু সিদ্ধ করিয়া কঠিন অংশ পরিত্যাগ করিলে যে দ্রবভাগ থাকে।

জেকের, বি, (যাং) প্রসঙ্গ, কীর্ত্তি।

জেটকুল, বি, (ডায়মণ্ড হারবার অঞ্চলে ব্যবহৃত) টিকটিকি।

জেঠা, জ্যাটা, বি, (জ্যেষ্ঠতাত শব্দজ) পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, বাপের বড় ভাই; ২। বিং—বহুভাষী, বাচাল। স্ত্রীং—জেঠী বা জেঠাই।

জেঠামি, বি, বাচালতা; ২। বালকের গুরু বক্তৃতা।

জেঠী, বি, (জেষ্ঠী শব্দজ) টিক্‌টিকী।

জেয়াদা, জিয়াদা, বিং (আরবী জিয়াদহ শব্দ—অনেক হওয়া) আধিক্য, প্রচুর।

জের, বি, (যাং) পূর্ব্ব ফর্দ্দের সমষ্টি পরের ফর্দ্দের উপর টানিলে উহাকে জের কহে; ২। অবশিষ্ট, বাকি।

জেরবার, বিং (পারশী জের—নিম্ন, বার—বোঝা, অতিরিক্ত ভারে যে নত হইয়া পড়িয়াছে) যে দুশ্চিন্তা ও পরিশ্রমাদি দ্বারা জর্জ্জরিত হইয়াছে; ২। অবসন্ন; ৩। নিঃস্ব।

জেরা, বি, (যাং) প্রশ্ন, জিজ্ঞাসাবাদ। যে ব্যক্তি কর্ত্তৃক সাক্ষী আহূত হন, তাঁহার পক্ষ হইতে জিজ্ঞাসাবাদ হইলে পর পক্ষান্তরের উকীল তাঁহাকে প্রশ্ন করিতে আরম্ভ করেন। আদালতের ভাষায় এই প্রশ্নের নাম জেরার সওয়াল।

জেলা, বি, (যাং জিল্লা শব্দজ) কতকগুলি মহকুমার সমষ্টি; ২। মহাজনী খসড়ার ক্রয়

বিক্রয়ের জায় লেখার এক এক পাশকে জেলা কহে।

জেলে, জেলি, বি, মৎস্য বিক্রেতা জাতি বিশেষ। জাল বুনন ও জাল দিয়া মৎস্য ধরা যাহাদের ব্যবসা।

জেব, বি, (যাং) জামার বগলি [(Pocket)।

জেহাদ, বি, (পারশী) প্রাণপণ চেষ্টা করণ।

জৈত্রী, বি, (জাতীপত্রী শব্দজ) জাতীফলের ত্বক।

জো, বি, (যোগ শব্দজ কি?) সুবিধা; ২। উপায়; ৩। বীজ বপণাদিরূপ কৃষিকর্ম্মের সুযোগ।

জোঁক, বি, (জলৌকা শব্দজ) জলজন্তু বিশেষ, রক্ত শোষক জন্তু।

জোঁকন, বি, পরিমাণ করণ; ২। তুলনা করণ।

জোঁকা, জোখা, ক্রি, পরিমাণ করা, তৌল করা; ২। সমান করা।

জোকার, বি, হুলাহুলি, হুলুধ্বনি।

জোঙড়া, বি, বংশ শলাকার পাত্র বিশেষ; ২। অপরিষ্কার; ৩। জল জন্তু বিশেষ, ইহা পোড়াইয়া চূণ প্রস্তুত হয়।

জোট, বি, দল; ২। এক সঙ্গে মিলন।

জোটন, জোটপাট, বি, সংযোগ, মিলন।

জোড়, বি, বন্ধন; ২। মিলন; ৩। বিং—যুগ্ম।

জোড়া, বি, (যুগ্ম শব্দজ কি?) যুগ্ম, দুই; ২। পশমী বস্ত্র বিশেষ, শীত বস্ত্র বিশেষ, শাল; ৩। ক্রি,—সংযুক্ত করা।

জোত, বি, (যাং) বড় বড় প্রজার নিকট হইতে কৃষকেরা ২। ৩ বৎসরের জন্য যে জমি আবাদ করিতে লয় তাহার নাম জোত বা জমা। রাইয়তের অধিকৃত ভূমিকে সচরাচর জমা বা জোত কহিয়া থাকে। ভিন্ন ভিন্ন জেলায় রাইয়তের অধিকার ভিন্ন ভিন্ন নামে অভিহিত। রঙ্গপুর অঞ্চলে রাইয়তের জমাকে জোত; ২৪ পরগণা ও যশোহরে গাতি ও ঠিকা; চট্টগ্রামে এটমান ও টাপা; বিহার প্রদেশে গুজস্তা প্রভৃতি কহে। গাতি, জোত ও গুজস্তা চিরস্থায়ী।

জোতা, ক্রি, শকটাদিতে গো, অশ্ব প্রভৃতি সংযোজিত করা।

জোনা, বি, আলোক, জ্যোৎস্না, যথা,—

"গৌর বরণ সোণা।
ছটক চাঁদের জোনা॥"
(যদুনন্দন চক্রবর্ত্তী)

জোন্দা, বিং অম্ল, টক।

জোনাকী, বি; জ্যোৎস্না পোকা. যে পোকার দেহ হইতে জ্যোতি নির্গত হয়।

জোমা, বিং যুগ্ম, জোড়া।

জোয়ান, বি, যুবক; ২। যমানি শস্য।

জোয়ার, বি, প্রবল জল স্রোত। সুন্দরবন অঞ্চলে তূণ বলে।

জোর, বি, (যাং) শক্তি, বল; ১। দুর্ব্বাক্য, মন্দ কথা; যথা,—

"নরে রাখে চোর, আর কহে জোর।"
(ভারতচন্দ্র)

৩। যুগল, জোড়া, দুইটা।

জোরজবরদস্তি, বি, বল প্রকাশ ও উৎপীড়ন। [বলিষ্ঠ।

জোরবার, বিং (যাং) বলবান,

জোল, বি, ক্ষুদ্র খাত; ২। নাবাল জমী; ৩। কর্ম্মকারের তার পিটিবার যন্ত্র বিশেষ।

জোলা, বি, বস্ত্র বয়নকারী মুসলমান জাতি।

জোলাপ, বি, (পারশী জুলাব—গোলাপ ফুলের জল, গোলাপ ফুলের জল দাস্তকারক) যবন দেশে জুলাব শব্দে, গোলাপ ফুলের জল এই অর্থ ক্রমে অপ্রচলিত হইয়া দাস্ত-কারক বস্তু মাত্রকেই বুঝায়। তাহা হইতে বাঙ্গালায় দাস্ত-কারক বস্তু বুঝায়।

জোব্বা, বি, গাজামা বিশেষ।

জোহার, বি, (আরবী) মধ্যাহ্ন কাল।

জোহার, জুহার, বি, অভিবাদন, নমস্কার, যথা,—

"করে বীর বেণেরে জোহার।"
(কবিকঙ্কন)

"প্রণাম জানায় কেহ, জোহার জানায়।"
(ঘনরাম)

জৌ, বি, লাক্ষা, গালা।

জ্বরঠুঁটো, বি, জ্বরাদি জনিত মুখব্রণ। (cold sore)।

জ্বলা, বি, দাহ, উত্তাপ জন্য পীড়া। [বিরক্ত।

জ্বলাতন, জ্বালাতন, বিং ক্লিষ্ট,

জ্বলান, বি, পোড়ান, দাহন; ২। বিরক্তি জন্মান।

ঝ।

ঝ;—নবম হলবর্ণ। উচ্চারণ স্থান তালু।

ঝক্, বিং দ্রুত, শীঘ্র, আচম্বিত; ২। বি,—বৃথা বাক্য; ৩। দীপ্তি, চাকচিক্য।

ঝক্‌ঝক্, বিং উজ্জ্বল।

ঝক্ড়া, বি, বিবাদ, কলহ।

ঝক্ড়াটিয়া, ঝক্ড়াটে, বিং বিবাদকারী, কলহকারী।

ঝক্মারী, বি, ত্রুটী, অপরাধ; ২। অনুতাপ।

ঝাক্কি, বি, জনতা, বহুলোকের অবস্থান; ২। ঝঞ্ঝাট, দৌরাত্ম্য।

ঝঙ্কার, বি, (ঝং—অনুকরণ শব্দ, কার—কৃতি, করণ) ভ্রমরাদির গুঞ্জন, ঝন্ঝন্ শব্দ।

ঝঙ্কনা, বি, বিদ্যুৎ; ২। মেঘের শব্দ।

ঝঞ্ঝা, বি, ঝড়বৃষ্টি; ২। বাত্যা, ঝড়; ৩। এক প্রকার বাদ্য যন্ত্র, প্রচলিত নাম ঝাঁঝ।

ঝঞ্ঝাট, বি, ক্লেশ, দুঃখ, লট্খট্।

ঝট্, বিং (ঝটিতি শব্দজ) দ্রুত, শীঘ্র।

ঝট্কন, বি, বেগে পতন; ২। কাটন; ৩। শিরশ্ছেদন।

ঝট্কা, বি, (হিন্দী) বাত্যা, বায়ু। [তাড়ি।

ঝট্পট্, ক্রি বিং অবিলম্বে, তাড়া-

ঝটাপট, বি, উভয়ে ধারণ পূর্ব্বক যুদ্ধ; ২। পরস্পর জড়াজড়ি।

ঝড়, বি, (ঝটিকা শব্দজ) ঝটিকা, বাত্যা।

ঝড়ুয়া, ঝড়ো, বিং ঝড়ে পতিত; ২। ঝড়ময়।

ঝণঝণ, ঝণঝণা, বি, ঝণঝণ শব্দ; ২। কঙ্কনাদির ধ্বনি।

ঝণ্ডা, বি, পতাকা, ধ্বজা।

ঝন্কাট, বি, দ্বারের কপালি; ২। চৌকাট।

ঝপ্ঝপ, ক্রি বিং শীঘ্র শীঘ্র; ২। জলে কোন দ্রব্যাদির পতন শব্দ।

ঝরকা, বি, গবাক্ষ, জানালা।

ঝরণ, বি, ক্ষরণ, গলন।

ঝরণা, বি, (ঝর শব্দজ) পর্ব্বত হইতে চ্যুত জল প্রবাহ, নির্ঝর; ২। চালনী; ৩। ক্ষরণ।

ঝরনী, বি, রক্ত ক্ষরণী, ছাঁকনি।

ঝরা, বি, পয়নালা; ২। খেজুর গাছ ১ বা ২ কাটের পর কলসী বাঁধিলে যে রস পড়ে, প্রাদেশিক ভাষায় তাহার নাম 'ঝরা'; ৩ বিং—ক্ষরিত, পতিত; ৫। ক্রি,—পতিত হওয়া। [করণ।

ঝরান, বি, চোয়ান, নীরস

ঝর্ঝর, বি, শব্দ বিশেষ, উচ্চ হইতে নিম্নে বেগে জল পড়িলে যে শব্দ হয়।

ঝলক্, বি, হিল্লোল, তরঙ্গ, ঢেউ; ২। অগ্নি জিহ্বা।

ঝলা, বি, দুহিতা, কন্যা; ২। রৌদ্রের তেজ।

ঝলাবর, বিং নির্ম্মল, সুন্দর, সুশ্রী।

ঝল্ঝল্, ঝল্মল্, বিং উজ্জ্বল, দীপ্তিমান, রবিকর, প্রতিভাত; ২। পাতলা; ৩। ক্রি,—ঝুলিয়া পড়া, ঝুলে থাকা।

ঝল্ক, বি, তরঙ্গপাত ঢেউ উঠা; ২। অগ্নির তেজ।

ঝল্সা, ঝল্সান, বিং অৰ্দ্ধ দগ্ধ, আধপোড়া।

ঝলসাকানা, বিং সূর্য্যোত্তাপে চক্ষু ক্ষরিয়া যাওয়ায় যে অস্পষ্ট দেখে।

ঝাইল, ঝাল, বি, পাইন; ২। নালা, পুষ্করিণী প্রভৃতির জলোত্থান স্থান।

ঝালান, বি, পুষ্করিণীর পঙ্কোদ্ধারাদি।

ঝাউ, বি, (ঝাবুক শব্দজ) বৃক্ষবিশেষ।

ঝাঁই, বিং অতিশয় দগ্ধ, চোঁয়া, খরপোড়; ২। বি,—মৎস্য বিশেষ।

ঝাঁক, বি, সমূহ, দল।

ঝাঁকড়, বি, গুচ্ছ, স্তবক।

ঝাঁকড়মাকড়, বিং বিশৃঙ্খল, পারিপাট্য রহিত, অসুন্দর; যথা,—

"ঝাঁকড় মাকড় চুল নাহি আদি সাঁদি।
হাত দিলে ধুলা উড়ে যেন কেয়াকাঁদি।"
(ভারতচন্দ্র)

ঝাঁকন, বি, আক্রমণ; ২। হেলান, লড়ান; ৩। অনুযোগ করণ।

ঝাঁকড়ন, বি, নাড়ন; ২। নাড়িয়া কম করণ।

ঝাঁকা, বি, বংশ রচিত পাত্র বিশেষ, বাজ্রা।

ঝাঁকি, বি, সবলে নাড়ন, ঝাঁকড়ানি।

ঝাঁঝ, বি, (ঝঞ্ঝন শব্দজ কি?) উষ্ণতা, রৌদ্রতেজ; ২। অব্যক্ত শব্দ; ৩। পিতলের ভিতরে সীসকাদির কড়াই দেওয়া পাদাভরণ বিশেষ।

ঝাঁঝর, বিং বহু ছিদ্রযুক্ত; ২। জর্জ্জরিত; যথা,—

"পিয়া বিনা পাঁজর ঝাঁঝর ভেল।"
(বিদ্যাপতি)

৩। কাঁসর।

ঝাঁঝরা, ঝাঁঝরী, বি, বহু ছিদ্র যুক্ত দর্ব্বী, তলায় বহু ছিদ্র যুক্ত মৃৎপাত্র; ৩। জল সেচন পাত্র; ৪। ঝর্ঝরী বাদ্য; ৫। জাল; ৬। বিং—বহু ছিদ্র যুক্ত।

ঝাঁঝা, বি, সূর্য্য কিরণের তীক্ষ্ণতা; ২। অব্যক্ত শব্দ।

ঝাঁটন, বি, পরিষ্কার করণ; ২। কুড়ান।

ঝাঁটা, বি, সম্মার্জনী, খাঙ্গরা।

ঝাঁটি, ঝাঁটী, বি, আবর্জ্জনা,

জঞ্জাল; ২। পুষ্প বিশেষ, ঝাঁটিফুল।

ঝাঁপ, বি, (ঝম্প শব্দজ) লম্ফ, লাফ; ২। (হিন্দী) বংশাদি রচিত গৃহাবরণ বিশেষ, আগড়; ৩। আক্রমণ; যথা,—

"সেই লুব্ধমতি তাহে করু ঝাঁপ।"
(বিদ্যাপতি)

৪। তাঁতের অঙ্গ বিশেষ।

ঝাঁপকই, বি, ভেক, বেঙ।

ঝাঁপন, বি, লম্ফ প্রদান; ২। আচ্ছাদন, ঢাকন; ৩। বৃষাদির গবী সংসর্গ করণ।

ঝাঁপসন্ন্যাস, বি, শিবের উৎসব বিশেষ, উক্ত উৎসবের দিনে শিবব্রতে দীক্ষিত ব্যক্তিগণ শিবের প্রীতি কামনায় মঞ্চের উপরিভাগ হইতে ঝম্প প্রদান করে।

ঝাঁপা, বি, স্ত্রীলোকের শিরোভূষণ বিশেষ। ইহা স্ত্রীলোকেরা দুই রগের নিকট চুলের বিউনি করিয়া তাহাতে এবং তাবিজে ও পরিধান করে। ইহা দেখিতে কতকটা ফুলের ন্যায়; ২। ক্রি,— বৃষাদির গবী সংসর্গ করা।

ঝাঁপাল, বিং স্থূল গুচ্ছ অথচ দীর্ঘ।

ঝাঁপান, বি, মনসা সঙ্গীত বিশেষ, মনসা দেবীর সম্মুখে কাঁদুনি গাহিয়া সর্প ক্রীড়া প্রদর্শন।

ঝাঁপী, বি, বেত্রাদি নির্ম্মিত পাত্র, পেটরা।

ঝাট্, বিং (ঝটিতি শব্দজ) শীঘ্র, দ্রুত; যথা,—

"কি করি চলহ ঝাট্ যাই পলাইয়া।"
(চৈতন্যভাগবত)

ঝাট্যাতিতোলা, বি, ঝাড়ুদারের ঝাঁট দেওয়ার জন্য প্রাপ্ত দ্রব্যাদি।

ঝাড়, বি, গুচ্ছ, স্তবক; ২। কাচ নির্ম্মিত বহু ডাল যুক্ত আলোকাধার বিশেষ; ৩। গোত্র, বংশ; ৪। বংশ গুচ্ছ; যথা,—

"যে ঝাড়ে গড়ল বাঁশী সেই ঝাড়ে যাব।
ডালে মুলে উপাড়িয়া সায়রে ডুবাব॥"
(বিদ্যাপতি)

ঝাড়ন, বি, মন্ত্র দ্বারা রোগাদি নিবারণ; ২। নির্ম্মূল করণ, পরিষ্কার করণ।

ঝাড়া, ক্রি, পরিষ্কার করা; ২। বিং—পরিষ্কৃত; ৩। বি, (হিন্দী) বিষ্ঠা, মলত্যাগ।

ঝাড়াঝাড়ি, বি, তিরস্কার, ভর্ৎসনা। [২। পরিচ্ছন্ন।

ঝাড়াল, বিং গুল্মযুক্ত, গোছাল;

ঝাড়ী, বি, ক্ষুদ্রবন, গুল্ম, জঙ্গল।

ঝাড়ু, বি, (হিন্দী) খেঙ্গরা, ঝাঁটা।

ঝাড়ুকশ, বি, (হিন্দী ঝাড়ু—পারশী কশিদন—টানা) ঝাড়ুদার, যে ঝাঁট দেয়।

ঝাপট্, বি, জলযুক্ত বায়ু প্রবাহ।

ঝাপ্টাকাটা, বি, কেশ বিন্যাস বিশেষ।

ঝাপ্সা, বি, অল্পদৃষ্টি, অস্পষ্ট দর্শন ; যথা,—

"চক্ষে দৃষ্টি ছিল না যার,
ঝাপ্সা দৃষ্টি হ'ল তার।"
(দাশরথী)

ঝাব্বা, বি, (হিন্দী) স্তবক, থোপ, গুচ্ছ।

ঝামর, ঝামরু, বিং কৃষ্ণবর্ণ, মলিন ; যথা,—

"ঝামর ভেল নীল উৎপল অঙ্গ।
লোরে না হেরে এ নয়ন তরঙ্গ॥"
(গোবিন্দ দাস)

২। টেকুয়া প্রভৃতি সানদিবার ক্ষুদ্র পাথর।

ঝামরাণ, বি, দ্রবণ, ক্ষরণ ; ২। জলযুক্ত হওন।

ঝামা, বি, (ঝামক শব্দজ) অত্যন্ত পোড়া ইট, খরপোড় ইট। খড় পোড়ে অনেক ইট গলিয়া ঝামা হয়।

ঝারা, বি, উচ্চ স্থান হইতে পাত্রে অল্প অল্প জল সেক। হিন্দু সম্প্রদায় বৈশাখ মাসে শালগ্রাম শিলারূপী নারায়ণকে ঝারায় অর্থাৎ নিম্নে কোন পাত্রে নারায়ণ শিলাকে রাখিয়া উপস্থান হইতে জলসেক করাইয়া থাকেন ; ২। সোলা, কড়ি দ্বারা নির্ম্মিত বস্তু বিশেষ। [গাড়ু।

ঝারী, বি, জলপাত্র বিশেষ,

ঝাল, বি, তীব্র রসযুক্ত ফল বিশেষ ; ২। জল ধরিবার গর্ত্ত ; ৩। বিং—কটু, তীক্ষ্ণ, উগ্র।

ঝালঝাড়া, বি, রাগভরে ব্যক্তি বিশেষের প্রতি কটূক্তি বা ভৎসনা।

ঝালঝোল, বি, ঝালের ব্যঞ্জন, তীব্র স্বাদযুক্ত ব্যঞ্জন বিশেষ ; যথা,—

"ঝাল ঝোল চড়চড়ী ভাজা কৈল কত।"
(ভারতচন্দ্র)

ঝালন, ঝালা, বি, ভগ্ন ধাতু পাত্রাদির ছিদ্র রোধ করণ, ধাতুময় পাত্রাদি মেরামত করা ; ২। অলঙ্কারাদির গঠন, সংযোজন, পাইন দেওন।

ঝালর, বি, জালী ; ২। চাকচিক্যময় কোঁকড়ান বস্ত্রখণ্ড ; ৩। খাট ও চাঁদোয়ার কোঁকড়ান বেষ্টন বস্ত্র ; ৪। স্ত্রীলোকের পায়ের গহনা বিশেষ।

ঝালাপালা, বি, বিরক্তিভাব প্রদর্শন ; ২। প্রখরতা ; ৩। অস্থিরতা ; যথা,—

"চারিদিকে ঝালাপালা,
উঃ কি দুরন্ত জ্বালা,
অগ্নি কুণ্ডে পতঙ্গ মতন।"
(বঙ্গসুন্দরী)

ঝালী, ঝালি, বি, বঞ্জন বিশেষ ; ২। ঝারি ; ৩। লম্ফন, লাফালাফি ; ৪। বিং—ঝালযুক্ত।

ঝালুয়া, বিং তীক্ষ্ণ, তীব্র, ঝেলো।

ঝিঁক, বি, সূক্ষ্মাগ্র মস্তকদেশ ; ২। চূল্লীর বোঁট।

ঝিঁকা, বি, হেঁচকাটান ; ২। ঠেলন।

ঝি, ঝী, ঝিউড়ী, বি, কন্যা, মেয়ে, যথা,—

"পাথারে ফেলিলা মোরে পর্ব্বতের ঝি।"
(সত্যনারায়ণ)

"লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী।"
(ভারতচন্দ্র)

২। দাসী, চাকরাণী।

ঝিউনী, বি, ভর্জ্জিত তণ্ডুল কণা, চাউল বা ক্ষুদ খরপোড় ভাজিয়া তাহা জলে ভিজান কাথ।

ঝিঁঝিঁ, বি, (ঝিল্লী শব্দজ কি ?) ঝিঁঝিঁ পোকা।

ঝিঙ্গা, ঝিঞা, বি, (ঝিলীক শব্দজ) ফল বিশেষ, ঝিঞা গাছ।

ঝিনুক, বি, শুক্তি।

ঝিম্, বি, নিদ্রাবেশ, ঢুলুনি ; ২। মৎস্যেরা জল মধ্য হইতে যে ভুড় ভুড়ি তুলে, মৎস্যের গমনাগমনে যে ভুড়ভুড়ি উঠে ; ৩। বিং—ধীর, শান্ত, মৃদু।

ঝিমঝিম্, বি, তন্দ্রাভাব।

ঝিমন, বি, তন্দ্রা, নিদ্রাকর্ষণ, চক্ষু মুদিয়া ঢুলা।

ঝিম্‌দানা, বি, অপেক্ষাকৃত সরু বা ক্ষুদ্রদানা।

ঝিয়ারী, বি, দুহিতা, কন্যা ; যথা,—

"ভজন তোমারি, রজক ঝিয়ারী,
রামিনী নাম যাহার।"
(চণ্ডীদাস)

ঝিল, বি, জলাশয় বিশেষ ; ২। জলনালা।

ঝুঁকি, বি, দায়িত্ব ; ২। অবনত হওন।

ঝুঁকিঝাঁকি, বিং একগুঁয়ে ; ২। যে হঠাৎ কোন কাজ করে।

ঝুঁটি, বি, গবাদির ককুদ ; ২। শিখা, চূড়া।

ঝুটমুট, বিং অলীক, মিথ্যা ; যথা,—

"ও গুলা কথা ঝুটমুট পালাবার উপায়।"
(মাণিকচাঁদের গীত)

ঝুঁটা, ঝুট, বিং (হিন্দী) মিথ্যা, ২। উচ্ছিষ্ট, এঁটো।

ঝুটাপুটি, বি, বিষম কোন্দল।

ঝুড়ন, বি, কর্ত্তন, ছাটন; ২। ভর্ৎসনা করা; ৩। নিস্তক করণ; ৪। ক্রন্দন।

ঝুড়ী, বি, বংশাদি রচিত পাত্র, চুপড়ি।

ঝুণ্ড, বি, দল, সমূহ।

ঝুনা, বি, পরিপক্ক নারিকেল, শুষ্ক নারিকেল; ২। বিং—কৃপণ, ব্যয়কুণ্ঠ।

ঝুপড়ি, ঝুপড়ী, বি, ক্ষুদ্রঘর, কুটীর, অতিশয় নীচুঘর; যথা,—

"মাথায় পিঙ্গল জটা,
সন্ন্যাসী কপাল ঘটা,
ঝুপড়ি বান্ধিয়া এক পাশে।"
(কবিকঙ্কণ)

ঝুম্, বি, চট্টগ্রাম, ত্রিপুরা, আসাম, ছোটনাগপুর ও উড়িষ্যার পার্ব্বত্য অঞ্চলে পাহাড়ীরা ক্রমাগত একস্থানে চাষ করে না, তাহারা বন কাটিয়া একটা স্থান পরিষ্কার করে এবং কাটা গাছপালা সেই ভূমির উপরই দগ্ধ করিয়া, ভস্মের উপর ২।৩টা ফসলের বীজ ছড়াইয়া দেয় এবং যখন যে ফসল পাকিতে থাকে, তখন সেই ফসল কাটিয়া লয়, দুই এক বৎসর পরে সে ভূমি ত্যাগ করিয়া নূতন স্থান অধিকার করে, চট্টগ্রামের পার্ব্বত্য অঞ্চলে এই প্রণালীকে 'ঝুম' বা ঝুমচাষ বলে; ২। বিং—নিস্তব্ধ, নীরব; ৩। (যাং) আবদার, খোট।

ঝুম্কা, বি, কর্ণাভরণবিশেষ; ২। লতাবিশেষ, ঝুম্কার ন্যায় ফুল।

ঝুম্ঝুম্, বি, গহনার শব্দ, চলিয়া যাইবার সময় গহনার শব্দ।

ঝুম্ঝুমী, বি, খেলনাবিশেষ, ঝুমঝুম করিয়া বাজে বলিয়া ঝুমঝুমী নাম।

ঝুমুর, বি, ইতরগীত বাদ্যাদি, নিম্নশ্রেণীর স্ত্রীলোকেরা গাহিয়া থাকে কবিবর হেমচন্দ্র বাঙ্গালীর মেয়েদিগকে উদ্দেশ করিয়া লিখিয়াছেন;—"বাসর ঘরে ঝুমুর কবি চ'খের মাথা খেয়ে।" [গলিয়া পড়ন।

ঝুর, বি, (ক্ষরণ শব্দজ কি?)

ঝুরি, ঝুরী, বি, বটাদি বৃক্ষের মূল, বোয়া; ২। ঘৃতপক্ক খাদ্যদ্রব্যবিশেষ, ঘৃতে বা তৈলে ভাজা সরুসরু নলাকার বেসম।

ঝুরো, বি, গুড়া, চূর্ণ।

ঝুল, বি, দোলন; ২। ঘুণকীট দ্বারা কর্ত্তিত বংশাদির গুঁড়া; ৩। ময়লা, ধোঁয়া প্রভৃতি দ্বারা উৎপাদিত ময়লা; ৪। মাকড়সার জাল।

ঝুলন, বি, (দোলন শব্দজ) দোলন; ২। শ্রীকৃষ্ণের উৎসব বিশেষ, হিন্দোল যাত্রা।

ঝুলি, ঝুলী, বি, ছিন্নবস্ত্র দ্বারা রচিত থলী, বগ্নী; ২। ভিক্ষুকের স্কন্ধস্থিত তণ্ডুলাধার।

ঝেৎলা, বি, দড়ির খাট। [বিশিষ্ট।

ঝেলো, বিং ঝালযুক্ত, কটু আস্বাদ

ঝোঁক, বি, আনুরক্তি; ২ অত্যন্ত আগ্রহ প্রকাশ; ৩। দায়িত্ব; ৪। উত্থানার্থ বল প্রকাশ।

ঝোঁকা, ক্রি, অবনত হওয়া, নুয়ে পড়া।

ঝোড়, বি. গুল্ম, ঝোপ, জঙ্গল; ২। সুপারি গাছ।

ঝোপ, বি, (ক্ষুপ্ শব্দজ কি ?) গুল্ম, ক্ষুদ্রবৃক্ষের বন।

ঝোর, ঝোরণা, বি, (হিন্দী) জলপ্রণালী, জল যাইবার পথ।

ঝোল, বি, ব্যঞ্জনের রস; ২। তরল ব্যঞ্জন।

ঝোলা, বিং পাতলা, তরল; ২। ক্রি,—দোলা, লট্‌কান; ৩। বি,—বগ্নী।

ঝোলান, বি, ঝুলাইয়া দেওন।

ঞ

ঞ ;—দশম হলবর্ণ। উচ্চারণ স্থান অনুনাসিক।

ট

ট ;—একাদশ হলবর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।

টক্, বি, অম্ল, খাট্টা।

টক্‌টক্, টক্‌টকে, বি, রক্তবর্ণ, লাল রং; ২। শব্দবিশেষ।

টকতন্ত্রী, বি, হিন্দুদিগের প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ।

টকুয়া, টকো, বিং অম্লরসযুক্ত।

টক্কর, বি, পরস্পর আঘাত, ঠোকর; ২। সংঘর্ষণ; ৩। প্রতিযোগিতা।

টগর, বি, (তগর শব্দজ) পুষ্পবিশেষ।

টগ্‌রা, বিং চালাক, সেয়ানা।

টগ্‌বগ্, বি, অগ্নির উত্তাপে জলের স্ফোটন শব্দ।

টঙ্ক, বি, (সোহাগা)।

টঙ্কন, বি, অঙ্কন, চিহ্নকরণ; ২। উঠান; ৩। টাঁকা, সেলাইকরণ।

টঙ্কা, বি, (উর্দ্দু) টাকা; ২। পর্ব্বতপার্শ্ব।

টঙ্কার, বি, ধনুকের ছিলার শব্দ; ২। গাত্রবেদনা; ৩। হস্ত পদ খেঁচন।

টঙ্গ, টোং, বি, মঞ্চাদির উপরিস্থিত ক্ষুদ্র কুটীর; ২। মাচান।

টটাটিটী, বিং সামান্যরূপ, তুচ্ছ।

টণ্ডাই, বি, বিবাদ, ঝগড়া।
টনক, বি, স্মৃতিস্থান, জ্ঞানের আসন, যথা,—
"কপালে টনক নড়ে,
হাত হৈতে হাঁতা পড়ে,
(অন্নদামঙ্গল)
টন্‌টন্, টন্‌টনানি, বি, অত্যধিক যন্ত্রণা।
টন্‌ক, বি, কঠিন, শক্ত; যথা,—
"টন্‌ক করি ধরি মুখে দিল এক মুঠ।" (পদ্মাপুরাণ)
টপ্, বি, এক ফোঁটা তরল বস্তু পতনের শব্দ।
টপকান, বি, লাফান, ডিঙ্গান।
টপখেয়াল, বি, খেয়াল এবং টপ্পা এই উভয়বিধ গীতের প্রণালী অবলম্বন করিয়া মিশ্র প্রণালীতে যে গীত গাওয়া যায়।
টপ্পা, বি, (যাং) গীতবিশেষ, চুম্বক গান। [বুঝায়।
টপাটপ্, বিং শীঘ্র শীঘ্র, দ্রুতকরণ
ট'য়ে, বি, ঢক্কাদির উপরিস্থ ভূষণ-বিশেষ; ২। জাল বুনিবার যন্ত্রবিশেষ; জেলেরা জাল বুনিবার সময় মাথায় ট'য়ে গুঁজিয়া রাখে। টেকচাঁদ 'আলালের ঘরের দুলালে' লিখিয়াছেন, 'কোথায় বা দুই একজন ট'য়ে বাঁধা ইংরা-জীওয়ালা দরখাস্ত লিখ্‌ছে।" পূর্ব্বকালে গ্রাম্য পাঠশালার গুরুমহাশয়েরা ছাত্রদিগকে বর্ণপরিচয় করাইবার সময়— আঁকুরে ক, বকমুখো খ, ট'য়ে মাথায় ট, ইত্যাদিরূপে শিক্ষা দিতেন।
টর, বিং উন্মত্ত, অজ্ঞান।
টলন, বি, হেলন, দোলন, লড়ন, ২। স্খলন।
টলটলায়মান, বিং টলমল, দোদুল্যমান। [গতি।
টল্‌মল, বি, উদ্ভ্রমণ; ২। অস্থির
টস্কা, বি, অঙ্গহানি হওন; ২। বিং—মড়্‌কা, আশুভেদ।
টহল, বি, ভিক্ষার্থে গান করিয়া পর্য্যটন, বৈষ্ণবগণ কর্ত্তৃক প্রত্যূষে গ্রামে২ শ্রীহরি সঙ্কীর্ত্তন; ২। ভ্রমণ।
টহলন, বি, গাইতে গাইতে পর্য্যটন; ২। অশ্বাদির শ্রম নিবারণার্থ শনৈঃশনৈঃ পাদবিহরণ।
টাউরণ, বি, শীতে সঙ্কুচিত হওন, শীতে কম্পন।
টাঁকন, বি, (টঙ্ক শব্দজ) সিঁয়ান, সেলাই করণ; ২। ত্রুটী দর্শান; ৩। পূর্ব্ব সূচনা করা, অগ্রেই বলা।
টাক, বি, কীটবিশেষ; কেশ-নাশক কীট; ২। কেশ-হীনতা।
টাক্‌না, বি, ব্যঞ্জন।

টাক্‌পড়া, বিং কেশহীন।

টাক্‌রা, বি, তালু, জিহ্বার উর্দ্ধ-দেশ।

টাকশাল, টাঁকশাল, বি, (টঙ্ক-শালা শব্দজ) মুদ্রা নির্ম্মাণ স্থান।

টাকা, বি, (টঙ্ক শব্দজ) রৌপ্য-মুদ্রা, ১৬ আনা পরিমিত।

টাকুর, বি, পট্ট সূত্রাদি বেষ্টন যন্ত্র, সূত্র পাক দেওয়া যন্ত্রবিশেষ, পাটকাটা যন্ত্র, নাটাই।

টাকুরাই, বি, অঙ্গগ্রহ, ধনুষ্টঙ্কার; ২। বাতরোগ।

টাগ, বি, জঙ্ঘা; যথা,—

"কেশের আগ, চুম্বয়ে টাগ,
ফিরিয়া ফিরিয়া বান্ধে।"
(চণ্ডীদাস)

টাঙ্গ, বি, কুদ্দাল, খনিত্র; ২। চরণ; ৩। সোহাগা।

টাঙ্গন, বি, পার্ব্বতীয় অশ্ববিশেষ; যথা,—

"শার্দ্দুল শীকারে সাজে সাহসে সত্বর।
তাজী বাজী তুরকী টাঙ্গন করে ভর॥"
(ঘনরাম)

২। অস্ত্রবিশেষ, টাঙ্গী; ৩। ঝুলান।

টাঙ্গান, বি, লম্বিত করণ, ঝোলান

টাঙ্গী, বি, কুঠার, কুড়ুল।

টাট্, বি, (তট শব্দজ কি?) পূজার্থ তাম্রময় পাত্রবিশেষ।

টাট্‌কা, বিং সতেজ; ২। সদ্যো-জাত।

টায়টায়, ক্রি বিং কষ্টেস্‌ষ্টে, কোন গতিকে; ২। সংগৃহীত দ্রব্যের ন্যূন না হওয়া।

টাটান, বি, অতিশয় যন্ত্রণা বৃদ্ধি হওন, ফুলা।

টাটি, বি, বংশাদি নির্ম্মিত আচ্ছা-দন, ঝাঁপ, আগড়; ২। মল-ত্যাগের স্থান।

টাটী, বি, পাত্রবিশেষ, কটোরা, খুরি। [অশ্ব।

টাটু, বি, ঘোটক; ২। ক্ষুদ্রকায়

টাড়ের মানসী, বি, (উত্তর বঙ্গে) প্রতিবাসী।

টান, বি, আকর্ষণ; যথা,—

"পুরুষের শত টান,
শস্ত্র শাস্ত্র সংগ্রাম ভ্রমণ।"
(হেমচন্দ্র)

২। অঙ্গগ্রহ, খেঁচা; ৩। নদীর স্রোত; ৪। স্নেহ, মায়া, আসক্তি; ৫। দুর্ম্মূল্য, মহা-র্ঘতা; যেমন, সহরে ও মফঃ-স্বলে বিড়ির বিশেষ টান পড়ি-য়াছে।

টানন, বি, আকর্ষণ, খেঁচন।

টানা, বি, রজ্জু প্রভৃতি দ্বারা বস্তুদ্বয়ের সংযোগ করণ; ২। বস্ত্রের দীর্ঘতন্তু, বস্ত্রের দৈর্ঘ্য পরিমাণের সূত্র। (Warp)

৩। বিং—আকৃষ্ট; ৪। দূর-বর্ত্তী; ৫। ক্রি—আকর্ষণ করা।

টানাটানি, বি, অভাব, অপ্রতুল; ২। পরস্পর আকর্ষণ, উভয়ে টানন।

টানাপাখা, বি, ইষ্টকাদি গৃহে লম্বিত বায়ুসেবনার্থ যন্ত্রবিশেষ। (Pankha)।

টাপু, বি, দ্বীপ, পুলিন, চড়; ২। ক্ষুদ্রস্থান। [চন্দ্রাতপ।

টাপর, টাপোর, বি, বস্ত্রাচ্ছাদন,

টাবা, বি, লেবু বিশেষ।

টাবাজল, বি, টাবা লেবুর রস।

টাল, বি, ব্যাজ, বিলম্ব; ২। ছল দ্বারা কালহরণ; ৩। আঘাত; ৪। হেলন। [ঠাণ্ডা।

টাল্কা, বিং (চট্টগ্রামে) শীতল,

টালমাটাল, বি, বৃথা সূত্র ধরিয়া কাল হরণ; ২। বিলম্ব করণ।

টালি, বি, চতুষ্কোণ বৃহৎ ইষ্টক বিশেষ। (tile)।

টিকন, বি, স্থিতিকরণ, থাকন, রহন।

টিকনী, বি, প্রতিমাদির বর্ণের ঔজ্জ্বল্য করণার্থ দ্রব্যবিশেষ; ইহা সাধারণতঃ গরম জলে এরারুট সিদ্ধ করিয়া কিম্বা আতপ চাউলের ক্বাথ গরম করিয়া প্রস্তুত হয়।

টিকল, বিং স্থিতিশীল, স্থায়ী; ২। স্থির; ৩। কঠিন, শক্ত।

টিকা, টীকা, বি, কপালের ভূষণ বিশেষ, চিহ্ন, তিলক; ২। অঙ্গারাদি দ্বারা নির্ম্মিত অগ্নি-জ্বালন দ্রব্য; ৩। বসন্তরোগা-ক্রমণ হইতে অব্যাহতি পাই-বার আশায় সূচ্যাদি দ্বারা ক্ষত করণ।

টিকাদার, বি, যাহারা টিকা দেয়।

টিকারা, বি, বাদ্যবিশেষ, দুন্দুভি-বাদ্য, ধামাল।

টীকী, বি, শিখা, চূড়া; যথা,—
"টিকী ধ'রে টানে, টন্‌টন্ করে 'শর।"
(কবিরঞ্জন)

টিক্‌টিকী, বি, গৃহগোধিকা, জেঠী।

টিকলী, বি, কালী, ক্ষুদ্রক্ষুদ্রখণ্ড।

টিট্‌, টাট্‌, বিং, ধূর্ত্ত, শঠ; যথা,—
"কোথাতে নাহিক দেখি হেন যোগী টিট।" (আলোয়াল কৃত পদ্মাবতী)

টিটকার, টীটকারী, বি, উপধ্বনি; ২। অবজ্ঞা বা নিন্দা অথবা ভর্ৎসনাসূচক শব্দ।

টিটির, বি, পক্ষীবিশেষ, টিটিভ-পক্ষী।

টিপ, বি, কপালস্থ তিলক, ফোঁটা; ২। চিঠী, হুণ্ডী; ৩। লক্ষ্য।

টিপন, বি, দৃঢ়রূপে ধারণ, চাপন; ২। গূঢ়রূপে আঘাত করণ।

টিপননড়ী, বি, তাঁতের অঙ্গ

বিশেষ, বংশ দ্বারা নির্ম্মিত, ইহা দ্বারা ঝাঁপকে টিপিতে হয়।

টিপ্‌নী, বি, (টিপ্পনী শব্দজ) টীকা, তাৎপর্য্যার্থ; ২। সূক্ষ্ম দৃষ্টিপাত; ৩। চালন; ৪। ইঙ্গিত। [টেপা।

টিপা, বি, খাঁজ; ২। ক্রি,—চাপা,

টীকা, বি, রাজচিহ্ন; ২। গ্রন্থের অর্থব্যাখ্যা।

টীপ, বি, ফোঁটা, চিহ্ন; ২। অর্থ সম্বলিত পত্র।

টুঁটী, বি, কণ্ঠ, গলার নলী; যথা,—

"সাহসে সাপুটে যেন টিপে ধরে টুঁটী।
করিকুম্ভে কুপিয়া মারিল বজ্রমুটি॥"
(ঘনরাম)

টুক্, টুকী, টুক্‌রা, (বিভক্তি) খণ্ড, অল্পতা বুঝাইতে বা যাহা গণনা করা যায় না বা দ্রব দ্রব্য প্রভৃতি স্থলে টুকু, টুকী প্রভৃতি ব্যবহৃত হয়। যথা, ভূমিটুকু, জলটুকু।

টুক্‌নী, বি, সামান্য ভিক্ষা পাত্র; ২। ক্ষুদ্র ঘটী। [অংশ।

টুক্‌রী, বি, খণ্ড, বস্তুর কর্ত্তিত

টুক্‌রী, বি, বংশাদি রচিত পাত্র বিশেষ, ঝুড়ি।

টুক্‌টুক্, বি, রক্তিমা, লালবর্ণ।

টুঙ্গী, বি, গৃহ; ২। পায়রার গৃহ।

টুট্, টুটা, বি, (ত্রুটী শব্দজ) অল্প, ত্রুটী; যথা,—

"এই যে তোমার মাসি বোধে নহে টুটা।"
(ভারতচন্দ্র)

টুটান, বি, হ্রাস করণ, কমান।

টুটি, ক্রি, ভেদ করা, বিদারণ করা; ২। চূর্ণ করা; ৩। নষ্ট করা।

টুটেক, বি, এক ত্রুটী কাল।

টুনটুনী, বি, পক্ষী বিশেষ।

টুপী, টোপী, বি, মস্তকাবরণ, তাজ।

টুয়ান, টোয়ান, বি, ইঙ্গিত করণ; ২। নেলাইয়া দেওন; যথা,—

"এ হেন কুমারে মার টোয়াইয়া করী।"
(ঘনরাম)

৩। ইঙ্গিত দ্বারা অগ্রসর হইতে উপদেশ দেওন।

টুসক্, বি, ভঙ্গুর, মড়কা; ২। অল্প, দুর্ব্বল।

টেঁক্, বি, কটিদেশ, কটিদেশের বস্ত্র; ২। নদীর বাঁক।

টেটা, বি, লৌহময় অস্ত্র বিশেষ, কালা,—ইহা দূর হইতে ছুড়িয়া মৎস্যাদি বিদ্ধ করে।

টেঁকা, টেকা, ক্রি, বাস করা; ২। সেলাই করা।

টেকুয়া, টেকো, বি, সূত্র কাটনের যন্ত্র, সুতা কাটিবার যন্ত্র। (Spindle)।

টেক্কা, বি, প্রতিদ্বন্দ্বীতা, প্রতিযোগীতা ; ২। তাস ক্রীড়ার রং বিশেষ।

টেঙ্গরা, বি, (ত্রিকণ্টক শব্দজ) মৎস্য বিশেষ।

টেটারী, কাংস্যবণিক, কাঁসারি।

টেড়ন, বি, বক্র হওন, বাঁকন।

টেড়া, বিং (তির্য্যগ শব্দজ) বক্র, বাঁকা।

টেড়ী, বি, কেশ বিন্যাস বিশেষ।

টেনা, টেনী, টেন্‌কী, বি, (ছিন্ন শব্দজ কি?) জীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া ; যথা,—

"পরিধান ছেঁড়া টেনা, ঘরে নাহি সম্ভাবনা
গোদে তোর ঘন উড়ে মাছি।"
(ক্ষেমানন্দ ও কেতকা)

টেনেবুনে, ক্রি বিং কষ্টেস্হষ্টে, কায়ক্লেশে। [পেষণ।

টেপন, বি, অঙ্গুলি দ্বারা অঙ্গ

টেপা, বি, উঁড়ি ধান্য ; ২। বিং—কৃপণ, ব্যয়কুণ্ঠ।

টের্, বি, প্রান্ত, সীমা ; ২। ঈষৎ উপলব্ধি ; ৩। প্রমাণ।

টের্‌চা, বিং বক্র, এক পাশ ; যথা,—

"টেরচা চাহিয়া, হাসি মিশাইয়া,
হানয়ে সবার তনু।"
(বাসুদেব ঘোষ)

টেরা বিং (টেরক্ শব্দজ) কেকর, বক্রচক্ষু।

টেসো বিং শুষ্ক হইয়া পক্ক, অপক্ক ; যথা,—

"টক্ টেসো আঁটি সার।"

টোক, বিং (তুক শব্দজ কি?) কুৎসাকারী, নিন্দক।

টোকা, বি, কর্ত্তন, কাটা ; ২। সূচী দ্বারা সেলাই করণ ; ৩। প্রতি কথায় উত্তর ; ৪। অল্প সঙ্কেত ; ৫। পত্র রচিত ছত্র বিশেষ, কৃষকেরা রৌদ্র বৃষ্টি নিবারণার্থ মস্তকে ধারণ করে।

টোক্‌না, বি, পিতলের পাত্র বিশেষ, ইহা দ্বারা সোণা রূপার পাত হইতে গোলাকার টোপ প্রস্তুত হয়।

টোক্‌রা, টোক্‌রী, বি, নলাদি রচিত পাত্র, ঝুড়ি, চুপড়ী ; ২। মুষ্টি ভিক্ষা।

টোঙ্গর, টোঙর, বি, (তোমর—তৈমুর শব্দজ) মুসলমানদিগের প্রতি ভর্ৎসিত বাক্য প্রয়োগ।

টোটা, বি, বন্দুক আওয়াজ করিবার জন্য দ্রব্য বিশেষ, বন্দুকের গুলি।

টোট্‌কা, বি, মুষ্টিযোগ, অল্পায়াস সাধ্যে সামান্য সামান্য ঔষধ। ২। বিং সামান্য সামান্য।

টোড়ী, বি, রাগিণী বিশেষ।

টৌন, বি, (তূণ শব্দজ) তুণীর, বাণাধার ; যথা,—
"টোণের ভিতরে বাণ জ্বলদগ্নি যেন।"
(পরীক্ষিত সংবাদ)

টৌপ, বি, মৎস্যের আহার, চার ; ২। মস্তকাচ্ছাদন বস্ত্র ; ৩। টৌল, আঘাত ; ৪। টুপী।

টৌপর, বি, সোলা দ্বারা নির্ম্মিত মস্তকের মুকুট, বিবাহাদি সময়ে ব্যবহৃত হয়।

টৌপান, বিং বিন্দু বিন্দু পতন।

টৌয়ামারা, ক্রি, নীশব্দে গমন, পায়ের অগ্রভাগে ভর দিয়া আস্তে আস্তে গমন।

টৌল, বি, চতুষ্পাঠী, চৌবাড়ী ; ২। কুটীর, কুঁড়ে ; ৩। আঘাত, চাপন জন্য খাল।

টৌলা, টৌলী, টুলী, বি, পল্লী, পাড়া ; ২। বাসস্থান, যেমন কলুটোলা, বাঙ্গালীটোলা, কুমারটুলী।

ট্যামটেমী, বি, বাদ্যযন্ত্র বিশেষ।

ট্যারো, বিং (বরিশাল জেলায় প্রচলিত) দুরন্ত, দুষ্ট, সচরাচর দুষ্ট বালকের প্রতি প্রযুজ্য হয়।

ট্যাক্‌ট্যাক্, বি, কোন বিষয়ের পুনঃ পুনঃ উক্তি। এক কথা বারম্বার বলা।

ঠ।

ঠ ;—দ্বাদশ হল বর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ঠক, ঠগ, বি, দস্যু বিশেষ, দস্যু-বৃত্তি ঠগদিগের কুলক্রমাগত ব্যবসায় ছিল। তাহারা সচরাচর বণিক বা তীর্থযাত্রী-দিগের বেশ ধরিয়া পথিক-দিগের সঙ্গে মিশিয়া সুবিধা পাইলেই তাহাদের গলায় ফাঁস লাগাইয়া মারিয়া ফেলিত ও সর্ব্বস্ব অপহরণ করিত ; ২। বিং—খল, দুষ্ট, প্রতারক, যে অসাক্ষাতে নিন্দাকরে।

ঠকণ, বি, অপ্রস্তুত হওন ; ২। প্রতারিত হওন।

ঠকান, বি, অপ্রস্তুত করণ, অপ্রতিভ করণ।

ঠকামি, বি, পরনিন্দা, পরগ্লানি।

ঠক্‌ঠকি, বি, কঠিন ব্যাপার ; ২। বিপদ, দায়, উৎপাত, ঝঞ্ঝাট।

ঠক্কর, বি, আঘাত।

ঠটিয়া, বি, রম্ভা বিশেষ ; ২। বিং—কর্কশ ; ৩। অপ্রীতি-জনক।

ঠঠ, ঠঠঠ, ঠঠং, ঠঠঠং, বি, অনু-করণ শব্দ ; ২। ঠন্‌ঠন্ শব্দ।

ঠন্, ঠন্ঠন্, বি, অব্যক্ত শব্দ ; ২। রিক্ততা বোধক।

ঠন্ঠনি, বি, খর ভাজা দ্রব্য।

ঠমক, বি, হাবভাব ; ২। প্রাগ্-লভ্য ; ৩। ছেনালি ; ৪। বিলাস ব্যঞ্জক ভাব ; যথা,—
"কমলা ঠমকে হাসি, ছড়ান রতনরাশি,
অপাঙ্গ ভ্রুভঙ্গে আহা ফিরে নাহি চাও॥"
(সারদামঙ্গল)

ঠমক্, বি, ছেনালি ; ২। হেলিয়া দুলিয়া গমন।

ঠা, বিং নিশ্চল, স্থির ; ২। বি,—বাদ্যের প্রকার ভেদ।

ঠাওর, ঠাহর, বি, লক্ষ্য, দৃষ্টি।

ঠাওরণ, বি, মনঃসংযোগ পূর্ব্বক নিরীক্ষণ করা ; ২। চিন্তন, স্থিরীকরণ, বিবেচনা।

ঠাই, বি, (স্থান শব্দজ) স্থান ; ২। সমীপ, নিকট ; যথা,—
"উপযুক্ত ভূষণ ভূষিত ঠাঁই ঠাঁই।"
"শুনিয়াছি ঠাকুঝির ঠাঁই।"

ঠাইনাড়া, বি, স্থান পরিবর্ত্তন, স্থানান্তরিত হওন।

ঠাকুর, বি, (ঠক্কুর শব্দজ) দেবতা, দেবপ্রতিমা ; ২। গুরু ; ৩। মান্য ব্যক্তি।

ঠাকুরকোটা, ঠাকুরঘর, বি, দেবগৃহ, দেবালয়।

ঠাকুরজামাই, বি, ননদিনীর স্বামী। [গুরুকন্যা।

ঠাকুরঝি, বি, শ্বশুরকন্যা ; ২।

ঠাকুরুণ, ঠাকুরাণী, বি, দেবী ; ২। গুরুপত্নী ; ৩। ব্রাহ্মণী ; ৪। মান্যাস্ত্রী ; ৫। শাশুড়ী ; যথা—
"আই মা কি লাজ! ঠাকুরাণী কন কি।
প্রবোধে কলিঙ্গারাণী কর্পূর ধলের ঝি।"
(ঘনরাম)

ঠাকুরদাদা, বি, পিতামহ ; পিতৃপিতা ; ২। মাতামহ, মাতৃপিতা।

ঠাকুরপো, বি, (পো—পুত্র শব্দজ) দেবর, দেওর, স্বামীর ছোট ভাই।

ঠাকুরবাড়ী, বি, দেবালয় ; ২। জগন্নাথক্ষেত্র, শ্রীক্ষেত্র।

ঠাকুরমা, বি, পিতামহী, পিতার মাতা।

ঠাকুরাল, বি, প্রভাব ; ২। কর্ত্তৃত্ব।

ঠাকুরালী, বি, কর্ত্তৃত্ব ; ২। উপহাস ; যথা—
ঠাকুরাণী ঠাকুরালী ছাড়, কর ত্রাণ।"

ঠাঙা, বি, যষ্টি, লাঠী।

ঠাট, বি, ভঙ্গি, হাবভাব ; যথা—
"আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে।
এবে বুড়া তবু কিছু গুঁড়া আছে শেষে॥"
(ভারতচন্দ্র)

২। কুপ্রবৃত্তি উত্তেজক অঙ্গভঙ্গী ; ৩। ছলনা, চাতুরী ; ৪। ছাঁচ, কাঠাম ; যথা,—
"কুঁড়ে ঠাট ডুবিল, তাম্বুতে এল বাণ।"
(ভারতচন্দ্র)

৫। সৈন্যশ্রেণী ; যথা,—

"ফিরিল কোটাল ঠাটে নাহিক নিস্তার।"
(কবিরঞ্জন)

ঠাটী, বিং রঙ্গিনী, ঠাটকারিনী।

ঠাট্টা, বি, পরিহাস, বিদ্রুপ, কৌতুক।

ঠাড়মোড়, বিং আড়ষ্ট, শঙ্কিত, ভীত; যথা,—
"রাজারে সংগ্রামে জিনি সহর প্রবেশে।
ঠাড়মোড় হ'ল লোক তরাসে হুতাশে।'
(ঘনরাম)

ঠাণ্ডা, বিং শীতল; ২। শান্ত, সুবোধ।

ঠাণ্ডী, বি, কফ, সর্দ্দি, শ্লেষ্মা।

ঠান, বি, (ঠাম শব্দজ) ভাব, ভাবভঙ্গী; যথা,—
"দেখিয়া আমার ঠান,
এয়োর উড়িবে প্রাণ,
লাজে সবে যাবে পলাইয়া।"
(পদ্মাপুরাণ)

ঠাম, বি, (স্তম্ভ শব্দজ কি?) ভঙ্গী, হাবভাব; ২। সমীপ, নিকট; যথা,—
"আসিল রাধার ঠাম।" (চণ্ডীদাস)
৩। সংস্থান, গঠন; যথা,—
"রোহল ঘট উচল করি ঠাম।"
(বিদ্যাপতি)
৪। স্থান; যথা,—
"ভ্রমর বিকল কতিহু নাহি ঠাম।"
(বিদ্যাপতি)
৫। বিং—মনোহর, সুদৃশ্য।

ঠায়ঠায়, ক্রি বিং, এখানে সেখানে বা স্থানে স্থানে; ২। ধীরে ধীরে; ৩। শ্রেণীবদ্ধভাবে; যথা,—
"পদযায় ঠায়ঠায় অশ্ব হস্তী ছুটিছে।"
(ভারতচন্দ্র)
ঠিক এই অর্থে এবং এই ভাবে উড়িয়া ভাষায় ব্যবহার আছে; ৪। ভূমিকর্ষণকালে কৃষক-দিগের বলদকে উত্তেজিত করণ বাক্য।

ঠার, বি, সঙ্কেত, ইসারা; যথা,—
"চলিতে না পারে, দেখাইয়া ঠারে,
এ বলে উহায় দেখলো সই।"
(ভারতচন্দ্র)

ঠারাঠারি, বি, পরস্পর সঙ্কেত, পরস্পর ইসারা করণ।

ঠারি, ক্রি, দাঁড়াইয়া; যথা,—
"বাঁকিয়া রহিল ঠারি।" (চণ্ডীদাস)

ঠারেঠোরে, ক্রি বিং, ইঙ্গিতে, ইসারায়; যথা,—
"সব কথা ঠারেঠোরে নাহিক প্রকাশ।"
(চৈতন্যভাগবত)

ঠাস, বিং পরস্পর সংলগ্ন, ঘেসাঘেসি।

ঠাসন, বি, মর্দ্দন; ২। সংকীর্ণতা করণ; ৩। গাদন, চাপন।

ঠিক্‌, বি, প্রকৃত সমষ্টি; ২। স্থির লক্ষ্য, স্থির নিশানা; ৩। বশীকরণাদি প্রকরণ; ৪। মন্দ অভিপ্রায়ে চিহ্নকরণ, ঠেক্‌না; ৫। বিং—স্থির, নিশ্চিত, যথার্থ।

ঠিক্‌রী, ঠিক্‌রে, বি, খোলা,

খাপ্‌রা, ক্ষুদ্র বর্ত্তুলাকার মৃত্তিকা ; ২। পিষ্টকবিশেষ।

ঠিকা, বিং দৈনিক বেতন ভোগী —যেমন ঠিকালোক, ঠিকা চাকর ; ২। অল্প সময়ের জন্য অধিকৃত ; যেমন ঠিকা জমি।

ঠিকাদার, বি, যাহারা অল্প সময়ের জন্য কোন কার্য্য সম্পাদনের ভার লয়। (Contractor)।

ঠিকানা, বি, অবধারিত স্থান ; ২। বসতির নিদর্শন ; যথা,—

"কেলেচ মা বিষম ফেরে পাই না
কিন্তু ঠিক ঠিকানা।" (রামপ্রসাদ)

ঠিলি, বি, ক্ষুদ্রকলসী, ছোটঘড়া।

ঠিশমিশ, বি, বিবাদ, কলহ, সামান্য সূত্র অবলম্বনে বিবাদ ; যথা,—

"ঠিশমিশ অহর্নিশ বিমরিষ মন।
লাঞ্ছনা করয়ে রামা সদাসর্ব্বক্ষণ।"
(কৌতুকবিলাস)

ঠুংরি, বি, ক্ষুদ্র রাগে এবং ক্ষুদ্র তালে রচিত সঙ্গীত বিশেষ, অযোধ্যার নবাব ওয়াজিদ আলি লক্ষৌ ঠুংরির আবিষ্কারকর্ত্তা।

ঠুটা, বি, ছিন্নবৃক্ষ ; ২। বিং—মুলা, হস্তহীন।

ঠুকন, ঠোকন, বি, প্রহার করণ, মারা। [আঘাত।

ঠুকরণ, ঠেকরান, বি, চঞ্চুদ্বারা

ঠুন্‌ঠুন্‌, বি, ক্ষুদ্র ঘণ্টাধ্বনি।

ঠুন্‌কা, ঠুন্‌কো, বি, স্ত্রীলোকদিগের স্তনব্রণ বিশেষ। স্তনে অধিক দুধ জমিলে "ঠুন্‌কো" হয় ; ২। বিং—সুখভেদ্য ; ৩। ভঙ্গপ্রবণ, ভঙ্গুর।

ঠুলি, বি, গো অশ্বাদির চক্ষুর আবরণ।

ঠেঁটা, বিং (শঠ শব্দজ কি?) কর্কশভাষী ; ২। শঠ, দুষ্ট ; ৩। বেহায়া ; যথা,—

"ওরে বেটা ঠেঁটা,
এ'া কহে কেটা মোরে।"
(কবিরঞ্জন)

ঠেঁটী, বি, বিধবার পরিধেয় বস্ত্রবিশেষ ; ২। অতি ক্ষুদ্রবস্ত্র ; যথা,—

থেম্‌টির ভাগ্যে মণি মতি,
জোটে নানা জাতি।
পুরুতের ভাগ্যে ঘসা পয়সা
ঠেঁটি পাঁচহাতি॥"
(রঙ্গলাল মুখোপাধ্যায়)

ঠেক, বি, তণ্ডুলাদির আধার বিশেষ ; ২। অবলম্বন, আটক ; ৩। প্রতিবন্ধক, ব্যাঘাত।

ঠেকন, ঠেকা, বি, অবলম্বন, স্পর্শন ; ২। বিপদ, দায়ে পড়ন।

ঠেকান, ক্রি, রক্ষা করা।

ঠেক্‌না, বি, ঠিকানা ; ২। অবলম্বন, ঠেস ; ৩। মন্দ অভিপ্রায়ে চিহ্ন করণ।

ঠেকার, ঠ্যাকার, বি. দর্প, গর্ব্ব, অহঙ্কার ; যথা,—

"ভাগাফলে রান্না সব ভাল হ'ল যার।
ঠ্যাকারেতে মাটিতে পা নাহি পড়ে তার"
(ঈশ্বর গুপ্ত)

ঠেকাল, বিং দুরূহ, কঠিন ; ২। ক্রি,—পাতিত করিল, বিপদে ফেলিল ; যথা,—

"এত দিনে বিপাকে ঠেকালে নারায়ণ।"
(কবিচন্দ্র)

ঠেঙ্গা, ঠেঙা, বি, যষ্টি, লাঠী ; যথা,—

"দোহাতিয়া ঠেঙ্গা পড়ে গৃহের উপর।"
(চৈতন্য ভাগবত)

ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে, বি. যষ্টিদ্বারা প্রহারকারী ; ২। পান্থঘাতক, রথ্যাদস্যু।

ঠেঙ্গান, বি, যষ্টিদ্বারা প্রহারকরণ।

ঠেকামেয়ে, বি, কুলীন ব্রাহ্মণের চিরকুমারী কন্যা।

ঠেট, বিং চলিত, সর্ব্বদা ব্যবহৃত, যেমন ঠেট বাঙ্গালা অর্থাৎ চলিত বাঙ্গালা।

ঠেলন, ঠেলা, বি, হেলন, অমান্য-করণ ; ২। চালান ; ৩। ঠেস, ৪। ধাক্কা।

ঠেকা, বি, অবলম্বন, আশ্রয় ; ২। ক্রি,—সংলগ্ন হওয়া, আঘাত লাগা, ধাক্কা লাগা।

ঠেসন, বি, হেলন, লাগান।

ঠেসান, বি, আশ্রয় করণ ; ২। ভেজান, লগ্ন করিয়া রাখা।

ঠেশাঠেশি, বি, গায় গায় লাগা, পরস্পর আঘাত।

ঠোঁট, বি, (ত্রোটি শব্দজ কি ?) ওষ্ঠ, চঞ্চু। [তুষ্ট

ঠোঁটকাটা, বিং, ধূর্ত্ত, প্রগল্‌ভ্‌, ঠোঁটমুখচাটা, বি, অপ্রতিভ ভাব, লজ্জিত হওন।

ঠোকর, বি, চঞ্চুদ্বারা আঘাত ; উচোট। [করণ।

ঠোকরান, বি, চঞ্চুদ্বারা আঘাত

ঠোক্, বি, আবদার, বায়না।

ঠোকনা, ঠোনা, বি, অঙ্গুলি বক্র করিয়া গণ্ডে আঘাত ; যথা—

"ঠোকনা মেরে জড়মহিলা বারণ্ডায় যান"
(হেমচন্দ্র)

ঠোর, বি, স্থৈর্য্য ; ২। চৈতন্য ; ৩। নিশ্চয়।

ঠোস, ঠোসা, বি, বিস্ফোটক ফোস্কা ; ২। পুঁজ হইয়া ফুলা ; ৩। ঘুন্টি ; ৪। সঙ্কেত।

ঠ্যাঙ্, বি, (হিন্দী টাং) পদ, পা।

ড

ড ;—ত্রয়োদশ হলবর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ডগমগ, বিং সরস, টল্‌টল্, যথা—

"ডগমগ তনু রসের ভরে।
ভারত ইহারে জিজ্ঞাসা করে।"
(ভারতচন্দ্র)

ডগর, বি, ঢক্কা বিশেষ।

ডগা, ডগি, বি, বৃক্ষাগ্র, আগা; ২। আলু বা ইক্ষুর বীজ; ৩। নাসিকার শেষাংশ।

ডগাল, বিং সূচ্যগ্রবিশিষ্ট, সূক্ষ্মাগ্রভাগযুক্ত।

ডগ্‌লা, বি, বংশাদির সূক্ষ্মাগ্রভাগ।

ডঙ্ক, বি, দংশন, কামড়ান; বিং—দষ্ট।

ডঙ্কা, বি, বাদ্য বিশেষ, দুন্দুভি-ধ্বনি জানান দিবার জন্য ইহা বাদিত হয়। টিকারা।

ডম, ডোম, বি, জাতিবিশেষ, ডোমজাতি।

ডম্ফ, বি, খঞ্জনীর আকার এক প্রকার বাদ্যবিশেষ; ২। বংশী-বিশেষ।

ডর, বি, (হিন্দী) শঙ্কা, ভয়; যথা,—

"উত্তুঙ্গ তরঙ্গ বেগে অঙ্গ কাঁপে ডরে।"

ডরান, বি, ত্রাসান্বিত হওন, ভীত হওন।

ডরি, বি, (হিন্দী) রজ্জু, দড়ি।

ডলন, বি, মর্দ্দন; ২। পেষণ।

ডল্‌না, বি, পেষণযন্ত্র, নোড়া।

ডব্‌কা, বিং অপরিণত বয়স্ক, অপরিপক্ক।

ডহর, বি, (গহ্বর শব্দজ কি?) অতিশয় নিম্নস্থান; ২। জলা-ভূমি; যথা,—

"খানা নদী খাল বিল ডহর কিবা ডাঙ্গা।
ষোল ক্রোশ কত সেতু স্রোতে গেছে ভাঙ্গা।" (ঘনরাম)

৩। নৌকার খোল; ৪। বিং—গভীর।

ডহরকরমচা, বৃক্ষবিশেষ, ফল-বিশেষ।

ডহরা, বিং গভীর, অতলস্পর্শ।

ডহা, বি, কাঁদিয়া স্বরবদ্ধ হওয়া; ২। বর্ষা, বর্ষণ; যথা,—

"যত ডাকে, তত ডহে না।" (প্রবাদ)

ডহুয়া, বি, বৃক্ষবিশেষ, মান্দার বৃক্ষ; ২। পিপীলিকাবিশেষ, ডেয়ে পিঁপড়া।

ডাইন, বি, (দক্ষিণ শব্দজ) দক্ষিণ; ২। ডাকিনী।

ডাইনী, বি, (ডাকিনী শব্দজ) কুহকিনী।

ডাং, বি, দণ্ড; ২। স্তূপ।

ডাঁট, বিং অপক্ক, কঠিন।

ডাঁটা, বি, কাণ্ড; ২। বোঁটা; ৩। শাকবিশেষ।

ডাঁটাল, বিং ডাঁটাযুক্ত, শক্ত।

ডাঁড়, দাঁড়, বি, (দণ্ড শব্দজ) নৌকাবাহন দণ্ড, বটিয়া; ২। পক্ষী উপবেশন দণ্ড।

ডাঁড়কাক, দাঁড়কাক, বি, (দ্রোণ-কাক শব্দজ) কৃষ্ণবর্ণ কাক।

ডাঁড়া, দাঁড়া, বি, (দণ্ড শব্দজ) মেরুদণ্ড, পিঠের শিরদাঁড়া;

২। রীতি, চরিত্র, ধারা; ৩। ক্ষুদ্র কাষ্ঠদণ্ড; ৪। দণ্ডায়মান।

ডাঁড়ান, দাঁড়ান, বি, দণ্ডায়মান হওন।

ডাঁড়্কা, বি, নিগড়, লৌহশৃঙ্খল, বেড়ী; ২। পদাভরণবিশেষ।

ডাঁড়োশ, বি, সর্পবিশেষ, দাঁড়োশ সর্প।

ডাঁশ, বি, (দংশ শব্দজ) মশক বিশেষ, দংশমক্ষিকা।

ডাঁশা, বিং অপূর্ণপক্ক; ২। বি,—নাগদন্ত; বংশদণ্ড বিশেষ।

ডাক, বি, আহ্বান, হাঁকা; ২। পত্রাদি শীঘ্র প্রেরণ উপায়; ৩। শব্দ, চীৎকার; ৪। পক্ষীবিশেষ, ডাকপাখী; ৫। ডাকপুরুষ। অস্মদ্দেশে খনার বচনের ন্যায় আর এক শ্রেণীর শ্লোক সাধারণে, প্রচলিত দৃষ্ট হয়। ইহাকে "ডাকের কথা" বা ডাক পুরুষের কথা বলে। এই সকল শ্লোকের ভণিতায় "ডাক" শব্দের ব্যবহার ও কুত্রাপি "ফুট ভাষে ডাক গোয়ালা" প্রভৃতি জাতিনির্ণায়ক চরণ ভিন্ন অন্য উপায়ে করিব উদ্দেশ বা জীবনী লাভের কোন সম্ভাবনা নাই। যাহা হউক, গোপ কবি যে, একজন অসাধারণ ধীশক্তিসম্পন্ন সুনিপুণ প্রধান সংসারী ছিলেন ও জ্যোতিঃশাস্ত্রেও কিছু কিছু অধিকার ছিল, তাহা তাঁহার বচন হইতেই বুঝা যায়; ৬। মৌখিক প্রশ্ন।

ডাকঘর, বি, পত্রাদি প্রেরণের দপ্তর খানা, (Post office)।

ডাকন, বি, আহ্বান করণ, হাঁকন।

ডাকসংক্রান্তি, বি, যে সংক্রান্তিতে কার্ত্তিক মাসের সংক্রমণ হয়, আশ্বিন মাসের শেষ দিন।

ডাকা, বি, ডাকাইত, দস্যু; ২। ক্রি,—আহ্বান করা।

ডাকাইত, বি, প্রকাশ্যচোর, বলপূর্ব্বক অপহরণ কর্ত্তা।

ডাকাইতি, বি, দস্যুবৃত্তি, বলপূর্ব্বক তস্করতা।

ডাকাবুকা, বিং ডাকাইতের ন্যায় সাহসী, অতিশয় সাহসী।

ডাকিনী, বি, কালিকা গণবিশেষ; ২। ডাইনী, কুহকিনী।

ডাগর, বিং বৃহৎ, বড়; যথা,—

"উদর ডাগর, আহারে রগড়,
পাত পিলে করে বাসা॥"

ডাঙ্গ, ডাং, বি, কাটি; ২। স্তূপ।

ডাঙ্গশ, বি, অঙ্কুশ, হস্তীচালন দণ্ড।

ডাঙ্গর, বিং (হিন্দী) হৃষ্টপুষ্ট; মূর্খ।

ডাঙ্গা, ড্যাঙ্গা, বি, নির্জ্জল স্থান, উচ্চ স্থান; ২। বিক্রমপুর অঞ্চলে অনেক পুষ্করিণী মাছ

পোষনের জন্ত নির্দ্দিষ্ট আছে, সেগুলিকে প্রাদেশিক ভাষায় ড্যাঙ্গা বলে।

ডাঙ্গাহামরাই, বিং অকর্ম্মা, যাহারা কার্য্যকালে উপকারে আসে না।

ডাণ্ডি, বিং তাঁতের অঙ্গবিশেষ, বাখারির তৈয়ারি, ইহা দ্বারা পাড়ের ছক হয়। [কণ্টক।

ডাড়, দাড়, বি, দন্ত, হুল, নখ,

ডাড়া, দাড়া, বি, কর্কটাদির পদ, কাঁকড়ার পা, হুল; ২। পয়-নালা।

ডাড়াল, দাড়াল, বিং করাতের ন্যায় দন্তবিশিষ্ট, কণ্টকান্বিত।

ডাণ্ডা, দাণ্ডা, বি, (দণ্ড শব্দজ) ক্রীড়ার্থ দণ্ডবিশেষ; ২। ভিত্তির উপর প্রোথিত ক্ষুদ্র দণ্ড; ৩। স্তম্ভ।

ডাণ্ডাখাণ্ডা, বিং পতিপুত্রবিহীনা।

ডাণ্ডী, বি, যষ্টি; ২। স্তম্ভ, থাম, খুঁটী; ৩। নৌকার দণ্ড বাহক; ৪। পার্ব্বতীয় যান-বিশেষ।

ডান্, ডানি, বি, দক্ষিণ; ডাকিনী।

ডান্কুনি, বি, (সংস্কৃত দণ্ডিক শব্দজ) মৎস্যবিশেষ।

ডানা, বি, পক্ষ, পাখা।

ডানপিটে, ডাংপিটে, বিং অসম-সাহসী, গোঁয়ার।

ডাপুরী, বি, (দর্প শব্দজ) দর্প, ঔদ্ধত্য।

ডাব, বি, কোমল নারিকেল, নেওয়াপাতি নারিকেল।

ডাবর, বি, (হিন্দী) যাহাতে জল থাকে এরূপ বড় পাত্র। যাহাতে পান ও তাহা ভিজাই-বার জল থাকে, সেই ধাতু-পাত্রকে ডাবর কহে; ২। নিষ্ঠীবন পাত্র।

ডাবরী, ডাবু, বি, ক্ষুদ্র কলসী।

ডাবা, বি, মৃণ্ময়পাত্র বিশেষ, গাম্লা; ২। থেলো হুঁকা, যথা,—

"সম্বল কলসীকাণা ডাবর বৈঠক।
পাকাটীর নল মুখে কাশে খক্ খক্॥"
(কৌতুকবিলাস)

ডামর, বি, (হিন্দী) সর্জ্জরস, ধুনা; ২। উল্কা, মশাল; ৩। ক্ষুদ্র উকুন।

ডামাডোল, ডাম্বাডোল, বি, কো-লাহল, বহুজনতার শব্দ; যথা,—

"দেশে বড় ডামাডোল উঠেছে এই রোল"
(ঈশ্বরগুপ্ত)

২। বিষম ব্যাপার।

ডাম্বেল, বি, (ইং Dumble) লৌহনির্ম্মিত উভয় মুখ মোটা মধ্যভাগ সরু মুদ্গরবিশেষ।

ডারা, ক্রি, (হিন্দী) নিক্ষেপকরা যথা,—

"আমারে ডারিয়া দিল। (চণ্ডীদাস)

ডাল্, বি, (দল শব্দজ কি ?) বৃক্ষশাখা ; ২। ডাইল (Pulse)।

ডালকুত্তা, বি, বিলাতী কুকুর বিশেষ, (Bull dog)।

ডালচিনি, বি, বৃক্ষের মিষ্টত্বক্ বিশেষ, দারুচিনি।

ডালন, বি, কর্ত্তন, ছাটন ; ২। শাখাচ্ছেদন।

ডালপালা, বি, শাখাপ্রশাখা ; ২। অতি রঞ্জিত বর্ণনা।

ডাল্না, বি, ব্যঞ্জন বিশেষ।

ডালা, বি, (ডল্লক শব্দজ) বংশ-নির্ম্মিত পাত্র বিশেষ।

ডালি, বি, উপঢৌকন, ভেট ; ২। বংশ নির্ম্মিত ক্ষুদ্র পাত্র বিশেষ, ডালা ; ৩। ডাইল, দাল ; ৪। নৌকার নিম্নদিক অপেক্ষা উপরের স্থূল এরূপ গঠনের যে তক্তা বসাইয়া তক্তা বসানর কার্য্য শেষ করা হয়, তাহার নাম ডালি।

ডাহিনা, বি, বাদ্যযন্ত্র বিশেষ, দক্ষিণক যন্ত্র, তবলা।

ডিংলা, বি, বিলাতী কুমড়া।

ডিঙ্গল, বি, উল্লঙ্ঘন, লাফান ; ২। অতিক্রম।

ডিঙ্গল, বিং (দীঘল শব্দজ) দীর্ঘ, লম্বা। [নৌকা।

ডিঙ্গা, ডিঙ্গি, বি, তরণী, ক্ষুদ্র

ডিবা, বি, তাম্বুলাধার, পান রাখিবার পাত্র ; ২। কৌটা ; ৩। আলোকাধার।

ডিম, বি, (ডিম্ব শব্দজ) অণ্ড, ডিম্ব ; ২। পায়ের অংশ বিশেষ, হাঁটুর নিম্নে পায়ের পিছনের মাংসল অংশ।

ডিমেরোগা, ডিমেমরা, বিং অপক্কাবস্থায় স্ফুটিত ; ২। কৃশ ; ৩। চিররোগী।

ডিস্‌মিস্, বি, (ইং Dismiss শব্দজ) বাতিল, অগ্রাহ্য।

ডিহি, বি, (পারশী) কতিপয় গ্রামের সমষ্টি। কয়েকটি মৌজে লইয়া একটী ডিহি হয়।

ডিহিদার, বি, (পারশী) ৫।৭ খানি গ্রামের অধিকারী।

ডুকরণ, বি, মনস্তাপপূর্ব্বক ক্রন্দন, অত্যন্ত খেদজনক ক্রন্দন, ফুলিয়া ফুলিয়া কাঁদার পরে উচ্চ ক্রন্দন ; যথা.—

"ডুকরিয়া কান্দি ভরে বান্ধা দুটী হাত।"
(কবিরঞ্জন)

ডুকীলোহা,—কোটশালে যে লোহা প্রস্তুত হয়। প্রাদেশিক ভাষায় তাহার নাম ডুকী-লোহা। সে কালের ডুকী-লোহা একালের ডুকীলোহা অপেক্ষা অনেকাংশে উৎকৃষ্ট ছিল।

ডুডুডুগী, ডুব্‌ডুবী, বি, বাদ্যযন্ত্র বিশেষ। ইহা হিন্দুদিগের একটি প্রাচীন ও ক্ষুদ্র আনন্দ যন্ত্র। সাপুড়িয়ারা ইহা ব্যবহার করে। এতদ্ভিন্ন ভল্লুক ও বানর ক্রীড়কেরা এবং ফেরিওয়ালারা ইহা বাজাইয়া থাকে। ইহার দুই মুখে চর্ম্মাচ্ছাদনযুক্ত, মধ্যভাগ সঙ্কীর্ণ, দুইটী রজ্জুতে দুইটী সীসকগুটিকা তথায় বাঁধা থাকে। ইহা মহাদেবের একটী প্রিয় যন্ত্র; ২। ডমরু।

ডুড়ুম, বি, বাজনার শব্দ।

ডুব, বি, জলে নিমগ্ন হওন; ২। অবগাহন।

ডুবন, বি, নিমজ্জন, বুড়ন।

ডুবরী, ডুবারী, ডুবারু, বি, নিমজ্জনকারী ব্যক্তি, যে অধিক ক্ষণ জলে ডুবিয়া থাকিতে পারে।

ডুব্‌কী, বি, বাদ্য যন্ত্র বিশেষ, ডুগী, বামা যন্ত্র।

ডুমা, ডুমো, বি, স্থূল ক্ষুদ্র খণ্ড, মোটা টুকরা।

ডুমুর, বি, (উড়ুম্বর শব্দজ) উড়ুম্বর বৃক্ষ, ডুম্বর, যজ্ঞডুমুর ও কাকডুমুর ভেদে ডুমুর দ্বিবিধ।

ডুরী, বি, রজ্জু, দড়ি, গুণ; যথা,—

"প্রসাদ বলে ব্রহ্মময়ী, কর্ম্ম ডুরী দেমা কেটে।" (রামপ্রসাদ)

২। ছাড় পত্র (Pass port)।

ডুলী, বি, শিবিকা, পাল্‌কী।

ডুবডুবু, বিং নিমগ্ন প্রায়, ডুবিবার মত হওয়া। |২। সর্ব্বস্বান্ত।

ডেঁড়েমুষে, বিং অতিশয় শোষিত;

ডেঁফল, বিং ড্যাপওয়ালা।

ডেওঢাকনা, বি, আচ্ছাদন পাত্র, সরপোস।

ডেক্‌রা, ডোকরা, ডেগরা, বিং (ডিঙ্গর শব্দজ কি?) ধূর্ত্ত, শঠ, অধম, প্রতারক; যথা,—

"কোথা হ'তে বুড়া এক ডোক্‌রা বামন।
প্রণাম করিল মোরে একি অলক্ষণ!"
(ভারতচন্দ্র)

ডেক, ডেগ, বি, (ইং Deck) বৃহৎ পাত্র বিশেষ।

ডেঙ্গর, বি, কেশকীট, উকুন ছানা; ২। পূর্ব্ববঙ্গের গোলাম কায়স্থ।

ডেঙ্গুয়া, বি, রণ্ডাশ্রমী, স্ত্রীপুত্রাদি বিহীন ব্যক্তি; ২। শাক বিশেষ; ৩। পীড়া বিশেষ।

ডেড়, ডেড়া, দেড়, বিং অর্দ্ধাধিক এক।

ডেড়ী, বি, দরিদ্রতা; ২। বিপদ, অমঙ্গল; যথা,—

"খড়ি পাতি বলে পুড়ি,
যে কিছু বাড়ীর ডেড়ী,
খড়ি পাতি বুঝিনু বিস্তর।"
(কবিকঙ্কন)

৩। দেড়া, দেড়গুণ; ৪। অবজ্ঞা, লঙ্ঘন।

ডেনা, ডানা, বি, (নভোগমনার্থ ডী ধাতুজ) পক্ষ, পাখা।

ডেম, বি, কলাগাছের গোড়ার ছোট চারা, তেড়।

ডেরা, বি, কিছু দিনের জন্য কোন স্থানে বাস করা; ২। বস্ত্রগৃহ, তাম্বু; যথা,—

"দাঁতন এড়ায়ে জলেশ্বর ডেড়া পড়ে।"
(ভারতচন্দ্র)

ডেলা, বি, লোষ্ট্র, ঢিল।

ডেলো, বি, বৃক্ষ বিশেষ, মান্দার।

ডেল্‌কো, ডেলুকা, বি, (দীপ-রক্ষক হইতে দের্‌কো, সম্ভবতঃ তাহার অপভ্রংশে ডেল্‌কো হইয়াছে) প্রদীপাধার।

ডেহুয়া, বি, বৃহৎ পিপীলিকা, ডেয়ে পিপড়া।

ডোক্‌রা, বি, স্ত্রীলোকের গালি বিশেষ; ২। লক্ষীছাড়া।

ডোক্‌রান, বি, ভয় পাইয়া বা অত্যন্ত খেদে, অস্ফুট স্বরে রোদন; ২। দুগ্ধপোষ্য বালকের উচ্চহাস্য।

ডোকলা, বিং উদরম্ভরি, পেটুক; ২। অপব্যয়ী, যাহার খরচের কোন স্থিরতা বা শৃঙ্খলা নাই।

ডোঙ্গা, বি, (দ্রোণী শব্দজ) তালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র তরী, শাল্‌তি।

ডোমচিল, বি, পক্ষী বিশেষ, কৃষ্ণবর্ণ চিল; যথা,—

"যাত্রার সময় ডোমচিল উড়ে মাথে।
কাঠুরিয়া কাষ্ঠভার লয়ে যায় পথে॥"
(কবিকঙ্কন)

ডোম্‌না, বি, (যাং) গ্রাম্য সঙ্গীত বিশেষ।

ডোম্‌নী, বি, ডোম পত্নী।

ডোর, বি, হস্তাদির বন্ধন সূত্র, সুতা; ২। রজ্জু, দড়ি; ৩। বৈষ্ণবদিগের বহির্ব্বাস।

ডোরা, বি, রেখা, চিহ্ন; ২। ভিন্ন ভিন্ন বর্ণের অঙ্কন, নানা বর্ণে চিহ্নিত করা।

ডোল, বি, ধান্যাদির রক্ষণ পাত্র, নলাদি নির্ম্মিত পাত্র বিশেষ; ২। জাহাজের মাস্তল; ৩। আকার, গঠন; ৪। লোমাঞ্চ।

ডোলা, বি, (প্রা) শিবিকা।

ডোলী, ডুলী, বি, (দোলনার্থ দুল ধাতুজ) ক্ষুদ্র শিবিকা, যান বিশেষ।

ডোব, ডোবা, বি, ক্ষুদ্র জলাশয়; ২। গর্ত্ত; ৩। ক্রি,—জলমগ্ন হওয়া।

ডোরে, বি, রম্ভা বিশেষ, ইহার কলায় বীচি আছে এজন্য মোচা ব্যবহার্য্য।

ডৌল, বি, (হিন্দী) প্রকার, রকম, রূপ, ঢপ, মূর্ত্তি।

ড্যাংড্যাং, বি, সোরগোল ; ২। আনন্দোৎসব।

ঢ।

ঢ ;—চতুর্দ্দশ হলবর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ঢক্, বি, পরিমাপক বস্তু, বাট্‌খারা ; ২। গলাধঃকরণ শব্দ।

ঢক্‌ঢক্, বি, শ্লথরূপে স্থাপিত বস্তুর অব্যক্ত শব্দ বিশেষ।

ঢকাং, বি, গিরণধ্বনি, গিলন শব্দ।

ঢগণ, বি, ত্রৈমাসিক প্রস্তাব বিশেষ।

ঢঙ্গ, ঢং, বিং খল, শঠ, প্রতারক ; যথা,—

"সাধু নহিস ঢঙ্গ বেটা মিথ্যা তোর ভরা।
প্রবেশিয়া রাজপুরে ডাকা দিস পারা॥"
(কবিকঙ্কন)

২। বি,—শঠবেশ ; ৩। ধাতুপাত্রের শব্দ।

ঢন্‌ঢন্, বিং শূন্য, খালি।

ঢনা, বিং কৃশ, শুষ্ক, ম্লান ; ২। বি,—গবাদির রোগ বিশেষ।

ঢপ্, বি, মূর্ত্তি, ধারা, আকার, চলন ; ২। কীর্ত্তনাঙ্গ।

ঢল্, বি, পর্ব্বতাদি হইতে নির্গত জল ; ২। নিম্নস্থল ; ৩। বিং—শ্লথ, আলুগা।

ঢলন, বি, ম্লান হওন, শুষ্ক হওন ; ২। গড়ান, ঢ'লে পড়া ; ৩। অবসন্নতা, হেলন ; ৪। অস্তগমন।

ঢলাঢলি, বি, ঘৃণাস্পদ কার্য্য।

ঢলান, বি, নিন্দিত কর্ম্ম প্রকাশ, কুকর্ম্ম প্রচার।

ঢলানী, বি, স্বৈরিণী, বেশ্যা।

ঢল্‌ঢলিয়া বিং শিথিল ; ২। উজ্জ্বল, কোমল।

ঢল্‌তা, বি, কোন দ্রব্যের চলিত ওজনের উপর বৃদ্ধি।

ঢসন, বি, নিঃসরণ ; ২। ভগ্ন হওন, গলন, পতন, ভাঙ্গিয়া পড়া।

ঢাক, বি, (ঢক্কা শব্দজ) পটহ, বৃহদাকার বাদ্য যন্ত্র।

ঢাকঢাক গুড়্‌গুড়,—কোন বিনয়ের লুকাচুরি, গোপন ভাব, যেমন আমার কাছে এত ঢাকঢাক গুড়্‌গুড় নাই, আমার স্পষ্ট কথা।

ঢাকন, বি, আচ্ছাদন, গোপন।

ঢাকস্মুর, বি, (সংস্কৃত ধৃষ্টতা শব্দজ কি ?) ধৃষ্টতা প্রকাশ, ধাষ্টমো।

ঢাক্‌না, ঢাক্‌নী, বি, আচ্ছাদন পাত্র, সরপোষ।

ঢাকা, বি, প্রদেশ বিশেষ, ঢাকা সহর ; ২। বিং—আবৃত,

আচ্ছাদিত ; ৩। ক্রি,—আবৃত করা।

ঢাকী, বি, ঢক্কা বাদক, ঢাক বাজনীয়া। [ক্লেশ।

ঢাণ্ডা, বি, লোক সমূহ ; ২।

ঢাঙ্গাতি, বিং ধূর্ত্ত, শঠ, চতুর, প্রতারক ; যথা,—

"ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটীর জাতি।
ঢোল ঢঙ্গা নাহি করি পরের যুবতী॥"
(কবিকঙ্কণ)

ঢাল্, বি, চর্ম্ম নির্ম্মিত ফলক ; ২। নিম্ন স্থান ; ৩। গুচ্ছ, গোছা ; ৪। বিং—গড়ানিয়া।

ঢালন, বি, অধঃক্ষেপন, নামাইয়া ফেলা।

ঢালনী, বি, স্বর্ণকারের স্বর্ণ রৌপ্য গলাইয়া ঢালিবার পাত্র বিশেষ।

ঢালাইখানা, বি, যে খানে ধাতু গলাইয়া দ্রব্যাদি প্রস্তুত হয়। (Foundry)।

ঢালাও, বিং অপর্য্যাপ্ত, প্রচুর।

ঢালী, বিং ঢাল বিশিষ্ট, ঢালধারী।

ঢালু, বিং নিম্ন, গড়ানিয়া।

ঢিট্‌পনা, বি, নির্লজ্জ ভাব, বেহায়ামি ; যথা,—

"মুখে মুখে কহে কথা অমৃতের কণা।
কখন না দেখি আমি হেন ঢিটপণা॥"
(কবিকঙ্কণ)

ঢিঢি, বিং প্রচারিত, পরিজ্ঞাত, যেমন দীনবন্ধু বাবুর নাম বাঙ্গালার সর্ব্বত্র ঢিঢি হইয়াছিল ; ২। বিং—প্রশংসা।

ঢিপন, ঢিপনী, বি, মুষ্ট্যাঘাত ; ২। প্রহার করণ।

ঢিপী, ঢিবী, বি, উচ্চস্থান স্তূপ, রাশি।

ঢিপেশোকা, বিং চিররোগী।

ঢিমা, বিং মৃদু, নম্র, ক্ষীণ, কৃশ।

ঢিমাতেতালা, বি, বাদ্যভেদ, বাজনার প্রকার ভেদ।

ঢিল্, বি, লোষ্ট্র, ডেলা ; ২। বিং—শিথিল, আল্‌গা।

ঢিলা, বিং আলগা ; ২। বি,—লোষ্ট্র, ডেলা। [মারা।

ঢিলান, বি, ডেলা মারণ, ঢিল

ঢু, বি, মেষাদি পশুগণের পরস্পর মস্তকাঘাত, ঢুষ।

ঢুকন, বি, অন্তঃপ্রবেশন, ভিতরে যাওয়া।

ঢুঢু, বি, শূন্যতাজ্ঞাপক ; ২। মেষাদির মস্তকাঘাতের জন্য পুনঃ পুনঃ বাক্য প্রয়োগ।

ঢুণ্ঢুভ, বি, ঢোঁড়া সাপ।

ঢুলন, বি, নিদ্রায় আকৃষ্ট হওয়া, ঝিমান।

ঢুলান, বি, দোলান, নড়ান, হেলান ; ২। ব্যজন।

ঢুলী, ঢোলী, বি, ঢোল বাদক।

ঢুষণ, বি, শৃঙ্গাদি দ্বারা আঘাত করণ।

ঢুষণা, বিং অলস, অকর্ম্মণ্য; ২। অপরিষ্কৃত।

ঢেউ, বি, জলতরঙ্গ।

ঢেঁকী, বি, তণ্ডুলাদি কণ্ডনের যন্ত্র, ধান্য হইতে চাউল প্রস্তুতের যন্ত্র; ২। বিং—নিরেট মূর্খ।

ঢেঁটা, বিং (ধূর্ত্ত শব্দজ কি?) শঠ, দুষ্ট, খল।

ঢেঁটামি, বি, খলতা, ঠেঁটামি।

ঢেঁড়রা, বি, ঢক্কাবাদনপূর্ব্বক ঘোষণা।

ঢেঁড়স, ঢেঁড়ো, বি, একজাতীয় বৃক্ষ ও ফল। মার্কিনদেশীয় বৃক্ষ এক্ষণে এ দেশে রোপিত হইয়াছে। ইহাতে যথেষ্ট পরিমাণে এক প্রকার পিচ্ছিল পদার্থ আছে। অন্য নাম রামতরুই।

ঢেঁড়া, বি, ঘোষণা, প্রচার বাক্যবিশেষ।

ঢেঁড়ী, বি, পোস্ত ফল; ২। কর্ণাভরণবিশেষ; ৩। বাদ্যযন্ত্রবিশেষ।

ঢেঁশা, বি, আঘাত, ধাক্কা; ২। বিদ্রূপ; ৩। উদ্দেশ, দোষসূচক দৃষ্টান্ত।

ঢেঁশ্‌কেল, ঢেঁকশেল, বি, (ঢেঁকিশালা শব্দজ) ঢেঁকিশালা, যে স্থানে ঢেঁকি পাতা থাকে।

ঢেকা, বি, (ধাক্কা শব্দজ) ধাক্কা, ঠেলা।

ঢেকান, বি, ধাক্কা মারণ, ঠেলন।

ঢেকুর, বি, উদ্গার; ২। হিক্কা।

ঢেঙ্গা, ঢেঙা, বিং দীর্ঘ, লম্বা।

ঢেমন, ঢেম্‌না, বি, ভ্রষ্ট, লম্পট; ২। জারজ, বিজন্মা; ৩। সর্পবিশেষ; ৪। নায়ক নায়িকার সংঘটনকারক, কোট্‌না।

ঢেম্‌নী, বি, উপপত্নী।

ঢের, বিং যথেষ্ট, অনেক; যথা,—
"সেথা ঢের আছে তোর রাঙ্গা ছেলে।"
(ঈশ্বরগুপ্ত)

ঢেরা, বি, সূত্র নির্ম্মাণের যন্ত্র, পাট কাটিবার যন্ত্র, ইহার আকার এইরূপ "×"।

ঢেরাসহি—নিরক্ষরের দস্তখতের চিহ্নবিশেষ, লিখিতে জানে না, এরূপ ব্যক্তিরা দলিলাদির উপর নিজহস্তে যে ঢেরার × চিহ্ন দেয়।

ঢেলা, বি, লোষ্ট্র, ঢিল।

ঢোঁড়ন, বি, অন্বেষণ, অনুসন্ধান।

ঢোঁড়া, বি, সর্পবিশেষ, জলসর্প, ঢোঁড়াসাপ।

ঢোক, বি, গলাধঃকরণ, গিলন, গলদেশের নীচে নামা।

ঢোকন, বি, অন্তঃপ্রবেশন, ভিতরে প্রবেশ করণ।

ঢোনামারা, বি, রোগবিশেষ, ধান গমাদির রোগবিশেষ।

ঢোল, ঢোলক, বি, বাদ্যযন্ত্রবিশেষ ঢোলের অনুকৃত যন্ত্রবিশেষ। ইহা কাষ্ঠকোষের উভয়মুখে চর্ম্মাচ্ছাদন করিয়া নির্ম্মিত হয়।

ঢোলাই, বি, বহন, বহন করা।

ঢোলকান, বি, ক্ষুদ্র মৃগজাতীয় পশু। [কাঁপান।

ঢোলান, বি, দোলান, নড়ান,

ঢোলকী, বি, ছোট ঢোল।

ঢোসা, বি, শৃঙ্গাঘাত; ২। বিং— অকর্ম্মণ্য, স্থূল।

ণ

ণ:—পঞ্চদশ হলবর্ণ: উচ্চারণ স্থান মূর্দ্ধা।

ত

ত:—ষোড়শ হলবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।

ত—প্রশ্নবোধক: যথা,—ছেলেটী ভাল আছে ত?

তকিত, তাগিত, বি, (যাং) অন্বেষণ, তত্ত্ব।

তক্‌, অং, পর্য্যন্ত, অবধি।

তক্‌মিনা, (পারশী) যে কাগজে খাস খামারের উৎপন্ন ফসল প্রভৃতির বিষয় লিখিত হয়, তাহার নাম তকমিনা।

তক্‌রার, বি, (যাং) পুনরুক্তি; ২। বাদানুবাদ, বাক্‌কলহ; যথা,—

"কেটে ফেলে ঝাট যদি দেখে তকরার।"
(ভারতচন্দ্র)

তক্কা, তোয়াক্কা, বি, অধীনতা, সাপেক্ষতা।

তক্ত, তখ্‌তা, বি, (পারশী তখৎ শব্দ, উর্দ্দুতে তখ্‌তা অর্থে "তা" যেমন এক তখ্‌তা কাগজ) সিংহাসন; যথা,—

"পাতসা বসিল গিয়া তক্তের উপর।"
(ভারতচন্দ্র)

২। কাষ্ঠফলক, বিশেষ দীর্ঘ প্রস্থান্বিত কাষ্ঠফলক।

তক্তানামা, বি, কাষ্ঠদ্বারা প্রস্তুত বৃহৎ আসনবিশেষ। বিবাহাদি কার্য্যে আরোহণার্থ ব্যবহৃত হয়।

তক্তি, বি, বিশেষ দীর্ঘপ্রস্থবিশিষ্ট লিখনাধার; ২। খাদ্যদ্রব্যবিশেষ; ৩। কণ্ঠাভরণবিশেষ।

তখন, ক্রি বিং (তৎক্ষণ শব্দজ) সেই কালে, সেই ক্ষণে।

তখরচ, বি, বাজে খরচ, নির্দ্দিষ্ট খরচ ব্যতীত অন্যান্য খরচ।

তখ্‌ত, বি, (পারশী তখৎ) সিংহাসন, রাজাসন।

তখ্‌তাপোষ, বি, (পারশী তখৎপোষ, পারশী পাষিদন ধাতুজ, অর্থ আবরণ ও পরিধান)

বৃহৎ কাষ্ঠশয্যাবিশেষ। যে জিনিসটা তথ্‌তা দ্বারা ঢাকা, তাহা হইতে বাঙ্গালায় কাষ্ঠ-শয্যা হইয়াছে। হিন্দুস্থানে যাহা দ্বারা তথ্‌তা ঢাকা যায়।

তথ্‌মা, বি, (পারশী) সুখ্যাতির নিদর্শনপত্র; ২। সুবর্ণ পদক।

তগর, বি, পাদুকা; ২। ওষধি-লতাবিশেষ; ৩। তামাকু।

তগাবি, বি, (যাং) জমির উন্নতি করিবার উদ্দেশে জমিদার বা গবর্ণমেণ্ট প্রজাদিগকে যে কর্জ্জ দেন।

তগীর, বি, (আরবী—তগৈয়র শব্দজ) পরিবর্ত্তন, বদল।

তঙ্কা, বি, (টঙ্কা শব্দজ) রৌপ্য-মুদ্রা, টাকা।

তচ্ছম, বি, (তৎ—শম) শান্তি, নিবৃত্তি, উপশম।

তচনচ, তছনছ, বি, (উর্দ্দু তহস্‌নহস্‌ অর্থ নষ্ট) নষ্ট, চূরমার।

তছরূপ, বি, (পারশী) নষ্ট, ক্ষতি, অপচয়।

তছু, সর্ব্বং, (তদ্‌ শব্দজাত) তাঁহার; যথা,—

"বৃন্দাবন দাস তছু পদযুগে গান।"
(চৈতন্য ভাগবত)

তজ্‌বীজ, বি, (যাং) পরীক্ষা, অনুসন্ধান; ২। বিচার।

তঞ্চ, বি, প্রবঞ্চনা, প্রতারণা; যথা,—

"জাতি প্রাণ হেতু লোকে তঞ্চ করে নানা।"

তঞ্চক, বিং (বঞ্চক শব্দজ) প্রবঞ্চক, প্রতারক।

তঞ্জিব, বি, ঢাকা জেলার এক প্রকার উৎকৃষ্ট বস্ত্র বিশেষ। প্রাচীন সুবর্ণগ্রাম এক কালে মসলেন ও তঞ্জিব জন্য ইউরোপ খণ্ডেও খ্যাতি লাভ করিয়াছিল।

তটস্থ, বিং ব্যস্ত; ২; তীরস্থ।

তড়, বি, কিনারা, তীর; যথা,—

"নায়ে হইতে নেমে তড়ে,
ফকিরের পায়ে পড়ে।" (রামেশ্বর)

২। ক্রি বিং—সত্বর, দ্রুত।

তড়কা, বি, ধনুষ্টঙ্কার রোগ। ইহা শিশুদিগের পক্ষে একটী ভয়ানক রোগ।

তড়্‌তড়্‌, তড়্‌বড়, বি, অব্যক্ত শব্দ; ২। ক্রি বিং—শীঘ্র শীঘ্র; ৩। অস্থির।

তড়্‌পন, বি, আস্ফালন; ২। [উল্লম্ফন।

তড়্‌পা, বি, আটি; ২। মুষ্টি প্রমাণ ধান গাছ।

তড়া, বি, কূল, তীর।

তড়াক্, বি, লম্ফ প্রদান।

তত, বি, (তন্ত্র শব্দজ) তারাদি দ্বারা যে সকল যন্ত্র বাদিত হয়, তাহাদের নাম তত;

যেমন বীণা, সারঙ্গী, তাম্বুরা। ২। বিং—তৎপরিমিত।

তল্লা, তল্লাবাস, বি, উদ্দেশ, অনুসন্ধান।

তল্লারিয়া, বিং চতুর ; ২। চঞ্চল।

তৎপর, বিং ব্যগ্র, সচেষ্ট ; ২। যত্নবান।

তথা, তথায়, তথি,—সেই স্থানে সেখানে।

তদন্ত, বি, অনুসন্ধান ; ২। স্বরূপ নিরূপণ, যাথার্থ্য নির্ণয়।

তদারক, বি, তত্ত্বাবধারণ, তদন্ত।

তদ্‌বীর, বি, (পারশী) উপায়, প্রতীকার, চেষ্টা।

তদ্দী, ক্রি বিং সেইক্ষণ, তৎক্ষণাৎ।

তন্‌খা, বি, (তঙ্কা শব্দজ কি ?) বেতন ; ২। মাসিক।

তন্নতন্ন, ক্রি বিং পুঙ্খানুপুঙ্খ।

তপ, বি, তপস্যা, ঈশ্বরাধনা।

তপাস, বি, অনুসন্ধান, অন্বেষণ, যথা,—

"নারী তপাসিয়া ফেরেণ সকল স্থানে।"
(অন্নদামঙ্গল)

তপ্তপোষ, বি, কাষ্ঠ নির্ম্মিত শয়নাধার বিশেষ।

তফসিল, বি, (পারশী) বিবরণ, (Schedule)।

তফাৎ, বি, (আরবী তফাওৎ শব্দজ) পৃথক, দূরত্ব ; ২। বিং —দূর, ভিন্ন। [তোমার।

তব, সর্ব্বং, (ষষ্ঠ্যন্ত যুষ্মদ শব্দজ)

তবক, বি, স্তর, থাক ; ২। শ্রেণী ; ৩। বন্দুক ; যথা,—

"মুটকির তেজ যেন তবকের গুলি।
এক ঘায়ে বাঘার মাথার ভাঙ্গে খুলি॥"
(কবিকঙ্কণ)

তবকী, বি, বন্দুকধারী ; যথা,—

"তবকী ধানুকী চলে রায় বেঁশে মাল।"
(ভারতচন্দ্র)

তবু, অং, তথাপি, তদ্রূপ হইলেও ; যথা,—

"সে পায় নির্ঘাত বাড়ি মারিতেছে তবু।"
(সত্যনারায়ণ)

তবে, ক্রি বিং তদা, পরে, সেই জন্য।

তব্‌লা, বি, (আ) বাদ্যযন্ত্র বিশেষ ; সংস্কৃত নাম তলমৃদঙ্গ, অপর নাম ডাইনে। গীত নৃত্যাদিতে বামক বা বাঁয়া যন্ত্রের সহিত বাদিত হয়।

তবল্‌দার, বি, যাহারা বাশ বা কুড়ালি দ্বারা কাষ্ঠ ছেদন করে।

তবল্লক, বি, তকল্লবী ; যথা,—

"তবল্লক ছাঁদে, বসন পিধে,
সঙ্গে চলয়ে হাঁটি।" (চণ্ডীদাস)

তবহুঁ, (হিন্দী) তখন।

তমস্থক, বি, (আরবী তমশ্শোক) কোন মহাজনের নিকট টাকা কর্জ্জ লইয়া ঐ টাকার জামিন স্বরূপ যে প্রতিজ্ঞা পত্র লিখিয়া দিতে হয়, তাহার নাম তমস্থক, কর্জ্জপত্র, খত।

তমাক, তামাক, বি, (সংস্কৃত তাম্রকূট শব্দজ) তামাক।

তমাম্, তামাম, বিং (আরবী তম্—সম্পূর্ণ হওয়া) সম্পূর্ণ, সমুদয়, সকল। [গাছ।

তমাল, বি, বৃক্ষ বিশেষ, তামাল

তম্পা, তম্বা, বি, (যাং) গাভী, গাই ; ২। মাথার খুলি।

তম্বী, বি, (আরবী, অর্থ জাগান, চৈতন্য করান) জাগান, যে তিরস্কারে লোকে চেতনা প্রাপ্ত হয় বা শুধরাইয়া যায় ; ২। তাড়না। [বস্ত্র গৃহ।

তম্বু তাম্বু, বি, (হিন্দী) তাঁবু,

তম্বুরা, তম্বুবা, বি, (যাং) বাদ্য-যন্ত্র বিশেষ, তানপূরা।

তয়্‌করা, ক্রি (আরবী তয়—লপেট লওয়া, শেষ করা) শেষ করা, নিষ্পত্তি করণ।

তয়্‌তয়্‌, ক্রি বিং, ধীরে ধীরে, আস্তে আস্তে।

তয়্‌ফা, বি, (আরবী তওফ—চতুর্দ্দিক ভ্রমণ করা) নর্ত্তকী সম্প্রদায় ; ২। পশ্চিমদেশীয় নাচওয়ালী।

তর্, বি, প্রকার ; ২। ন্যায় ; ৩। বিলম্ব, দেরী।

তর্‌ওয়াল, বি, (তরবারি শব্দজ) তরবারি, খড়্গ।

তর্‌কচ, বি, তূণীর, বাণাধার।

তরকারী, বি, (হিন্দী, তৃপ্তিকারী শব্দজ কি ?) ব্যঞ্জনের যোগ্য ফলমূলাদি, আনাজ। (Curry)

তর্‌জমা, তর্জ্জমা, বি, অনুবাদ, ভাষান্তরিত করণ। (Translate)।

তব্‌জা, বি, সঙ্গীত বিশেষ, গীতভেদ।

তরতর, বিং রকম রকম, নানা-বিধ ; যথা,—

"কাঁধে ঝুলি গলে কত তরতব মালা"
(কবিকঙ্কণ)

তরতিব, বিং (আরবী) ক্রমিক, নিয়মানুযায়ী ; ২। সজ্জিত।

তর্‌ফ, বি, (আরবী তর্‌ফ অর্থে এক দিকে যাওয়া) পার্শ্ব, দিক, পক্ষ ; ২। শেষসীমা, ধার ; ৩। পরগণার অংশ বিশেষকে অর্থাৎ এক এক গোমস্তার অধীন অংশকে তর্‌ফ কহে।

তরফদার, বি, (যাং) উপাধি বিশেষ ; ২। বিং—পক্ষপাতী।

তরমিম, (পারশী) কতকাংশ।

তরমুজ, বি, (পারশী তরবুজ শব্দজ) ফলবিশেষ।

তরল, বিং পাতলা ; ২। বি—বিপদ, প্রমাদ ; যথা,—

"সেইরূপই ঘটিল অশেষ অমঙ্গল।
শুনিয়া ভূপতি ভয়ে ভাবিল তরল॥"
(ঘনরাম)

তরবেতর, বিং বিবিধ প্রকার, নানারকম।

তরস্ত, বিং (ত্রস্ত শব্দজ) ব্যস্ত; ২। সত্বর; ৩। দ্রুতগামী।

তরা, তরি, ক্রি, উত্তীর্ণ হওয়া, পার হওয়া; যথা,—

"অন্নপূর্ণা পূজা করি তরিলে সে দায়।"
(অন্নদামঙ্গল)

তরাজু, বি, পাল্লাযুক্ত তুলা দণ্ড, দাঁড়িপাল্লা; যথা,—

"ধনের পাইয়া আশ,
আসিতে বীরের পাশ,
ধায় বেগে খিড়কীর পথে।"
মনে বড় কুতূহলী,
কাঁধেতে কড়ির থলী,
হড়পী তরাজু করি হাতে॥" (কবিকঙ্কণ)

তরাণ, বি, উদ্ধারণ, বাঁচান; ২। পার করণ। [শীঘ্র।

তরাতর, তরাতরি, ক্রি বিং, সত্বর,

তরাস, বি, (ত্রাস শব্দজ) ত্রাস, শঙ্কা, ভয়; যথা,—

"কথা না সরে দক্ষরাজের তরাসে।"
(ভারতচন্দ্র)

তরিবৎ, বি, (যাং) উপদেশ, শিক্ষা; যথা,—

"হদ্দ তরিবৎ পায় মশার কামড়ে।"
(হেমচন্দ্র)

২। ধারা, রীতি।

তরুই, বি, ফলবিশেষ, ঝিঙ্গা-জাতীয় ফল। উত্তরবঙ্গে—ঝিঙ্গা।

তরে, অং, জন্য, নিমিত্ত।

তর্ত্তরিয়া, বিং চঞ্চল, অস্থির।

তর্সা, বি, ফাঁক; ২। দূরে, অন্তরে।

তল্‌কোর, বি, জলাকর, উনুই।

তল্‌দা, তল্লা, বি, ফাঁপা বাঁশ-বিশেষ, তল্লাবাঁশ।

তল্‌না, তল্লা, বি, উনুই, তলদেশ হইতে উর্দ্ধদেশে জলউঠা।

তল্‌পেট, বি, নাভির অধোদেশ, উদরের নিম্নদেশ।

তলব্, বি, (আরবী) আহ্বান; যথা,—

"রাজা বলে তোমারে তলব একারণে।"
(ঘনরাম)

২। বেতন; ৩। উগ্রতা; ৪। এক এক কিস্তির দেনা খাজনা।

তলববাকী, বি, খাজনার কোন কিস্তি বাকী পড়িলে উহার নাম তলববাকী।

তলবানা, বি, (আরবী) বাদী প্রতিবাদী বা সাক্ষীদিগের প্রতি আদালতের শমন বা অন্য কোন আদেশ পাঠাইবার জন্য যে খরচ লাগে।

তল্‌বার, বি, (হিন্দী) তলওয়ার, অসি।

তলমৃত্তিকা, বি, বৃক্ষমূলবাহী আল্‌গাস্তরের নিম্নবর্ত্তী স্তরের মৃত্তিকা।

তলা, বি, নিম্নদেশ; ২। গৃহের পরিচ্ছেদ।

তলাও, তলাব, বি, (হিন্দী) জলাশয়বিশেষ। [কূল্য।

তলাগুছি, বি, সাহায্য, আনু-

তলাচী, তলানী, বি, বস্ত্রের অধো-ভাগ মস্তকে স্পর্শ; ২। জলাদি তরল পদার্থের সহিত মিশ্রিত নিম্নে পতিত ময়লা অংশ; অপরিষ্কৃত জল প্রভৃতি থিতাইলে পাত্রের তলদেশে সঞ্চিত ময়লাদি।

তলান বি, তলস্পর্শ করণ; ২। নিমজ্জন, ডুবন।

তলায়, বি, নিম্নে, নীচে; ২। তলস্পর্শ করণ।

তলাস, তল্লাস, বি, (আ), অন্বে-ষণ, অনুসন্ধান।

তলুবা, তলুয়া, বি, বৃহৎ স্থালী, বড় হাঁড়ি, তৌলো। [বস্তা।

তল্লী, বি, (যাং) মোট, গাঁঠরি,

তল্লাদার, বিং (যাং) মোটবাহক, মুটিয়া।

তল্লাট, তলাট, বি, প্রদেশ, বহু-দূর বিস্তৃত স্থান; যথা,—

"চণ্ডীদাস কহে, ধন্য সে নারী
তলাটে নাহিক আর।"

তশলা, বি, (হিন্দী) হুড়কা; ২। পিত্তলের রন্ধনপাত্র, বকুনা, বাটুলা।

তষ্টি, বি, আগ্রহাতিশয়; ২। ঠেঁটামি; ৩। কঠিনতা।

তষ্টিয়া, তষ্টিদার, বিং ঠেঁটা; ২। কঠিন; ৩। আগ্রহকারী, যে ভিক্ষার নিমিত্ত হত্যা দেয়; কোন বিষয় আদায় জন্য বিরক্ত করে।

তসর, বি, গুটিপোকার সুতা; এই নিমিত্ত ইহাতে যে বস্ত্র নির্ম্মিত হয়, তাহাকেও 'তসর' বলে।

তসলা, তসুলা, বি, হুড়কা; ২। ঢেঁকির আঁকশাল, ঢেঁকির গোজ; ৩। রন্ধনপাত্র, হাঁড়ি; যথা,—

"রন্ধন চাপয়ে যেবা তার নাম করে।
স্মরণমাত্রেতে তার তসলা বিদরে।"
(কৌতুকবিলাস)

তস্‌বী, বি, (আ) মুসলমানদিগের জপমালা। [ছবি।

তস্‌বীর, বি, (আ) প্রতিমূর্ত্তি,

তসাল, বি, ঢেঁকি ইত্যাদির গোজ; ২। যন্ত্রণা, পীড়ন; ৩। রাজস্ব আদায়।

তহ্‌খানা, বি, (পারশী তহ্— থাক—Fold; অপর অর্থ নীচে) মাটীর নীচের ঘর।

তহবিল, বি, (যাং) মজুতজমা।

তহমৎ, বি, (আ) আলিস; ২। অপবাদ, মিথ্যাদোষারোপ।

তহশীল, বি, (আরবী হস্থল শব্দজ) রাজস্ব আদায়, খাজনা আদায়।

তহশীলদার, বি, (আ) যে কর্ম্মচারী ডিহি বা মৌজার খাজনা আদায় ওয়াশীল করে।

তহি, সর্ব্বং (হিন্দী) তাহাকে; যথা,—

"বেড়িয়া তহি রসাল।" (চণ্ডীদাস)

তহু, সর্ব্বং (হিন্দী) তাহাতে; যথা,—

"পরাণ হারানু তহু।" (চণ্ডীদাস)

তক্ষক, বি, সর্প বিশেষ; কশ্যপের ঔরসে কদ্রুগর্ভে ইহার জন্ম। খাণ্ডবারণ্যে ইঁহার আবাস ছিল। শমীকপুত্র শৃঙ্গীর শাপ সফল করিবার জন্য অলক্ষ্যভাবে দ্রুত যাইয়া রাজা পরীক্ষিতকে দংশন করেন। চলিত কথায়, সেইরূপ অতি দ্রুতগামী, অতি চতুর তাহাকে বুঝায়। [সময়ে।

তক্ষণি, অং তৎক্ষণাৎ, ঠিক সেই

তা, বি, (তাপ শব্দজ) ডিম্ব হইতে বাচ্চা তোলা, অণ্ডের উপর বসিয়া উষ্ণতা করণ; ২। (হিন্দী তাও শব্দজ) একখানি কাগজ; ৩। সৌষ্ঠব সাধন, পারিপাট্য করণ; যথা,—

"রুসিয়া শার্দ্দূল ঘন তা দেয় গোঁফে।" (ঘনরাম)

৪। (সংস্কৃত তদ্ শব্দজ) তাহা।

তাই, বি, শিশুর হাততালি; ২। সেই বস্তু; ৩। সর্ব্বং—তাহা, সেই।

তাউই, তালুই, বি, ভ্রাতা বা ভগ্নির শ্বশুর।

তাউত, বি, শুশ্রূষা; ২। প্রতীকার চেষ্টা; ৩। চিকিৎসা।

তাও, বি, কোপ; ২। অগ্নিতে বাতাস দেওয়া; ৩। কাপড়ের ভাঁজ।

তাওন, তাওআন, বি, উত্তাপন, উদ্দীপ্ত করণ; ২। রাগান।

তাওয়া, বি, পাত্রবিশেষ, লৌহ নির্ম্মিত দ্রব্যাদি ভাজিবার পাত্রবিশেষ; ২। অগ্নি উদ্দীপনার্থ চর্ম্মনির্ম্মিত যন্ত্র, যাঁতা।

তাওয়াতাই, বি, বিবাদ, কলহ; যথা,—

"আঁঠু পাড়ি কড়াকড়ি করে দুই ভাই।
হুড়াহুড়ি হৈতেহৈতে হৈল তাওয়াতাই" (শিবায়ণ)

তাঁইত, বি, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ি; ২। সূত্র, বীণাদির তার; ৩। বস্ত্রবয়ন যন্ত্র; ৪। নানা বিষয়ের আয়োজন, উদ্দেশ্য।

তাঁইশ, বি, (যাং) উত্তেজনাকরণ; ২। তর্জ্জন, তাড়ন; ৩। তিরস্কার।

তাঁতা, বি, ভাবী উন্নতিসূচক আয়োজন বিশেষ।

তাঁতি, বি, (তন্তুবায় শব্দজ) জাতিবিশেষ, বস্ত্র বয়ন যে জাতির ব্যবসা।

তাঁবা, বি, (তাম্র শব্দজ) ধাতুবিশেষ, তামা।

তাঁবে, বি, (আরবী) অধান।

তাঁবেদার—সেবক, ভৃত্য; ২। অধীনস্থ।

তাঁ্যাদড়, বিং নির্লজ্জ, বেহায়া।

তাক্, বি, লক্ষ্য, দৃষ্টিপাত; ২। বিস্ময়, আশ্চর্য্য; ৩। আন্দাজ, অনুমান।

তাক্, বি, (আরবী "তৌক" অর্থ গোলাকার বা খিলান করা আছে যাহাতে তাহাই "তাক্" বা কুলুঙ্গী) মঞ্চ, মাচা, ভারা; ২। ভিত্তি প্রভৃতির উপরিস্থ পুস্তকাদির আধার, (Shelf); ৩। কাষ্ঠফলক বিশেষ।

তাকৎ, বি, (যাং) সামর্থ্য, শক্তি।

তাক্‌দামা, ক্রি বিং, ঝটিতি, সত্বর।

তাকন, বি, অবলোকন, দর্শন; ২। আন্দাজ করণ। [চাওয়া।

তাকান, বি, দৃষ্টিপাত করণ,

তাকিয়া, বি, বড় বালিশ; ২। ক্রি,—দৃষ্টিপাত করিয়া।

তাকে, ক্রি, তর্ক করে; ২। অনুমান করে; ৩। মনে মনে চিন্তা করে।

তাকেপাকে, তাগেবাগে, ক্রি বিং, বিশেষ কৌশল সহকারে, বিশেষ সতর্কতার সহিত; যথা,—

"তাকে পাকে ঘোটনায় আরম্ভিল পাক।
(অন্নদামঙ্গল)

তাগা, বি, হস্তবন্ধন সূত্রবিশেষ; ২। হস্তালঙ্কার বিশেষ, অনন্ত গহনা।

তাগাড়, বি, জমি রোয়ার সময় চাষীরা একদিকে বীজতলা হইতে বীজ ধান তুলিতে থাকে ও অপর দিকে ক্ষেত্রে লাঙ্গল জুতিয়া জল ও মৃত্তিকা মিশ্রিত করিয়া কাদা প্রস্তুত করে, এই কাদা প্রস্তুত করার নাম তাগাড়।

তাগাদা, বি, (আরবী—তকাজা —চাহা) খাতকের নিকট পাওনা টাকার জন্য পীড়ন; বিং—দ্রুত, শীঘ্র। [অশ্রদ্ধা।

তাচ্ছল্য, তাচ্ছীল্য, বি, অবজ্ঞা,

তাজ, বি, (পারশী) মস্তকাবরণবিশেষ, টুপীবিশেষ।

তাজ্‌গী, বি, (যাং) নবীনতা; সরসভাব।

তাজনী, বি, (তর্জ্জন শব্দজ) আস্ফালন, চোকরাঙ্গান।

তাজ্জব, বিং (আরবী—উজুব— আশ্চর্য্য) আশ্চর্য্য, অদ্ভুত।

তাজা, বিং (পারশী) নূতন, টাট্‌কা; ২। রসাল।

তাজি, তাজী, বি, (পারশী) ক্ষুদ্র অশ্ববিশেষ; ২। জাতি-বিশেষ; ৩। বিং—তেজীয়ান।

তাজিয়া, বি, (পারশী) গুম্বজ।

তাজে, ক্রি, তর্জ্জন করে, আস্ফালন করে।

তাড়, বি, করভূষণ বিশেষ; যথা,—

"ভুজে বিরাজিত তাড় ভুবন উজ্জ্বর।
কটিতে কিঙ্কিনী ধ্বনি শুনি মনোহর।"
(ঘনরাম)

তাড়ঙ্ক, বি, কর্ণভূষণ।

তাড়স, বি, স্ফোটকাদির বেদনা, ব্যথা।

তাড়া, বি, তাড়না, তিরস্কার; ২। ধমক; যথা,—

'মার কাছে পুত্র যায় বাপে দিলে তাড়া।'
(ভারতচন্দ্র)

৩। রাশি, বাণ্ডিল বাঁধা; ৪। জমি কোদলান।

তাড়ান, বি, দূরীকরণ, অপসারণ, খেদান; যথা,—

"ব্যাঘ্র তাড়াইয়া যায় বনের ভিতর।"
(চৈতন্য ভাগবত)

তাড়ি, তাড়ী, বি, মাদক্ দ্রব্য বিশেষ, তালরস।

তাড়িপত্র, বি, তালপাত, তাল-পত্র; যথা,—

"সঘনে লোফয়ে দানা তাড়ি পত্র খাঁড়া।
হানিতে সমর তলে সেই হয় গুঁড়া॥"
(কবিকঙ্কন)

তাড়ু, বি, ময়রার ভিয়ান করিবার হাতা বিশেষ, ঘোঁটনদণ্ড।

[হওন।

তাতন, বি, উত্তাপন; ২। ক্রুদ্ধ

তাতান, বি, উত্তপ্ত করণ, উষ্ণ-করণ।

[ক্রোধী।

তাতাল, বি, উত্তপ্ত, উষ্ণ; ২।

তাৎ, বি, (সন্তাপার্থ তপ্ ধাতুজ) উত্তাপ, উষ্ণতা।

তাথই, বি, বাদ্য বিশেষ; যথা,—

"মুখে গায় মিষ্ট বোল,
খদির কাষ্ঠে খোল,
তাথই তাথই ঘন বায়।"
(ক্ষেমানন্দ ও কেতকাদাস)

তাধিয়া,—নৃত্য বিশেষ, নৃত্যভেদ।

তাল্, বি, স্বরাংশ বিশেষ, রাগাদির আলাপ; ২। লক্ষ্য, উদ্দেশ্য; ৩। প্রাচীন কবিরা 'তাঁহার' বা 'তাঁহাকে' অর্থে কোন কোন স্থলে 'তান' বা 'তাহান' শব্দের প্রয়োগ করিয়াছেন; যথা,—

"এক দিন গদাধর দাসের মন্দিরে।
আইলেন তানে প্রীতি করিবার তরে॥"
(চৈতন্য ভাগবত)

তান্‌পুরা, বি, বীণাকার বাদ্য-যন্ত্র বিশেষ, তম্বুরা।

তানা, বি, স্বর আলাপ; ২।

টানা সুতা, বুনানের লম্বা সুতা ; ৩। কথার কৌশল, ছলনা ; যথা,—

"সেন বলে ত্যজ তানা তনু দেখি ক্ষীণ।
শ্রীধর্ম্মদাসের দাস আমি অতি দীন।"
(ধর্ম্মমঙ্গল)

তানানানা, বি, গোলমাল, গোলযোগ। [রাগান ;

তাপান, বি, উত্তপ্ত করণ ; ২।

তাবিজ, বি, (যাং) হস্তালঙ্কার বিশেষ ; ২। কবচ।

তাবিন, বি, (যাং) মুসলমান চিকিৎসক। [নিশান।

তাবুত, বি, (যাং) পতাকা,

তাম্‌লী, বি. (তাম্বুলী শব্দজ) বর্ণশঙ্কর জাতি বিশেষ।

তামা, বি. (তাম্র শব্দজ) ধাতু বিশেষ, তাম্র।

তামাক, তামাকু, বি, (তাম্রকুট শব্দজ) ধূমপানের যোগ্য পত্র বিশেষ।

তামাম, বিং (পারশী) সমুদয়, সমস্ত। [কৌতুক।

তামাসা, বি, (আরবী) রহস্য,

তামিল, বি, ভাষা বিশেষ, তেলেগু ভাষা ; ২। প্রতিপালন, রক্ষা। ৩। প্রাচীন কালের সময় নির্ণায়ক ঘটী যন্ত্র বিশেষ, জল ঘড়ি।

তাম্বু, বি, শিবির, বস্ত্র গৃহ, তাঁবু।

তাম্বুরা, বি, (তুম্বুরু গন্ধর্ব্ব কর্তৃক সৃষ্ট বলিয়া এই যন্ত্রের নাম তাম্বুরা) চলিত নাম তানপুরা।

তাম্বুলিয়া, বি, বারুজীবী, বারুই।

তাম্রকুণ্ড, বি, তাম্রের পাত্র বিশেষ, পূজাদি কার্য্যে শাল-গ্রামশিলা প্রভৃতির স্নানার্থ ব্যবহৃত হয়।

তায়ুশ, তাউস, বি, (আরবী তায়ুস অর্থে ময়ুর) তত যন্ত্র বিশেষ, অপর নাম মায়ুরী। ইহা এস্‌রাজের অবয়ব ভেদ মাত্র। কেবল ইহার খর্পর মূলে একটী কাষ্ঠাদি নির্ম্মিত ময়ূরের সগ্রীব মুখ যোজিত থাকিতে দেখা যায়, তজ্জন্য ইহার সংস্কৃত নাম মাযুরী। পারশী নাম তায়ুস। ইহা অতি আধুনিক যন্ত্র, কেহ কেহ বলেন বঙ্গদেশের বিষ্ণু-পুরের সেবারাম নামক শিল্পী ইহার প্রথম নির্ম্মাতা ; ২। ময়ুর ; যথা,—

'সাহ'জঁহা বাহাদুরী তখত তায়ূশেতে চড়ি,
একবার ভাবিলে না কি হইবে পরে।
ময়ূরে কার্ত্তিক বিনা কে চড়িতে পারে।"
(পদ্যপাঠ ৩য় ভাগ)

তার, বি, আস্বাদ ; ২। অতি উচ্চস্বর ; ৩। পিত্তলাদির রজ্জু।

তারকষ, বিং, (ষাং) অলঙ্কার নির্ম্মাতা।

তারা, বি, নক্ষত্র। [রোজ।

তারিখ, বি, (আরবী) দিবস

তারিফ, বি, (যাং, আরবী উরফ্ ধাতুজ) ব্যাখ্যা, নির্ব্বাচন; ২। স্তুতি, প্রশংসা।

তারী, বিং (যাং) তারময়, তার নির্ম্মিত।

তাল, বি, গীতবাদ্য বিষয়ে কাল ক্রিয়ার পরিমাণ বিশেষ; ২। তাল ফল।

তালশাঁস, বি, (শাঁস—শস্য শব্দজ কি ?) অপক্ক তালফলের মধ্যস্থ শাঁস। [বিশেষ।

তালসাঁড়া, বি, একজাতীয় তৃণ

তালা, বি, দ্বারাদি রোধক যন্ত্র, কুলুপ; ২ অট্টালিকার থাক; ৩। শব্দ গ্রহণে অসামর্থ্য; যথা,—

"দারুণ প্রহারে তায় উদরের জ্বালা।
ঘন শ্বাস বহে তার কাণে লাগে তালা॥"
(কবিকঙ্কন)

তালাক, বি, (যাং) দিব্য, শপথ; ২। প্রতিজ্ঞা।

তালি, বি, (তাল শব্দজ) হাতে হাতে আঘাত, হাতে তাল দেওয়া; ২। পুরাতন বস্ত্রাদিতে নূতন বস্ত্র যোগ, সেলাই। [পত্র, ফর্দ্দ।

তালিকা, বি, (ষাং) নির্ঘণ্ট

তালিম, বি, (যাং, আরবী ইলম্ শব্দজ) প্রাথমিক শিক্ষা, উপদেশ।

তালু, বি, তেলুয়া, টাকরা; ২। করতল, পদতল।

তালুক, বি, (আরবী ইলক্ ধাতুজ প্রকৃত অর্থ অধীন) ভূম্যাধিকার, জমিদারী, যে সকল ভূম্যাধিকার গবর্ণমেণ্ট বা কোন জমিদারের নিকট হইতে বন্দোবস্ত করিয়া লওয়া যায়, তৎ সমুদয়ের সাধারণ নাম তালুক। তালুক নানা স্থানে নানাবিধ। তন্মধ্যে হুজুরী বা খারিজা, মজকুরী বা সিকমী ও পত্তনী এই কয়টী প্রধান।

তালুকদার, বি, (যাং) জমিদার।

তালেবর, বিং (যাং) ধনাঢ্য, ধনবান।

তাস, বি, (হিন্দী) ক্রীড়া নিমিত্ত চিত্রিত ক্ষুদ্রপট।

তাসন, বি, মার্জ্জন; ২। ঝাড়ন; ৩। তাঁত; যথা,—

"রোজা নমাজ না করিয়া কেহ
হৈল গোলা।
তাসন করিয়া নাম ধরাইল জোলা।"
(কবিকঙ্কণ)

তাসা, বি, (যাং) বাদ্য যন্ত্র বিশেষ [করা।

তাসান, বি, তাস নাড়াচাড়া

তাহা, সর্ব্বং (তদ্ শব্দজ) সেই।

তিউড়ী, বি, উনান, আখা; যথা,—

"উজ্জল চন্দন কাষ্ঠে জ্বালিল তিউড়ী।
আঁচলে লোচন মুছে চড়াইয়া হাঁড়ি॥"
(ঘনরাম)

তিক্‌খী, বিং (তীক্ষ্ণ শব্দজ কি ?) উগ্র, ক্রোধী।

তিজারৎ, বি, (যাং) বানিজ্য, ব্যবসায়।

তিজেল, বি, ক্ষুদ্র স্থালী বিশেষ, ব্যঞ্জন পাকার্থ হাঁড়ি বিশেষ।

তিত, বিং (তিক্ত শব্দজ) কটু, তীব্র রস। [ভিজান।

তিতন, তিতান, বি, আর্দ্র করণ,

তিন, বিং (ত্রি শব্দজ) তিন সংখ্যা, ৩।

তিনি, সর্ব্বং (তদ্ শব্দজ) মান্য-ব্যক্তি, পরোক্ষ সম্ভ্রান্ত বক্তি।

তিমি, বিং বৃহৎ সামুদ্রিক মৎস্য বিশেষ।

তিয়র, তীয়র, বি, (তীবর শব্দজ) বর্ণসঙ্কর জাতিবিশেষ। ধীবর-জাতিবিশেষ।

তিয়া, বিং তিন, ৩।

তিয়াত্তর, বি, সংখ্যাবিশেষ, ৭৩।

তিয়াস, বি, (তৃষ্ণা শব্দজ কি ?) তৃষ্ণা, পিপাসা।

তিরমাৎ—মালদহ জেলার উত্তর পশ্চিমাঞ্চলে স্ত্রী বুঝায়।

তিরশ্চী, বি, পশু পক্ষীর স্ত্রী, মাদা পশু বা পক্ষী।

তিরানই, বি, সংখ্যাবিশেষ, ৯৩।

তিরাশি, বি, সংখ্যাবিশেষ, ৮৩।

তিল, বি, শস্যবিশেষ; ২। দেহস্থ চিহ্ন; ৩। অত্যল্প সময়।

তিলক, বি, ললাটাদিতে ধর্ত্তব্য চন্দনাদি নির্ম্মিত চিহ্নবিশেষ, ফোঁটা।

তিলকী, বি, গাত্রে গন্ধাদি দ্বারা তিল পুষ্পাকার চিহ্ন।

তিলকূটা, বি, তিলচূর্ণ, তিলের গুঁড়া; ২। তিলচূর্ণমিশ্রিত মিষ্টান্নবিশেষ, তিলের ছাঞ্চি।

তিলাখাজা, বি, মিষ্টান্নবিশেষ, গুড় বা চিনির রসে তিল পাক করা খাদ্যবিশেষ।

তিলিয়া, তেলা বিং তিলযুক্ত; ২। তৈলাক্ত।

তিলেক, বিং ক্ষণমাত্র, অল্পক্ষণ।

তিলেতাল, বি, অল্পবিষয়ে বহু সাধন, লঘুকার্য্যের জন্য গুরু-তর আড়ম্বর।

তীরন্দাজ, বি, (পারশী তীর— বাণ, আনদাখ্‌তন্—নিক্ষেপ করা) শরক্ষেপক।

তু, বি, কুক্কুর ডাকা শব্দ; ২। অং—পাদ পূরণ।

তুই, সর্ব্বং (যুষ্মদ্ শব্দের অসম্ভ্রমে) তুমি শব্দের নীচোক্তি।

তুক্, তুক্‌তাক্, বি, পরের অনিষ্ট নিমিত্ত মন্ত্রৌষধকরণ, বশীকরণাদির জন্য প্রকরণবিশেষ; ২। সঙ্গীতে—কতকগুলি মাত্রা একত্র ছন্দে যোজনা করিলে তাহাকে "তুক" কহে।

তুক্ক, বি, শ্লোকের শেষভাগ; ২। বাণবিশেষ।

তুখড়, বিং দক্ষ, পারগ; ২। বলবান।

তুচ্ছতাচ্ছল্য, বি, তুচ্ছজ্ঞান, হেয়জ্ঞান; মান হানিকর বাক্য।

তুড়কী, বি, লম্ফ, ঝম্প; ২। অনাচার; ৩। বিং—দক্ষ।

তুড়ন, বি, ভর্ৎসনা, তিরস্কারকরণ; ২। খণ্ডন।

তুড়ী, বি, অঙ্গুলির ধ্বনি, অঙ্গুলি স্ফোটন।

তুতন, বি, (স্তুতি শব্দজ কি ?) স্তব; ২। ফুসলান, ভুলান।

তুতপোকা, বি, গুটীপোকা, রেশমপোকা।

তুতিয়া, বি, (তুত্থক শব্দজ) বণিকদ্রব্যবিশেষ, তাম্রেরমল।

তুৎ, বি, বৃক্ষবিশেষ, তুত গাছ।

তুফান, বি, ঝড়বৃষ্টি; ২। জোর বাতাস; ৩। ঝড়ে তরঙ্গ।

তুবড়ন, বি, শুষ্ক হওন, কোঁকড়ন।

তুবড়ী, বি, অগ্নিক্রীড়া সাধন, বারুদ পূর্ণ গোলা; ২। বংশীবিশেষ, হিন্দুদিগের প্রাচীন দ্বিনল যন্ত্র, সাপুড়িয়ারা ইহা ব্যবহার করে।

তুমড়ী, বি, সাপুড়িয়ার বাঁশী।

তুমার, বি, (পারশী) দেনা সাব্যস্ত। [ব্যক্তি।

তুমি, সর্ব্বং (যুষ্মদ শব্দজ) দ্বিতীয়

তুম্ব, বি, লাউ; ২। উদর; ৩। বিং—উচ্চ।

তুম্বুকী, বি, যন্ত্রবিশেষ, ইহা ঢক্কা সদৃশ।

তুয়া, সর্ব্বং (যুষ্মদ শব্দজ) তোমার।

তুরকী, বি, (পারশী) তুরস্কদেশীয় মুসলমান জাতি।

তুরন্ত, বিং (হিন্দী) সত্বর, দ্রুত, যথা,—

"সভামাঝে কয় যত্নে,
আমার ভাগিনা রত্নে,
মল্লবিদ্যা শিখাবে তুরন্ত।"
(ঘনরাম)

তুরপূণ, বি, (তুরমীন শব্দজ) কাষ্ঠাদি ছিদ্রকরণার্থ অস্ত্রবিশেষ।

তুরপাণ, বি, ছিদ্রকরণ, বিঁধন।

তুরি, তুরী, বি, তন্তুবায়ের যন্ত্রবিশেষ, মাকু; ২। হিন্দুদিগের একটী বাদ্যযন্ত্রবিশেষ, রণস্থলে ইহা ব্যবহৃত হইত, ইহা পিত্তল নির্ম্মিত।

তুরুফ, তুরুপ, বিং তাসখেলার রং বিশেষ; যথা,—

"এখন তুরুকের জোর নাইক হাতে
তাতে আবার ফেরাই কৈ।" (দাশরথী)

তুরুকজবাব—স্পষ্টজবাব।

তুরুকসোয়ার, বি, (যাং) অশ্বারোহী সৈন্য।

তুল, বি, (তুলা শব্দজ) পরিমাণ দণ্ড, দাঁড়িপাল্লা; ২। তোলকরণ; ৩। বড় গোল; ৪। কার্পাস; ৫। সমতুল্য, সদৃশ।

তুলৎ, তুলট্, বি, হরিতালাক্ত কাগজ; ২। মহাদান বিশেষ, যাহাতে আপনার ভারের সমান স্বর্ণাদি দান করিতে হয়।

তুলন, বি, পরিমাণ করণ; ২। উঠান; ৩। সাদৃশকরণ।

তুলসী, বি, বৃক্ষবিশেস।

তুলা, বি, কার্পাস।

তুলাকোটী, বি, পাদালঙ্কার বিশেষ, নূপুর; যথা,—

"রজত পাসলি ছটি,
প'রে দিব্য তুলাকোটী,
বাহু বিভূষণ ঝলমলি।
(কবিকঙ্কণ)

তুলি, তুলিকা, বি, চিত্রকরের বর্ত্তিকা, যাহা দ্বারা রং লইয়া ছবি আঁকে।

তুবর, বি, ধান্যবিশেষ।

তুষ্, তুস্, বি, ধান্যাদির ত্বক্, খোসা।

তুষণ, বি, সন্তুষ্ট করণ।

তুহুঁ, সর্ব্বং, তুমি।

তূণ, বি, বাণ রাখিবার চোঙা; ২। সুন্দরবন অঞ্চলে জোয়ারকে তূণ বলে।

তূলিকা, তূলী, বি, তোষক, গদি; যথা,—

"দড়ি করিয়া আঁটি, প্রথমে বিছায় খাট,
তূলিকা মশারি সাজে ঝাঁপা।"

২। "খট্টায় পাড়িয়া তূলী,
টাঙ্গায় মশারি জালি,
শয়ন করিল শশিকলা।"
(কবিকঙ্কণ)

তেঁই, তেঞি,—তজ্জন্য, সেইহেতু।

তেঁতুল, বি, (তিন্তিড়ি শব্দজ) বৃক্ষাম্ল। হিন্দুস্থানে নাম অম্লী ও ইম্লী।

তেউটী, বি, কলাইবিশেষ।

তেউড়ী, বি, দ্রব্যবিশেষ। লাল, শ্বেত ও কৃষ্ণ ভেদে তেউড়ী ত্রিবিধ।

তেওড়ন, বি, বক্র হওন, বাঁকন।

তেওড়া, বি, (তীব্র শব্দজ কি?) বাদ্যের তালবিশেষ, ইহা সাতমাত্রা বিশিষ্ট; ২। কলায় বিশেষ; ৩। বিং—বাঁকা।

তেকাটা, বি, (ত্রিকাষ্ঠ শব্দজ) ত্রিভূজাকৃতি তিনটীকাষ্ঠ বন্ধন।

তেকালা, বি, মৎস্য ধারণ যন্ত্র বিশেষ, টেঁটা।

তেকোণা, বিং (ত্রিকোণ শব্দজ) তিন কোণ যুক্ত।

তেজাল, বিং তেজস্কর, তীব্র।

তেড়, বি, কদলী বৃক্ষের গোড়ার চারা গাছ, ডেম, বোগ।

তেড়া, তেড়চা, বিং টেরা, বক্র, কুটিল।

তেড়ী, বি, কেশবিন্যাস বিশেষ।

তেড়েফুড়ে, ক্রি বিং, প্রকাশ্য ভাবে, সর্ব্বসমক্ষে।

তেতালা, বি, তিন তালা ঘর; ২। বাদ্য বিশেষ।

তেতাল্লিশ, বি. সংখ্যা বিশেষ, ৪৩। [খেলা।

তেতাস, বি, তিন তাসের

তেতেরিজা, বি, (যাং) কোন বক্রভূমি ভিন্ন ভিন্ন অংশে বিভাগ পূর্ব্বক জরিপ করিয়া তাহার ক্ষেত্রফল স্থির করাকে দোতেরিজা বা তেতেরিজা কহে।

তেত্রিশ, বি, (ত্রয়স্ত্রিংশৎ শব্দজ) সংখ্যা বিশেষ, ৩৩।

তেথর, বি, (ত্রিস্তর শব্দজ) তিন থাক, তিন স্তবক।

তেন, অং, সদৃশ; ২। সেইজন্য; ৩। সঙ্গীতের অঙ্গ বিশেষ।

তেনা, বি, জীর্ণ বস্ত্র খণ্ড, নেকড়া।

তেপান্তর, বি, (ত্রপান্তর শব্দজ) প্রান্তর, বীস্তীর্ণ ক্ষেত্র, জন শূন্য বিস্তীর্ণ মাঠ।

তেফল, বি, মান্দার ফল।

তেমত, তেমন, বিং সেইমত, তেই প্রকার।

তেমা, বি, নিসিন্দা বৃক্ষ।

তের, বি, (ত্রয়োদশ শব্দজ) সংখ্যা বিশেষ, ১৩।

তেরিজ, বি, (আরবী আরজ্ ধাতুজ) সমষ্টি অঙ্ক; ২। চুম্বক; ৩। বৃদ্ধি. যোগ।

তেল. বি, (তৈল শব্দজ) সর্ষপ-আদির রস।

তেলচাটা, বি, কীট বিশেষ, তেলাপোকা।

তেলা, বিং চিকণ, পিচ্ছিল।

তেলাকুচা, বি, ফল বিশেষ।

তেলাঙ্গা, বি, জাতি বিশেষ, তৈলঙ্গ দেশীয় ব্যক্তি বা বস্তু; ২। পিপীলিকা বিশেষ; ৩। বিং—হৃষ্টপুষ্ট। [আর্সুলা।

তেলাপোকা, বি, কীট বিশেষ,

তেলী, তেলি, বি, (তৈলী শব্দজ) বর্ণশঙ্কর জাতি বিশেষ, নবসায়ক জাতির অন্তর্গত একটী জাতি; ২। কলু; যথা,—

"কমঠ লইয়া পথে ধীবর চলি যায়।
তৈল লবে তৈল লবে তেলিরা যোলয়।"
(কবিকঙ্কণ)

তেলো, বি, (তালু শব্দজ) করতল, পদতল।

তেসনী, বিং (ত্রিসন শব্দজ) ত্রৈবার্ষিক।

তেহাই, বি, তিন ভাগের এক ভাগ, ⅓; ২। বাদ্য ভেদ।
তৈজস, তৈজসপত্র, বি, পিত্তলাদি ধাতু নির্ম্মিত বস্তু।
তোক, বি, (আরবী তওক শব্দজ) অপত্য, ছোট ছেলে বা মেয়ে; যথা,—
'তাহে গলে দড়ি দিয়া বান্ধে তুই তোক।'
(কবিকঙ্কণ)
২। দণ্ডদিবার জন্য শৃঙ্খল বিশেষ, হাত কড়ি; যথা,—
'লুঠি নিল নারী গাড়ী দিল বেড়ী তোক।'
(ভারতচন্দ্র)
তোকরা, ক্রি, কার্য্যের শেষ করা; ২। বস্ত্রাদি ভাঁজ করা, গুটান।
তোকানিমোকানি, বি, জনরব, জনশ্রুতি; যথা,—
"তোকানি মোকানি কথা,
শুনি জগন্নাথ পিতা,
আচম্বিতে হরিল চেতন।"
(চৈতন্যমঙ্গল)
তোড়, বি, জলের তেজ, জল বেগ [উপকরণ।
তোড়জোড়, বি, সাজ সরঞ্জাম,
তোড়ন, বি, ভাঙ্গন; ২। তিরস্কার করণ।
তোড়া, বি, থলিয়া, বগ্নী; ২। মৎস্য বিশেষ, তোড়া মাছ; ৩। কটিদেশের অলঙ্কার বিশেষ; ৪। গুচ্ছ, স্তবক; ৫। ক্রি, (হিন্দী) ভাঙ্গা; ৬। বিস্তর তিরস্কার করা।
তোড়ানী, বি, কাঁজি, আমানি;
তোড়ং, বি, টিনের পেটিকা বিশেষ। [কথক।
তোৎলা, বিং অস্ফুট বাক্, অস্পষ্ট:
তোতা, বি, শুক পক্ষী, টীয়া পাখী। [শব্দ।
তোপ, বি, (যাং) কামান; ২।
তোব্‌ড়া, বি, (যাং) থলিয়া বিশেষ।
তোবা, বি, (যাং) মুসলমানদিগের প্রতিজ্ঞা বাক্যবিশেষ।
তোয়াক্কা, বি, (যাং) বশ্যতা, অধীনতা। [সেবা।
তোয়াজ, বি, (যাং) শুশ্রূষা,
তোয়ান, বি, মর্দ্দনাদি সেবা, তোয়াজ করা; যথা,—
"আছাড় খাইয়া পড়ে মুখে নাহি রা।
কাছে বসাইল রাজা তোয়াইল গা॥"
(ঘনরাম)
তোয়ালে, বি, (ইং Towel শব্দজ) উৎকৃষ্ট গাত্রমার্জ্জনী।
তোরা, বি, (আরবী তুরর শব্দজ) উষ্ণীষের ভূষণ; যথা,—
"মাণিক কলগী তোরা চকমকে হীরা।
(বিদ্যাসুন্দর)
তোলপাড়, বি, অতিশয় কলহ; ২। উলট্‌পালট্; ৩। আলোড়ন।
তোলা, বি, অশীতি রত্তি পরিমাণ,

১ ভরি, ১ তোলা; ২। দান দ্রব্য, হাট বাজারের দান দ্রব্য; ৩। বিং—উত্থাপিত; ৪। ক্রি, —উত্থাপন করা।

তোলাকাপড়, বি, পোষাকি কাপড়।

তোলাপাড়া, বি, পুনঃপুনঃ অনুশীলন; ২। চিত্তবিকার।

তোলো, বি, বৃহৎমৃৎপাত্র, তোলো হাঁড়ি।

তোশক, তোষক, বি, (পারশী) শয্যার আস্তরণবিশেষ, তুলাদ্বারা প্রস্তুত পাতলা আস্তরণবিশেষ, (Coverlet।

তোষদান, বি, (পারশী) গুলিবারুদাদি রাখিবার পাত্রবিশেষ (Cartouch)

তোষাখানা, বি, (পারশী) পরিচ্ছদাগার, বস্ত্রাদি এবং অন্যান্য গৃহসজ্জার উপকরণ রাখিবার স্থান। [যোগান।

তোষামোদ, বি, খোসামোদ, মন-

তৌজি, বি, (আরবী) প্রজার নাম, কত পরিমাণ জমি, খাজনা ইত্যাদির হিসাবপত্র। গবর্ণমেণ্ট কালেক্টরীতে জমিদারীর রেজিষ্টারী থাকে। এই রেজিষ্টারীকে কালেক্টরের তৌজী কহে। এবং ঐ বহিলেখকের নাম তৌজিনবিস।

তৌল, বি, পরিমাণ ক্রিয়া, মাপন; ২। তুলাযন্ত্র।

তঁ্যাদড়, বিং দুষ্ট, নির্লজ্জ, বেহায়া

ত্রপান্তর, তৃপান্তর, বি, প্রান্তর, বহুদূরবিস্তৃত মাঠ।

ত্রিপণ্ড, বিং দুরাত্মা, শঠ, খল।

ত্রিবঙ্ক মস্করা, বি, তিনটী বাঁক বিশিষ্ট দণ্ড।

ত্রিসীমা, বি, সমীপ, নিকট।

ত্বঞ্চ, বি, প্রবঞ্চনা, প্রতারণা।

ত্বরায়, ক্রি বিং, শীঘ্র, সত্বর।

থ

থ ;—সপ্তদশ হলবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।

থ—(পুং) পর্ব্বত; যথা,—

"থকারে পাথর তুমি থকারের মেয়ে।
থিরকর থরথর কাঁপি ভয় পেয়ে॥"
(ভারতচন্দ্র)

২। বিং—নির্ব্বাক, স্তম্ভিত।

থই, বি, তলস্পর্শ; ২। পরিপূর্ণতা; ৩। অট্টালিকা; ৪। গৃহাদি নির্ম্মাতা, রাজ।

থইকর, থৈকর, বি, গৃহাদি নির্ম্মাতা, রাজমিস্ত্রী; যথা,—

"মহাতরু রাখিল জন বিশ্রাম।
মূল বান্ধিবারে আনিল থৈকর॥"
(কবিকঙ্কণ)

থইথই, বিং জলপূর্ণ, জল টলটলায়মান।

থইপনা, বি, রাজমিস্ত্রীর কাজ।
থক্থক্, বিং আবিল, ঘোলা; ২। গাঢ়, ঘন।
থকা, থোকা, বি, গুচ্ছ, গোছা।
থতমত, বিং অপ্রতিভভাব, আড়ষ্ট
থতান, বি, ভড়কান, চমকিত হওন।
থমক, বি, বিস্ময়।
থমকান, বি, থামন; ২। বিস্ময়ান্বিত হওন, থমকিয়া দাঁড়ান।
থর, বি, শ্রেণী, পংক্তি; ২। লোলমাংস।
থরথর, বিং কম্পান্বিত, কম্পিত।
থরথরানি, বি, কাঁপুনি।
থরহরি, বি, কম্পিত।
থরসা, বিং অর্দ্ধ ভর্জ্জিত অথচ রসযুক্ত।
থরেথরে, ক্রি বিং, স্তবকে স্তবকে, থাকে থাকে।
থলি, থলিয়া, বি, (স্থলী শব্দজ) গ্নী, ছালা, বগুণ।
থলুয়া, থলো, বি, স্তবক, গুচ্ছ।
থলথল, বিং মাংসল, মোটা।
থল্যাৎ, বিং অপহৃত দ্রব্য রক্ষিত। [নিশ্চিত।
থা, বি, স্থান; ২। বিং—স্থির,
থাই, বি, নদী গর্ভ, তলস্পর্শ; ২। শ্রেণী; ৩। মঞ্চ, মাঁচা; ৪। পক্ষ।
থাউকা, ক্রি বিং, সম্পূর্ণরূপে, সর্ব্বথা, সর্ব্বশুদ্ধ; ২। বিং—যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কথা বলে।
থাক্, বি, ছেদ, শ্রেণী; ২। ক্রি,—রহ, তিষ্ঠ। [করণ।
থাকন, বি, স্থিতি করণ, বাস
থাকে থাকে ক্রি বিং, ক্ষণে ক্ষণে, থাকিয়া থাকিয়া।
থাড়া, ঠাড়া, বিং বহুদিন প্রসূতা; ২। বি, মধ্যবয়স্কা স্ত্রী, প্রৌঢ়া। [করণ।
থাতান, বি, শান্তকরণ, সুস্থির
থাতামুথা, বিং লঘু প্রভাব, তৃণপ্রায়, সংক্ষিপ্ত।
থান, বি, (স্থান শব্দজ) জায়গা; ২। খণ্ড, টুকি; ৩। সমগ্র; ৪। বস্ত্র বিশেষ, থান কাপড়।
থানছাড়া, বিং স্থান ভ্রষ্ট।
থানা, বি, (স্থান শব্দজ) আড্ডা, চৌকিস্থান (Police station); ২। দস্যু বা রক্ষকাদির মিলন স্থান।
থানী, বি, (স্থানী শব্দজ) উড়িষ্যা অঞ্চলে এক প্রকার প্রজা আছে তাহাকে থানী প্রজা কহে। ইহা কিয়ৎ পরিমাণে এতদ্দেশীয় খুদকস্তা রাইয়তের সদৃশ।
থাবড়া, থাবা, বি, চাপড়, চড়; ২। করতল; ৩। পূর্ণমুষ্টি।

থাবড়ান, বি, চপেটাঘাত করণ ; ২। দলন। [খুঁটী।
থাম, বি, (স্তম্ভ শব্দজ) স্তম্ভ,
থামন, বি, উপশম, শান্ত হওন।
থাল, থালা, বি, (স্থান শব্দজ) ধাতুময় ভোজন পাত্র বিশেষ।
থালী, বি, (স্থালী শব্দজ) হাঁড়ি ; ২। তৈলাধার পাত্র বিশেষ।
থিতন, বি, চঞ্চল দ্রব দ্রব্যের স্থিরী হওন। [শব্দ।
থু, থুক, বি, থুথু ; ২। ঘৃণাবাচক
থুঅন, থোওন, বি, (স্থাপন শব্দজ কি ?) রক্ষা, স্থাপন।
থুইলা, ক্রি (স্থাপিলা শব্দজ) স্থাপন করিল, রক্ষা করিল।
থুক্‌থুক্, বি, অনেকের একত্র মিলন।
থুত্‌নি, থুতি, বি, (ত্রোটি শব্দজ) চিবুক, দাড়ী, ওষ্ঠের অধো-ভাগ।
থুৎকুঁড়ি, বি, থুথু, নিষ্ঠীবন ত্যাগ, অশুভাদি নিবারণোদ্দেশে অল্প নিষ্ঠীবন ত্যাগ। [শব্দ।
থুথু, বি, নিষ্ঠীবন ; ২। ঘৃণাবাচক
থুবড়ন, বি, নত হইয়া পড়া, অধোমুখে পড়া।
থুবড়া, বিং অধিক বয়স পর্য্যন্ত অবিবাহিত ; ২। নিম্নমুখ।
থুবা, থোবা, বি, গুচ্ছ, স্তবক।
থুবী, বি, কিল, থাবড়া ; যথা,—

কোপে কোতোয়াল কহে,
মুখে লাগে থুবী।" (ভারতচন্দ্র)

২। সর্প চিকিৎসকের চিকিৎসা বিশেষ। [কাটা, কুচন।
থুরণ, থুড়ন, বি, কুচিকুচি করিয়া
থেঁতলান, বি, নিষ্পীড়ন, পদদ্বারা মর্দ্দন। [দণ্ডায়মান।
থেও, বিং সরল, সোজা ; ২।
থেবড়া, বিং চেপ্‌টা, নত, চৌড়া।
থেহ, থেহা, বি, স্থৈর্য্য, স্থিরতা ; যথা,—

"চাঁদ নিঙ্গাড়ি কৈহ থেহা।" (চণ্ডীদাস)

থৈকর, বি, রাজমিস্ত্রি।
থৈথৈ, বিং টলটলায়মান ; ২। বি,—বাদ্যানুকরণ শব্দ বিশেষ।
থৈলা, ক্রি, রাখিল।
থো, ক্রি, রাখ ; যথা —

"কোতোয়াল কহে মাসি,
মিছা কথা থো।" (ভারতচন্দ্র)

থোক, বি, একত্র, মোট ; ২। রাশি, গুচ্ছ ; ৩। একুন।
থোকা, বি, থোলো, কাঁদি ; ২। কড়্‌চা, বাকি জায়।
থোকেথাকে, ক্রি বিং, একে-বারে, মোটে।
থোড়, বি, ফলিত কদলী বৃক্ষের গর্ভ, কলাগাছের মধ্য দেশ ; ২। ধান্যের গর্ভসঞ্চার, ধানের শীষ বাহির হইবার উপক্রম হইলে তাহাকে থোড়মুখী বলে।

থোড়ন, বি, খণ্ড খণ্ড করণ; ২। সম্বরণ; ৩। আচ্ছাদন।

থোড়া, বিং (হিন্দী) অল্প, কিঞ্চিৎ; ২। ক্রি,—খণ্ড খণ্ড করা।

থোড়াল, বিং স্থূল, মোটা; ২। বিকাসোন্মুত।

থোপ্না, থোবনা, বি, গুচ্ছ, স্তবক; ২ মুখ; ৩। থুঁতি, চিবুক।

থোপা, থোবা, বি, গুচ্ছ, কাঁদি; যথা,—

"আঁচলে চাবির থোবা ঝোলে গলা বেড়ে।" (হেমচন্দ্র)

দ

দ;—অষ্টাদশ হলবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।

দ, বি, (দহ শব্দজ) দহ, খাত।

দই, বি, (দধি শব্দজ) দুগ্ধবিকার বিশেষ।

দইয়াল, বি, পক্ষীবিশেষ।

দক, বি, জলযুক্ত পাঁক; ২। বিং—পঙ্কময়।

দক্তি, বি, তাঁতের অঙ্গবিশেষ, তালকাষ্ঠ নির্ম্মিত, ইহা দ্বারা সুতাকে ঘা দিয়া বুনা হয়।

দখল, বি, (আরবী) অধিকার; ২। আয়ত্তাধীন।

দগড়, বি, দামামা যন্ত্র।

দঙ্গল, বি, দলসমূহ।

দজ্জাল, বিং (যাং, হজরতের বিরোধী, ঈশ্বরোপাসনার বিরোধী। তালমুদ গ্রন্থে এই রূপ বর্ণিত আছে যে, দজ্লা (আরবী) অর্থাৎ টাইগ্রিস নদীর নিকটে 'দজা জেলা' (দজ্জাল) উৎপন্ন হইবে, বড় প্রকাণ্ড হইবে, বড় আওয়াজ হইবে, চল্লিশ দিনে পৃথিবী ফিরিবে ও ঈশ্বর উপাসনা বন্ধ করিয়া দিবে। সুতরাং দজ্জাল বড় দুর্দ্দান্ত লোক।) দুষ্ট, ক্রূর, অন্যায়ী, বড় দুর্দ্দান্ত।

দড়, বিং (দৃঢ় শব্দজ কি?) শক্ত, কঠিন; ২। বিচক্ষণ, নিপুণ, পটু, মজবুত।

দড়্কা, বি, বালরোগবিশেষ, ধনুষ্টঙ্কার রোগ।

দড়্কাঁচা, বিং সুসিদ্ধ না হইয়া শক্ত থাকা, যাহার কতকাংশ অপরিপক্ক অবস্থায় থাকে। কোন কোন স্থানে 'দর্কোচ' বলে।

দড়দড়, বিং ভয়ানক ভয়ানক, শক্ত শক্ত।

দড়বড়, দড়বড়ি, বি, দ্রুত, তাড়াতাড়ি; যথা,—

"দেখিয়া মেনকারাণী পলায় দড়বড়ি।
সময় বুঝিয়া নন্দী নিত্তায় দিয়াড়ি॥"
(কবিকঙ্কণ)

২। পদশব্দবিশেষ; যথা,—
"দড়বড় দড়বড়, অশ্বচালনায় দড়,
ছোট বড় জানা নাহি যায়।"
(রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়)

দড়া, বি, দীর্ঘ স্থূল রজ্জু, কাছি।

দড়ী, বি, অপেক্ষাকৃত সূক্ষ্মরজ্জু।

দঢ়ান, বি, দৃঢ় করণ, নিশ্চয় করণ; যথা,—
"তোরে আমি বলি সাধু করিয়া দঢ়ান।
চণ্ডী না পূজিলে তোর না হবে ছাড়ান॥"
(কবিকঙ্কণ)

দণ্ডবিধি, বি, (দণ্ড—শাসন, বিধি—ব্যবস্থা, নিয়ম) দুষ্কৃতিকারীর শাসন সম্বন্ধীয় ব্যবস্থা।

দণ্ডী, বি, দণ্ডধারী, সন্ন্যাসী।

দন, বি, ধান্যাদির মাপবিশেষ, ৵৫ সের।

দনা, দোনা, বি, (দমনক শব্দজ) বৃক্ষবিশেষ, পুষ্পবিশেষ।

দন্তকিড়িমিড়ি, বি, দন্ত ঘর্ষণের শব্দ।

দন্তাল, বিং দন্তযুক্ত, দাঁতওয়ালা।

দন্তী, বি, বৃক্ষবিশেষ। দন্তী দুই প্রকার। তন্মধ্যে যাহার পত্র যজ্ঞডম্বুরের পত্র সদৃশ তাহাকে লঘুদন্তী এবং যাহার পত্র এরণ্ড পত্র সদৃশ তাহাকে বৃহদ্দন্তী বলে।

দপট, দাপট, বি, (দর্প শব্দজ) প্রভাব, প্রতাপ।

দপ্‌দপ্‌, বি, দীপ্তি; ২। টাটানি, যন্ত্রণাবোধবিশেষ।

দপ্তর, বি, (আরবী) পুস্তকাদির একত্র বন্ধন, নেকড়া প্রভৃতি দ্বারা পুস্তক খাতা পত্রাদি এক সঙ্গে বন্ধন; ২। হিসাবের বহি; ৩। কর সংক্রান্ত বর্ণনা পত্র।

দপ্তরখানা, বি, যে স্থানে হিসাব বহি, বর্ণনাপত্রাদি রাখা হয়, লেখ্যস্থান।

দপ্তরী, বি, (পারশী) যে লেখনোপযোগী উপকরণ প্রস্তুত করিয়া দেয়; ২। যে লোক আফিসাদিতে পুস্তক প্রভৃতি যথাস্থানে সজ্জিত করিয়া রাখে; ৩। পুস্তক বাঁধাই কারক। (Book Binder)।

দফা, বি, (আরবী) অবসান, সমাপ্তি, শেষ; ২। পরিচ্ছেদ, প্রকরণ; ৩। একবার, পালা।

দফাদফা, বিং (আরবী) পুনঃ পুনঃ, বারংবার।

দফাদর, বি, (আরবী) অশ্বারোহী সৈন্য মধ্যে কর্ম্মচারীবিশেষ; ২। শ্রমজীবীদিগের মধ্যে প্রধান বক্তি; ৩। পেয়াদার সর্দ্দার, চৌকিদারের সর্দ্দার।

দফারফা, বি. জীবনীশক্তির হ্রাস, ২। বিং—অকর্ম্মণ্য।
দফে, অং, পুনশ্চ, পুনর্ব্বার।
দফ্রা, বি, (বাং) তরঙ্গ, ঢেউ, মৌজা। [তাড়না।
দবন, বি, মর্দ্দন, দলন; ২। দমন
দবয়ন, বিং পলায়িত, দূরগত।
দব্কন, দব্কান, বি, চম্কান; ২। আতঙ্কিত হওয়া।
দব্দবা, বি, শাসন।
দম্, বি, (পারশী) শ্বাস; ২। তেজ, শক্তি; ৩। জীবন; ৪। মায়া, মমতা; ৫। প্রতারণা, প্রবঞ্চনা; ৬। সঙ্গীতে—লয় প্রদর্শন পূর্ব্বক সুরের দীর্ঘ স্থায়িত্বের নাম দম। [বিশেষ।
দম্কল, বি, জলোত্তোলন যন্ত্র,
দম্কা, বি, বায়ুবেগ, ঝড়; ২। বিং—অতিশয়, অত্যন্ত; ৩। হঠাৎ।
দম্কান, বি, চাপন, দাবান; ২। বল দ্বারা আক্রমণ; ৩। অধঃপতন।
দম্খাওয়া—নিশ্বাস গ্রহণপূর্ব্বক স্থিরতা অবলম্বন, বিকারের হেতু সত্ত্বে চিত্তের স্থৈর্য্য সম্পাদন। [অহঙ্কার।
দম্প, বি, (দম্ভ শব্দজ) গর্ব্ব,
দম্বল, বিং ধাউড়িয়া, নকীব; যথা,—

"রথবলে সাজে রথী,
বীরবলে সেনাপতি,
রথ আগে ধাইল দম্বল॥"
(কবিকঙ্কণ)

২। বি,—অম্লবস্তু, যদ্দ্বারা দুগ্ধের বিকৃতি সম্পাদন করা যায়, দধি প্রভৃতি।
দয়, বি, (দেহ শব্দজ) দহ, গর্ত্ত; ২। ক্রি,—দগ্ধ হয়; যথা,—

"যে ঘরে সতিনী রয়,
কামানলে প্রাণ দয়,
যেমন লাগয়ে বিষজ্বালা।"
(কবিকঙ্কণ)

দয়্মজান—সমূলে ধ্বংস, মহানিষ্টাপাত।
দয়েল, বি, (দহিয়াল শব্দজ) পক্ষীবিশেষ।
দর, বি, (পারশী) মূল্য, দ্রব্যের নির্দ্ধারিত দাম; ২। গহ্বর, গর্ত্ত; যথা,—

"মাতঙ্গ পড়িলে দরে,
পতঙ্গে প্রহার করে,

দর্ওয়াজা, বি, (পারশী দর—দ্বার + আওয়েজ—ঝোলান, কব্জাযুক্ত — লটকান— যাহা দ্বারেলট্কান থাকে) কবাট। বাঙ্গালায় দরজা।
দর্ওয়ান, বি, (পারশী দর—দ্বার +ওয়ান—রক্ষক, সংস্কৃত দ্বারবান) দ্বাররক্ষক। বাঙ্গালায় দারোয়ান।

দরকচাপড়া—জামুড়া, কোন স্থানে আঘাত লাগিয়া শক্ত হওয়া ;

দরকার, বি, (পারশী দর—মাঝখান + কার—কাজ অর্থাৎ কাজের মাঝখান) আবশ্যক।

দরকারী, বিং আবশ্যকীয়।

দরজা, বি, (যাং দরওয়াজাহ) দ্বার, কবাট।

দরজী, বি (পারশী) সূচিজীবী, যাহারা ছুঁয়ের কার্য্য করে।

দরণ, বিং পচা, গলা ; ২। পক্ক হওয়া।

দরদ, বি, (পারশী) ব্যথা, দুঃখ ; ২। মমতা। পূর্ব্ববঙ্গেও প্রচলিত।

দরদী, বিং (পারশী) ব্যথিত : যথা, —

"বিরহ বেদন, না জানে আপন,
দরদের দরদী নয়।" (চণ্ডীদাস)

দরদর, বি, ক্ষরণ, স্রাব ; ২। বিন্দুপাত ; ৩। টপ্‌টপ্ করিয়া পড়া।

দরদালান, বি, (পারশী) দালানের সম্মুখস্থ স্থান, বাহিরের মণ্ডপ, (Corridor)।

দরপত্তনী, বি, (পারশী) পত্তনীদারের অধীন পত্তনী।

দরবস্তহকুক, বি, (পারশী) সমগ্র স্বত্বাধিকার।

দরমা, বি, নল নির্ম্মিত আসনবিশেষ, চাঁচ।

দরমাহা, বি, (পারশী দর—প্রত্যেক + মাহা—মাস) মাসিক বেতন।

দরবার, বি, (পারশী) সভা ; ২। বিচারস্থান ; ৩। মোকদ্দমা, নালিস। [ভিক্ষুক।

দরবেশ, বি, (পারশী) ফকির,

দরা, বিং জীর্ণ, পচা, গলিত।

দরাজ, বিং (পারশী) লম্বা, বিস্তৃত।

দরাব, বি, তষ্টা ; ২। মুদ্রাকর ; ৩ ভাস্কর। [জল।

দরিয়া, বি, (হিন্দী) সমুদ্র, অতল-

দরী, বি, গহ্বর, পর্ব্বতগুহা ; ২। চিত্রিত বস্ত্র ; ৩। বিং—নব্য, আধুনিক ; ৪। দরিদ্র।

দরুণ, (পারশী) যাহার নিকট বা যে কারণে পাওয়া যায়, তাহার নিদর্শন, নিমিত্ত।

দরগা, বি, (পারশী) মুসলমানদিগের ধর্ম্মালয়, পীরের স্থান।

দল্, বি, পাল, সমূহ ; ২। দাম, শৈবাল ; ৩। স্থূলতা।

দলক, বি, অবিরত বৃষ্টিপাত, যেমন "তিন দলকে জ্যৈষ্ঠ কামাই।" (প্রবাদ) ; ২। বিং—কাদাযুক্ত, পঙ্কিল।

দলকচু, বি, কচুবিশেষ ; ২। ধান্য বিশেষ, ইহা মেটেল জমিতে

হয়, জল না হইলেও সহসা ইহার কোন অনিষ্টের সম্ভাবনা নাই।

দল্‌চোরা, বি, নিকৃষ্ট অশ্ব, যে সকল ঘোড়া মাঠ ঘাট খাল বিলে চরিয়া বেড়ায়।

দলপিপী, বি, জলচরপক্ষী বিশেষ।

দলাদল, দলাদলি, বি, ভেদ, বিরোধ, দ্বন্দ্ব। [ছানন।

দলান, বি, মর্দ্দন, মাড়ান; ২।

দলিজ, দলুজ, বি, (পারশী) বৈঠকখানা, চণ্ডীমণ্ডপ, বারাণ্ডা; যথা,—

"দলুজে বসিয়া দুঃখ ভাবে মহামদ।
কোন যুদ্ধে ভাগিনা বধিব দুরাসদ॥"
(ঘনরাম)

২। বাটীর সদর দরজার পার্শ্বস্থ বসিবার স্থান।

দলিল, বি, (পারশী) কোন বিষয়ের লিখিত প্রমাণ।

দলুয়া, দ'লো, বি, গুড় বিকার বিশেষ। কাঁচাগুড় শৈবাল দিয়া শুখাইয়া যে চিনি পাওয়া যায়, তাহাই দলো।

দলদলে, বিং পঙ্কিল, পাতলা কাদাযুক্ত।

দল্‌মল, বিং টলটলায়মান, টল্‌মল।

দশকিয়া, বি, গণিত বিশেষ।

দশচক্র, বি, ষড়যন্ত্র (conspiracy)।

দশা, বি, বস্ত্রের ছিলা; ২। দুরবস্থা; ৩। মৃতাহ হইতে দশম দিনের কৃতকার্য্য; ৪। ভক্তি-ভাবাবেশ, সমাধি, ভাবাবেশে বাহ্যজ্ঞান রহিত।

দশাসই, বিং দীর্ঘায়তনবিশিষ্ট, দীর্ঘদেহ সম্পন্ন, যাহার দেহের আয়তন বৃহৎ।

দশী, বি, সূত্র, কাপড়।

দস্তখৎ, বি, (যাং দস্ত—হস্ত + খৎ—লিখন) স্বাক্ষর, নাম সহি করা।

দস্তবদস্ত, বি, (পারশী) সমুদয় হাতে হাতে। [রাং।

দস্তা বি, (হিন্দী) ধাতুবিশেষ,

দস্তাবেজ, বি, (পারশী) আদালতে প্রমাণার্থ কাগজ পত্রাদি, দলিল।

দস্তর, বি, (পারশী) নিয়ম; যেমন দস্তর মোতাবেক দাদন দাও।

দস্তরি, বি, (পারশী) দ্রব্য বিক্রয় সময়ে ক্রেতার ভৃত্যাদি বিক্রেতার নিকট যাহা কিছু পায়, দালালি, (commission)।

দহ, বি, গহ্বর, গর্ত্ত, গহরা।

দহরম, বি, (পারশী) সৌহার্দ্দ, বন্ধুতা।

দা, বি, (দাত্র শব্দজ) অস্ত্র বিশেষ, কাটারি।

দাই, বি, (যাং) ধাত্রী, ধাই।

দাউদ, বি, (পূর্ব্ববঙ্গে, দদ্রু শব্দজ) রোগবিশেষ, দাদরোগ।

দাউলিয়া, বি, শস্যকর্ত্তক শস্য-ছেদক।

দাওন, বি, তৃণকর্ত্তন, শস্যছেদন।

দাওয়া, বি, পাওনা; ২। ঘরের পিঁড়ে, রক, মাটীর ঘরের বারান্দা; যথা,—

"তালতরু সম উচ্চ করিল প্রাচীর।
পাষাণের দাওয়া দিল হনুমান বীর।
(কবিকঙ্কণ)

দাওয়ান, বি, (পারশী) জমিদারী বা রাজসংক্রান্ত প্রধান কর্ম্মচারী; ২। শস্যমর্দ্দন, মাড়ন; ৩। ম'ড়ো দড়ি, যে দড়িতে অনেক গরু বাধিয়া শস্যমর্দ্দন করে, দোঁকা, দামনী।

দাওয়াল, বি, সুন্দরবন প্রভৃতি অঞ্চলে ধান্য পাকিলে দূর দূরান্তর হইতে মজুরেরা তথায় যাইয়া ধান্য কাটে, সেই মজুরদিগকে প্রাদেশিক ভাষায় 'দাওয়াল' কহে।

দাঁড়, বি, (দণ্ড শব্দজ) নৌকার দণ্ড, বাটে; ২। দাঁড়ান।

দাঁড়কাক, বি, কৃষ্ণবর্ণের বৃহৎ-কাক; যথা,—

"হায় বিধি পাকা আম দাঁড়কাকে খায়"
(ভারতচন্দ্র)

দাঁড়া, বি, রীতি, ব্যবহার; ২। মেরুদণ্ড; ৩ আলু ইক্ষু প্রভৃতির জমিতে দুইদিকে জুলি কাটিয়া তাহার মধ্যবর্ত্তী স্থানে উচ্চ করিয়া যে মাটী সঞ্চিত থাকে, তাহাকে "ভেলি" বা 'দাঁড়া' কহে। উহার উপর বীজ বোনে; ৪। বিং—খাড়া; ৫। ক্রি—(অনুজ্ঞা) দণ্ডায়মান হও।

দাঁড়ান, বি, দণ্ডায়মান, খাড়া থাকা; ২। অপেক্ষা করণ।

দাঁড়ী, বি, নৌকা বাহক, যে নৌকায় দাঁড় টানে; ২ তুলাদণ্ড; ৩। ছেদসূচক রেখা (।)।

দাঁড়ীপাল্লা, বি, পরিমাণদণ্ড, তৌলদাঁড়ী।

দাড়োশ, বি, সর্পবিশেষ।

দাঁত, বি, (দন্ত শব্দজ) দন্ত। অস্মদ্দেশে "দাঁত দেখি তোর বয়স কত?" এই প্রবাদ প্রচলিত আছে, উহা ঠাট্টা স্থলে প্রযুক্ত হইলেও প্রকৃত ঠাট্টা নহে, সত্য কথা। শালোত্রীরা (অশ্বচিকিৎসকেরা) চিকিৎসার্থ আনীত ঘোড়ার প্রথমেই দাঁত ও দাঁতের মাড়ি দেখিয়া বয়স কত বুঝিয়া সেই অনুসারে চিকিৎসা করে। দাঁত যে বয়সের পরিচায়ক, ইহা মনুষ্য সম্বন্ধে কাহাকেও

বলিতে হইবে না। চল্লিশের কাছাকাছি মাড়ি সঙ্কুচিত ও দাঁত ফাক হইতে থাকে, পরে ক্রমে সম্মুখের দাঁত, পরে কষের দাঁত পড়িতে থাকে। অতএব মনুষ্য জীবনে দাঁতের যেরূপ পরিবর্ত্তন হয়, এত অন্য কোন অঙ্গের হয় না। জন্ম হইতে সর্ব্ব প্রথমে দাঁত নাই, পরে ২৷১টী সাম্‌নের দুধেদাঁত, পরে অনেকগুলি দাঁত ও সব দাঁত। ৬৷৭ বৎসর বয়সে দাঁত পড়িতে লাগিল ও তাহাদের স্থলে চিরুণীপানা দাত উঠিতে লাগিল, দশবৎসর হইতে ৪০ বৎসর পর্য্যন্ত শক্ত-দাঁত, পরে ফাক দাঁত, তদনন্তর সম্মুখের দাঁত পড়া, পশ্চাৎ কষের দাঁত পড়া, অবশেষে সব দাঁত পড়া।

দাঁতন, বি, দন্তধাবন, দন্তমার্জ্জন।

দাঁতাল, বিং (দন্তাল শব্দজ) বৃহৎ-দন্তবিশিষ্ট।

দাঁহুড়, বিং দুর্দ্দমনীয়, দুরন্ত।

দাকাবুকা, বিং সাহসী, নির্ভীক।

দাখিল, বি, (আরবী দখল—অধিকার করা) অর্পণ, পেশ করা; ২। উপস্থিত হওন; ৩। বিং—সন্নিবিষ্ট, সামিল, অধিকৃত।

দাখিলখারিজ, বি, (আরবী) কালেক্টরী রেজিষ্টারে পুরাতন অধিকারীর নাম বদলাইয়া নূতন অধিকারীর নাম লিখান।

দাখিলা, বি, (আরবী) রাজস্ব দেওয়ার রসিদ, কবচ।

দাগ, বি, (পারশী) চিহ্ন, অঙ্ক, আদর্শ; ২। কলঙ্ক; ৩। ছিন্ন।

দাগরাজি, বি, (পারশী) ভগ্ন অংশ মেরামত করা।

দাগরী, বি, সওদাগরী, ক্রয়বিক্রয় ব্যবসা।

দাগা, বি, (পারশী) পীড়ন, ক্লেশ, কষ্ট যথা,—

"নারীহীন পুরুষ পেয়েছে বড় দাগা।"
(ঘনরাম)

২। বিবাদ, ঝগড়া; ৩। ঠকান, প্রতারণা করা; ৪। আদর্শ; ৫। কামান বা বন্দুকের আওজ করা; ৬। ক্রি—অঙ্কিত করা, চিহ্নিত করা।

দাগাদার, বিং (পারশী) বিশ্বাস-ঘাতক; ২। দুষ্ট, অনিষ্টকারী।

দাগাদারী, দাগাদারি, বি, বিশ্বাস-ঘাতকের কার্য্য; ২। প্রতি-বন্ধকতা, শত্রুতা।

দাগাবাজ, বিং (পারশী) বিশ্বাস-ঘাতক, প্রতারক।

দাগাবুলান—তালপত্র কিম্বা

কদলীপত্রাদিতে লিখিত আদর্শের উপর কালিদ্বারা লিখন।

দাগিল, ক্রি, উত্তীর্ণ হইল, পার হইল ; যথা,—

"পিছে রাখে বর্দ্ধমান সরাই সহর।
দিগদণ্ড দিবায় দাগিল দামোদর॥"
(ঘনরাম)

দাগী, বিং (পারশী) চিহ্নিত, কলঙ্কিত. যে দোষ করিয়া দণ্ড পাইয়াছে। [কর্কশ।

দাগুড়া, বিং আবুড়াথাবুড়া ; ২।

দাঙ্গা, বি, হাঙ্গাম, কলহ ; ২। বিদ্রোহ। [বিষদন্ত।

দাড়, দাড়া, বি, নখ, হুল, চঞ্চু ;

দাড়ি, দাঢ়ি. বি, ওষ্ঠের অধোভাগ, চিবুক ; ২ শ্মশ্রুলোম।

দাড়িম, বি, (দাড়িম্ব শব্দজ) দাড়িমগাছ ও ফল।

দাণ্ডা, বি, গৃহাদির ভিত্তির উপর প্রোথিত ক্ষুদ্রদণ্ড ; ২। লাঠি।

দাণ্ডাথাণ্ডা, বিং পতিপুত্র বিহীনা।

দাণ্ডি, বি, দাঁড়িপাল্লা ; ২। পার্ব্বতীয় যানবিশেষ।

দাদ, বি, (দদ্রু শব্দজ) চর্ম্মরোগবিশেষ ; ২। (পারশী) প্রতিশোধ ; ৩। বিচার ; ৪। দায়।

দাদখানি, বি, তণ্ডুলবিশেষ, দাউদখানি ধান্য হইতে উৎপন্ন তণ্ডুল। এ ধান্য দিনাজপুর জিলায় অধিক আবাদ হয়। ইহার চাউল অতিশয় সরু ও ছোট বলিয়া দেশ বিদেশে আদরের সহিত ভক্ষিত হয়।

দাদন, বি, কর্ম্মাদির অগ্রিম বেতন ; ২। দ্রব্যাদির অগ্রিম মূল্য গ্রহণ।

দাদফরিয়াদ, বি, (দাদ—বিচার + ফরিয়াদ (পারশী) দোহাই দেওয়া, সাহায্য ভিক্ষা) দায়বিদায়, সঙ্কট ; বিচার প্রার্থনা।

দাদা, বি, জ্যেষ্ঠভ্রাতা ; পিতামহ ; ৩। মাতামহ।

দাদী, বি, (যাং) পূর্ব্ববাদী, ফরিয়াদী ; ২। পিতামহী ; ৩। মাতামহী।

দাদু, বি, (দদ্রু শব্দজ) চর্ম্মরোগ বিশেষ, দাদ। [ব্যাং।

দাদুর, (দর্দ্দুর শব্দজ) ভেক,

দাদ্রা, বি, (যাং) গ্রাম্য সঙ্গীত, ইহাতে নানা প্রকার ক্ষুদ্রক্ষুদ্র বিষয় বর্ণিত থাকে।

দান, বি, দেওন ; ২। পড়তা, সুবিধা ; ৩। তোলা, হাটবাজারে ফলমূলাদি বিক্রেতার নিকট হইতে যে দ্রব্য বিনামূল্যে লওয়া যায় ; যথা,—

"কানাই কদম্বতলে ছলে দান সাধে।
বদনে বিনোদ বংশী বলে রাধে রাধে॥"
(ঘনরাম)

দানকুণা, দানকুনী, ডানকুনী, বি, মৎস্যবিশেষ।

দানড়া, বিং, তষ্টিদার, ভিক্ষুক।

দানপত্র, বি, কোন বস্তু কোন ব্যক্তিকে দিলাম বলিয়া লিখন পত্র।

দানসাগর, বি, শ্রাদ্ধে ষোলগী [ষোড়শ।

দানা, বি, (দানব শব্দজ) দেবযোনি, দৈত্য; ২। (পারশী) বীজ বা গোলাকার ক্ষুদ্রবস্তু, মটরাদির বীজ; ৩। মুক্তা; ৪। মালাবিশেষ; ৫। বিদ্বান, পণ্ডিত।

দানাকর্পূর, বি, বণিক দ্রব্যবিশেষ।

দানাপানী, বি, (পারশী) আহার ও পানীয়।

দানী, বি, হাটে বাজারে অথবা নদীতীরে যাহারা দান সাধে অর্থাৎ কর সংগ্রহ করে; ২। পাত্র, আধার; ৩। দানের পাত্র। [ত্যক্ত।

দানুয়া, বিং নিবেদিত, উৎসৃষ্ট,

দাপ্, দাপট্, বি, (দর্প শব্দজ ?) প্রভাব, প্রতাপ; যথা,—

"বাপ একি গুমটের দাপ।"

(ঈশ্বরগুপ্ত)

"চলিতে চলিতে, দণ্ড দাপটে—
প্রমথ চলিল শেষ।" (ছায়াময়ী)

দাপন, বি, পদদ্বারা মর্দ্দন, পা দিয়া মাড়ান।

দাপান, বি, হস্ত পদাদি সঞ্চালন।

দাপুনী, বি, তেজ; ২। গর্ব্ব প্রকাশ।

দাপ্না, বি, উরু, সন্ধিস্থান।

দাব্, বি, শাসন, তাড়না।

দাবড়, দাবড়া, দাবুড়ি, বি, দাপট; ২। তাড়া, তিরস্কার, ভয়োৎপাদক তর্জ্জন।

দাবন, বি, দমন; ২। ছাপা; ৩। ইন্দ্রিয় দমন; ৪। চাপন, মাড়ন।

দাব্‌লো, বিং দুর্দ্দান্ত, দুর্দ্দমনীয়; ২। প্রকাণ্ড, বৃহৎ।

দাবা, বি, সতরঞ্চ খেলার মন্ত্রী (The queen); ২। দ্বার, প্রকোষ্ঠক, দাওয়া; ৩। বিং—চাপা; ৪। ক্রি—শাসন করা।

দাবী, বি, (যাং) যাচ্ঞা, প্রার্থনা, পাইবার প্রার্থণা; ২। নালিস।

দাবীদাওয়া—প্রত্যাশা, লাভের আশা।

দাম, বি, মূল্য; ২। শৈবাল, শিয়ালা; ৩। গুচ্ছ; ৪। (পারশী) জাল।

দাম্ড়া, বি, মুক্তমুষ্ক ষণ্ড, পুংস্তহীন বলদ।

দাম্ড়ি, বি, পাঁচগণ্ডা ৫৲।

দামনী, বি, দোকা, মড়ো দড়ি।

দামরা, বি, ঢোল (মাণিকচাঁদের গান দ্রষ্টব্য)।

দামা, বি, বাদ্য বিশেষ ; ২। বিং —নির্ব্বোধ, গোঁয়ার।

দামামা, বি, বাদ্য যন্ত্র বিশেষ, বৃহৎ ঢক্কা।

দামাল, দাম্বাল, ডামাল, বিং অশান্ত, অতিশয় চঞ্চল ; ২। বি,—দুরন্ত শিশু, ৮।১০ মাস হইতে ২ বৎসর বয়স পর্য্যন্ত শিশু ; যথা,—

"চলন বলন ঠাটে রইল দামাল।
সঙ্গে সহচর সব সহর হাওয়াল॥"
(ঘনরাম)

দায়, বি, বিপদ, সঙ্কট ; যথা,—

"বিস্তর ধার্ম্মিক তাহে ঠেকে গেল দায়।"
(ভারতচন্দ্র)

২। প্রয়োজন, গরজ।

দায়ক, বিং অপবাদক, দোষদ।

দায়রা, বি, (পারশী) উচ্চতর বিচারক কর্ত্তৃক সাময়িক ফৌজদারি বিচার (Session).

দারগা, বি, থানার সর্ব্বপ্রধান কর্ম্মচারী, যাঁহার উপর থানার অধীনস্থ গ্রাম সমূহের চুরি ডাকাইতি প্রভৃতি কার্য্যের অনুসন্ধানের ভার আছে।

দারী, বি, গণিকা, বেশ্যা ; যথা,—

"দারীর দর্শনে পুণ্য স্পর্শে মহাপাপ।
দূর কর মহারাজ ও সব প্রলাপ।"
(ঘনরাম)

দারু, বি, (হিন্দী) সুরা, মদ্য।

দারুচিনি, বি, বৃক্ষত্বক বিশেষ।

দাল, দালি, বি, (দ্বিদল শব্দজ) কলায় প্রভৃতি। মটর কলাই প্রভৃতির খোসা ছাড়ান আধ আধ খানি বীজ।

দালপুরী, ডালপুরী, বি, খাদ্য বিশেষ, ময়দার মধ্যে মাষ-কলাইয়ের দাইল বাটা দিয়া যে রোটিকা প্রস্তুত হয়।

দালান, বি, (পারশী) ইষ্টক নির্ম্মিত প্রশস্ত গৃহ, দ্বারো-পান্তে মহাশালা। পূর্ব্ববঙ্গে কোটাবাড়ী।

দালাল, বি, (আরবী—দলিল শব্দজাত) ক্রয় বিক্রয় প্রয়োজক। যে ব্যক্তি ক্রয় বিক্রয় স্থলে মধ্যস্থ হইয়া বিচার বিতর্ক করে। যাঁহারা কোন মালের গ্রাহক সংগ্রহ করেন এবং আপনাদের পরিশ্রমের পরিবর্ত্তে মাল বিক্রয় হইলে ক্রেতা বিক্রেতা উভয় পক্ষ হইতেই শতকরা বা মণকরা দস্তরী লন, তাঁহা-দিগকে দালাল কহে।

দাল্‌না, বি, তরকারি, ব্যঞ্জন বিশেষ।

দাসখত, বি, দাসত্ব করণার্থ লিখন পত্র।

দাস্ত, বি, মলত্যাগ।

দিক্, বি, (দিশ্ শব্দজ) পূর্ব্বাদি

দশদিক ; ২। অংশ, খণ্ড ; ৩। পক্ষ।

দিক্‌দার, বিং (যাং) বিরক্তি-কর ; ২। দুঃখজনক।

দিক্‌পাল, বি, দিকরক্ষক ; ২। প্রধান ব্যক্তি।

দিগ্‌গজ, বিং মহাপণ্ডিত ; ২। ব্যঙ্গার্থ—মহামূর্খ, হস্তীমূর্খ।

দিগ্‌বিদিক, বি, দিক ও বিদিক অর্থাৎ কোণ সমূহ, সকল দিক ; ২। গুরু লঘু, হিতাহিত ন্যায়ান্যায় বিবেচনার অভাব প্রদর্শন স্থলে প্রযুক্ত হইয়া থাকে।

দিগারী, বি, দায়ীত্বকর, দায়ীত্ব গ্রহণ হেতু প্রাপ্য অর্থ, চুরি ডাকাইতি প্রভৃতি হেতু যাহাকে ক্ষতি পূরণ করিতে হয়, তজ্জন্য প্রাপ্য অর্থ ; যথা,—

"মোর শিরে দায় যদি হয় ডাকাচুরি।
পঞ্চাশ কাহন চাহি আমার দিগারী॥"
(কবিকঙ্কণ)

দিঠ, দিঠি, বি, (দৃষ্টি শব্দজ) দৃষ্টি ; ২। চক্ষু।

দিদি, দিদী, বি, জ্যেষ্ঠা ভগিনী ; ২। পিতামহী ; ৩। মাতামহী।

দিনড়ী, বিং প্রত্যোহিক, দিবসিক।

দিনদিন্, অং, প্রত্যহ।

দিনপাত, বি, কাল যাপন।

দিনমান, বি, সূর্য্য দর্শন কালের পরিমাণ। [প্রাত্যহিক।

দিনায়, বিং (যাং) দৈনিক,

দিমাগ, বি, (যাং) অহঙ্কার, আত্মশ্লাঘা।

দিয়ড়ি, বি, দেউটী, প্রদীপ, মশাল ; যথা,—

"চলিলা দেবরায়, প্রমথ পাছুধায়,
দিয়ড়ি করে দানাপণ।"
(কবিকঙ্কণ)

দিয়ালা, বি, বালকদিগের স্বপ্নে হাসি কান্না ; যথা,—

"নিদ্রায় দিয়ালা করে ঘন ঘন হাস।
দেখি হরষিত রম্ভা মনের উল্লাস॥"
(কবিকঙ্কন)

দিল্, বি, (যাং) হৃদয়, অন্তঃকরণ, মন।

দিল্‌দরিয়া, বিং (যাং) সরল অন্তঃকরণ বিশিষ্ট, সরল মনা।

দিবক, দেবক, বি, বারুদ পূর্ণ পদার্থ বিশেষ।

দিবিব, বি, (দিব্য শব্দজ) শপথ, প্রতিজ্ঞা ; ২। বিং —সুন্দর, উৎকৃষ্ট।

দিশ্, বি, দিন ; ২। দিক্।

দিশপাশ, দিশ্‌পিস, বিং অপরিমিত, অপর্য্যাপ্ত, পরিমাণ বিহীন।

দিশা, বি, দিক্‌ভ্রম ; ২। ভাবাবেশ বিশেষ ; যথা,—

"দিশা শিখায়েন প্রভু হাতে তালি দিয়া।
আপনে কীর্ত্তন করে শিষ্যগণ লৈয়া॥"
(চৈতন্য ভাগবত)

২। মলত্যাগের বেগ, বাহ্যের বেগ; যথা,—

"যাইতে দৈবের দোষে দিশা তার পায়।
ঠাকুর বান্ধিয়া পৃষ্ঠে বসিল তথায়।"
(কৌতুক বিলাস)

দিশাহারা, বি, দিক্‌ভ্রম, পথভুল।

দিস্তা, বি, ২৪ তা কাগজ; ২। বস্ত্রের সূত্র বিভিন্নতা।

দীগী, দীঘী, বি, (দীর্ঘিকা শব্দজ) দীর্ঘিকা, বৃহৎ জলাশয়।

দীর্ঘ, বি, (দৈর্ঘ্য শব্দজ) লম্বা, দীর্ঘাকার। বিং—অতিশয় লম্বা। দীবল, বিং বৃহৎ, লম্বা।

দীদী, বি, (দায়াদ শব্দজ) জ্যেষ্ঠা ভগিনী।

দীপক, বি, রাগবিশেষ; ২। আলোক বিশেষ।

দীপগাছ, দীপঝাড়, বি, বাতির ঝাড়, বেলোয়ারি ঝাড়।

দীয়া, বি, (যাং) প্রদীপ; ২। আকাশ।

দীয়াসলাই, বি, (দীয়া—দীপ+শলাই—শলাকা) দীপশলাকা, দেকাটি। টাঙ্গাইল মহকুমায় দীয়াবাতি বলে।

দুঅন, বি, দোহন, গবাদির স্তন হইতে দুগ্ধ নিঃসারণ।

দু-আখা, বি, (আখা—অক্ষি শব্দজ কি?) জ্বাল দিবার এক মুখ বিশিষ্ট দুইটী উনন বা চুল্লী। কোন কোন স্থলে দু-পাখা বা দো-পাখা বা পাকা; কোথাও দু-চোখো শব্দ ব্যবহৃত হয়।

দুই,—দ্বি, একের দ্বিত্ব, দুইটী। চট্টগ্রামে দুগুগা।

দুইএক, বিং এক কিম্বা দুই; ২। অত্যল্প। [দুঃখ, দৈন্য।

দুঃখবিন্দা, বি, (হিন্দী) অতি-

দুঁড়িয়া, বিং আটল; ২। বি,— মৎস্য ধরিবার যন্ত্র বিশেষ।

দুঁদিয়া, দুঁদে, বিং (দুর্দ্দান্ত শব্দজ কি?) দুরন্ত, দুষ্ট।

দুঁহা, দোহা, সর্ব্বং, উভয়, দুই।

দুকান, দোকান, বি, (যাং) পণ্যশালা।

দুকুল, বি, পিতৃকুল ও মাতৃকুল; ২। দুই পার।

দুগড়িয়া, বিং (হিন্দী) প্রবঞ্চক; ২। দোঠকা, উভয়ের নিকট ভদ্রাভদ্র কথক।

দুঘড়ি, বি, দ্বিপ্রহর।

দুঃখচেটে, বিং ক্লেশ সহিষ্ণু, দুঃখ সহ্য করিতে পারগ।

দুজা, বি, দ্বিধা, দ্বিভাব; যথা,—

"মনেমোর নহে যেন দুজা।"
(প্রেমভক্তি চন্দ্রিকা)

দুটপ্পা, বি, সংক্ষেপ, অল্প ; ২। অল্প কথায় বহু অর্থ প্রকাশক।

দুণ, দুণা, বিং দ্বিগুণ, দুইগুণ, ডবল। [দ্বিধা।

দুতত্ত্ব, বি, দুই বিষয় ; ২। দ্ব্যর্থ,

দুদ, দুধ, বি, (দুগ্ধ শব্দজ) দুগ্ধ।

দুর্দ্দরি, বিং ক্রমাগত, অবিশ্রান্ত ; ২ তাড়াতাড়ি।

দুধকম্বল, বি, গর্ভবতী গাভীর প্রসবের অব্যবহিত পূর্ব্বে উদরের নীম্নে (নাভিদেশে) দুগ্ধাবির্ভাব জ্ঞাপক যে গোলাকার মাংসপিণ্ড ঝুলিয়া পড়ে, তাহার নাম দুধকম্বল। উহা দেখা দিলে প্রসবের বিলম্ব থাকে না। [বিশেষ।

দুধকলমা, বি, হৈমন্তিক ধান্য

দুধক্ষীর, বি, ধান্যের গর্ভাবস্থা।

দুধনামা, বি, স্তনদেশে দুগ্ধের সঞ্চার বা আধিক্য হওন।

দুধফেণি, বি, দুগ্ধে পাক করা পিষ্টক বিশেষ।

দুধভর, বি, দুগ্ধের আবির্ভাব।

দুধাল, বিং দুগ্ধবতী, যে গরু অনেক দুধ দেয়।

দুণ, দুণা,—দ্বিগুণ।

দুন্,—বাজনা বিশেষ ; বাজনার দুই মাত্রার বানী এক মাত্রায় বাজনর নাম দুন্।

দুনি, দুনী, বি, (দ্রোনী শব্দজ) কাষ্ঠের অথবা তালের জল সেচন যন্ত্র, ডোঙ্গা ; ২। বায়ু দ্বারা চালিত শস্য পেষণ যন্ত্র।

দুনিয়া, বি, (পারশী) পৃথিবী।

দুন্দুমার, বিং বিষম, ঘোরতর, ভয়ানক।

দুপট্টি, বি, শ্রেণীদ্বয়।

দুপাটী, বি, পুষ্প বৃক্ষ বিশেষ ; ২। দুই শ্রেণী, দুই থাক।

দুপর, দুপুর, বি, (দ্বি প্রহর শব্দজ) দ্বি প্রহর, বেলা ১২টা, যখন সূর্য্য ঠিক মাথার উপর আসে। উত্তর বঙ্গে 'দুপরং'। [জারজ।

দুভাষী, বিং দ্বিভাষাবাদী ; ২।

দুম্চী, বি, চর্ম্মরজ্জু যদ্দারা ঘোড়ার জিন অশ্বপুচ্ছে আকৃষ্ট থাকে। (crupper)।

দুম্ড়ন, বি, সঙ্কোচন, মোড়ন, ভাঁজ করা।

দুম্বো, দোম্বা, বি, একজাতীয় মেষ, ইহার লেজ এত মাংসল ও স্থূল যে উহার ভারে সে সহজে চলিতে পারে না।

দুর্ম্মা, বি, অর্দ্ধ পক্ক নারিকেল, দোমালী নারিকেল।

দুয়া, বিং (দুর্ভগা শব্দজ কি ?) ভাগ্যহীনা, দুর্ভগা, স্বামী যে স্ত্রীকে ভালবাসে না অথবা দেখিতে পারে না।

দুয়ারী, বি, (দ্বারী শব্দজ) দ্বারী, দ্বাররক্ষক ; যথা,—
"দ্বিরদরদনির্ম্মিত দ্বারে দুয়ারী দ্বিরদ।"
(মাইকেল)

দুল্, বি, কর্ণাভরণ বিশেষ ; ২। আলবাল ; যথা —
"রোপিলা কুসুমরাজ সত্যভামা দ্বারে।
নানা রত্নে দুল বান্ধিলেন তরুবরে॥"
(বঙ্গবাসীর মহাভারত)

দুলাল, বি, প্রেম, অনুরাগ ; ২। বিং—প্রিয়, মনোজ্ঞ, আদুরে, যথা,—
"বাপের দুলালি ছিলি
তাহে জলাঞ্জলি দিলি। (ভারতচন্দ্র)

দুলিচা, বি, (যাং) আসন বিশেষ।

দুলিয়া, বি, বর্ণশঙ্কর জাতি বিশেষ, দুলে, বেহারা।

দুল্লিল, বি, আদর ; ২। বিং— আদুরে ; যথা,—
"যথা তথা যাই সে দুল্লীল করে মোরে।
দুল্লীল লাগিয়া কেহ পড়াইতে নারে॥"
(চৈতন্যমঙ্গল)

দুশনাম, বি, (যাং) দুর্ণাম, গালি।

দুশ্‌মন, বিং (পারশী) শত্রু, বিপক্ষ ; ২। দুষ্ট। [দৌরাত্ম্য।

দুষ্টমি, দুষ্টামি, বি, দুষ্টতা,

দুস্থতী, বি, স্থূল বস্ত্র বিশেষ, এক প্রকার মোটা কাপড়।

দুহাকার, সর্ব্বং, উভয়ের, দুই জনের।

দুহাতিয়া, বিং দুই হস্তে সমান কার্য্যকারক, দুই হস্তে ধৃত।

দূতী, বি, বার্ত্তা বাহিনী ; ২। কুট্‌নী।

দূর, বি, অন্তর, ব্যবধান ; ২। খেদান ; যথা,—
"কেহ গালি দেয়, কেহ করে দূর দূর।"
(রামেশ্বর)

দূরবীণ, বি, (দূরবীক্ষণ শব্দজ) যন্ত্র বিশেষ, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র বস্তু যে যন্ত্র দ্বারা দেখা যায়।

দৃঢ়, বি, প্রমাণ ; ২। বিং—সুস্থ, নীরোগ ; যথা,—
"লতাপাতা নিয়া যোগী দৃঢ় কর।"
(চৈতন্যভাগবত)

দৃষ্টিঘরা, বি, নেত্রমণি, চক্ষুর তারা। [ভায়রা।

দেইজী, বি, জ্ঞাতি, সগোত্র,

দেউটি, বি, প্রদীপ, আলোক ; যথা,—
"আকাশে দেউটী যেন দুই চক্ষু জ্বলে।"
(কৃত্তিবাস)

দেউড়ী, বি, দৌবারিক স্থান, বহির্দ্বার, সদর দরজা ; যথা,—
"দেউড়ী জানিয়া কেহ প্রবেশে বিবরে।"
(রামপ্রসাদ)

২। মশাল, আলোক ; যথা,—
"বরযাত্র কন্যাযাত্র করে তাড়াতাড়ি।
কোন্দল করিয়া পথে নিভায় দেউড়ী॥"
(ক্ষমানন্দ ও কেতাকাদাস)

দেউল, বি, (দেবালয় শব্দজ বা হিন্দী ডেউলী শব্দজ কি ?) দেবালয়, মঠ। [নির্ধন।

দেউলিয়া, বিং গতসর্ব্বস্ব, নিঃস্ব,

দেউলী, দেওয়ালী, বি, (দীপালী শব্দজ) দীপাবলী, দীপপর্ব্ব বিশেষ, কার্ত্তিকী অমাবস্যা, দীপান্বিতা অমাবস্যা, এই দিনে দিবা ভাগে পিতৃগণের তর্পণ ও শ্রাদ্ধ ও সায়ংকালে দেব গৃহাদিতে দীপ মালা প্রদান করিতে হয়।

দেওড়, বি, একেবারে অনেক ক্ষেপণ, অনেকগুলি বন্দুক হইতে অনেকগুলি 'গুলি' এক সঙ্গে ছুড়িলে তাহাদের সমষ্টিকে দেওড় (volley) কহে।

দেওন, বি, (দান শব্দজ) বিতরণ, দান, অর্পণ।

দেওবারি, বি, রাগিনী বিশেষ।

দেওয়ান, বি, (পারশী) কর্ম্ম সচিব, জমিদারী বা রাজ সংক্রান্ত প্রধান কর্ম্মচারী।

দেওয়াল, বি, (পারশী) দিওয়ার শব্দজ) প্রাচীর।

দেওর, দ্যাওর বি, (দেবর শব্দজ) স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেঁড়ো, বি, কোদাল বিশেষ, মাঠিকাটা অস্ত্র বিশেষ।

দেক, দেকসেক, বিং বিরক্ত; ২। অসন্তুষ্ট।

দেখন, বি, দর্শন, অবলোকন।

দেখা, বি, সাক্ষাৎ, দৃষ্টিপাত ; ২। ক্রি—দৃষ্টি করা।

দেখাদেখি, বি, দৃষ্টানুসরণ।

দেখান, বি, দর্শান, প্রকাশন।

দেখারু, বিং প্রদর্শক, যে দেখায়।

দেখাশুনা বি, সাক্ষাৎ।

দেড়, দেড়া, বিং সার্দ্ধেক।

দেড়ি, দেরী, বি, (পারশী) বিলম্ব ; ২। অমঙ্গল ; যথা,—

"দেবদ্বারে দেখি কিছু দেড়ি।"

(রামেশ্বর)

দেড়কো, বি, আলোকাধার, দেলকো।

দেদার, বিং অপর্য্যাপ্ত প্রচুর।

দেধান, বি, শস্যবিশেষ।

দেনা, বি, (আরবী দেয়েন শব্দজ) ঋণ, ধার, কর্জ্জ।

দেনাদার, দেন্‌দার, বি, (আরবী দেনা,—পারশী দার—যে লয়) খাতক, ঋণী।

দেনুয়া, বিং দত্ত, ত্যক্ত, নিবেদিত।

দেমাক, দেমাগ, বি, (আরবী) মস্তিষ্ক ; ২। (পারশী) অহঙ্কার, গর্ব্ব ; যথা,—

'কালিয়ে কাবাব রেঁধে দেমাকে অজ্ঞান"

(হেমচন্দ্র)

দেয়সি, ক্রি, (হিন্দী দা ধাতুজ) দান করা, দেওয়া ; যথা,—

"আসিয়া বসন্তকালে,
বসিয়া তমাল ডালে,
প্রতিদিন দেয়সি যন্ত্রণা।"
(কবিকঙ্কণ)

দেয়া, ক্রি, দান করা; ২। বি,—দেবতা; ৩। আকাশ; যথা,—
"কেমন কেমন করে হে দেয়া,
মাঝ দরিয়ায় ভাসে খেয়া।"
(রামপ্রসাদ)

দেয়াড়, দেয়াড়া, বি, নদী ও খালের উপকূলে অবস্থিত জমি, যাহা জোয়ারে ও বন্যায় প্লাবিত হয়, উহাতে আউশ, বোরো ও রবিখন্দ হয়, উহাকেই চর, দেয়াড়, বা দেয়াড়া কহে।

দেয়ান, বি, রাজদরবার; যথা,—
"আজি আমি শুনিমু দেয়ানে সব কথা।
রাজার আজ্ঞায় দুই নৌকা আইসে হেথা।
(চৈতন্য ভাগবত)

দেয়াল, বি, (দেওয়াল শব্দজ) প্রাচীর।

দেয়ালা, দেহালা, বি, বালকদিগের স্বপ্নে হাসিকান্না।

দেয়াসীন, বি (পারশী) দেবতা, সাধু। [(Drawer)।

দেরাজ, বি, কাষ্ঠাধারবিশেষ।

দেলখোস, বিং (পারশী দেল—অন্তঃকরণ) যাহাতে অন্তঃকরণ আনন্দিত বা আমোদিত করে। [মনা।

দেলদরিয়া, বিং উচ্চমনা, সরলদেবক, দীপক, বি, আলোকবিশেষ; ২। রাগবিশেষ।

দেবকলী, বি, রাগিণীবিশেষ।

দেবত্র, বি, (দেবোত্তর শব্দজ) দেবস্ব, দেবতার উদ্দেশে প্রদত্ত নিষ্কর ভূমি।

দেবলা, বি, (দেবালয় শব্দজ কি?) দেবগৃহ; ২। দেবতা।

দেশ, বি, মহাদেশের অংশবিশেষ; ২। দিক।

দেহ, বি, শরীর; ২। ক্রি—দাও; যথা,—
"অধম সন্তানে মাগো দেহ পদছায়া।"

দেহরাখা, বি, দেহত্যাগ, মৃত্যু; যথা,—
"স্বর্গে যান দেহ রাখি।" (অন্নদামঙ্গল)

দেহা, বি, (পারশী) গ্রাম। মালদহের উত্তরপশ্চিমাঞ্চলে দেহা অর্থে—'প্রদীপ' বুঝায়।

দেহাবন্দী, বি, (পারশী) গ্রামওয়ারী, একাধিক গ্রাম একত্র করিয়া লেখা।

দেহারা, দেহেরা, বি, দেবালয়, মন্দির; যথা,—
"হাড়িকে তুষণে তুষি ভূপতির দারা।
আপনি মার্জ্জনা করে ধর্ম্মের দেহারা।"
(ধর্ম্মমঙ্গল)

দেহুড়ী, বি, (হিন্দী) দরজা।

দৈ, দই, বি, (দধি শব্দজ) দুগ্ধবিকার বিশেষ।

দোঁহা, বি, (হিন্দী) হিন্দীভাষায়

ব্যবহৃত ছন্দোবিশেষ, পদ্য-বিশেষ; ২। শ্লোক; ৩। সর্ব্বং—দুইজন; যথা,—
"কুতূহলে দোঁহে মিলে করে বিভূগান।"
(হেমচন্দ্র)

দোআঁসলা, বিং জারজ, ভিন্ন ভিন্ন জাতীয় পিতামাতার সংযোগে উৎপন্ন সন্তান। [পাতা।

দোকৃতা, বি, (হিন্দী) তামাকের

দোকর, বিং ডবল; ২। পুনঃ-কৃত, পুনর্ব্বার।

দোকান, বি, (পারশী দুকান) পণ্যশালা, যাহারা পণ্যশালায় দ্রব্যাদি বিক্রয় করে, তাহারা দোকানী।

দোখা, দোঁকা, বি, গলাসী, গো-বন্ধন রজ্জু, যে দড়িতে অনেক গরু বাঁধা যায়।

দোখস্তি, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

দোছোট, বি, উত্তরীয় বস্ত্র, চাদর। সংস্কৃতে উত্তরীয় বস্ত্র, তাহা হইতে হিন্দীতে "দোপাট্টা" ও দোছোট হইয়াছে।

দোছটি, বি, দুই ফেরা; যথা,—
"দোছটি করিয়া পরে বার হাত সাড়ী।"
(কবিকঙ্কণ)

দোজবরে, দোজবেরে, বিং দ্বিতীয়-বার বিবাহিত; যথা—পূর্ব্বে—
গণক কহিল মোরে,
দিবে দোজবেরে বরে,
বিচারিয়া বিধবা লক্ষণ।" (কবিকঙ্কন)

দোজমি, বি, (পারশী দোজমিন্ শব্দ) কৃষিক্ষেত্রবিশেষ, যে জমিতে বৎসরে দুইবার ফসল উৎপন্ন হয়।

দোটানা, বি, দুইদিকে মনের আকর্ষণ; ২। দুইদিক রক্ষা।

দোঠকা, বিং শঠ, খল; ২। পর-স্পর ভেদক।

দোড়, দৌড়, বি, দ্রুত গমন।

দোতলা, দোতালা, বি, ইষ্টকময় দুইথাক গৃহ; ২। দুই পেঁচ।

দোতত্ত্ব, বি, উভয়ের মধ্যে মন সংযোগ; ২। দুই দিকের সন্ধান। [বিলায়।

দোতরফা—উভয় পক্ষের মুকা-

দোতেরিজা—কোন বক্রভূমি সুবিধামত তিন্ন ভিন্ন অংশে বিভাগ করিয়া জরিপ করার নাম দোতেরিজা বা তেরে-রিজা।

দোথরি, বি, দুস্তবক, দুইথাক; যথা,—
"দোথরি মুকুতা হার,
কোন সহচরী আর,
গেঁথে দিল উমার কপালে।"
(কালীকীর্ত্তন)

দোনা, বি, (সংস্কৃত দমনক শব্দজ) বৃক্ষবিশেষ, দনাগাছ; ২। ঠোঙা।

দোপড়া, বিং দ্বিরূঢ়া, পুনর্ভূ, দুইবার বিবাহিতা।

দোপাটী, বি, পুষ্পবিশেষ।

দোপাট্টা, বি, (হিন্দী) উত্তরীয় বস্ত্র। পূর্ব্বে এ দেশে পরিধান বস্ত্র অপ্রসর হওয়াতে গাত্র-বস্ত্র দুই পাট্টা লইয়া তৈয়ার হইত।

দোপেয়ে, বি, (দ্বিপদ শব্দজ কি ?) দ্বিপদমনুষ্য।

দোফলা, বিং যাহাতে বৎসরে দুইবার ফল জন্মে।

দোফেকড়া, বিং দ্বি সূচিক, দুই শাখায় বিভক্ত।

দোভাপা, বিং দুইবার সিদ্ধ।

দোভাষী, বি, (দো—দ্বি + ভাষী —ভাষা শব্দজ) যে ব্যক্তি পরস্পর ভিন্নভাষী দুই ব্যক্তির মধ্যবর্ত্তী থাকিয়া উভয়ের কথাবার্ত্তা বুঝিবার সাহায্য করে। (Interpreter); ২। বিং—জারজ, দোআঁসলা।

দোমালা, বি, অর্দ্ধপক্ক নারিকেল।

দোয়জ, বিং দ্বিতীয় ; যথা,—
"প্রথম মাসের গর্ভ জানি বা না জানি।
দোয়জ মাসের বেল লোকে কাণাকাণি
(কবিকঙ্কণ)

দোয়া, বি, (আরবী) আশীর্ব্বাদ ; ২। ক্রি,—গবাদি দোহন করা।

দোয়াত, বি, মস্যাধার।

দোয়াদস, বি, করঙ্গ (মাণিক চাঁদের গান দ্রষ্টব্য)।

দোয়ান, বি, হুগলী জেলার পরিমাণ বিশেষ, ২০ কুড়ি আড়ি।

দোয়াল, বি, গবাদি দোহনকারী ; ২। ডাহিনাদি বাদ্যযন্ত্রের চর্ম্ম রজ্জু।

দোয়াস্তা, বি, (পারশী দো, সংস্কৃত দ্বৌ—দুই + আৎসা—চুয়ান) দুইবার চোয়ান মদ।

দোরক, বি, বীণাতন্ত্রী বন্ধন রজ্জু।

দোরস্ত, বিং, (যাং) সমান, সমতল ; ২। দ্রুততা জ্ঞাপক।

দোল, বি, শ্রীকৃষ্ণের দোলযাত্রা ; ২। ডোল।

দোলপিঁড়ি, বি, দোলমঞ্চ।

দোলনা, বি, ঝোল্‌না, দোল খাইবার আসন।

দোলা, বি, শিবিকা ; ২। ঝুলান।

দোলান, বি, ঝুলান, দোল দেওয়া।

দোবরা, বি, চিনি বিশেষ, শুকচর নামক স্থানের পরিষ্কৃত চিনি বিশেষ। কাঁচা চিনি পরিষ্কৃত হইলে উহাকে দোবরা বা পাকা চিনি কহে ; ২। দানাওয়ালা।

দোবজা, বি, উত্তরীয় বস্ত্র, চাদর।

দোষণ, বি, দোষ দেওন। [মন্দ।

দোষাদোষ, বি, গুণাগুণ, ভাল-

দোসর, বি, দ্বিতীয় ; ২। সহকারী, সঙ্গী।

দোসারি, বি. দুইশ্রেণী, দুই থাক।
দোস্‌রা, বিং, (হিন্দী) অন্য, ভিন্ন ; ২। মাসের দ্বিতীয় দিবস।
দোস্ত, দোস্তা, বি, (বাং) জ্যোৎস্না, আলোক : যথা—
"দেখে বলে কেলেসোণা হের দেখ দোস্ত"
(ধর্ম্মমঙ্গল)
দোহাই, বি. (দ্বৌ—দুই + হাহা—দুঃখসূচক অব্যয়) সুবিচার প্রার্থনা করণ ; ২। শপথ, দিব্য।
দোহার, বি, সহকারী গায়ক ; ২। উত্তর সাধক, সহায়, সাক্ষী।
দোহারা, দোহর, বিং (দোসর শব্দজ কি ?) দ্বিগুণ, ডবল ; দুইফেরা ; ৩। স্থূলকায়, পুষ্টাঙ্গ।
দৌড়, বি, ধাবন, দ্রুতগমন ; ২। বিস্তৃতি, পরিসর।
দৌড়ঝাঁপ, বি, চেষ্টা, দৌড়াদৌড়ি।
দৌড়ান, বি, বেগে চালান, ছুটান।
দৌলৎ, বি, (বাং) সম্পত্তি ; ২। অনুগ্রহ।

ধ

ধ ;—উনবিংশতি হলবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।
ধক্ বি, দীপ্তি ; ২। পরিমাণ বস্তুবিশেষ, বাট্‌খারা।
ধক্‌ধক্, বি, উদরের অপূর্ত্তিভাব ; ২। বিং—দ্যোতমান, উজ্জ্বল।
ধকল, বি, দৌরাত্ম্য, উপদ্রব।
ধড়্, বি, দেহ, স্কন্ধ হইতে কটিদেশ পর্য্যন্ত অংশ।
ধড়ফড়, বিং ছট্‌ফট্, ধুক্‌ধুক্ ; ২। অস্থিরতাব্যঞ্জক ভাব।
ধড়া, বি, (ধটী শব্দজ) বস্ত্র পরিধানের প্রকার ভেদ ; ২। জীর্ণবস্ত্র, নেকড়া। [চতুর।
ধড়া, ধড়াবাজ, বিং শঠ, ধূর্ত্ত,
ধন, বি, অর্থ, সম্পত্তি ; ২। স্নেহসূচক বাক্য বিশেষ।
ধনিচা, ধঞ্চে, বি, বৃক্ষবিশেষ, অড়হরের ন্যায় ফসল, ইহার কাণ্ড হইতে শোণের ন্যায় একপ্রকার 'ছোট' বাহির হয়।
ধনুক, বি, (সংস্কৃত ধনুস্ শব্দজ) শর নিক্ষেপ যন্ত্র, যে যন্ত্র দ্বারা তীর ছোড়া যায়।
ধনুথরা, বি, তুলা পরিষ্কারের যন্ত্র বিশেষ।
ধন্ধ, ধন্দ, বি, দৃষ্টিভ্রম জন্মান, ধাঁধা লাগা ; ২। বুঝিবার অক্ষমতা। [থাকা, তষ্টি।
ধন্না, বি, নিরম্বু উপবাস করিয়া
ধপ্‌ধপ্, বিং অতিশয় শুভ্রবর্ণ ; ২। পরিষ্কার ; ৩। উজ্জ্বল।
ধমক্, বি, ভয়প্রদর্শনার্থ বাক্য, তাড়না।

ধম্‌কান, বি, তাড়না, ভৎর্সনা।

ধম্বল, বি, বাদ্যের জানান, জানান দেওয়া।

ধরণ, বি, চলন্, রীতি ; ২। বর্ষার তেজ অল্প ও রৌদ্রের তেজ অধিক।

ধরণধারণ, বি, ভাব, রীতি।

ধারণা, বি, তুষ্টি, প্রযত্নবিশেষ।

ধরা, ধাড়া, বি, পরিমাণবিশেষ, ⁄৫ সের পরিমাণ।

ধরাট, বি, ঋণদানের বৃদ্ধি বিশেষ, বাটা ; ২। নৌকার মঞ্চ বিশেষ।

ধরাবাড়ি, বি, বিদেকাঠ চালাইবার বংশের আকর্ষণী।

ধরতি, বি, পূরণ, ক্ষতিপূরণ।

ধর্ম্মঘট, বি, সকলে সমাগত হইয়া কোন কার্য্য করিতে বা না করিতে প্রতিজ্ঞা করণ।

ধর্ম্মনাশ, বি, সতীত্ব নষ্ট।

ধর্ম্মরক্ষা, বি, সতীত্ব রক্ষা, নিজ স্বভাবের, পবিত্রতা রক্ষা।

ধর্ম্মশালা, বি, যে স্থানে ধর্ম্মার্থ অন্নাদি প্রদান করা হয়।

ধর্ম্মাবতার, বি, রাজা ; ২। বিচারপতি প্রভৃতির প্রতি সম্বোধন বাক্য।

ধল্, ধলা, বি, শ্বেতবর্ণ, সাদা।

ধলি,—ধান্ত বিশেষ, মালদহ জেলায় ইহাকে ধুলিয়া বলে।

ধবল, বি, শ্বেতকুষ্ঠ। [চ্যুতি।

ধস, বি, মৃত্তিকাস্তূপের স্বস্থান

ধসাপশ্চিমে, বি, ক্ষত বিশেষ, যে রোগে ক্ষত স্থান হইতে মাংস পচিয়া পড়ে। (Gangrene.)

ধস্তাধস্তি, বি, উভয়ে বিক্রম প্রকাশ, উভয়ে ঠেলাঠেলি।

ধাই, বি, (ধাত্রী শব্দজ) উপমাতা।

ধাইফুল, বি, পুষ্পবৃক্ষ বিশেষ।

ধাউড়িয়া, বিং দ্রুতগামী। (Runner.)

ধাউস, বি, ঘুড়ি বিশেষ। [বৃহৎ।

ধাওড়া, বিং অতিশয় লম্বা, অতি

ধাওন, বি, (ধাবণ শব্দজ কি ?) দ্রুতগমন, দৌড়ান।

ধাওয়া, ক্রি, দ্রুত গমন করা, দৌড়ান ; ২। বি,—মুসলমানজাতি বিশেষ।

ধাওয়াধাই, চি, তাড়াতাড়ি, দৌড়াদৌড়ি, ছুটাছুটি।

ধাঁচা, বি, কপটবেশ, কাল্পনিক ভাব ; ২। ধার, রীতি।

ধাঁধাঁ, বি, (ধন্ধ শব্দজ) দৃষ্টিভ্রম জন্মান।

ধাক্কা, বি, (আঘাতার্থ ধক্ক ধাতুজ) আঘাত, ঠেলা।

ধাড়িয়া, ধেড়ে, বি, জলমার্জ্জার, উদ্বিড়াল। [গায়ক।

ধাড়ি, বি, সঙ্গীতাধ্যাপক, প্রধান

ধাড়ী, বি, বহুপ্রসূতা স্ত্রী জন্তু; ২। বিং—প্রধান, মুখ্য।

ধাতু, বি, সংজ্ঞা, জ্ঞান; ২। নাড়ী। [রোগ।

ধাতুঢলা, বি, শুক্ররক্ষণ, মেহ-

ধাতুনরম, বি, কফ, শ্লেষ্মা।

ধাধস, বি, ভ্রম, ধাঁধা; যথা,—

"দিনের আলসে, বঁধুর ধাধসে,
তাহারে করিনু কোরে।"
(চণ্ডীদাস)

ধান, বি, (ধান্য শব্দজ) সতুষ তণ্ডুল।

ধানুক, বি, পশ্চিমাঞ্চলীয় জল-আচরণীয় জাতি বিশেষ।

ধানুকী, বি, (ধানুষ্ক শব্দজ) ধনুর্দ্ধারী।

ধান্যেশ্বরী, বি, দেশীয় মদ্য।

ধান্ধা, বি, পরিভ্রমণ সহকারে নিজকর্ম্মে লিপ্ত থাকা; ২। ফিকির, কৌশল।

ধাপ্, বি, সোপানের প্রত্যেক পাদ নিক্ষেপ স্থান। (Step.)

ধাপ্ড়া, বি, জ্বরাদির প্রাবল্য।

ধাপুস্, বি, পতন শব্দ বিশেষ।

ধাবাধাবি, বি, দৌড়াদৌড়ি, ছুটাছুটি। [ধারা।

ধাব্কা, বি, অভ্যাস; ২। রীতি,

ধামগুজারি, বি, দৌরাত্ম্য, ধূম-ধাম করা। [নাগরা।

ধামসা, বি, বাদ্য বিশেষ, টিকারা,

ধামা, বি, বেত নির্ম্মিত পাত্র বিশেষ। [খোসামুদিয়া।

ধামাধরা, বিং তোষামোদকারক,

ধামার, বি, চট্টগ্রাম অঞ্চলের এক প্রকার অস্ত্র বিশেষ।

ধামাল, বি, রাগিনী বিশেষ; ২। প্রভাব, তেজ; ৩। বিং—দুর্দ্দান্ত, অশান্ত; যথা,—

"আমার ছাওয়াল, বড়ই ধামাল,
এ দোষ ক্ষমিবে আপনি।"
(চৈতন্যমঙ্গল)

ধায়লী, ধায়ালী, বি, দ্রুতগতি, সত্বর গমন; যথা,—

১। "নাএর ধায়লী যদি পাইল কোঙর।"
২। "বালীঘাটা উত্তরিল দোলার ধায়ালী"
(কবিকঙ্কণ)

ধার, বি, অবিচ্ছেদে পতিত বৃষ্টির অথবা তরল বস্তুর ক্ষরণ; ২। পার্শ্ব, কিনারা, তটভূমি; ৩। অস্ত্রের তীক্ষ্ণাংশ; যথা,—

"পড়িলে ভেড়ার শিঙে ভাঙ্গে হীরা ধার।"
(ভারতচন্দ্র)

৪। ঋণ, কর্জ্জ।

ধারক, বিং ঋণী, ধেরো; ২। দোষ শোধক; ৩। যে ঔষধে ভেদ বন্ধ হয়।

ধারধারা, ক্রি, সাপেক্ষতা রাখা, নির্ভর করা।

ধারা, বি, তরল পদার্থের অবি-শ্রান্ত ক্ষরণ।

ধারাপাত,—অঙ্ক শিক্ষার সহজ প্রণালীযুক্ত পুস্তক বিশেষ।

ধারাল, বিং তীক্ষ্ণ, শাণিত।

ধারাশ্রাবণ,—শ্রাবণ মাসে দিবা-রাত্র আকাশ প্রায়ই ঘনঘটায় আচ্ছন্ন থাকে এবং ধীরভাবে ও সূক্ষ্মধারে দিবারাত্র এমন কি উপর্য্যুপরি ৪।৫ দিনও বৃষ্টি হয়, এই জন্য শ্রাবণ মাসকে 'ধারার শ্রাবণ' কহে। শ্রাবণ মাসের অনবরত বৃষ্টি পতন ; যথা,—

"এত নিন্দাকথা যদি কহিল ব্রাহ্মণ।
শ্রীমন্তের চক্ষু হৈল ধারার শ্রাবণ॥"
(কবিকঙ্কণ)

ধারি, ধারী, বি, মেটে ঘরের রোয়াক।

ধার্ষ্টম, বি, ধৃষ্টতা প্রকাশ ; ২। নিন্দা, অপযশ। [অবজ্ঞা।

ধিক্, অং নিন্দা, ভৎসনা ; ২।

ধিকিধিকি, ক্রি বিং, ক্রমশঃ, মৃদুগতিতে, আস্তে আস্তে।

ধিক্কার, বি, ধিক্ শব্দ প্রয়োগ পূর্ব্বক নিন্দা বা ভৎসনা করা ; ২। অপকর্ম্ম করিলে বা অবমানিত হইলে ঘৃণা বা বিরাগের উদয় ; ৩। অবজ্ঞা।

ধিঙ্গি, বিং শ্রেষ্ঠ, প্রধান ; ২। স্বাধীন। [অনুৎসাহ।

ধিমা, ঢিমা, বিং মৃদু, অসত্বর, ধীর, বিং মৃদু ; ২। বিনীত, শান্ত ; ৩। গম্ভীর, যাহার স্বভাব চঞ্চল বা উদ্ধত নয়।

ধীরেধীরে, ক্রি বিং, মৃদুভাবে, আস্তে আস্তে।

ধুদল, ধুঁদুল, বি, তরকারি বিশেষ ; ২। শূন্যার্থবাচক, বিদ্রুপাত্মক শব্দ।

ধুওন, বি, (ধৌত করণার্থ ধাবন শব্দজ) প্রক্ষালন, ধৌতকরণ।

ধুক্ধুক্, বি, অল্প স্পন্দন, ঈষৎ নড়া।

ধুক্ধুকুনি, বি, দুশ্চিন্তা, দুর্ভাবনা।

ধুকন, বি, হাঁপান, ঘন ঘন নিশ্বাস ফেলা।

ধুচনী, ধুচুনী, বি, (ধুওন শব্দজ কি ?) বংশ নির্ম্মিত তণ্ডুল ধৌত পাত্র।

ধুতি, বি, পুরুষের পরিধেয় বস্ত্র বিশেষ, পাতলা অথচ অপেক্ষা-কৃত ক্ষুদ্র বস্ত্র।

ধুতূরা, বি, (ধুস্তুর শব্দজ) বৃক্ষ ও ফল বিশেষ।

ধুনা, বি, শাল নির্য্যাস, শাল বৃক্ষের আটা ; ২। তুলা ফোড়া ; ৩। ক্রি,—প্রহার করা।

ধুনন, ধুনান, বি, তুলাস্ফোটক, তুলা নাড়াচাড়া করা বা করান।

ধুন্‌খারা, বি, তুলা পরিষ্কারক যন্ত্র বিশেষ।

ধুনচি, বি, তুলা পরিষ্কারক যন্ত্র; ২। ধূনাদানার্থ পাত্র বিশেষ।

ধুনী, বি, সন্ন্যাসীদিগের অগ্নি-কুণ্ড।

ধুনুরী, বি, তুলা পরিষ্কার কারক, লেপাদি নির্ম্মাতা।

ধুন্ধমার, বি, বিষম গণ্ডগোল, কোলাহল।

ধুপ, ধূপ, বি, রৌদ্র; ২। কিরণ; ৩। গন্ধ দ্রব্য বিশেষ, গন্ধদ্রব্য নির্ম্মিত বর্ত্তিকার বস্তু ও তদুত্থিত ধূম; ৪। তরবারি বিশেষ।

ধুপী, বি, রজক, ধোপা।

ধুমুড়ী, বি, লম্পটা, উপস্ত্রী; ২। বয়ঃস্থা রমণী; ৩। বৈষ্ণবী; যথা,—

"ধামাধরা ধুমড়ী মাগী হরেকৃষ্ণ বলে।"

ধুম্‌ড়ীমারা, বি, লম্পট।

ধুম্বুল, ধুঁমুল, বি, মৃদঙ্গের শব্দ, খোল বাজান; ২। জানান; যথা,—

"হরিহর দিল আসি আদোর ধুমুল।
গাজনে সন্ন্যাসী সব উড়াইছে ধূল॥"
(ধর্ম্মমঙ্গল)

ধুম্ব, বিং প্রকাণ্ড; ২। স্থূল।

ধুম্‌, বি, ঘটা, আড়ম্বর, সমারোহ; ২। ধূঁয়া।

ধুমধাম, বি, সমারোহ, উৎসব; ২ তাড়না।

ধুয়া, বি, (ধ্রুবা শব্দের অপভ্রংশ) ইহা ধ্রুবক নামেও খ্যাত। প্রাচীন মুদ্রিত বাঙ্গালা পুস্তকে 'ধ্রুং' 'ধ্রুবং' বা 'ধুয়া' এই সঙ্কেত যুক্ত যে গীত বা গীত-বং অংশ প্রতি অধ্যায়ের পূর্ব্বে প্রযুক্ত; তাহাই ধ্রুবক। পূর্ব্বে কাব্য সকল গীত হইত। দোহারেরা প্রতি কবিতার পর ঐ ধ্রুবক দ্বারা সুর রক্ষা করিত। এক্ষণেও 'রামায়ণ' ও চণ্ডীর গানে এই প্রথা প্রচলিত; ২। সূত্র; ৩। ছল।

ধুর, ধুরা, বি, যানাদির চক্র অবলম্বন দণ্ড, অক্ষদণ্ড।

ধুলা, বি, (ধূলী শব্দজ) পাংশু, রেণু।

ধুলট, বি, সংকীর্ত্তনের পরে নাম-কারী ও অন্যান্য সকলে ধূলী যাত্রা করে; ইহাকে ধুলট কহে। এই ধূলটে সকলে ধূলি মাথামাখি করে।

ধেঁড়ি, বি, স্ত্রীলোকের কর্ণালঙ্কার বিশেষ; ২। ঢকাদির বাদ্য দ্বারা জ্ঞাপন।

ধেড়িয়া, ধেড়ে, বি, জল মার্জ্জার; ২। বিং—বয়স্ক।

ধেয়ান, বি, (ধ্যান শব্দজ) ধ্যান, চিন্তা, ভাবনা।

ধোকন, বি, শ্রান্তি প্রকাশ করণ; ২। সংশয়।

ধোঁকা, বি, ভ্রম; ২। সংশয়, সন্দেহ; ৩। কোঁথান।

ধোক্ড়ি, বি, ছিন্ন বস্ত্র, ছেঁড়া নেকড়া।

ধোচনা, বি, ধুচুনি; ২। মৎস্য-ধারণ যন্ত্র বিশেষ।

ধোপ্, বি, (পরিষ্কারার্থ ধাব্ ধাতুজ) বস্ত্রমলাপহণ; ২। বিং,—ক্ষলিত, শুভ্র।

ধোপা, বি, রজক।

ধোয়া, বিং পরিস্কৃত, ধৌতকরা।

ধোয়াট, বি, নদ্যাগত মৃত্তিকা; ২। ধোয়া মৃত্তিকা।

ধোয়ানি, বি, ধৌত করা জল, মলা, শিটা।

ধোলাই, বিং ধৌত, পরিস্কৃত।

ধোসা, বি, স্থূল গাত্র বস্ত্র বিশেষ।

ধ্রু, (ধ্রুবা শব্দের সাঙ্কেতিক চিহ্ন) ধ্রূয়া দেখুন।

ধ্রুপদ, বি, (সংস্কৃত ধ্রুবক শব্দজ) ইহাতে চারিটী তুক্ থাকে, যথা,—অস্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ। ইহা কেবল পুংগায়কদিগের জন্য নির্দ্দিষ্ট হইয়াছে। [নগী।

ধ্বজী, বি, নৌকা চালন দণ্ড,

ন

ন;—বিংশতি হলবর্ণ। উচ্চারণ স্থান দন্ত।

নই, বি, স্ত্রী গোবৎস, বক্না বাছুর; ২। সংখ্যা বিশেষ, ৯০; ৩। বিং—নব্য, নূতন।

নওয়ালি, বি, নূতন রবিখন্দ; ২। বিং—নূতন।

নওলাখী, বি, ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায় বিশেষ। সম্ভবতঃ খৃষ্টিয় ১৭৫১ অব্দে ছান্দুলাল নামে এক ব্যক্তি নওলাখী মতের প্রবর্ত্তন করেন। ইঁহার অপর নাম রাম চরণ। পিতার নাম কিষণ্গোবিন্দ (কৃষ্ণগোবিন্দ) মাতার মাম লছমন্ পিয়ারী। ইঁহার বিরচিত গীত, কবিতা ও প্রবাদ বাক্যে বুঝাযায়, হিন্দুস্থানী ইঁহার মাতৃভাষা ছিল। বাসস্থান সম্বন্ধে কোন বিশেষ সমাচার পাওয়া যায় না। নওলাখী শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধে কেহ কেহ বলেন যে নও অর্থাৎ নয়, লাখী—লক্ষ অর্থাৎ ইহাদের সংখ্যা নব লক্ষ (নয় লাখ) এজন্য নওলাখী। অপর কেহ কেহ বলেন, যাহাদিগকে

নয়টী বিষয়ে অর্থাৎ শিক্ষা, দীক্ষা, উপেক্ষা, পরীক্ষা, রক্ষা, ঈক্ষা, তিতিক্ষা ও মুমুক্ষা সম্বন্ধে লক্ষ্য রাখিয়া চলিতে হয় ও ধর্ম্ম পালন করিতে হয়, তাহারা নওলাখী।

নওবৎ, বি, (নহবৎ শব্দজ) ভারতবর্ষের ঐকতান বাদন পদ্ধতি। আলেকজান্দার বাদসাহ নওবতের সৃষ্টিকর্ত্তা। ২। দামামা।

নকল, বি, (আরবী) অনুরূপ, আদর্শ, প্রতিলিপি; ২। অনুকরণ; ৩। কৌতুক, মস্কারাম।

নকাশী, বি, স্বর্ণাদির অলঙ্কারে ডায়মনকাটা, লতাপাতাদি অঙ্কন।

নংকী, বি, পিত্তল নির্ম্মিত পাত্র বিশেষ, বগুনা।

নকীব, বি, (আরবী) রাজার উপাধি ও যশোঘোষক অনুচর বিশেষ।

নকুল, বি, মাদক দ্রব্য ভক্ষণের পর যে মুখরোচক দ্রব্য ভক্ষণ করা যায়, চাট্; যথা,—

"অসংখ্য মেলানি ভার নকুলে উড়িল।
সহচরগণ সবে ভাবিতে লাগিল॥"
(অন্নদামঙ্গল)

নক্শা, নকস, বি, (যাং) চিত্র, ছবি; ২। জরিপী জমির চিত্র।

নগদ, বি, (আরবী নক্দ শব্দজ) প্রস্তুত মূল্য দিয়া ক্রয় করা, দ্রব্য কিনিয়া তৎক্ষণাৎ মূল্য দান।

নগদান বি, যে খাতায় নগদ আয় ব্যয়ের জমা খরচ লিখিত হয়। (Cash Book.)

নগন, বি, (লগ্ন শব্দজ) দ্বিরাগমন, স্ত্রীলোকের বিবাহের পর দ্বিতীয় বার স্বামী গৃহে আগমন; ২। লগ্ন, এক এক রাশির উদয় পরিমাণ কাল, যথা,—

"বিবাহের কালে কেতু আছিল নগনে।"
(কবিকঙ্কন)

নগরকীর্ত্তন, বি, নগর মধ্যে হরি নাম সঙ্কীর্ত্তন।

নগরিয়া, বি, নাগরিক, নগরবাসী, যথা,—

"কাজির ভাঙ্গিয়া ঘর সর্ব্ব নগরিয়া।
মহানন্দে হরি বলি যায়েন নাচিয়া॥"
(চৈতন্যভাগবত)

নগাম, বি, (যাং) লাগাম। (Bridle.)

নগী, বি, নৌকা চালন দণ্ড, ধ্বজী; ২। আঁকুশী।

নগ্ণী, বি, প্রস্রাব, মূত্র।

নঙ্গর, বি, (যাং) নৌকা বন্ধন কীলক।

নছিব, বি, (পারশী) অদৃষ্ট, ভাগ্য।

নচ্ছার, বিং দুর্ভাগা, সারত্ব হীন; ২ গালি বিশেষ।

নজর, বি, (আরবী) দৃষ্টি, দর্শন; ২। উচ্চপদস্থ ব্যক্তিকে যাহা উপঢৌকন স্বরূপ দেওয়া যায়; ৩। তত্ত্বাবধান।

নজরানা, বি, (আরবী নজর+পারশী আনা) রাজদর্শন-কালীন প্রজারা বা নিম্নপদস্থ কর্ম্মচারীরা তাঁহাকে যাহা দেন, উপহার; যথা,—

"নবাবের নজরানা লক্ষ টাকা যায়"
(ভারতচন্দ্র)

নজীর, বি, (আরবী নজর শব্দজ) উদাহরণ, দৃষ্টান্ত।

নট, বি, রাগবিশেষ; ২। বিং—(নষ্ট শব্দজ) নষ্ট, বিকৃত; যথা,—

"শুন ওহে গুণনিধি,
নট হোক ছানা দধি।"
(কবিরঞ্জন)

৩। দুষ্ট।

নটপট, লটপট, বি দৌর্ব্বল্যজনিত শরীরের শিথিলতা, ক্লান্তি; ২। জড়াজড়ি।

নটা, বি, ঘাসবিশেষ, নলখাকৃড়া।

নটিয়া, বিং নর্ত্তক, ভণ্ড; ২। বি,—শাকবিশেষ, নটেশাক।

নড়, বি, হুঙ্কার, গর্জ্জন, চীৎকার, যথা,—

"মায়ে বলে বিশ্বম্ভর যাহ নড় দিয়া।
তোমার ভাইরে ঝাট ডাকি আন গিয়া।"
(চৈতন্যভাগবত)

নড়চড়, বি, অন্যথা, ব্যতিক্রম; ২। চঞ্চল।

নড়ন, বি, স্থানান্তরে চলন; ২। দোলন; ৩। কম্পন।

নড়বড়ে, বিং দুর্ব্বল; ২। দোদুল্যমান, যাহা সামান্য বাতাসেই দুলিতে থাকে; যথা,—

"সে নিশায় আমি ক্ষেত্রতীরে,
নড়বড়ে পাতার কুটীরে।"
(বঙ্গসুন্দরী)

নড়ী, বি, (নড় শব্দজ), যষ্টি, লাঠী; ২। জন, মজুর; যথা,—

"ডাকিয়া আনিল যত নগরের নড়ি।
সাতানই বন্দে বিশাই টাঙ্গাইল দড়ি॥"
(কবিকঙ্কণ)

নপ্তৃ, বি, পৌত্র; ২। দৌহিত্র, নাতি; ৩। বালক।

নত, নথ, বি, নাসিকাভরণবিশেষ যথা,—

"সাধুসেবা কর্ণফুল, স্মরণ সুনথ।
সৎসঙ্গ অঞ্জন, অনুরাগ বীড়া কত॥
(ভক্তমাল)

নতা, বি, ছল, ব্যাজ, ওজর; ২। কোন বিষয় ক্রমিকভাবে লিখন; ৩। সর্প।

নতি, বি, পটোলশাক; ২। ক্রি,—প্রণত হওয়া, প্রণাম করা।

নত্তা, বি, প্রসূতির প্রসব দিন

হইতে নবম দিবসে সূতিকা-গৃহ হইতে বহির্গমনাদি ক্রিয়া-বিশেষ।

নথি, বি, (পারশী) বিবরণপত্র (Record); ২। একের অধিক একত্র গাঁথা কাগজের ফর্দ্দ।

নধর, বিং সরল অথচ সতেজ; ২। নবীন।

ননদ, ননদিনী, বি, (ননান্দৃ শব্দজ) পতির ভগিনী।

ননী, নুনী, বি, (নবনীত শব্দজ) ঘোলের তৈলময় অংশ, মাখন।

নন্দাই, বি, ননদের স্বামী।

নন্নড়িয়া, বিং ঢলঢলে; ২। কৃশ, ক্ষীণ।

নফর, বি, (আরবী) চাকর, ভৃত্য; যথা—

"বহে দ্রব্য যত সব নায়ের নফর।"
(রামেশ্বর)

নবগুণ, বি, নগুণ; ২। উপবীত, পৈতা; যথা,—

"দন্ত ভ্রুকুটী করে, নবগুণ তুলি ধরে।"
(পদ্মাপুরাণ)

নবাড়ী, বি, বৃক্ষবিশেষ।

নবাৎ, নবাত, বি, চিনির পাক করা মিষ্টান্নবিশেষ; যথা,—

'বিশাদরে ছেনা কিনি,
কিনিল নবাত চিনি,
পণে পণ মূলে পাণ নিসে।"
(কবিকঙ্কণ)

বর্দ্ধমানাঞ্চলে নবাতের প্রচলন আছে।

নবাব, বি, (আরবী, নায়েব শব্দের বহুবচন) রাজপ্রতিনিধি, প্রাদেশিক-শাসনকর্ত্তা।

নবিস, বি, (পারশী নবিসতন্—লেখা) লিখন; ২। লেখক।

নবিসীন্দা, বি, লেখক।

নবী, বি, (আরবী) ঈশ্বর প্রেরিত দূত; ২। ভবিষ্যদ্বক্তা, সুসংবাদ দাতা।

নব্বই, বি, (নবতি শব্দজ) সংখ্যাবিশেষ, ৯০।

নমঃশূদ্র, বি, চণ্ডাল, চাঁড়ালজাতি।

নমস্কারী, বি, নমস্য পুরুষ বা স্ত্রীকে প্রদেয় বস্ত্র বা তন্মূল্য। বিবাহ ব্যাপারের পর দেশীয় প্রথানুসারে বর ও কন্যা নমস্যগণকে নমস্কারী দিয়া থাকে।

নমহুঁ, ক্রি (হিন্দী) নমস্কার করি, প্রণাম করি; যথা,—

নমহুঁ নমহুঁ বাণী, কৃপা কর নারায়ণী,
বিষ্ণুপ্রিয়া পূজ পদ্মাসনে।"
(কবিকঙ্কণ)

নমাজ, বি, (পারশী) মহম্মদীয়দিগের উপাসনা। ইহা দিনের মধ্যে পাঁচবার করিতে হয়।

নমুনা, বি, (পারশী) আদর্শ, নিদর্শন

নয়, বিং (নবন্ শব্দজ) নব

সংখ্যা, ৯ ; ২। নিষেধ ; ৩। অপ্রকৃত।

নয়নঠার, বি, ইঙ্গিত, ইশারা।

নয়া, নয়দা, বিং নব্য, নূতন।

নয়লী, বিং নব্য, নূতন ; যথা,—

"একে কাল হৈল মোর নয়লী যৌবন।"
(চণ্ডীদাস)

নয়ানজুলি, বি, রাস্তার উভয় পার্শ্বস্থ মাটিতোলা খাত, নিম্নভূমি।

নরম, বিং (নম্র শব্দজ) কোমল, অকঠিন ; ২। সহজ ; ৩। আর্দ্র।

নরমান, বি, কোমল হওন ; ২। আর্দ্রীকরণ ; ৩। মেঘ ব্যাপ্ত হওন।

নরমী, বি, (ষাং) কোমলত্ব ; ২। শীতলত্ব, মৃদুভাব।

নরাজ, বি, তন্তের যন্ত্রবিশেষ, নাড়ীচীর ; ২। টানাসুতা জড়াইবার কাষ্ঠদণ্ড।

নরু, নরুণ, বি, (নখরঞ্জনী শব্দজ কি ?) নখচ্ছেদন অস্ত্র।

নর্দামা, বি, পয়ঃনালা, প্রণালী।

নল, বি, মাপকাটি ; ২। খাগড়া, শর ; ৩ অন্তঃশূন্য গোলাকার দ্রব্যবিশেষ, চোঙ্গ ; ৪। ডাঁটা।

নলক, বি, নাসিকাভরণ, নথের মুক্তা।

নলপত—বিলম্ব, দেরী, কোন কার্য্যে তৎপরতা প্রদর্শন না করা।

নলা, নলাঙ্গা, বি, ভূজাস্থি, নলী।

নলি, নলী, বি, বস্ত্রবয়নের নিমিত্ত সূত্রযুক্ত নল ; ২। ভূজাস্থি ; ৩। নলাকার জলাদি পতনের নালী।

নলিচা, বি, হুঁকার জাইট, হুঁকার খোলের উপরিস্থ নলাকার কাষ্ঠ।

নলিয়া, বি, ব্যাধ, পাখীমারা।

নলেন, বিং নব, নূতন।

নলো, নোলো, বি, (নল শব্দজ) মুসলমান জাতিবিশেষ, নলখাগড়া দ্বারা চাঁচাদি প্রস্তুত যে জাতির ব্যবসা।

নব, বি, (নবন্ শব্দজ) নয় সংখ্যা ; ১। বিং—নূতন।

নবৎ, বি, (নহবৎ শব্দজ) ভারতবর্ষীয় ঐক্যতান বাদ্যবিশেষ।

নবশাখ, বি, (নবশায়ক শব্দজ) সংহিতোক্ত সদ্গোপাদি নয় প্রকার জাতি।

নবান্ন, বি, স্বনামপ্রসিদ্ধ ক্রিয়াবিশেষ, এই ক্রিয়া না করিয়া নূতন তণ্ডুল ভক্ষণ নিষিদ্ধ।

নষ্ট, বিং ধ্বংস ; ২। প্রকৃতগুণহীন ; ৩। যাহার আচরণ কদর্য্য হইয়াছে, কুচরিত্র।

নষ্টামি, বি, দুষ্টামি, ভ্রষ্টতা।

নসীব, নছীব, বি, (আরবী নস্‌ব ধাতুজ) অদৃষ্ট, ভাগ্য।

নস্য, বি, নাসিকাতে দেয় চূর্ণাদি, নাস।

নস্যদানী, নস্যধানী, বি, নস্য রাখিবার পাত্র।

নস্কর, লস্কর, বি, সেনা, ফৌজ; যথা,—
"কোন দিক্ হইতে কোন রাজার নস্কর।
আসিয়াছে তার পদাতিক বহুতর॥"
(চৈতন্য ভাগবত)

নহ, বি, (নথ শব্দের অপভ্রংশ) নথ; ২। অং,—নও।

নহমৎ, বি, (যাং) মুহূর্ত্ত, অত্যল্প সময়।

নহলা, বি, তাসক্রীড়ার রংবিশেষ।

নহলী, বিং নব, নূতন; যথা,—
"কিবা যুবা নহলী যৌবন।"(কবিকঙ্কণ)

নহি, অং, না, নিষেধ; ২। কথ- নই না।

না, বি, নৌকা; যথা,—
"বরিষার ছত্র পিয়া দরিয়ার না।"
(বিদ্যাপতি)
২। নিষেধ, অসম্মতি প্রকাশক শব্দ; ৩। নারাজ, নাপছন্দ।

নাই, বি, (নাভি শব্দজ) নাভি- দেশ; ২। প্রশ্রয়, আস্কারা; ৩। (নাস্তি শব্দজ) অভাব, নিষেধ।

নাইয়া, নেয়ে, বি, (নাবিক শব্দজ) নাবিক, দাঁড়ি।

নাইল্, নাল, বি, রক্তবর্ণ জলপুষ্প বিশেষ, নালফুল।

নাইল, ক্রি, স্নান করিল, অব- গাহন করিল।

নাউ, বি, লাউ, তুম্বী; ২। মাল- দহ জেলায় নাপিত।

নাওন, বি, অবগাহন, স্নানকরা।

নাং, বি, (নঙ্গ শব্দজ) উপপতি, জার।

নাংচোর, নাংচূর্ণী, বি, ব্যভি- চারিণী, ভ্রষ্টাস্ত্রী।

নাংনী, বিং উপপতি কারিণী, ভ্রষ্টা। [নাসিকা।

নাক, বি, (নাসিকা শব্দজ)

নাকড়া, বি, নাসিকারোগবিশেষ; ২। চড়ক সংক্রান্তিতে সন্ন্যাসী- দিগের কণ্টক লইয়া ক্রীড়া- বিশেষ।

নাকানিচোপানি, বি, জলমগ্ন হইবার উপক্রমবস্থায় নাকে মুখে জল খাওয়া; ২। কার্য্যের গুরুভারে অবসন্ন হওন।

নাকারা, বি, বাদ্যবিশেষ; ২। বিং—অব্যবহার্য্য, কার্য্যের অযোগ্য।

নাকাল, বিং ক্লান্ত, শ্রান্ত, জব্দ।

নাকি, বিং, নাসিকা দ্বারা উচ্চা- রিত; ২। সন্দেহার্থ।

নাকুয়া, বিং উন্নত নাসিকাযুক্ত।

নাগদন্তী, বি, হাতিশুঁড়া গাছ।

নাগদানা, বি, বৃক্ষবিশেষ।

নাগবরারী, বি, রাগিণীবিশেষ।

নাগর, বিং রসিক, বিদগ্ধ, প্রণয়ী; ২। বি,—নারাঙ্গা নেবুর গাছ; ৩। শুঁঠ; ৪। দেবনাগর অক্ষর।

নাগরদোলা, বি, দোলনা বিশেষ।

নাগরা, বি, (আরবী নক্কারা শব্দের অপভ্রংশ) আনদ্ধ যন্ত্র, ইহা বাহির্দ্বারিক, মৃত্তিকা নির্ম্মিত। ইহার আকার গোলাকারের অর্দ্ধাংশ; ২। পাদুকাবিশেষ।

নাগরালি, বি, নাগরের ভাব; ২। লম্পটতা; ৩। চতুরতা।

নাগরী, বি, দেবনাগর অক্ষর; ২। মৃৎপাত্রবিশেষ; ৩ নাগরী গুড়।

নাগা, বি, সন্ন্যাসী বিশেষ, পার্ব্বতীয় অসভ্যজাতি বিশেষ; ২। বিং—আটক, আবদ্ধ, সংলগ্ন। [২। শেষ।

নাগাড়, বিং ক্রমিক, ক্রমাগত;

নাগাল, বি, সমীপবর্ত্তিতা, ধরা।

নাঙল বি, (লাঙ্গল শব্দজ) হল, লাঙ্গল।

নাচ, বি, (নৃত্য শব্দজ) নৃত্য, অঙ্গভঙ্গি; ২। গৃহের সদর দরজা, যথা,—

"কর্ম্মফলে কপালে কেবল সুখ দুঃখ।
কেহ লক্ষপতি কেহ নাচের ভিক্ষুক॥"
(বনরাম)

৩। গৃহের পশ্চাদ্ভাগ, খিড়কী।

নাচন, বি, নৃত্য করণ, অঙ্গভঙ্গী করণ।

নাচনী, নাচানী, বি, নর্ত্তকের বেতন, নৃত্যের পারিশ্রমিক; ২। নর্ত্তকী; যথা,—

"গজেন্দ্র গামিনী রামা,
রূপে যেন তিলোত্তমা,
বেহুলা নাচনী তার নাম।"
(ক্ষমানন্দ ও কেতকা দাস)

৩। নৃত্য; যথা,—

"কিবা দুটী ভুরুর নাচনী।"
(বলরাম দাস)

৪। বাখারির দ্বারা তৈয়ারি তাঁতের যন্ত্রবিশেষ।

নাচানীয়া, বিং নর্ত্তক, নৃত্যকারক, নট।

নাচার, বিং (পারশী না—নিষেধ বাচক + চারা—উপায়) অসহায়, নিরুপায়; যথা,—

"দিয়াছ তারা ছটা ইয়ার,
তায় আমায় কল্লে নাচার।"
(রামপ্রসাদ)

নাচি, বি, ছিদ্র, বিধ।

নাছ, নাচ, বি, গুপ্তদ্বার, খিড়কী; যথা,—

"এমন কতমণি পড়ে আছে
চিন্তামণির নাছদুয়ারে।"
(কমলাকান্ত)

নাজিনা, বি, বৃক্ষবিশেষ, সজিনা জাতীয় বৃক্ষ।

নাজীর, বি, (আরবী নজর—

দৃষ্টি, তত্বাবধারণ) আদালতের কর্ম্মচারী বিশেষ, পরিদর্শক।

নাজেহাল, নাজেহালপেশমান, বি, (পেশমান—পারশী—লজ্জাযুক্ত) লাজুক, হালের অর্থ সঙ্কট অবস্থা (Delicate situation।

নাট, নটন, বি, নর্ত্তন, নৃত্য; ২। অভিনয়; যথা,—

"নবীন তরঙ্গ তুলে করচ কত নাট।"
(হেমচন্দ্র)

"আনন্দ প্রতাপ রুদ্র ছাড়ি রাজ্যপাট।
মিশ্রের ভবনে আসি নিত্য দেখে নাট।"
(গোবিন্দ দাসের করচা)

নাটমন্দির, বি, দেবমন্দিরের সম্মুখস্থ প্রাসাদ বিশেষ।

নাটা, বি, লতাবিশেষ; ২। বর্ত্তুলাকার ফলবিশেষ।

নাটাই, বি, সূত্রজড়ান যন্ত্র।

নাটাকরঞ্জ, বি, অম্লফল বিশেষ।

নাটান, বি, সূতাজড়ান; ২। দুর্ব্বল হওন, শ্রান্ত হওন।

নাটাপাটা, বিং অবসন্ন; ২। বেসামাল; ৩। বস্ত্রাদির ভারে জড়িত। [লাটিম।

নাটিম, বি, ক্রীড়নক, খেলনা,

নাটুয়া, বিং নর্ত্তক, নৃত্যকারী।

নাড়ন, বি, স্থানান্তর করণ; ২। কম্পন; ৩। চালন।

নাড়া, বি, কর্ত্তিত ধানগাছের গোড়ার অংশ, ছেদিত ধান্যের অবশিষ্ট মূল; ২। ক্রি,—স্থানান্তরিত করা।

নাড়াখাড়া, বি, ব্যঞ্জন বিশেষ, ইহাতে যত আনাজের সমাবেশ, ভোজে যত প্রকার মৎস্য আছে, নাড়াখাড়ায় তাহার তেল চোপ্‌ড়া—পোটা কাঁটা দিতে হয়। কোন কোন স্থলে ইহার নাম "ছেঁচড়া"। ইংরাজীতে Countricaptain।

নাড়াটেপা, বি, বৈদ্য, চিকিৎসক।

নাড়ীমরা, বি, অক্ষুধা; ২। বিং—অল্পাহারী; ৩। পেটরোগা।

নাড়ু, বি, (লড্ডুক শব্দজ) মিষ্টান্নবিশেষ, লাড়ু।

নাণক, নানক, বি, শিখধর্ম্ম প্রচারক। লোদীবংশের রাজত্বকালে ১৩৬৯ খৃষ্টাব্দে লাহোরের অন্তগত বিপাশা-তীরবর্ত্তী ভাগবন্দী গ্রামে শিখগুরু নানক জন্মগ্রহণ করেন। অতি শৈশবেই নানকের প্রাণে বিলক্ষণ ধর্ম্মানুরাগ উদ্রিক্ত হয়। তিনি এই সময় হইতেই চিন্তাশীল ও পরহিতৈষী হইতে লাগিলেন। তিনি অধ্যবসায় ও কঠোর তপস্যাদ্বারা নানাবিধ সদ্‌গুণ উপার্জ্জনকরতঃ পরমব্রহ্ম ঈশ্বরের উপাসনা করিতে লাগিলেন, এবং অল্প-

কাল মধ্যেই ভারতে মহাপুরুষ বলিয়া পরিচিত হয়েন। তিনি অদম্য উৎসাহে এবং কঠোর অধ্যবসায়ের সহিত সর্ব্বব্যাপী নিরাকার পরমেশ্বরের উপাসনাই—পরমধর্ম্ম বলিয়া হিন্দু ও মুসলমান সমাজে প্রচার করেন। তাঁহার শিষ্যসম্প্রদায় 'শিখ' নামে পরিচিত। ১৫৩৮ খৃষ্টাব্দে নানক সমাধি প্রাপ্ত হয়েন।

নাণকপন্থী, বি, শিখজাতি।

নাতান, নাতোয়ান, বিং (যাং, না — নিষেধ — তওয়ান — ক্ষমতা) নির্ধন, দরিদ্র, অসঙ্গতিপন্ন।

নাতান কাচকাচা—শক্তি থাকিতে শক্তিহীনতার পরিচয় দিয়া কথা কহা, দরিদ্রতার ভাণ করা।

নাতি, বি, (নপ্তৃ শব্দজ) পৌত্র, দৌহিত্র। [দৌহিত্রী।

নাতিন, নাতিনী, বি, পৌত্রী,

নাথানোথা, বি, মুষ্ট্যাঘাত ও পদাঘাত, কীল ও লাথি; যথা,—

"প্রাণভয়ে দ্বিজগণ দেখায় পইতা।
পয়াণে না মারে দানা মারে নাথানোথা।"
(কবিকঙ্কণ)

নাথী, বি, পদাঘাত। [গর্জ্জন।

নাদ, বি, গবাদির মল; ২।

নাদন, বি, গবাদির মলত্যাগকরণ।

নাদ্‌না, বি, মুদ্গরবিশেষ; ২। বৃহৎ যষ্টি।

নাদা, বি, বৃহৎ মৃৎপাত্রবিশেষ; ২। ক্রি,—গবাদির মলত্যাগ করা।

নাদী, বি, ছাগাদির মল।

নাদনী, বি, নৌকাবিশেষ।

নানা, বি, (যাং) মাতামহ; ২। বিং—নানাবিধ, অনেক রকম। স্ত্রীং—নানী—মাতামহী।

নানান, বিং অনেক প্রকার, ভিন্ন ভিন্ন।

নান্নীমুখ, বি, (নান্দীমুখ) আভ্যুদয়িক শ্রাদ্ধ, বিবাহাদি শুভকার্য্যের পূর্ব্বে যে পার্ব্বণশ্রাদ্ধ করা যায়।

নাপাক, বিং (পারশী) অপবিত্র, অশুদ্ধ, পাপজনক; যথা,—

"যত কাম করে হিন্দু সকলি নাপাক।"
(অন্নদামঙ্গল)

নাপান, বি, হাবভাব, ভঙ্গি; যথা,—

"কমলা-বিলাস বাস পরি অভিলাষ।
কতখান নাপান ভুলাতে ধর্ম্মদাস॥"

২। সৌন্দর্য্য, শোভা; যথা,—

কর্ণপুর কিরণে কবরী কান্তি করে।
বেড়েছে নাপান বড় নাসার বেসরে।"
(ঘনরাম)

নাপানী, বি, লম্ফঝম্প, স্পর্দ্ধা; ২। বিং—বিলাসিনী।

নাফ্‌রা, বি, জগন্নাথের উদ্দেশে নিবেদিত ব্যঞ্জনবিশেষ, ইহা সাধারণতঃ কুষ্মাণ্ডাদি আনাজ সহযোগে প্রস্তুত। কোন কোন স্থলে ইহার নাম 'ন্যাবড়া'। চৈতন্যভাগবতে শ্রীশ্রীমহাপ্রভুর ও কবিকঙ্কণ চণ্ডী গ্রন্থে শ্রীপতির জগন্নাথ দর্শন উপলক্ষে 'নাফ্‌রার' পরিচয় পাওয়া যায়; যথা,—

"প্রভু বলে বিস্তর নাফরা মোরে দেহ।
পীঠাপানা ছানাবড়া তোমরা সে লহ।'
'নাফরা খাবেন সর্ব্বভক্তগণ হাসে।'
(চৈতন্যভাগবত)

২। "নাফরা ব্যঞ্জন রাজা,
ঘৃতে পলাকড়ি ভাজা,
মধুরুচি ব্যঞ্জন রসাল।"
(কবিকঙ্কণ)

নাবড়, বিং নির্ব্বোধ; ২। চতুর; ৩। শঠ, ঠক। [ওলন।

নাবন, বি, অধোগমন, উত্তরণ,

নাবান, বি, অবরোহণ, ওলান, নিম্নকরা।

নাবাল, বিং অধঃস্থ, নিম্ন, নীচু; ২। বি,—নিম্নভূমি।

নাবালক, নাবালগ, বিং (না—নিষেধবাচক, বালিগ—বয়ঃ-প্রাপ্ত) অপ্রাপ্তবয়স্ক।

নাবি, নাবী, বিং উপযুক্ত সময়ের পশ্চাৎ; ২। যাহা শেষে জন্মায়; ৩। বি,—শ্রেণীবদ্ধ নৌকা জাহাজ প্রভৃতি।

নামজাদা, বিং প্রসিদ্ধ, খ্যাতাপন্ন।

নামডাক, বি, প্রসিদ্ধ, খ্যাতি।

নামতা, বি, গণিতবিশেষ, সংক্ষিপ্ত গুণাবলী, একাদি অঙ্কের পূরণ।

নামান, বি, অবতরণ, নামা।

নাম্‌না, বি, বটবৃক্ষের জটা, গাছের ঝুরী।

নামা, বি (পারশী) লিখন, লিখিত বৃত্তান্ত, চিঠি, যেমন ওকালৎনামা, অজুহন্নামা।

নামাউঠা, বি, ওলাউঠা, ভেদবমি।

নামান, বি, অবরোহণ, ওলান; ২। বিরেচন, ভেদ। [নৌকা।

নায়, বি, (নৌ শব্দজ) তরণী,

নায়ক, নায়েক, বি, গৃহস্বামী, বাটীর কর্ত্তা; যথা,—

"নগেন্দ্র নন্দিনী মা নায়েকে কর দয়া।
গান দ্বিজ ঘনরাম দেহ পদছায়া॥"
(ঘনরাম)

নায়কী, বি, বীণাদির প্রধান তার।

নায়র, বি, আত্মীয় স্বজন, সুহৃদ; যথা,—

"দিন দুই দেখা শুনা নায়রের সাথে।
কথনীয় নয় কত প্রীতি হয় তাতে॥"
(শিবায়ণ)

নায়েব, বি, (আরবী) প্রতিনিধি ; ২। জমিদারের তরফের গোমস্তাদিগের উপরিস্থ কর্ম্মচারী। কোন মফস্বল মহালের সর্ব্বপ্রধান কর্ম্মচারী। নায়েবের অধীনে গোমস্তা তহশিলদার প্রভৃতি কার্য্য করেন।

নারঙ্গ, নারাঙ্গা, বি, একপ্রকার অম্লমধুর নেবু। ভাবমিশ্র নারঙ্গ (নাগরঙ্গ) শব্দে কমলাকেই অভিপ্রেত করিয়াছেন ; ২। ক্ষতবিশেষ।

নারাজ, নারাজী, বিং (যাং, আরবী রিজা—পছন্দ) অস্বীকার, অসম্মত ; ২। অসন্তুষ্ট ; ৩। অপছন্দ।

নাল, বি, মৃণাল, ফাঁফা ডাঁটা, নলাকার কৃত্রিম বস্তু ; ২। শিরা ; ৩। (আরবী) অশ্বের ক্ষুরবদ্ধ লৌহ।

নালকী, বি, বৃক্ষবিশেষ ; ২। শিবিকাবিশেষ।

নালা, বি, (প্রণালী শব্দজ) জল নির্গম পথ।

নালায়েক, বিং (না—নিষেধ+লায়েক—উপযুক্ত) অনুপযুক্ত, অযোগ্য।

নালি, নালী, বি, অনেক দিনের ঘা, যাহা সহজে আরাম হয় না ; ২। নাড়ী, দেহস্থ শিরা ; ৩। ক্ষুদ্র জলনির্গমন পথ।

নালিক্ষীর, বি, পাৎলা ক্ষীর।

নালিতা, বি, তিক্ত পাটশাক।

নালিম, বি, রক্ত আভা।

নালু, বিং জীর্ণ, ক্ষীণ।

নালুক, বিং ভঙ্গুর ; ২। নরম ; ৩। স্থিতিস্থাপক।

নাস, বি, তাম্রকূটচূর্ণ, নস্য ; ২। জলাদির নাসিকাদ্বারা আকর্ষণ ; ৩। বিন্যাস ; ৪। বিং—সৌখীন ; যথা,—

"অশেষ বিশেষ, করি নাসা বেশ,
নাচিতে চলিলা নটী।"
(ঘনরাম)

নাসদান, বি, নস্যদানী, নস্য রাখিবার পাত্র।

নাসা, বি, নাসিকা ; ২। নাসিকা রোগবিশেষ, নাসিকা দ্বারের উপরিজাত মাংস ; ৩। ঝনকাঠ ; ৪। বিং—নিম্ন।

নাসাতি, বি, বৃক্ষবিশেষ, হাঁচুটী ফলের বৃক্ষ।

নাস্তানাবুদ, বিং (যাং—নেস্ত ও নাবুদ—বিষমকষ্ট) অবসন্ন, কাতর ; ২। যাহার অস্তিত্ব পর্য্যন্ত লোপ হইয়াছে।

নাহ, বি, (নাথ শব্দের অপভ্রংশ) নাথ, স্বামী, ভর্ত্তা।

নাহক, ক্রি বিং (যাং, না—নিষেধ

+হক্—যথার্থ) অন্যায্য, অন্যায়রূপে, মিছামিছি।

নাহি, ক্রি, নয়, নহি, নাই।

নিআড়, বি, নিভৃত স্থান; ২। বিং—সমরেখা বিশিষ্ট।

নিংড়ন, নিঙ্গড়ন, বি, (নিষ্পীড়ন শব্দজ) আর্দ্র বস্ত্রাদি হইতে জলনিঃসরণ।

নিক, নিকেল, বি, আর্দ্রভূমিতে গোশকটের চক্র চিহ্ন।

নিকটানিকটি, বিং অদূর, কাছাকাছি।

নিকড়িয়া, বিং নির্ধন, দরিদ্র।

নিকন, নিকান, বি, গোময়াদি দ্বারা লেপন, গৃহাদির সংস্কার করা।

নিকন্দিয়া, বিং (স্কন্ধ শব্দজ) কবন্ধ, স্কন্ধহীন।

নিকরবাকী—প্রজার অসামর্থ্য হেতু যাহা বাকি পড়ে, তাহার সমষ্টিকে নিকর বাকী কহে।

নিকলন, বি, (হিন্দি) নির্গম হওন, বাহির হওন; যথা,—

"শূল হাতে রহে বীর শিবের সম্মুখে।
নয়নে নিকলে অগ্নি ঝলকে ঝলকে॥"
(কবিকঙ্কণ)

নিকা, বি, (আরবী) মুসলমানদিগের বিধবা বিবাহ।

নিকাম, বিং (নি—নাই+কাম—কার্য্য) নিষ্কর্ম্মা।

নিকারী, নিকিরী, বি, মৎস্যবিক্রেতা যবনজাতি।

নিকাশ, বি, পরিশোধ; ২। শেষ; ৩। হিসাবপত্র বুঝাইয়া দেওয়া; যথা,—

"নিকাশ তাহার গোঁজা তারে দেয় গোজা
(ভারতচন্দ্র)

নিকাস, বি, (যাং) হিসাব স্থিরীকরণ; ২। জল নির্গম পথ।

নিকাসীপোতা, বি, (যাং) জমিদারের কর্ম্মচারীরা নিকাশ দিবার সময় যাহা দেনদার হয়, তাহার নাম নিকাসীপোতা।

নিকী, নিখী, বি, (নিক্ষী শব্দজ) উকুণ, ডেঙ্গরের বীজ।

নিক্তি, বি, তুলাদণ্ডবিশেষ, পরিমাপক ক্ষুদ্র যন্ত্রবিশেষ।

নিখরচা, ক্রি বিং, বিনাব্যয়ে, বিনামূল্যে।

নিখাটু, বিং নিষ্কর্ম্মা, অলস।

নিখাদ, বি, নিষাদ স্বর, হস্তীর শব্দতুল্য স্বর।

নিখুঁত, বিং (নি—না+খুঁত—চূর্ণার্থ ক্ষোদ শব্দজ) নির্দোষ, দোষহীন।

নিঘাবনা, বি, সেবা, আদেশানুসারে কার্য্য করা, হুকুমখাটা।

নিঘ্ন, বিং অনুগত, আশ্রিত।

নিঙ্গড়ন, নিঙ্গড়ান, বি, নিষ্পীড়ন, জল নিঃসারণ।

নিঙ্গলন, বি, গিলন, গ্রাস করা।

নিচু, বি, ফলবিশেষ; ২ বিং— নীয়।

নিচোড়, বিং কৃপণ; ২। অধম, অন্ত্যজ; ৩। নিংড়ান; যথা,—

"মুঠে নিচোড়িয়া তাহে দিল আদারস।"
(কবিকঙ্কণ)

নিছক, বিং (যাং) কেবল, তন্মাত্র; যথা,—

"উচ্চতানে শুনাইব নিছক খেঁউড়।"
(হেমচন্দ্র)

নিছনি, বি, (নির্ম্মঞ্ছন শব্দজ, মূল অর্থ যাহা মুছিয়া ফেলিয়া দেওয়া হয়। প্রাচীন কবিতায় 'নির্ম্মঞ্ছন' শব্দও মধ্যে মধ্যে পাওয়া যায়; যথা,—

"যাবক রঞ্জিত চরণতলে,
জীউ নিরমঞ্ছব গোবিন্দদাস।"
পদকল্পতরু ১০৭১।

২। "বিশ্বম্ভর নির্ম্মঞ্ছন করে নারীগণ।
জয়জয় হুলাহুলি এ গীত নাচন।"
লোচনদাসের চৈতন্যমঙ্গল।

নির্ম্মঞ্ছন—নীরাজন, আরতি, সেবা, মোছা, আরাধনা, শান্তি-কর্ম্মবিশেষ) উপহার; যথা,—

"পরাণ কেমন করে,
মরম কহিনু তোরে,
জীবন নিছান তুয়া পাশ।"
(বসন্তরায়)

"হেম বারি পরিপূর্ণ জাহ্নবীর জলে।
কত নিধি চরণ নিছনি লয়ে চলে।"
(ঘনরাম)

২। বালাই, অমঙ্গল; যথা,—

"কাহার বাছনি রে নিছনি লয়ে মরি।"

৩। বিবাহকালীন স্ত্রী আচারের অঙ্গবিশেষ, বরণ, যেমন নিছনিডালা অর্থাৎ বরণডালা বা বালাই দূর করিবার জন্য যে ডালা সাজান হয়; ৪। সেবা, বেশবিন্যাস। বৈষ্ণব কবিতায় "নিছনিয়া" অর্থ ছাঁকিয়া, উক্ত ভাব হইতে বাহির করিয়া লওয়া যাইতে পারে। 'নিছিয়া' ও 'নিরছাই' একধাতু মূলক অর্থাৎ সম্ভবতঃ 'নিরমঞ্ছব' শব্দমূলক। অর্থ—মোছা; যথা,—

"দোঁহে দোঁহ তনু নিরছাই।"
(গোবিন্দদাসের করচা)

২। "আপাদ মস্তক তৃণে নিছিয়া লইয়া
নিজশিরে থুই নাচে ভ্রুকুটী করিয়া"
(চৈতন্যভাগবত)

নিছল, বিং কপটতাশূন্য।

নিছু, বিং নিরবচ্ছিন্ন, কেবল।

নিছুড়িয়া, বিং নিঃসহায়, অনাথ।

নিজজোত—যে জমিতে প্রজারা নিজে চাষ করিয়া থাকে।

নিজস্ব, বিং যাহাতে আপনার স্বত্ব আছে।

নিঝুম, বিং নিঃশব্দ, নিস্পন্দ, নির্ব্বাত; যথা,—

নগরে নিদুটী নিশা হয়েছে নিঝুম।
(ঘনরাম)

২। নিঝুম নীরব সব গিরি তরু লতা।"
(সারদামঙ্গল)

নিট্‌, নীট্‌, বিং নিশ্চয়, খাটী, সত্য; যথা,—
"নীলাম্বর নিট্‌ জেনেছে মনকে আমার বলা মিছে।" (রামপ্রসাদ)

নিটনকাত,—প্রজার দখলি জমিতে পরিমাণ অনুসারে জমাধার্য্যকে নিটনকাত কহে।

নিট্‌পিটে, বিং অলস, অসত্বর, ধীর, যে তাড়াতাড়ি কোন কার্য্য করিতে পারে না।

নিটুট, বিং (নি—না+টুট—ত্রুটী শব্দজ) সম্পূর্ণ নির্দ্দোষ; ২। অক্ষুণ্ণ। [নিয়।

নিটোল, বিং সম্পূর্ণ, অঙ্গহীন

নিঠাকাঠা, বি, নিষ্ঠা; ২। ব্রতাদি ক্লেশ; ৩। শ্রদ্ধা, ভক্তি।

নিঠুর, বিং (নিষ্ঠুর শব্দজ) নিষ্ঠুর, নির্দ্দয়।

নিড়ন, বি, তৃণোৎপাটন, ধান্যাদির ক্ষেত্র পরিষ্কার করা।

নিড়বিড়া, বিং অশীঘ্র কার্য্যকারী, যে সত্বর কার্য্য করিতে পারে না।

নিড়ানী, বি, নিড়নাস্ত্র, ক্ষোড়।

নিতলী, বিং অদৃশ্য; ২। তলস্পর্শী, যে তলস্পর্শ করিয়াছে।

নিতি, নিত্, বিং প্রত্যহ, নিয়ত, সর্ব্বদা, নিত্য; যথা,—
"কুল না ছাড়িবে, কলঙ্কে ভাসিবে নিতি।" (চণ্ডীদাস)

নিতিনিতি, বিং প্রত্যহ, রোজ-রোজ।

নিথর, বিং নিস্তব্ধ, স্থির, আলোড়ন বিহীন; যথা,—
"নিথর নিঃশব্দ সেই জনশূন্য বন।"
(গোবিন্দদাসের করচা)

নিদ, নীদ, বি, (নিদ্রা শব্দের অপভ্রংশ) নিদ্রা, ঘুম।

নিদয়, বিং (নির্দ্দয় শব্দজ) নিষ্ঠুর, মায়ামমতা বিহীন।

নিদান, বি, চিকিৎসা গ্রন্থ বিশেষ; ২। অবসান, শেষকাল; ৩। বাছুর বাঁধা দড়ি; ৪। বিং—মৃতপ্রায়, যাহার অন্তিম কাল উপস্থিত।

নিদারুণ, বিং অসহ্য; ২। ভয়ানক; ৩। নির্দ্দয়। [বিশেষ।

নিদালী, বি, নিদ্রাকর্ষক যন্ত্র

নিছুটি, নিছুটী, বি, মোহ, ভেল্কী; যথা,—
"নগরে না হবে বিঘ্ন লাগিবে নিছুটী।
কালিকা দেবীর আজ্ঞা লাগরে নিছুটী॥"
(ঘনরাম)

নিদেন, বি, লাঙ্গলের মুড়ার (ফাল সংযুক্ত কাষ্ঠ) উপরের ধরিবার কাষ্ঠদণ্ড। কোন কোন স্থানে 'নিজেন' বলিয়া থাকে।

নিধূর্ত্ত, বিং নিধন, নিঃস্ব।

নিন, বি, সূত্রধরের কাষ্ঠ কাটা অস্ত্র বিশেষ, বাঁটালি।

নিনাড়, বিং অপ্রকাশ্য, গুপ্ত, সাধারণের অগোচর, নিভৃত।

নিন্দুক, বিং নিন্দাকারী, কুৎসাকারী।

নিপট, বিং সম্যক প্রকার, বস্তুতঃ, যথার্থ ; ২। নির্দ্দয়, (কাব্যে মাত্র ব্যবহৃত)।

নিপত, বি, মৃত্যু, নাশ ; ২। অধঃপতন।

নিবড়, বিং সম্পূর্ণ, সমাপ্ত, শেষ ; যথা,—

"এপার নিবড়ে যখন বারতে প্রবেশ।"
(কৃত্তিবাস)

নিবড়ন, বি, সমাপন, নিষ্পাদন।

নিবণ, নিভান, বি, (নির্ব্বাণ শব্দজ) নির্ব্বাপণ, নিবিয়া দেওয়া।

নিবর্ত্ত, বিং বিরত ; ২। নিষেধ।

নিবস্ত্র, বিং (নি—নাই + বস্ত্র—কাপড়) বিবস্ত্র, উলঙ্গ।

নিভাউ, বিং অদৃশ্য, নিমেষে অদৃশ্য।

নিভাঁজ, বিং বিশুদ্ধ, খাটি।

নিম, বি, (নিম্ব শব্দজ) বৃক্ষ বিশেষ, নিম্ব বৃক্ষ ; ২। বিং—(যাং) অল্প, ঈষৎ, অর্দ্ধ, যেমন নিমগরম অর্থাৎ অর্দ্ধোষ্ণ, নিমরাজী—অর্দ্ধ সম্মত।

নিমকহারাম, বিং (পারশী= নিমক—লবণ, আরবী= হারাম—অবৈধ, নিষিদ্ধ) কৃতঘ্ন, অকৃতজ্ঞ।

নিমিখ, বি, (নিমিষ শব্দজ) চক্ষু নিমীলন, পলক।

নিমুড়িয়া, বিং অনাথ, অভিভাবকহীন।

নিয়ড়, বি, সমীপ, নিকট ; ২। নিবৃত্ত, ফিরান ; যথা,—

"বধূগণ বিকল হইল রূপ দেখি।
রূপ দেখি নারী না নিয়ড় করে আঁখি॥"
(চৈতন্যমঙ্গল)

নিরহ, বিং (নিরীহ শব্দজ) নিরীহ, শান্ত, অবিবাদী।

নিরাই, বিং নির্ব্বাত, বায়ুহীন।

নিরাইশিকার,—বর্ষার জলে যখন পূর্ব্ববঙ্গ প্লাবিত হইয়া যায়, তখন পূর্ব্ববঙ্গবাসী সাধারণ লোকে 'নিরাই কালে' সামান্য পরিশ্রম দ্বারা বড় বড় রুই কাত্‌লা প্রভৃতি মৎস্য শিকার করিয়া থাকে, তাহাকে 'নিরাই শিকার' কহে। যথা,—

"যখন দিনে নিরাই করে,
শিকারী সব রয়না ঘরে,
জাঠা বর্ষা লয়ে করে,
নাও না পেয়ে তরে চলে।"
(রামপ্রসাদ ব্রহ্মচারী)

নিরাকুল, বিং নিশ্চিন্ত, আকুলতা শূন্য।

নিরাল, নিরালা, বিং নিভৃত, নির্জ্জন।

নিরীখ, বি, (পারশী) দ্রব্যের মূল্য; ২। বাজার দর; ৩। খাজনার হার।

নিরেস, বিং নিকৃষ্ট, মন্দ।

নির্ম্মলী, বি, ফল বিশেষ, জল পরিষ্কারক ফল।

নিলাজ, বিং (নির্লজ্জ শব্দজ) নির্লজ্জ, বেহায়া।

নিলাম, নীলাম, বি, বিক্রয় করণ বিশেষ, দেনার দায়ে প্রকাশ্যে বিক্রয় (Auction)।

নিশান, বি, (যাং) ধ্বজা, পতাকা; ২। চিহ্ন।

নিশানদিহি,—চিহ্নিত করণ, চিনাইয়া দেওন।

নিশিজল,—প্রত্যূষে পান করনার্থ পান পাত্রে রক্ষিত জল। এই জল মুখ বা নাসিকারন্ধ্র দ্বারা পান করিলে সৌম্যদর্শন, নীরোগ প্রভৃতি হয়। [বসান।

নিষস্ত, বি, (পারশী) সংস্থাপন,

নিস্কর, বিং (যাং) রাজস্বহীন, লাখরাজ।

নিস্কুট, বি, (যাং) জানানামহল, অন্দর।

নিস্পী, বিং (পারশী) অর্দ্ধেক।

নিসিন্দা, বি, বৃক্ষ বিশেষ।

নিহানী, নিহালী, বি, নেহাই (Anvil)।

নিহারণ, বি, (নিরীক্ষণ শব্দজ কি?) অবলোকন, দর্শন; ২। ঠাওরণ।

নিহারা, বি, বিষ্ঠা, মল; যথা,—

"আমি ট'লে ক্ষীরহ্রদে,
পড়িলাম অপ্রমাদে,
তুমি পড় নরকে নিহারা॥"
(কৌতুকবিলাস)

নিহালি, বি, মূল্যবান বস্ত্র বিশেষ। যথা,—

"বহু ব্যয় করি কড়ি,
করিলাম খাট পিঁড়ি,
সগন্নাদ নিহালি পামরী।"
(কবিকঙ্কণ)

নিহালয়, ক্রি, নিরীক্ষণ করে; ২। অনুসন্ধান করা।

নীত, বি, (নীতি শব্দজ) নিয়ম, পদ্ধতি, রীতি।

নুঅন, বি, নম্র করণ; ২। নত হওন; ৩। বাঁকন।

নুটী, বি, আঁটি, তাল; ২। মোট; ৩। বিড়ালাদি জন্তুর শিকার ধরিবার সময় অবস্থান বিশেষ; ৪। নত হইয়া থাকা।

নুড়, নুড়া, বি, তৃণাদির গল্লা, গোছা।

নুড়কুং, বিং কার্য্যক্ষম, যাহার দ্বারা কার্য্যে সাহায্য পাওয়া যাইতে পারে।

নুড়ি, বি, ক্ষুদ্র প্রস্তর, ঢিল।
নুণ, বি, (লবণ শব্দজ) লবণ; ২। শাক বিশেষ, নুণে শাক।
নুণখাওয়া,—অন্নে প্রতিপালিত হওয়া বা উপকার পাওয়া।
নুদি, বি, স্থূলোদর, মোটাপেট।
নুনু, বি, শিশুর লিঙ্গ।
নুনুড়ি, বি, ঘণ্টার জিহ্বা, ঘুণ্টি; ২। আলজিহ্বা, আল্‌জিভ্‌।
নুয়ান, বি, নত করণ।
নুর, বি, (আরবী) জ্যোতি, আলোক। মুসলমানেরা দাড়িকে ঈশ্বরের জ্যোতি বলিয়া থাকেন।
নুরী, বি, পক্ষী বিশেষ, তোতা।
নুলা, বিং ক্ষুদ্র হস্ত বিশিষ্ট, ছিন্ন হস্ত; ২। বি,—পশ্বাদির থাবা।
নুলী, বি, পশ্বাদির থাবা।
নেউটা, ন্যাওটা, বিং পোষা; ২। বশীভূত, অনুগত। [করণ।
নেউটন, বি, ফিরণ, যাতায়াত
নেউটপাড়া, বি, যাতায়াত, যাওয়া আসা; ২। ক্রমাগত গতায়াত। [বেজী।
নেউল, বি, (নকুল শব্দজ)
নেওর, বি, (নীহার শব্দজ) নিহার, শিশির।
নেওলা, বিং নিম্ন, নীচু।
নেং, ন্যাং, বি, পা, জঙ্ঘা।
নেংচান, বি, খোঁড়ান।
নেংট, ন্যাংটা, বিং (নগ্ন শব্দজ কি ?) উলঙ্গ, বিবস্ত্র।
নেংটি, বি, অতি ক্ষুদ্র মলিন বস্ত্র; ছোট ইঁদুর।
নেংটীমারা,—উত্তরবঙ্গে পল্লী জাতীয় পুরুষেরা হস্ত পরিমিত দীর্ঘ ও অর্দ্ধ হস্ত পরিমিত প্রস্থ কৌপীন পরিধান করে। ইহাকে নেংটী বা কাষ্ঠী বলে এবং এই ক্রিয়াকে নেংটীমারা বা কাষ্ঠী পিন্দা বলে।
নেকড়া, বি, ছিন্ন বস্ত্র, কানি।
নেকড়িয়া, বি, ব্যাঘ্র বিশেষ, গো বাঘা।
নেকনজর, বি, (পারশী) শুভদৃষ্টি, সুদৃষ্টি।
নেকরা, বি, নির্ব্বোধের ভাব প্রকাশ; ২। ছলনা; ৩। নেকামি, নির্ব্বুদ্ধিতা প্রকাশ।
নেকা, বিং নির্ব্বোধ, অস্পষ্ট বাক্, হাবাবোকা।
নেকামি, বি, অজ্ঞতার ভাণ; ২। মূর্খতা প্রকাশ; ৩। পাগলামী
নেকার, ন্যাকার, বি, (নক্কার শব্দজ) বমন, বমি, ভক্ষিত বস্তু উদ্গীরণ।
নেঙ, ন্যাং,—পদ, জঙ্ঘা; ২। দীর্ঘ করিয়া পদ ক্ষেপণ, লম্ফ।

নেঙ্গড়া, বিং পাদ বিকল, খঞ্জ, খোঁড়া

নেঙ্গা, নেঙা, বিং যাহার বাম হস্তে বলাধিক্য, নেটা; ২। অনাবৃত।

নেঙ্গুড়, বি, পুচ্ছ, লেজ।

নেজ, বি, (লেঙ্গ শব্দজ) পুচ্ছ, লেজ।

নেজা, বি, অস্ত্র বিশেষ, ভল্ল, বড়সা; ২। বাঁটুল, বাণ; যথা,—

"ফোঁটা দিয়া বিন্ধে রেঝা,
ছাড়িতে শিখায়ে নেজা,
চামের টোপর শোভে শিরে।"
(কবিকঙ্কন)

৩। পশ্চাদ্ভাগ, লেজ।

নেটা, ন্যাটা, বিং নেঙা, বামহস্তে কার্য্যকারী।

নেটুয়া, নাটুয়া, বিং নট, ভণ্ড।

নেড়া, ন্যাড়া, বিং মুণ্ডিত কেশ; ২। ছদ্ম; ২। বৈষ্ণব বেশধারী ভিক্ষুক বিশেষ।

নেড়াপোড়া, বি, চাঁচর, শ্রীকৃষ্ণের দোলযাত্রার পূর্ব্বদিনের বহ্ন্যুৎসব।

নেড়াসিজ, বি, কণ্টক বিশেষ, তেঁকাটা সিজ।

নেড়ী, বিং মুণ্ডিত কেশা; ২। ছদ্মবৈষ্ণবী, গায়িকাবিশেষ।

নেড়ীভেড়ী, বি, তুচ্ছ লোক, ইতর লোক।

নেড়ে, নেড়া, বি, যবন, ম্লেচ্ছজাতি।

নেত, বি, বস্ত্র বিশেষ; যথা,—

"কেহ নেত কেহ শ্বেত কেহ পাটসাড়ী।
কুঙ্কুম চন্দন দুর্ব্বা বাটা করি ভরি॥"
(কবিকঙ্কণ)

"বান্ধিয়া কালীর পুচ্ছ নেতের অঞ্চলে।"
(ক্ষমানন্দ ও কেতকাদাস)

নেতা, বি, (হিন্দী লতা শব্দজ কি?) কানি; ২। গৃহপরিস্কারার্থ জীর্ণ বস্ত্র, যদ্দ্বারা থুপথুপাইয়া আঘাত করা যায়, লেতি। (Dauber)।

নেতাড়ী, বি, অর্দ্ধ শ্লোক; ২। অর্দ্ধ সংস্রব, ন্যাতাড়।

নেদি, বি, গোময় পিষ্টক, ঘুঁটে।

নেপ, লেপ, বি, শীত নিবারণ আচ্ছাদন বিশেষ।

নেপা বি, ত্বক, ছাতা; ২। ক্রি—লেপন করা।

নেপুর, বি, (নূপুর শব্দজ) চরণভূষণ বিশেষ, নুপুর।

নেবা, বি, পাণ্ডু রোগ, কাঁওল রোগ, ইহাতে চক্ষু হরিদ্রাবর্ণ হয়।

নেবু, বি, লেবু, আকার ও গুণ ভেদে লেবু বহুবিধ; যথা, পাতি, কাগচি, বাতাপি, কমলা, গন্ধরাজ, গোঁড়া প্রভৃতি।

নেয়, বিং গলা, অতিশয় রসযুক্ত।

নেয়াল, নেহাল, বিং অতুলধন-শালী, অদৈন্য ; যথা,—
"নানা ধনে ডোম গণে করিল নেহাল"
(ঘনরাম)
২। বি,—সাদা ফিতা ; যথা,—
"কাটিয়া কাপড় জোড়ে দরজির ঘটা।
নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা॥"
(কবিকঙ্কণ)

নেয়ে, বি, (নাবিক শব্দজ) নাবিক, মাঝি।

নেলান, বি, টুয়ান, লাগান ; ২। চেতান ; ৩। প্রেরণ ; ৪। দর্শান।

নেশা, বি, (আরবী) মত্ততা ; ২। আনুরক্তি।

নেশাখোর বিং (নেশা—খোর—খাওয়া) যে নেশা করে, যে মত্ততাজনক খাদ্য খায়।

নেহাই, বি, স্বর্ণকারের স্বর্ণ রৌপ্যের পাতাদি করিবার লৌহাধার বিশেষ, যাহার উপর রাখিয়া ধাতু পিটে, চৌকী। (Anvil)।

নেহার, বি, সাদা ফিতা।

নেহারণ, নেহালন, বি, (নিরীক্ষণ শব্দজ কি?) নিরীক্ষণ, দর্শন যথা,—
"অনিমিষে শ্রী অঙ্গ নেহারে।"
(কালীকীর্ত্তন)

নেহাৎ, ক্রি বিং (আরবী—নেহায়ৎ—অর্থাৎ যারপর আর নাই, নিতান্ত) নিতান্ত পক্ষে।

নৈ, নৈবাছুর, বি, নবীন স্ত্রী গোবৎস।

নৈরাকার, বিং (নিরাকার শব্দজ) নিরাকার, আকার রহিত, যাহার শরীর নাই।

নৈপাল কিরাত, বি, নেপাল দেশ জাত এক প্রকার চিরতা।

নোয়ান, বি, নত করণ, বাঁকান।

নোঙ্গর, বি, (যাং) নৌকাবদ্ধ করণের লৌহ যন্ত্র বিশেষ।

নোঙ্গরা, বিং অপরিস্কৃত, ময়লা।

নোড়, বি, ভাঁজ ; ২। খাদ ; ৩। কৃত্রিম মুদ্রা ; ৪। ফল বিশেষ ; ৫। হুঙ্কার, গর্জ্জন ; যথা,—
"প্রভু আর কিছু না করিল প্রত্যুত্তর।
এই মতে নোড় দিয়া ঘুচাইল দ্বার।
(চৈতন্য ভাগবত)

নোড়া, বি, পেষণী, ক্ষুদ্রশিলা ; ২। ডেলা।

নোনা, বি, ফল বিশেষ, বৃক্ষ বিশেষ।

নোয়া, বি, (লৌহ শব্দজ) লৌহ ; ২। স্ত্রীলোকের লৌহ নির্ম্মিত আয়তির চিহ্ন স্বরূপ হস্তালঙ্কার বিশেষ।
হাতের নোয়া ক্ষয়ে যাক্ জন্মায়তি হও।
(দীনবন্ধু)

নৌকতা, বি, (লৌকিকতা শব্দজ) বিবাহাদি কর্ম্মে যে অর্থ

বস্ত্রাদি কর্ম্ম কর্ত্তাকে দেওয়া যায় ; যথা,—

"নমস্কারি নৌকতা, যৌতুক যত ধন।
দাসীগণ রাণীকে করিল সমর্পণ॥"
(যমরাম)

নৌতূন, বিং (নূতন শব্দজ) নূতন ; যথা,—

"অভয়া চরণে চিত,
রচিয়া নৌতুন গীত,
পঞ্চালিকা করিলা প্রকাশ।"
(কবিকঙ্কণ)

ন্যাওট, নেওট, বিং অনুরক্ত, অনুগত।

ন্যাঙচা, বিং খঞ্জ, খোঁড়া।

ন্যাঙচান, বি, খোঁড়ান।

ন্যাঞ্জার, বি, (যাবনিক 'নজা'— (কষ্ট, যন্ত্রণা) শব্দজ কি ?) কষ্ট, গোলযোগ।

ন্যাড়াবোচা, বিং অলঙ্কারাদি বিহীন ; ২। শাখা প্রশাখা বিহীন।

ন্যাল, নেয়াল, বিং সূত্রাদি নির্ম্মিত রজ্জু বিশেষ। ২। বিং—যথেষ্ট, প্রচুর ; ৩। অদৈন্য।

প

প ;—একবিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ।

পই, বি, পয়ঃপ্রণালী, জলনালা। বর্দ্ধমানাঞ্চলে অপর নাম— খাদরা, জাওনা, ডাঁরা। উত্তরবঙ্গে—খুঁটি।

পইছা, পঁউছি, বি, স্ত্রীলোকের হস্তালঙ্কার বিশেষ।

পইঠা, পৈঠা, বি, সোপান, সিঁড়ি, ধাপ।

পইতা, পৈতা, বি, উপনয়ন ক্রিয়া ; ২। যজ্ঞোপবীত।

পঁইত্রিশ, বিং (পঞ্চত্রিংশৎ শব্দজ) সংখ্যা বিশেষ, ৩৫।

পঁহু, পহু, বি, (প্রভু শব্দের অপভ্রংশ) প্রভু, স্বামী।

পঁহুছন, বি, আগমন, উত্তরণ।

পক্ক, পগ্‌গ, বি, শিরস্ত্রাণ, পাগ্‌ড়ী।

পক্কান্ন বি, মোদক প্রস্তুত মিষ্ট খাদ্য দ্রব্য বিশেষ ; ২। বিদ্রূপের ভাষায় বহুভাষী, বাচাল।

পক্ষাঘাত, বি, রোগ বিশেষ, বাতব্যাধি, ইহাতে হস্তপদাদি অবশ হইয়া যায়।

পখান, বি, (পাষাণ শব্দের অপভ্রংশ) পাষাণ, প্রস্তর ; যথা,—

"কিয় দই হৃদয় পখাণে।"
(বিদ্যাপতি)

পখুর, পুখুর, বি, (পুষ্করিণী শব্দজ), পুষ্করিণী, কৃত্রিম জলাশয়।

পথুরগাবা, বি, পুষ্করিণীর ঢাল পড়।

পগার, বি, কৃত্রিম দীর্ঘ গর্ত্ত, সঙ্কীর্ণ খাত, খানা।

পণ্ডার, বি, (প্রবাল শব্দের অপভ্রংশ। এতদ্ভিন্ন 'প্রণাল' শব্দ হইতেও 'পণ্ডার' শব্দের উৎপত্তি দেখিতে পাওয়া যায়, তাহার অর্থ পয়ঃপ্রণালী। অদ্যাপি মৈথিলীতে 'পণার' ও বাঙ্গালায় 'পগার' শব্দ এই অর্থে ব্যবহৃত হইতেছে) পয়প্রণালী; যথা,—

রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পণ্ডার।"

২। "নয়নলোরে বহল পণ্ডার॥"

(বিদ্যাপতি)

২। প্রবাল; যথা,—

"নাসা তিলফুল, অধর পণ্ডার কুল।"

(পদকল্পতরু)

পঙ্গ, বি, ফড়িং; ২। লোক-শ্রেণী।

পঙ্গপাল, বি, পতঙ্গ বিশেষ, এক জাতীয় পতঙ্গ; ২। বহুর সম্মিলন, দল।

পঙ্গু, বিং খঞ্জ খোঁড়া; ২। আড়ষ্ট; ৩। উত্থানশক্তি রহিত।

পচা, বিং (পাকার্থ পচ্ ধাতুজ) দূরিত, নষ্ট, বিকৃত।

পচাকাল,—বর্ষাকাল।

পচাপাচকুয়া, বিং ছিন্ন; ২। গলিত, বিকৃত।

পচাভাদ্র,—ভাদ্র মাসে বর্ষা থাকে, তবে বর্ষার প্রকোপ থাকেনা,—এই মাসে দুই চারি দিন ধরিয়া বৃষ্টি পড়ে বটে, কিন্তু সে ধারা বড় নহে, সূক্ষ্ম ধারায় অজস্র বৃষ্টি হয় বলিয়া এই মাসকে পচা ভাদ্র কহে।

পচাল, বি, অকথ্য বাক্য, কটু [বাক্য।

পচালিয়া, বিং কটুবাদী; ২। কুৎসিত জল্পক।

পচ্‌পচে, বিং অতিশয় কর্দ্দমাক্ত।

পছন্দ, বিং (পারশী—পসন্দ) মনোমত, মনের অনুরূপ।

পঞ্চরঙ্গী, বিং বিচিত্রবর্ণ, বহু প্রকার রঙ বিশিষ্ট।

পঞ্চাইত, পঞ্চায়েত, বি, পঞ্চজনের সমাজ; ২। সজাতীয় শ্রেণীর বিচার সভা।

পঞ্চাইতী, বি, মিলিত বহুজনের কর্ত্তব্য কর্ম্ম।

পঞ্চান্ন, বিং সংখ্যা বিশেষ, ৫৫।

পঞ্চাশ, বিং সংখ্যা বিশেষ, ৫০।

পঞ্জা, পাঞ্জা, বি, অঙ্গুলি সমেত হাতের তালু, কব্জী; ২। প্রাচীন বাদশাহগণ কোন সনন্দ বা হুকুমনামায় নিজে-দের নাম স্বহস্তে লিখিতেন

না। নাম ও উপাধি সমস্তই লেখকেরা লিখিত। উঁহারা কেবল হাতে কালি মাখিয়া পাঁচ আঙ্গুলের ছাপ্ হুকুম-নামার উপর দিতেন, উহাই পাঞ্জা। [বিশেষ।

পঞ্জুড়ি, বি, পাশা খেলার দান

পট্, বি, চিত্রপট্, ছবি।

পট্কা, বি, (পটৎ শব্দজ) অগ্নি খেলার টোটা; ২। অত্যল্প দুগ্ধবতী গাভী; ৩। ফুস্ফুস্ (Bladder)।

পট্তাল, বি, বাদ্যভেদ, প্রথমে দুইমাত্রা বিশিষ্ট তাল।

পট্পটী, বি, বালকদিগের খেলনা বিশেষ; ২। ঔষধবিশেষ; ৩। বৃক্ষবিশেষ; ৪। মৎস্যের ফুল্কো ব্যতীত দেহাভ্যন্তরস্থ যন্ত্র বিশেষ। এই পটপটিকে মৎস্যেরা ইচ্ছামত বায়ুপূর্ণ কি বায়ুশূন্য করিতে পারে। যখন বায়ুশূন্য থাকে, তখন মাছ জলে ডুবিয়া যায় এবং বায়ুপূর্ণ হইলে জলের উপর ভাসে।

পটল, পটোল, বি, ফলবিশেষ, পলতার ফল; পলতার গাছ।

পটান, বি, অনুকূলাচরণ, প্রবর্ত্তন; ২। বশীকরণ; ৩। কলান। [অব্যক্ত শব্দ।

পটাপট, বি, চপেটাঘাতাদির

পটি, পটী, বি, বস্ত্রবিশেষ, আবরণ; একজাতীয় ব্যবসায়ীদিগের শ্রেণীবদ্ধ দোকান; ৩। শ্রেণী, থাক; ৪। পল্লী, পাড়া।

পটুকা, বি, কোমরবন্ধ।

পটুয়া, পটো, বিং চিত্রকর, পট নির্ম্মাণকারক।

পটকন, বি, যুদ্ধে পরাস্ত হওন; ২। নিস্তেজ হওন, দুর্ব্বল হওয়া।

পড়্তা, বি, সুযোগ, সুসময়; ২। তালিকা, ফর্দ্দ।

পড়ন, বি, পতন; ২। অধ্যয়ন; ৩। আক্রমণ; ৪। গড়মূল্য, দ্রব্যের ক্রয়মূল্য ও অন্যান্য খরচ সমেত প্রত্যেকের খরচ।

পড়নপেকে,—যে গরুর পাঁজরের একখানি হাড় নীচু।

পড়্সী, বি, (পাড়াবাসী শব্দজ) প্রতিবাসী।

পড়া, বি, পাঠ, অধ্যয়ন; ২। পতন; ৩। পতিত ভূমি; ৪। বিং—মন্ত্রপূত; ৫। ক্রি—পাঠ করা, পতিত হওয়া।

পড়ান, বি, অধ্যাপন, পাঠকরান, শিক্ষা দেওন।

পড়াহ, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

পড়িছা, বি, সভাসদ, পাত্রমিত্র; যথা,—

"পড়িছাকে পুছে রাজা কি দেখিছ রায়"
"পড়িছা কহয়ে দেব জগন্নাথ দেখি।"
(চৈতন্যমঙ্গল)

পড়িয়ান, বি, বস্ত্রের বুননসূত্র, আড়সূতা; ২। বাটখারা।

পড়ুয়া, বি, ছাত্র, শিষ্য।

পড়েন, বি, বাটখারা, সেরাদি; যথা,—
"বীর দিল অঙ্গুরী, বেণিয়া প্রণাম করি,
জোখে বেণে চড়ায়ে পড়েন।"
(কবিকঙ্কণ)

২। বস্ত্র বয়নকালীন যে সূতা-দ্বারা কাপড় বুনা যায়। (Woof)।

পড়েনকাঠা, বি, যে পাত্রে দোকানদারেরা দাঁড়ি বাট-খারা রাখে।

পড়োল, পরল, বি, মেটেঘরের দেওয়াল ও চালের মধ্যস্থ ফাক।

পণ, বি, প্রতিজ্ঞা; ২। নিয়ম; ৩। কন্যামূল্য, কন্যাবিক্রয় টাকা।

পণশ, পনস, বি, কাঁঠাল। সংস্কৃত নাম কণ্টকিফল। হিন্দিতে কটহর, উৎকলে পণস এবং তামিলে পিল্লা বলে।

পণাপণ, বি, মূল্য নির্দ্ধারণ।

পণ্ডশ্রম, বি, অনর্থক আয়াস, বিফল যত্ন, নিরর্থক শ্রম।

পতর, বি, লৌহাদিরপত্র, লোহার পাত, আগামোড়া পেরেক, (Clinch)। [চিহ্ন।

পতা, বি, (হিন্দী) নিশানী,

পত্তন, বি, আরম্ভ, সূত্রপাত; ২। নগর; ৩। (পারশী) সংস্থা-পন।

পত্তি, বি, (পথ্য শব্দজ) পথ্য, রোগীর আহার।

পত্তনিদার, বি, (পারশী) জমি-দারের অধীনস্থ ভূসম্পত্তির করদাতা।

পত্তনি, বি, (পত্তন—সংস্থাপন) নির্দ্দিষ্ট খাজনা দিবার নিয়মে সংস্থাপিত ভূম্যাদি।

পত্রাবলী, বি, স্ত্রীদিগের বক্ষঃস্থিত চিত্রাবলী।

পথকর, বি, পথ প্রস্তুতাদির জন্য যে কর দেওয়া যায়।

পথুয়া, বি, পথিক।

পদউধ, বি, দৈয়ালপক্ষী; যথা,—
"পদউধ কাক, কোকিলের ডাক,
জানাইল রজনী শেষ।"
(চণ্ডীদাস)।

পদক, বি, কণ্ঠের অলঙ্কারবিশেষ।

পদান, বি, সঙ্কীর্ত্তন; ২। প্রশং-সাকরণ; ৩। পদসঙ্কেত।

পদী, বি, নৌকার পরিমাণবিশেষ।

পদীম, বি, (যাং, প্রদীপ শব্দজ) প্রদীপ, আলোকাধার। [পদজ্ঞ।

পদুয়া, পদো, বিং, পদসাধক,

পত্নয়াবিক্রয়—থোকে বিক্রয়, একেবারে বিক্রয় করা।

পদ্দী, বি, (পদ্ধতি শব্দজ) পদ্ধতি; ২। উপাধি। [হার।

পন্থপাড়ন, বিং, আচরণ, ব্যব-

পনা, (অং) ভাবার্থবাচক যেমন গুণপনা। [(Cheese)।

পনীর, বি, সলবণ ছানা

পন্থ, বি, পথ, রাস্তা।

পন্থা, বি, পথিক; ২। মতাবলম্বী।

পয়, বি, (যাং) বরকুত, শুভচিহ্ন; ২। মঙ্গল। [২। দূত।

পয়গাম্বর, বি, (পারশী) আচার্য্য;

পয়জার, পায়জার, বি, (পারশী পায়—পা+আফ্‌জার—যন্ত্র) বিনামা, জুতা; ২। চর্ম্মসংযুক্ত কাষ্ঠপাদুকাবিশেষ।

পয়দল, পায়দল, বি, (পারশী—পয়—পদ) পদাতিসৈন্য।

পয়্দা, বি, (যাং) জন্ম, উৎপন্ন; ২। প্রকাশ।

পয়দাইস, বি, (পারশী পয়দা—জন্মান) জন্ম; ২। ভূমির উৎপন্ন দ্রব্য।

পয়নালা, বি, (পয়ঃপ্রণালী শব্দজ) জল নির্গমপথ, নর্দ্দামা।

পয়মন্ত, বিং ভাগ্যবান; ২। শুভদ।

পয়মাল, বিং (পারশী—পামাল শব্দজ) পদদলিত, নষ্ট, ধ্বংস।

পয়সা, বি, (হিন্দী) তাম্রমুদ্রা।

পয়স্তি, পৈয়স্তি, বি, (যাং) বন্যার পর পলি পড়িলে অথবা নদীর স্রোত সরিয়া যাওয়াতে চড়া পড়িলে যে জমি আবাদের উপযুক্ত হয়, তাহার নাম পয়স্তি।

পয়ান, বি, (প্রয়াণ শব্দজ) প্রস্থান, গমন; যথা—

"ছাড়িয়া সংসার সুখ করিব পয়ান।"
(চৈতন্যভাগবত)

পয়ার, বি, চতুর্দ্দশাক্ষরী ভাষা, কবিতা

পর, সর্ব্বং, অপর, অন্য; ২। যাহার সহিত কোন সম্বন্ধ নাই; ৩। বি, (প্রহর শব্দজ) প্রহর; ৩। ঘণ্টাকাল; ৪। (পারশী) পক্ষীর পালক, ডানা।

পরওয়ানা, পরোয়ানা, বি, (পারশী) আজ্ঞাপত্র, হুকুমনামা, তলবচিঠি।

পর্‌ওয়ার, বিং (পারশী)—পরবরদন শব্দজ) পালক, রক্ষক।

পরওয়ারিস, বি, (পারশী পরবরদন—প্রতিপালন করা) প্রতিপালন।

পরকলা, পর্কলা, বি, স্বচ্ছমৃত্তিকা বিশেষ; ২। দর্পণ (Panes); ৩। চাক্‌লা।

পরখ, পরখাই, বি, (পরীক্ষা

শব্দজ) পর্য্যালোচনা; ২। পরীক্ষা; ৩। বিবেচনা; ৪। বিং—পরীক্ষক।

পরগণা, বি, (পারশী) প্রদেশ, চাক্‌লা, এক অধিকারের মৌজাসমূহ।

পরগাছা, বি, বৃক্ষবিশেষ, বন্দা, বাঁদরা। [ভিন্ন চাল।

পরচাল, বি, চালের প্রান্তভাগ;

পরচুল, বি, ভিন্নচুল; ২। কৃত্রিম কেশ, শণাদি নির্ম্মিত চুল।

পরছতী, বি, চালের শেষভাগ; পরচাল।

পরণ, বি, (পরিধান শব্দজ) বস্ত্রাদি পরিধান করণ; ২। বিং—পরিহিত।

পরতল, পরতাল, বি, বস্ত্রের তালী, কাপড়ের থাক; ২। পুনরালোচনা, পুনর্পরীক্ষা, কোন বিষয় ঠিক হইয়াছে কি না, তাহার আলোচনা বা পরীক্ষা।

পরত্তেক, বিং (প্রত্যেক শব্দজ) প্রত্যেক, এক একটী; বি, প্রত্যক্ষ।

পরথাব, বি, প্রস্তাব, প্রসঙ্গ, কথানুষ্ঠান; যথা,

"নানারঙ্গ পরথাব, কহিয়া বাড়ায় ভাব,
যে কথায় পাষাণ মজেরে।"
(চৈঃ মঙ্গল)

পরদল, বি, বিপক্ষ, শত্রু।

পরদা, পর্দ্দা, বি, (পারশী) যবনিকা; ২। আবরণ; ৩। ব্যবধান, বেড়া।

পরদাজ, বি, (পারশী পরদাখতন্—সম্পন্ন করা) সমাধা, নিষ্পন্ন।

পরদানসীন, বিং (পারশী পরদা +নিশস্তন—বাস) অবরোধবাসিনী, অন্তঃপুরবাসিনী; ২। বি,—পুরস্ত্রী।

পরদারগমন, বি, পরস্ত্রী সহ সংসর্গকরণ।

পরদুন, বি, বাদ্যবিশেষ, বাজনায় চারিমাত্রার বাণী একমাত্রার অন্তর্গত বাজনার নাম পরদুন।

পরদেশ, বি, (হিন্দী) বিদেশ; ২। প্রবাস।

পরপর, ক্রি বিং, উত্তরোত্তর, ক্রমে ক্রমে।

পরপাঁউ, বি, (যাং) কপোত বিশেষ, একজাতীয় পায়রা।

পরপুরুষ, বি, ভিন্ন ব্যক্তি; ২। উপনায়ক।

পরব, বি, (পর্ব্ব শব্দজ) উৎসব, আমোদজনক ক্রিয়া; ২। তত্ত্ব, কোন কার্য্যোপলক্ষে আত্মীয় স্বজনের বাটীতে বস্ত্রাদি পাঠান হয়, খুলনা জেলায় তাহার নাম 'পরব'।

পরবশ, বিং পরাধীন।

পরম্পরায়, ক্রি বিং, ক্রমে ক্রমে, অন্যান্য দ্বারা।

পরশ, বি, রত্নবিশেষ, স্পর্শমণি; ২। পরিবেশন; ৩। (স্পর্শ শব্দজ) স্পর্শ, অঙ্গে অঙ্গ মিলন; ৪। প্রদেশ, অঞ্চল।

পরশপাথর, বি, প্রস্তরবিশেষ, স্পর্শমণি। [স্তাবক।

পরশাড়া, বি, লতাবিশেষ; ২।

পরশু, অং (পরশ্বঃ শব্দজ) গত বা আগামী তারিখের পরদিন।

পরস্ত, বি, (প্রস্থ শব্দজ) প্রস্থ; ২। ছন্দোবিশেষ।

পরা, বি, পরিধান, পরণ; যথা—
"ত্রিনয়ন লম্বোদর পরা বাঘছাল।"
(অন্নদামঙ্গল)
২। বিং—পরিহিত; ৩। ক্রি, —পরিধান করা।

পরাণ, বি, বস্ত্রাদি পরিধান করাণ; ২। (প্রাণ শব্দজ) প্রাণ, জীবন।

পরামাণিক, বি, (প্রামাণিক শব্দজ) স্ব স্ব জাতির কর্ত্তা; ২। নাপিত।

পরিপাটী, বি, কারিগরী, সুশৃঙ্খলা; যথা,—
"কার সাধ্য বুঝিতে পারে দেবের পরিপাটী।" (পদ্মাপুরাণ)

পরিষ্ট, পরীষ্টি, বিং পর্য্যুসিত, পান্ত, ভিজা; ২। বি,—পান্তভাত।

পরিহার, বি, প্রার্থনা; ২। বিদায়।

পরিহারি, বি, শ্রীক্ষেত্রে জগন্নাথদেবের সেবাইত ব্রাহ্মণবিশেষ।

পরী, বি, (পারশী) দেবযোনিবিশেষ।

পরুয়া, প'রো, বি, থলী, মূত্রাশয়।

পরে, ক্রি বিং, অনন্তর, পশ্চাতে, শেষে।

পরেশ, বি, বৃক্ষবিশেষ, পিপুল; ২। স্পর্শমণি।

পরোশিল, ক্রি, প্রবেশ করিল।

পরোয়া, বি, (পারশী) চিন্তা; ২। ভয়।

পল, বি, শির, দ্রব্যাদির গাত্রের উচ্চশির; ২। (পলাল শব্দজ) শস্যশূন্য তৃণ, পোয়াল খড়; ৩ সূক্ষ্মকাল—৬০ বিপল।

পলক, বি, (পারশী) চক্ষুর পাতা।

পল্কা, বিং ভঙ্গুর, অদৃঢ়

পল্টন, বি, সেনাদল (Battalion)।

পল্তা, বি, পটোল পত্র।

পলসাঞ্জ, বি, (উত্তর বঙ্গে) প্রদোষ, সায়ংকাল।

পলস্তারা, বি (ইং Plaster) ভগ্ন অংশ চূণ সুরকি আদি দ্বারা মেরামত।

পলা, বি, (প্রবাল শব্দজ) রত্নবিশেষ, প্রবাল। ইহা অঙ্গে ধারণে পাপ, অলক্ষ্মী ও গ্রহদোষ নষ্ট হয়; ২। তৈলাদি

গ্রহণার্থ লৌহনির্ম্মিত দর্ব্বী বিশেষ ; ৩। (ময়মনসিংহে) পুত্র ; ৪। ক্রি, (অনুজ্ঞা) পলায়ন কর।

পলাকাঁঠি, বি, সোণালি; ২। হস্তের অলঙ্কার বিশেষ।

পলাতক, বিং পলায়িত, প্রস্থিত; ২। (পারশী) যে জমির প্রজা পলাইয়া গিয়াছে।

পলান, বি, (পলায়ন শব্দজ) পলায়ন, প্রস্থান।

পলাশ, বি, বৃক্ষবিশেষ।

পলি, বি, নদীর জল প্রবাহে পতিত মৃত্তিকা; ২। উত্তরবঙ্গের অসভ্য জাতিবিশেষ।

পলিটী, বিং প্রথম প্রসূতা।

পলিতা, বি, (সলিতা শব্দজ) সলিতা।

পলু, বি, তুঁতপোকা, রেশমকীট।

পলো, বি মৎস্য ধরিবার যন্ত্রবিশেষ, মাছধরা পলো।

পল্কান, বিং অসার, জীর্ণ, ভগ্নপ্রায়।

পল্লবগ্রাহিতা, বি, নানা বিষয়ের কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞান থাকা, খুঁটিআঁখুরে।

পল্লি, পল্লী, বি, গ্রামখণ্ড, পাড়া।

পবনাল, বি, ধান্যবিশেষ, দেধান বা জনার। হিন্দী নাম পুনেরা।

পশন, বি, (প্রবেশন শব্দজ) প্রবেশ করণ।

পশম, বি, (পারশী) ঊর্ণা, পশুলোম।

পশমী, বিং (পারশী) পশুলোম রচিত।

পশরা, পসরা, বি, বিক্রেয় দ্রব্যভার, পণ্যসমূহ; ২। দোকান; যথা,—

"বৈশাখে অনল সম বসন্তের খরা।
তরুতল নাহি মোর করিতে পসরা॥"
(কবিকঙ্কণ)

পশার, বি, প্রতিপত্তি, খ্যাতি।

পশারী, বি, গুড়ের ঝুড়ির উপর পাটা শেওলার আচ্ছাদন দিয়া ঢাকিয়া রাখা প্রভৃতি কার্য্য যাহারা করে, তাহাদিগকে প্রাদেশিক ভাষায় পশারী কহে।

পশুই, বি, বীরভূম অঞ্চলের এক প্রকার কাপড়ের খোলে; ১ হাত হইতে ১॥ হাত পর্য্যন্ত লম্বা হইয়া থাকে। ইহা গালা প্রস্তুত কার্য্যে ব্যবহৃত হয়।

পশ্চিমা, বি, গবাদির রোগবিশেষ; ২। পশ্চিমদেশবাসী লোক।

পশ্চিমে ঝামাল,—বসন্তকালে পশ্চিমদিক হইতে যে বাতাস বহে। ইহা বড়ই অনিষ্টকারী; ইহাতে রবিশস্যের

হানি হয় এবং আম্রাদি মুকুল চুঁইয়া যায়

পসলা, বি, ক্ষণিক বৃষ্টিপতন, বারম্বার বর্ষণ।

পসার, বি. (প্রসার শব্দজ কি?) প্রসার; ২। খ্যাতি; ৩। দোকান; ৪। বিক্রেয় দ্রব্যভার।

পসারিল, ক্রি, প্রবেশ করিল: যথা,—

"পসারিল বীরভদ্র যজ্ঞ নাশিবারে।
(কবিকঙ্কণ)

পসারী, বি. দোকানী; ২। যাহারা ঝাঁকায় করিয়া আনিয়া দ্রব্য বিক্রয় করে।

পসুরী, বি, (প—পঞ্চন্ শব্দজ—সুরী সের শব্দজ) পাঁচসের।

পস্তান, বি, (হিন্দী পছতাওনা বা পছতানা; পস—পশ্চাৎ, তাও বা তাব অর্থে তাপ, অতএব পশ্চাত্তাপ করাকে পস্তানা বা পস্তান কহে) সন্তাপ, অনুশোচনা, খেদ, আপশোস।

পহর, বি, (প্রহর শব্দজ) প্রহর ৭॥ দণ্ড কাল।

পহরা, পাহারা, বি, (প্রহরা শব্দজ) চৌকী।

পহরী, বি, (প্রহরী শব্দজ) প্রহরী, রক্ষক, চৌকীদার যথা,—

"হুঁসিয়ার খবরদার পহরী পহারা।"
(ভারতচন্দ্র)

পহিরণ, বি (পরিধান শব্দের অপভ্রংশ) পরিধান। [আদি।

পহিলা, বিং (হিন্দী) প্রথম,

পা, বি, (পাদ শব্দজ) চরণ পদ।

পাই, বি, এক আনার চতুর্থাংশ বা দ্বাদশাংশ; ২। এক পয়সা; ৩। সারি।

পাইক, বি, (পদাতিক শব্দজ) পদাতিক, পেয়াদা চৌকীদার।

পাইকস্তা, বি, (পারশী পাইক—পা, কস্তন্—কর্ষণ করা) প্রজাবিশেষ, যে প্রজা এক গ্রামে বাস করে ও অপর গ্রামে জমি চাষ করে।

পাইকার, পাইকেড়ে বি. (যাং) ফিরিওয়ালা, দ্রব্য সন্থ খরিদ বিক্রয় কারক। যাহারা কোন জিনিস থোকে কিনিয়া তখনি বিক্রয় করে।

পাইখানা, বি, (পারশী) মলত্যাগের স্থান।

পাইট, বি, প্রাতঃকালিক গৃহকর্ম্ম, পাট; ২ আবাদ; ৩। নৌকার নিম্নশ্রেণীর মাঝি; যথা,—

"কূলে উঠ লইয়া পাইট বাজায় বাজন"
(কবিকঙ্কণ)

পাইড়, পাড়, বি, গৃহের কাষ্ঠ-

বিশেষ, মেটে ঘরের আড়ার সহিত বাঁধা লম্বা কাঠ বা বাঁশ।

পাইতক্ত, বিং (পারশী) নিকট-বর্ত্তী, নিজ অধিকারের মধ্যে।

পাইন, পান, বি, ধাতুদ্রব্য সংযোগ করিবার বস্তু, ঝালন।

পাইল, পাল্য, বি, গানের দোহার; যথা,—

"দুহ পাল্যের কন্ধে দিয় দুই পাও।
আমায় কন্ধেতে বসি রহনি খেলাও॥"
(কবিকঙ্কণ)

২। নৌকার পাল।

পাউড়া, পাবড়া, বি, ভারীকাঠের ছোট এক হাত লম্বা খেটে। সাধারণতঃ খুব নীরেট বাঁশের একটী পর্ব্ব বা পাব বলিয়াই খেটে পাবড়া। বাবলা কাঠের পাবড়াই পূর্ব্বকালে অধিক প্রসিদ্ধ ছিল।

পাউড়ী, বি, দৌড়, দ্রুতগতি; ২। নদাতীর, নদীর উচ্চ-পাড়।

পাউস, বি, সূতিকাগৃহের শয্যাদি, কোন কোন স্থলে "আতাল" বলে।

পাওন, বি, (প্রাপণ শব্দজ) প্রাপণ, লাভ; ২। মিলন।

পাওনা, বিং (প্রাপণ শব্দজ) প্রাপ্য; ২। লভ্য।

পাওনিয়া, বি, পাওনাদার; ২। অধিকারী।

পাওয়ান, বি, প্রাপ্তকরাণ, মিলাইয়া দেওয়ান।

পাঁইজ, বি, চরকায় কাটিবার নিমিত্ত তুলার স্থূল শলিতা।

পাঁইজড়, বি, রৌপ্যনির্ম্মিত পদাভরণবিশেষ।

পাঁইত, পাঁতি, বি, (পঙ্‌ক্তি শব্দজ) শ্রেণী, পঙ্‌ক্তি।

পাঁইশ, পাঁশ, বি, (পাংশু শব্দজ) ভস্ম, ছাই।

পাঁওদল, বি, পদব্রজে গমন।

পাঁওরুটী, বি, (যাং) বিলাতী পিষ্টকবিশেষ (Loaf)।

পাঁক, বি, (পঙ্ক শব্দজ) কর্দ্দম, কাদা।

পাঁকাটি, পাঁখাটি, বি, শুষ্ক পাঠ-কাঠি, পাটগাছের শুক্‌না ডাঁটা।

পাঁকাল, বি, মৎস্যবিশেষ, তোড়া মাছ; বিং—পর্য্যসিত, বাসি।

পাঁকুই, বি, পদাঙ্গুলির মধ্যে পঙ্ক বা সর্ব্বদা জল সংযোগে উৎপন্ন ক্ষতবিশেষ।

পাঁচ, বিং (পঞ্চন্ শব্দজ) সংখ্যা-বিশেষ, ৫।

পাঁচকাপড়, বি, ধুতী, চাদর, জামা, টুপী ও রুমাল এই পঞ্চ বস্ত্র।

পাঁচটী, পাঁচুট, পাঁচোট, বি, প্রসবাবধি পঞ্চম দিবস ; সূতিকাগৃহ হইতে পঞ্চম দিবসে প্রসূতির বহির্গমন । [চুলকনা ।

পাঁচড়া, পাচড়া, বি, খোস,

পাঁচথুপী, বি, পঞ্চশিখা, পাঁচচূড়া।

পাঁচন, বি, কবিরাজী ঔষধবিশেষ, পঞ্চ বা ততোধিক গাছ গাছড়াদি সিদ্ধ করিয়া যে ঔষধ প্রস্তুত হয় ।

পাঁচনী, পাচনবাড়ী, বি, গো তাড়ন যষ্টি, পশ্বাদির চালন দণ্ড ।

পাঁচপাঁচি, বিং (পঞ্চন্ শব্দজ) সামান্য, সাধারণ, পাঁচটার মধ্যে একটা ।

পাঁচ্‌ফল, বি, বয়ড়া, হরিতকী, সুপারি, জায়ফল ও আমলকী।

পাঁচমিশালী, বিং পঞ্চ প্রকার দ্রব্যাদি মিশ্রিত ।

পাঁচা,—চাল্‌কীদের নিকটে ধান দিয়া চাউল প্রস্তুত করিয়া লইয়া চাউল প্রস্তুত করণ নিমিত্ত তাহাদিগকে পারিশ্রমিক স্বরূপ চাউল বা অর্থ দেওয়া হয়, ঐ প্রকারে চাউল প্রস্তুত করানকে নদীয়া জিলার স্থানে স্থানে ‘পাঁচা’ দেওয়া বলে ; ২ । ক্রি,—বেষ্টন করা, ঘেরা ।

পাঁচাপাঁচি, বি, উত্তর প্রত্যুত্তর ; ২ । বাক্‌বিতণ্ডা ।

পাঁচালী, বি, (পঞ্চন্ শব্দজ) গীতবিশেষ, গান ও ছড়ার একত্র সম্মিলন ; ২ । পরস্পর মিলিত বাক্য প্রবন্ধ ।

পাঁচীল, বি, (প্রাচীর শব্দজ) প্রাচীর, দেওয়াল ।

পাঁচুই, পাঁচই, বি, দেশীয় মদ ; ২ । পঞ্চম দিবস ।

পাঁজ, বি, পদাঙ্ক, পায়ের দাগ ; ২ । স্থূল তুলার শলিতা ।

পাঁজর, পাঁজরা, বি, (পঞ্জর শব্দজ) উদরের পার্শ্বভাগ ; যথা,—

"পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথায় ।"
(সারদামঙ্গল)

২ । শরীরের পার্শ্বাস্থি ; ৩ । পাদাভরণ বিশেষ ; ৪ । পশ্চাদ্ভাগ ।

পাঁজা, বি, (পারশী পাজাওয়া শব্দের অপভ্রংশ) অগ্নি দ্বারা পোড়াইবার জন্য সজ্জিত ইষ্টক রাশি ; ২ । তৃণ সহিত ধান্য ; ৩ । সমূহ, গাদা, স্তূপ ; ৪ । জাপ্টান ।

পাঁজারী, বি, মৎস্য বিক্রেতা, যবন জাতি, নিকারী ।

পাঁজি, বি, (পঞ্জিকা শব্দজ) বার তিথ্যাদি জ্ঞাপক পুস্তক ; ২ । তুলনলিকা ।

পাঁজুরী, বি (পঞ্জরী শব্দজ) পাশা খেলার দান বিশেষ; যথা —

"ভবের আশা, খেলব পাশা,
বড় আশা মনে ছিল।
মিছে আশা, ভাঙ্গা দশা
প্রথমে পাজুরী প'ল।"
(রামপ্রসাদ)

পাঁটা, পাঁঠা, বি, পুং ছাগ; টী, ঠী,—ছাগী।

পাঁঠাবেচা, বিং কন্যাবিক্রেতা, যে পণ লইয়া কন্যার বিবাহ দেয়।

পাঁতার, পাঁথার, বি, নদীর পরিসর; ২। বহুদূর পর্য্যন্ত জলমগ্ন স্থান; ৩। বন্যা।

পাঁতি, বি, (পংক্তি শব্দজ) পংক্তি, শ্রেণী; ২। তালিকা। কোন কার্য্যোপলক্ষে নির্দ্দিষ্ট অর্থদান; ৩। ব্যবস্থাপত্র; ৪। ঔষধিপত্র; ৫। পত্র, চিঠি; যথা,—

"লিখন করিয়া পাঁতি,
আনি সব বন্ধু জ্ঞাতি,
দেশে দেশে পাঠায় বার্ত্তন।"
(কবিকঙ্কণ)

পাঁদাড়, বি, গৃহের পশ্চাদ্ভাগ, কানাচ; ২। আবর্জ্জনাময় স্থান।

পাঁপর, বি, ভর্জ্জিত খাদ্য দ্রব্য বিশেষ; ২। (পারশী) নিঃসম্বল ব্যক্তির পক্ষে গবর্ণমেণ্ট বাদী হইয়া মোকদ্দমা করণ। [ছাই।

পাঁশ, বি, (পাংশু শব্দজ) ভস্ম,

পাক, বি, বার্দ্ধক্য হেতু কেশের শুক্লতা; ২। ব্রণাদি পূঁজযুক্ত হওন; ৩। পক্ষ, পাখা; ৪। ঘূর্ণন, ঘোরা; ৫। কৌশল, চাতুরী; ৬। ঘূর্ণাজল; ৭। পাগড়ি; ৮। রন্ধন; ৯। নিমিত্ত, কারণ, হেতু; ১০। (পারশী) বিং—পবিত্র, নির্ম্মল।

পাকখোলা, বি, পেঁচ খুলিবার যন্ত্র। [শঠতা

পাকচক্র, বি, কৌশল; ২।

পাকড়ন, পাকড়ান, বি, (হিন্দী) ধৃতকরণ; ২। ধারণ, গ্রহণ।

পাকড়া, বি, কাপাস ফল। শিমুল ফল।

পাকড়ী, পাগড়ী, বি, উষ্ণীষ, শিরোবেষ্টন বস্ত্র।

পাকতঃ ক্রি বিং, অনিচ্ছাপূর্ব্বক, কার্য্যগতিকে।

পাকন, বি, পরিপক্ক হওন; ২। পূঁজ হওয়া।

পাক্‌না, বি, পক্ষ, ডানা, ২। আবর্ত্ত; ৩। ঘুরণ; ৪। হাতের নলি; ৫। জমি রোয়ার সময় চাষীরা একদলে বীজতলা হইতে বীজধান

তুলিতে থাকে ও অপর দিকে ক্ষেত্রে লাঙ্গল জুড়িয়া জল ও মৃত্তিকা মিশ্রিত করিয়া কাদা বা তাগাড় প্রস্তুত করে, এই রূপে তাগাড় প্রস্তুত করাকে রাঢ় অঞ্চলে 'পাকনা' কহে।

পাকনাড়া, বি, হস্ত ধরিয়া ঘূর্ণন, হাত ধরিয়া ঘুরাইয়া দেওন।

পাকপড়া, পাকপাড়া, বিং পেঁচাল; ২। শঠ, খল, কূটিল; ৩। তৈলিক, কলু।

পাকল, বিং রক্তবর্ণ, রাঙ্গা; যথা,—

"হীরারে জিজ্ঞাসে চক্ষু করিয়া পাকল।"
(ভারতচন্দ্র)

"লেজ কাণ সাটে কে পাকল দিঠে চায়।"
(ঘনরাম)

পাকৃলা, পাকৃলো, বিং পক্কতা-বিশিষ্ট।

পাকৃলান, ক্রি, (প্রক্ষালন শব্দজ) প্রক্ষালন, ধৌতকরণ।

পাকশাট, পাকৃসাট্, বি, পক্ষ আস্ফোটন, পক্ষ সঞ্চালন; যথা,—

"শুক পাকশাট দিয়া,
সারিকারে খেদাইয়া।"
(ভারতচন্দ্র)

২। ঘোরা ফিরা।

পাকসাঁড়াশী, বি, স্বর্ণকারের যন্ত্র বিশেষ।

পাকা, বিং (পক্ক শব্দজ) পরি-পক্ক; ২। পরিণতি অবস্থাপন্ন; ৩। বাক্‌বিন্যাস নিপুণ, বাচাল

পাকাকেশ, বিং প্রাচীন, বৃদ্ধ; ২। বি,—পাকাচুল।

পাকাটী, বি, পাটগাছের কাটী।

পাকান, বি, পক্ক করণ; ২। রন্ধন; ৩। পেঁচ দেওন, মোড়ন; ৪। বদ্ধ হওন, বাধিয়া উঠা; ৫। গুরুতর হওন।

পাকাপাকি, বিং পরস্পর কর্ত্তব্য বিষয় নির্দ্ধারণ করা, স্থির করা; ২। স্বীকৃত।

পাকামি, বি, বাচালতা, জেঠামি।

পাকাল্যা, বি, বিক্রম, তেজ; যথা,—

"বীরের পাকাল্যা দেখি চিন্তিত ঈশ্বরী।
যুগে যুগে দৈত্যগণ সঙ্গে যুদ্ধ করি।"
(কবিকঙ্কণ)

পাকি, পাকী, বি, ৮০ বা ততো-ধিক তোলার ওজন।

পাকুড়, বি, (পর্কটী শব্দজ) বৃক্ষ বিশেষ।

পাকেপাকে, ক্রি বিং, ঘুরিয়া ফিরিয়া; ২। এক একবার কৌশল করিয়া।

পাথ, পাখা, বি, (পক্ষ শব্দজ) পালক, ডানা; ২। ব্যজন, তালবৃন্ত; ৩। পক্ষী।

পাথড়া, পাথর', বি, বর্ণ বিশেষ।

পাথনা, বি, (পক্ষ শব্দজ) পালক, ডানা।

পাথর, বি, উষ্ণীষ, পাগ'ড়ি।

পাথরিয়া, বিং পক্ষীর ন্যায় গতিশীল; ২। দ্রুতগামী; যথা,—

"সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া।
আগুদলে ধায় যত পাথরিয়া ঘোড়া।"
(কবিকঙ্কণ)

পাথলান, বি, (প্রক্ষালন শব্দজ) ধৌত করণ।

পাথা'ঠা, বি, পক্ষোদ্গম; ২। বিপদাপন্ন হইবার চেষ্টা।

পাখী, বি, (পক্ষী শব্দজ) পক্ষী।

পাখীমারা, বি, জাতি বিশেষ, ব্যাধ, শিকারী।

পাখোয়াজ, পাখাজ, বি, (পারশী) [মৃদঙ্গ।

পাগ, পাগড়ী, বি, উষ্ণীষ, শিরোবেষ্টন বস্ত্র।

পাগর, পাগল, বি, উন্মত্ত, বাতুল; যথা,—

"রতিমদ পাগর, নাগরী নাগর।"
(ভারতচন্দ্র)

পাগলামি, বি, উন্মত্ততা, ক্ষিপ্ততা।

পাঙাশ, বি, মৎস্য বিশেষ; ২। পাংশুবর্ণ, যাহাতে লালের আভাহীন।

পাঙ্গন, বি, আয়ত্ত করণ; ২। জানান; ৩। অনুমান।

পাঙ্গা, বি, লবণ বিশেষ, সামুদ্র লবণ। হিন্দী নাম পাঙ্গা।

পাচতি, বি, ধাত্রী, ধাই; যথা,—

"সাধুর কিঙ্করী ডাকি আনিল পাচতি।
শুভক্ষণে হৈল তার কন্যা রূপবতী॥"
(কবিকঙ্কণ)

পাচালি, বি, (পদচালন শব্দজ) ভ্রমণ, হাটিয়া বেড়ান।

পাচীর, বি, (প্রাচীর শব্দজ) প্রাচীর, পাঁচিল।

পাছ, বি, (পশ্চাৎ শব্দজ) পশ্চাৎ, পশ্চাদ্ভা'গ, পিছন।

পাছড়ান, বি, শস্য ঝাড়ন, অসার ভাগ ত্যাগ করণার্থ সঞ্চালন; ২। পদদেশ বিস্তৃত করণ।

পাছড়া, বি, (প্রচ্ছদপট শব্দজ কি?) আবরণ বস্ত্র, উত্তরীয় বস্ত্র; যথা,—

"কেদার খাঁ শিরে চালে চন্দনের ছড়া।
রাজা গৌড়েশ্বর দিল পাটের পাছড়া॥"
(কৃত্তিবাস)

পাছা, বি, (পশ্চাৎ শব্দজ) পশ্চাদ্ভাগ; ২। নিতম্ব।

পাছাড়, বি, মল্লযুদ্ধ, কুস্তী; ২। আঘাত; ৩। বিং—সতেজ, বলবান্।

পাছুড়ি, বি, (প্রচ্ছদ—পট শব্দজ) আবরণ বস্ত্র, পিঠবস্ত্র, দোপাট্টা; যথা,—

"ব্যস্ত হয়ে কাল চিতা বিছাল পাছুড়ি।
লুঠ করি মোট বান্ধে চিড়া ল'ড়ু [illegible]॥"
(কবিক[illegible]ণ)

পাজান, বি, তীক্ষ্ণীকরণ, শানান।

পাজামা, বি (পারশী) পরিচ্ছদ বিশেষ। (Trowsers)।

পাজি, বিং (পারশী পজ্জ শব্দজ) অধম, নীচ, পামর।

পাট্, বি, (পট্ট শব্দজ) কোষ্টার গাছ, কোষ্টা ; ২। আসন, অধিষ্ঠান স্থান, বসতি স্থান, পীঠ ; ৩। তক্তা, পীড়ি ; ৪। পেষনার্থ প্রস্তর ; ৫। ধান্যাদির থলিয়া ; ৬। রোগীর শুশ্রূষা বিশেষ ; ৭। প্রাতঃকালিক সাংসারিক কর্ম্ম ; ৮। পাট-শাক ; ৯। স্তর, থাক।

পাট্কেল, পাটীকেল, বি, লোষ্ট্র, ঢিল।

পাটধড়া, বি, পট্টবস্ত্র, রেশমী কাপড়।

পাটন, বি, (পট্টন শব্দজ) পত্তন ; ২। সহর, নগর ; যথা,—

"আর এক জন যাউক গৌড় পাটন।
অবধান কর ভূপ মোর নিবেদন॥"
(কবিকঙ্কণ)

পাটনী, পাটুনী, বি, জাতি বিশেষ পারবারের নাবিক।

পাটনেত, বি, পট্টবস্ত্র, রেশমী কাপড়।

পাটপড়শী, পাড়াপড়সী, বি, প্রতিবাসী, এক পল্লীবাসী ; যথা,—

'কি জানি তপের ফলে হর পেয়েছি বর।
পাট পড়শী বাহি আসে দেখি দিগম্বর॥'
(কবিকঙ্কণ)

পাটভাঙ্গা, বি, গাজনের সময় সন্ন্যাসীদিগের ছুরিকাদির উপর লম্ফ প্রদান।

পাটরাণী, বি, (পাট—পট্ট, রাণী =রাজ্ঞী) রাজার প্রধানা মহিষী।

পাটসাট, বি, প্রাতঃকালীন সাংসারিক কার্য্য।

পাটা, বি, (পট্টক শব্দজ) পাট্টা, ভূমি সম্বন্ধীয় ক্রয় পত্র ; ৩। গাজনের সময় সন্ন্যাসীদিগের উপবীত বা উত্তরী ; ৪। বুকের বিস্তৃতি।

পাটাতন, বি, কাষ্ঠাচ্ছাদনী, কাষ্ঠ নির্ম্মিত মঞ্চ বিশেষ।

পাটারি, পাটোয়ারী, বি, গ্রাম সম্বন্ধীয় কর গ্রাহক, গোমস্তা; গ্রন্থনাদি শিল্প কর্ম্মকারক।

পাটাসেলামি; বি, পাট্টা লইবার সময় ভূম্যাধিকারীকে খাজনা ব্যতীত এককালীন যাহা দিতে হয়।

পাটি, পাটী, বি, শ্রেণী, সারি ; যথা,—

"কাটিয়া ফেলিল কার দন্ত দুই পাটী"
(কাশীরাম)

২। বিছানা, মাদুর ; ৩। পল্লী, পাড়া ; ৪। কেশ বিন্যাস বিশেষ।

পাটুলি, বি, নৌকা বিশেষ।

পাটেরজাদ, বি, রেশমের থোপ ;
যথা.—
"সুরঙ্গ পাটেরজাদে,
বিচিত্র কবরী বাঁধে,
মালতী মল্লিকা চাঁপা গাভা।"
(কবিকঙ্কণ)

পাটোয়ার, বিং কর্ম্মাভিজ্ঞ, চতুর, ধূর্ত্ত ; ২। কর্ম্মচারী, গোমস্তা।

পাট্টা, বি, (পারশী) পত্র, ক্রয়-লেখ্য। সনন্দ পত্র ; ২। কপোত শাবক।

পাঠান, বি, প্রেরণ, চালান ; ২। স্বনাম প্রসিদ্ধ মুসলমান জাতি বিশেষ।

পাঠীন, বি, বোয়াল মাছ।

পাড়, বি, নদীতট, কুল, ২। আড়া, মেটে ঘরের আড়ার সহিত সংযুক্ত লম্বা বংশদণ্ড, ৩। বস্ত্রের প্রান্তভাগ।

পাড়া, বি, (পল্লী শব্দজ) নির্দ্দিষ্ট বসতি স্থান, মহল্লা : ২। ক্রি, —উচ্চ হইতে নীম্নে নামান ; ৩। পরিষ্কার করা।

পাড়াগাঁ, বি, (পল্লীগ্রাম শব্দজ) পল্লীগ্রাম, অল্প সংখ্যক লোকের বসতি স্থান।

পাড়ি, বি, মিহিসুতার পাতলা বুনানি কাপড় ; ২। নদ্যাদির এক পার হইতে পরপারে গমন ; যথা,—
"ছুটিল কাশ্মিরী ক্ষত্রিয় ভূপতি,
হিমালয়ে দিয়া পাড়ি।"
(ভারতভিক্ষা)

পাড়ী, বি, গৃহের পাড় ; ২। বস্ত্রের প্রান্তভাগ ; ৩। পরতীর, অন্যপার।

পাড়ী:দেওন —নৌকা লইয়া এক পার হইতে পর পারে গমন।

পাণ, বি, (পর্ণ শব্দজ) পত্রবিশেষ, তাম্বূল ; ২। আদেশ, আজ্ঞা।

পাণপত্র, বি, কন্যাদানার্থ লিপি-বিশেষ, বিবাহে উভয়পক্ষের দেনাপাওনার লিখনপত্র।

পাণবাটা বি, তাম্বূলকরঙ্ক, পাণ রাখিবার পাত্র।

পাণা, বি, (বারিপর্ণী শব্দজ) জলোপরি ভাসমান শৈবাল-বিশেষ।

পাণান, বি, গবাদির দোহন কালীন বাঁটে দুগ্ধ সঞ্চার ; ২। শানান, শান দেওয়া।

পাণি, বি, হাট, বাজার ; ২। (হিন্দী) জল।

পাণিশঙ্খ, বি, যে ক্ষুদ্র শঙ্খের জল দেবোদ্দেশে প্রদত্ত হয়, ক্ষুদ্র-শঙ্খবিশেষ ; যথা —
"পাণিশঙ্খ বা জলে উঠেন সেইক্ষণ।
কপাট খুলিলে জগন্নাথ দরশন॥"
(চৈতন্য ভাগবত)

পাত, বি, (পত্র শব্দজ) পত্র,

যাহার উপর আহারীয় রাখা যায়; ২। স্বর্ণাদির পাত।

পাংকুয়া, বি, ক্ষুদ্রকূপ।

পাতখোলা, বি, পাংখাপরা; ২। মৃত্তিকানির্ম্মিত ছোট কটোরা।

পাতাঝি, বি, আস্তরণবিশেষ, শয্যা আসনাদি।

পাতড়া, বি, খাদ্যদ্রব্যের ত্যক্ত অংশ; ২। খসড়া, নানাবিষয়ক লিপি; ৩। পুস্তকের উপপত্র, ক্রোড়পত্র (Supplement), ৪ বংশ পরিচায়ক লিপি।

পাতন, বি, পাতঝি; ২। শয্যাদি বিস্তারণ।

পাতনকাঁড়, বি, শর, বাণ; যথা—
"তিনটা পাতন কাঁড় দিল জামাতারে।
দুই বেহাই কোলাকুলি দুহে গেল ঘরে"
(কবিকঙ্কণ)

পাতনলী, বি, ঘানিগাছের তৈল বাহির হইবার ছিদ্রের নীচে সংযুক্ত টিনের পাত্র।

পাতনা, বি, নাদা, ডাবা, ২। আরম্ভ, সূত্রপাত; ৩। তুঁষ।

পাত্নাজ, বি, (পারশী) মৃত্তিকাভ্যন্তরস্থ গুপ্তগৃহ। বাহির হইতে ইহার দ্বারবন্ধ করিয়া দিতে হয়।

পাত্নামা, বি, উপক্রম, আরম্ভ, কল্পনা।

পাতর, পাথর, বি, (প্রস্তর শব্দজ) শিলা, প্রস্তর।

পাত্লা, বিং ক্ষীণ, কৃশ; ২। তরল; ৩। হাল্কা; ৪। অসঙ্কীর্ণ।

পাংশা, পাতশাহ, বি, (পারশী) বাদসাহ, রাজা।

পাতা, বি, (পত্র শব্দজ) পত্র; ২। (হিন্দী —পতা=নিশানী, চিহ্ন) চিহ্ন, অনুসন্ধান।

পাতান, বি, লৌহশলাকাবিশেষ। উভয় মুখ সরু যে লৌহশলাকা দ্বারা কাষ্ঠ জোড়া হয়। পূর্ব্ববঙ্গে তাহার নাম পাতান

পাতাপা, বি, হংসের চরণের ন্যায় লিপ্তপদ।

পাতাল, বি, অধোভুবন। পাতাল সাতটী; যথা—তল, অতল, বিতল, নিতল, তলাতল, মহীতল, সুতল।

পাতালকোঁড়, বি, ছাতকবিশেষ; ইহা মৃত্তিকা ভেদ করিয়া উত্থিত হয়।

পাতি, বি, পত্র, লিখন; যথা,—
"কপট লিখিয়া পাতি,
মজাইলে মোর জাতি,
(কবিরঞ্জন)
২। জলতৃণ; ৩। পাতিলেবু; ৪। বংশ শলাকা।

পাতিপাতি, বি, তন্ন তন্ন করিয়া অনুসন্ধান।

পাতিমৌড়, বি, নববিবাহিতার মুকুট, সিঁতিমৌড়।

পাতিয়ায়, ক্রি (প্রত্যয় শব্দজ) প্রত্যয় করে, বিশ্বাস করে ; যথা,—

"এমন কথায় পাতিয়ায় কোন জন।"
(কবিকঙ্কণ)

পাতিলেবু, বি, একজাতীয় লেবু।

পাতিশিয়াল, বি, ছোট শিয়াল।

পাতিহাস, বি, ক্ষুদ্রহংসবিশেষ।

পাত্তাড়েপোড়ো — (পোড়ো— পড়ুয়া) যে সকল বালক পাঠশালায় তালপত্রাদিতে লিখে।

পাত্যায়া, বি, (প্রত্যয় শব্দজ) প্রত্যয়, বিশ্বাস।

পাত্র, বি, দ্রব্য ; ২। দ্রব্যাধার ; ৩। বর, যোগ্য ব্যক্তি ; ৪। সভাসদ, মন্ত্রী। স্ত্রীং—পাত্রী —কন্যা।

পাত্রপক্ষ, বি, বরপক্ষ, বর পক্ষের লোক। [দিন।

পাত্রভোজ, বি, নববর্ষের প্রথম

পাত্রস্থ, বি, বরকে বিবাহ স্থানে আনয়ন।

পাথর, বি, (প্রস্তর শব্দজ) শিলা, প্রস্তর।

পাথরকুচী, বি, বৃক্ষবিশেষ। হিন্দী নাম পাথরচুর।

পাথরী, বি, রোগবিশেষ, এই রোগে প্রস্তরবৎ পদার্থ জন্মে।

পাথার, বি, বিপদ ; ২। বহুদূর পর্য্যন্ত জলমগ্ন স্থান।

পাথি, বি, বংশশলাকা নির্ম্মিত পাত্রবিশেষ, পেথে।

পাদ, বি, চতুর্থাংশ ; ২। মরুৎ ক্রিয়া, বাতকর্ম্ম।

পাদু, বি, পাদুকা, জুতা।

পান, বি, দিক, প্রতি ; ২। তাম্বূল।

পানই, বি, কাষ্ঠপাদুকা, খড়ম।

পানপত্র, বি, বিবাহের সম্বন্ধ নির্ণায়ক পত্র।

পানফল বি, (পানীফল শব্দজ) জলজফল বিশেষ, জলজ উদ্ভিজ্জ ফল বিশেষ।

পানা, বি, (পান শব্দের অপভ্রংশ কি ?) জল মিশ্রিত শর্করাদি, সরবৎ ; ২। দেওয়ালের পরিসর ; ৩। জলোপরি ভাসমান শৈবাল বিশেষ ; ৪। শিশুর অণ্ডকোষ ; ৫। সদৃশ, তুল্য ; ৬। ভাববাচক বিশেষ্য পদ চিহ্ন, যেমন রুগ্নপানা, জলপানা।

পানী, বি, (হিন্দী) জল।

পানীআমলা, বি, (প্রাচীনামলক বা পানীয়ামলক শব্দজ) দ্রব্যবিশেষ। ইহা ত্রিদোষ নাশক ও জ্বরঘ্ন। [বিশেষ।

পানীকৌড়ী, বি, জলচর পক্ষী

পানীবসন্ত, বি, ক্ষুদ্র বসন্তরোগ বিশেষ। [জলবৎ।

পানীসা, পান্‌সে, বিং বিস্বাদু,

পান্তা, বিং পর্য্যুসিত ; ২। বাসি জল দেওয়া ভাত।

পান্তারস, বি, লেবু বিশেষ, ইহা খাইতে শসার ন্যায় এবং সদ্‌গন্ধ যুক্ত ; ২। রম্ভা বিশেষ, কাঁচা ও পাকা উভয়ই ব্যবহার হয়।

পান্না, বি, বহুমূল্য প্রস্তরবিশেষ। গারুত্মত, মরকত, অশ্মগর্ভ এবং হরিন্মণি এই কয়েকটী পান্নার নাম। বুধগ্রহের শান্তির জন্য পান্না ধারণ শুভদায়ক।

পাপোষ, বি, (পা + পোষ, পারশী পোষিদন ধাতুজ=পরিধান, আবরণ) পা ঝাড়িবার জন্য আস্তরণ বিশেষ।

পাব, বি, (পর্ব্ব শব্দজ) পর্ব্ব, গ্রন্থি, গাঁইট।

পাব্‌দা, বি, (সংস্কৃত নাম পর্ব্বত) মৎস্য বিশেষ।

পাব্‌ড়ি, বি, সরিষাদি ফুলের অধোদেশে যে হরিদ্বর্ণ অংশ লক্ষিত হয়, তাহা চারি খণ্ডে বিভক্ত। এই চারি খণ্ড বিশিষ্ট অংশ ছিঁড়িয়া ফেলিলে ইহার অব্যবহিত উপরে আর এক পিঙ্গলবর্ণ অংশ দেখিতে পাওয়া যায়, তাহাও চারি খণ্ডে বিভক্ত, শেষোক্ত এক এক খণ্ডকে পাব্‌ড়ি বলে।

পামরী, বি, মূল্যবান বস্ত্র বিশেষ।

পায়খানা, বি, (পারশী) মলমূত্র ত্যাগের স্থান।

পায়চারী, পাচালী, বি, পদবিহার, পদদ্বারা ভ্রমণ।

পায়জামা, বি, (হিন্দী) বস্ত্রাচ্ছাদন বিশেষ। সংস্কৃত নাম উরুস্ত্রাণ অর্থাৎ যাহার দ্বারা উরুবেষ্টন করিয়া থাকে। ইহা হইতে হিন্দীতে নাম পায়জামা হইয়াছে।

পায়ঠেলা, বি, অবজ্ঞা, তাচ্ছিল্য।

পায়দল, বি, পদাতিক, পাদচারী সৈন্য ; ২। বিং—পদদ্বারা গমনকারী।

পায়পড়া, বিং পদানত ; ২। তোষামোদকারী, খোসামুদিয়া।

পায়মাল, বিং (পারশী পামাল শব্দজ) পদদলিত ; ২। নষ্ট, ধ্বংস।

পায়রা, বি, (পারাবত শব্দজ) পক্ষীবিশেষ, কপোত। পায়রার নাম ; যথা,—গোলা, গলাফুলা, চিলে পর্পণ (পরপাঁও) সেরাজু, মুখ্‌খী, লক্কা প্রভৃতি। বর্ণভেদে বিবিধ নাম যথা,—অপরাজিতা, কাল, রেশমা, করিয়া, গেরোবাজ, লোটন, জেকোবিন, পেচক, বোগ্‌দাদ প্রভৃতি।

পায়রাচাঁদা, বি, মৎস্য বিশেষ, বৃহৎ চাঁদা মৎস্য।

পায়স, বি, দুগ্ধ শর্করা পক্ক অন্ন, পরমান্ন। নির্জ্জল দুগ্ধ অর্দ্ধ পক্ক করিয়া তাহার সহিত ঘৃত ম্রক্ষিত তণ্ডুল পাক করিয়া ঐ তণ্ডুল উত্তম রূপে সিদ্ধ হইলে এবং তাহাতে চিনি ও ঘৃত সংযুক্ত করিলে পায়স প্রস্তুত হয়।

পায়া, বি (পারশী) পদ; ২। কম্ম. ৩। খট্টাদিধারক কাষ্ঠ।

পায়াভারি, বিং পদের গুরুত্ব সম্পন্ন।

পারণ, পারণা, বি, ব্রতান্ত ভোজন, উপবাসের পর প্রথম ভোজন।

পারৎপক্ষে, ক্রি বিং, কৃতি সাধ্য, সাধ্যমত।

পারসী, বি পারস্য ভাষা, পারস্য দেশ ভব দ্রব্যাদি।

পারা, বি, (পারদ শব্দজ) পারদ, রসধাতু; ২। বিং—তুল্য, সদৃশ। যথা,—

"কোন দেশে নাহি গো দুঃখিন মোর পারা"

৩। ক্রি—সক্ষম হওয়া।

পারান, বি, (পূর্ব্ববঙ্গে) পদ দ্বারা দলন, মাড়ান।

পারানী, বি, তরপণ্য, পার হওনের বেতন, পারাণি কড়ি।

পারীশ, বি, মৎস্য বিশেষ, পার্শ্বে-মাছ। [বৃক্ষ বিশেষ।

পারুল, বি, মৎস্য বিশেষ; ২।

পার্ব্বনী, বি, উৎসব কালীন পুরস্কার।

পার্য্যমাণ, ক্রি বিং, পারৎপক্ষে।

পাল, পাল্য, বি, নৌকার মাস্তুলে সংলগ্ন বায়ূধারক পাত্র; ২। গবাদির পুংগো সংসর্গ।

পালই, পালুই, বি, ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের রাশি।

পালক, পালখ, বি, (পক্ষ শব্দজ) পক্ষ, ডানা।

পাল্‌কী, বি, শিবিকা, মনুষ্য বাহ্য যান বিশেষ।

পালঙ্‌, বি, (পালক্যা শব্দজ) পালঙ্‌ শাক। হিন্দী নাম পল্‌কী।

পালঙপোষ, বি, (পালঙ—পালঙ্ক; পোষ—পোষিদন্‌ ধাতুজ— আবরণ) খট্টার আবরণ বস্ত্র।

পালঙ্ক, পালঙ্গ, বি, শুইবার আসন বিশেষ, খাট।

পাল্‌টি, বি, পরিবর্ত্ত, বদল।

পালন, বি, সদ্য প্রসূতা গাভীর দুগ্ধজাত ক্ষীর; ২ সঙ্গীতে— যে গীত দ্বারা কোমল কণ্ঠ স্ত্রীজাতিরা আপন আপন শিশু সন্তানদিগকে আসক্ত করেন, তাহার নাম 'পালন'।

পালা, বি, (পল্লব শব্দজ) পল্লব ; ২। বার, পর্য্যায় ; ৩। কীর্ত্তনাদি সঙ্গীতের ইতিহাস বা তাহার কতকাংশ ; ৪। নীহার, হিম ; ৫। কাল নিরূপণ ; ৬। স্তূপ, গাদা ; ৭। চট্টগ্রাম অঞ্চলে নৌকার 'লগিকে' পালা বলে ; ৮। বিং—রক্ষিত, পোষা।

পালাঙ্গা, বি, মৃত্তিকা প্রাচীর স্থিত তৃণাদি নির্ম্মিত চাল ; ২। ক্ষুদ্রচালা।

পালাতক, বিং পলায়িত, প্রস্থিত।

পালান, বি, (পলায়ন শব্দজ) পলায়ন, প্রস্থান ; ২। গো-স্তনদেশ ; ৩। (পলায়ন শব্দজ) বলদের পৃষ্ঠের আসন, ভারবাহী পশুদের পৃষ্ঠের গাদি।

পালি, পালী, বি ক্ষুদ্র কাঠা, খুঁচি ; ২। অতি প্রাচীন ভাষা বিশেষ, পালি ভাষা। প্রাচীন ও মৌলিক বৌদ্ধ শাস্ত্রাদি যে ভাষায় লিখিত।

পালো, বি, ঔষধ বিশেষ। ২। চূর্ণ, গুঁড়া।

পালোয়ান, বি, (পারশী) বীর, কুস্তিগীর।

পাল্টন, বি, পরিবর্ত্তন, বদল ; ২। ফিরান ; যথা,—

"আঁখি পালটিয়া ঘরে ফিরা হৈল দায়।" (ভারতচন্দ্র)

পাল্টা, বি, বিনিময়, পরিবর্ত্ত ; ২। পুনরায়।

পাল্টী, বিং পরিবর্ত্ত, যাহাদের সহিত আদান প্রদান চলে।

পাল্লা, বি, (যাং) তৌল করণের পাত্র, তরাজু ; ২। বিং—অধীন, আয়ত্ত।

পাশ, বি, (পার্শ্ব শব্দজ), পার্শ্ব, একধার ; ২। বিং—সমীপ, নিকট।

পাশকথা, বি, ইতর কথা, প্রাসঙ্গিক কথা।

পাশলি, পাশুলি, বি, পদাঙ্গুলির ভূষণ বিশেষ।

পাশা, বি, (পাশক শব্দজ) অক্ষ চৌপাড় ; ২। কর্ণভূষণ বিশেষ।

পাশাপাশি, বিং পরস্পর পার্শ্বে-স্থিত, কাছাকাছি।

পাশী, বি, লাঙ্গলের মুড়োতে ফাল আটকাইবার লৌহ বেষ্টনী। [পাশুলি।

পাষক, বি, পাদাভরণ বিশেষ,

পাষাণ, বি, প্রস্তর, পাথর ; ২। দাঁড়ির উভয় পাল্লার সমতা রক্ষা ; ৩। বাটখারা।

পাষাণভাঙ্গা বি, উভয় পাল্লা সমান করণ।

পাষ্টি, বি, পাশক, অক্ষ।

পাসরা, পাসোরা, বি, বিস্মৃতি, ভ্রম, ভূল ; যথা,—
"পাসরিলে না যায় পাসরা।"
(চণ্ডীদাস)

পাসরণ, বি, বিস্মরণ, ভূল।

পাসরাণ, বি, পদক্ষেপন, চলন।

পাহাড়, বি, পর্ব্বত, শৈল।

পাহাড়ীয়া, বিং পার্ব্বতীয় ; ২। অতিশয় দুর্দ্দান্ত।

পাহুন, বিং (মৈথিলীভাষা। পাষাণ অর্থে পাহন শব্দ অদ্যাপি মিথিলায় ব্যবহৃত হয়। পাহুন শব্দটী পাহনের রূপ ভেদ।) নিষ্ঠুর, পাষাণ ; ২। প্রবাসী. যে বিদেশে অধিক দিন থাকে ; যথা,—
"কান্ত পাহুন, কাম দারুণ,
সঘনে খর শর হন্তিয়া।"
(বিদ্যাপতি)

পিঁজরা, বি, (পিঞ্জর শব্দজ) খাঁচা।

পিঁজরাপোল, বি, প্রাণী রক্ষালয়।

পিঁজা, ক্রি. জমাটবদ্ধ তুলা প্রভৃতিকে ছাড়ান।

পিঁড়া, বি, মেটেঘরের রোয়াক।

পিঁপীড়া, পিপীড়া, বি, (পিপীলিকা শব্দজ) কীটবিশেষ।

পিঁপুল, বি. (পিপ্পলী শব্দজ) বৃক্ষবিশেষ, ফলবিশেষ।

পিঁপুলপাতা, বি. পিপুলবৃক্ষের পাতা ; ২। কর্ণাভরণবিশেষ।

পিম্পরা, পিম্পিরা, বি, পিপীলিকা, পিপড়া।

পিয়া, বিং (প্রিয়া শব্দজ) প্রিয়া ; যথা ;—
"বরিষার ছত্র পিয়া দরিয়ার না।"
(চণ্ডীদাস)
২। ক্রিং, পান করিয়া ; যথা,—
"পিয়া বিদ্যানাম সুধা,
সুন্দরের গেল ক্ষুধা।"
(ভারতচন্দ্র)

পিয়াজ, বি, (পারশী) পলাণ্ডু, পেঁয়াজ।

পিয়াদা. বি, (পদাতি শব্দজ) পদাতিক, দূত।

পিয়ান, বি, পত্রবাহক ; ২। ক্রি, —পান করান।

পিয়ার, বিং (প্রিয় শব্দজ) প্রিয় ; ২। অনুগত।

পিয়ারা, বি, ফলবিশেষ ; ২। বিং— প্রিয় ; ৩। হিন্দী পিয়ার ভালবাসা, যাহাকে ভালবাসা যায়, সেই পিয়ারা, স্ত্রী হইলে পিয়ারী। আমাদের রাধা এই জন্য পিয়ারী বা প্যারী, কেননা কৃষ্ণ তাঁহাকে ভাল বাসেন।

পিয়াল, পেয়াল, বি, সমান, তুলনা (Compare)।

পিয়ালা, বি, পানপাত্র ; ২। শ্বেতবর্ণ, সাদা।

পিয়াস, পিয়াসা, বি, (পিপাসা

শব্দজ কি ?) পিপাসা, তৃষ্ণা; যথা,—

"পিয়াস লাগিয়া জলদে সেবিনু
বজর পড়িয়া গেল।" (জ্ঞানদাস)

পিরাণ, বি, (পারশী—পৈরাহান, সংস্কৃত—পরিধান) পরিচ্ছদ-বিশেষ, কামিজ, জামা।

পিরীত, পিরীতি, বি, (প্রীতি শব্দজ) প্রেম, প্রীতি, অনুরাগ।

পিল, পীল, বি, পক্ষীশাবক, কপোতশাবক; ২। (ইংরাজী Pill) ঔষধের বড়ি; ৩। (যাং) হস্তী, দাবার গজ।

পিলপিল, বিং একত্র বহুসংখ্যক।

পিলসুজ, বি, আলোকাধারবিশেষ, পিত্তলনির্ম্মিত আলোক রাখিবার পাত্রবিশেষ।

পিলা, পীলা, বি, (প্লীহা শব্দজ) রোগবিশেষ, প্লীহা। কোন কোন স্থানে 'পিলুই' বলে।

পিল্লা, বি, স্তম্ভ, থাম।

পিষণ, বি, (পেষণ শব্দজ) মর্দ্দন, বাটন।

পিষ্ঠবল, বিং (পৃষ্ঠবল শব্দজ) সহায়, পক্ষাবলম্বী।

পিসা, বি, পিতার ভগ্নিপতি।

পিসাত ভগিনী, বি, পিসতুত ভগিনী, পিসীর কন্যা।

পিসাস, পিসশাশুড়ী, বি, শ্বশুরের ভগিনী।

পিসী, বি, (পিতৃস্বসৃ শব্দজ) পিতার ভগিনী।

পিস্তল, বি, (ইংরাজী Pistol) আগ্নেয়াস্ত্রবিশেষ।

পীটন, বি, আঘাত, মারা; ২। চাপন।

পীঠ, বি, (পৃষ্ঠ শব্দজ) আসন; ২। পৃষ্ঠদেশ; ৩। পশ্চাৎদিক।

পীড়ি, বি, কাষ্ঠাসনবিশেষ; ২। বেদী।

পীয়ন, বি, পানকরান।

পীর, বি, মুসলমানদিগের দেবতা-বিশেষ।

পীরওয়ালী, বি, মুসলমান সাধু।

পীরোত্তর, — পীরের উদ্দেশে মুসলমানদিগের প্রদত্ত নিষ্কর ভূমি।

পীলুড়ি, বি, দাবাখেলায় পরাজিত রাজাকে লইয়া কৌতুক প্রথা-বিশেষ।

পুঁই, বি, (পুতিকা শব্দজ) লতা বিশেষ, শাকবিশেষ।

পুঁএসাপ, বি, একজাতীয় সর্প।

পুঁচন, বি, মোচন, মোছা; ২। টানিয়া টানিয়া কাটা।

পুঁছা, ক্রি, মোছা; ২। (হিন্দী) জিজ্ঞাসা করা; যথা,—

"সুদেষ্ণাদেবী এতাকে সাদরে পুঁছিল।"
(পরাগলী ভারত)

পুঁটিয়া, পুঁটে, বি, ঘুটি; ২ বিং

অধম, ক্ষুদ্র, নীচ; ৩। চাকার বেষ্ঠনী।
পুঁজ, বি, (পূয শব্দজ) স্ফোটকাদি নির্গত ক্লেদ, দুষ্টরক্ত।
পুঁজি, পুঁজী, বি, মূলধন, সঞ্চয়; ২। চারিটায় এক পুঁজি; ৩। রাশি, স্তূপ।
পুঁটলী, পুঁটলী, বি, বস্ত্রদ্বারা আবৃত দ্রব্য সমূহ, গাঁটরী; ২। গন্ধবণিকজাতি।
পুঁটী, বি, (প্রোষ্ঠী শব্দজ) মৎস্যবিশেষ; ২। ক্ষুদ্রবালিকা; ৩। ক্ষুদ্র অধঃঘুণ্টী।
পুঁটেতেলি, বিং লোভী, পেটুক; ২। কৃপণ।
পুঁট্কী, বি, গুহ্যদেশ।
পুঁড়ি, বি, ইক্ষুবিশেষ।
পুঁড়ো, বি, পাঁড়ুয়ার (প্রাচীন নাম পৌণ্ড্রবর্দ্ধন; মালদহ জেলায় মহানন্দা তীরবর্ত্তী) প্রাচীন অধিবাসীদিগকে 'পুঁড়' বা 'পুঁড়ো' বলে।
পুকন, বি, কীটময় হওন; ২। কৃমি জন্মান।
পুকুর, বি, (পুষ্করিণী শব্দজ) জলাশয়, সরোবর।
পুকুরআড়া, বি, পুষ্করিণীর পাড়।
পুঙ্খানুপুঙ্খ, ক্রি বিং, সূক্ষ্মানুসূক্ষ্ম, সবিশেষ বিবেচনা।
পুছন, পুচ্ছন, বি, (জিজ্ঞাসার্থ প্রচ্ছ্ ধাতুজ) প্রশ্নকরণ, জিজ্ঞাসাকরণ; ২। মুছিয়া ফেলা।
পুট,—দর্জ্জির ভাষায় শিরদাঁড়া হইতে স্কন্ধের সন্ধি পর্য্যন্ত।
পুটহাতা—শিরদাঁড়া হইতে হাতের কব্জি পর্য্যন্ত।
পুটিইক্ষু—একজাতীয় ইক্ষু।
পুড়ন, বি, দহন, জ্বলন।
পুড়া, বি, হালা, আটি।
পুণ্যবন্ত, বিং পুণ্যবান, ধার্ম্মিক।
পুণ্যে, বি, (পুণাহ শব্দের অপভ্রংশ) পবিত্র দিন, জমিদারেরা বৎসরের প্রথম দিনকে পুণ্যাহ বলেন। যে দিন নূতন বৎসরের খাজনা আদায় আরম্ভ হয়। [ছেলে।
পুৎ, পুত, বি, (পুত্র শব্দজ) পুত্র,
পুততী, বিং পুত্রবতী।
পুতলি, বি, (পুত্তলিকা শব্দজ কি?) পুত্তলিকা; ২। পুত্র, সন্তান; যথা,—

"চেয়ে দেখ খাটে শুয়ে সোণার পুতলি।"
(হেমচন্দ্র)

পুতুল, বি, (পুত্তলিকা শব্দজ) পুত্তলিকা।
পুথি, পুঁথী, বি, পুস্তক, বই; ২। মালাবিশেষ।
পুদিনা, বি, সুগন্ধি শাকবিশেষ।
পুনরায়, ক্রি বিং, আবার, পুনশ্চ।

পুনর্ণবা, বি, শোথনাশক শাক-বিশেষ। অপর নাম শ্বেত-পুন্ধে বা গাধাপুন্ধে। পুনর্ণবা দুই প্রকার শ্বেতপুনর্ণবা ও রক্ত পুনর্ণবা।

পুনর্ব্বিয়া, বি, (পুনর্ব্বিবাহ শব্দজ) স্ত্রীলোকের দ্বিতীয় সংস্কার, প্রথম রজোদর্শন।

পুয়া, বি, চারা।

পুরবী, বি, রাগিণীবিশেষ।

পুরা, বিং সম্পূর্ণ।

পুরাণ, বিং (পুরাতন শব্দজ) পুরাতন।

পুরিয়া, বি, কাগজে মোড়া গুঁড়া [ঔষধ।

পুরী, বি, উড়িষ্যার একটী প্রদেশ, জগন্নাথক্ষেত্র; ২। সন্ন্যাসী-দিগের উপাধিবিশেষ।

পুরু, বিং স্থূল, মোটা।

পুরুত, বি, (পুরোহিত শব্দজ) যাজক, পুরোহিত।

পুরুলা, বি, (ত্রিপুরাঞ্চলে প্রচলিত) কনিষ্ঠ পুত্র।

পুরুষোত্তম, বি, নীলাচল, জগন্নাথক্ষেত্র।

পুর্খা, বিং চতুর, ধূর্ত্ত; ২। পুরাতন।

পুল, বি, সেতু, সাঁকো।

পুলা, বি, আটি, গোছা।

পুলি, বি, পিষ্টকবিশেষ, নারিকেল বা তিল ছাপ্রি পুর দিয়া দীর্ঘাকার পিষ্টকবিশেষ।

পুলিন্দ, বি, ম্লেচ্ছজাতিবিশেষ।

পুলিন্দা, বি, গাঠরি, মোট।

পুলিপিঠা, বি, (পিঠা—পিষ্টক শব্দজ) পুলি ও পিষ্টক।

পুলিপোস্তা, বি, নালি, জুলি।

পুল্‌টিস, বি, (ইং Poultice শব্দজ) ব্রণ ফোটকাদি স্থানে ঔষধাদির তপ্ত প্রলেপ।

পুষণ, বি, পালন, ভরণ।

পুস্তন, পুস্তা, বি, অবলম্বন, ঠেস; ২। জাঙ্গাল, বাঁধ।

পুহু, ক্রি বিং, পুনর্ব্বার; যথা,—
"নৈঠল পুহু তব ছোড়ি নিশোয়াস।"
(বিদ্যাপতি)

পূগ, বি, গুবাক, সুপারি; যথা,—
"আবেশে ছাঁদি ধরে ভুজযুগ।
মুখ পূরে মুখ কর্পূর পূগে॥"
(ভারতচন্দ্র)

পূজ, বি, দুষ্টরক্ত; ২। ক্রি,—পূজা কর।

পূজারি, বি, (পূজক শব্দজ) দেবল ব্রাহ্মণ; ২। বিং—পূজাজীবি।

পূট, বিং দ্রাবক, গলনিয়া।

পূপলা, বি, (হিন্দী) পাতলা রুটী।

পূর, বি, খাদ্যবিশেষ, পুরী; ২। পিষ্টকাদি খাদ্যের মধ্যে অন্য দ্রব্যের সংযোগ; ৩। পরিপূরণ; ৪। শব্দকরণ; যথা,—
"মধুর মুরলী, পূরে বনমালী,
রাধা রাধা বলি গান।"
(চণ্ডীদাস)।

পূরা, বিং সম্পূর্ণ, পরিপূর্ণ।
পূরাণ, বি, পূর্ণকরণ, ভরাণ।
পূর্ণপাত্র, বি, পুত্রজন্মাদি উৎসব সময়ে বা হোমান্তে ব্রহ্ম দক্ষিণারূপ দেয় তণ্ডুলাদিপূর্ণ ভোজ্যপাত্র।
পেচ, বি, (পারশী পেচদন—ঘোরা) ঘূর্ণিতকল, ইস্‌ক্রুপ; ২। বিপাক, কৌশল, চাতুরী; ৩। ব্যাঘাত, বিঘ্ন, কষ্ট।
পেঁচা, বি, (পেচক শব্দজ) পক্ষী বিশেষ।
পেঁচাও, বি, ঘূর্ণন; ২। ছল, কৌশল, প্রতারণা; ২। বিং— যে কোন কার্য্যে পাক দেয় বা ব্যাঘাত জন্মায়।
পেঁচান, বি, পাক দেওন, শঠতাচরণ; ২। ছেদন। [তুস্কর।
পেঁচাপেঁচি, বিং উভয়তঃ কঠিন,
পেঁচাল, বিং চক্রাকার; ২। বিদগ্ধ; ৩। ধূর্ত্ত, প্রতারক।
পেঁচোয় পাওয়া—ধনুষ্টঙ্কাররোগ, এই রোগে আঁতুড়ে ছেলেদের চুয়াল ধরিয়া যায়, তাহারা স্তন টানিতে পারে না ও এক একবার হাত পা শক্ত হইতে থাকে।
পেঁজন, বি, তুলা পরিষ্কার করণ।
পেটরা, পেটরা, বি, (পেটিকা শব্দজ) পেটিকা, ঝাঁপি।

পেঁড়া, বি, ঝাঁপি, পেটিকা; ২। মিষ্টান্নবিশেষ; ৩। (হিন্দী) মহিষ শাবক।
পেঁপিয়া, পেঁপে, বি, ফলবিশেষ।
পেওন, বি, গলাধঃকরণ, পান করা।
পেকম, পেথম, বি, (পক্ষ শব্দজ কি?) ময়ূরের পুচ্ছ; ২। পক্ষবিস্তার।
পেকে, বি, তালপত্রাদি নির্ম্মিত মস্তকাবরণবিশেষ; ২। বিং— যে কোন কার্য্যে পাক দেয়, যে অনর্থক ঘুরায়।
পেকের পেকে, বিং পাক দেয় যে এমন লোক, তাহার উপরেও পাক দেয়; ২। অতিধূর্ত্ত।
পেগম্বর, বি, (পারশী) ধর্ম্মপ্রবর্ত্তক; দূত।
পেচ, পেচু, বি, (পশ্চাৎ শব্দজ) পশ্চাৎ, পিছনাদিক।
পেচুডাকা—পশ্চাৎ হইতে ডাকা।
পেচুলওয়া—পশ্চাৎ পশ্চাৎ গমন।
পেজোমি, বি, দুষ্টামি, অসৎব্যবহার।
পেট, বি, (পেটক শব্দজ) উদর, জঠর; ২। গর্ভ; যথা,—
"সত্য হ'বে বুঝি পেট।" (ভারতচন্দ্র)
পেটখসা—গর্ভস্রাব, গর্ভপাত।
পেটচলা, বি, উদরভঙ্গ, অতিসার, ভেদ।

পেটজ্বালা, বি, জঠরানল, ক্ষুধা; ২। পেটের ভিতর জ্বলিতে থাকা।
পেটধরা, বি, অতিসারাদি নিবৃত্তি।
পেটন, বি প্রহার, আঘাত; ২। তাড়ন [উদর স্ফীতি।
পেটফাঁপা, বি, অজীর্ণতাজনিত
পেটফেলন, বি, গর্ভস্রাব।
পেটমরা—অধিক আহারে অসমর্থ। অধিক আহার করিতে না পাইয়া যাহাদের ক্ষুধা কমিয়াছে বা উদর গহ্বর ক্ষুদ্রাকার হইয়াছে। [পেঁড়া।
পেট্রা, পেটারা, বি, ঝাঁপি,
পেট্সর্ব্বস্ব, পেটপোষা, বিং পেটার্থী, পেটুক।
পেটা, বিং মর্দ্দিত, পিষ্ট।
পেটাও, বিং যাহারা প্রজাদিগের নিকট হইতে জমি লইয়া চাষ করে; ২। অধীন, অনুগত।
পেটী, বি, উদরবন্ধনী, ফিতাবিশেষ।
পেটুক, বিং উদরসর্ব্বস্ব।
পেটেপাড়ি, ক্রি বিং, পুঙ্খানুপুঙ্খ, আগাগোড়া।
পেটো, বি, কলার গাছের খোলা, ছোবড়া; ২। বিং,—পাট হইতে জাত, কোষ্টা হইতে উৎপন্ন; ৩। বৃহৎ।
পেড়া, বি, পেটিকা, ঝাঁপি; ২। ক্ষীর হইতে প্রস্তুত খাদ্যদ্রব্যবিশেষ। [২। ক্লেশ।
পেড়াপীড়ি, বি. উত্তেজনা, জেদ;
পেড়ি, বি, পেটিকা, পেট্রা।
পেত্নী, বি, (প্রেতিনী শব্দজ) ভূতযোনিবিশেস, অপদেবতা।
পেতান, প্যাতান, বি, প্রত্যয়; ২। প্রবোধবাক্য; যথা,—
"না মানে প্রবোধ রাম। বুদ্ধার প্যাতানে
অবোধ মায়ের প্রাণ বোধ নাহি মানে।"
(ঘনরাম)
পেতী, বিং অপরিস্কৃত; ২। জঘন্য, নগণ্যলোক।
পেতেদেওয়া—ঝুড়ির ভিতর গুড় রাখিয়া শৈবাল দেওয়ার প্রক্রিয়াকে পেতে দেওয়া বলে। [(Cleat)।
পেনা, বি, কাষ্ঠ বা লোহার বাতা
পেনেট, বি, শিবলিঙ্গের আধার।
পেয়াজ, বি, পলাণ্ডু।
পেয়াদা, বি, (পদাতিক শব্দজ) পদাতিক; ২। (যাং) বরকন্দাজ। [বিং—প্রিয়।
পেয়ারা, বি, ফলবিশেষ; ২।
পেয়াল, বি, সমান, সমতুল্যতা।
পেয়ালা, বি, (পারশী) বাটী; ২। মদ্যাদিপানপাত্র; ৩। বিং—শ্বেতবর্ণ, সাদা।
পেরজ, ফিরোজা, বি, রত্নবিশেষ। ইহা পীত ও হরিত বর্ণভেদে দ্বিবিধ।

পেরা, বি, বাদ্যবিশেষ।

পেরু, বি, পক্ষীবিশেষ; ২। বিং—অতিশয় কৃশ; ৩। বিশ্রী, কুৎসিত।

পেরেক, বি, লৌহশলাকা, ক্ষুদ্র গজাল। [ক্লান্ত।

পেরেশান, পেষমান, বিং কষ্টযুক্ত,

পেলা, প্যালা, বি, ঠেস, পতনোন্মুখ বস্তুর পতন নিবারণার্থ অন্য দ্রব্যের ঠেস দেওয়া; ২। সঙ্গীতাদি সময়ে গায়ক বা গায়িকাকে পুরস্কার স্বরূপ যে অর্থ দেওয়া হয়।

পেলাইল, ক্রি, নিক্ষেপ করিল, ফেলিয়া দিল।

পেলাস, বি, স্বর্ণকারদিগের যন্ত্রবিশেষ, ইহা দেখিতে কতকটা হংস মস্তকের ন্যায়। ইহা দ্বারা ধরিয়া ঘর্ষণাদি করে।

পেলেট, প্লেট, বি, (ইং Plate) রেকাবি; ২। আচ্ছাদনী।

পেবলি, বি, অভিনয়শূন্য কেবল অঙ্গ বিক্ষেপ বাহুল্যদ্বারা নৃত্য।

পেশ, বি, (পারশী) সম্মুখ; ২। দাখিল; ৩। সম্মুখে স্থাপন।

পেশওয়াজ, বি, (পারশী) নর্ত্তকীদিগের পরিধেয় বস্ত্রবিশেষ।

পেশকবজ, বি, (পারশী) দুইপার্শ্বের ধারবিশিষ্ট অস্ত্রবিশেষ।

পেশকস, বি, (পারশী) বক্রাকার ক্ষুদ্র অথচ তীক্ষ্ণ অস্ত্রবিশেষ, ইহা কটিবন্ধের অভ্যন্তরে গুপ্তভাবে রক্ষিত হয়; ২। কোমরবন্ধ; ৩। উপঢৌকন, উপহার।

পেশ্‌কার, বি, (পারশী পেশ=সম্মুখ+কার) সহকারী; ২। আদালতে বিচারকের নিকটে যে কাগজপত্র বন্দোবস্ত করিয়া দেয়; ৩। যে কর্ম্মচারী চিঠি ও অন্যান্য কাগজপত্র জমিদার বা দেওয়ানকে পড়িয়া শুনায়।

পেশা, বি, (পারশী) ব্যবসা, জীবনোপায়।

পেশাকার, বি, (পারশী) নটী, বেশ্যা, গণিকা।

পেশাদার, বিং (পারশী) ব্যবসাদার, ব্যবসায়ী।

পেস্‌গী, বিং (পারশী) অগ্রিম।

পেস্তা, বি, কাবুলদেশীয় ফলবিশেষ।

পৈঠা, বি, (পারশী) যে কাগজে প্রত্যেক প্রজার নাম ও তাহার ভোগ দখলী ভিন্ন ভিন্ন রকমের জমি পৃথকরূপে চিঠার দাগের নম্বর অনুযায়ী লিখিত হয়; ২। সোপান।

পৈতা, বি, (উপবীত শব্দজ কি?) উপনয়ন; ২। যজ্ঞোপবীত।

পৈতাক, পৈতান, বি, সোপান, সিঁড়ি।

পৈলা, বিং প্রথম, আগু। [সন্তান।

পো, বি, (পুত্র শব্দজ) পুত্র,

পোআ, পোয়া, বি, (পাদ শব্দজ) সেরের চতুর্থাংশ; ২। ঢেঁকির দুই পার্শ্বে হাড়িকাঠের আকৃতি কাষ্ঠখণ্ড; ৩। (বাকরগঞ্জ অঞ্চলে ব্যবহৃত) পুত্র।

পোআতি, পোয়াতি, বি, (প্রসূতি শব্দজ) নব প্রসূতা স্ত্রী; ২। গর্ভিনী, অন্তঃসত্বা।

পোঁচ, পোঁচড়া, পোঁচলা, বি, লেপন; ২। মোছন; ৩। বালি চূণ।

পোঁচন, বি, মোছন, নিরাকরণ।

পোঁচা, বি, হাতের কব্জা, হস্তের নিম্নভাগ; ২। মৎস্যপুচ্ছ; ৩। বিং—নিরাকৃত, মার্জ্জিত।

পোঁতা, বি, অন্ত্র, আঁত, নাড়ী; ২। নাসিকাভ্যন্তরস্থ শ্লেষ্মা, কফ্, শিকনি।

পোঁতা, বি, ঘরের মেজে, ভিত।

পোঁদ, বি, (পায়ু শব্দজ) গুহ্যদেশ; ২। পাছা।

পোক, পোকা, বি, কৃমি, কীট।

পোকান, বি, পুত্র, ছেলে।

পোক্ত, পোক্তা, বিং (পারশী—পোখ্‌তা) পরিপক, পাকা, মজবুত; ২। দৃঢ়, কঠিন।

পোঙ্গা, বি, (পায়ু শব্দজ) গুহ্যদেশ।

পোট্, বি, সদ্ভাব, বন্ধুতা।

পোট্‌লী, পোট্টুলী, বি, বস্ত্রবদ্ধদ্রব্য, পুঁটুলি। [হওন।

পোড়ন, বি, দহন, জ্বলন, ভস্ম

পোড়াকপালিয়া, বিং দুর্ভগা, মন্দভাগ্যযুক্ত।

পোড়ান, বি, দাহন, জ্বলান।

পোড়ানিয়া, বিং দাহক; ২। জ্বালানিয়া।

পোড়ো, বি, পড়ুয়া, ছাত্র; ২। জরায়ু, গর্ভবেষ্টন চর্ম্মস্থলী।

পোতা, বি, পৌত্র, পুত্রের পুত্র; যথা,—

"রাম ওঝার পোতার নাম দামোদর।
কুলে ওঝা বাঁড়ুরি পদবী রত্নাকর॥"
(কবিকঙ্কণ)

২। ঘরের মেজে, ভিত; ৩। (পারশী) কোরণ্ড, মুষ্ক।

পোতামাঝি, বি, কারারক্ষক; যথা,—

"দশ বিশ পোতামাঝি বীরে লয়ে যায়।
এক মুড়া ঘরপানে প্রবেশ করায়॥"
(কবিকঙ্কণ)

পোদ, বি, বর্ণশঙ্কর জাতিবিশেষ।

পোদ্দার, পোতদার, বি, (পারশী—ফোতদার শব্দের অপভ্রংশ) বণিক; ২। টাকা কৃত্রিম কি অকৃত্রিম জানিবার জন্য যে পরীক্ষা করিয়া লয়, টাকা

পরীক্ষক ; ৩। যে ব্যক্তি টাকা পয়সা গণিয়া লয় ; ৪। যাহাদের নৌকা আছে।

পোনা, পোণা, বি, পোতাধান ; ২। ক্ষুদ্রক্ষুদ্র মৎস্য শাবক।

পো-মহাশয়, বি, পিতার মাতামহ।

পোয়ান, বি, (পবন শব্দজ কি ?)। ঘটাদি দাহস্থান ; ২। প্রভাত হওন ; ৩। রৌদ্রাদি সেবন ; ৪। বংশ।

পোয়াল, বি, (পলাল শব্দজ) বিচালি ; ২। মর্দ্দিত খড়।

পোরাণ, বি, (পূর্ণ শব্দজ) পূর্ণ করণ।

পোরে,—পুত্রে ; যথা,—

"গলাগলি করি কান্দে তিন বাপে পোরে"
(কৃত্তিবাস)

২। নিনাদ করে ; যথা,—

"আনন্দিত হইয়া সবে পোরে সিঙ্গা বেণু
পাতাল হইতে উঠে লক্ষ লক্ষ ধেনু॥"
(চণ্ডীদাস)

পোলা, বি, পুত্র, সন্তান।

পোলাও, বি, (পারশী, সংস্কৃত—পলান্ন) ঘৃত মসালাদি এবং মাংসদ্বারা তণ্ডুল পাক।

পোলাত, বি, (পারশী) ইস্পাত, পরিষ্কার লৌহ।

পোলাপানা, বি, (পূর্ব্ববঙ্গে ব্যবহৃত) বাল্যাবস্থা (Boyhood).

পোলো, বি, মৎস্যধারণযন্ত্রবিশেষ, ইক্ষু বংশশলাকাদ্বারা নির্ম্মিত ; ২। টেঁটা ; ৩। ইংরেজদিগের ক্রীড়াবিশেষ।

পোষ, বি, (যাং—পোষিদন ধাতুজ) আবরণ ; ২। পরিধান।

পোষমানা, বিং অনুগত, বাধ্য হওন।

পোষা, বিং পালিত, পোষিত।

পোষাক, বি, (পারশী) পরিচ্ছদ।

পোষাকী, বিং (পারশী) পরিচ্ছদোপযোগী।

পোষাণ, বি, রক্ষণ ; ২। পালন ; ৩। পূরণ, সংকুলন ; ৪। সামলান।

পোষাণী—গবাদি পশুকে অন্যের প্রতি প্রতিপালনের ভারার্পণ।

পোষ্যপুত্র—দত্তকপুত্র, অপুত্রক-ব্যক্তি পিণ্ড ও বিষয় রক্ষার জন্য যে পুত্র গ্রহণ করে।

পোস্ত, বি, (পারশী) আফিমের বীজ।

পোস্তা, বি, (পারশী—পুশ্‌তি, সংস্কৃত—পৃষ্ঠ) দুর্গ, গড় ; ২। ঠেক্‌না, ঠেস, ভগ্ন প্রাচীরাদি রক্ষার্থ যাহা গাঁথিয়া দেওয়া যায় ; ৩। গঞ্জ, বিক্রয় স্থান।

পোস্তাবন্দী, বি, (পারশী) বাঁধ বাঁধা।

পোহান, বি, প্রভাত হওন ; ২। রৌদ্রাদি সেবন।

পোহাবার, বি, কোন পক্ষের 'জিত' বা আধিপত্য স্থলে বব্যহৃত হয়; ২। পাশাখেলার দানবিশেষ।

পৌছন, বি, উত্তরন, উপস্থিত হওন।

পৌটী, পৌটেক, বি, ষোল বিশ।

প্যাঁচ, বি, ঘুর্ণিতকল; ২। বিপাক; ৩। প্রতিবন্ধক।

প্রজা, বি, (পারশী) যে কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অধীনে ভূমিভোগ করে ও তাঁহাকে ঐ ভূমির নিমিত্ত খাজানা দিতে দায়ী থাকে, অথবা কোন বিশেষ বন্দোবস্ত না থাকিলে দায়ী থাকিত, "প্রজা" শব্দে সেই ব্যক্তিকে বুঝায়। প্রজা নানাবিধ। প্রকাণ্ড মজকুরী বা পত্তনি তালুকদার হইতে সামান্য কৃষক পর্য্যন্ত সকলেই প্রজা।

প্রতুল, বি, মঙ্গল; ২। বাহুল্য, বৃদ্ধি; ৩। বিং—বিষম, ভয়ানক।

প্রদর্শনী, বি, উপহার; ২। দৃষ্টান্ত; ৩। দেখান।

প্রবেট, বি, (ইং Probate) দানপত্রের দখলি পত্র।

প্রমাই, বি, (পরমায়ু শব্দজ) পরমায়ু, জীবিত কাল।

প্রশস্তি, বি, শিলা লিপি, লিখিত ফলক।

প্লাটিনম্, প্লাটীনা, বি, (ইং Platinum) ধাতু বিশেষ।

ফ

ফ;—দ্বাবিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ।

ফইর, বি, পক্ষ, পালক।

ফকৎ, বিং (যাং) একমাত্র, কেবল।

ফকন, বি, ফাকি পড়া, প্রতারিত হওন।

ফকান, বি, হারাণ, প্রতারণ, ভুলান।

ফকীর, বি, (আরবী ফকর= দরিদ্রতা, অভাবযুক্ত হওয়া, to be in want) ভিক্ষুক, সন্ন্যাসী, অভাবযুক্ত ব্যক্তি; ২। বিং—দরিদ্র, নির্ধন।

ফক্কড়, বিং অতিশয় বাচাল।

ফক্কা, বি, পূর্ব্ব পক্ষ, বিতণ্ডা; ২। মিথ্যা, ফাঁকি।

ফক্কিকার, বি, সকল মিথ্যা।

ফক্কা, বিং দরিদ্র; ২। শূন্য।

ফঙ্গ, ফঙ্গবানি, ফঙ্গমালি, বিং অসার, অদৃঢ়; ২। মিথ্যা।

ফজর, বি, (যাং) প্রাতঃকাল।

ফট্, বি, অব্যক্ত শব্দ; ২। মন্ত্রাংশ বিশেষ।

ফটক্, ফাটক্, বি, (যাং) দ্বার, ক্ষুদ্র দরজা; ২। কারাগার।
ফটিক্, বি, প্রস্তর বিশেষ, কাচ বিশেষ।
ফটিকচাঁদা, বিং পরিচ্ছন্ন, সুশ্রী; ২। বাবু, সৌখীন।
ফটিকজল, বি, স্ফটিকের ন্যায় পরিষ্কৃত জল; ২। চাতক পক্ষীর রব বিশেষ।
ফট্‌কা, বিং চিত্রিত; ২। ত্যক্ত; ৩। যূথ ভ্রষ্ট।
ফট্‌কিরী, ফিট্‌কারী, বি, (স্ফটীকারী শব্দজ) বণিক দ্রব্য বিশেষ।
ফড়, বি, দ্যূতক্রীড়া; ২। রঙ্গ স্থান; ৩। পাশিকা; ৪। গোশকটের মঞ্চ তৈয়ারি বংশদণ্ড।
ফড়্‌কি, বি, ক্ষুদ্র শাখা, পল্লব।
ফড়া, বি, ফলক, ফলা।
ফড়িং, বি, পতঙ্গ বিশেষ।
ফড়িয়া, ফ'ড়ে, বি, ফল মূল বিক্রয়ী, যাহারা কোন দ্রব্য স্বত্বাধিকারীর নিকট এক দরে সমস্ত ক্রয় করিয়া তাহা খুচরা খুচরা বিক্রয় করে। যাহারা চাষাদিগের নিকট হইতে ফলকর দ্রব্যাদি ক্রয়-পূর্ব্বক বিক্রয় করে; ২। ব্যবসায়ী, ব্যবসাদার।
ফড়্‌ফড়ানি, বি, প্রাগল্‌ভ্য, ধৃষ্টতা।
ফণি, হনি, (চট্টগ্রাম অঞ্চলে ব্যবহৃত) চিরুণী, কাঁকুই।
ফণিমনসা, বি, কণ্টক বৃক্ষ বিশেষ।
ফতুয়া, বি, (আরবী) মহম্মদীয় ধর্ম্ম শাস্ত্রের ব্যবস্থা; ২। মহম্মদীয় বিচারের ফয়সালা; ৩। অঙ্গরক্ষিণী বিশেষ, জামা বিশেষ।
ফতুর, বিং (আরবী) দরিদ্র, নির্ধন।
ফতে, বি, (আরবী—ফতাহ্) বিজয়।
ফতেহা, বি, (আরবী) মৃতের জন্য প্রার্থনা।
ফতো, বিং (আরবী) মিথ্যা; ২। কপট।
ফন্দ, ফন্দী, বি, (আরবী ফন্ধ্ শব্দের অপভ্রংশ) ছল, ছুতা; ২। প্রতারণা, কৌশল।
ফন্দিবাজ, বিং ধূর্ত্ত, কুটিল, চতুর।
ফয়দা, ফায়্‌দা, বি, (আরবী) লাভ, মুনফা; ২। উপকার; ৩। আবশ্যকতা।
ফয়্‌সালা, বি, (আরবী) মোকদ্দমার নিষ্পত্তি পত্র।
ফর্‌দা, বিং (আরবী) পরিষ্কৃত, ঝোড় জঙ্গল বিহীন।
ফরমাইশ, ফরমাশ, বি, (পারশী

—ফরমায়েশ, ফাইমুদন—আজ্ঞা করা, সম্মানের সহিত কোন আজ্ঞা করা) আজ্ঞা; ২। সম্মানের সহিত হুকুম; ৩। দ্রব্যাদি প্রস্তুতের আদেশ।

ফরমান, ফার্ম্মান, বি, (পারশী) আজ্ঞা, রাজাজ্ঞা; ২। বাদসাহী হুকুম, সনন্দ পত্র।

ফরমা বরদার, বি, (পারশী) আজ্ঞানুবর্ত্তী, দাস।

ফর্সা, বিং নির্ম্মল, শেষ, নিষ্পন্ন

ফরসী, বি, ধূমপাণার্থ পাত্র বিশেষ।

ফরাস, বি, (আরবী—ফরশ্) বিছানা; ২। ক্ষুদ্র কর্ম্মকারী বিশেষ, যে ভৃত্য বিছানাদি বিছায়।

ফরিকার, ফরিকাল, বি, ঢালী।

ফরিদী, বি, পক্ষীবিশেষ।

ফরিয়াদী, বি, (পারশী) অভিযোগ কর্ত্তা, বিবাদার্থী।

ফর্দ্দ, বি, (পারশী ফরদ্=এক) তালিকা (List); ২। টুকরা, অংশ; ৩। কাগজের টুক্‌রা।

ফর্ফরণ, ফর্ফরাণ, বি, প্রাগল্‌ভ্যাচরণ, অতিশয় বাচালতা করণ; ২। লাফিয়া বেড়ান।

ফর্ফরদালাল, ফফড়দালাল, বি, ('দালাল'—আরবী 'দলিল' শব্দজাত। যে ব্যক্তি ক্রয় বিক্রয় স্থলে মধ্যস্থ হইয়া বিচার বিতর্ক করে, সেই দালাল। ফফড়—পপড় বা পড়পড় হিন্দী গ্রাম্য শব্দ) বিনা আহ্বানে আপনি উপর পড়া হইয়া যে দালালি করে।

ফর্‌রা, বি, (পারশী) সুখ।

ফল, বি, বৃক্ষলতাদি জাত শস্য; ২। লাভ। [চিতল মৎস্য।

ফলই, ফলুই, বি, মৎস্যবিশেষ,

ফলস্ত, বিং ফলবান, ফলযুক্ত।

ফলমুখ, বি, ফল ধরিবার সময়।

ফলমূল, বি, শস্যোৎপন্নের কাল; ২। ফল ও মূলাদি।

ফলা, বি, খড়্গাদির পাতা; ২। বাণের অগ্রলৌহ; ৩। বর্ণযোজনা, বানান; ৪ হুল।

ফলার্দ্ধি, বি, পরিসর, বিস্তৃতি; ২। বিপুল আয়োজন।

ফলাট, বি, শিলা; ২। গো যোনি।

ফলান, বি, ফলোৎপাদন, ফল জন্মান। [নির্দ্দিষ্ট ব্যক্তি।

ফলানা, বি, (আরবী), অমুক,

ফলার, বি, (ফলাহার শব্দজ) ফল ভোজন; ২। লুচি মণ্ডাদি ভক্ষণ। [যোজনা।

ফলাবানান,—যুক্তাক্ষর ও বর্ণ-

ফলুই, বি, (সংস্কৃত ফলি শব্দজ) মৎস্যবিশেষ; ২। খন্তার লৌহময় অংশ।

ফশাদ, বি, (পারশী) কলহ, বিবাদ; ২। গোলযোগ।

ফষ্টি, ফষ্টিনষ্টি, বি, পরিহাস, তামাসা। [ভাঁড়।

ফষ্টিয়া, ফষ্টে বিং পরিহাসক,

ফসল, বি, (যাং) শস্য; ২। শস্য সংগ্রহ কাল।

ফসলী, বি, (যাং) জমির উৎপন্ন ফসলের অংশ দ্বারা যে খাজনা পরিশোধ হয়। ফসলী খাজনাকে ভাওলীও কহে।

ফস্‌কা, বিং আল্‌গা, ঢিলা।

ফাউ, ফাও, বি, (বৃদ্ধ্যর্থ স্ফায় ধাতুজ) পরিমাণের কিঞ্চিৎ অধিক; ২। উদ্‌বৃত্ত; ৩। তুচ্ছ, সামান্য।

ফাউড়া, ফাওড়া, বি, ছোট লাঠি, যাহা ফেলিয়া মারা যায়; ২। কোদালি বিশেষ।

ফাঁক, বি, ছিদ্র, অন্তর।

ফাঁকি, বি, ছলনা; ২। ধূর্ত্ততা উপায়।

ফাঁড়, বি, প্রস্থ; ২। উদর, গর্ভ।

ফাঁড়কোদাল, বি, গালি বিশেষ, সগর্ভ নষ্ট হওন।

ফাঁড়বাঁধা, বি, বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানু দ্বয় বন্ধন।

ফাঁড়া, বি, রিষ্টি; ২। বিপদ।

ফাঁদ, বি, পক্ষ্যাদি ধারণ যন্ত্র, ফাঁশ।

ফাঁদন, ব্রি, পত্তন, আরম্ভ; ২। বিস্তার।

ফাঁদনী, বি, কৌশল; ২। অনুষ্ঠান; ৩। আড়ম্বরী।

ফাঁপ, বি, স্ফীতভাব। ২; ফোস্কা; ৩। উন্নত অবস্থা।

ফাঁপন, বি, স্ফীতি হওন, ফুলন।

ফাঁপর, ফাঁফর, বি, হতজ্ঞান; ২। ছলবাক্য; ৩। বিপাক।

ফাঁপা, বিং স্ফীত, ফুলা; ২। অসার; ৩। শূন্যগর্ভ।

ফাঁপান, বি, ফুলান।

ফাঁপানী, বি, স্ফীতভাব, ফুলা।

ফাঁস, বি, বন্ধন বিশেষ; ২। ফাঁদ, জাল। [গিরা।

ফাঁসা, বি, ছিদ্র, ফাইট; ২।

ফাঁসী, বি, (হিন্দী 'ফস্‌না' ধাতুর নিজন্ত ফাঁসনা ঐ ফাঁসনা হইতে ফাঁসী। ফঁস্‌না = কোন জালে জড়িত হওয়া। ফাঁস্‌না = কোন জালে জড়িত করা) উদ্বন্ধন, ফাঁস; যথা,—

"পিরীতি আঁটা ননদী কাঁটা,
পড়সী হইল ফাঁসী।" (চণ্ডীদাস)

ফাঁসীদেওন,—প্রাণ বিনাশার্থ উদ্বন্ধনে দেহ যোজন।

ফাক্‌ফাক্‌, বিং অন্তর অন্তর, পৃথক পৃথক।

ফাকড়া বি, ছল, ব্যাজ; ২। ক্ষুদ্র শাখা; ৩। সামান্য অবয়ব।

ফাকা, বি, প্রসার ; ২। অনাহার, ৩। চূর্ণ দ্রব্য ; ৪। বিং—শূন্য, খোলা ; ৫। অসার।

ফাকী, বি,. (ফক্কিকা শব্দজ) প্রতারণা, কৌশল ; ২। চূর্ণ ; ৩। পূর্ব্বপক্ষ ; যথা,—
"হেন জন দেখি ফাকি বলুক আমার"
(চৈতন্যভাগবত)

ফাগ্‌, ফাগু. বি, (ফল্গু শব্দজ) রক্তবর্ণ চূর্ণ বিশেষ, আবির।

ফাজিল, বিং (আরবী) সুপণ্ডিত, বিদ্বান। বাঙ্গালা ভাষায় এই শব্দ অসার, অতিশয় বাচাল, ব্যক্তির প্রতি প্রযুজ্য হয় ; ২। আধিক্য, জমা খরচ করিয়া যদি জমা অপেক্ষা খরচ অধিক হয়, তাহার নাম ফাজিল।

ফাটকীনাটকী, বি, তুচ্ছ বিষয়।

ফাটন, বি, বিদারণ, বিদীর্ণ হওন।

ফাটল. বি, ছিদ্র, ফাঁক।

ফাটান, ক্রি, বিদীর্ণ করা।

ফাড়ন, বি. বিদারণ, খণ্ডন।

ফাত্‌না, ফাতা, বি, ছিপের সূত্র সংলগ্ন সোলাদি। [সেজ।

ফানস্‌, বি, (পারশী) লণ্ঠন,

ফান্দনি, বি, আরম্ভ, সূত্রপাত।

ফায়দা বি, (পারশী) লাভ।

ফারক, ফারাক, বিং (আরবী— ফর্ক শব্দ—দূরত্ব, ভিন্নত্ব) প্রভেদ, পার্থক্য।

ফারখৎ, বি, (পারশী) নিষ্পত্তি, মীমাংসা ; ২। মুক্তি পত্র, (Release) যথা,—
"আমি দিলাম নাকে খৎ, তুমি দাও মা ফারখৎ।" (রামপ্রসাদ)

ফাল্‌, বি, লাঙ্গলের অগ্রলৌহ, লাঙ্গলের ভূমিকর্ষণ করিবার লৌহময় অঙ্গ। [হওন।

ফাল্‌টান, বি, বিদীর্ণ হওন, শুষ্ক

ফাল্‌ত, বিং তুচ্ছ, সামান্য ; ২। অনাবশ্যকীয়।

ফালপড়ন, বি, ভূমিকর্ষণ।

ফালপাড়ন, বি, চীৎকার ; ২। লম্ফঝম্প।

ফালা, বি, ছিন্ন অংশ ; ২। খণ্ড।

ফালি, বি, ক্ষুদ্র অংশ ; ২। ছিন্ন বস্ত্রের ক্ষুদ্র অংশ, টুক্‌রা।

ফাল্লা, বি, ছিদ্র, ফাড়া।

ফাসা, ফাঁসা, বি, বিদীর্ণ; ২। ফাঁক।

ফিক্‌, বি, পার্শ্ব, পীঠ ; ২। হঠাৎ বেদনা ; ৩। ঠেস্‌, ঠেক্‌না ; ৪। বাঁশ দিয়া চাপা।

ফিক্‌বেদনা—পার্শ্ব বেদনা, হঠাৎ বেদনা। [ঠেকনা।

ফিক্‌না, বি, যষ্টি দ্বারা অবলম্বন,

ফিক্‌ফিক্‌, বি, মৃদু মৃদু হাস্য, মুচকি মুচকিহাঁসা ; যথা,—
"বাসনা বলিতে নারে হাঁসে ফিক্‌ফিক্‌।"
(কবিরঞ্জন)

ফিকা, ফিকে, বি, পাণ্ডুবর্ণ; ২। অল্প গাঢ়।

ফিকির, বি, (আরবী—ফিকর= খয়াল, চিন্তা) কৌশল, উপায় চিন্তা, যথা,—
"আমায় ফিকিরে ফকির বানায়ে ব'সে আছে রাজকুমারী।" (রামপ্রসাদ)

ফিঙ্কি, ফিণ্‌কি, বি, স্ফুলিঙ্গ, অগ্নিকণা; ২। ধারা রূপে বেগে পতন।

ফিঙ্গা, বি, (ফিঙ্গক শব্দজ) পক্ষী বিশেষ; ২। লোষ্ট্রাদি ত্যাগ করণার্থ রজ্জু বিশেষ; ৩। বিং—পাতলা।

ফিঙ্গানেচি, বিং ধূর্ত্ত, শঠ।

ফিচাল, বিং শঠ, ধূর্ত্ত; ২। বাচাল। [মিহি।

ফিন্‌ফিনে, বিং পাতলা, সরু,

ফিরিঙ্গী, বি, খৃষ্টধর্ম্মাবলম্বী—বর্ণ-শঙ্কর জাতি বিশেষ।

ফিরণ, বি, ঘুরণ, ঘোরা; ২। পুনরাহ্বান; ৩। প্রত্যাগমন।

ফিরণিয়া, বিং ভ্রমণকর্ত্তা, পর্য্যাটক।

ফিরৎ, বিং পুনরাবৃত্ত, পুনরাগত; ২। পুনর্দত্ত। [দেওয়া।

ফিরতী, বি, প্রতিদান, ফিরিয়া

ফিরাণ, বি, ঘুরাণ; ২। প্রত্যাবর্ত্তন।

ফিরিস্তি, বি, (পারশী) ফর্দ্দ, তালিকা, সূচীপত্র।

ফিরে, ক্রি বিং, পুনরায়, আবার।

ফিরেঘুরে, ক্রি বিং, পুনঃপুনঃ, ফিরিয়া ঘুরিয়া।

ফিস্‌ফিস্‌, ফিস্‌ফসনি, বি, কানে কানে কথা বলা; ২। সূক্ষ্ম বৃষ্টিপাত। [জনাদি।

ফী,—(আরবী) প্রত্যেক, প্রতি

ফু, ফুঁক, বি, ফুৎকার; যথা,—
"বরিষা বাদলে রামা অনলে দেহ ফু।
কর্পূর ত মূল বিনা শুকাইল মু॥"
(কবিকঙ্কণ)
২। শাঁকেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ।" (হেমচন্দ্র)

ফুঁকন, বি, ফুৎকার দেওন; ২। উড়ান, অপব্যয় করণ।

ফুড়ন, বি, বেধন, ভেদন।

ফুঁপন, বি, হাঁপান, টানিয়া, টানিয়া ক্রন্দন; ২। শিশ দেওন।

ফুকন, বি, ফুঁ দেওয়া, ধূমান; ২। ব্যয় করা।

ফুকর, বি, ছিদ্র, ছেঁদা।

ফুকার, বি, (যাং) ডাকা, উচ্চৈঃস্বরে রোদন করা।

ফুকুনি, বি, হিন্দুস্থানী বৃহৎ নৌকা।

ফুকরাণ, বি, আহ্বান, ডাকা।

ফুট, বি, ছিদ্র; ২। বিং—ভগ্ন, ত্যক্ত।

ফুটন, ফুটান, বি, ছিদ্র করণ;

২। প্রকাশ করা ; ৩। তা দেওয়া।
ফুটা, বিং সচ্ছিদ্র।
ফুটি, বি, পাকা কাঁকুড়।
ফুটুনি, বি, চালাকি।
ফুড়ুৎ, বি, পক্ষিগণের উড়ন শব্দ।
ফুয়ল, বিং আলুলায়িত, আল্‌গা, এল্লান ; যথা,—
"ফুয়ল কবরী উরে লোটায়।"
(জ্ঞানদাস)
২। ক্রি,—এলাইল, খুলিয়া গেল ; যথা,—
"ফুয়ল কবরী মোর, টুটল হার।
হাম্ অবুঝ নারী তুহুঁ ত গোঙার॥"
(চণ্ডীদাস)
ফুয়ান, বি, ধূম হওন, ধূঁয়ান।
ফুরণ, ফুরাণ, বি, কর্ম্ম নির্দ্ধারণ; ২। অনাটন ; ৩। শেষ হওন।
ফুরসুৎ, বি, (পারশী) সুবিধা, সুযোগ; ২। অবসর।
ফুল, বি, (ফুল্ল শব্দজ) পুষ্প।
ফুলখড়ি, বি, চা খড়ি।
ফুলগন্ধক, বি, চূর্ণগন্ধক।
ফুলদোল, বি, শ্রীকৃষ্ণের দোলযাত্রা বিশেষ।
ফুলন, বি, স্ফীত হওন; ২। ধান্যাদির গর্ভসঞ্চার হওন, পুষ্প হওন।
ফুলফুলিয়া, বিং পরিস্কৃত, সুশ্রী।
ফুল্‌কা, বি, ফুসফুস।
ফুলবড়ী, বি, (বড়ী—বটিকা শব্দজ) ক্ষুদ্রবড়ি, পিষ্ট ডাউলের সহিত তিল মিশ্রিত করিয়া যে ক্ষুদ্র ক্ষুদ্র বড়ি প্রস্তুত হয়।
ফুলপটী—চৈত্র বৈশাখ মাসে যে মধু সংগ্রহ হয়, তাহাই অপেক্ষাকৃত ভাল, উহাকেই সুন্দরবন অঞ্চলে ফুলপটী এবং জ্যৈষ্ঠ আষাঢ় মাসে যে মধু সংগৃহীত হয়, তাহা অপেক্ষাকৃত তরল এবং স্বাদেও পূর্ব্বোক্তের ন্যায় নহে, স্থানীয় লোকে উহাকে 'বেণেহার' মধু বলে।
ফুলবাবু, বি, সুশ্রীপুরুষ, সৌখীন ব্যক্তি। (Beau)।
ফুলরী, ফুলুরী, বি, পিষ্টকবিশেষ।
ফুলশয্যা—বিবাহের পর বর কন্যার শয়নার্থ ফুলরচিত শয্যা।
ফুলা, বিং স্ফীত, ফাঁপা।
ফুলান, বি, স্ফীতকরণ; ২। পুষ্পোৎপাদন।
ফুলী, বি, ছানি ; ২। চক্ষুরফুলা।
ফুল্কা, বি, মৎস্যের গলদেশস্থ অবয়ববিশেষ, কাণকুয়া; ২। ফুসফুস্।
ফুক্কি, বি, সামান্য বিষয় ; ২। অল্প সাহায্য ; ৩। নিঃশব্দ মরুৎ ক্রিয়া।
ফুস্কুড়ি, বি, স্ফোটক, ক্ষুদ্র ব্রণ।

ফুস্‌ফুস্‌, বি, ফুস্কা; ২। অমুচ্চ কথন, গোপনে কথা বলা।

ফুস্‌ফাস্‌, বি, গোপনে কথন; যথা,—

"মুখে মুখে ফুস্‌ফাস এ কেমন ভাব।"
(কবিরঞ্জন)

ফুস্‌লান, বি, কুপরামর্শ দেওন; ২। ভুলান।

ফুসি, বি, নির্ধন, দরিদ্র; ২। নিঃস্ব; ৩। তুচ্ছ।

ফেঁক্‌ড়া, বি, ছল, সূত্র; ২। বিং—স্ফীত, ফুলন্ত। [ছল।

ফেঁক্‌ড়ি, বি, ক্ষুদ্রশাখা; ২। সূত্র,

ফেকো, ফাক্কা, বি, অনাহার হেতু মুখ শুষ্ক হইয়া ধূলিবৎ যে রেণু নির্গত হয়; যথা,—

"শিব বলে শুন শিবা সেবা কর কি।
ফাক্কা উড়ে ভাঙ্গ বিনে ভেকা হয়েছি॥"
(শিবায়ন)

ফেকোন, বি, এককথা ক্রমাগত বলা।

ফেক্‌না, বি, পক্ষ, পাখা, ডানা।

ফেটী, বি, সূত্র, সমূহ, লুটী; ২। জালবিশেষ; ৩। শিরো-বেষ্টনী।

ফেণা, বি, তরল বস্তুর উপরি উত্থিত বুদ্‌বুদ।

ফেণি, ফেণী, বি, মিষ্ট দ্রব্যবিশেষ, বড় বাতাসা।

ফেফাতুড়া, বি, আত্মবিস্মৃতি; ২। হতভম্ভ, হতজ্ঞান; যথা,—

"ফণি-ফণামণি দিলে ফের দিলে মোর।
ফেফাতুড়া খাইয়া ফুল্লরা পাছে মরে।"
(কবিকঙ্কণ)

ফের, বি, দায়, বিপাক; ২। ওজনের পরিবর্ত্তন; ৩। প্রত্যা-বর্ত্তন; ৪। ফিরণ, সম্মুখ হওন; ৫। পুনরায়, উল্‌টা। [গমন।

ফেরণ, বি, ঘূর্ণন; ২। পুনরা-

ফেরত, ফেরৎ, বি, প্রতিদান, পুনরায় দেওয়া।

ফেরতা, বি, পুনরাগমন, প্রত্যা-বর্ত্তন; ২। পরিবর্ত্তন।

ফেরফার, বি, ছলনা; ২। ব্যত্যয়, উল্‌টা পাল্‌টা।

ফেরা, বি, চূণ সুরকির পরিমাণ পাত্রবিশেষ; ২। পুনরাবৃত্তি; ৩। ঘূর্ণন।

ফেরার, বি, (আরবী) পলায়ন।

ফেরারী, বিং (আরবী) পলাতক; ২। ধূর্ত্ত।

ফেরারিজমি—যে জমির প্রজা পলায়ন করিয়াছে, তাহার নাম ফেরারি জমি।

ফেরিওয়ালা—যাহারা দ্বারে দ্বারে জিনিস বিক্রয় করিয়া বেড়ায় (Hawker)। [চাতুর্য্য।

ফেরেব, বি, (পারশী) ছলনা,

ফেরেববাজ, বিং ধূর্ত্ত, শঠ।

ফেরোজ, বি, (পারশী) মণিবিশেষ।

ফেলা, বিং নিক্ষিপ্ত, ত্যক্ত।

ফেল্না, বিং তুচ্ছ, হেয়, ঘৃণিত।
ফেসাদ্, ফশাদ, বি, (আরবী) ঝঞ্ঝাট, গোলমাল ; ২। কলহ।
ফৈজৎ, বি, (আরবী—ফজিহৎ শব্দজাত) ঝঞ্ঝাট ; ২। অপমান কলঙ্ক।
ফোঁকর, বি, রন্ধ্র, ছিদ্র।
ফোঁকা, ক্রি, উড়ান, বায় করা।
ফোঁটা, বি তিলক, টীকা।
ফোঁড়, বি, ছিদ্র
ফোঁড়ন, ফোড়ন, বি, বিদ্ধকরণ ; ২। ব্যঞ্জনের উত্তপ্ত তৈলে মসলার প্রক্ষেপ ; ৩। মসলা বিশেষ।
ফোঁপরা, বিং সচ্ছিদ্র, শূণ্যমধ্য।
ফোঁপল, বি, নারিকেলের মধ্যগত শস্য। [ক্রন্দন বিশেষ।
ফোঁপান, বি, গর্জ্জন করণ ; ২।
ফোঁস, বি, সর্প গর্জ্জনের অব্যক্ত শব্দ বিশেষ ; ২। নিশ্বাস প্রশ্বাসের শব্দ।
ফোড়, বি. তৃণাদি উত্তোলনার্থ অস্ত্রবিশেষ, নিড়ানি, ইহা দ্বারা ফসলের মাঝে মাঝে যে ঘাস ও আগাছা জন্মে, ফোড় বা খুরপী দ্বারা তাহা তুলিয়া দেওয়া হয়। ফোড়ের বাঁট কাষ্ঠ নির্ম্মিত ও অবশিষ্টাংশ লৌহনির্ম্মিত ; ২। ছিদ্র।
ফোড়া, বি, বিস্ফোটক, ব্রণবিশেষ।

ফোয়ারা, বি, উৎস।
ফোলান, বি, বাড়ান, স্ফীত।
ফোস্কা, বি, অগ্নিদাহ জনিত ; ২। জলযুক্ত ব্রণ বিশেষ।
ফৌজ, বি, (আরবী সেনা) লোকসমূহ।
ফৌজদার, বি, (আরবী—ফৌজ + পারশী—দার) শাসনকর্ত্তা, পুলিস কর্ম্মচারী বিশেষ।
ফৌত, বি, (আরবী) নিধন, মৃত্যু।
ফৌত জমি—জমা কাগজে আছে, কিন্তু জমির নির্ণয় নাই, এরূপ জমির নাম ফৌত জমি।
ফৌতিক, বি, আগন্তুক লাভ ; ২। অস্বামিক বস্তু।
ফৌতি ফেরারী—যাহারা মরিয়াছে বা পলায়ন করিয়াছে।

ব

(বর্গ ও অন্তঃস্থ)।

ব ;—ত্রয়োবিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ ও দন্তৌষ্ঠ। বঙ্গভাষায় অন্তঃস্থ 'ব' ও বর্গীয় 'ব'কারের আকারের কোন প্রভেদ নাই। কেবল অন্তঃস্থ বকারের পূর্ব্বে অনুস্বার ও বর্গীয় বকারের পূর্ব্বে 'ম' যুক্ত হয়, উহাতেই কোন্‌টী বর্গীয়

ও কোন্‌টী অন্তঃস্থ, তাহা বুঝা যায়। নিম্নে উভয় ব'কার ঘটিত সমুদায় শব্দ সন্নিবিষ্ট হইল।

বই, অং বিনা, ব্যতীত ; যথা,—

কৃপা কর কৃপাময়ী
কেহ নাই তোমা বই। (কবিরঞ্জন)

২। বি, পুস্তক।

বই, বহিন, বি, (হিন্দী) ভগিনী।

বউ, বৌ, বি, (বধূ শব্দজ) স্ত্রী ; ২। পুত্রবধূ।

বউনি, বি, (বহন শব্দজ কি ?) বহনের বেতন বা মজুরি ; ২। বিক্রয় আরম্ভ ব্যবসায়ীরা সর্ব্ব প্রথমে বিক্রেয় দ্রব্য বিক্রয় করিয়া যে মুল্য পায়।

বউভাত, বি, নববিবাহিতা কন্যার পাকস্পর্শ। [ভূষণবিশেষ।

বউলী, বি, (বকুলা শব্দজ) কর্ণ

বংকুর, বিং খর্ব্ব, ক্ষুদ্র, বেঁটে ; যথা —

"বামন বংকুর পতি কৈতে লাজ পায়"।
(ভারতচন্দ্র)

বংশজ, বিং কুলীনের কুলমর্য্যাদা রহিত, কৌলীন্য ভ্রংশ, কুলীন-বংশে জন্ম অথচ কুলবিপ্লব হেতু বংশমাত্রে প্রতিষ্ঠিত।

বংশলোচন, বি, বংশের পর্ব্বস্থিত স্বেতবর্ণ পদার্থ বিশেষ।

বংশী, বি, বাঁশী।

বঁইচ, বৈঁচী, বি, (বিকঙ্কত শব্দজ) বৃক্ষবিশেষ, ফলবিশেষ। ইহাকে দাক্ষিণাত্য হিন্দীতে কংটাই ও বঙ্গ এবং উড়িষ্যায় বইচকুড়ি বলে।

বঁধু, বি, (বন্ধু শব্দজ) বন্ধু, প্রণয়ী ; যথা,—

"এস এস বঁধু এস আধ আচরে ব'স
নয়ন ভরিয়া তোমারে দেখি"।
(চণ্ডীদাস)

বক্‌, বগ, বি, পক্ষীবিশেষ ; ২। বৃক্ষবিশেষ, বকফুলের গাছ। হিন্দী নাম বাসনা।

বকচর, বগচর, বি, পুষ্করিণীর পাড় পুষ্করিণীর তলদেশের জলসমীপস্থ বর্গাকার চারি পাড়। [বিটেল।

বকধার্ম্মিক, বিং ভণ্ডতপস্বী, ভক্ত-

বকন, বি নিরর্থক বাক্যব্যয় করণ, অনর্থক ভাষণ ; ২। তর্জ্জন ; ৩। গাভীর স্ত্রী বৎস।

বকনা, বি, অল্প বয়স্ক গবী, স্ত্রী বাছুর, নৈ বাছুর।

বকম্‌, বি, (যাং) বৃক্ষবিশেষ, রঞ্জিত কাষ্ঠবিশেষ।

বকলম, বি, (যাং) কলমের সহিত, ২। প্রতিনিধি স্বরূপ লিখন চিহ্ন, যাহারা লিখিতে জানে না, তাহাদের হইয়া নাম লিখিয়া দিয়া নিম্নে লেখকের নাম সহি করা।

বক্‌রা, বোক্‌রা, বি, (বর্করা শব্দজ, উর্দ্দু—বক্‌রা। অজা, পাঁঠা। স্ত্রীং—বক্‌রী ; ২। অংশ।

বকা, বকুয়া, বিং মিথ্যাভাষী ; ২। বাচাল ; ৩। গল্প কারক।

বকাবকি, বি, বাক্‌বিতণ্ডা, কলহ।

বকুনি, বি, ভৎসনা, তিরস্কার ; যথা,—

"মেদিনী কাটিয়া যায় বকুনির চোটে।"
(ঈশ্বরগুপ্ত)

বকুল, বি, বৃক্ষ বিশেষ।

বকুলি, বি, কর্ণ ভূষণ বিশেষ, বউল।

বকেয়া, বিং (আরবী) অবশেষ, বাকি, বক্রী ; ২। আদিম, পুরাতন, পূর্ব্বকার।

বকেয়াবাকী,—অতীত বৎসর সমূহের বাকী থাজনা।

বক্‌বকম,—বাচালতা প্রকাশ ; ২। পারাবত শব্দ।

বক্‌শিশ, বি, (পারশী—বখ্‌সিদন্ ধাতুজ) পারিতোষিক, পুরস্কার।

বক্‌সি, বি, (পারশী) নাজিরের অধীনস্থ কর্ম্মচারী।

বক্কাল, বি, বণিক দ্রব্য বিশেষ, মসলা ; যথা,—

"সঙ্কাল বক্কাল কত মিছরি মিশাইয়া,
দুগ্ধমারি ক্ষীর করি রাখে জুখাইয়া।"
(ঘনরাম)

বখর, বি, মহারাষ্ট্রীয়দিগের লিখিত ঐতিহাসিক বিবরণ। [ভ্রষ্ট।

বখাড়, বিং বাচাল ; ২। পাপাসক্ত,

বখিল, বিং (আরবী) যে আপনি ভোগ করে, পরকে দেয় না, কৃপণ। [বিশেষ।

বখেয়া, বি, (পারশী) সেলাই

বগল, বি, (পারশী) কক্ষদেশ, বাহুমূল ; ২। পার্শ্বদেশ।

বগলবাজান,—অত্যন্ত আনন্দিত হইয়া বাহুমূলের শব্দ করণ, জয়ী হওয়া।

বগা, বি, অস্ত্র বিশেষ, ক্ষুদ্র খড়্গ ; ২। পক্ষীবিশেষ, বক ; ৩। বিং—শ্বেত, সাদা।

বগী, বি, (বাং) ক্ষুদ্র খড়্গাবিশেষ ; ২। শকটবিশেষ ; ৩। পক্ষিবিশেষ

বঙ্ক, বি, বাঁকমল ; যথা,—

"অঙ্গদ বলয় শঙ্খ ভুবন মোহন বঙ্ক,
মণিময় মুকুট মণ্ডল" (কবিকঙ্কণ)

বঙ্গ, বি, ধাতু বিশেষ, ইহা দুই প্রকার, ক্ষুরক ও মিশ্রক, তন্মধ্যে মিশ্রক অপেক্ষা ক্ষুরক বঙ্গ উত্তম।

বচ, বি, (বচা শব্দজ) ঔষধ বিশেষ, হিন্দী নাম বচ ও ঘোড় বচ। বচ নানা বিধ যথা,— শ্বেতবচ, মহাভরী বচ ও দ্বীপান্তর বচ।

বচনবাগীশ, বিং অতিশয় বাচাল, বহুভাষী।

বচসা, বি, (বচস্ শব্দজ) বকাবকি, বাক্যব্যয়, বাগ্‌যুদ্ধ।

বচাবচ, বি, বাদানুবাদ।

বছর, বি (বৎসর শব্দজ) বৎসর, ১২ মাস কাল। [অশনি।

বজর, বি, (বজ্র শব্দজ) বজ্র,

বজরা, বি, নৌকা বিশেষ, বৃহৎ তরি (Barge)। [মেরামত।

বজরাটি, বি, পুরাতন ছাদ

বজায়, বি, রক্ষা; ২। পুনঃস্থাপন, পুনঃপ্রতিষ্ঠা।

বজ্জর, বি, (বজ্র শব্দজ) বজ্র; ২। বিং—অতিশয় দৃঢ়।

বজ্জাত, বিং (পারশী—বদ্+ আরবী—জাত্—প্রকৃতি) মন্দ স্বভাব, দুষ্ট; ২। জারজ, বিজন্মা।

বজ্রআঁটন,—অতিশয় দৃঢ় বন্ধন।

বজ্রবাটুল, বি, অতি শক্ত অথচ গোলাকার বস্তু; ২। কঠিন অথচ বর্তুল।

বট, বি, বৃক্ষবিশেষ; ২। কপর্দ্দক, কড়ি; যথা,—

বেণে বলে দরে নাহি বাড়ে এক বট।"
(কবিকঙ্কণ)

৩। বর্তুলাকার বস্তু; ৪। পিষ্টক বিশেষ, বড়া; ৫। ক্রি,—হও।

বটিয়া, ব'টে, বি, নৌকা বাহনার্থ ক্ষুদ্র দাঁড়।

বটী, বি, ক্ষুদ্র ছেদনাস্ত্র বিশেষ, তরকারি কুটিবার অস্ত্র; ২। বড়ী, বটিকা।

বটে, ক্রি, স্বীকার বোধক শব্দ, হাঁ। [ঠাট্টা।

বট্‌করা, বট্‌কেরা, বি, পরিহাস,

বট্‌কিরি, বি, মজলিসী সঙ্গীত।

বট্‌খেরা, বি, তৌলার্থ লৌহ নির্ম্মিত সেরাদি।

বট্‌নে দেওয়া—বসিয়া থাকিয়া কার্য্য করিয়া লওয়া। পূর্ব্বে যখন বাঙ্গালা দেশে তাঁতি, জোলাদিগের নিকটি সূতা দিয়া কাপড় প্রস্তুত করাইয়া লওয়ার রীতি ছিল, তখন পাছে সূতা চুরি করে এজন্য বসিয়া থাকিয়া কাপড় বুনিয়া লওয়া হইত। এই প্রকারে কাপড় বুনানকে 'বট্‌নে দেওয়া' বলে। [বৃহৎ।

বড়, বিং (বক্র শব্দজ) শ্রেষ্ঠ,

বড়ই, বরই, বি, (পূর্ব্ব ও উত্তরবঙ্গে) কুল। হিন্দী নাম বৈরী, বের।

বড়মা, বি, অলক্ষ্মী; ২। অপবাদ; ৩। বিপত্তি; ৪। পূজনীয়া মাতা।

বড়শা, বি, শস্ত্রবিশেষ, বল্লম।

বড়শী, বি, মৎস্যধারণার্থ কাঁটা বিশেষ।

বড়া, বি, বটবৃক্ষ; ২। পিষ্টক-বিশেষ, চাউলের গুঁড়া ও কদলী বা তালের মাড় এবং গুড় সংযোগে ভর্জ্জিত খাদ্য-বিশেষ।

বড়াই, বি, দম্ভ, গর্ব্ব; ২। বৃন্দা-বনস্থা বৃদ্ধাগোপীবিশেষ, বড়াই বুড়ি।

বড়ি, বিং শ্রেষ্ঠ, বড়; ২। (বটি শব্দজ) পিষ্ট দাউল দ্বারা প্রস্তুত বটিকাকার খাদ্যদ্রব্যবিশেষ।

বড়িয়া, ব'ড়ে, বি, (বটিকা শব্দজ) শতরঞ্চ খেলার ক্ষুদ্র বটিকা, পদাতিক; যথা,—

"এবার ব'ড়ের ঘর করে ভর,
মন্ত্রী যে বিপাকে ম'ল।"
(কালীকীর্ত্তন)

২। কুমন্ত্রণাদাতা।

বড়ু, বি, (বটু শব্দজ) পরিচারক; ২। দেবল ব্রাহ্মণ।

বড়বড়ন, বি, বহুভাষণ, বকা।

বড়েটেপা—বটিকা চালন; ২। ধীরে ধীরে কার্য্য করা।

বঢ়ই, বি, ছুতার, গৃহনির্ম্মাতা।

বত্রিশ, বিং (দ্বাত্রিংশৎ শব্দজ) সংখ্যাবিশেষ, ৩২।

বত্রিশসিংহাসন—গ্রন্থবিশেষ, দ্বা-ত্রিংশৎ পুত্তলিকাযুক্ত সিংহাসন।

বদ্, বিং (পারশী) মন্দ, দুষ্ট; ২। ক্রি—কহা, বলা; যথা,—

"শুনিয়া স্বামীর পদে, রাজার রমণী বদে,
প্রাণনাথ শুন নিবেদন।"
(ঘনরাম)

বদর, বি, (পারশী) ঈশ্বর, ভগবান।

বদল, বি, (আরবী) প্রতিদান; ২। বিনিময়, পরিবর্ত্তন।

বদলান, বি, বিনিময় করণ, পরি-বর্ত্তন। [অখ্যাত।

বদ্‌নাম, বি, (পারশী) কুনাম, বদ্‌নাশ, বদমায়েশ, বিং (যাং, বদ্ —মন্দ + আরবী মাশ —অন্ন-সংস্থান বা রোজগার) মন্দ উপায়ে যে রোজগার করে; ২। মন্দলোক।

বদস্ত—(পারশী) হাতে হাতে।

বদাবদ, বি, বাক্‌বিতণ্ডা, বাক্-বিতর্ক; যথা,—

"প্রভু সহ সার্ব্বভৌমে হইল বদাবদ।"
(চৈতন্য ভাগবত)

২। "বদাবদে যুদ্ধের উদ্যম উপস্থিত।"
(শিবায়ন)

বদ্ধকফ, বি, গাঢ় শ্লেষ্মা।

বধাবধি, বি, পরস্পর বধ, হানা-হানি, কাটাকাটি।

বনচাড়াল, বি, বৃক্ষবিশেষ, এই বৃক্ষের নিকট তুড়ি দিলে পত্র-গুলি নড়িয়া থাকে।

বনবিল্লী, বি, বন বিড়াল।

বনভাদুলিয়া, বি, ফলবিশেষ, বলাডুমুর। [বিশেষ।
বনমানুষ, বি, জন্তুবিশেষ, বানর-
বনযমানী, বি, শস্তবিশেষ, রাঁধুনী।
বনাও, বি, ঐক্য, মত, মিল, এক বাক্যতা।
বনাত, বি, (হিন্দী) উর্ণানির্ম্মিত স্থূলবস্ত্রবিশেষ। [কুট্‌নাকুটা।
বনান, বি, নির্ম্মাণ, গঠন; ২।
বনাম, (পারশী) ওরফে (Alias)।
বনায়, বি, আত্মীয়তা, প্রীতি, মিলন। [সদ্ভাব।
বনাবনি, বি, একতা, মিলন,
বনুই, বি, (হিন্দী) ভগিনীপতি।
বনুয়া, বুনো, বিং বন্য, অসভ্য।
বনেদ, বি, (বনিয়াদ শব্দজ) ভিত্তি, পোঁতা; ২। বংশ।
বনেদী, বিং আদিম, প্রথমকার; ২। প্রাচীন। [প্রীতি।
বন্তি, বি, অন্তরঙ্গতা, প্রণয়,
বন্দ্‌, বি, (বাঁকুড়া অঞ্চলে চলিত) বৃহৎ জলাশয়, দীঘিকা।
বন্দ, বি ভূমির পাণ্ডবিশেষ, হাত; যথা,—
"সাতাইশ বন্দে বিশাই টাঙ্গাইল দড়ি।"
(কবিকঙ্কণ)
২। ক্রি,—বন্দনা করা।
বন্দ্‌গী, বি, (পারশী—বস্তন্‌ ধাতুজ) সেবা।
বন্দর, বি, (পারশী) বাণিজ্যের আড্ডা, ব্যবসায়ের উপযুক্ত সমুদ্র বা নদী তীরবর্ত্তী স্থান, গঞ্জ।
বন্দা, বি, (হিন্দী) বৃক্ষোপরি-জাত বৃক্ষ, পরগাছা। বাঁদরা; ২। (যাং) গোলাম, ভৃত্য।
বন্দীয়ান, বিং কারাবদ্ধ, কয়েদী।
বন্দীশালা, বি, কারাগার।
বন্দুক, বি, আগ্নেয়াস্ত্র বিশেষ।
বন্দোবস্ত, বি, (পারশী বন্দ ও বস্ত উভয়ই পারশী) ব্যবস্থা, কোন কাজ আপনার হাতে লওয়া। [পরিমাণ বিশেষ।
বন্ধ, বি, বন্ধন; ২। হাত, ভূমির
বন্ধনখোদা, বি, কারাগার।
বন্ধনী, বি, নিবন্ধন, নিয়ত প্রাপ্তির নিয়ম, স্থিরবৃত্তি; ২। রজ্জু, দড়ি।
বন্ধান, বি, বেতন, মাহিয়ানা; ২। আকৃতি, চেহারা; যথা,—
"উঠিয়া বসিল বুড়া পাইয়া সন্ধান।
বল দেখি বাগ্‌দিনী কেমন বন্ধান॥"
(শিবায়ণ)
বন্যা, বি, জলপ্লাবন।
ববর্বলিয়া, ববভুলিয়া, বি, যে ব্যক্তি উৎকোচ গ্রহণপূর্ব্বক বিচারালয়ে মিথ্যা সাক্ষ্য দেয়।
বমাল, বি, (পারশী) অপহৃত বস্তু।
বম্‌কি, বি, ছর্দ্দি; বলদ্বারা জলাদির ঊর্দ্ধ নিঃসারণ।

বয়েট্টিয়া, বি, সমুদ্র তস্কর; যাহারা জলপথে ডাকাতি করে; ২। বিং—দুর্দ্দান্ত।

বয়নামা, বি, (আরবী—বয়+ পারশী—নামা) বিক্রয়পত্র, বিক্রয় কোবলা। (Conveyance)।

বয়সফোঁড়া, বি, যুবা ব্যক্তির গণ্ডস্থব্রণ বিশেষ, বয়স ব্রণ।

বয়া, বি, (ইং Buoy) অর্ণবযান বন্ধন করিবার লৌহ যন্ত্র বিশেষ।

বয়াটে,. বিং অকর্ম্মণ্য, কাজের বাহির।

বয়ান, বি, (বদন শব্দজ) বদন, মুখ; যথা,—

"কালিন্দীর জল, নয়ানে না হেরি
বয়ানে না ব'লি কালা।" (চণ্ডীদাস)

২। (আরবী) ব্যাখ্যা, অর্থ, বিবরণ; ৩। বাক্য।

বয়ার, বি, বাতাস; ২। মহিষ; ৩। বিং—বলবান্, দুর্দ্দান্ত।

বয়ে পড়া—ক্রমিক ধারারূপে গা বহিয়া পতন।

বয়ে যাওয়া,—কাজের অযোগ্য হওয়া।

বয়েল, বি, (প্রাকৃত—বইল্ল; সংস্কৃত—বলীবর্দ্দ) বলদ, দামড়া।

বর, বি, প্রার্থনা, ইচ্ছা; ২। বিবাহ কর্ত্তা, জামাতা।

বরকন্দাজ, বি, (আরবী—বরক =বিদ্যুৎ+পারশী—আন্দাজ; আন্দাখতন=নিক্ষেপ করা) চাপরাসী, পেয়াদা।

বরখাস্ত, বিং (পারশী—বরখাস্তন শব্দজ) অপদস্থ, পদচ্যুত।

বরগা, বি, ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্র কাষ্ঠ বিশেষ।

বরগুণ, বি, বারগুণ, বাহিরের গুণ; ২। শ্রেষ্ঠগুণ।

বরঙ্গ, বরগোঁ, বি, (ভোরঙ্গ শব্দের অপভ্রংশ) বাদ্যযন্ত্র বিশেষ, তুরী; যথা,—

"হইলে প্রভাতকাল, বরঙ্গ ফুকয়ে ভাল,
আনন্দ বাধাই রাজপুরে।" (কবিকঙ্কণ)

বরজ, বি, পর্ণক্ষেত্র, পানের ক্ষেত্র; ২। পানের আচ্ছাদন; ৩। (ব্রজ শব্দজ) ব্রজধাম। গোকুল গ্রাম।

বরণ, বি, দেবী বিসর্জ্জনের পূর্ব্বে এবং নববধূ ও জামাতাকে স্ত্রীলোকদিগের হস্ত ও অঙ্গুলি চালনরূপ মুদ্রা বিশেষ দ্বারা আদর।

বরণডালা,—বরণের উপকরণ যুক্ত পাত্র। বর্দ্ধমানাঞ্চলে কোন কোন স্থানে 'কোলকাঁসা' বলে।

বরদাস্ত, বি, (পারশী—বরদাশতন ধাতুজ) সহিষ্ণুতা, সহনশীলতা, ক্ষমা।

বরপক্ষ,—বরপক্ষীয় লোক, বরের আত্মীয় স্বজন।

বরপাত্র,—কন্যাদানার্থ আহূত ব্যক্তি, জামাতা।

বরফ, বি, (যাং) তুষার, হিমানী। কৃত্রিম শিলা।

বরফি, বি, মিষ্টান্ন বিশেষ।

বরহা, বি, প্রাবৃট্ কাল, বর্ষা।

বরাখুরে,—বরাহের ন্যায় পায়ের খুর। 'উনপাঁজুরে' 'বরাখুরে' প্রভৃতি শব্দে দুষ্ট বালকদিগকে অলক্ষণযুক্ত পশু বলিয়া গালি দেওয়া বা উপহাস করা হয়।

বরাৎ, বি, (আরবী) প্রয়োজন; ২। কার্য্যানুরোধ; ৩। অন্যের প্রতি ভারার্পণ; ৪। অদৃষ্ট, ভাগ্য।

বরাতে,—গজের হাত, মাপের হাত; যথা,—

"দেখিল চৌরস কাঠ হেন চাঁপাফুল,
হানি হাত-করাতে বরাতে সমতুল।"
(ঘনরাম)

বরাবর, ক্রি বিং, (পারশী) বরাবর বলিতে কাহারও নিকট পাঠান বা কাহারও হিসাবে বুঝায়। সমীপ, নিকট; ২। সম্মুখ, সমান, ঠিক; ৩। বিং—বিশৃঙ্খল, অপচয়, নষ্ট; যথা,—

"ধরে মৎস্য ধান্য ভেঙ্গে করে বরাবর।
রূপে গুণে যৌবনে জিনেছে চরাচর॥"
(শিবায়ন)

বরামোদ, বি, (পারশী) পরোক্ষে নিন্দা, অসাক্ষেতে নিন্দা।

বরিখা, বি, (হিন্দি) বর্ষা, বৃষ্টি; ২। ক্রি—বর্ষণ করা। নিক্ষেপ করা; যথা,—

"যদুমত উপর, বরিখৈ খরশর,
যৈছন জলধর ধারা।"
(শিবায়ণ)

বরিয়াতী, বি, বরযাত্রী, বরের সহযাত্রী; যথা—

বরিয়াতী পুঞ্জে পুঞ্জে, সাধুর মন্দিরে ভুঞ্জে,
চৌদিকে ডম্বরু বজন।।"
(কবিকঙ্কণ)

বরিশী, বড়িশী, বি, বড়্শী।

বরিষ, বি (হিন্দী) সংবৎসর, বর্ষ; ২। প্রাবৃটকাল, বর্ষা।

বরিষণ বি, (বর্ষণ, শব্দজ) বর্ষণ, বৃষ্টি পতন

বরিহা, বি, (হিন্দী) উৎকৃষ্ঠ, উত্তম; যথা,—

"চিকণ চূড়ার ছাঁদ, কেনিলে বরিহা ফাঁদ,
আজি কেন পীঠে দোলে বেনী।"
(চণ্ডীদাস)

বরুল, বি, (বরল শব্দজ) বোল্‌তা।

বর্গ, বি, বশ্যতা, অধীনতা; যথা,—

"কত মত কথা কহি করিয়া চাতুরী।
কোনমতে বর্গ নাহি মানে সেই নারী॥"
(কৌতুকবিলাস)

বর্গা,—(পারশী) শস্যের ভাগ বিলিতে জমি বন্দোবস্ত করা।

বর্গী, বি, মহারাষ্ট্রীয় অশ্বসৈন্য।

নবাব আলিবর্দ্দি খাঁর সময়ে নাগপুর হইতে মারহাট্টারা আসিয়া উড়িষ্যা লুণ্ঠন ও বঙ্গদেশের পশ্চিমাংশে যে লুটপাট করিতে আরম্ভ করে তাহার নাম "বর্গীর হাঙ্গামা"।

বর্ণক, বি, অঙ্গরাগ, যে দ্রব্য দ্বারা কাচ বা মৃৎপাত্রের উজ্জলতা উৎপন্ন হয়; ২। বর্ণক মাটী

বর্ণচোরা, বিং বর্ণ দেখিয়া যাহার ভাল মন্দ চিনা যায় না।

বর্ত্তান, বি, বাঁচন, জীবিত থাকা।

বর্ষাতি, বি, ঘোটকের পাদরোগ বিশেষ; ২। মাড়োয়ারিদিগের জল খেলা বিশেষ।

বল্‌কা, বিং ঈষদুষ্ণ, অল্প গরম।

বলদ, বি, (বলীবর্দ্দ শব্দজ) বৃষ, দামড়া।

বলন, বি, কহন, বাক্য প্রয়োগ; ২। দ্রব্যের নির্দ্দিষ্ট ওজনের উপর বৃদ্ধি।

বলা, বি, বৃক্ষ বিশেষ, বেড়েলা; ২। গন্ধভাদুলে।

বলাট, বি, গোযোনি।

বলাডুমুর, বি, বৃক্ষ বিশেষ, ফল বিশেষ, অপর নাম বনভাদুলিয়া। [করান।

বলান, বি, কহান; ২। অঙ্গীকার

বলাবল, বি, সারাসার, শক্ত্যশক্তি।

বলাবলি, বি, পরস্পর কথন; ২। বিবাদ। [প্রহার দান।

বলিদান, বি, দেবোদ্দেশে পূজো·

বলিহারী, বি, আনন্দ বা প্রশংসা সূচক বাক্য, বাহবা; ২। বলিয়া শেষ করিতে না পারা।

বল্কন, বি, উথলন, ঈষদুষ্ণ হওন।

বল্লা, বি, বোল্‌তা। [কূল।

বশ, বিং আয়ত্ত, অধীন। অনু-

বস, বিং (যাং) যথেষ্ট, প্রচুর।

বসৎ, বি, বসতি, আবাসগৃহ।

বসতবাটী, বি, বাসগৃহ।

বসন, বি, উপবেশন; ২। স্থিতি। [বাসিন্দা।

বসনিয়া, বি, বসতি; ২। নিবাসী,

বসনিশা, বি, পরিবারের সহিত বসতিকারী। [বিশেষ।

বসনী, বি, রেশম ব্যবসায়ী জাতি

বসন্তী, বি, হরিদ্রাবর্ণ, হল্‌দে রং।

বসহা, বি, বৃষ, ষাঁড়; যথা,—

"তুরঅ লাগি চঢ় বসহ পীঠি।"
(বিদ্যাপতি)

বসা, বি, উপবেশন করা; ২। বিং—নত। [করান।

বসান, বি, সংস্থাপন, উপবিষ্ট

বসিন্দা, বাসিন্দা, বি, নিবাসী, বসতিকারী। [মোট, বোঝা।

বস্তা, বি, (পারশী) গাঁটরী, পুঁটুলী,

বস্তাবন্দী, বি, (বস্তা—পারশী—

বস্তন (বাঁধা) ধাতু হইতে উৎপন্ন। বন্দ অর্থও বাঁধা, সুতরাং, বস্তাবন্দীর মৌলিক অর্থ বাঁধাবাঁধা। গাঁটরী বাঁধা।

বস্তি, বি, সহরের যে স্থানে অতি দরিদ্র শ্রমজীবী ও কুলি প্রভৃতি বাস করে, জঘন্য স্থান; ২। মৌজায় বসতি থাকিলে উহাকে বস্তী বা ছপ্পর বলে।

বহনি, বি, বহনের বেতন বা মূল্য।

বহর, বি, জলোপরি ভাসমান পোত সমূহ; ২। বিস্তৃতি।

বহরা, বি, বৃক্ষবিশেষ, বহেড়া গাছ। [চালান।

বহান, বি, যাপন, ক্ষেপণ; ২।

বহি, বি, (যাং) পুস্তক, পুথী; ২। অং,—ব্যতীত, অন্তর।

বহিন, বি, হিন্দী) ভগিনী।

বহিনী, বি, ভগিনী; ২ নৌকা।

বহির, বি (বধির শব্দের অপভ্রংশ) বধির, কালা।

বহিরঙ্গ, বি অনাত্মীয়, পর।

বহীকার, বি বহিকারক, দপ্তরী।

বহুগুণা, বি, পিত্তলময় পাক পাত্র বিশেষ, বগুণা।

বহুত, বিং (হিন্দী) প্রচুর, অনেক।

বহুয়ারী, বহুরী, বি, বধূ, বৌ; যথা,—

"মোর ঘরে ছিল এই ঘরের ঈশ্বরী।
আজি হইতে তোর দাসী কোণের বহুয়ারী"। (চৈতন্যমঙ্গল)

বা, বি, (বাম শব্দজ) বাম; ২। বাহবা, আশ্চর্য্য, আনন্দ ও প্রশংসা সূচক শব্দ; ৩। পাদ পূরণার্থ শব্দ।

বাই, বি, (বায়ু শব্দজ) বায়ুরোগ, উন্মাদ: ২। বায়ু; ৩ অনুরাগ, আসক্তি; ৪। নর্ত্তকী বিশেষ, বাইওয়ালী; ৫। প্রবৃত্তি, ইচ্ছা; ৬। গুচ্ছ, গোছা; ৭। জোড়া; যথা,—

"গুটিশঙ্খ দুটি বাই চিপ যদি হয়।
চল চল্ করে নাহি চির দিন রয়॥"
(শিবায়ন)

৮। খণ্ড, অংশ; ৯। ভাই; ১০। বিং—গভীর [করা।

বাইচ, বি, নৌকা লইয়া জলক্রীড়া

বাইতিতোলা, বি, বাদ্যকরের তোলা বা দান পাওয়া দ্রব্য।

বাইন, বি, মৎস্যবিশেষ; ২। খেজুর বা ইক্ষুরস জ্বাল দিবার উনন; ৩। আবদার, বায়না।

বাইনশালা—খর্জ্জুর বা ইক্ষুরস সম্ভূত গুড় প্রস্তুত করণালয়।

বাইশ, বি, (বাশি শব্দজ) কুঠার বিশেষ; ২। সংখ্যাবিশেষ, ২২; ৩। বিস্ময় প্রকাশক উক্তি।

বাউ, বি (নোয়াখালি অঞ্চলে প্রচলিত) পিতা, বাবা।

বাউটী, বি, (বাহুটী শব্দজ) করাভরণবিশেষ

বাউড়া, বিং ক্ষিপ্ত, পাগল ; ২। অকর্ম্মণ্য।

বাউনিয়া, বাউনে, বিং (বামন শব্দজ) খর্ব্ব, হ্রস্ব, ক্ষুদ্র।

বাউর, বিং (বাতুল শব্দের অপভ্রংশ কি ?) বাতুল, উন্মাদ, বায়ুগ্রস্ত ; যথা,—
"তোমার বিরহ বেদনে বাউর
সুন্দর মাধব মোর।" (বিদ্যাপতি(

বাউরি, বি, জাতি বিশেষ ; ২। পাগল।

বাউরিচুল—কোঁকড়ান লম্বা লম্বা চুল।

বাউল, বিং (বাতুল শব্দজ) ক্ষিপ্ত, পাগল ; ২। বি,—গৌরাঙ্গের ভক্ত বিশেষ, বৈষ্ণবসম্প্রদায় বিশেষ ; ৩। সঙ্গীত কারক।

বাউলী, বি, পাক পাত্রাদি ধারণার্থ লৌহ যন্ত্রবিশেষ, বেড়ী।

বাও, বায়, বি, (বায়ু শব্দজ) বায়ু, বাতাস ; ২। ক্রি,—চালাও।

বাওড়া, বি, যে ধানের বীজ ছড়াইতে হয়।

বাওনা, বি, তৃণাচ্ছাদিত গৃহের মধ্যস্থ আড়া বিশেষ।

বাওয়াস, বি, আবাসগৃহ ; যথা,—
"কোন দিন থাকি কোন বাঙ্গালের আড়ে,
বাওয়াস ভাঙ্গিয়া তাঁন পলায়েন রড়ে।"
(চৈতন্যভাগবত)

বাওলান, বি, বাতাস দেওন ; ২। শস্য উড়ান, উচলান।

বাঁ, বিং (বাম শব্দজ) বাম।

বাঁউ, বি, (বাহু শব্দজ) বাহু পরিমাণ।

বাঁউড়ী, বি, (বাহুটী শব্দজ) স্ত্রীলোকের করভূষণ বিশেষ।

বাঁউনী, বি, মকর সংক্রান্তির পূর্ব্ব দিন, পৌষ সংক্রান্তির পূর্ব্বদিন।

বাঁও, বি, (ব্যাম শব্দজ) বাহুদ্বয় উভয় পার্শ্বে সম্পূর্ণ বিস্তৃত এবং বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ, বাঁউ ; ২। যুগ ; ৩। ধনু।

বাঁওড়, বি, বাঁক ; ২। নদ্যাদির গতি পরিবর্ত্তনে যে সকল স্রোতহীন জলাকারের উৎপত্তি হয়, বিল।

বাঁক, বিং (বক্র শব্দজ) বক্রতা ; ২। বহন দণ্ড, জলাদি আনয়নার্থ শিকাবদ্ধ যোয়ালি ; ৩। নদীর বক্রগতি ; ৪। নৌকার ভিতরদিকে তলায় যে সকল বক্রাকার কাষ্ঠখণ্ড প্রেক দ্বারা বদ্ধ থাকে ; ৫। বিং,—বাঁকা দুষ্ট।

বাঁকড়া, বিং নির্লজ্জ ; ২। দুরন্ত।

বাঁকন, বি, বক্র হওন, কোন কর্ম্ম করিতে অসম্মত হওন।

বাঁকনল, বি, স্বর্ণকারের যন্ত্র বিশেষ, ইহা দ্বারা অগ্নিতে

ফু দিয়া সোণা রূপা গলান হয়।

বাঁকমল, বি, পদাভরণ বিশেষ।

বাঁকা, বিং (বক্র শব্দজ) বক্র। কুটিল, ক্রুর। [রক্ষাকরণ।

বাঁচন, বি, জীবনধারণ, প্রাণ-

বাঁচান, বি, প্রাণদান। [বন্ধ্যা।

বাঁজি, বি, কীটবিশেষ; ২। বিং—

বাঁঝা, বিং বন্ধ্যা, অফলা।

বাঁট, বি, পশুর স্তন; যথা,—

"লোমাঞ্চ সকল তনু দুগ্ধ স্রবে বাঁটে।"
(কালীকীর্ত্তন)

২। খড়্গাদির মুষ্টি।

বাঁটন, বাঁটা, বি, (বণ্টন শব্দজ) বণ্টন; ২। পেষণ; ৩। বিভাগকরণ।

বাঁটিয়া, বেঁটে, বিং বামন, খর্ব্ব।

বাঁটুল, বি, (বর্ত্তুল শব্দজ) বর্ত্তুলাকার বস্তু, গুলি।

বাঁটোয়ারা, বি, (বণ্টন শব্দজ কি?) বিভাগলিপি, অংশ নির্ণয় পত্র। [সুদ।

বাঁট্টা, বাটা, বি, ব্যাজ, বৃদ্ধি,

বাঁড়রী, বি, ব্রাহ্মণের উপাধি-বিশেষ, বন্দ্যোপাধ্যায় বংশসম্ভূত ব্যক্তির উপাধি।

বাঁড়িয়া, বেঁড়ে, বিং পুচ্ছহীন, লাঙ্গূল রহিত। [মর্কট।

বাঁদর, বি, (বানর শব্দজ) বানর,

বাঁদ্‌রা, বি, আম্রাদি বৃক্ষদেহে উৎপন্ন বৃক্ষবিশেষ; এই অন্য-পুষ্ট বৃক্ষের মূল অন্য উদ্ভিদের দেহে প্রোথিত বা জড়িত থাকে।

বাঁদি, বাঁদী, বি, (যাং) দাসী, চাকরাণী।

বাঁধ, বি, (বন্ধন শব্দজ) বন্ধন, সেতু, আলি। [অবরোধন।

বাঁধন, বি, (বন্ধন শব্দজ) বন্ধন,

বাঁধনী, বি, (বন্ধনী শব্দজ) আঁটনী; ২। কথার ঐক্য।

বাঁধা, বি, বন্ধন, আটক।

বাঁধান, বি, বন্ধন করণ।

বাঁধাল, বি, সেতু, জাঙ্গাল।

বাঁয়া, বি, (বাম শব্দজ) বাদ্যযন্ত্র-বিশেষ, ইহা বামহস্তে বাজা-ইতে হয়। [বংশ।

বাঁশ, বি, (বংশ শব্দজ) বেণু,

বাঁশগাড়ি,—বাঁশ পুতিয়া কোন স্থান দখল সাব্যস্থ করা।

বাঁশপাতা, বি, বংশপত্র; ২। পক্ষীবিশেষ; ৩। মৎস্যবিশেষ; ৪। তৃণবিশেষ।

বাঁশী, বি, (বংশী শব্দজ) ক্ষুদ্র বংশ নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ।

বাকল, বাক্‌লা, বি, (বল্কল শব্দজ) বৃক্ষত্বক্, ছাল।

বাকড়, বি, উদর; ২। গর্ভ।

বাক্‌ড়া, বি, নারিকেলাদির শাখা।

বাকস্, বি, বৃক্ষবিশেষ, বাসক

গাছি ; ২। (হিন্দী) বাক্স। (Box)।

বাকী, বিং (আরবী কিম্বা বক্রী শব্দজ) বক্রী, অবশিষ্ট।

বাকীখাজনা—নির্দ্দিষ্ট সময়ে খাজনা দাখিল করিতে না পারিলে তাহার নাম বাকী খাজনা।

বাকীদার—যে প্রজার খাজনা বাকী পড়ে, তাহাকে বাকীদার বলে। [হাকুচ।

বাকুচি, বি, সোমরাজী। অন্য নাম

বাকুড়ি, বি, বহুভোজী; ২। গালিবিশেষ; ৩। গৃহ; ৪। এক সীমান্তর্গত অধিক পরিমাণ জমি; যথা,—

"চাষী বিনা চাষের মহিমা কেবা জানে।
লস্কার বাণিজ্য বসি বাকুড়ির কোণে॥"
(শিবায়ণ)

বাকৃতা, বাফ্‌তা, বি, বস্ত্রবিশেষ।

বাকৃচী, বি, বারেন্দ্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। [ঝগড়া।

বাক্‌কলহ, বি, কথায় কথায়

বাকোবাক্য, বি, কথা কাটাকাটি, সওয়াল জবাব।

বাক্যালাপ, বি, কথাবার্ত্তা।

বাখান, বি, (ব্যাখ্যান শব্দজ) ব্যাখ্যা; ২। তিরস্কার।

বাখারী, বি, বংশের শলাকা; ২। চূর্ণ বিশেষ, পোড়া জোঙড়া।

বাগ্‌, বি, (পারশী বাজ্‌ শব্দজ) উদ্যান, বাগান; ২। লাগাম।

বাগ্‌ডোর, বি, লাগাম।

বাগ্‌ড়ী, বাগড়ি, বি, বল্লালসেন কর্ত্তৃক বিভক্ত বঙ্গদেশের অংশবিশেষ। বর্ত্তমান প্রেসিডেন্সি বিভাগ; ২। এক সীমান্তর্গত ষোড়শ কিম্বা ততোধিক বিঘা ভূমি।

বাগাৎ, বি, (পারশী) যে জমিতে ফল পুষ্পাদির বাগান থাকে।

বাগান, বি, উদ্যান; ২। আয়ত্ত করণ, বশীভূত করণ।

বাগাল, বি, (আরামবাগ অঞ্চলে প্রচলিত) পশুরক্ষক, রাখাল।

বাগিচা, বি, (পারশী) ছোটবাগান।

বাগী, বি, কুচ্‌কী; ২। কুচ্‌কা রোগ; ৩। বেত্ররচিত পাত্রবিশেষ, ধামী।

বাগুনিয়া, বি, বেগুনে রং।

বাগুরি, বাগুলা, বি, কলাগাছের ডাল; যথা,—

"লাঙ্গুল তোলয়ে সিংহ মাথার উপর।
কলার বাগুলা যেন কম্পিত কেশর।"
(কবিকঙ্কণ)

বাগেবাগে, ক্রি বিং, কৌশলে; ২। এদিকে ওদিকে।

বাগ্‌, বি, নিকট; ২। দিক্‌; ৩। আয়ত্ত।

বাগড়া, বি, প্রতিবন্ধক, বাধা।

বাগ্যান. বি, বার্ত্তাকু, বেগুণ।
বাঘ, বি, (ব্যাঘ্র শব্দজ) ব্যাঘ্র।
বাঘভেরেণ্ডা বি, বৃক্ষবিশেষ।
বাঘাএঁটেল—যে এঁটেল মৃত্তিকার মধ্যে জল বায়ু প্রবেশ করিতে পারে না, উপরেই থাকে.তাহার নাম বাঘাএঁটেল
বাঙ্গালা, বি, বঙ্গদেশ; ২। তৃণাচ্ছাদিত গৃহবিশেষ।
বাঙ্গলাবাহাদুর—অতিশয় দুর্দ্দান্ত।
বাচ, বাচ্‌কাচ. বি, সন্তান, ছেলে পিলে।
বাচ্‌কান, বচুকনা, বং ক্ষুদ্র গামছা বা তৎসদৃশ ক্ষুদ্র।
বাচ্‌ড়া, বি, পতিত জমি; ২। ঘোড়ার বাচ্চা।
বাচা, বি, (বাচ শব্দজ) মৎস্য বিশেষ. বাচামাছ; ২। ক্রি,—নির্ব্বাচন করা।
বাচাই. বি, (নির্ব্বাচন শব্দজ কি ?) সবিশেষ বৃত্তান্ত বলিয়া বর্ণনা করণ; যথা,—

"কিন্তু নিবেদন এক এখন বাচাই।
জন্মিলে র জার ঘরে র অকার্য্য চাই॥"
(ঘনরাম)

২। নির্ব্বাচন, মনোনীত করণ।
বাচাও, বি, রক্ষা; ২। ব্যাখ্যা; ৩। বিং—নির্ব্বাচিত।
বাচারি, বি, চালাঘর।
বাচাল, বিং বাক্‌নিপুণ, বহুভাষী।
বাচ্চা, বি, (বৎস শব্দজ) শাবক।
বাছন, বি, নির্ব্বাচন; ২। পৃথক্‌ করণ।
বাছনি, বি, (বৎস শব্দের অপভ্রংশ) অতিশয় স্নেহের পাত্র, শিশু; যথা,—

"কাহার বাছনিরে নিছনি লয়ে মরি।"
(ভারতচন্দ্র)

বাছা, বি, (বৎস শব্দজ) স্নেহপাত্র; ২। শিশু; ৩। ক্রি—পৃথক করা, পরিষ্কার করা।
বাছাবাছা, বিং পরস্পর শ্রেষ্ঠ, অত্যুৎকৃষ্ট। [বৎস।
বাছুর, বি, (বৎস শব্দজ) গো-
বাজ, বি, (বজ্র শব্দজ বজ্র; ২। (পারশী) পক্ষীবিশেষ, শিকরা পক্ষী।
বাজন, বি, (বাদন শব্দজ) ঢক্কাদি বাদ্য বাদন; ২। শব্দ করণ; ৩। বাজনা।
বাজন নারিকেল — নারিকেলবিশেষ, বামন নারিকেল, লালরঙের নারিকেল বিশেষ। ইহার জলও শাঁস অতি মধুর।
বাজনা. বি, বাদ্যযন্ত্র। [ওয়ালা।
বাজন্দর, বি, বাদ্যকর, বাজা-
বাজবহরী, বি, পক্ষীবিশেষ, শিকরা পক্ষী।
বাজ্‌রা, বি, বংশনির্ম্মিত বৃহৎ পাত্রবিশেষ, চেঙ্গড়া; ২। শস্যবিশেষ

বাজা, বি, বাদ্য, বাজনা ; ২। ক্রি, —আঘাত করা।

বাজাওয়ালা, বি, বাদ্যকর।

বাজান বি, ঢক্কাদিতে বাদ্যবাদন।

বাজার, বি, (পারশী) বিপনি স্থান, হাট।

বাজারভাউ, বি, মহামারী, মড়ক।

বাজী, বি, (পারশী - বাজীদন্= ক্রীড়া করা) ক্রীড়া ; ২। কুহক, ভেল্কী ; ৩। কোন বিষয় প্রতিজ্ঞা করা।

বাজীকর, বি, ভেল্‌কীওয়ালা ; ক্রীড়াকারক। [লাভ।

বাজীমাৎ,—ক্রীড়াদি বিষয়ে জয়

বাজু, বি, হস্তালঙ্কার বিশেষ ; ২। ব্যবধান ভিত্তি ; ৩। দ্বারের কাষ্ঠ বিশেষ, বাহু।

বাজুবন্দ, বি, হস্তালঙ্কার বিশেষ।

বাজেআপ্ত,—(পারশী—বাজ্— ফের ; ইয়াফ্‌ত্তন হইতে ইয়াফত্=মিলিত, প্রাপ্ত ; যাহার ছিল ; পুনরায় তাহার হওয়া) নিজ দখল।

বাজে আদায়,—নির্দ্দিষ্ট আদায় ব্যতীত অন্যান্য বিষয়ে অর্থ সংগ্রহ।

বাজেখরচ,—নির্দ্দিষ্ট খরচ ব্যতীত অন্যান্য খরচ, বৃথা খরচ, অনর্থক ব্যয়।

বাটন, বি, মর্দ্দন, পেষণ।

বাটনা, বি, মর্দ্দিত হরিদ্রাদি, ব্যঞ্জনের মশলা।

বাটা, বাট্টা, বি, সুদ (Discount) ; ২। তাম্বুলাধার।

বাটালী, বাট্টালী, বি, কাষ্ঠ ছেদনার্থ অস্ত্র বিশেষ।

বাটিয়া, বি, পট্ট নির্ম্মিত রজ্জু, বেটে দড়ি।

বাটী, বি, পিত্তলাদির পাত্র বিশেষ ; ২। বাড়ী।

বাটুয়া, বি, দস্যু, বোম্বেটীয়া ; ২। বিং—ক্ষীণ। [ঢক।

বাটুখারা, বি, পরিমাণ দ্রব্য,

বাট্‌পাড়, বি, দস্যু, ডাকাইত, জুয়াচোর ; যথা,—

"যে বুঝ চোরের ধন বাটপাড়ে লয়।"
(ভারতচন্দ্র)

২। বিং—প্রবঞ্চক।

বাড়, বি, বৃদ্ধি ; ২। বংশশলাকা নির্ম্মিত মৎস্য ধারণার্থ বেষ্টনী বিশেষ ; ৩। ধার, কিনারা ; ৪। কাঠাম।

বাড়ন্ত, বাড়ান্ত, বিং বর্দ্ধমান, বর্দ্ধনশীল ; ২। নিঃশেষিত।

বাড়া, বিং অধিক, অতিরিক্ত ; ২। উদ্‌বৃত্ত ; ৩। ক্রি,—বণ্টন করা, বিভাগ করা।

বাড়ান, বি, বৃদ্ধিকরণ ; ২। মৃত-জন্তু বাটী হইতে স্থানান্তরিত করণ ; ভগ্ন বা অব্যবহার্য্য মৃৎ-

পাত্র বাটী হইতে স্থানান্তরিত করণ।

বাড়াবাড়ি, বিং অতিরিক্ত, বাহুল্য, বৃদ্ধি; ২। অতিশয় বিস্তার।

বাড়ি, বি, (বৃদ্ধি শব্দজ কি?) বৃদ্ধি; ২। বিস্তার; ৩। উন্নতি; ৪। যষ্টি; ৫। আঘাত।

বাড়ী, বি, (বাটী শব্দজ) গৃহ, ঘর, বসতিস্থান।

বাড়ুন, বাড়ন, বি, সম্মার্জ্জনী, খেংরা। [অতিরেক।

বাড়্‌তি, বি, বৃদ্ধি, উন্নতি; ২।

বাণ, বিং পোড়, দগ্ধ; যথা,—
"যদি বাছা দেহ দান, তবে দিব দশবাণ,
বাছারে জুঁথিয়া কাচা সোণা।"
(ঘনরাম)

বাণা, বি, বালকের লিঙ্গ।

বাণিয়া, বি, বণিক, ব্যবসায়ী। স্ত্রীং—বাণিয়ানী—বণিকপত্নী।

বাণী, বি, স্বর্ণকারের গহনা প্রস্তুতের মজুরি।

বাণ্ডিল, বি, ১২টা; ২।৪ হাত লম্বা শিকলবদ্ধ নীল বোঝা।

বাত, বি, বায়ু, বাতাস; ২। বাক্য, কথা; ৩। সংবাদ; ৪। রোগবিশেষ।

বাতকিন, বিং বাতরোগী।

বাতরক্ত, বি, রোগবিশেষ। বায়ু ও রক্তের দূষিতাবস্থাতে যে রোগ জন্মে।

বাতশূল, বি, বায়ুজনিত শূলরোগ।

বাতা, বি, বেড়া, বেড়ায় বংশাদি বন্ধন; ২। তৃণাচ্ছাদিত গৃহের চালের বাখারি।

বাতাবি, বি, (বাতাপি শব্দজ) লেবুবিশেষ।

বাতাস, বি, বায়ু। [ফেণী।

বাতাসা, বি, মিষ্টান্নবিশেষ, ক্ষুদ্র

বাতি, বাতী, বি, (বর্ত্তিকা শব্দজ) বর্ত্তিকা, শলিতা; ২। মোমের বর্ত্তিকা। পূর্ব্ববঙ্গে 'আলো' মাত্রেই বাতি।

বাতিক, বি, বায়ুজনিত রোগ; ২। আগ্রহ, যত্ন; ৩। স্পৃহা।

বাতিল, বিং মিথ্যা, নিষ্ফল, অসিদ্ধ। (Reject)।

বাথান, বাতান, বি, গোশালা; গোষ্ঠ, মাঠ; ৩ গবাদির বৃষসংসর্গাভিলাষ।

বাথানিয়া, বিং বৃষসংসর্গাভিলাষিণী; যথা,—
"বাথানিয়া গাই মত ফিরে অঙ্গ ভঙ্গে।"
(ভারতচন্দ্র)

বাদ, বি, বিবাদ, কলহ; ২। শত্রুতা; ৩। পরিত্যাগ।

বাদল, বাদর, বি, বর্ষা, দীর্ঘকাল ব্যাপী বৃষ্টি।

বাদ্‌লা, বি, বর্ষা; ২। গোটা; ৩। জরী, স্বর্ণসূত্র। [রাজা।

বাদ্‌সা বি, (পারশী) সম্রাট্‌,

বাদ্সাদ, বি, সংক্ষেপ, কমান ; ২। পরিবর্ত্তন।

বাদসাধা, ক্রি, শত্রুতাচরণ করা।

বাদহাটা, বি, প্রতিবন্ধক, ব্যাঘাত; যথা,—

"যাইতে ছোটর ঘরে বড় মনোরথ।
বড় হৈল বাদহাটা আগুলিলা পথ।"
(ভারত চন্দ্র)

বাদা, বি, (যাং) জলময় স্থান, সুন্দরবনের অংশ বিশেষ।

বাদানুবাদ, বি, বাক্‌বিতণ্ডা, ঝগড়া।

বাদাবাদী, বি, পরস্পর বিবাদ ; ২। পরস্পর শত্রুতাচরণ।

বাদাম, বিং (বাতাম্র শব্দজ) ফল বিশেষ; ২। নৌকার পাইল ; যথা,—

"তুপান তরি, নিমক ভরি,
বাদাম তুলে না চলিল"।
(রামপ্রসাদ)

বাদামিয়া, বিং অণ্ডাকৃতি, বাদামতুল্য। [বেদে।

বাদিয়া, বি, অন্ত্যজ জাতি বিশেষ,

বাদী, বি, অর্থী, ফরিয়াদী।

বাদুড়, বি, জন্তু বিশেষ।

বাদ্যভাণ্ড, বি, বাদ্যযন্ত্র, বাজনা।

বাধক, বি, স্ত্রীলোকের সন্তান জনন প্রতিবন্ধক রোগ বিশেষ।

বাধা, বি, কাষ্ঠ পাদুকা বিশেষ ; ২। প্রতিবন্ধক, বিঘ্ন।

বাধাই, বি, আনন্দোৎসব ; ২। সঙ্কীর্ত্তন ; ৩। নন্দোৎসবের গীত বিশেষ। [বিশেষ।

বাধাড়ি, বি, চর্ম্মকারের অস্ত্র

বান, বি, (বন্যা শব্দজ) বন্যা, বৃহৎ জল স্রোত; ২। নৌকার দুই খানি তক্তা আড়ভাবে পরস্পর জুড়িবার জন্য যে খাঁজ কাটা হয়, তাহার নাম বান (Rabbit)। [স্থান।

বানক, বি, রেশম প্রস্তুত করণের

বানচাল, বি, বোঝাই নৌকার তলা ফাঁসিয়া যাওয়া।

বানরপ্রিয়, বি, চাটিম কলা।

বানরামি, বি, বানরের ধর্ম্ম, মূর্খতা

বানা, বি, (মেঢ্রার্থ বণ্ড শব্দজ) শিশ্ন ; ২। ধ্বজা, জয় পতাকা, চিহ্ন ; যথা,—

"পাষণ্ড দলন বানা নিত্যানন্দ রায়
অদ্বৈত হুঙ্কারে পাপ পাষণ্ডী পলায়"
(চৈতন্য চন্দ্রিকা)

৩। কেহ কেহ বলেন, 'বানা' শব্দটী হিন্দী; উহার অর্থ চুড়া।

বানান, বি, ব্যঞ্জনবর্ণে স্বর সংযোগ করিয়া উচ্চারণ ; ২। (হিন্দী) প্রস্তুত করণ।

বান্ধন, বি, একত্র বদ্ধ করণ, বাঁধান।

বান্দা, বি, (পারসী) দাস, ভৃত্য।

বাপ, বি, (হিন্দী) জনক, পিতা।

বাপকালি, বিং পিতৃ উপার্জ্জিত, পিতার রোজগার করা।

বাপারি, বি, তাঁতের অঙ্গ বিশেষ, ইহা শালকাষ্ঠে নির্ম্মিত। ইহা দ্বারা চৌচালা রক্ষা হয়।

বাপু, বি, স্নেহসূচক সম্বোধন বিশেষ, বৎস, বাছা।

বাফু, বি, (মেদিনীপুর জেলায় প্রচলিত) পিতা, বাপ।

বাব্, বি, (আরবী) পুস্তকের পরিচ্ছেদ; ২। অতিরিক্ত আদায়, কর।

বাবই, বি, পক্ষী বিশেষ, বাবুই পাখী; ২। বৃক্ষ বিশেষ, বাবুই তুলসী।

বাবৎ, বাবুদ বি. (আরবী) কারণ, বিষয়; ২। কোন ব্যক্তি বা বস্তুর দরুণ।

বাবলা, বি, বৃক্ষ বিশেষ।

বাবা, বি, পিতা, জনক।

বাবাজী, বি, পুত্র; ২। জামাতা; ৩। সম্মান জ্ঞাপক সম্বোধন; ৪। বৈরাগী।

বাবু, বিং ধনিব্যক্তিদিগের উপাধি বিশেষ; ২। সুখাসক্ত, সুখ-ভোগী।

বাবুগিরি, বাবুয়ানা, বি, সুখাসক্তি; ২। স্বেচ্ছাশয়তা।

বাম, বিং প্রতিকূল, বিমুখ; ২। দক্ষিণেতর, বাঁ।

বাম্‌কা, বিং উদ্গারকারক, বমিকারক।

বামণ, বি. (ব্রাহ্মণ শব্দজ) [ব্রাহ্মণ।

বামনহাটী, বি, বৃক্ষ বিশেষ।

বামনাই, বি. ব্রাহ্মণত্ব, ব্রহ্মতেজ।

বামাল, বি, (পারশী) অপহৃত বস্তু।

বায়, বি, (বায়ু শব্দজ) বায়ু, বাতাস; ২। বাজান।

বায়্‌খা, বি, উদম স্থান, অনাবৃত স্থান।

বায়্‌নক্কা, বি, বিবরণ; সবিশেষ ইতিবৃত্ত; ২। সূত্র।

বায়না, বি, (পারশী) দ্রব্যের নির্দ্দিষ্ট মূল্যের অগ্রিম স্বল্প প্রদান; ২। আবদার, খোট্।

বায়াৎ, বি, (যাং) অধীনতা স্বীকার সূচক কর স্পর্শ।

বায়েন, বিং বাদ্যকর; যথা,—

"সেই সব বাদ্য এবে কীর্ত্তন সময়ে,
গায়েন বায়েন সবে সন্তোষ হৃদয়ে"
(চৈতন্য ভাগবত)

বায়্যা, বিং বাতরোগগ্রস্ত।

বার্, বি, দিন, রবি সোম প্রভৃতি; ২। জল; ৩। দ্বেষ, হিংসা। ৪। সংখ্যা বিশেষ, ১২; ৫। পর্য্যায়, পালা; ৬। (পারশী) সভা; ৭। সাক্ষাৎ, দর্শন।

বার্‌কোল, বারিকোল, বি, কচ্ছপ, কাছিম।

বার্‌কোষ, বি, কাষ্ঠময় গোলাকার পাত্র বিশেষ ; ২। বৃহৎ কচ্ছপ। [পুনরায়।

বারদিগর, ক্রি. বিং, পুনর্ব্বার,

বারবার, ক্রি বিং, বারংবার।

বারবেলা, বি, অকর্ম্মণ্য সময়, বিঘ্নদায়ক সময়।

বারাণ্ডা, বি, (পারশী—বারান্দা শব্দজ) ছাদের বহির্ভাগ ; উপরিস্থ গৃহের বহিঃপ্রাকোষ্ঠ।

বারান্তর, ক্রি বিং, পুনর্ব্বার, দ্বিতীয়বার।

বারাল, বি, ঘোড়ার সহিস।

বারিক, বি, (যাং, ইং—Barrack) সৈন্যের বাসস্থান।

বারুই, বি, (বারজীবি শব্দজ) জাতি বিশেষ, তাম্বুল বিক্রয়ী, পাণ বিক্রয় যে জাতির ব্যবসা।

বারুদ, বি, সোরা গন্ধকাদি মিশ্রিত চূর্ণ বিশেষ। [করণালয়

বারুদখানা, বি, বারুদ প্রস্তত

বারেক, বিং একবার।

বারেন্দ্র, বি, ব্রাহ্মণজাতির শ্রেণী বিভাগ, বরেন্দ্র প্রদেশীয় ব্রাহ্মণ। [পুনংপুনঃ।

বারেবারে, ক্রি বিং, প্রতিবার,

বারো, বিং সংখ্যা বিশেষ, ১২।

বারোআরি, বারোয়ারি, বিং সামান্য, সাধারণ ; ২। দ্বাদশ জনের কর্ত্তৃত্ব বিশিষ্ট।

বারদুয়ারী, বি, দ্বাদশ দ্বার যুক্ত গৃহ বিশেষ ; ২। বিং—সর্ব্বত্রগামী, ভিক্ষুক।

বার্ত্তন, বি, সংবাদ, নিমন্ত্রণ, যথা,—

"লিখন করিয়া পাঁতি,
আনি সব বন্ধু জ্ঞাতি,
দেশে দেশে পাঠায় বার্ত্তন।"
(কবিকঙ্কণ)

বালতি, বি, পাত্রবিশেষ ; ২। বিং—দরিদ্র, গরিব।

বালতির ভাড়া—দরিদ্রের সংস্থান, দরিদ্রের পুঁজি ; যথা,—

"হাপুতির পুত মোর বালতির ভাড়া।
আঁধলের লড়ি বাছা নির্ধনের কড়া॥"
(কবিকঙ্কণ)

বালন, বি, ভর্জ্জিত কলাই, কড়াইভাজা।

বালস, বাল্‌সা, বি, বালরোগ, বালকের জ্বর।

বালা, বি, (বলয় শব্দজ) হস্তালঙ্কার বিশেষ ; ২। বালিকা ; ৩। পুত্র, ছেলে ; যথা,—

"বিজয় হ'ল হরি নন্দ ঘোষের বালা।
হরি হরি হাতে বাঁশী গলে বনমালা" ॥
(চৈতন্য ভাগবত)

বালাই, বি, বিপত্তি, বিপদ।

বালাখানা, বি, (পারশী—বালা =উপর+খানা=বাটী) উপরের ঘর ; ২ দ্বিতল ইষ্টকালয়।

বালাপোষ, বি, (পারশী—বালা = উপর + পোষিদন = আবরণ, আচ্ছাদন) গাত্রাবরণী, গাত্রবস্ত্র বিশেষ।

বালাম, বি, বাখরগঞ্জ জিলার উৎকৃষ্ট চাউল বিশেষ।

বালি, বি, (বালুকা শব্দজ) বালুকা; ২। কপাটের এক খণ্ড; ৩। তাল খর্জ্জুরাদি বৃক্ষের পত্র।

বালিয়া, বি, বেলেমাছ; ২। বিং—বালি যুক্ত।

বালিঘট, বি, কলসীতে বালি পুরিয়া গলদেশে বন্ধনপূর্ব্বক জলে প্রাণত্যাগ করা; যথা,—

আসিয়া তোমার নারে,
বালি ঘট করি মরে,
সেই বধ তোমারে সে লাগে"।
(কবিকঙ্কণ)

বালিঘড়ি, বি, ঘটিকা যন্ত্র বিশেষ।

বালিয়াড়ি, বি, বালির প্রকাণ্ড স্তূপ।

বালিশ, বি, উপাধান।

বালিহাঁস, বি, জলহংস বিশেষ।

বাল্‌দী, বি, কলাগাছের পত্র; ২। বাল্‌তী।

বাল্যভোগ, বি, বালকের আহারের তুল্য প্রাতঃকালীন ভোজন, প্রাতরাশ।

বাষ্ট্যা, বিং পর্য্যুসিত, বাসি।

বাস, বি, সুগন্ধ; ২। বিং—উত্তম; উৎকৃষ্ট।

বাসন, বাসনকোসন, বি, পিত্তল-আদির থালা ঘটি প্রভৃতি পাত্র। (utensils)

বাস্‌না, বি, কলাগাছের শুষ্ক [ডাল।

বাসর, বাসরঘর, বি, বিবাহান্তে বর কন্যার শয়ন গৃহ।

বাসা, বি, বসতি স্থান; ২। পক্ষাদির আবাস স্থান, নীড়।

বাসাড়ীয়া, বাসাড়ে, বিং—প্রবাসী, বিদেশী।

বাসান, বি, জিজ্ঞাসন; ২। গন্ধ-যুক্ত করণ।

বাসি, বিং পর্য্যুসিত; ২। ধৌত, ধোপদাস্ত।

বাসিকাপড়—ধৌত বস্ত্র; ২। পূর্ব্বদিনের পরিহিত বস্ত্র।

বাসিন, বাসিন্দা, বিং (পারশী—বাশিদন্ = বাস করা, থাকা) বাসকারী। [শব্দ।

বাসিরে, বাস্‌রে—আশ্চর্য্য বোধক

বাস্তু, বি, (পারশী) যে জমির উপর বসতবাটী নির্ম্মাণ করিয়া বাস করা যায়।

বাস্তুঘুঘু, বিং অতিশয় শঠ, কৃপণ; ২। বিদ্রুপাত্মক শব্দ।

বাস্তুদেবতা, বি, যে দেবতা গৃহস্থের বাটীতে স্থায়ী ভাবে থাকেন, বাস্তু সাপ।

বাহড়ান, বি, প্রত্যাগমন, প্রত্যা-বৃত্ত হওন।

বাহাদুর, বিং (পারশী) বীর, সাহসী; ২। রাজদত্ত উপাধি বিশেষ।

বাহাদুরী বি, কৃতিত্ব প্রকাশ।

বাহার, বি, (পারশী) সৌন্দর্য্য, সৌষ্ঠব।

বাহিঙ্গাশাল, বি, মালদহের ধান্য বিশেষ। দিনাজপুর, রঙ্গপুর জেলায় বাহিঙ্গা বলে। ইহা অতিশয় লম্বা ও লাল বর্ণ।

বাহির, বি, (বাহিস্ শব্দজ কি?) বহির্দ্দেশ, বহির্ভাগ।

বাহ্যে, বি, বহির্দ্দেশে, বহির্ভাগে; ২। মলত্যাগের ইচ্ছা।

বাহ্য ক্রিয়া,—শৌচ ক্রিয়া, মল-মূত্রাদি পরিত্যাগ কর্ম্ম।

বি-আজ, ব্যাজ, বি, বিলম্ব; ২। টাকার বৃদ্ধি, ফাও; ৩। ছল; যথা,—

"পায়রা উড়াবার ব্যাজে,
গেল সাধু নিজ কাজে,
না জানিল এসব বারতা।"
(কবিকঙ্কণ)

বিআন, বি, প্রসব করণ।

বিউনি বি, (বেণী শব্দজ) কেশবন্ধন বিশেষ, বেণী; ২। (বীজন শব্দজ) বাতাসকরা।

বিউলী, বিয়লি, বি, নিস্তক কলাই, ২। দাইল।

বিঁধ, বি, রন্ধ্র, ছিদ্র।

বিঁধন, বি, ছিদ্রকরণ।

বিকন, বি, বিক্রয় করণ।

বিকার, বি, রোগবিশেষ; ২। প্রকৃতির অন্যথা ভাব।

বিকাল, বি, অপরাহ্ন।

বিকী, বি, (বিক্রয় শব্দজ) বিক্রয়, বেচা।

বিকীকিনী, বি, ক্রয় বিক্রয়, বেচা [কেনা।

বিক্রী, বি, (বিক্রয় শব্দজ) বিক্রয়, বেচা।

বিগড়ন, বি, (বিঘটন শব্দজ) বিকৃত হওন, মন্দ হওয়া।

বিগড়ামী, বিং, বিনাশক, বিকৃত।

বিগণ, বি, বিপক্ষ, শত্রু।

বিগোছ, বি, বিশৃঙ্খলা; ২। অসু-বিধা।

বিঘত, বি, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, আধহাত।

বিঘা, বি, ভূমির পরিমাণ বিশেষ, ২০ কাঠা।

বিঙ্গাচিঙ্গা, বি, ছেলেপিলে; যথা,

শুনিয়া শিবের শিঙ্গা,
ধায় যত বিঙ্গাচিঙ্গা,
সাথে ফিরে আওয়ারি আওয়ারি"।
(কবিকঙ্কণ)

বিচরমকুল, বিং (বিশৃঙ্খল শব্দজ কি?) শৃঙ্খলারহিত, উল্টা পাল্টা। [পের ক্ষেত।

বিচাড়, বি, বীজক্ষেত্র, বীজ রক্ষ-

বিচারা, বি, পাগন, যে জমিতে বীজ ফেগান হয়।

বিচালি, বি, শুষ্ক ধান গাছ, ধান হীন আটি খড়।

বিচি, বীচি, বি. (বীজ শব্দজ) বীজ, দানা ; ২। মুষ্ক, অণ্ডকোষ।

বিছটী, বিছুটী, বি, লতাবিশেষ।

বিছড়ন, বি, বিক্ষেপণ, বিকীর্ণ হওন।

বিছনপুড়া, বি, বীজ ধানের হালি ; যথা,—

"হাল বলদ দিবে খুড়া,
দিবে হে বিছন পুড়া,
ভাঙ্গা খাইতে ঢেকী কুলা দিবে"।
(কবিকঙ্কণ)

বিছরিল, ক্রি, পরিত্যাগ করিল ; যথা,—

বিছরিলে আপন রীতি। (চণ্ডীদাস)

বিছা, বি, (বৃশ্চিক শব্দজ) কীট বিশেষ, বৃশ্চিক ; ২। কটি-দেশের অলঙ্কার বিশেষ।

বিছাতি, বি, বীজবপন, বিজ-বোনা ; যথা,—

"বৈশাখে বিছাতি কৈল সুলক্ষণ দিনে।
সারবন্তা সারিভুমি ভুমি বাতে বুনে"॥
(শিবায়ন)

বিছান, বি, বিস্তৃতকরণ, ছড়ান।

বিছানা, বি, শয্যা, আস্তরণ।

বিছু, বিচ্ছু, বি, কীট বিশেষ।

বিজকুড়ী, বি, ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ, ছোট ছোট স্ফোটক ; ২। বিং— ক্ষুদ্র ক্ষুদ্র অথচ ঘন সন্নিবিষ্ট।

বিজয়া, বি, যাত্রা, ; ২। মৃত্যু।

বিজলী, বি, (প্রাকৃত-বিজ্জলী) বিদ্যুৎ।

বিজাতিক, বিং জারজ, বিজন্মা।

বিট্, বি, লবণ বিশেষ ; ২। শাক বিশেষ।

বিট্কাল, বিট্কেল, বিং, বীভৎস, ভীষণ, ভয়প্রদর্শক ; যথা,—

"বিট্কাল বদন দেখি ধড় প্রাণ উড়ে।
কড়মড়ি দশন আসন করে ঝে ড়ে॥"
(ঘনরাম)

বিটল, বিটলে, বি, দুষ্ট, প্রতারক।

বিটি, বেটি, বি, কন্যা ; ২। পুত্রবধূ ; ৩। গালি বিশেষ।

বিঠোর, বি, বিহ্বল, অজ্ঞান, অচেতন।

বিড়ঙ্গ, বি, ঔষধ বিশেষ।

বিড়া, বীড়া, বি, পানের খিলি ; ২। চারি হালায় আটি বাঁধা, গোছ।

বিড়াল, বি, জন্তুবিশেষ ; বিক্রম-পুর অঞ্চলে 'মাকড়'। মালদহ জিলার উত্তর পশ্চিমে 'বিলাই' ও হিন্দুস্থানে 'বিল্লি' বলে।

বিড়াল হাঁচি, বি, বৃক্ষ বিশেষ, মুক্তাবর্ষী গাছ।

বিড়বিড়, বি, অব্যক্ত কথা, অসন্তোষ প্রকাশার্থ অব্যক্ত বাক্য, বচসা।

বিঢপ, বিং কদর্য্যাকার, বিশ্রী।

বিতং, (যাং) বিস্তারিত বিবরণ, বৃত্তান্ত।

বিথত, বিং বিগত, হত ; যথা,—
"বিতথ চেতন গোপী কৃষ্ণ আকর্ষণে।
উপেক্ষিল কুলশীল লাজভয় মনে।"

বিত্তি, বি, মৎস্য ধারণার্থ যন্ত্র বিশেষ, ঘুনী।

বিত্তিব্যাসাদ, বি, সম্পত্তি।

বিথার, বি, (বিস্তার শব্দজ কি ?) বিস্তার, ছড়ান।

বিদরী—দস্তা, সীসা প্রভৃতির বাসনে নানাবিধ লতা পাতা আঁকিয়া, তাহার উপর রূপা বসানর কাজ। পূর্ণিয়া জেলা বিদরীর কাজের জন্য প্রসিদ্ধ।

বিদা, বি, (বিদ্দক শব্দজ) কৃষি যন্ত্র বিশেষ। লৌহ নির্ম্মিত সূচ মুখ শলাকা যুক্ত কাষ্ঠ-খণ্ডের নাম বিদা বা বিদে।

বিদাড়া, বি, কুরীতি, কুধারা।

বিদায়, বি, গমনানুমতি, ছুটী ; ২। বিসর্জ্জন ; ৩। গমন-কালীন দেয় পুরস্কার।

বিদায়ী, বিং বিদায় প্রাপ্ত, প্রাপ্ত পুরস্কার

বিদিকিচ্ছি, বিং (বিচিকিৎস শব্দজ কি ?) বিশ্রী, বিশৃঙ্খল।

বিদুর, বিং দরিদ্র, নির্ধন।

বিদ্রুপ, বি, পরিহাস, তামাসা।

বিধন, বি, (বেধন শব্দজ) বিদ্ধ করণ।

বিধারা, বি, কুধারা, কুব্যবহার।

বিনান, বি, বেশ বিন্যাস ; ২। বিউনী। বাক্যবিন্যাস।

বিনামা, বি, জুতা।

বিনি, অং, ব্যতিরেক, ব্যতীত।

বিন্নি, বি, ধান্য বিশেষ। এ ধান লাগান সম্বন্ধে একটী নিয়ম আছে, যে পক্ষের যে তিথিতে লাগান যায়, ধান্য পাকিলেই স্মরণ পূর্ব্বক ঐ পক্ষের ঐ তিথিতে কাটিতে হয়। আবার ঐ পক্ষের ঐ তিথিতে ধান ভানিয়া বিন্নি খৈ তৈয়ার করিতে হয়। নতুবা ভাল মত বিন্নি ভাজা না হইয়া আধভাজা থাকিয়া যায় এবং খাইতেও শক্ত হয়। বিন্নি রাজসাহী জেলাতে অতি আদরের সহিত বিক্রীত হয়।

বিভাব, বি, ভিন্ন ভাব, পরিবর্ত্তন।

বিভোর, বিভোল, বিং (বিহ্বল শব্দজ কি ?) বিহ্বল, অজ্ঞান ; ২। উন্মত্ত।

বিমরিশ, বিং (বিমর্ষ শব্দজ) বিমর্ষ, দুঃখিত।

বিমা, বিং বিপদগ্রস্ত, দায়ঠেকা, ঝুঁকি।

বিমার, বি, (যাং) রোগ, পীড়া।

বিম্‌কী, বি, বমে জলাদির উর্দ্ধ নিঃসারণ।

বিমজ্জিম, (যাং) অমুক হিসাব।
বিয়ন, বিয়ান, বি, প্রসব করণ; ২। ব্যঞ্জন করা। [পাখা।
বিয়নী, বি. (ব্যজনী শব্দজ)
বিয়স্ত, বিং প্রসূত। [বিবাহ।
বিয়া, বি. (বিবাহ শব্দজ)
বিয়াজ, বি, সুদ, ফাও; ২। বিলম্ব, দেরী।
বিয়াল্লিশ, বিং সংখ্যা বিশেষ, ৪২।
বিযোড়, বিং অযুগ্ম, যোড়-রহিত।
বিরানা, বিং আগন্তুক, অপরিচিত।
বিরোদ্ধা, বি, (বিরুদ্ধ শব্দজ) বিপক্ষ, প্রতিবন্ধককারী।
বিল, বি, বৃহৎ জলাশয়, খাল।
বিলকুল, বিং সমগ্র, সমস্ত।
বিলচ, বিলাচ, বিং বিলজাত, বিলোৎপন্ন।
বিলন, বি, ব্যয় করণ, দান করণ।
বিলাত, বি, (পারশী) পরের কাছে বাকী পাওনা; ২। (আরবী—বিলায়াৎ) রাজ্য, দেশ; ৩। ইংলণ্ডদেশ।
বিলাতী, বিং ইউরোপ মহাদেশীয়, ইংরাজী।
বিলী, বি, অংশ, ভাগ, বণ্টন।
বিলবিল, বি, একত্র দলবদ্ধ হইয়া নড়ন।
বিবি, বি, (হিন্দী) মান্যা স্ত্রীলোক; ২। ইংরেজ স্ত্রী।

বিশা, বি, ২০ পল। ১৬০ তোলা পরিমাণ।
বিষম খাওয়া—তাড়াতাড়ি পান ভোজন করিতে গেলে অনেক সময় পানীয় ও আহার্য্য কণ্ঠস্থ খাদ্য নালীর ভিতর না গিয়া হঠাৎ শ্বাসনালীর দ্বারে প্রবেশ করিয়া, ভোক্তাকে অত্যন্ত কষ্ট দেয়, ইহাকেই চলিত কথায় 'বিষম খাওয়া' বলে।
বিস্কে যাওয়া—প্রাপ্তির অভাব।
বিস্ফোড়া, বি, (বিস্ফোটক শব্দজ) দুষ্টব্রণ, ফোড়া। [বিবাহ।
বিহা, বি, (বিবাহ শব্দজ)
বিহান, বি, প্রাতঃকাল, সকাল বেলা; ২। বৈবাহিক; যথা,—
"বিহানে বিহানে করি প্রেম আলিঙ্গন।
মনে রাগ বলিয়া করিল বিসর্জ্জন॥"
(শিবায়ন)
বিহি, বি, (বিধি শব্দজ) বিধাতা, ঈশ্বর।
বিহী দেওয়া—মালদহ জেলায় আশু (আউশ) ধান্যের শেষ নিড়ানীকে বিহী দেওয়া বলে।
বিহিদানা, বি, বীজ বিশেষ; অপর নাম পাটলা। ক্ষত স্থানের জ্বালা নিবারণার্থ ইহার স্থানিক প্রয়োগ করা হয়।

বীচ, বি, (বীজ শব্দজ) আঁঠি; ২। ধান্যাদির চারা; ৩। বীজ, শুক্র; ৪। মূলকারণ।

বীচতলা, বীজতলা, বি, বীজাঙ্কুরের স্থান; যে জমিতে ২।৪ বার লাঙ্গল ও ২১ বার মৈ দিয়া বীজ ছড়াইয়া দিয়া বীজের উপর আর একবার লাঙ্গল দেয়, সেই ভূমির নাম বীজতলা। [লেবু।

বীজকপোর, বীজপুর, বি, টাবা

বীজডাঙ্গা, বি, বীজতলা।

বীজধান, বি, বপনের উপযুক্ত ধান; ২। রোয়ার উপযুক্ত ধানের গাছ।

বীজপত্র, বি, মটরাদি শস্যের ত্বক ভেদ করিয়া পৃথক করিলে যে গোলাকার পদার্থ বহির্গত হয়, উক্ত পদার্থ এক রেখা দ্বারা দুই সমান ভাগে বিভক্ত, অঙ্গুলি দ্বারা চাপ দিলে, উহা রেখায় রেখায় বিভক্ত হইয়া দুইখণ্ড হইয়া পড়ে, এই স্থূল অর্দ্ধগোলাকার খণ্ড দ্বয়ের নাম বীজপত্র।

বীজবোকা, বি, পাকা পুংছাগল, বড় পাঁঠাছাগল।

বীরকাছ, বি, বীরের বেশ।

বীরখণ্ডী, বি, মিষ্টান্নবিশেষ, তেলাখাজা।

বীরধটী, বীরধড়ী, বি, ধড়া পরিয়া কাপড় পরিধান, বীরধড়া, বীরের পোষাক।

বীরপাক, বিং সুপক্ক হইতে সূত্রপাত। [কুণ্ডল।

বীরবৌলি, বি, কর্ণভূষণ বিশেষ,

বীরবানা, বিং বীর্য্যবান, বলবান।

বীবর, বি, জন্তু বিশেষ। [মঠ।

বীহার, বিহার, বি, বৌদ্ধমন্দির,

বুঁইচ, বি. ফলবিশেষ, বৈঁচি।

বুঁচ্‌কী, বি, পুট্‌লী, গাঁঠরী।

বুঁদিয়া, বি, মিষ্টান্ন বিশেষ, বঁদে।

বুক, বি, (বক্ষ শব্দজ) বক্ষঃস্থল; ২। সাহস; যথা,—

"বুক বাড়িয়াছে কার সোহাগে।
কালি শিখাইব মায়ের আগে॥"
(ভারতচন্দ্র)

বুক আপ্‌সান, বি, বক্ষ আস্ফালন, বক্ষেকরাঘাত করণ।

বুকড়, বিং সাহসী, নির্ভীক।

বুকড়া, বি, বক্ষঃস্থল; ২। জঠর; বিং—সাহসী।

বুক্‌ড়া, বি, আছাটা বহু পুরাতন মোটা চাউল; ২। বিং—দন্তহীনা।

বুক্‌নী, বি, (হিন্দী) চূর্ণ, খণ্ড দানা; ২। কোন কথার উপর ক্ষুদ্র ক্ষুদ্র বাক্য কথন।

বুকফুলন, বি, সাহঙ্কারে চলন।

বুকাল, বিং সাহসী, নির্ভয়।

বুকুনী, বি, বুকড়া, দন্তহীনা স্ত্রী; যথা,—

"বাসনা করেছ আস্ম কত কাল জীবে,
যে বেশে বসেছ ঘাটে বুক্কুসী বলিবে।"
(ঘনরাম)

বুগ, বি, ত্যাগ, ক্ষেপ।
বুচকী, বি, গাঁঠরী, পুটলী।
বুচ্‌কীদানা, বি, দ্রব্য বিশেষ; ইহা ত্রিদোষ নাশক।
বুজগুড়ী, বি, বিম্ব, ভুড়ভুড়ী।
বুজন, বুজান, বি, মুদিত হওন; ২। ছিদ্রাদি রোধ করণ; ৩। ভরাট করণ।
বুজ্‌রেজ্‌, বি, (বুদ্বুদ শব্দজ কি ?) ক্ষুদ্র বিম্ব, বুদ্বুদ; ২। গুপ্ত ভাষণ।
বুজ্‌রুকি, বুজ্‌রুগী, বি, (পারশী—রুজরুগ (পূর্ব্বপুরুষ) সাধারণ বিদ্যা-বুদ্ধির অতীত বিষয়।) সয়তানী, ছলনা।
বুঝ, বি, অনুমান, জ্ঞান, বোধ।
বুঝন, বি, হৃদয়ঙ্গম করণ, জ্ঞাত হওন।
বুঝান, বি, জ্ঞাতকরণ, হৃদ্গত করণ; ২। প্রবোধদেওন।
বুঝাপাড়া, বি, বিশেষ পরিচয়, তত্ত্ব জিজ্ঞাসা; ২। মীমাংসা।
বুঝশুঝ, বি, বুদ্ধি, বুঝিবার ক্ষমতা।
বুট, বি, কলাই বিশেষ, ছোলা।
বুটা, বুটী, বি, কাপড়ের বুটী; ২। জনার, মক্কা। [প্রাচীন।
বুড়া, বিং (বৃদ্ধ শব্দজ কি ?) বৃদ্ধ,
বুড়ান, বি, জলমগ্ন করণ, ডুবান; ২। সর্ব্বনাশ করণ; ৩। ধান্য বিশেষ, বড়ান ধান্য।
বুড়াপনা, বুড়ামি, বি, বার্দ্ধক্য, প্রাচীনতা, প্রবীণত্ব।
বুড়ি, বি, জলপ্লাবন, ২। কাকিণী।
বুড়ী, বি, বৃদ্ধা, প্রাচীনা; ২। খেলার প্রধান ব্যক্তি।
বুড়ীগঙ্গা, বি, নদী বিশেষ।
বুড়ীগোপান, বি, বৃক্ষবিশেষ; ২। বিবাহকালীন স্ত্রী আচারের ক্রিয়া বিশেষ, কন্যার মুখ পান সুপারির দ্বারা আচ্ছাদন ব্যাপার।
বুড়ো, ব'ড়, বি, কাচির আকারে পাক দেওয়া খড়কে 'বুড়ো' বা 'ব'ড়' বলে।
বুন্‌, ব'ন, বি, ভগিনী।
বুনট, বি, বুনন, বস্ত্রনির্ম্মাণ।
বুনন, বি, বস্ত্রনির্ম্মাণ; ২। বীজ-বপন, বোনা।
বুন্‌পো, বি, ভগিনীর পুত্র।
বুনস্‌, বি, (উত্তরবঙ্গে) পত্নী, স্ত্রী।
বুনা, বি, (বন্য শব্দজ) জঙ্গলী জাতি বিশেষ; ২। বিং—বনবাসী, জঙ্গলী; ৩। ক্রি—বপন করা।
বুনাই, বোনাই, বি, ভগিনীপতি।
বুনানিয়া, বি, বস্ত্রাদি বয়ন কর্ত্তা, তন্তুবায়, তাঁতি।
বুরুল, বি, তিন যব পরিমাণ।
বুলন, বি, হস্তদ্বারা মার্জ্জন; ২।

স্পর্শকরণ; ৩। ঘর্ষণ; ৪। বিচরণ, ভ্রমণ; যথা,—
"স্থির নহে এক ঠাঁই বুলন সদায়।"
চৈতন্য ভাগবত)"

বুলি, বুলী, বি, (হিন্দী) ভাষা, কথা।

বুল্‌বুল্‌, বি, পক্ষী বিশেষ, বুল্‌বুলি।

বুহিত, বি, (বহিত্র শব্দজ কি?) বহিত্র; ২। বাণিজ্য; ৩। নৌকা।

বুহিতাল, বি, যাহার বাণিজ্য নৌকা আছে; ২। মহাজন, যথা,—
"আজ্ঞা দিল বুহিতাল,
দ্বিজেদিল ঘৃতে জ্বাল,
ঘৃত হৈল অনল সমান।"
(কবিকঙ্কণ)

বৃক, বি, টারপিণ।

বৃত্তি, বি, কোন কার্য্য সফলতা সূচক পুরস্কার প্রাপ্তি।

বৃহন্দ, বি, মহল, চত্বর; ২। দেউড়ী।

বে, বি, (বিবাহ শব্দজ) বিবাহ; ২। অং—অভাব বৈপরীত্য, যেমন, বেহদ্দ, বেবন্দোবস্তী।

বেওকূফ, বেয়কুফ, বিং, (পারশী বে = বিহীন+আরবী ওকুফ =জ্ঞান) অজ্ঞান, মূর্খ।

বেআক্কেল, বিং নির্ব্বোধ বুদ্ধিহীন।

বেআদব, বিং (পারশী—বে= বিহীন + আদব = আচরণ) অশিষ্ট, শিষ্টাচার বিহীন।

বেআন্দাজ, বিং (পারশী—বে =বিহীন+আন্দাজ=অনুমান) অপরিমিত, পরিমাণ বিহীন।

বেআবরু, বিং (পারশী—বে+ আবরু=সম্মান) অবমানিত; ২। লজ্জাহীনতা; ৩। অধম।

বেআরাম, বি, (পারশী—বে+ আরাম=নীরোগ) পীড়া, রোগ।

বেইমান, বি, (পারশী—বে+ আরবী—ইমান=ধর্ম্ম) অধার্ম্মিক, অকৃতজ্ঞ। [বিশেষ।

বেউড়বাঁশ, বি, কণ্টকান্বিত বাঁশ

বেওট, বি, গাড়ির চাকার নিক।

বেওয়া, ব্যাওয়া, বিং (পারশী) পতিপুত্রহীনা নারী।

বেওরা, ব্যাওরা, বি, বৃত্তান্ত, বিস্তারিত ইতিহাস।

বেঁক্, ব্যাঁক, বি, (বক্র শব্দজ) বক্রতা, তেওড়, নদীর বাঁক।

বেঁকা, বিং (বক্র শব্দজ) বক্র, অসরল। [বিশেষ।

বেঁকি, বি, বক্রতা; ২। পাদাভরণ

বেঁজি, বি, পশু বিশেষ; ২। শত্রু, কুপরামর্শদাতা।

বেঁটে, বিং খর্ব্ব, হ্রস্ব, বামন।

বেঁড়ে, বিং (বণ্ড শব্দজ) পুচ্ছহীন, লাঙ্গুলহীন।

বেকলা, ব্যাকলা, বি, (বল্কল শব্দজ) ছাল, খোসা।

বেকসুর, বি, (যাং) নিরপরাধ, নির্দ্দোষ।

বেকার, বিং, (পারশী—বে + কার = কার্য্য) কর্ম্ম রহিত।

বেখেয়াল, বিং অনবধান।

বেগড়া, বিং নষ্ট, বিকৃত, দুষ্ট।

বেগতিক, বি, অসুবিধা, গোলমাল।

বেগন, বি, বেগ হওন, দৌড়িয়া যাওন ; ২। বেগুন।

বেগম, বি, (যাং) রাণী, রাজ্ঞী ; মান্যাস্ত্রী।

বেগর, অং (যাং) ব্যতীত, বিনা ; যথা,—

"রজনী প্রভাতে যাহ বেনিয়ার বালা।
বেগর কন্দলে তোর নাহি হয় খেলা॥"
(কবিকঙ্কণ)

বেগানা, বিং অপরিচিত, অচেনা।

বেগার, বি, বিনা বেতনে কার্য্য ; ২। অনর্থক শ্রম।

বেগাল, বিং বেগান্বিত, দ্রুত গতি বিশিষ্ট।

বেগুন, বি, (বঙ্গন শব্দজ) ফল বিশেষ, বার্ত্তাকু ; ২। ঈষৎ ধূম্রবর্ণ।

বেঙচ, বি, (বৈকঙ্কত শব্দজ) বৈঁচি গাছ। যথা,—

"পাপিষ্ঠ জ্যৈষ্ঠমাস, পাপিষ্ঠ জ্যৈষ্ঠমাস।
বেঙচের ফল খেয়ে করি উপবাস॥"
(কবিকঙ্কণ)

বেঙতড়কা, বিং বিশৃঙ্খল, এলোমেলো ; যথা,—

"চারি মেঘে বরিষয়ে অষ্ট গজরাজ।
সঘনে চিকুর পড়ে বেঙতড়কা বাজ॥"
(কবিকঙ্কণ)

বেঙ্গ, ব্যাং, বি, মণ্ডূক, ভেক।

বেঙ্গা, বিং নেটা, লেঙ্গা, বামহস্ত প্রধান। [বিশেষ।

বেঙ্গাপিতল, বি, মিশ্রিত ধাতু

বেচন, বি, বিক্রয় করণ।

বেচনীয়া, বিং বিক্রেতা, বিক্রয় কারী।

বেচারা, বিং উপায়হীন, নিরুপায়।

বেছপ্পর, বিং বসতি শূন্য, যে মৌজায় বসতি নাই।

বেজায়, বিং অতিশয়, অতিরিক্ত, অপরিমিত।

বেজার, বিং অসন্তুষ্ট, রাগান্বিত, বিরক্তিবোধ।

বেজী, বি, জন্তু বিশেষ, নেউল।

বেজ, বেঝা, বি, বৈদ্য ; যথা,—

"শ্রীমুরারি গুপ্ত বেঝা প্রভুর অন্তরীণ।
(চৈতন্যমঙ্গল)

বেটন, বি, বেষ্টিত বস্ত্র, বন্ধনের কাপড়।

বেটা, বি, সুত, পুত্র, উত্তরবঙ্গে পুত্রকে 'বেটা ছাওয়া' ও কন্যাকে 'বেটী ছাওয়া' বলে ; ২। গালি বিশেষ ; ৩। স্ত্রীং— বেটী = কন্যা।

বেটুয়া, বিং দারা পুত্রাদি বিহীন,

অনাথ; ২। অতিশয় ভ্রমণকারী; ৩। বি,—নৌকার গুণের দড়ি।

বেটে, বেট্যা, বি, (বট শব্দজ) রজ্জু, পাটের দড়ি।

বেড়, বি, বেষ্টন, ঘেরা; ২। পরিধি; ৩। বাগান।

বেড়ন, বি, বেষ্টন, ঘেরণ, চারিদিকে আবরণ।

বেড়া, বি, বেষ্টনী, আবরণ।

বেড়ান, বি, পর্য্যটন, ভ্রমণ।

বেড়ী, বি, পাদবন্ধনীয় লৌহপাশ, লৌহশৃঙ্খল; ২ পাকপত্রাদি ধারণার্থ লৌহযন্ত্র বিশেষ, ৩। কেশবিন্যাস বিশেষ, থর।

বেড়ে, বিং উত্তম, উৎকৃষ্ট।

বেঢপ, বিং কুৎসিত, কদাকার, যাহার নির্ম্মাণ কৌশল ভাল নহে।

বেণা, বি, তৃণবিশেষ, উশীর।

বেণিয়া, বেণে, বি, (বণিক শব্দজ) বণিক, ব্যবসায়ী, পোদ্দার।

বেণিয়াত, বেণিয়াতি, বিং বাণিজ্য সম্পর্কীয়। [যষ্টি।

বেত, বি, (বেত্র শব্দজ) বেতগাছ,

বেতওগুদ, বিং (যাং) ক্ষীণ, দুর্ব্বল; ২। অমনোযোগ, শুশ্রূষার অভাব।

বেতি, বি, বংশ দড়ি, বাঁশের কঞ্চির দড়ি; যথা,—

"কুলা ডালা বুনিতে বাঁশের বান্ধে বেতী"
(ঘনরাম)

বেতুয়া, বেথুয়া, বি, শাকবিশেষ, বাস্তুকশাক।

বেদাতি, বি, উপদ্রব, দৌরাত্ম্য।

বেদানা, বি, (যাং) কাবুলী দাড়িম্ব; ২। বিং—দানারহিত, বীজশূন্য। [মাল।

বেদিয়া, বেদে, বি, সর্প বৈদ্য,

বেধড়ক, বিং অতিশয়, অপরিমিত, অসংখ্য।

বেনটা, বি, ফিতাবয়নকারী যবন জাতিবিশেষ; যথা,—

"কাটিয়া কাপড় যোড়ে দরজির ঘটা।
নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা॥"
(কবিকঙ্কণ)

বেপার, ব্যাপার, বি, ক্রয় বিক্রয়, বাণিজ্য; ২। কাণ্ড; ৩। ঘটনা।

বেপারী, ব্যাপারী, বি, ক্রয় বিক্রয়কারী, বণিক; ২। আড়তদারেরা যাহাদের মাল বিক্রয় করিয়া দেন।

বেবাক, বিং (যাং) সমুদয়, সকল।

বেবাম, বিং অকূল; ২। সুগভীর, অতলস্পর্শ।

বেভার বি, ব্যাপার; যথা,—

"জ্ঞানদাস ভাবিয়া গায়,
রসের বেভার লুকা না যায়॥"

বেম্, বেমা, বি, কাপড় বুনিবার তাঁত, মাকু। [পীড়িত।

বেমার, বিমার, বিং (পারশী)

বেমালুম, বিং (বে—অভাবার্থ ব্যঞ্জক + মালুম = অনুভব) অননুভবনীয়, যাহা কিছু অনুভব করিতে পারা যায় নাই।

বেয়াজ, বি, সুদ, ফাও।

বেয়ালা, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

বের, বি, (বাহির শব্দজ) বাহির; ২। বিং, গৃহবহিষ্কৃত।

বেরকরা—বাহির করা; ২। পরস্ত্রীকে গৃহবহিষ্কৃত করা।

বেরুণীয়া, বি, মজুর, জন; যথা,—

"মহাবীর কাটে বন, শুন বেরুণীয়াগণ।
আইসে তারা নানা দেশ হৈতে॥"
(কবিকঙ্কণ)

২। গৃহবহিষ্কৃতা, বেশ্যা।

বেল, বি, (বিল্ব শব্দজ) ফলবিশেষ; ২। পুষ্পবিশেষ, বেলফুল।

বেলক, বি, আগ্নেয়াস্ত্রবিশেষ, বন্দুক।

বেল্‌কার, বি, গণ্ডাদি ছেদনার্থ অস্ত্রবিশেষ, স্ফোটকাদি কাটিবার ছুরিবিশেষ। [ishness)।

বেল্‌কোমি, বি, বালকত্ব (Child-

বেলদার, বিং চুনট করা।

বেলন, বি, (বেল্লন শব্দজ) ডলন; ২। পেষণ দণ্ডবিশেষ, রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূলবর্ত্তুল কাষ্ঠবিশেষ।

বেলভাতা, বি, কঠিন পীড়ায় আয়ুঃবৃদ্ধি কামনায় সূর্য্যাস্তের পর অনশনব্রত বিশেষ।

বেলমুক্তা, (পারশী) মোটামোটি।

বেলয়, বিং অসংলগ্ন; ২। লয়জ্ঞান বিবর্জ্জিত।

বেলশুঁঠা, বি, কচিবেল কুচাইয়া শুখাইয়া লইলে, তাহার নাম বেলশুঁঠা।

বেলে, **বেল্যা**, বিং (বালি শব্দজ) বালিযুক্ত, বালি বালি ভাব; ২। বি,—মৎস্যবিশেষ, বেলেমাছ।

বেলেল্লা, **বেল্লিক**, বিং নির্ব্বোধ, হিতাহিত জ্ঞানশূন্য।

বেলোয়ারি, বিং (পারশী) কাচনির্ম্মিত।

বেশ, বিং (পারশী) উত্তম, উৎকৃষ্ট।

বেশভূষা, বি, সজ্জা, অলঙ্কারাদিধারণ।

বেশর, **বেসর**, বি, নাসিকাভরণ বিশেষ।

বেশরম, বিং (পারশী) নির্লজ্জ, লজ্জাহীন।

বেশাত, **বেসাত**, বি, গৃহদ্রব্য, গৃহসজ্জা; যথা,—

"হে অন্ধ পাশাতে যত লইবে বেশাত।
বুঝিলা কি তাহাতে তোমার নাহি হাত॥"
(মহাভারত)

২। অসুবিধা; ৩। বিক্রেয় দ্রব্য। [অধিক।

বেশী, বিং (পারশী) অতিরিক্ত,

বেসম, **বেসন**, বি, ছোলার দাউল চূর্ণ, গুঁড়াকরা দাউল।

বেসাতি, বি, বাজারের সওদা; ২। বিক্রেয় দ্রব্য; ৩। কেনা-বেচা, বাজার।

বেসার, বি, (বেশবার শব্দজ) ধন্যাক সর্ষপাদি পিষ্ট, বাটনা; যথা,—

"খইলের বেসার দিয়া জাল দিয়াছ দড়।
তল-লবণ নাহি তায় সম্ভলন বড়॥"
(কবিকঙ্কণ)

বেসালি, বি, মৃৎপাত্রবিশেষ, দুগ্ধাদি জ্বাল দিবার মৃৎপাত্র-বিশেষ; যথা,—

"কেহ বা আছিল দুগ্ধ আবর্ত্তনে।
চুলাতে রাখিয়া বেসালি" (চণ্ডীদাস)

বেসেড়া, বেসেল, বিং পর্য্যুসিত, বাসি।

বেহদ্দ, বিং সীমাতিরিক্ত, চূড়ান্ত; যথা,—

"বেহদ্দ সুখের সার পাছড়ায়ে বসা।"
(হেমচন্দ্র)

বেহাই, বি, (বৈবাহিক শব্দজ) পুত্র বা কন্যার শ্বশুর; ২। (পূর্ব্ববঙ্গে) ভগিনীপতির ভ্রাতা।

বেহাত, বিং বিপদাপন্ন; ২। অনায়ত্ত।

বেহায়া, বিং (পারশী—বে+হায়া=লজ্জা) নির্লজ্জ,লজ্জাহীন।

বেহারা, বি, (বাহক শব্দজ কি?) কাহার, যানবাহক।

বেহালা, বি, (বাহুলীন শব্দজ) বাদ্য যন্ত্রবিশেষ।

বেহোস, বেহুস, বিং (পারশী—বে+হোশ=জ্ঞান) অজ্ঞান; ২। জন্তু।

বৈ, অং, পাদপূরণার্থ; ২। বিনা, ব্যতীত, ভিন্ন।

বৈকাল, বি, (বিকাল শব্দজ) অপরাহ্ন, শেষ বেলা।

বৈকালি, বি, সায়ংকালে দেব-দেবীর উদ্দেশে নিবেদিত দ্রব্য; আপরাহ্নিক খাদ্য।

বৈকালি খাটা,—রাঢ় অঞ্চলে খাটুনি খাটা লোকে তিন প্রহর কাজ করে, বিকালে অবশিষ্ট বেলাতে যদি কাজ জুটিয়া যায়, তাহাকে বৈকালি খাট, বা বৈকালি দেওয়া বলে।

বৈটা, ব'টে, বি, বটিয়া, নৌকা-দণ্ড।

বৈঠক, বি, সভা, অধিবেশন; ২। হুঁকা রাখিবার পাত্র বিশেষ।

বৈঠকিঘর, বৈঠকখানা, বি, সভাধিবেশন স্থান, মজলিস গৃহ।

বৈঠান, বি, বসতি, বাস স্থান।

বৈরঙ্গ, বি, (বহিরঙ্গ শব্দজ) অনাত্মীয়, শত্রু।

বৈলানজাল, বি. চূড়া বন্ধন বেণী।

বৈসন, বি, উপবেশন, বসা।

বোঁচা, বিং নির্লজ্জ, বেহায়া; ২। ছিন্ন কর্ণ বিশিষ্ট, যাহার কাণ কাটা।

বোঁট, বোঁটা, বি, (বোণ্ট শব্দজ) বৃন্ত, ডাঁটা ; ২। চুচুক, স্তনের অগ্রভাগ।

বোঁধা—চট্টগ্রাম অঞ্চলে অনেক গুলি বাখারি একত্র বাঁধাকে বোঁধা বলে।

বোকা, বিং (উর্দ্দু—বোক) বৃহৎ ছাগল ; ২। বিং—মূঢ়, নির্ব্বুদ্ধি ; ৩। আসাম অঞ্চলের চাউল বিশেষ, তাহা সিদ্ধ করিতে হয় না, জলে দিলেই ভাত হয়।

বোকামি, বি, নির্ব্বুদ্ধিতা, মূর্খতা।

বোগ, বি, চারা কলা গাছ, তেড়।

বোচ্‌কা, বি, গাঁটরী, মোট।

বোঝা, বি, মোট, ভার ; ২। জ্ঞান, বোধ।

বোঝাই, বিং ভারপূর্ণ, পরিপূর্ণ।

বোঝারী, বি, ভারবাহক, ভারী।

বোড়া, বি, (বোড্র শব্দজ) সর্প বিশেষ।

বোদ, বি, পলি, আর্দ্র।

বোদা, বিং বিরস্, কষায়।

বোদাল, বোদালি, বি, বোয়াল মাছ, যথা,—

"পড়িবে বোদালি বন্দী ধীবরের জালে।
তোমার মিলিবে ভেট রন্ধনের শালে॥"
(কবিকঙ্কণ)

বোধন, বি, (উদ্বোধন শব্দজ) অনুস্মরণ, উদ্বোধ করিয়া দেওয়া ; যথা,—

"রাবণের বধ হেতু মিলিয়া দেবতা।
তোমায় বোধন কৈল অকালে বিধাতা॥"
(কবিকঙ্কণ)

বোনা, বি, কৃতবপন ; ২। ক্রি,—বপন করা।

বোনাই, বি, ভগিনীপতি।

বোনাটীয়া, বিং জঙ্গলময়।

বোবা, বিং মূক, হাবা, বাক্যহীন।

বোয়া, বি, ঝুরি, নাম্‌না ; ২। সুতাবিশেষ, ৩.৪টী খাঁই তার করিয়া পাক দেওয়া সুতা।

বোয়ারডাঙ্গি, বি, তাঁতের অঙ্গ বিশেষ।

বোরা, (হিন্দুস্থানী বোরিয়া) গুণ, থলিয়া।

বোরাবন্দি, বি, বস্তাবন্দি বস্তায়, পূরণ।

বোরো, বি, ধান্যবিশেষ। ইহা সচরাচর চৈত্র ও কার্ত্তিকমাসে পাকে।

বোল্, বি, বাক্য, কথা, বুলি ; ২। বাদ্য অনুমিত শব্দ ; ৩। ক্ষার জল ; ৪। আম্রাদির মুকুল।

বোল্‌চাল বি, বাক্য ব্যবহার।

বোল্‌তা, বি, (বরলা শব্দজ) কীটবিশেষ।

বোলন, বি, কহা ; ২। বক্তা, চাটুনিপুণ ; ৩। (বোঢ় শব্দজ) বর, নাগর। (অথবা বলবৎ শব্দ হইতে) বলবান ; যথা,—

"বোলন রসিক বিলাসিনী ছোটি।"
(বিদ্যাপতি)

বোল্‌বোলো, বি, (হিন্দী—বোল্ =বাক্য+বালা=উৎকৃষ্ট বা উচ্চ) প্রতাপ।

বোলান, বি, আহ্বান, ডাকন; ২। বাক্য, উত্তর; যথা,—
"নিদয় নিঠুর হয়্যা, অভাগীরে দেখা দিয়া, ঘরে গেল্যা না দিয়া বোলান।"
(কবিকঙ্কণ)

বোলি, বুলি, বি, (হিন্দী) বাক্য, কথা।

বোহ, বি, ভ্রমর; যথা,—
"অধর-সুধারস যদি বোহ পীবে।"
(বিদ্যাপতি)

বৌ, বি, (বধূ শব্দজ) বধূ; ২। পুত্রবধূ।

বৌগুণা, বি, (বহুগুণা শব্দজ) পিত্তলময় পাত্র বিশেষ।

বৌড়ী, বৌহারী, বি, পুত্রবধূ; ২। বধূ; যথা,—
"তাহে মুঞি কুলের বৌহারী।"
(চণ্ডিদাস)

বৌভাত, বি, নববিবাহিতার প্রথম পাকস্পর্শ।

বৌসন, বি, অনুতাপ করণ।

ব্যঞ্জন, বি, অন্নভোজনের উপকরণ, সূপ শাকাদি।

ব্যভার, বি, (ব্যবহার শব্দজ) আচরণ, ব্যবহার।

ব্যয়কাতর, বিং অদাতা, কৃপণ।

ব্যয়সাধ্য, বিং অধিক খরচ সাপেক্ষ। [অসরল।

ব্যাঁকা, বিং (বক্র শব্দজ) বক্র,

ব্যাঁত, বি, মুখপ্রান্ত, কস।

ব্যাজ, বি, বিলম্ব, দেরী; যথা,—
"সেই প্রভু এই দিন দুই চারি ব্যাজে।
আসিয়া মিলিব তোমা সবার সমাজে॥"
(চৈতন্য ভাগবত)
২। সুদ, ফাও।

ব্যাদড়া, বিং দুষ্ট, অশিষ্ট।

ব্যাসপিঁড়ী, বি, পুরাণ কথকের বেদী।

ব্রহ্মকীট, বি, ব্যাধি বিশেষ।

ব্রহ্মডাঙ্গা, বি, উচ্চভূমি।

ব্রহ্মোত্তর, বি, ব্রাহ্মণের ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

ভ।

ভ;—চতুর্বিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ।

ভঁইষ, বি. (হিন্দী) মহিষ।

ভঁয়েশা, বিং মহিষ দুগ্ধ জাত।

ভইন, বি, (হিন্দী, ভগিনী শব্দ জাত) ভগিনী; যথা,—
"নারায়ণী শুনি বোলে বিপুলা বচন।
কি কারণে কৈলা ভইন অশক্য কথন।"
(নারায়ণ দেবের পদ্মা পুরাণ।)

ভইল, ভোল, বি, আকৃতি, অবয়ব; ২। (হিন্দী) ক্রি,—হইল।

ভক্তবিটল, বিং কাল্পণিক ভক্ত, কপটভক্ত, অসঙ্গত ভক্তি প্রকাশক।
ভক্ত্যা, বি, নট, ভাঁড়।
ভগা, বি, (ভগবান শব্দের অপভ্রংশ) ভগবান, পরমেশ্বর।
ভগ্নপাইক, বি, দূত বিশেষ, যে পদাতিক যুদ্ধে ভঙ্গ দিয়া রাজাকে শুভাশুভ সংবাদ দেয়।
ভঙ্গন, বি, খণ্ডন; ২। পরাজয় করণ; ৩। মৎস্য বিশেষ, ভাঙ্গন মাছ।
ভজন, বি, দেবাদির উদ্দেশে গীত; ২। গুণানুকীর্ত্তন, সংকীর্ত্তন।
ভট্‌ভট্‌, বি, পচন শব্দ; ২। প্রতিধ্বনি বিশেষ।
ভটা, বি, যোদ্ধা; ২ দূত, অনুচর; যথা,—

"দূর হ'য়ে যা যমের ভটা
ওরে আমি যে ব্রহ্মময়ীর বেটা।"
(রামপ্রসাদ)

ভড়, বি, জাতি বিশেষ; ২। বৃহৎ নৌকা। [জাঁকজমক।
ভড়ক, বি, চাতুরী, ধূর্ত্ততা; ২।
ভড়কন, ভড়কান, বি, ত্রাসিত হওন; ২। চূর্ণাদি জল সংযোগে গলান [ভয়ঙ্কর।
ভড়কাল, বিং স্বপ্রকাশ, জমকাল,
ভড়ং, বি, বাদ্যযন্ত্র বিশেষ; ২। বাহ্যিক আড়ম্বর; সমারোহ।
ভণ্ড, বিং ধূর্ত্ত, কাল্পনিক বেশধারী, কপট। [ছল
ভণ্ডামী, বি, ধূর্ত্ততা, কপটতা,
ভণ্ডতপস্বী, বি, ভক্তবিটেল, কপট তপস্বী। [বিঘ্ন।
ভণ্ডুল, বি, প্রবঞ্চনা; ২। বাধা,
ভণ্ডুলিয়া, বিং ধূর্ত্ত, প্রবঞ্চক, ঠগ।
ভণভনান, বি, ভ্রমরের শব্দ।
ভদ্রাভদ্র, বি, শুভাশুভ, মঙ্গলামঙ্গল।
ভদ্রাসন, বি, বসতিবাটী, রাস্ত।
ভনন, বি, কথন, বলা।
ভন্দড়, বি, উদ্‌বিড়াল, ধেড়ে।
ভভভম, বি, শিঙ্গাধ্বনি।
ভমরী, বি, অস্ত্র বিশেষ, তুরপুণ।
ভয়খেকুয়া, বিং শঙ্কিত, ভীত।
ভর, বি, ভার; ২ অতিশয় তাপ; ৩ বিলম্ব, দেরী
ভরণা, বি, বৃষ্টি।
ভরপূর, বিং পরিপূর্ণ।
ভরম্‌, বি, সম্ভ্রম, সম্মান; ২। জাঁক, ভড়ং।
ভরসা, বি, (হিন্দী—ভরৌসা = যাহার উপর ভর করা যায়) আশা, আশ্বাস, বিশ্বাস।
ভরা, বি, বোঝাই; ২। বিং—পরিপূর্ণ, ভারযুক্ত। [পূর্ণ।
ভরাট, বিং মৃত্তিকাপূর্ণ; ২। পরি-

ভরাণি বি, বেতন ; ২। পূর্ণকরণ।
ভরাবুড়ি, বি, পরিপূর্ণ নৌকা জলমগ্ন, বোঝাই নৌকাডুবি।
ভরাভর, বি, জনতা ; ২। নির্ভর করা ; ৩। বিং—পরিপূর্ণ।
ভর্ত্তি, বি, বোঝাই ; ২। পরিপূর্ণতা ; ৩। বিং—নিযুক্ত।
ভবঘুরে, বি, নিষ্কর্ম্মা লোক, যাহারা সংসারে নিষ্কর্ম্মা অবস্থায় ঘুরিয়া ঘুরিয়া বেড়ায়। (Bird of passage)।
ভব্য, বিং সংসার সম্বন্ধীয় ; ২। শুভজনক
ভব্যযুক্ত. বিং সুসভ্য ; ২। বাবু।
ভস্কা, বিং অস্বাদু, জলবৎ, পানসিয়া।
ভস্‌পড়া,—ধ্বংসপড়া, নষ্টহওয়া।
ভস্‌ভসিয়া, বিং দলদলিয়া।
ভাই, বি, (ভ্রাতৃ শব্দজ) সহোদর, ভ্রাতা
ভাইজ, ভাজ, বি, (ভ্রাতৃজায়া শব্দজ) জৈষ্ঠভ্রাতার স্ত্রী।
ভাইজী, ভাইঝী, বি, ভ্রাতষ্পুত্রী, ভ্রাতার কন্যা।
ভাইপো, বি, (ভ্রাতৃপুত্র শব্দজ) ভ্রাতুষ্পুত্র, ভাইয়ের ছেলে।
ভাইফোটা, বি, ভ্রাতৃদ্বিতীয়ার কর্ত্তব্য ব্রতবিশেষ, ভাই দ্বিতীয়ার দিন ভ্রাতার কপালে তিলক দান।

ভাউলী, ভাওলী, বি, জমিদার নগদ খাজনার পরিবর্ত্তে প্রজার নিকট হইতে যে শস্য গ্রহণ করেন। [বিশেষ।
ভাউলিয়া, ভাওলিয়া, বি, নৌকা·
ভাও, বি, মূল্য, দর।
ভাঁজ, বি, চিহ্ন, পাট, মোড়া।
ভাঁজন, বি, পাটকরণ, দোমড়ান ; ২। রাগালাপ।
ভাঁজা, ক্রি, পাটকরা ; ২। ঘুরাণ।
ভাঁজান, বিং মিশ্রিত, সংযোজিত।
ভাঁটা, বি. বাঁটুল ; ২। নদীর বিপরীত প্রবাহ।
ভাঁটী, বি, (ভাণ্ডীর শব্দজ) বৃক্ষ বিশেষ, ভেঁটফুলের গাছ ; ২। মদ চোলাই স্থান ; ৩। কাপড় সিদ্ধকরা ; যথা,—

"পাপ কাষ্ঠের আগুন জ্বাল
চাপায়ে চৈতন্যের ভাঁটী।"
(রামপ্রসাদ)

৪। বিং—অল্প, মৃদু, নিস্তেজ।
ভাঁড়, বি, (ভাণ্ড শব্দজ) মৃৎপাত্র বিশেষ, মৃত্তিকার ছোট ঘট ; ২। নাপিতের অস্ত্রাধার।
ভাঁড়, বি, (ভণ্ড শব্দজ) ভণ্ড, পরিহাসক, যে ভণ্ডামি করে।
ভাঁড়ান, বি, প্রবঞ্চনাকরা, ভুলান।
ভাঁড়াম, ভাঁড়ামি, বি, প্রবঞ্চনা, পরিহাস।
ভাঁড়ার, বি, (ভাণ্ডার শব্দজ)

ধনাগার, দ্রব্যাদি থাকিবার স্থান।

ভাঁড়ারী, বি, (ভাণ্ডারী শব্দজ) ভাণ্ডার রক্ষক।

ভাঁতি, বি, (ভ্রান্তি শব্দজ) ভ্রম ; ২। বিদ্রুপ।

ভাকুট, বি, ভেটকী মাছ।

ভাখী, বি, ভাষী, বক্তা, ; যথা—
"বিদ্যাপতি কহ ভাখী।"

ভাগ, বি, অংশ ; ২। সমূহ, সকল ; ৩। (হিন্দী) ক্রি,— পলায়ন করা। [পলায়ন।

ভাগন, বি, (হিন্দী) ভয়হেতু

ভাগাড়, বি, মৃত গবাদির নিক্ষেপ স্থান ; ২। গালি বিশেষ।

ভাগান, বি, তাড়ান, খেদান।

ভাগাভাগি, বি, অংশাংশি, পরস্পর ভাগকরা।

ভাগিনা, বি, (ভাগিনেয় শব্দজ) ভগিনীপুত্র। স্ত্রীং—ভাগিনী।

ভাগোড়া, ভাগড়া, বিং পলাতক, প্রস্থানকারক।

ভাঙ, ভাঙ্গ, বি, (হিন্দী ; সং— ভঙ্গা ; পা—বংগ ; আ—বঞ্জ যে সিদ্ধি গুলিয়া নেসা করা যায়) মাদক দ্রব্য বিশেষ, সিদ্ধি ; ২। ভ্রু ; যথা,—
"ভাঙধনু ভঙ্গীঠাম, নয়ানকোণে পূরেবাণ
হাসিতে খসয়ে সুধারাশি।"
(চণ্ডীদাস)

বৈষ্ণব পদাবলীতে 'ভ্রু' অর্থে 'ভাঙ' শব্দের বহুল প্রয়োগ দেখা যায় ; ৩। ভাব।

ভাঙচি, ভাঙ্গচি, বি, মিত্রতাভঙ্গ, সুহৃদভেদ ; ২। কুমন্ত্রণা, বিচ্ছেদজনক বাক্য।

ভাঙ্গড়, ভাঙ্গী, বিং সিদ্ধিখোর, যে ভাঙ অর্থাৎ মাদক দ্রব্য সেবন করে ; যথা,—
"ভাঙ্গড়ের নাহি যম।" (ভারতচন্দ্র)

ভাঙর, বি, ভ্রাতুষ্পুত্র ; যথা,—
"কোঙর ভাঙর সাথে,
কামান কৃপাণ হাতে,
কত আইসে সমরে পণ্ডিত।"
(কবিকঙ্কণ)

ভাঙ্গড়মতি, বি, সিদ্ধিভক্ষণে মন্দমতি।

ভাঙ্গমালি, বি, ভাঙ্গচি, কুমন্ত্রণা ; যথা,—
"রাজা বলে ভুলনা লোকের ভাঙ্গমালি।
অকলঙ্ক কুলে লোক কত দেয় কালি।"
(ঘনরাম)

ভাঙ্গন, বি, (ভঙ্গ শব্দজ) ভগ্নকরণ ; ২। স্পষ্ট করণ ; ৩। মৎস্যবিশেষ, বাটামাছ।

ভাঙ্গা, বিং ভগ্ন, ভিন্ন ; ২। চূর্ণীকৃত।

ভাঙ্গানি, বি, মুদ্রাদির বিনিময়।

ভাচা—রাঢ় অঞ্চলে গৃহস্থেরা ধান ভানুনীদের নিকট ধান দিয়া চাউল প্রস্তুত করাইয়া

লয়, চাউল প্রস্তুত করণ জন্য তাহারা পারিশ্রমিক স্বরূপ চাউল বা অর্থ লয়। এই প্রকারে চাউল প্রস্তুত করাণকে 'ভাচা' বা 'ভাচা দেওয়া' বলে। নদীয়া জিলায় উহার নাম 'পাঁচা'। যথা,—

পরি ছু পণের কাচা,
ভানিত আমার ভাচা,
সেই বেটা হবে দেশমুখ।"
কবিকঙ্কণ।

ভাজন, বি, (ভর্জ্জন শব্দজ) ভৃষ্টকরণ, ভাজা। [জিনিস।

ভাজ্না, বি, ভৃষ্ট দ্রব্য, ভাজা-

ভাজ্নাখোলা, বি, ভৃষ্টকরিবার পাত্র। [বিং—ভর্জ্জিত।

ভাজা, বি, ভর্জ্জিত দ্রব্য; ২। ভাজাসাধা—গর্ভবতীর নিমিত্ত ভর্জ্জিত দ্রব্যাদি, ভর্জ্জিত দ্রব্য ভক্ষণ।

ভাজি, ভাজী, বি, পক্বব্যঞ্জন বিশেষ, ভাজাবস্তু; ২। বিং—ভাগী।

ভাট, বি, (ভট্ট শব্দজ) বর্ণশঙ্কর জাতিবিশেষ।

ভাটা, বি, নদ্যাদির মন্দগতি, নদ্যাদির স্বভাবিক স্রোত।

ভাটাশালিক, বি, পক্ষী বিশেষ, অপর নাম গুয়েশালিক।

ভাটি, ভাটিয়ারা, বি, নদ্যাদির স্বাভাবিক স্রোত। যথা,—

"ছাড়ি কেশর বেয়ে ভাটি ধরিল উজান।
ব্রহ্মদহ ছাড়ি পুনঃ ভাটি বয়ে যান।"
(ঘনরাম)

২। মদ্য প্রস্তুত করণের স্থান।

ভাটী, বি, আকা, উনান; ২। ন্যূনতা; ৩। তৃণাচ্ছাদিত গৃহের ছাওয়ার প্রকারভেদ; ৪। বেলা, সময়; যথা,—

"হইল দুপোর ভাটী,
চাহিনু অনেক বাটী,
ভ্রমিলাম সুত অনুসারে।"
(কবিকঙ্কণ)

ভাটীবেলা, বি, (উত্তর বঙ্গে) অপরাহ্ন, বৈকাল।

ভাড়া, বি, (ভাটক শব্দজ) ব্যবহারর্থে দত্ত শকটাদির লভ্যধন, যানাদি বাহকের মূল্য; ২। পথখরচ; ৩। মূলধন, পুঁজি; যথা,—

অভাগীর ভাড়া অই কৃপণের কড়ি।
অন্ধার মানিক অই অন্ধকের নড়ি।"
(ঘনরাম)

ভাড়াটিয়া, বিং ভাড়া দিয়া বসতিকারী; ২। ভাড়া দিয়া নিযুক্ত॥

ভাড়ানী, বিং দরিদ্রা, ধনহীনা।

ভাণ্ডনাবোল, বি, ভুলান কথা, ভাঁড়ান কথা; যথা,—

"সকল ভাণ্ডানা বোল বলগো পার্ব্বতি।
স্বামী ঘরে নাহি কেনে হব পুত্রবতী।"
(কবিকঙ্কণ)

ভাত, বি, (ভক্ত শব্দজ) অন্ন।

ভাতা, বি, পাথেয়, পরিদর্শন-

জনিত পারিশ্রমিক, কর্ম্মচারি-গণ নির্দ্দিষ্ট বেতনের উপর পরিদর্শনাদির কার্য্যের জন্য যে অতিরিক্ত টাকা পান, তাহার নাম 'ভাতা'।

ভাতার, বি, (ভর্তৃ শব্দজ) পতি, স্বামী। যথা—

বুড়া ব'লে আমারে করিলি উপহাস।
বুড়া ভাতারের সেবা কর বারমাস।"
(ঘনরাম)

ভাতাসী, বি, অতিরিক্ত অন্ন-ভোজনে অন্নভক্ষণে অস্পৃহা। ক্রমাগত খাইয়া খাইতে অনিচ্ছা।

ভাতুড়িয়া, বিং অন্নদাস, অন্নের আশায় যে পরের গলগ্রহ হয়।

ভাতেভাত—চাউলের সহিত একেবারে আলু বেগুণ প্রভৃতি তরকারী সিদ্ধ করিয়া ভোজন; ইহাকে 'সিদ্ধ পোড়াও' বলে।

ভাদুই, ভাদোই, বি, (ভাদ্র শব্দজ) আউশধান্য বিশেষ; ২। বিং—ভাদ্র মাসোৎপন্ন।

ভাদ্রবধূ, ভাদ্রবৌ, বি, (ভ্রাতৃবধূ শব্দজ) ছোট ভাইয়ের স্ত্রী।

ভান, বি, (ভাব শব্দের রূপান্তর) ভাব, অবস্থা। যথা,—

"ভণয়ে বিদ্যাপতি তখন ক ভাণ।
কোন ন দেখত সখি হোত বিহান।"
(বিদ্যাপতি)

ভানন, ভানা, বি, ত্বক নির্ম্মোচন, কাঁড়ন।

ভাননিয়া, বিং ধান্য পরিষ্কারক, তণ্ডুল প্রস্তুত কারক।

ভানাকুটা, বি, আন্দোলন, আলোচনা। যথা,—

"সমান বয়স কার, কেহ বাড়া টুটা।
সবা সনে সদাই ঐ কথা ভানাকুটা।"
(ঘনরাম)

ভাপ, বি, বাষ্প, উত্তাপ, উষ্ণতা।

ভাপরা, বি, বাষ্পস্বেদ।

ভাপ্সা, বিং হাজা, ছাতাধরা।

ভাপ্সাগন্ধ—দুর্গন্ধ, হাজাগন্ধ।

ভাবচোর, বিং ভাবহারক।

ভাবন, বি, চিন্তন; ২। বেশ-বিন্যাস করণ।

ভাবরাণ, বি, বিস্ময়াপন্ন হওন, ব্যাকুলতা হেতু হতবুদ্ধি হওন।

ভাবরাণী, বি, বিস্ময়; ২। ধমক।

ভাবলাভ, বি, ভাবজ্ঞান।

ভাবান, বি, চিন্তা করাণ, উৎকণ্ঠা জন্মান; ২। সিদ্ধ করণ।

ভাবুনী, বি, বেশবিন্যাস কারিণী; ২। কপটাচারিণী, বিলাসিনী।

ভাব্‌কি, বি, মিথ্যা ভয় প্রদর্শন, হুঁম্‌কি। যথা,—

"না জানে মাংসের রস তেঁই প্রাণ বাঁচে।
ভাবকি দেখায়ে ব্যাঘ্র ভ্রমে নাচে নাচে।"
(ঘনরাম)

ভাম, বি, বন্যজন্তু বিশেষ। বাঙ্গা-লায় কোন কোন স্থানের

লোকেরা ভামকে 'ভোঁদড়' বলে। যশোহর প্রভৃতি অঞ্চলে "সড়েল" এবং পূর্ব্ববাঙ্গালায় কোন কোন্ বিভাগে "দিগ্-ল্যাজ" (দীর্ঘলেজ) "লেঞ্জী" বা 'ল্যান্দর' বলে।

ভায়, ক্রি, ভাল লাগে, চায়। যথা,—
"যে যারে মনে ভায়
সে জন ভজে তায়।" (কবিকঙ্কন)
" মন নাহি অন্য ভায়।" (চণ্ডীদাস)।

ভায়া, বি, (ভ্রাতা শব্দজ কি ?) স্নেহসূচক সম্বোধন বিশেষ; ২। ভ্রাতা।

ভারণ, ভারমারণ, বি, ক্ষতরোগাদিতে বাণ মারণ; ২। মন্ত্রদ্বারা অগ্ন্যাদি নিস্তেজ করণ; যথা,—
"বলিবারে কিবা ভয়, সাবল পরীক্ষা নয়,
ভারিলে সাবল হয় পানী।"
(কবিকঙ্কণ)

ভারা, বি, মঞ্চবিশেষ, বংশাদি নির্ম্মিত উচ্চস্থান; ২। তাঁতের অঙ্গ বিশেষ, একখণ্ড ইষ্টক ইহাতে ঝুলান থাকে, ইহা দ্বারা ডাণ্ডিকে তোলা পাড়া করে ও ডাণ্ডিকে রক্ষা করে।

ভারিভূরী, বি, আত্মশ্লাঘা, অহঙ্কার, গর্ব্ব, জাঁক। যথা,—
"মনে বলে অদ্বৈত কি কর ভারিভূরি।"
(চৈতন্য ভাগবত)

ভারী, বি, ভারবাহক: ২। বিং—যাহার অতিশয় গুরুত্ব।

ভারুই, বি, পক্ষীবিশেষ।

ভাল, বিং উত্তম, উৎকৃষ্ট।

ভালবাসন, বিং স্নেহকরণ।

ভালাই, বি, উত্তমতা, সাধুতা; ২। মঙ্গল, কল্যাণ।

ভালুক, বি, (ভল্লুক শব্দজ) বন্য-জন্তু বিশেষ।

ভাশুর, ভাসুর, বি, পতির জ্যেষ্ঠ-ভ্রাতা।

ভাষাকথা—চলিত কথা; ২। ইতরকথা।

ভাষাপত্র, ভাষপত্র, বি, প্রাকৃত বাক্যময় পত্র, ব্যবস্থাপত্র।

ভাসন, বি, জলে সন্তরণ; ২। জলোপরিস্থিতি।

ভাসান, বি, জলে নিক্ষেপ; ২। সঙ্গীত বিশেষ।

ভাসান মহল—সুন্দরবনে মধু সংগ্রহকারিদিগের নানারূপ আমোদের সহিত মধুসংগ্রহের আয়োজনকে স্থানীয় চলিত কথায় 'ভাসান মহাল' কহে।

ভাস্য, বি, শুভ, মঙ্গল।

ভিক্, ভিখ্, বি, (ভিক্ষা শব্দজ) ভিক্ষা, যাচ্ঞা।

ভিখারী, বিং ভিক্ষুক, যাচক।

ভিজন, বি, আর্দ্র হওন, জলযুক্ত-হওন।

ভিজা, বিং আর্দ্র, সিক্ত।

ভিজান, বি, আর্দ্রহওন, জলযুক্ত-হওন।

ভিটা, ভিটামাটী, বি, বসতিস্থান, বাস্তুভূমি।

ভিড়, বি, জনতা, লোকসমূহ।

ভিড়ন, ভিড়ান, বি, কিনারায় লাগান; ২। মিলান; ৩। গবাদির পালান; ৪। বিং—অধীন; ৫। মিলিত, একত্রিত।

ভিত, বি, (ভিত্তি শব্দজ) প্রাচীরের প্রস্থ পরিমাণ, পানা; ২। ধার, দিক; ৩। উচ্চভূমি; ৪। ঘরের মেজে।

ভিতর, বিং মধ্যস্থল, অভ্যন্তর।

ভিতে, বি, নিকটে, সমীপে।

ভিন, ভিন্নু, বিং (ভিন্ন শব্দজ) পৃথক, ভিন্ন; যথা,—

"উত্তম মধ্যম দীন
তুমি কারে না ভাবিও ভিন।"
(কমলাকান্ত)

ভিয়ান, বি, মিষ্টান্ন দ্রব্যাদি প্রস্তুত করণ।

ভিরকুটী, বি, (ভ্রুকুটী শব্দজ) স্পর্দ্ধা, তেজ।

ভিস্তী, বি, (ভস্ত্রী শব্দজ) চর্ম্ম-স্থালী; চর্ম্মনির্ম্মিত বৃহৎ জল-পাত্র বিশেষ।

ভীমরথী, বি, প্রাচীন অবস্থা বিশেষ, ৭৭ বৎসর ৭ মাসের পর ৭মী রাত্রি। বাঙ্গালায় মানুষ যখন অত্যন্ত বৃদ্ধ হয়, জ্ঞান বুদ্ধি লোপ পায়, দুই চারিটী প্রলাপ বকে, হতভম্ব হইয়া বসিয়া থাকে এবং মৃত্যুর যখন আর বিলম্ব থাকে না, তখন এইরূপ অবস্থাকে 'ভীমরথী' বলে। ভীমরথী কথাটী সংস্কৃত। বৈদ্যক শাস্ত্রের শব্দমালা গ্রন্থে আছে,

"সপ্ত সপ্ততি মে বর্ষে
সপ্তমে মাসি সপ্তমী,
রাত্রির্ভীমরথী নাম
নরাণা মতি দুস্তরা।"

অর্থাৎ ৭৭ বৎসর ৭ মাস সপ্তম-দিবসীয় রাত্রিকে "ভীমরথী" বলে। ঐ রাত্রি পার হওয়া অর্থাৎ উক্ত বয়ঃক্রম অতিক্রম করা মনুষ্যের পক্ষে অতি কঠিন ব্যাপার। ভীমরথী কথাটী পরিভাষিক। ঐ কাল উত্তীর্ণ হওয়ার পরও যিনি বাঁচিয়া থাকেন, তাঁহার দশ সুবর্ণ দক্ষিণা দানমূলক যজ্ঞানুষ্ঠানের ফল হয়। তখন বিষ্ণু প্রদক্ষিণই তাঁহার গতি, মন্ত্র-ভাষণই তাঁহার জল্পন হয়, নিদ্রাই ধ্যান এবং অন্নই সুধা স্বরূপ হয়।

ভুঁড়ি, বি, বৃহৎ উদর, বড় পেট।

ভুঁড়িয়া, ভুঁড়ো, বিং স্থূলোদর বিশিষ্ট, পেটাল।

ভুঁয়েশ, বি, জন্তু বিশেষ।

ভুক্, ভুখ্, বি, (প্রাকৃত—ভুক্খা, সং—বুভুক্ষিত শব্দজ) ক্ষুধা যথা,—

খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক।
কে মোর ব্যথিত আছে কারে কব দুঃখ॥
(চণ্ডীদাস)

ভুক্ভুক্, ক্রি বিং, ঝলকে ঝলকে।

ভুক্তন, বি, অন্তর্ভূক্ত করণ, মিশ্রণ, মিশান।

ভুক্তি, বি, অতীত ভোগকাল।

ভুকিল, ক্রি, প্রবেশ করিল, ফুটিল; যথা,—

"ভুকিল কুসের কাঁটা
রক্ত পড়ে পায়।" কবিকঙ্কণ)

ভুখিল বিং (বুভুক্ষিত শব্দজ) ক্ষুধিত, ক্ষুধার্ত্ত; যথা,—

"নাহিক মধুর কথা, যে ঘরে লহনা সতা,
হয় যেন ভুখিল বাঘিনী"।

ভুগন, বি, ভোগকরণ, ক্লেশসহ্যকরণ; ২। পরিশ্রান্তকরণ।

ভুগলামী, বি, ভণ্ডামী, প্রতারণা।

ভুজ, ভুজা, বি, (ভর্জ্জণ শব্দজ) ভার্জ্জিত দ্রব্য, মুড়ি।

ভুজন, বি, কুহক, ভেল্কী।

ভুজ্যায়তা, বি, পরস্পর অন্নভোক্তৃত্ব।

ভুজং, ভোজং, বি, প্রলোভন, লোভ দেখান; যথা,—

"ভোজং দিয়ে ভোটিং খুলে
মিউনিসিপাল বিলে।" (হেমচন্দ্র)

ভুট, বি, বিনাশ, উচ্ছিন্ন।

ভুড়্ভুড়, ভুড়ভুড়ি, বি, জলবিম্ব, জলাশয়ের তলদেশ হইতে উত্থিত জলবিম্ব; ২। অব্যক্তশব্দবিশেষ।

ভুতি, ভুঁতি, ভুঁতুড়ি, বি, কাঁঠালের মধ্যস্থ অসারদণ্ড; ২। বিং—অসার।

ভুনন, বি, ভর্জ্জন, ভাজন।

ভুনা, বিং ভর্জ্জিত, ভাজা; ২। জলসেক বিনা পক্ক।

ভুনি, ভূণী, বি, বিধবার পরিধানার্থ সাদাপাড় বস্ত্র বিশেষ, ঠেঁটী।

ভুনিখিচুরী—উৎকৃষ্ট খাদ্যবিশেষ।

ভুয়া, ভূয়া, বিং অসার, শস্যহীনফল।

ভুর, ভূর, বি, গর্ব্ব, গরিমা, অভিমান, জাঁক, বড়াই।

ভুরভার, ভূরভার, বি, আত্মশ্লাঘা, দাম্ভিকতা।

ভুরা, ভুরো, বি, চিনিবিশেষ, শর্করা, খাঁড়, নিকৃষ্ট চিনি, হিন্দুস্থানে ভুরা উৎকৃষ্ট ও চিনি নিকৃষ্ট।

ভুল, বি, ভ্রম, ভ্রান্তি, বিস্মৃতি।

ভুলান, বি, বিস্মরণ, ভ্রমজন্মান, মুগ্ধকরণ।

ভুলানিয়া, বিং প্রবঞ্চক, ঠগ, কুহকী। [রণা।

ভুলাকা, বি, ছল, কুহক, প্রতা-

ভুশুণ্ডী, ভৃশুণ্ডী, বি, আগ্নেয়াস্ত্র বিশেষ ; ২। ভূশণ্ডকাক বহুকাল বাঁচিয়াছিল, ইহার বিবরণ যোগবাশিষ্ঠ রামায়ণে আছে। প্রচলিত কথায় যে বহুবিষয় জানে।

ভুষী, ভুসী, বি, যব গোধূমাদির ত্বক, খোসা।

ভুসী, বি, কালি প্রস্তুত করিবার দ্রব্য বিশেষ।

ভুস্থরিভাঙ্গা, ক্রি, দ্রব্যাদির স্তূপ অপচয় করা। [ক্ষেত।

ভুঁই, বি, (ভূমি শব্দজ) ভূমি,

ভুইকম্প, বি, (ভূমিকম্প শব্দজ) ভূমিকম্প, মাটিকাঁপা।

ভুঁইচাঁপা, বি, (ভূমিচম্পক শব্দজ) পুষ্পবিশেষ।

ভুঁইফোড়, ভুঁইকোড়, বি, ছাতক বিশেষ, পাতালকোঁড়।

ভুদেখান, বি, প্রতারণা, ফাঁকিদেওয়া।

ভুঞা, বি, (ভূমিপ শব্দের অপভ্রংশ) ভূম্যাধিকারী, জমিদার। [ভূতের ওঝা।

ভূতড়িয়া, ভূতুড়ে, বি, ভূতবৈদ্য,

ভূতনন্দী, বি, ভূতযজ্ঞ ; ২। গণ্ডগোল। [পেট।

ভূদি, ভুঁদি, বি, স্থূলোদর, ডাগর-

ভূয়জমা—জমি শূণ্য জমা।

ভূষ, বি, নির্ব্বাণ ; ২। মিথ্যা ; যথা,—

"জানি কিন্তু না কহিলে
সকলি হয় ভূষ।" (ঘনরাম)

ভেঁউচন, ভেঙচান, বি, মুখভঙ্গিকরা।

ভেঁপু, বি, পত্রাদি নির্ম্মিত নলাকার বংশী বিশেষ।

ভেক্, বি, (ভৈক্ষ শব্দজ কি ?) বৈরাগীর বেশ ধারণ।

ভেকটী, ভেট্‌কী, বি, (ভাকুট শব্দজ) মৎস্যবিশেষ, ভেট্‌কীমাছ।

ভেকা, ভেক্কা, ভেকুয়া, বিং হাবা, মূর্খ, অজ্ঞান ; যথা,—

"ভেকালোকে ভুলাইতে ভালজানে ঠাট।" (রামপ্রসাদ)

"ফাক্কা উড়ে ভাঙ্গ বিনে ভেক্কা হয়েছি।" (শিবায়ন)

ভেঙেরি, বি, ভ্রমর নামক ছিদ্রকরিবার যন্ত্র।

ভেঙ্গান, বি, মুখভঙ্গিকরা।

ভেজ, বি, (হিন্দী) প্রেরণ, পাঠান।

ভেজান, বি, বদ্ধকরণ, আটকান ; ২। পাঠান

ভেজাল বি, মিশ্রণ, মিশাল ; ২। গণ্ডগোল, কষ্ট ; ৩। পূর্ব্ববঙ্গে

নদীর জল কমিয়া গেলে নৌকাগুলি একজায়গায় জড় হইয়া যাওয়াকে 'ভেজাল' বা 'ভ্যাজাল' বলে।

ভেট, বি. উপঢৌকন; ২। সাক্ষাৎ.

ভেটকী, বি, (ভাকুট শব্দজ) মৎস্য বিশেষ।

ভেটন, বি নিকটে গমন; ২। মিলন; ৩। নদীর স্বাভাবিক স্রোতে নিম্নদিকে গমন।

ভেটনিয়া, বিং সাক্ষাৎকারী।

ভেটিয়াল, ভেটেল, বি, নদ্যাদির স্বাভাবিক স্রোতে গমন, ভাঁটায় যাওয়া।

ভেটী, বি. উপঢৌকন, নজরাণা; ২। পুত্র কন্যার বিবাহে প্রজা রাজা বা জমিদারকে যে অর্থাদি নজর দেয়, তাহার নাম ভেটী; ৩। সাক্ষাৎ করা; যথা,—

"তরুতলে গিয়া ভেটী মুরারি।"
(অন্নদামঙ্গল)

ভেড়ন, বি, নিকটবর্ত্তী হওন; ২। মিলন।

ভেড়া, ভেড়, বি, মেষ, গাড়োল। স্ত্রীং—ভেড়ী।

ভেড়াকান্ত, বিং, নির্ব্বোধ, হিতাহিত জ্ঞান শূন্য।

ভেড়াভিড়ী, বি, মিলন, সদ্ভাব; যথা,—

"ভেড়াভিড়ি হ'লে আর হেড়াহিড়ি নাই।"
(দীনবন্ধু)

ভেড়ী, ভেড়ীবন্দী, বি, বাঁধ, পুল-বন্দী। বন্যা নিবারণের জন্য স্থানে স্থানে নদীর দুই ধারে প্রাচীরের ন্যায় উচ্চ অথচ রাজপথের মত বিস্তৃত মাটীর বাঁধ দেওয়া।

ভেড়ুয়া, ভাড়ুয়া বি, ঘটক, কোট্‌না; ২। বিং—বশ; অধীন; ৩। গোলাম, যথা,—

"মেয়ের ভেড়ুয়া করা শাশুড়ীর কাজ।"
(দীনবন্ধু)

ভেদ, বি, মলভঙ্গ, মলত্যাগ; ২। পার্থক্য।

ভেদাভেদ, বি, আত্মপর জ্ঞান।

ভেমরুল, ভীমরুল, বি, কীট বিশেষ।

ভেমোগোয়ালা—(ভেমো = ভ্রান্ত, ভ্রমী, যাহার সর্ব্বদা ভুল হয়) নির্ব্বোধ গোয়ালা। গোয়ালাদের বুদ্ধি অপেক্ষাকৃত কম।

ভেরেণ্ডা, বি, (এরণ্ড শব্দজ) বৃক্ষ বিশেষ। শ্বেত ও রক্ত ভেদে এরণ্ড দ্বিবিধ। সাধারণতঃ এরণ্ড শব্দ, হিন্দীতে এরণ্ড ও রেঢ়ি নামে অভিহিত। যথা,—

"ভেরণ্ডার ঘর ওই আছে মধ্য ঘরে।
প্রথম বৈশাখ মাসে নিত্য ভাঙ্গে ঝড়ে।"
(কবিকঙ্কণ)

ভেরেণ্ডার ফল হইতে যে তৈল

বাহির হয়, তাহাকে রেড়ির তৈল বলে। এই তৈল ঔষধাদিতে লাগে।

ভেল, বিং কৃত্রিম্, নকল ; ২। নানা প্রকার (variety) ; ৩। ক্রি,—হইল ; যথা,—
"লক্ষ কোটী দীপে, চন্দ্রের আলোকে,
না জানি কি ভেল সুখে।"
(চৈতন্যভাগবত)

ভেলা, বি, জলোপরি ভ্রমণার্থ কদলী প্রভৃতি বৃক্ষ দ্বারা নির্ম্মিত মঞ্চ বিশেষ, যদ্দ্বারা জলরাশি উত্তীর্ণ হওয়া যায় ; ২। অবলম্বন, আশ্রয় ; যথা,—
"সংসার সাগর মাঝে স্বামী মাত্র ভেলা।"
(হেমচন্দ্র)
৩। (ভল্লাত শব্দজ) ফল বিশেষ ; রজকেরা ইহার কৃষ্ণবর্ণ আঠা কাপড়ে দাগ-দিবার জন্য ব্যবহার করে।

ভেল্সা, ভ্যাল্সা, বিং উষ্ণতাবিহীন, উগ্রতাবিহীন।

ভেল্কী, বি, কুহক, মায়া, ইন্দ্রজাল।

ভেবাচাকা, বিং বিস্মিত, হতবুদ্ধি।

ভোঁতা, বিং নির্ব্বোধ ; ২। ধাররহিত, অশানিত ; ৩। বি,—কাঁঠালের খোসা।

ভোঁদড়, বি, উদ্বিড়াল, ধেড়িয়া।

ভোঁদা, বিং স্থূলাকার, মোটা।

ভোকৃছানি, ভোচ্কানি, বি, ক্ষুধা জন্য মোহ প্রাপ্তি, অনশন জন্য দৌর্ব্বল্য।

ভোক্, ভোখ, বি. ক্ষুধা ; যথা,—
"চারিদিকে দেখি বাধা কেহ কোথা নাই
কোপে তাপে ভোখে রোখে করে হাঁই হাঁই।"
(ঘনরাম)

ভোখিল, বিং ক্ষুধিত ; যথা,—
"কমলিনী কমল কলেবর
তুহু সে ভোখিল মধুকর।"
(চণ্ডীদাস)

ভোগন, বি, সুখ বা দুঃখ অনুভব করণ। [বস্তু।

ভোগরাগ, বি দেবপ্রতিমার ভক্ষ্য

ভোগলামি, বি, ভণ্ডামি, কাপট্য।

ভোগা, বি, প্রবঞ্চনা, ফাকি, প্রলোভন ; যথা,—
"এ ছেলের হাতের মোয়া নয় মা
ভোগা দিয়ে কেড়ে খাবে।"
(রামপ্রসাদ)

ভোগান, বি, সুখ বা দুঃখ অনুভব করান ; ২। প্রতারণা।

ভোজ, বি, আহার, সমারোহে ভোজন।

ভোজবাজি, বি, ঐন্দ্রজালিক বিদ্যা, ভেল্কী।

ভোট, বি, রক্তবর্ণ কম্বল বিশেষ ; ২। দেশ বিশেষ, ভুটান।

ভোড়ঙ্গ, বি, গর্ব্ব ; ২। তুরী ; ৩। তরণী বিশেষ।

ভোড়ঙ্গিয়া, বি, তুরীবাদক।

ভোগুল, বিং বৃথা, নিষ্ফল।

ভোতা, ভোঁতা, বিং অতীক্ষ্ণ; ২। অশাণিত অস্ত্র।

ভোমর, বি, ভ্রমর; ২। তুরপুণ।

ভোমা, বিং অজ্ঞান, জ্ঞানশূন্য।

ভোর, বি, প্রভাত, প্রাতঃকাল; ২। আভা, কান্তি; যথা,—

"জিনি শতদল, বদন কমল,
অধরে বন্দুক ভোর।" (কবিকঙ্কণ)

৩। ভোলা, বিহ্বল; যথা,—

"সো বহুবল্লভ সহজই ভোর।
কৈছনে বেদনে জানব মোর॥"

৩। বিং—উন্মত্ত, মোহিত; যথা,—

"আত্মারাম আজি রাম রসে হ'য়ে ভোর।" (রামেশ্বর)

ভোল, বিং প্রকার, আকৃতি, চেহারা; ২। প্রোঢ়াবস্থা, পরিণতাবস্থা; যথা,—

ভোগকর নিরাতঙ্কে, থাকহ কামিনী সঙ্গে,
রাজভোগে পড়িয়াছ ভোলে।" (কবিকঙ্কণ)

৩। বিস্ময়; যথা—

অদ্ভুত দেখিয়া সবে পড়িলেন ভোলে।'

ভোলা,—বি, বিস্মরণ; ২। মৎস্য বিশেষ; ৩। সাদাসিদা লোক; ৪। বিং—ভ্রমাসক্ত, ভ্রান্ত।

ভ্রমী, বি, মূর্চ্ছা, অজ্ঞানতা।

ম

ম;—পঞ্চবিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান ওষ্ঠ।

মই, বি, বংশাদি রচিত সোপান, বাঁশের সিঁড়ি।

মইল, বিং মৃত, নিস্পন্দ; যথা,—

"মইল শরীরে জীউ আইল আচম্বিত।" (চৈতন্যমঙ্গল)

মউ, বি, (মধু শব্দজ) মধু।

মউআলু বি, কন্দ বিশেষ।

মউচাক, বি, (মধুচক্র শব্দজ), মধুচক্র।

মউড়, মোড়, বি, (মুকুট শব্দজ) স্ত্রীদিগের মুকুট; ২। স্তনদেশের আয়তন।

মউনী, বি, আলোড়নার্থ যষ্টি বিশেষ, মন্থন দণ্ড।

মউমাছি, মৌমাছি, বি, (মধুমক্ষিকা শব্দজ) কীট বিশেষ।

মউরী, মৌরী, বি, বনিক দ্রব্য বিশেষ।

মওন, বি, (মন্থন শব্দজ) মন্থন, আলোড়ন।

মওয়াক্কেল, মক্কেল, বি, (যাং) যাহার পক্ষ হইয়া আদালতে বাদানুবাদ করে, বাদী বা প্রতিবাদী।

মওয়াজি, বি, (যাং) জমির সমষ্টির পূর্ব্বের ধ্বনি।

মকৃশ, মকৃসো, বি, (আরবী মশক্=কোন বিষয় পুনঃ পুনঃ করা) উপর্য্যুপরি লিখন, লেখার উপর লেখা।

মক্‌মকি, ক্রি বিং, উচ্চস্বরে, উচ্চৈঃ-স্বরে। যথা,—

"এম্নি বুলি মক্‌মকি কাঁদে রঘুরাই।"
(অনন্তরামায়ণ)

মক্‌ররি, (পারশী) যে জমার খাজনার হার কমবেশী করা যাইতে পারেনা।

মকুব, বি, (যাং) অব্যাহতি, নিষ্কৃতি, বন্ধ।

মক্কা—আরব দেশের রাজধানী; ২। জনার, ভুট্টা।

মক্তব, মক্‌তব, বি, (পারশী) পাঠশালা, যেস্থানে পারশী আরবী পড়ান হয়; যথা,—

"যত শিশু মুসলমান, তুলিল মক্তবখান,
মখদম পড়ায় পঠনা।"
(কবিকঙ্কণ)

মখ্‌মল, বি, (আরবী) ঊর্ণা-নির্ম্মিত বস্ত্রবিশেষ (velvet)।

মগ, মঘ,—আরাকাণবাসী লোক। আরাকাণবাসী জলদস্যু বি-শেষ। ১৫৩৭—৩৮ খৃষ্টাব্দে পর্ত্তুগীজেরা বাণিজ্য উপলক্ষে বাঙ্গালায় আগমন করে। তাহারা তৎকালে আরাকান রাজের সহিত মিলিত হইয়া মধ্যে মধ্যে বাঙ্গালা দেশ আক্রমণ করিত। ইহাদের দৌরাত্ম্য এত অধিক হইয়া-ছিল যে, অদ্যাপিও অরা-জকতা হইলে বাঙ্গালীরা 'মগের মুল্লুক' হইয়াছে বলিয়া থাকে।

মগজ, বি, (যাং) মস্তিষ্ক, মজ্জা।

মগরা, বি, পাদাভরণ বিশেষ।

মগরামি, বি, ধৃষ্টতা, আত্মশ্লাঘা।

মগী, বি, অব্দবিশেষ। বাঙ্গালা বৎসরের প্রথমদিনে উহার আরম্ভ হয়।

মঙ্গল গাওন—কল্যাণবাক্য কথন, মঙ্গলাচরণ, কার্য্যারম্ভে শুভজনক ক্রিয়া।

মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী, বি, মঙ্গলবারে অর্চ্চনীয়া চণ্ডিকা, দুর্গা।

মঙ্গলপড়া, বি, বাদ্যবিশেষ।

মঙ্গল সম্বিধান, বি, মাঙ্গলিক দ্রব্য বিশেষ, স্বস্তিকশ্রী প্রভৃতি, যাহা বরণ ডালায় দেয়।

মঙ্গলান, বি, বিবাহাদি শুভকর্ম্মে, হরিদ্রাক্ত বস্ত্রে নূতন হাড়ি ও অন্যান্য নির্দ্দিষ্ট দ্রব্যাদি বন্ধন রূপ শুভঅনুষ্ঠান বিশেষ। যথা—

"যোড় হ'য়ে জল স'য়ে মঙ্গলিলা হাঁড়ি।"
(শিবায়ন)

মচ্‌কান, বি, মোড়ান; ২। ঈষৎ ভগ্ন, অল্প ভাঙ্গা।

মচ্চিভঙ্গ, মচ্ছিভঙ্গ, বিং বিমর্ষ, মর্ষভঙ্গ; ২। উৎসাহহীন।

মচ্চিমুলুক—সমগ্রদেশ।

মচ্ছ, বি, (মৎস্য শব্দজ) মৎস্য, মাছ।

মচ্ছব, বি, (মহোৎসব শব্দজ) মহোৎসব, মহা আনন্দজনক ব্যাপার।

মজকুর (পারশী) পূর্ব্ব কথিত, পূর্ব্বোক্ত, উল্লিখিত।

মজকুরা—নির্দ্ধারিত সমগ্র ভূমি, খণ্ড।

মজকুরী—রাজস্ব সম্বন্ধে যে জমা অন্য জমিদারের অধীনস্থ হইয়া চিরস্থায়ীরূপে ভোগ হয় ও যাহার খাজনা জমিদারের বা স্থান বিশেষে গবর্ণমেণ্টের কর্ম্মচারীর যোগে আদায় হয়।

মজন, বি, মগ্ন হওন; ২। দুঃখ পাওন; ৩। সুপক্ক হওন।

মজবিল (পারশী) একত্র করা, জড় করা।

মজবুত, বিং (আরবী) শক্ত, কঠিন, দক্ষ।

মজলিস, বি, (পারশী) সভা।

মজা, বিং (পারশী—মজ্‌দিন ধাতুজ, অর্থ চূষণ বা আস্বাদন) অতিশয় পক্ক; ২। বি—সুখ; ৩। তামাসা, বিদ্রূপ; ৪। ক্রি,—ভরাট হওয়া।

মজাদার, বি, যে জিনিস বা বিষয় মজা রাখে।

মজান, বি, ক্লেশ দেওয়ান; ২। ডুবান; ৩। সুপক্ক করান; ৪। স্বধর্ম্মচ্যুত করণ।

মজার, বি,(পারশী) সমাধি, কবর।

মজুত, মজুদ, বিং (আরবী—ওজুদ = existence) বর্ত্তমান। আয় হইতে ব্যয় করিয়া যাহা তহবিলে অবশিষ্ট থাকে।

মজুমদার, বি, (পারশী মজুমাদার শব্দজ) উপাধি বিশেষ, বাদসাহী আমলে যে ব্যক্তি রাজস্ব সম্বন্ধীয় হিসাব পত্র রাখিত; ২। সংগ্রাহক।

মজুর, বি, (পারশী) দৈনিক বেতনে কার্য্যকারী; ২। মুটে।

মজুরি, বি, (পারশী) মজুরের প্রাপ্য বেতন।

মজ্জমান, বিং মগ্নপ্রায়, মগ্নোন্মুখ, যে ডুবিয়া যাইতেছে; যথা,—

"কিন্তু মজ্জমান জন, শুনিয়াছি ধরে তৃণে,
আর কিছু যদি না পায় সম্মুখে।"
(বীরাঙ্গনা কাব্য)

মজগুল, বি, তন্ময়, তদ্গত ভাব।

মঝু, সং, আমার।

মঞ্চাল, বি, রক্তবর্ণ হরিতাল।

মঞ্জরণ, বি, মুকুলিত হওন, গাজান।

মঞ্জিট, বি, মঞ্জিষ্ঠা লতা।

মটর, বি, কলাই বিশেষ।

মটরাশাড়ী, বি, বিচিত্র পট্টবস্ত্র বিশেষ।

মটী, বি, মৃত্তিকা নির্ম্মিত তৈলাধার, স্থালী, তৈলের ভাঁড়।
মটীমুখো, বিং স্থচাল মুখবিশিষ্ট।
মটুক, বি, (মুকুট শব্দজ) কিরীট, শিরোভূষণ।
মট্‌কা, বি, (মটুক শব্দজ) তৃণময় গৃহের অগ্রভাগ; ২। বস্ত্র বিশেষ।
মট্‌কান, বি, আঘাত করণ, শব্দ করণ।
মট্‌কামারণ, বি, ছলে নিদ্রা যাওন; যথা,—
"দ্বিজ রামেশ্বর কয়, মট্‌কা মারি বুড়া রয় শঙ্করীর শিহরিল গা।"
(শিবায়ন)
মট্‌কী, বি, বৃহৎ মৃণ্ময় পাত্র বিশেষ; ২। ঘৃতাদির রক্ষার্থ পাত্র বিশেষ।
মঠ, বি, দেবালয়, মন্দির; ২। আখড়া, পাঠশালা; ৩। বিহার অঞ্চলে ইন্দারা হইতে জল তুলিবার পাত্রের নাম মঠ বা মকশ, মষক।
মঠধারী, বি, দেবালয়াদির অধ্যক্ষ।
মড়ক, বি, (মরক শব্দজ) মারীভয়, বহু মনুষ্যের মৃত্যু সময়।
মড়কচা, বি, তৃণগৃহের পৃষ্ঠদণ্ড ২। অসমান।
মড়্‌মড়, বিং ভঙ্গুর, ঠুন্‌কো; বি,—অব্যক্ত ধ্বনি বিশেষ।
মড়্‌মড়ি, বি, অতিশয় শুষ্ক।
মড়ল, বি, (মণ্ডল শব্দজ) মণ্ডল, গ্রামের প্রধান প্রজা।
মড়া, মরা, বি, শব, মৃতদেহ।
মড়াই, বি, ধান্যাদি রাখিবার জন্য বিচালি খড়ের মোটা দড়ি দ্বারা প্রস্তুত পাত্র বিশেষ।
মড়াকামড়, বি, জীবনাশা পরিত্যাগ পূর্ব্বক দংশন।
মড়াঞ্চিয়া, মড়ুঞ্চে, বি, মৃতবৎসা, মৃতপুত্রা, যে স্ত্রীর সন্তান জন্মিয়া মরিয়া যায়।
মড়্‌কা, বি, অদৃঢ়, ঠুন্‌কো।
মণ, বি, চল্লিশ সের।
মণকির, বি, (যাং) অস্বীকার।
মণি, বি, (যাং) শুক্র, রেতঃ; ২। বহুমূল্য প্রস্তর বিশেষ।
মণিকার, বি, মণি পরীক্ষক, জহরী।
মণিপুর, বি, আসাম প্রদেশস্থ রাজ্য বিশেষ।
মণিবন্ধ, বি, করগ্রন্থি, হাতের [কব্জা।
মণিবীজ, বি, দাড়িম্ব বৃক্ষ।
মণিমা, বি, (উর্দ্দু) প্রভু, মণিব।
মণিয়া, মণুয়া, বি, পক্ষী বিশেষ।
মণিহারী, বি, (মনোহারী শব্দজ) বহুবিধ দ্রব্যাদি বিক্রয়কারী, গালার অলঙ্কার ও খেলনাদি বিক্রয় কারী; ২। যে দোকানে নানাবিধ মনোরঞ্জনকারী

দ্রব্যাদি বিক্রীত হয়। (Stationary Shop)।

মণ্ড, বি, ফেন ; ২। মাড়।

মণ্ডল, বি. গ্রামের প্রধান ; গ্রামের প্রধান প্রজা। [সন্দেশ।

মণ্ডা, মোণ্ডা, বি, মিষ্টান্ন বিশেষ,

মণ্ডী, মুণ্ডী, বি মিষ্টান্ন বিশেষ।

মত, বি, প্রকার ; ২। অভিপ্রায়।

মতন, বি, সদৃশ, ন্যায়।

মতলব, মৎলব বি, (আরবী— তলব=চাহা, অতএব যে বস্তু চাহা যায়, অথবা মনে যে ইচ্ছা থাকে, তাহাই মতলব) মনোগত ভাব। [দ্বৈধ।

মতামতি, বি, ভিন্ন ভিন্ন মত, মত

মতিচ্ছন্ন, মতি'চ্ছন্ন, বি, বুদ্ধি-ভ্রংশ, কুমতি।

মতী, বি, সম্প্রদায় ; ২। পক্ষ-পাতী ; ৩। মুক্তা ; ৪। তাঁতের অঙ্গ বিশেষ, ইহা বাখারির তৈয়ারি, দেখিতে ধনুকাকার, ইহা থাকাতে বুনা সুতা গুটা-ইতে পারে না। [বিশেষ।

মত্তন, বি, খানিগাছের দণ্ড

মর্ত্তমান, বি, (মার্ত্তাবান শব্দের অপভ্রংশ কি ?) কদলী বিশেষ, বোধ হয়, মার্ত্তাবান উপ-সাগরের নিকটবর্ত্তী স্থান হইতে আনীত বলিয়া মর্ত্তমান নাম হইয়াছে।

মদক, মোদক, বি. নিদ্রাকর ঔষধ বিশেষ ; ২। ময়রা ; ৩। মোয়া।

মদৎ, বি, (পারশী) সাহায্য।

মদ্দ, বিং বলবান্ বলিষ্ঠ, জোয়ান।

মদ্দা, বি, (পারশী মরদ্) পুরুষ।

মধুকর, বি, নৌকা বিশেষ ; যথা,—

"কতকাল সাজাইয়া সাত মধুকর।
জামাতা লইয়া সাধু চলিল সকর।"
(কবিকঙ্কণ)

মধুকোষ, বি, মুষ্ক, অণ্ডকোষ।

মধুনাপিত, বি, মোদক, ময়রা জাতি বিশেষ।

মধ্যবিত্ত, বিং মাঝারি, মধ্যম প্রকার।

মধ্যমান, বি, বাদ্যের তাল বিশেষ।

মধ্যস্থ, বি, মীমাংসা ; ২। মীমাং-সক (umpire)।

মধ্যস্থল, বি, মাঝখান।

মধ্যস্থালী, বি, মধ্যস্থতা, মধ্যবর্ত্তিতা, পঞ্চায়েত।

মধ্যে মধ্যে, ক্রি বিং, কখন কখন, অনিয়মিত। [সের।

মন, বি, অন্তঃকরণ ; ২। চল্লিশ

মনআপমালা, বি, গলদেশের অলঙ্কার বিশেষ, মোহন মালা ; যথা,—

"বসন ভূষণ গুঞ্জা মনআপমালা।
সবার জোগান রত্ন বরণের ডালা।"
(ঘনরাম)

মনকলা, বি, মনে মনে কোন বিষয়ের আকাঙ্ক্ষা, কামনা; যথা,—

"বর দেখি এয়োগণ খায় মনকলা।
ধনপতি দন্তে সাধু দিল বরমালা"
(কবিকঙ্কণ)

মনক্কা, বি, সুমিষ্ট ফল বিশেষ, কিস্‌মিস। ইহার নাম হিন্দীতে দাখ ও আঙ্গুর, মহারাষ্ট্রে দ্রাক্ষা।

মনছাল, বি, বিষাক্ত দ্রব্য বিশেষ, মনঃশীলা। [বাস গৃহ।

মন্‌জিল, বি, (পারশী) আবাস,

মনসব, মুন্সিব, বি, (ইং Munsiff) দেওয়াণী বিচারক; ২। লেখক।

মনসবাদার, বি, উপাধি, প্রধান সুবাদারের অধানে শত সৈন্যের নেতা।

মনসা, বি, জরৎকারু মুনি পত্নী।

মনসুর, বিং (পারশী) বিজয়ী।

মনসিব, বিং (পারশী) ইচ্ছামত, যোগ্য; ২। বি,—সেনানায়কত্ব, নবাবী আমলের সম্মান সূচক উপাধি বিশেষ।

মনিব, মনীব, বি, (আরবী—মুনিব) প্রভু, কর্ত্তা।

মন্দচাল, বি, কদাচার, কুব্যবহার।

মন্দজুয়ার, বি, নদীর অল্প স্রোত, মরা কোটাল।

মন্দবাস, বি, দুর্গন্ধ।

মন্দবাসন, বি, মন্দজ্ঞান, হেয় বোধ, ঘৃণা করণ।

মন্দা, বি, হ্রস্বতা, স্বাভাবিক অবস্থার ন্যূনতা।

মন্দির, বি, দেবালয়, দেবগৃহ।

মন্দিরা, বি, কাংস্য নির্ম্মিত বাদ্যযন্ত্র বিশেষ।

মন্ন, বি, অভিসম্পাত।

মন্বন্তর, বি, দুর্ভিক্ষ, অন্নকষ্ট।

মফঃস্বল, বি, (পারশী) সদরের অধীন স্থান; ২। গোপন।

মবলগ, বি, (পারশী মবলিগ) নগদ টাকা; ২। একুন টাকার সমষ্টি, মোট।

মবলগে, (পারশী) সমুদয়ে।

মমজাম, বি, বস্ত্র বিশেষ, মমের আচ্ছাদন যুক্ত বস্ত্র। (wax-cloth)।

ময়দা, বি, (পারশী) গোধূমচূর্ণ।

ময়দান, বি, (পারশী) মাঠ, ক্ষেত।

ময়না, বি, (মদন শব্দজ) পক্ষী বিশেষ, মদনা পাখী; ২। কণ্টক বৃক্ষ বিশেষ; ৩। দূতী, কুট্টনী।

ময়রা, বি, (মোদক শব্দজ কি?) জাতি বিশেষ, মিষ্টান্ন প্রস্তুত করা যে জাতির ব্যবসা।

ময়লা, বি, (মল শব্দজ) অপরিষ্কৃত বস্তু, মলা; ২। বিং—অপরিষ্কৃত।

ময়ান, বি, গোধূম চূর্ণের সহিত ঘৃত মিশ্রণ।

ময়াল, বি, বৃহৎ সর্প বিশেষ; ২। প্রাচীর, প্রাকার শীর্ষ; যথা,—

"বাম ভাগে দেখে সাধু লঙ্কার ময়াল।
উত্তরিল সেতু বন্ধ রামের জাঙ্গাল।"
(কবিকঙ্কণ)

ময়ূরপঙ্খী, বি, ময়ূর পক্ষীর আকারের দ্রব্য বিশেষ। ইহা বাঁশের বাখারি দিয়া ময়ূর গড়াইয়া লম্বা গলায় মাটী লেপিয়া নীল প্রভৃতি বিবিধ বর্ণের কাগজ দিয়া মোড়া হয়।

মরদ, বি, বলবান পুরুষ, জোয়ান।

মরম, বি, (মর্ম্ম শব্দজ) শরীরের সন্ধিস্থান, হৃদয়াদি জীবস্থান; যথা,—

"যদি বা কহ লোকের মাঝে,
মরমী জানায় মরমে বাজে।"
(চণ্ডীদাস)

২। মর্ম্মান্তিক যাতনা; যথা,—
"মনের মরম কহি জুড়াবার তরে।"
(চণ্ডীদাস)

মরমর, বি, (মর্ম্মর শব্দজ) মর্ম্মর প্রস্তর, শ্বেতপ্রস্তর; ২। বিং— মৃতপ্রায়।

মরমী, বিং (মর্ম্মী শব্দজ) ব্যথিত, ব্যথার ব্যথী; যথা,—
"যাহাকে মরমী কহি সে বাসয়ে পর।"
(চণ্ডীদাস)

মরশুম, বি, কার্য্যবাহুল্যের কাল, কার্য্যবাহুল্য।

মরা, বি, শব, মৃতদেহ; ২। বিং— মৃত, গতাসু; ৩। নিস্তেজ।

মরাই, মরায়, বি, ধান্যের গোলা; জাহাজের কাচির আকারে পাক দেওয়া খড় নির্ম্মিত পাত্রের নাম মরাই।

মরাটিয়া, বিং মৃত, নিস্তেজ।

মরাধার, বি, ভোঁতা।

মরামাস, বি, মস্তকের চামটী, খুকী; ২। মৃত পশ্বাদির মাস।

মরিচা, মর্চ্যা, বি, লৌহমল, ময়লা।

মরিয়া, বিং মৃতপ্রায়, মরণ সংকল্প।

মর্জ্জি, বি, (যাং) ইচ্ছা, বাঞ্ছা।

মর্দ্দ, বি, যুবা পুরুষ।

মর্দ্দানা, বি, হস্তালঙ্কার বিশেষ।

মর্দ্দানি, বি, বলপ্রকাশ, ক্ষমতা জানান। [প্রস্তর।

মর্ম্মর, বি, প্রস্তর বিশেষ, মার্ব্বল

মল, বি, রৌপ্য নির্ম্মিত পাদাভরণ বিশেষ; যথা,—
"পাদপদ্মে রজত নূপুর সুশোভন,
তদুপরি মল শোভে জগত মোহন।"
(চৈতন্য ভাগবত)

মলঙ্গী, বি, লবণ প্রস্তুত কারক।

মলন, বি, পোষণ, ডলন।

মলনিয়া, বিং মর্দ্দক, পেষণকারী।

মলবদ্ধ, বি, কোষ্ঠবদ্ধ।

মলম, বি, (পারশী—মরহম্)

প্রলেপনীয় ঔষধ বিশেষ (ointment)।

মলমাস, বি, সৌরমাস অপেক্ষা কোন চান্দ্রমাস কম হইলে সেই চান্দ্রমাসে একটীও সংক্রান্তি হয় না। সেই অসংক্রান্তি মাসকে অধিক মাস বা অধিমাস এবং চলিত কথায় মলমাস বলে।

মলম্বা, বি, (যাং) স্বর্ণপত্র, সোণালি, গিল্‌টি ; যথা,—

"মলম্বা অম্বরে তাম্রপ্রভা শোভা যদি ধরে"

(মেঘনাদ বধ কাব্য)

মলাধরা, বিং সমল, অপরিষ্কৃত।

মলুকা, মৌল, বি, শস্যকণা, খুদ ; ২। খর্জ্জুরাদি রসের গাদ।

মল্লতাড়ল, বি, পাদাভরণ বিশেষ, পশ্চিম দেশীয়া রমণিগণ চরণে অধুনা পরিধান করিয়া থাকে।

মল্লো, বি, (সাঁওতাল পরগণা) ধুন্দুল।

মশক, মকশ্‌, বি, চর্ম্মনির্ম্মিত বৃহৎ পাত্র বিশেষ।

মশলা, মসলা, বি, (আরবী) বনিক দ্রব্য ; ২। উপকরণ ; ৩। (হিন্দী) ঔষধ। (বিশেষ।

মশা, বি, (মশক শব্দজ) কীট

মশান, বি, (শ্মশান শব্দজ) শ্মশান, প্রেতভূমি, বধ্যভূমি, সমাধি স্থান ; যথা,—

"শত শত শব ; কেমনে বর্ণিব কত যে
দেখিনু নাথ, সে কাল মশানে।"

(বীরাঙ্গনা কাব্য)

মশারি, বি, (মশহরী শব্দজ) মশক নিবারক আবরণ বিশেষ।

মশাল, বি, (যাং) আলোক বিশেষ, দেউটী।

মষ্য, বি, মহিষ ; যথা,—

"পশুর হাজরা মষ্য, খাইবে প্রজার শস্য,
তুমি হবে রাজার দুয়ারী।"

(কবিকঙ্কণ)

মসাতে—হিসাবে ; যথা,—

"তোমা সনে নাহি দায়,
মসাতে যতেক হয়,
সদরে গনিয়া দিব কড়ি।"

(কবিকঙ্কণ)

মসালচী, বি, (পারশী) যে মসাল ধরে।

মসাহরা, মাসহারা, বি, (যাং) মাসিক বৃত্তি।

মসিদ, মসজিদ, বি, (যাং) যবনদিগের ধর্ম্মমণ্ডপ।

মসীল, বি, (যাং) তাগাদা, জুলুম ; যথা,—

"মসীল করিবে রাজা দিয়া হাতে দড়ি।
প্রথম মাসেতে চাহি এক তেহাই কড়ি।"

(কবিকঙ্কণ)।

মস্‌নদ্‌, বি, (আরবী—সনদ্‌= আশ্রয় (support) যাহার দ্বারা support বা ঠেস হয়, তাহা মস্‌নদ্‌=তাকিয়া বা বালিস। 'গদী' অর্থেও ইহার

ব্যবহার পারশী ও উর্দ্দূতে আছে।) তক্ত, আসন।

মস্করা. মস্‌করা, বি, (আরবী; হিন্দী=মুস্করা) পরিহাস, রঙ্গ, ব্যঙ্গ (Buffoonery)।

মস্করাম. বি, (আরবী) কৌতুক করণ।

মস্কারা. বি, পরিহাস; ২। ধ্বজ-দণ্ড, নিশান; যথা,—

"মস্কারা পুতিয়া বীর বান্ধে বনমালা।
হাটুয়া আনিয়া বীর দেয় তাড়বালা।"
(কবিকঙ্কণ)

মস্কিল, বি, অসাধ্যতা, বিপদ।

মস্ত, বিং (পারশী—মস্‌ত) বৃহৎ, প্রধান।

মহকুমা, বি, উপবিভাগ, যেখানে হাকিমেরা বসে অর্থাৎ বিচার হয় (Sub-division)।

মহকুপ, মকুপ, বি, (পারশী) অব্যাহতি, বন্ধ, স্থগিত।

মহড়া, বি, সম্মুখভাগে যাইয়া গতিরোধ।

মহত্তরাণ, মহাত্রাণ, বি, বিনাকরে শূদ্রের ভোগ্যভূমি।

মহৎ, বি, সম্মান, সম্ভ্রম; যথা,—
"হঠ নাহি করহ মহত রাখ মোর।"

মহন, বি, আলোড়ন, মওয়া।

মহরৎ, বি, (যাং) বৎসরের প্রথম দিন ব্যবসাদারের গৃহে নূতন খাতায় টাকা জমা দেওয়া। নূতন খাতার দিন ব্যবসাদারের ঘরে খরিদদার যাহা জমা দেন।

মহরম, বি, (পারশী) মুসলমান-দিগের প্রথম চান্দ্রমাস। ইহাই মুসলমানী হিজরী সালের প্রথম মাস। এই মাস হইতে হিজরী সাল আরম্ভ। এই মাসের ১০ই তারিখেই মহরমের মহোৎসব বা "অশুরা।" ৯ই ও ১০ই তারিখে অশুরা রোজা রাখা নিয়ম।

মহল, বি, (আরবী—হলুল= উত্তরণ করা অর্থাৎ যে স্থানে উত্তরণ করা যায়, তাহাই মহল) বাটীর বিভাগ; ২। আড্ডাসময়; ৩। নির্দ্দিষ্ট বিভাগ। [লওয়া।

মহলত, বি, অবকাশ বা সময়

মহলদার, বি, জলকরাদি মহল যে ব্যক্তি বন্দোবস্ত করিয়া লইয়া রাজস্ব আদায়ে ভোগ করে।

মহলা, বি, সঙ্গীতের পুনরাবৃত্তি, আখড়াই; ২। শিক্ষার পরীক্ষা।

মহল্লা, বি, (মহল শব্দজাত) নগর বা সহরের পাড়া।

মহল্লাদার, বি, পুলিশের কর্ম্মচারীর অধীনস্থ তত্ত্বাবধায়ক।

মহাজন, বি, ঋণদাতা, যে ব্যক্তি

টাকাকড়ি ধার দেয়; ২। যাহারা দূরান্তর হইতে মাল চালানী কার্য্য করেন, তাঁহাদিগকেও মহাজন বা সওদাগর কহে।

মহাজনী, বি, ঋণদান দ্বারা অর্থোপার্জ্জন। কথাটী সচরাচর দুই অর্থে ব্যবহৃত হয়; ১। মূলধন সুদে খাটাইয়া অর্থোপার্জ্জন, ইহাকে তেজারতীও বলে; ২। মূলধনের সাহায্যে ক্রয় বিক্রয়াদির দ্বারা অর্থোপার্জ্জন, বাণিজ্য।

মহান্ত, বি, দেবসেবাইত, দেবালয়াধ্যক্ষ।

মহাপা, মহাপায়া, মহাপাল, বি, যান বিশেষ, বিবাহে বর কন্যার আরোহণার্থ যান বিশেষ।

মহাপ্রসাদ, বি, জগন্নাথদেবের উদ্দেশে যাহা ভোগ দেওয়া যায়; ২। দেবোদ্দেশে নিবেদিত দ্রব্য।

মহাফেজ, বি, (পারশী) মোকদ্দমার দলিল ও কাগজ পত্র যাহার নিকট থাকে, সেরেস্তায় কাগজপত্রাদি যাহার জিম্মায় থাকে। যে স্থানে ঐ সকল দ্রব্য থাকে, তাহার নাম মহাফেজ খানা।

মহামার, বি, অতিশয় গোলমাল, মহাগণ্ডগোল।

মহামারী, বি, অতিশয় মরক।

মহাল, বি, ভূমি সম্পত্তি, জমিদারী। জেলার কালেকটারীতে জমির যে রেজিষ্টারী বহি বা তৌজি থাকে, তন্মধ্যে একই দফায় যে ভূমি রেজিষ্টারী থাকে, তাহার নাম মহাল।

মহাশয়, মশায়, বি, শিক্ষক, গুরুমহাশয়; যথা,—

"হাত পা বান্ধিয়া তারে লয় চারিবীর।
মহাশয়ের প'ড়ো যেন হাজির হাজির॥"
(কৌতুকবিলাস)

মহিম, বি, (পারশী) যুদ্ধ।

মহু, বি, (মধু শব্দের অপভ্রংশ) মধু, মৌ।

মহুয়া, বি, (হিন্দী) বৃক্ষবিশেষ, ফলবিশেষ; ইহার গাছ নিজ বাঙ্গালাদেশে বড় একটা হয় না। বাঙ্গালার পশ্চিমাঞ্চলে অনেক গাছ আছে। ইহার বীজকে 'কচড়া' বলে। কচড়ার একরকম ঘন তৈল হয়।

মহুলা, বি, মধু আহরণকারী।

মাই, বি, স্তন; ২। (হিন্দী) মাতা, জননী। যথা,—

"মাই শুন ওলো, মাই কি ভাব।"
(কালীকীর্ত্তন)

মাইচা, বি, (পূর্ব্ববঙ্গে) কাষ্ঠাসন বিশেষ, কেদারা।

মাইজ, মাজ, বি, (মজ্জা শব্দজ) , বৃক্ষের সার.; ২। মধ্যভাগ।

মাইয়া, বি, স্ত্রীলোক, নারী; ২। কন্যা।

মাইয়ামুখ, বি, মুখচোরা, যে কাহারও সহিত কথা কহিতে পারে না।

মাইসর, বি, (মার্গশীর্ষ শব্দজ কি ?) অগ্রহায়ণ মাস। যথা,—

"মাস মধ্যে মাইসর আপনি ভগবান।
হাটে মাঠে গৃহে গোঠে সবাকার ধান॥"
(কবিকঙ্কণ)

মাউই, মাউইমা, বি, ভ্রাতা বা ভগিনীর শাশুড়ী।

মাওড়, মাওড়া, বিং মাতৃহীন।

মাকড়, মাকড়সা, বি, (মর্কট শব্দজ কি ?) লূতা, ঊর্ণনাভ।

মাকড়ী, বি, কর্ণাভরণবিশেষ।

মাকড়জাল, বি, মাকড়সার জাল; ২। বৃক্ষবিশেষ। [২। খল।

মাকাটীয়া, বিং অদাতা, কৃপণ;

মাকাটা, বি, কার্পাসের বীজ; ২। পাটগাছের ডাঁটা, পাঁকাটী।

মাকাল, বি, বৃক্ষবিশেষ, ফলবিশেষ; ২। ধীবরদিগের পূজ্যদেবতা বিশেষ, মৎস্য দেবতা; যথা,—

"পালুক চিনেছেন মাকাল ঠাকুর॥"
(প্রবাদ)

মাকু, বি, বস্ত্রনির্ম্মাণের যন্ত্রবিশেষ, নলী। ইহা লৌহনির্ম্মিত, দৈর্ঘ্যে প্রায় ১॥ দেড় পোয়া, প্রস্থে প্রায় ৬ ইঞ্চ।

মাকুন্দিয়া, মাকুন্দে, বি, শ্মশ্রুগুম্ফহীন পুরুষ, দাড়ি গোঁপ শূন্য ব্যক্তি।

মাক্কায়—সমুদায়, গড়ে, মোটে।

মাখন, মাখম, বি, নবনীত, ননী (Bulter)।

মাখনিয়া, বি, মাখন বিক্রেতা।

মাগ্, মাগু, বি, পত্নী, স্ত্রী।

মাগা, ক্রি, প্রার্থনাকরা, ভিক্ষাকরা; যথা,—

"যে অভীষ্ট চিত্তে দেখ তাহা তুমি মাগ।"
(চৈতন্য ভাগবত)

মাগী, বি, অধিকবয়স্কা স্ত্রী, বৃদ্ধাস্ত্রী। [মহার্ঘ্য, আক্রা।

মাগ্‌গি, বিং (মহার্ঘ্য শব্দজ)

মাগুর, বি, (মদ্গুর শব্দজ) মৎস্য বিশেষ। [গর্ব্ব।

মাগ্রাম, বি, আত্মশ্লাঘা, দম্ভ,

মাগ্রামীয়া, বিং আত্মশ্লাঘী, ডেঁপো।

মাঙ্গন, বি, যাচন, ভিক্ষাকরণ; ২। আবওয়াব।

মাঙ্গণ , বি, ভিক্ষা; ২। বিং—দাতব্য, বিনামূল্য।

মাঙ্গন্তু'ড়িয়া, বিং ভিক্ষুক, যাচক।

মাঙ্গা, বি, প্রার্থনা, যাচ্ঞা; ২। বিং—মহার্ঘ্য।

মাঙ্গান, বি, ভিক্ষার্থ প্রেরণ।

মাচ, মাছ, বি, (মৎস্য শব্দজ) মৎস্য।

মাচা, (বি, মঞ্চ শব্দজ) বংশরচিত উচ্চস্থান, ভারা।

মাচি, মাছি, বি, (মাচিকা শব্দজ) কীটবিশেষ, মক্ষিকা।

মাচিয়া, বি, কাষ্ঠাসন বিশেষ, ছোট চৌকী

মাচুয়া, মাছুয়া, বি. মৎস্য বিক্রেতা, জালিয়া; স্ত্রীং—মাচুয়ানী, মাছুয়ানী।

মাচিটেপা, বিং ব্যয়কুণ্ঠ, কৃপণ।

মাচিতা, মাছিতা, বি, মুখে কৃষ্ণ-বর্ণ চিহ্নবিশেষ। যথা,—

"খুল্লনার মুখশশী করে টল টল।
মাছিতায় মলিন তোমার গণ্ডস্থল॥"
(কবিকঙ্কণ)

২ ক্ষতস্থানে মক্ষিকাদির ডিম্ব পাতন।

মাচ্‌কোফের, বি, উভয় সঙ্কট।

মাজ, মাঝ, বি, (মধ্য শব্দজ) অভ্যন্তরভাগ, মধ্যদেশ; ২। (মজ্জা শব্দজ) সার।

মাজড়া, বি, ঘটনা, ব্যাপার।

মাজন, বি, (মার্জ্জন শব্দজ) মার্জ্জন, রগড়ান, ঘর্ষণ; ২। দন্তমার্জ্জন ঔষধ বিশেষ।

মাজনা, বি, স্বর্ণকারের যন্ত্র-বিশেষ—গোল করিবার যন্ত্র; ২। যদ্দারা মার্জ্জন করা যায়।

মাজমরা, বিং মধ্যক্ষীণ, মধ্যভাগে সরু; ২। বৃক্ষের মধ্যভাগ নষ্ট হওয়া। [যাওয়া।

মাজর, বি, দ্রব হওয়া, গলিয়া

মাজা, মাঝা, বি. (মধ্য শব্দজ) কটিদেশ, কাঁকাল; যথা,—

"মৃগরাজ জিনি মাঝা ত্রিবলী শোভিত।
লোম লতাবলী নাভি বিবর মণ্ডিত॥"
(ঘনরাম)

মাজার, মাঝার, বি, মধ্যদেশ, মধ্যস্থল।

মাজী, মাঝি, বি, কর্ণধার, নাবিক; যথা,—

"হয় নৌকা হরি মাঝি পার হন বিধি।"
(ভারতচন্দ্র)

২। গ্রামের প্রধান ব্যক্তি, মণ্ডল; ৩। সাঁওতাল পরগণায় গ্রামের প্রধান প্রজা বা প্রধান ব্যক্তিকে 'মাঝি' বলে।

মাজুম, বি, (আরবী—মাজুন) মাদকতা জনক দ্রব্য বিশেষ।

মাজুরী, মাঞ্জুরী, বি, তৃণনির্ম্মিত আস্তরণ বিশেষ, মাদুর; যথা,—

"বাইতি নিবসে পুরে,
নানাজাতি বাদ্য করে,
পুরে ভ্রমে মাঞ্জুরী বিকনী।"
(কবিকঙ্কণ)

মাজুল, বিং (যাং) কর্ম্মচ্যুত, পদ-ভ্রষ্ট।

মাঝামাঝি, বি, মধ্যস্থান; ২।

মধ্যম আকৃতি, যাহা ন্যূন বা অতিরিক্ত নহে।

মাঝিয়া, মেঝে, বি, গৃহতল।

মাঞ্জা, বি, ঘুড়ির সুতার পাট বিশেষ। কাচচূর্ণ ও খই বা সাগুর মার উহার উকরণ।

মাট, মাটো, বিং (মন্দ শব্দজ কি ?) কার্য্যে শিথিল, যে দ্রুত কোন কার্য্য করিতে পারে না।

মাটি, মাটী, বি, (মৃত্তিকা শব্দজ) মৃত্তিকা, ভূমি; ২। বৃথা, নিষ্ফল; ৩। অপদার্থ, সারহীনতা।

মাটিকাটা, বি, খনক, যাহারা মাটী কাটে; ২। মাটি খনন করা।

মাটিয়া, বিং মৃণ্ময়, মৃত্তিকাময়; ২। বি,—ছাগাদি জন্তুগণের উদরাভ্যন্তরস্থ পদার্থ বিশেষ।

মাঠ, বি, প্রান্তর, ময়দান; ২। গোচারণ স্থান।

মাঠা, বি, (হিন্দী) তক্র, ঘোল।

মাঠানজমি,—যে জমিতে চাষ দিয়া ফসল উৎপন্ন করা যায়। মাঠান জমি দুই প্রকার, শালি ও সুনা। শালি ও সুনা জমি আবার উৎপাদিকা শক্তির তারতম্যানুসারে আউল, দুয়েম, সুয়েম ও চাহারাম এই চারি শ্রেণীতে বিভক্ত।

মাড়, বি, (মণ্ড শব্দজ) তণ্ডুলাদির ক্বাথ, ফেণ; ২। ভেলা।

মাড়ন, বি, (মর্দ্দন শব্দজ) পেষন, দলন; ২। ধান্যাদি মর্দ্দন।

মাড়ান, বি, পদদ্বারা দলন।

মাড়ি, মাঢ়ী, বি, দন্তমূলের উপরিভাগ, দন্তমূল; ২। আম্রাদির রস।

মাড়ুয়া, বি, শস্যবিশেষ।

মাড়োয়ারী-মাড়োয়ার (মিবার) বাসীলোক।

মাণকচু, বি, মূলবিশেষ।

মাণিক, বি, (মাণিক্য শব্দজ) রত্নবিশেষ।

মাণিকজোড়, বি, পক্ষী বিশেষ; ২। দুইজনে পরস্পর অতিশয় প্রণয় হেতু সদাসর্ব্বদা এক সঙ্গে অবস্থান বা ভ্রমণ করিলে তাহাদিগকে ব্যঙ্গ স্বরূপ উক্ত বাক্যও ব্যবহৃত হয়।

মাত, মাৎ, মাথ, বি (মস্তু শব্দজ) দধির অসার ভাগ; ২। অসার গুড়, গুড়ের জলীয় ভাগ।

মাত, বি, (পারশী) দাবাখেলায় কিস্তি দেওয়ার পর রাজার যখন অন্য পদ না থাকে, তাহার নাম মাত; যথা,—

"ওরে অবশেষে কোণের ঘরে,
ব'ড়ের কিস্তি মাত হ'ল।"
(রামপ্রসাদ)

২। বিং—আশ্চর্য্যান্বিত, হত-বুদ্ধি।

মাতন, বি, মত্ত হওন, উৎসাহিত হওন।

মাতানি, বি, মত্ততা; ২। উৎসাহ।

মাতলামি, বি, মত্ততাপ্রকাশ।

মাতব্বর, বিং (যাং) প্রধান, গণ্য মান্য।

মাতান, বি, মত্তকরাণ, খেপান।

মাতাল, মাতোয়াল, বিং (সং—মত্ত, প্রাকৃত—মত্তবাল) উন্মত্ত; ২। মদ্যপায়ী; ৩। বিহ্বল, মত্ত; যথা,—

"এতবলি তাড়াতাড়ি,
চলিল বাহির বাড়ী,
মাধবী যেন মাতাল মহিষী।"
(ভারতচন্দ্র)

"একদিন পথে দেখে দুই মাতোয়াল।
মহাদস্যু প্রায় তারা মদ্যপ বিশাল॥"
(চৈতন্য ভাগবত)

মাতালো, বিং প্রধান, শ্রেষ্ঠ।

মাতি, বি, পরিমাণ, তৌল; ২। নারিকেলাদি বৃক্ষের মস্তিষ্ক; ৩। ক্রি,—মত্ত হইয়া; যথা,—

"ভ্রান্তি মদে মাতি ভাবি
পাইব সত্বরে পাদ পদ্ম।"
(বীরাঙ্গনাকাব্য)

মাত্তা, বি অর্থ, ধন।

মাতোয়ারা, বিং উন্মত্ত, অজ্ঞান।

মাতোয়ালি, বি, (পারশী) মুসলমানদিগের দাতব্য কার্য্যের তত্বাবধায়ক।

মাথট, বি, চাঁদা, বহুলোকের দান দ্বারা অর্থসংগ্রহ।

মাথা, বি, (মস্তক শব্দজ) মস্তক।

মাথাখাওয়া,—অপমান করা, বিরক্তকরা। নষ্টকরা।

মাথাটানা, বিং অবাধ্য, ঠেঁটা।

মাথানাড়া, বি, শিরঃকম্প; ২। তর্জ্জন।

মাথামাথি, বি, ঠুসাঠুসি; মস্তকে মস্তকে আঘাত।

মাথাল, বি, স্তম্ভের শিরোভাগ ২। তৃণ; ৩। বিং—প্রধান, শ্রেষ্ঠ।

মাদল, বি, (মর্দ্দল শব্দজ) মৃদঙ্গ বিশেষ, বাদ্যবিশেষ।

মাদলাপঞ্জী,—পুরীস্থ জগন্নাথ-দেবের যে প্রত্যাহিক কার্য্য বিবরণী তালপত্রে লিখিত হইয়া মন্দির মধ্যে রক্ষিত হয়, তাহার নাম মাদলা পঞ্জী।

মাদা,—গাছের গোড়ায় জল বান্ধিবার জন্য উহার গোড়ার চতুর্দ্দিকে যে আলি বান্দিয়া দেওয়া হয়, তাহাকে "মাদা" বা আল বলে।

মাদা, মাদি, বি, (পারশী) পশ্বাদির স্ত্রীজাতি।

মাদার, বি, (মন্দার শব্দজ) বৃক্ষবিশেষ, দেশবিশেষে 'ডেও' বা ডেফল কহে।

মাদুর, বি, (মন্দুরা শব্দজ) তৃণ-নির্ম্মিত আসনবিশেষ।

মাদুলী, বি, কণ্ঠভূষণ বিশেষ; ২। কবচ।

মাদ্রাসা, বি, (পারশী) মুসলমান চতুষ্পাঠী। চতুষ্পাঠীর অধ্যক্ষ মাদারিস্।

মান, বি, সম্মান, মর্য্যাদা; ২। কচুবিশেষ, মানকচু; ৩। জাহানাবাদ অঞ্চলের চাউলের মাপ = ৪ সের।

মানত, বিং (মনোনীত শব্দজ) মনের অভিলষিত; ২। নিয়মকারী; ৩। গৃহীত ব্রত।

মানন, বি, পূজ্যকরণ, মান্য করা; ২। সম্মত হওন, পালন।

মাননা, বি, সম্মান; ২। দেবদেবীর নিকট প্রার্থনা। মানসা।

মানভঞ্জন, বি, অভিমান দূরীকরণ, ক্রোধভাব অপনয়ন।

মানস্থরে, বি, দস্যুবিশেষ, ইহারা অদৃশ্যভাবে থাকিয়া পথিকদিগকে হত্যা করিয়া তাহাদের যথাসর্ব্বস্ব হরণ করিত, বীরভূম বাকুড়া অঞ্চলে ইহাদের নাম মানস্থরে।

মানা, বি, নিষেধ, বারণ, প্রতিবন্ধক; যথা,—

"সবে মানা করে, তবু নিষেধ না মানে।"
(চৈতন্যভাগবত)

২। সম্মত করণ, স্বীকার; যথা,—

"মানাও সে বামুনেরে মিটিবে প্রলয়"
(ভারতচন্দ্র)

৩। নদীর চর।

মানান, বি, সম্মত করণ, ঠিক করণ; ২। উভয়ের মিলন; ৩। সমতুল; ৪। দেবদেবীর পূজার অভিলাষ; যথা,—

"তাহে আমি হই রুষ্ট,
পুত্র কোলে তুমি তুষ্ট
রুষ্ট হ'লে শোধিতে মানান।"
(ঘনরাম)

মাপ, বি, পরিমাণ, ওজন, জোকা; ২। মার্জ্জনা; যথা,—

"কাল বড় কুৎসিত আমারে কর মাপ।"
(কবিরঞ্জন)

মাপদার, বি, যে দ্রব্যাদি ক্রয় বিক্রয়ের সময় ওজন করে, কয়াল।

মাফ, বি, মার্জ্জনা।

মাফিক, বিং সদৃশ, অনুযায়ী; যথা,—

"তোমা তুষি ত্রিভুবন জিনিলাম বটে।
মনের মাফিক যুদ্ধ মোরে নাহি ঘটে।"
(শিবায়ন)

মামড়ী, বি, নাসিকামল; ২। ক্ষতের শুষ্কচর্ম্ম।

মামলা, বি, (যাং) মোকদ্দমা; ২। বিষয় কর্ম্ম, ব্যাপার।

মামা, বি, (মাম শব্দজ) মাতৃ-

ভ্রাতা, মাতুল। (চট্টগ্রামে) মাউ—স্ত্রীং—মামী

মামাতুয়া, বিং মাতুল সম্বন্ধীয়।

মামুদা, মম্‌দো, বি, ভূতযোনি বিশেষ; যথা,—

"আকাশে কুমুদা, আছিলা মামুদা।
ভাঙ্গিলা মাথার খুলি।"
(কবিকঙ্কণ)

২। জাতি বিশেষ, নিম্নশ্রেণীর কাংস্যবনিক সম্প্রদায় বিশেষ।

মামুর, বি, (যাং) অন্ত, শেষ।

মামুলি, বিং (পারশী) চিরপ্রচলিত প্রথামত (Customary)।

মামুলি আদায়—নিয়মিত খাজনা ব্যতীত প্রজার নিকট চির-প্রথানুসারে গুড়, আলু প্রভৃতি যে সকল দ্রব্য আদায় হয়।

মায়, বিং (আরবী) সমষ্টি, সহিত।

মার, বি, প্রহার, আঘাত; ২। ধ্বংস, ক্ষতি।

মারকুটিয়া, বিং মারণ স্বভাব বিশিষ্ট, দুষ্ট। [চাতুরী।

মারপেঁচ, বি, ফেরফার, ষড়যন্ত্র,

মারফৎ, (যাং) দ্বারা, নিকট। যদি কোন ব্যক্তির হস্তে কোন দ্রব্য বা টাকা পাওয়া যায়, তবে ঐ ব্যক্তির মারফত পাওয়া গেল, এইরূপ বলিতে হয়। মারফতকে সংক্ষেপ 'মা' বা "গুঃ" (গুজরৎ) লেখা যায়।

মারা, ক্রি, প্রহার করা, আঘাত করণ। [প্রহার।

মারামারি, বি, যুদ্ধ, পরস্পর

মারিভয়, বি, মহামারি, মড়ক।

মারুতি, বি, গর্ভস্থ ভ্রূণ; যথা,—

"প্রসূতি মারুতি নড়ে,
ক্ষণে ক্ষণে ব্যথা বাড়ে,
লোটায় নিদয়া ভুমিতলে।"
(কবিকঙ্কণ)

মার্গ, বি, পায়ু, পশ্চাদ্ভাগ।

মার্জ্জা, বি, বিনিময়, বদল।

মাল, বি, (মল্ল শব্দজ) বলবান জাতি বিশেষ, সর্প ক্রীড়ক জাতিবিশেষ; ২। (আরবী) দ্রব্য, সম্পত্তি, অর্থ; ৩। বানিজ্য দ্রব্য; ৪। যে জমির রাজস্ব দেওয়া হয়।

মালওয়াজিব, বি, (যাং) যথার্থ বা প্রকৃত খাজনা।

মালকোঁচা—পরিহিত বস্ত্রের কোঁচা পশ্চাদ্দিকে মজবুত করিয়া কাছায় দেওন।

মালখানা, বি, (আরবী—মাল+পারশী—খানা) বহুমূল্য দ্রব্যাদি রাখিবার ঘর; ২। কুস্তী, মালাম।

মালগুজারদার—যে ব্যক্তি মাল-গুজারি দিয়া থাকে।

মালগুজারি, বি, (আরবী) জমির খাজনা, রাজস্ব।

মালঞ্চ, বি, পুষ্পোদ্যান, ফুলবাগান

বিবিধ বৃক্ষলতাদির যে স্থানে আবাদ হয়। [নায়ক।

মালতে—প্রধান, দলপতি, অধি-

মাল্‌দার, বিং (আ—মাল + পা—দার) ধনাঢ্য, ধনশালী।

মাল্‌পাতি, বি, (উত্তর বঙ্গে) সম্পত্তি। মালদহে—মালমাত্তা।

মাল্‌সা, বি, মৃণ্ময় পাত্রবিশেষ।

মাল্‌সাট, বি, মুখে দম্ভ প্রকাশ; ২। আস্পর্দ্ধা।

মাল্‌সুতা, বি, চরকার চর্ম্মের সূত্রবিশেষ।

মালা, বি, (মল্ল শব্দজ কি?) পাত্রবিশেষ, নারিকেল খোল; ২। কাষ্ঠ নির্ম্মিত কণ্ঠাভরণ বিশেষ; ৩। বর্ণশঙ্কর জাতি বিশেষ।

মালাই, বি, জাতিবিশেষ, নাবিক; ২। দধি ও দুগ্ধের সর।

মালাইচাকি, বি, হাঁটুর অস্থি।

মালাচন্দন—কোন সম্ভ্রান্ত ব্যক্তির বাটীতে সভা হইলে সভাস্থ সর্ব্বপ্রধান ব্যক্তিকে স্রক্‌চন্দন দেওয়া হইয়া থাকে, ইহাকে মালাচন্দন বলে। ইহা এখন পাত্রের গুণ দেখিয়া দেওয়া হয় না, বংশ মর্য্যাদা দেখিয়া দেওয়া হয়।

মালাম, বি, (যাং) মল্লক্রীড়া, কুস্তী।

মালিক, বি, (আ) অধিকারী।

মালি, মালী, বি, জাতিবিশেষ, মালাকর জাতি।

মালুম, বি, (আ—ইলম্‌=জানা; যে বস্তু জানা হইয়াছে) অনুভব, জানা।

মালুমকাঠ, বি, নৌকার মাস্তুল; যথা,—

"তবে ডিঙ্গাখান তোলে নামে গুয়া রেখী।
দুই প্রহরের পথে যার মালুমকাঠ দেখী।"
(কবিকঙ্কণ)

মালো, বি, (মল্ল শব্দজ) ধীবর, জেলে।

মাস, বি, (মাংস শব্দের অপভ্রংশ) মাংস; যথা—

ফুল্লরা রন্ধন করে জ্বালে গোটা বাঁস।
ঝোল রান্ধি দিল দুটা হরিণের মাস।"
(কবিকঙ্কণ)

২। ত্রিংশৎ পরিমিত দিন।

মাসকাবার, বি, (যাং) মাসান্ত, মাসের শেষ; ২। মাসের শেষ দিন।

মাসনখতা, বি, মাসাধিষ্ঠিত নক্ষত্র যেমন বৈশাখে বিশাখা, জ্যৈষ্ঠে জ্যেষ্ঠা ইত্যাদি।

মাসভক্তবলি—পূজাদি কর্ম্মে মাষ কলায় মিশ্রিত ভক্ষ্যোপহার। মাস, দধি ও তণ্ডুল মিশ্রিত পূজোপহার বিশেষ। কেহ চাউল ও কলাই হলুদ মিশ্রিত করিয়া থাকেন। [বেতন।

মাসমাহিনা—মাসে মাসে দেয়

মাসশোধা—শেষ মাসের বাতাস দেখিয়া কৃষকেরা আগামী বর্ষের বৃষ্টি কিরূপ হইবে, তাহার একটা অনুমান করিয়া লয়, পশ্চিম বঙ্গে ইহাকে 'মাসশোধা' বলে।

মাসাল, বিং (মাংসল শব্দজ) অধিক মাংসযুক্ত, স্থূল।

মাসাশ, মাসাস, বি, (মাতৃষ্বসা শব্দজ কি ?) শাশুড়ীর ভগিনী, মাস শাশুড়ী ; যথা,—

বিদ্যার মাসাস, মোর আইশাশ,
পড়ি দিল যেই ফুল।"
(ভারতচন্দ্র)

মাসী, বি, (মাতৃষ্বসৃ শব্দজ) মাতার ভগিনী

মাসুড়া, বি, চক্ষুর ফুলা, ছানি।

মাসুড়ী, বি, শ্মশ্রু, দাড়ী।

মাসুল, বি, (আ—মহসুল শব্দজ) রাজস্ব, কর ; ২। কোন চিঠি বা দ্রব্য বহন জন্য যে কর দেওয়া যায়।

মাস্ড়া, মাসরা, বি, মাসহারা, মাসিকবৃত্তি ; যথা,—

"কোথাও মাসরা কড়ি.
কেহ দেয় দাদিবড়ি
গ্রাম যাজী আনন্দে সাঁতারি।"
(কবীকঙ্কণ)

২। মাসে মাসে কর্ত্তব্য কর্ম্ম।

মাস্তুতো, বিং মাসীর সম্পর্কীয়।

মাস্তর, মাস্তল, বি, (যাং) নৌকাদির উপরিস্থ দণ্ডবিশেষ, জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ।

মাহ, মাহা, বি, (পারশী) মাস ; ২। মধ্য, অভ্যন্তর ; যথা,—

"পৈঠল হিয়া মাহা মোরি।"
(বিদ্যাপতি)

মাহয়ারি, বিং (পারশী) মাসিক।

মাহল, বি, মধ্যস্থল ; ২। অধঃ অঙ্গ, কটি। [কিরণ।

মাহাতাব, বি, (পারশী) চন্দ্র-

মাহিনা, মাহিয়ানা, বি, (পারশী) মাসিক বেতন।

মাহুত, বি, মহামাত্র শব্দজ কি ?) হস্তি চালক।

মাহুরবিষ—সর্পবিষ।

মিচিল, (আরবী—মিসল) তুল্য হওয়া বা করা।

মিছরি, মিসরি, মিশ্রী, বি, গুড় বিকার বিশেষ। [মিথ্যা।

মিছা, বিং (মিথ্যা শব্দজ) অসত্য,

মিছিল, বি, সভা ; ২ ; বেশভূষায় সজ্জিত শ্রেণীবদ্ধ লোকের বা জীব জন্তুর গমন (Procession)

মিজ্রাফ, বি, (আরবী) সেতার বাদন কালীন দক্ষিণ হস্তের তর্জ্জনীর অঙ্গুলিত্রাণ। [প্রকৃতি।

মিজাজ, বি, (আরবী) স্বভাব,

মিঞ্জি, বিং ক্ষুদ্র, ছোট ; যথা,—

"বদনে রদন পড়ে মিঞ্জি মিঞ্জি আঁখি।
এমন বিপাক্যা বর কভু নাহি দেখি॥"
(শিবায়ন)

মিটন, বি, মোচন ; ২। নিষ্পাদন, থামান।

মিটা, মিঠা, বিং (মিষ্ট শব্দজ) মিষ্ট, মধুর, স্বাদু ; ২। লক্ষণশূণ্য।

মিটি, বি, মৃত্তিকা, মাটী।

মিট্‌মিটিয়া, বিং অনুজ্জ্বল, কিঞ্চিৎদীপ্ত ; ২। অন্তর্দ্দুষ্ট, গুপ্তমনস্থকারী ; ৩ খল।

মিঠাই, বি, (মিষ্ট শব্দজ) মিষ্টদ্রব্য বিশেষ।

মিঠান, বি; মধুরতা ; ২। উৎকৃষ্ট জলবায়ুযুক্ত স্থান, উত্তম স্থান।

মিঠানি বি, মিষ্টরস।

মিতা, বি, (মিত্র শব্দজ) সুহৃৎ, বন্ধু ; যথা,—

"বনেতে সুগ্রীব বানর হইল মিতা।"

(রামায়ণ)

মিতালি, বি, বন্ধুত্ব, সৌহার্দ্দ।

মিতি, বি, সুদবিশেষ, নির্দ্দিষ্ট সময়ের কড়ারে টাকা ধার লইয়া কড়ারের পূর্ব্বে টাকা পরিশোধ করিলে যে সুদ বাদ যায়।

মিদ্দা, বি, (পারশী) উপাধি বিশেষ ; ২। বিং—প্রধান, শ্রেষ্ঠ।

মিনার, বি, (পারশী) স্তম্ভ।

মিন্‌মিন্, বিং আনুনাসিক বাক্য বিশিষ্ট ; ২। খোনা ; ৩। অনুজ্জ্বল।

মিন্সা, বি, (মনুষ্য শব্দজ কি ?) পুরুষের প্রতি অবজ্ঞা বোধক শব্দ।

মিয়া, মিঞা, বি, (হিন্দী) প্রভু, মহাশয়।

মিয়াদ, বি, (পারশী) নির্দ্ধারিত সময়, করার।

মিয়াদী—নির্দ্ধারিত সময়াধীন।

মিয়ানা, বি, (হিন্দী) যানবিশেষ, পাল্কী।

মির্গি, বি, (মৃগী শব্দজ) রোগ বিশেষ, ভ্রমীরোগ।

মিরগাল, বি, (মৃদ্গিলি শব্দজ) মৎস্যবিশেষ।

মিরাসদার—শ্রীহট্ট জিলায় যাহারা ৫০০৲ টাকা সদর জমা দেয়, তাহাদিগকে মিরাসদার বলে।

মিল, বি, সংযোগ, ২। সন্ধি ; ৩। সম্প্রীতি।

মিলক্, মেলক, বিং সন্ধিকারী ; ২। মিলিত হইতে অনুরাগী ; ৩। বি,—ঐক্য।

মিলন, বি, একত্র হওন ; ২। ঐক্য হওন ; ৩। উন্মীলিত করণ ; যথা,—

"কৃষ্ণচন্দ্রে দেখিতে পদ্মিনী আঁখি মিলে।"

(ভারতচন্দ্র)

মিলান, বি, একত্র করাণ ; ২। ঘটান ; ৩। তুল্যকরণ।

মিলাপ, বি, (হিন্দী) আলাপ, পরিচয়।

মিলি গেল—মিলিয়া গেল, ঘটিয়া- গেল ; যথা,—
বড় দুঃখ মিলি গেল।"
(অনন্ত রামায়ণ)

মিল্‌মিলা, বি, রোগবিশেষ, হাম।

মিশন, বি, (মিশ্রণ শব্দজ) মিলন্ একত্র হওন।

মিশান, বি, মিশ্রিত করণ।

মিশাল, বিং মিশ্রিত, সংযুক্ত।

মিশি, মিষি, মিসি, বি, দন্তশোধ- নার্থ দ্রব্যবিশেষ, মাজন।

মিষ্টান্ন, বি, (মিষ্ট—অন্ন = ভক্ষ- ণীয় বস্তু) সন্দেশ, মিঠাই প্রভৃতি মিষ্টদ্রব্য। (Sweets)

মিহি, বিং সরু, খাপী।

মিহিদানা, বি, মিষ্টান্ন বিশেষ, মতিচুর।

মীনা, বি, (যাং) কাচকূপী ; ২। আকাশ ; ৩। তুতিয়া।

মীর, বি, (পারশী) সৈয়দদিগের উপাধি ; প্রধানব্যক্তি, সর্দ্দার।

মুই, মুঞি, সর্ব্বং (অস্মদ্ শব্দের নীচোক্তি) আমি। প্রাচীন কবিতায় ব্যবহৃত ; যথা,—
কেহ মনে ভাবে মুই নিব তাড়বালা।
এই মত দুই চোরে খায় মনঃকলা।
(চৈতন্ত ভাগবত)

মু, মুয়, মুঞ, বি, বদন; মুখ ; যথা,—
"পিয়া মুঁর হেরইতে সব দুখ লেগ।"
(বিদ্যাপতি)

মুকবিলা, বি, (আরবী—কবল হইতে। কবল = সম্মুখীন হওয়া) সম্মুখীন হইয়া বুঝা- ইয়া দেওন।

মুকি, বি, গেঁড়ো ; কচু, মান প্রভৃ- তির মৃত্তিকাভ্যন্তরস্থ কাণ্ড বিশেষ।

মুকুটী, মুখুটী, বি, অর্গল, ছিপি ; ২। রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি বিশেষ, মুখোপাধ্যায়।

মুকেরি, বি, বলীবর্দ্দ চালক যবন জাতি ; যথা,—
"বলদে বাহিয়া নাম বলায় মুকেরি।
পীঠা বেচিয়া নাম ধরাল পীঠারি।"
(কবিকঙ্কণ)

মুখচোরা, বিং লজ্জাশীল, লাজুক।

মুখনাড়া, বি, তিরস্কার, ভৎর্সনা ; ২। তিরস্কারপূর্ণ বাক্য কথন ; যথা,—
"বিরাশি সিক্কায় সতী দিবে মুখনাড়া।"
(কনকাঞ্জলি)

মুখপাত, বি, সূত্রপাত, আরম্ভ, উপক্রম।

মুখফোড়, বিং স্পষ্টবক্তা, স্পষ্টভাষী

মুখবন্ধ, বি, মুখবাঁধা ; ২। উৎ- কোচ বা শাসন দ্বারা বাক্য হরণ ; ৩। প্রস্তাবনা, কোন গ্রন্থ বা গল্প রচনার প্রারম্ভে প্রকৃত বিষয় উল্লেখ করিবার পূর্ব্বে তৎসম্বন্ধে নানা কথা প্রসঙ্গ।

মুখ মারিয়া যাওয়া—মিষ্টান্নাদি সুখাদ্য অতিরিক্ত ভোজনের

জন্য, তৎদ্রব্য ভোজনে অস-
পৃহা।
মুখমোড়া, ক্রি, বাক্যস্ফূর্ত্তি না
করা, নীরব থাকা ; যথা,—
"কানু ফাগু দেয়ল সুন্দরী অঙ্গে।
মুখ মোড়ল ধনী করি কত ভঙ্গে।"
(জ্ঞানদাস)
২। মুখ আচ্ছাদন করা ; ৩।
মুখ বক্র করণ ; ৪ অসম্মতি
জ্ঞাপন করা।
মুখলাঙ্গল, বি, শূকর।
মুখশুদ্ধি, বি, মুখধৌত করণ ; ২।
ভোজনের পর সুপারি প্রভৃতি
মুখশোধনীয় দ্রব্যাদি।
মুখস, বি, লাগাম ; ২। মুখবন্ধনী।
৩। কৃত্রিম মুখ, মুখো।
মুখসুর, বি, তাড়ী, তাল সুরা।
মুখাগ্নি, বি, শবমুখে প্রদত্ত অগ্নি।
মুখান, বি, সন্নিকটস্থ হওন ; ২।
মুখস্থ বাড়ান।
মুখাপেক্ষা, বি, অনুরোধ ; ২।
পক্ষপাত, প্রতীক্ষা।
মুখামুখী, বি, পরস্পর সম্মুখবর্ত্তী
হওন ; ২ পরস্পর মুখ মিলন।
মুখাল, মুখাস, বি, ছদ্মমুখ মুখস,
মুখবন্ধনী। [অঙ্কুর।
মুখী, বি, প্রবাল ; ২। ঘুঁস ; ৩।
মুখেমুখে, ক্রি বি, মুখের প্রতি ;
২। সম্মুখে, সামনে।
মুগ, বি (মুদ্গ শব্দজ) কলায়
বিশেষ মুগ কলাই।
মুগরাণ, বি, মুষ্টাঘাত, মুগুর মারা।
মুগসাউল, বি, মুগের দাউলে
প্রস্তুত খাদ্যদ্রব্য বিশেষ।
মুগানি, বি, বনমুগ। হিন্দী নাম
মাঠমুগানি।
মুগুর, বি, (মুদ্গর শব্দজ) কাষ্ঠ-
নির্ম্মিত দ্রব্য বিশেষ গদা।
মুচক, মুচকি, বি, মৃদুহাস্য।
মুচঙ্গ, বি, (সং—মু = মুখ + পা—
চঙ্গ — বীনা) বাদ্যযন্ত্র বিশেষ।
মুচন, বি, পুঁচন, লোপকরা।
মুচলিকা, বি, (যাং) লিখিত
স্বীকার পত্রী। জামিনী।
মুচি, মুচী, বি, চামার ; ২।
নারিকেল ফলের শৈশবাবস্থার
নাম মুচি।
মুচুকুন্দ, বি, বৃক্ষবিশেষ।
মুচকান বি, ঈষৎহাস্য করণ, ঈষ-
ন্নত হওন।
মুচড়ন, বি, ঈষৎ ভাঙ্গন, অল্প
ভগ্ন হওন। [সময়।
মুচ্ছত, বি, (পারশী) নির্দ্ধারিত-
মুচ্ছদ্দী, বি, (আরবী—মুৎসদ্দী
শব্দের অপভ্রংশ) লেখক,
কার্য্যালয়ের তত্ত্বাবধায়ক,
কোন কাজের ভার যে লয়,
সে মুৎসদ্দী। বাদশাহের সময়
Official staff অর্থে এই শব্দ
ব্যবহৃত হইত। বাঙ্গালায়
ম্যানেজার বা হেড ক্লার্ক ভাবে

মুৎসদ্দী বা 'মুচ্ছদ্দী' নাম ধারণ করিয়া হৌসে কার্য্য করেন।

মুজরা, বি, নৃত্যগীত ; ২। দৈনিক পারিশ্রমিক। [গজান।

মুঞ্জরণ, বি, নবপল্লবোদ্গম,

মুট্‌কি, বি, (মুষ্টি শব্দজ) মুষ্টি, কীল ; যথা,—

"বিন্ধিয়া বীরবর, করিল জর্জ্জর,
মুট্‌কি মারিয়া মুণ্ডে।"
(কবিকঙ্কণ)

মুটকলম, বি, কলম মুষ্টিবদ্ধ করিয়া লিখন।

মুটম্, বি, কুঞ্চিত পানি, মুঠা।

মুটি, মুঠী, মুঠা, বি, (মুষ্টি শব্দজ) কুঞ্চিত করতল ; ২। খড়্গাদির বাঁট।

মুড়, বি, (মুণ্ড শব্দজ) মুণ্ড, মস্তক ; যথা,—

দক্ষের কন্ধেতে যুড় ছাগলের মুড়।"
(কবিকঙ্কণ)

মুড়কী, বি, গুড় মিশ্রিত খৈ।

মুড়ন, বি, (মুণ্ডন শব্দজ) মুণ্ডন, কেশচ্ছেদন ; ২। বৃক্ষাদির শাখা পল্লব কর্ত্তন।

মুড়লা, বি, মুকুট, টোপর ; যথা,—

"দ্বিজে সুতা বান্ধে হাতে,
বান্ধিল মুড়লা মাথে,
আয়্যদের জয় চারি ভিতে।"
(কবিকঙ্কণ)

মুড়া, বি, শাখাপল্লব হীন বৃক্ষ ; ২। সীমা ; ৩। মৎস্যের মস্তক ; ৪। কেশহীনতা, নেঁড়া ; ৫। লাঙ্গলের ফাল সংবদ্ধ কাষ্ঠ বিশেষ ; ইহার পরিমাণ ৫ বিঘৎ। মুড়ার এক-মুখে ফাল আবদ্ধ থাকে, অপর মুখ এরূপ বক্র যে, সহজে ইহা কৃষকের মুষ্টি মধ্যে প্রবেশ করিতে পারে।

মুড়ানিয়া, বি, নাপিত।

মুড়ামুড়ি, ক্রি বিং, আদ্যন্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, ক্রমাগত।

মুড়ি, বি, আবরণ।

মুড়িদেওয়া,—আবরণ দেওয়া, ঢাকিয়া ; যথা,—

"ঠাকুর পণ্ডিত আদি কেঁহ নাহি জানে
ডোল মুড়ি দিয়া আছে ঘরের এক কোনে"
(চৈতন্য ভাগবত)

মুড়ী, বি, ভৃষ্ট তণ্ডুল, বিক্রমপুর অঞ্চলে "ওড়োন" ; ২। ধার, কিনারা।

মুড়ীকোদাল—ধারহীন কোদাল, ভোঁতা কোদাল।

মুড়ুলী, বি, মেটে ঘরের দেওয়া-লের মস্তকদেশ।

মুণ্ডী, বি, গোলাকৃতি ক্ষুদ্র মিষ্টান্ন-বিশেষ।

মুথা, বি, (মুস্তক শব্দজ) ঘাস-বিশেষ, ঘাসের মূলবিশেষ।

মুদা, বি, থোপ, গুচ্ছ ; ২। রোগ বিশেষ।

মুদাঘরা, বি, ঘুন্টিঘর, ফাঁস্।
মুদী, বি, নানা দ্রব্য ব্যবসায়ী, দোকানী। যে দোকানে চাউল লবণ, তৈল প্রভৃতি বিক্রয় হয়, তাহারনাম মুদীখানা দোকান।
মুদ্দাফরাস, বি, (মুর্দ্দা-ফরোশ ; পা—মুর্দ্দা = মড়া + পা—ফরোশ = ফরোখতন (বেচা) ধাতুজ)। যে মড়া বেচে, যে মরার বস্ত্রাদি বিক্রয় করে।
মুদ্দতি হুণ্ডি—যে হুণ্ডিতে টাকা দিবার সময় হুণ্ডি প্রাপ্তির দিন কয়েক পরে নির্দ্দিষ্ট হয়।
মুদ্দাই, বি, (আরবী) বাদী, বিচারার্থী ; যথা,—
"মধ্যস্থ মুদ্দাই হ'য়ে দেয় ভুলাইয়া।"
মূদন্ বি, নিমীলন, মুদ্রিতকরণ।
মুদ্নি, মুদিন, বি, তৃণনির্ম্মিত গৃহের মট্কার নিকস্থ পাইড়।
মুদাফত, বি, (পারশী) কোনও বস্তুর বা জমির পূর্ব্ব অধিকারী।
মুদ্রাদোষ—কথা কহিতে কহিতে নাসিকা চুলকান, নাকটেপা, এক কথা পুনঃ পুনঃ বলা প্রভৃতি।
মুদ্রাযন্ত্র, বি, ছাপার কল।
মুদ্রাশঙ্খ, বি, বিষাক্ত দ্রব্য বিশেষ। ইহা ঈষৎ পীত বা অরুণবর্ণ। ক্ষত নিবারণার্থ ব্যবহৃত হইয়া থাকে।

মুনফা, মুনাফা, বি, (আরবী) লাভ। হস্তবুদ হইতে গবর্ণমেণ্টের রাজস্ব বাদ দিলে ভূম্যাধিকারীর যাহা অবশিষ্ট থাকে, তাহাকে মুনফা কহে।
মুন্সী, মুন্সি, বি, (আরবী—নস্উন = উৎপন্ন হওয়া তাহা হইতে ইন্সা = উৎপন্ন করা) সাহিত্য বিষয়ে যে নূতন সৃষ্টি করে, সেই মুন্সি। সাধারণতঃ চিঠি পত্র লিখিতে ও গদ্য রচনাতে যে দক্ষ, তাহাকে লোকে মুন্সী বলে; ২। যে কর্ম্মচারী মালিক অথবা দেওয়ানের আদেশমত চিঠি-পত্রাদির মুসাবিদা করে এবং পত্রাদি নিজ জিম্মায় রাখে।
মুনাসিব, বিং (আরবী) যথার্থ, প্রকৃত ; ২। মনোমত, অভিপ্রায়ানুযায়ী।
মুনীশ, বি, মজুর, জন।
মুন্সিব, বি, লেখক।
মুফতি, বি, (পারশী) মুসলমান আইন প্রকাশক।
মুরগ, মোরগ, বি, কুক্কুট, কুকড়া। স্ত্রীং—মুরগী।
মুরচা, বি, (পারশী—মোরচাল শব্দজ) গড়খাই, দুর্গের পরিখা।
মুরগা, বি, মগরা, একপ্রকার গুণ। ইহার সূত্রে ধনুকের গুণ হয়।

মুরজ, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

মুরদ, বি, (যাং) মূর্ত্তি; ২। ক্ষমতা।

মুরব্বি, মুরুব্বি, বি, অভিভাবক, রক্ষণাবেক্ষণকর্ত্তা।

মুরাদ, বি, (যাং) ইচ্ছা; ২। ক্ষমা। [নল।

মুরি, বি, ছাদের জল নির্গমনের

মুরোদ, বি, সামর্থ্য।

মুলতবী, বি, (আরবী—ইল্‌তবা) কোন কার্য্য অন্য সময় করিবার জন্য রাখিয়া দেওয়া, স্থগিত (Postpone)।

মুল্‌তান, মূলতান, বি, প্রদেশ বিশেষ, প্রাচীন নাম মূলস্থান। শাকদ্বীপী ব্রাহ্মণগণের আদি নিবাস। মূলতান পঞ্জাব প্রদেশের অন্তর্গত; ২। রাগিণী বিশেষ।

মুলুক, মুল্লুক, বি, (যাং) দেশ, সমগ্র রাজ্য।

মুষল, বি, যদ্দ্বারা উদুখলে ধান্যাদি পরিষ্কার করা যায়, ঢেকীর মোনা; ২। বাণাদি অস্ত্র; ৩। কাঁঠালের মধ্যস্থ বৃন্ত।

মুসব্বর, বি, (আরবী) গন্ধদ্রব্য বিশেষ, ইহা অগ্নিবর্দ্ধক, পিত্ত নিঃসারক প্রভৃতি গুণযুক্ত।

মুসমা, বি, (পারশী) ওয়াশীল, উস্থুল, বাদ।

মুসলমান, বি, (আ—সলম্ শব্দজ): যবন, ম্লেচ্ছজাতি।

মুসলমানী,—মুসলমান বালকের ত্বকচ্ছেদ ব্যাপার, সুন্নত।

মুসাফের, বি, (পারশী) ভ্রমণকারী, পথিক; ২ বিদেশী।

মুস্কিল, বি, (আরবী) বিষম বিপদ; ২। কঠিন ব্যাপার।

মুস্তি, বি, পারাবতের যৌবনাবস্থা বিশেষ।

মুহ, বি, (হিন্দী) বদন, মুখ।

মুহনা, মোহনা, বি, পুষ্করিণ্যাদির মুখ, জলনালা; ২। যেখানে নদীর শেষ, তাহার নাম মোহনা বা নদীমুখ।

মুহুরী, বি, (আরবী—মোহরীর =তহরির=লিখা যে লেখক সে মোহরীর = বাঙ্গালা = মুহুরী) লেখক।

মূড়া, বি, ছিন্নবস্ত্রাংশ। [প্রস্রাব।

মূত, বি, (মূত্র শব্দজ) মূত্র,

মূতন, বি, মূত্রত্যাগ, প্রস্রাব করণ।

মূল, বি, (মূল্য শব্দজ) মূল্য, দাম; ২। গাছের গোড়া, মূলা, আলু প্রভৃতি; ৩। প্রধান, শ্রেষ্ঠ। [অধিনায়ক।

মূলগায়ন—মূলগায়ক, দলের

মূলা, বি, (মূলক শব্দজ) কন্দবিশেষ, মূলা। [মাঝকাঠ।

মেই, বি, স্তন; ২। খামারের

মেইকাঠ, বি, ধান্যাদি মাড়িবার সময় যে কাষ্ঠদণ্ডে গো মহিষাদি বদ্ধ থাকে। ইহাকে কোন কোন স্থানে 'মেইঠাঙা'ও বলে।

মেইয়া, মেয়ে, বি, স্ত্রীলোক; ২। কন্যা। [লাজুক।

মেইয়ামুখো, বিং মুখচোরা.

মেওয়া, বি, (পারশী) মিষ্ট পক্ক ফল। অস্মদ্দেশে বেদানা, আঙ্গুর, আখরোট প্রভৃতি ফলকে মেওয়া বলে।

মেক্, বি, (পারশী—মেখ) পেরেক; ২। খোঁটা।

মেকলী, বি, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিশেষ; ২। চটের কাপড়।

মেকি, বিং কৃত্রিম, অশুদ্ধ; ২। বি,—কৃত্রিম মুদ্রা; যথা,—

"কি পাইলে কাবা লিখে সোণা
কিম্বা মেকি।" (হেমচন্দ্র)

মেঘলা, বিং মেঘাচ্ছন্ন, বাদলা (cloudy); ২। বি,—মেঘাবৃত দিবস।

মেঘডুম্বরু, বি, বস্ত্রবিশেষ। প্রাচীনকালের একপ্রকার বস্ত্র। গাঢ় বেগুনিয়া রঙের সাচ্চা কাজ বা রেশমের কাজ করা কাপড়।

মেচ্যা, মাইচা, বি, (পূর্ব্ববঙ্গে) কাষ্ঠাসনবিশেষ, চৌকী, মোড়া।

মেচলা, বিং তঞ্চক, জুয়াচোর।

মেছুনী, বি, মৎস্য বিক্রয়কারিণী, জেলেণী।

মেছুয়া, বি, মৎস্যবিক্রেতা, জেলে।

মেজিয়া, মেঝ, বি, গৃহের মধ্যস্থল, ঘরের মেঝে।

মেঝেম, বি, গৃহের মধ্যস্থল প্রস্তুত করা, ঘরের মেঝে তৈয়ার করা।

মেটা, বি, নিষ্পত্তি, শেষ।

মেটান, বি, নিষ্পত্তি করণ, চুকান।

মেটিয়া, বিং মৃত্তিকা নির্ম্মিত।

মেটিয়াতৈল, বি, ভূমিজাত তৈল বিশেষ। পেট্রোলিয়ম বা প্রস্তর তৈল হইতে কেরোসিন পরিস্রুত হইয়া থাকে। এই প্রস্তর তৈলই আমাদের দেশে মেটে তৈল বলিয়া পরিচিত।

মেটে, মেঠে, বি, ছাগল প্রভৃতি জন্তুগণের উদরাভ্যন্তরস্থ পদার্থ বিশেষ।

মেঠে, বি, হস্তালঙ্কার বিশেষ, শঙ্খ; ২। কড়া; যথা,—

"বাঘছাল বসনে বেষ্টিত কটিদেশ।
হাতে মেঠে মাথে জটা যোগিনীর বেশ।"
(শিবায়ন)

মেডাল, বি, (ইং Medal) অসাধারণ গুণের পুরস্কারার্থ প্রদত্ত মুদ্রাবিশেষ।

মেড়, বি, কাঠাম, প্রস্তর নির্ম্মিত

দেবমূর্ত্তি; ২। গবাদির স্তন-দেশ।

মেড়া, বি, মেষ, ভেড়া; ২। বিং—নির্ব্বোধ।

মেড়াপোড়া, বি, হোলিকোৎসব, দোলযাত্রার পূর্ব্বদিনে বহ্ন্যুৎসব।

মেড়ুয়া, বি, ক্ষুদ্র হাতুড়ী; ২। হিন্দুস্থানী বর্ব্বর লোক; ৩। মলিনতা; ৪। বিং— নির্ব্বোধ; ৫। অনুজ্জ্বল, হীনপ্রভ।

মেঢ্ররোগ, বি, উপদংশরোগ।

মেতর, মেথর, বি, (পা—মেহতর) নীচ জাতিবিশেষ, পায়খানা পরিষ্কারক, ঝাড়ুবর্দ্দার।

মেদি, বি, বৃক্ষবিশেষ; ২। স্ত্রী-জাতি।

মেথি, বি, (মেথিকা শব্দজ) দ্রব্যবিশেষ; ২। ধান মাড়ি-বার সময় যে খুঁটিতে গরু বাঁধা থাকে, তাহার নাম মেথি বা মেধি।

মেনা, বি, স্তন, মাই; ২। শৃঙ্গ অবনত গো।

মেনী, বি, স্তন; ২। স্ত্রীজাতীয় বিড়াল; ৩। স্ত্রীলোক।

মেনীমুখো, বিং লজ্জাশীল, লাজুক, স্ত্রীলোকের ন্যায় সলজ্জ পুরুষ (Bashful)।

মেনে, অং, কিন্তু, তবু; যথা,—

"আজি মেনে ফিরি মাগ শঙ্কর ভিখারী।"
(অন্নদামঙ্গল)

মেয়াদ, বি, (আরবী) নির্দ্দিষ্ট সময়ের জন্য আবদ্ধ। আটক।

মেয়াদীপাট্টা,—নির্দ্দিষ্ট সংখ্যক বৎসরের জন্য জমির দখল দিতে হইলে যে পাট্টা লিখিতে হয়।

মেয়ে, মেয়্যা, বি, (মায়া শব্দজ) স্ত্রীলোক; ২। কন্যা; ৩। উত্তরবঙ্গে—স্ত্রী।

মেয়েপাঁচালী—স্ত্রীলোক দ্বারা কথিত বিষয়; ২। মিথ্যা গল্প।

মেরামত, বি, (পা—ম্যরাম্মত শব্দজ) সংস্কার।

মেরজাই, বি, গাত্রাভরণ বিশেষ, জামাবিশেষ।

মেল, বি, স্বশ্রেণী, স্বসমাজ; ২। মিলন, ঐক্য।

মেলঘণ্ট, বি, একাকার, বহুবিষয়ের মিশ্রণ।

মেলা, বি, তীর্থাদি স্থলে বহু লোকের সমাগম; ২। উৎসব স্থান; ৩। দর্শন, সাক্ষাৎ; যথা,—

"পালিতে পিতার সত্য বনবাসে গেলা।
গুহক চণ্ডাল সঙ্গে পথে হ'ল মেলা।"
(ধর্ম্মমঙ্গল)

৪। মিত্রতা; ৫। বিং—অপ-র্য্যাপ্ত, অনেক।

মেলান, বি, জোগাড় করণ, সং-গ্রহ করণ; ২। প্রসারণ, ছড়ান।

মেলানি, বি, সমাজ ; ২। জনতা ; ৩। বিদায় ; যথা,—

"গুরু স্থানে মেলানি লইলাম মঙ্গলবার দিবসে।" (কৃত্তিবাস)

"মেলানি মাগিয়া সাধু যায় তাড়াতাড়ি।" (গুণনিধি চক্রবর্ত্তী)

মেলানিভার, বি, বিদায় উপহার ; ২। বরযাত্রীগণ বিদায়ের পূর্ব্বে যে সিধা বা অন্যান্য খাদ্যদ্রব্য পান, কোন কোন স্থানে তাহাকে মেলানি ভার বলে ; ৩। তত্ত্ব, আত্মীয় স্বজনের বাটী প্রেরিত খাদ্য বস্ত্রাদি, প্রাচীন কবিতায় বহুস্থলে ব্যবহৃত ; যথা,—

"কার ঘরে বধূ আসে কার ঘরে বেটী।
কোথাও মেলানি ভার করে বাঁটাবাঁটি।" (শিবায়ণ)

"আকুল হইয়াছে প্রাণ বেহুলা লাগিয়া।
বইয়া মেলানি ভার তারে আন গিয়া।" (ক্ষমানন্দ ও কেতকাদাস)

মেলাপ, বি, সম্প্রীতি, ঐক্য, মিল।

মেসুয়া, মেসো, বি, মাতার ভগিনীপতি, মাসীর স্বামী।

মেস্তাড়া, বি, চক্ষুর ছানি ; ২। ক্ষত স্থানের নূতন মাংস।

মেহ, বি, ধাতুক্ষরণ রোগ।

মেহনৎ, মেহন্নৎ, বি, (আরবী) পরিশ্রম, কষ্ট।

মেহনৎ-আনা, মেহন্নৎআনা, বি, পারিশ্রমিক।

মেহেরবানী, বি, (পারশী) দয়া, অনুগ্রহ। [হিণী বিশেষ।

মৈ, মই, বি, বংশনির্ম্মিত আরো-

মো, বি, (মম শব্দজ কি ?) মমতা, মায়া, মোহ; ২। আমার।

মোক্তার, বি, (আরবী) আদালতের কার্য্য সম্পন্ন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী।

মোকা, বি, তাল নারিকেলাদির বৃন্তের খোসা ; ২। মালা।

মোকাম, বি, (যাং) ঠিকানা। মোকাম বলিতে 'ঠিকানা' ও 'সাকিন' বলিতে বাসস্থান বুঝায় ; ২। সত্যনারায়ণ পূজায় পূজা স্থানে যে 'শিরণি' দেওয়া হয়।

মোগল, বি, মুসলমান জাতি-বিশেষ। মুসলমান সম্প্রদায় বিশেষ।

মোচ, বি, পুষ্প, ফুল ; ২। (হিন্দী) গুম্ফ, গোঁপ ; ৩। অগ্রভাগ ; ৪। খর্জ্জুরাদির পুষ্প গুচ্ছ।

মোচঙ্গ, বি, পক্ষীবিশেষ ; ২। বাদ্য যন্ত্রবিশেষ।

মোচা, বি, কদলীবৃক্ষের পুষ্প।

মোচন, বি, পুঁছিয়া ফেলা।

মোচরস, বি, শিমুলের আটা।

মোজা, বি, (পারশী) পাদাবরণ বিশেষ।

মোট, বি, মস্তক দ্বারা বহনীয়

বস্তু, ভার, বোঝা ; ২। একুন, সমুদয় ; ৩। বিহার অঞ্চলে কূ হইতে জল তুলিবার পাত্র বিশেষ, মট, মষক।

মোট্‌কী, বি, মৃত্তিকা নির্ম্মিত পাত্রবিশেষ

মোটা, বিং মাংসল, স্থূল।

মোড়, বি. বাঁক ; ২। পশুর স্তন ; ৩। মুকুট। [আবরণ।

মোড়ক, বি, (পারশী) আচ্ছাদন,

মোড়ন, বি, আচ্ছাদন, বাঁকান।

মোড়ল, বি, (মণ্ডল শব্দজ) গ্রামের প্রধান ব্যক্তি ; ২। ক্রি,—বন্ধ করা, বুজান।

মোড়া, বি. বংশ ও বেত্রাদি নির্ম্মিত আসন বিশেষ ; ২। বিং—আবৃত।

মোড়ান, বি, দুমড়ান, জড়ান।

মোতায়েন, বি, (আরবী) নিযুক্ত, স্থিরীকৃত, উপস্থিত।

মোতাল্লিক, বিং (আরবী) সংশ্লিষ্ট, মিলিত।

মোৎফরক্কা, বিং (যাং) বিবিধ, খুচরা, শাখাপ্রশাখা বিশিষ্ট।

মোতি, মতি, বি, (মৌক্তিক শব্দজ) মুক্তা।

মোদক, বি, ময়রা ; ২। মোআ, নাড়ু। [মাণ।

মোণ, মণ, বি, চল্লিশ সের পরি-

মোনা, বি, ঢেঁকির মুষল, মুদ্গর।

মোণী, বি, নৌকার পরিমাণ বিশেষ। [বস্তু।

মোম, বি, (যাং) মৌচাকজাত

মোমজাম, মোমজমা, বি, মোম-যুক্ত বস্ত্র। মাটিয়া তৈল হইতে যে ন্যাপথা বাহির হয় তাহাতে এখন মোমজমা (oil cloth) প্রস্তুত হয়। পূর্ব্বে মোমেই এই কার্য্য হইত বলিয়া ইহার নাম মোমজমা হইয়াছে।

মোয়া, বি, (মোদক শব্দজ) মিষ্টান্ন বিশেষ, গুড় ও লাজাদি সংযোগে প্রস্তুত, মিষ্টান্নবিশেষ।

মোয়াজি, (পারশী) মোট। জমিদারী কাগজ পত্রাদিতে টাকার সমষ্টির পূর্ব্বে 'মবলক' ও জমির সমষ্টির পূর্ব্বে 'মও-য়াজি' ধ্বনি দিতে হয়।

মোরি, বি, (মৌলি শব্দজ) মস্তক ; যথা,—

"জোরি ভুজযুগ, মোরি বেঢ়ল,
ততহি বয়ান সুছন্দ।" (বিদ্যাপতি)

মোলায়েম, বিং কোমল অথচ উচ্চ নীচ হীন।

মোল্লা, বি, (আ—মৌলা শব্দের অপভ্রংশ) শিক্ষক, বিদ্বান্‌।

মো-সাহেব, বি, স্তাবক, খোসা-মুদে ; ২। আজ্ঞাবহ কর্ম্মচারী (Aid-de-camp)।

মোহনভোগ, বি, ময়দা, শর্করা,

ঘৃতপ্রভৃতি যোগে প্রস্তুত খাদ্য-বিশেষ ; ২। রম্ভাবিশেষ।

মোহর, বি, (পারশী) স্বর্ণমুদ্রা ; ২। নামাঙ্কিত মুদ্রা, নামাঙ্কিত ছাপ ; ৩। সর্ব্বং,—আমার।

মোহাড়া, বি, সম্মুখ, প্রথমাংশ।

মোহনা, বি, প্রবাহযোগ, দুই বা অধিক জল স্রোতের মিলন, উৎপত্তিস্থান।

মোহার, মোহর, সর্ব্বং, আমার ; যথা,—

"মুঞি আজি সঙ্গোপনে থাকিব এই ঠাঞি।
কায় পাছে না কহ মোহার দোহাই॥"
(চৈতন্য ভাগবত)

মৌ, বি, (মধু শব্দজ) পুষ্পরস, মধু। [স্থগিত।

মৌকুফ, বি, (পারশী) অব্যাহতি,

মৌকুফ রসদ—খাজনা আদায় কোন কারণে এক বা অধিক বৎসরের জন্য স্থগিত থাকিলে, তাহাকে মৌকুফ রসদ কহে।

মৌচাক, বি, (মধুচক্র শব্দজ) মধুচক্র, মৌমাছি রচিত চাক।

মৌজ, বি, (আরবী) তরঙ্গ, ঢেউ।

মৌজা, বি, (পারশী) কোন একটী গ্রাম, কোন নির্দ্দিষ্ট গ্রামকে অথবা কোন নির্দ্দিষ্ট চৌহদ্দিযুক্ত কোন বিশেষ নামে খ্যাত স্থানকে মৌজা কহে ; ২। তরঙ্গ।

মৌনব্রত, বি, নীরব থাকনের নিয়ম। [অনুমতি।

মৌনসম্মতি—অকথন প্রযুক্ত

মৌমাছি, বি, (মধুমক্ষিকা শব্দজ) মধুমক্ষিকা।

মৌরছল, বি, ময়ূরপুচ্ছ নির্ম্মিত ব্যজন বিশেষ।

মৌরলা, বি, ক্ষুদ্র মৎস্যবিশেষ।

মৌরসজমা—যে জমা পুরুষানুক্রমে ভোগদখল করা যায়।

মৌরী, বি, (মধুরিকা শব্দজ) বণিকদ্রব্য বিশেষ, মউরী ; ২। (মহুরী শব্দজ) বাদ্যযন্ত্র বিশেষ।

মৌল, বি, মণ্ডল, প্রধান ; ২। বৃক্ষবিশেষ, হিন্দী নাম মহুয়া।

মৌলবী, বি, (পারশী) মুসলমান-ধর্ম্মজ্ঞ পণ্ডিত।

মৌলা, বি, নল নির্ম্মিত আসন বিশেষ, দরমা ; ২। খর্জ্জুরাদি রসের গাদ।

মৌলে, বি, সুন্দরবন অঞ্চলে যাহারা মধু, মোম আহরণের জন্য যায়, তাহাদিগকে প্রাদেশিক ভাষায় মৌলে বলে।

মৌলিক, বি, যাঁহারা অন্যপূর্ব্বা কন্যা গ্রহণ এবং বংশজে কন্যা প্রদান করেন, তাঁহারাই মৌলিক। কুলীন নয়, বংশজ।

ম্যাওধরা—কোন বিষয়ের প্রচণ্ডতা সহ্য করা, ধাক্কা সামলান।

ম্যাড়মেড়ে; বিং অনুজ্জ্বল, হীন-প্রভ।

য।

য;—ষড়বিংশ হলবর্ণ। অন্তঃস্থ-বর্ণ। উচ্চারণ স্থান তালু।

যক, বি, (যক্ষ শব্দজ) যক্ষ, কুবের; ২। ধনরক্ষক।

যখন, ক্রি বিং, (যদা শব্দজ ?) যে সময়।

যজা, বি, তর্জ্জন গর্জ্জন; যথা—

"ফিরাইয়া আখি, গরবেতে থাকি,
সঘনে আমারে যজে।"
(চণ্ডীদাস)

যজান, বি, পূজাকরণ; ২। একত্র করণ; ৩। অপবিত্রকরণ।

যজ্ঞডুমুর, বি, বৃক্ষবিশেষ। হিন্দুস্থানে গুলার।

যজ্ঞপাটা, যোগপাটা, পূজাদিকালে ধারনীয় উত্তরীয় বিশেষ; যথা,—

"হৃদে যজ্ঞপাট শোভে, অলিকুল মধুলোভে,
চৌদিকে বেড়িয়া করে গান।
(কবিকঙ্কণ)

যজ্ঞসূত্র, বি, যজ্ঞোপবীত, পৈতা।

যড়, বিং সঞ্চিত, একত্রিত।

যড়াও, বিং মণ্ডিত, খচিত; ২। একত্রিত।

যড়ান, বি, গুটান, কুড়ান।

যতকাল—যাবৎ, যে পর্য্যন্ত।

যতন, বি, (যত্ন শব্দজ) যত্ন, চেষ্টা, উদ্যোগ।

যতবার, বিং যত সংখ্যা।

যতুক, বি, (যৌতুক শব্দজ) শরীরের চিহ্ন বিশেষ; ২। বিবাহাদিকালে দত্ত ধন, বিবাহকালে দম্পতীকে, অন্নাশনকালে বালক বালিকাকে দত্ত অর্থ।

যতেক, বিং যতগুলি, যাবৎ।

যৎকিঞ্চিৎ, অং, কিয়ৎপরিমাণ, কিছু।

যৎসামান্য, বিং সাধারণ, হেয়, তুচ্ছ; ২। অতি অল্প।

যথা কথঞ্চিৎ ক্রি বিং, যে কোন রূপে, কষ্টসৃষ্টে।

যথাকাল, ক্রি বিং, যথা সময়ে, উপযুক্ত সময়ে।

যথাতথা—যেখানে সেখানে।

যথায়—যেস্থানে, যেখানে।

যদিও, অং, যদ্যপি।

যদিস্যাৎ, অং, যদ্যপি, যদি হয়।

যন্তরী, বি, (যন্ত্র শব্দজ) স্বর্ণকারের তার টানা যন্ত্র।

যব, বি, শস্য বিশেষ। যাহার শূক অর্থাৎ শূঁয়া শুক্লবর্ণ, তাহার নাম যব। শূকশূন্য যবকে 'অতিযব' বলে; ২। পরিমাণ বিশেষ, চারি ধান

পরিমাণ ; ৩। অঙ্গুলিস্থ যবাকার রেখা বিশেষ।

যবক্ষার বি, ক্ষার বিশেষ, সোরা। ইহাকে হিন্দুস্থানে যবক্ষার, সাজী ও সোরা বলে।

যবন, বি, মুসলমান ; ২। তুরস্ক, আরব প্রভৃতি মুসলমান রাজ্য।

যবনাল, বি, ধান্যবিশেষ, দেধান।

যবস্তব, বিং (ন যথৌ ন তস্থৌ শব্দজ) পূর্ব্ববৎ ; ২। যেমন তেমন ; ৩। স্থগিত।

যবার—যতবার, যত সংখ্যা।

যবে—যখন, যে সময়।

যবেস্থবে, ক্রি বিং, যেমন তেমন ভাবে, যথাস্থিত ; ২। স্থগিত।

যমজাঙ্গাল—নভোমণ্ডলস্থ সোমধারা বা দেবপথকে সাধারণ্যে 'যমের জাঙ্গাল' বলে, আকাশ গঙ্গা—আকাশ গঙ্গা মকর রাশির উপর। আকাশ গঙ্গার অপর নাম ছায়াপথ। (Milky way)।

যম মাস—কার্ত্তিক মাস। বঙ্গদেশে কার্ত্তিক মাসেই শীতের পূর্ব্ব লক্ষণ অনুভূত হয়। রাত্রিকালে যথেষ্ট হিম পড়ে। এই মাসে মৃত্যুসংখ্যা অনেক বৃদ্ধি হয়। অপর নাম যমদংষ্ট্র।

যষ্টিমধু, বি, দ্রব্যবিশেষ, মিষ্টমূল। ইহা শীতল, গুরু, মধুরস ও চক্ষুর হিতকর।

যহি—যথায়, যেখানে ; ২। যখন, যে সময়ে ; যথা—

"আদি খণ্ড কথা যেন অমৃত শ্রবণ।
যহি শিশুরূপে ক্রীড়া করে নারায়ণ।"
(চৈতন্য ভাগবত)

যা, সর্ব্বং, (যাতৃ শব্দজ) পতির ভ্রাতৃজায়া ; ২। (অনুজ্ঞা) যাও, প্রস্থান কর। [মাড়।

যাউ, বি, (যবাগু শব্দজ) যবমণ্ড,

যাওন, যাওয়া, বি, গমন, চলন।

যাওয়া আসা—যাতায়াত, গতিবিধি।

যাঁতা, বি, (যন্ত্র শব্দজ) পেষণযন্ত্র ; ২। কর্ম্মকারদিগের অগ্নি উত্তেজক যন্ত্র।

যাঁতি, বি, (যন্ত্র শব্দজ) গুবাকাদি ছেদনার্থ অস্ত্রবিশেষ, সুপারি কাটা অস্ত্র।

যাগ্, বি, (যজ্ঞ শব্দজ) যজ্ঞ, হোম ; যথা,—

"মহা বিঘ্ন হবে যাগে, নির্জ্জর বর্জ্জিত ভাগে
যক্ষ রাক্ষসের অধিকার।"
(শিবায়ন)

যাচন, বি, প্রার্থনা, ভিক্ষা।

যাচনদার, বি, বস্ত্রের পরিদর্শক, বস্ত্রের ভালমন্দ যাহারা পরীক্ষা করে।

যাচা, বি, প্রার্থনা, ভিক্ষা ; ২। বিং,—আপনা হইতে দেওয়া।

যাচাই, বি, যথার্থ অনুসন্ধান, পরীক্ষা।

যাচান, বি, পরীক্ষা করান; ২। যাচিয়া দান করণ।

যাটি, যাঠা, বি, লাঠি; ২। ঘানি-গাছের লগুড়বিশেষ।

যাতিক, বি, পান্থ, পথিক।

যাদু, বি, বশীকরণবিদ্যা; ২। মোহিনী, ভেল্কী; ৩। সন্তানাদির প্রতি স্নেহ সূচক সম্বোধন, বাছা।

যাদুকর, যাদুয়া, বি, বাজিকর, ভেল্কীওয়ালা।

যাদুঘর, বি, যেথানে অদ্ভুত পদার্থাদি থাকে (Museum)।

যাপ্য, বি, পরিপাক, হজম; ২। দমন।

যাপ্যমালা, বি, জপের মালা।

যাব, বি, গবাদির খাদ্য।

যামিকভট, বি, প্রহরী, চৌকীদার।

যিনি, সর্ব্বং, (যদ্ শব্দজ) যে ব্যক্তি, যে লোক।

যুও, বি, ক্রীড়াবিশেষ, জুয়াখেলা; ২। যাঁতার কাষ্ঠনির্ম্মিত ধারণদণ্ড।

যুকন, বি, যোঁকা দেওয়া, মাপা।

যুঝ, বি, (যুদ্ধ শব্দের অপভ্রংশ) যুদ্ধ, লড়াই।

যুঝারিয়া, বিং যুদ্ধক্ষম, লড়াইয়ে, যথা,—

"রাজভেট নিল সাধু যুঝারিয়া ভেড়া।
পার্ব্বত্য টাঙ্গন তাজী লৈল দুই ঘোড়া॥
(কবিকঙ্কণ)

যুটি, বি, কেশগুচ্ছ; ২। সমবয়স্কা, একবয়স্কা।

যুড়ন, বি, একত্রীকরণ, মিলন, দুই বস্তুর সংযোগ করণ; ২। শীতল হওন।

যুড়া, বি, ছায়া। [তুষ্টি জন্মান।

যুড়ান, বি, শীতল করা; ২।

যুড়ি, বিং যুগ্ম, সমযোগ্য, দুইটী।

যুতা, বি, পাদুকা; ২। বিং— সংযুক্তা, মিলিতা; ৩। ক্রি,— যোড়া, সংবদ্ধ করা।

যুয়ায়, ক্রি, যোগ্য হয়, উচিত হয়; যথা,—

"নিশাও প্রহর দেড় দুই ও বা হয়।
ইহাতে কি আর পাক করিতে যুযায়॥"
(চৈতন্য ভাগবত)

যুঁই, বি, (যুথিকা শব্দজ) যুঁই-ফুল। [জোয়ান।

যুবান, বি, (যুবন শব্দজ) যুবক,

যুষ, বি, ঝোল, রস, (juice)।

যে, সর্ব্বং (যদ্ শব্দজ) বিশেষ ব্যক্তি বা বস্তু। [যথায়।

যেথানে, ক্রি বিং, যেস্থানে,

যেন, ক্রি বিং, যেরূপ, যথা।

যেমন, যেমত—যেরূপ, যেপ্রকার

যেমন, তেমন, ক্রি বিং, যে কোন রূপ, সামান্যতঃ।

যেযে, সর্ব্বং, যাহা যাহা, যে কেহ, যে কোন। [যেমন।
যৈছন, ক্রি বিং, (হিন্দী) যেরূপ,
যো, বি, (যোত্র শব্দজ ?) উপায়, সুবিধা ; ২। মূলধন ; ৩। ভূমিতে বীজবপনের উপযুক্ত অবস্থা। যে অবস্থায় জমির মৃত্তিকা লাঙ্গল জড়াইয়া যায় না, কিন্তু জমি নরম থাকে।
যো-যোত্র, বি, উপায় ও সম্পত্তি, সঙ্গতি।
যো-আলি, যোঁ-আল, বি, যুড়িবার কাষ্ঠ, লাঙ্গলবাহী বলদের স্কন্ধস্থ কাষ্ঠবিশেষ।
যোঁকা, ক্রি, তুলনাকরা, সমানকরা, পরিমাণকরা, মাপা।
যোকারী, বি, প্রণয়ী, প্রেমী ; যথা,—

"রাধা মোহন পঁহু গোপত যোকারী।
সো মুখ কোঁ জন কহইতে পারি॥

যোকাল, বি, যে সময় ধান্যাদি রোপণ করা যায়, আষাঢ় শ্রাবণ মাস। [২। সঞ্চয়।
যোগাড়, বি, কর্ম্মের সুযোগ ;
যোগাড়িয়া, যোগাড়ে, বিং সহকারী, সংগ্রহকারক।
যোগে, ক্রি বিং, কায়ক্লেশে, কষ্টেস্থষ্টে।
যোঙ্গড়া, বি জলজন্তু বিশেষ, ইহা পোড়াইয়া চুণ তৈয়ার হয় ; ২। বিং—অপরিস্কৃত।
যোট, বি, যুগল, উভয় মিলন ; সঙ্গ।
যোটন, বি, মিলন, একত্র হওন।
যোড়, বি, যুগ্ম, মিলন ; ২। ক্রি,—একত্রকরা।
যোড়েযাড়ে, ক্রি বিং, কোনরকমে মিল করিয়া, কায়ক্লেশে ; যথা,—

"রচনাপুর্ব্বক কহিবারে নাহি জানি।
যথাশক্তি যোড়েযাড়ে মিলাইয়া ভনি॥
(ভক্তমাল)

যোত, বি, হল বন্ধন রজ্জু, যোত দড়ি।
যোতন, বি, লাঙ্গলে রজ্জু সংযুক্ত করণ ; ২। গবাদি বন্ধন।
যোত্র, বি, সঙ্গতি, সংস্থাপন ; যথা,—

"মহোদধি মসী যদি মহী হয় পত্র।
সুরতরু লেখনী সারদা করি যোত্র॥"
(শিবায়ন)

যোয়ান, বি, (যবানী শব্দজ) দ্রব্যবিশেষ, মসলা বিশেষ ; ২। বিং (যুবন্ শব্দজ) যুবক। ৩। বিং—বলবান, বলিষ্ঠ।
যৌ, বি, লাক্ষা, গালা।

র।

র ;—সপ্তবিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান মূর্দ্ধা।
রইকাঠ, বি, পুষ্করিণীর উৎসর্গ-

কালীন পুষ্করিণীর মধ্যস্থলে প্রোথিত কাষ্ঠ। রইকাঠ বিল্ব-কাষ্ঠে প্রস্তুত হয়।

রইঘর, বি, নৌকার বৈঠকগৃহ, ছইঘর; যথা,—

"রইঘর চাপিয়া বসিলা সদাগর।
হাতে কেরোয়াল সব বসিল গাবর॥"
(কবিকঙ্কণ)

রওয়ানা, বি, (পারশী) যাত্রা, গমন।

রওলা, বি, স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

রং, বি, (রঙ্গ শব্দজ) বর্ণ, রঙ্গ। ২। ধাতুবিশেষ, রাং; ৩। (পারশী) কৌতুক, তামাসা।

রকম, বি, (আরবী) প্রকার, মত; ২। রীতি, রকমারি—ভিন্ন ভিন্ন প্রকারের।

রগ, বি, (পারশী) শিরা, মস্তকের পার্শ্বদ্বয়ের শির।

রগড়, বি, (যাং) বাদ্যের শব্দ, ঢক্কাদিতে আঘাতের উপক্রম; যথা,—

"ডগরে রগড় দিতে তিন লক্ষ কাঁশী।"
(কৃত্তিবাস)

২। তামাসা।

রগড়ান, বি, মর্দ্দন, ডলন, ঘষা।

রঙ্গচঙ্গ, বিং চিত্রবিচিত্র।

রঙ্গচিঙ্গা, বি, চেঙ্গড়া, যাহারা তামাসা দেখিতে ভালবাসে।

রঙ্গন, বি, চিত্রকরা, ছোপান; ২। পুষ্পবৃক্ষ বিশেষ।

রঙ্গভঙ্গ, বি, কৌতুক; ২। হাব-ভাব।

রঙ্গরেজ, বি, রঙ্গবৈদ্য, সুত্ররঙ্গ-কারী জাতি বিশেষ।

রাঙ্গন, বিং চিত্রবিচিত্র।

রছি, বি, রশি, রজ্জু; যথা;—

"কাল হাকিমের জমা গাছি।
অন্তরে বাহিরে রছি॥" (হকিয়ত)

রজন, বি, বৃক্ষবিশেষের নির্য্যাস, এই রজন হইতেই ধুনা ও তার্পিন প্রভৃতি উৎপন্ন হয়।

রজপুত, বি, (রাজপুত্র শব্দজ) বর্ণসঙ্কর জাতিবিশেষ। [করণ।

রটান, বি, প্রচার করণ, ঘোষণা

রটোর, বি, স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

রড়, বি, রথাদির দ্রুতগমন শব্দ; ২। দ্রুতগমন, দৌড়; যথা,—

"ঠাকুর খাইয়া ভাত দিল এক রড়।"
(চৈতন্য ভাগবত)

রড়ারড়ি, বি, দ্রুতগমন, দৌড়া-দৌড়ি।

রণপা, বি, পূর্ব্বকালের ডাকাইত-গণের দ্রুতগমন জন্য ব্যবহৃত যষ্টিবিশেষ। [বেশ্যা।

রণ্ডী, রেণ্ডী, বি, বিধবা; ২।

রদ, বি, (আরবী) প্রতিবাদ; ২। বিং—রহিত, খারিজ, অমান্য; যথা—

"গৌড়েশ্বর রাজার হুকুম হইল রদ।
রায় কর্ণসেনে বড় ঘটিল আপদ।"
(ঘনরাম)

রদী, বিং (আরবী) অপকৃষ্ট, অব্যবহার্য্য। (Defaced)।
রপট, বি, গতিবিধি, চলাচল।
রপ্ত, বিং অভ্যস্ত, আয়ত্ত।
রপ্তানী, বি, বিক্রয়ের জন্য মাল স্থানান্তরে প্রেরণ।
রফা, বি, (আরবী) নিষ্পত্তি, শেষ।
রভস, বি, রহস্য; যথা,—
"কেলি রভস যব শুনে
আনত হেরি ততহি দেই কাণে।"
(বিদ্যাপতি)
২। রতি; ৩। উৎসুক্য; ৪। হর্ষ, আনন্দ; ৫। বিলাস, বিবরণ।
রমজান, বি, (পারশী) রমজান অর্থে জ্বলিয়া যাওয়া। পবিত্র রোজার গুণে লোকের পাপ জ্বলিয়া যায়) মুসলমানদিগের নবম মাস।
রমজানী, বি, বাচালতা, চালাকি; ২। স্পর্দ্ধা।
রয়নী, বি, (রজনী শব্দের অপভ্রংশ) রজনী, রাত্রি; যথা,—
"রয়নী ছোটি অতি ভীরু রমনী।"
(বিদ্যাপতি)
রলা, বি, সূক্ষ্মদণ্ড; ২। ফড়কী, ডাল।
রবাব, বি, (পারশী) তারযুক্ত বাদ্য যন্ত্রবিশেষ, বেহালার ন্যায় একপ্রকার বাদ্য যন্ত্র।
রব্‌রবা, বি, প্রতাপ, শাসন।
রশুন, বি, (লশুন শব্দজ) মূলবিশেষ। হিন্দীনাম লসুন।
রশোৎ, বি, (হিন্দী) রসাঞ্জন। দারু হরিদ্রার ক্বাথ ও দুগ্ধ সমভাবে একত্র পাক করিয়া পাদাবশেষ থাকিতে নামাইলে সেই ঘণীভূত দ্রব্যকে রশোৎ বা রসাঞ্জন কহে।
রসক্, বি, তুঁতিয়া বিশেষ।
রস্‌করা, বি, নারিকেল কোরা ও চিনির রসে প্রস্তুত মিষ্টান্ন বিশেষ।
রসদ, বি, (পারশী) খাদ্যদ্রব্য।
রসস্থ, বিং সরস, রসযুক্ত।
রসা, রসি, বি, (পারশী) দড়ি, ৮০ হাত দড়ি; ২। আম্রাদির রস।
রসান, বি, বিদ্রুপাত্মক বাক্য; ২ স্বর্ণরৌপ্যালঙ্কার রং করা।
রুসুই, বি, রন্ধন, পাককরা।
রুসুইয়া, বি, পাচক। [(Fee)।
রুসুম, (পারশী) অর্থ; খরচ
রহন, বি, অবস্থান, থাকা।
রহনি, বি, গূঢ়তত্ত্ব; ২। পরিহাস, কৌতুক।
রহর, বি, (হিন্দী) অড়হর, আইরিকলায়। অড়হরের হিন্দী নাম রহর, টর্, তুরবী ও টুমুর। [ক্রমশঃ।
রহেবসে, ক্রি বিং, ধীরে ধীরে,

রা, বি, শব্দ, ২। বাক্য, কথা; যথা,—
"জিজ্ঞাসিলে কেহ নাহি কাঁড়ে রা।"
(কবিরঞ্জণ)
রাই, বি, সরিষা বিশেষ, শ্বেত-সরিষা; ২। (রাধা বা রাধিকা শব্দের অপভ্রংশ) রাধিকা; ৩। রায়; যথা,—
"ত্রাহি বুলি মক মাকে কাঁদে রঘুরাই।"
রাইখড়া, বি, রাই সরিষার ডাঁটা।
রাইঙ, বি, (পূর্ব্ববঙ্গে) তোলো হাঁড়ি।
রাইঙপাতিল—হাঁড়ি কুড়ি।
রাইয়ত, বি, যে ব্যক্তি কোন জমি চাষ করিবার জন্য গ্রহণ করে, তাহাকে রাইয়ত বা চাষী প্রজা বলে।
রাউটি, বি, বস্ত্রগৃহ, তাঁবু।
রাওয়ারাই, ক্রি বিং, উচ্চৈস্বরে, ডাক ফুকারিয়া; যথা,—
"পুত্রশোকে যেন হেথা কাঁদে রাওয়ারাই।" (ঘনরাম)
রাং, বি, (রঙ্গ শব্দজ) ধাতুবিশেষ।
রাংচিতা, বি, (রক্তচিত্রক শব্দজ) বৃক্ষবিশেষ।
রাংঝাল, বি, রাঙ্গের পাইন দেওয়া।
রাংতা, রাঙ্গতা, বি, রাং নির্ম্মিত পাতলা পত্র।
রাঁড়, রাঁড়ি, বি, (রণ্ডা শব্দজ) বিধবা; ২। বেশ্যা, উপপত্নী।
রাঁড়া, বি, ফলহীন বৃক্ষ; ২। বিং—অফলা, বন্ধ্যা।
রাঁধন, বি, (রন্ধন শব্দজ) বন্ধন, পাককরণ। [বিশেষ।
রাঁধুনী, বি, পাচিকা; ২। মসলা
রাকাড়ন, বি, বাক্যপ্রয়োগ, কথা কহা; ২। ডাকা; ৩। শব্দকরণ।
রাখন, রাখা, বি, (রক্ষণ শব্দজ) স্থাপন, রক্ষণ।
রাখনি, বি, রক্ষণাদির বেতন; ২। রাখালের মাহিনা; ৩। উপপত্নী, রক্ষিতা। [পালক।
রাখাল, বি, গো রক্ষক, গো
রাখিপূর্ণিমা, বি, শ্রাবনী পূর্ণিমা। এই পূর্ণিমাতে শ্রীকৃষ্ণের ঝুলন যাত্রা শেষ হয়। রক্ষা বন্ধন করিতে হয়।
রাখী, বি, রক্ষা বন্ধন সূত্র।
রাগ, বি, ক্রোধ, অসন্তোষ; ২। মৎস্যবিশেষ, দেখিতে মৃগেল মৎস্যের বাচ্চার মত, পৃষ্ঠদেশ ঈষৎ কৃষ্ণাভ, পেট সাদা, সরু ও মুখ ছোট; ৩। চন্দনাদি গন্ধ দ্রব্য; ৪। রাগে বিকৃতি জন্মে, এজন্য আসক্তির নাম রাগ; যথা,—
"অনুরাগ রাগ রগে যুদ্ধরঙ্গ রঙ্গিয়া।"
রাগন, বি, ক্রোধ করণ।
রাগাল, রাগত, বিং রাগান্বিত, রুষ্ট, ক্রুদ্ধ

রাঘব, বি, মৎস্য বিশেষ, রাঘব-বোয়াল ; ২। অনিমন্ত্রণ আ-হারোপজীবী ব্রাহ্মণ।

রাঙ্গা, বি, (রঙ্গ শব্দজ) রক্তবর্ণ, লালবর্ণ।

রাঙ্গাআলু, বি, লালবর্ণের আলু।

রাঙ্গান, বি, ছোপান, রক্তবর্ণকরা।

রাঙ্গড়াটিয়া, বিং ঈষৎ রক্তবর্ণ।

রাঙ্গাবাস, বি, রক্তবস্ত্র, গেরুয়া ; যথা,—

"বিরতি আহারে, রাঙ্গাবাস পরে,
যেমন যোগিনী পারা।"

রাজ, বি, ইষ্টক গৃহ নির্ম্মাণ কারক, মিস্ত্রী ; ২। রাজা।

রাজগাঁড়, বি, উদরস্থ স্ফোটক বিশেষ, পেটের ফোড়া।

রাজটীকা, বি, রাজ্যাভিষেক, রাজতিলক।

রাজপাট, বি, রাজসিংহাসন।

রাজবাটী, বি, রাজগৃহ, রাজপুরী।

রাজস্থান—রাজপুত জাতির আ-বাস ভূমি, রাজপুতানা ; ২। কর্ণেল টড প্রণীত বৃহৎ গ্রন্থ-বিশেষ।

রাজহাঁস, বি, (রাজহংস শব্দজ) বৃহৎ হংস।

রাজি, রাজী, বিং (আরবী) সম্মত ; ২ তুষ্ট।

রাড়, রাঢ়, বি, প্রদেশ বিশেষ, বর্ত্তমান বর্দ্ধমান বিভাগ।

রাড়চোয়াড়, বিং অতিশয় গোঁয়ার ; ২। ইতর জাতি।

রানা, বি, পুষ্করিণ্যাদির সোপান বিশেষ ; ২। উদয়পুরের মহারাজার উপাধি।

রাণী, বি, (রাজ্ঞী শব্দজ) রাজ-মহিষী।

রাণ্ডী, বি, (হিন্দী) বিধবা ; ২। বেশ্যা। [রাত্রি।

রাত, রাতি, বি, (রাত্রি শব্দজ)

রাতা, বিং রক্ত শব্দজ কি ?) রক্তবর্ণ, রাঙা ; যথা,—

"রাতা উৎপল, অধর যুগল।"
(পদকল্পতরু)

"কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কল্লি রাতা।"
(কবিকঙ্কণ)

রাতারাতি, ক্রি বিং, রাত্রিকালে, রাত্রি থাকিতে থাকিতে।

রাতিকানা, বিং রাত্র্যন্ধ, রাত্রি-কালে দৃষ্টিহীন।

রান্না, বি, (রন্ধন শব্দজ) রন্ধন, অন্নাদি পাক করণ। [শালা।

রান্নাঘর, বি, রন্ধন গৃহ, পাক-

রাবিশ, বি, কোঠাঘরের ভাঙ্গা চূণ সুরকি ; ২। বিং—নিকৃষ্ট।

রামকুঁড়ে, বি, ক্ষুদ্রগৃহ, কুটীর।

রামখড়ি, বি, (খাড়—খটিকা শব্দজ) খড়ি বিশেষ ইহাকে হিন্দীতে খল্লী ও গৌরখরী বলে। পূর্ব্বে ইহা দ্বারা বালক-দিগের বিদ্যারম্ভ হইত।

রামছাগল, বি, বৃহৎ একজাতীয় ছাগ।

রামধনুক, বি, ইন্দ্রধনু, বৃষ্টিকালীন জলবিন্দু সমূহে পতিত সূর্য্য-কিরণে উৎপন্ন পদার্থবিশেষ।

রামশিঙ্গা, বি, (রামশৃঙ্গ শব্দজ) বাদ্যবিশেষ, কীর্ত্তন সময়ে বৈষ্ণবগণ এই যন্ত্রের ব্যবহার করিয়া থাকেন।

রামাৎ, বি, নাগা; রামোপাসক বৈরাগী বিশেষ।

রায়, বি, (আরবী) অভিমত, নিষ্পত্তি বাক্য (Judgment); ২। উপদেশ; ৩। রব, বাক্য; ৪। উপাধিবিশেষ।

রায়বাঘিনী—অত্যন্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয়া প্রবলা অবলা।

রায়বার, বি, স্তুতিপাঠক; যথা,—

"প্রভাতে করি স্নান, দ্বিজে করিল দান,
রায়বারে দিল গজ ঘোড়া।"
(কবিকঙ্কণ)

২। যশঃ, সুখ্যাতি, স্তুতি; যথা,—

"বিপ্রগণে পড়ে বেদ ভাটে রায়বার।
শচিগৃহে হইল আনন্দ অবতার।
(চৈতন্য ভাগবত)

৩। দৌত্য।

রায়বাঁশ, বি, বংশনির্ম্মিত লগুড়-বিশেষ।

রায়বেঁশে, বি, লাঠিয়ালবিশেষ, রায়বাঁশ লইয়া যাহারা ক্রীড়া করে। ইহাদের স্ত্রীলোকের ন্যায় বেশ ভূষা, পরিধানে রঙ্গিন চিত্রবিচিত্র বস্ত্র, গায়ে লাল ছিটের ফতুয়া, সর্ব্বাঙ্গে গহনা, মাথায় ঝাঁকড়া চুল প্রভৃতি শোভা পায় এবং হস্তে দীর্ঘ যষ্টি।

রায়ভাটী, বি, নদীর আওড়।

রায়রাঁয়া, রায়রায়ান,—উপাধি-বিশেষ, অর্থ রাজাদের মধ্যে রাজা। মুসলমান রাজত্ব সময়ে রায়রায়ান রাজস্ব মন্ত্রীর কার্য্য করিতেন, রাজস্ব বিভাগের যাবতীয় বন্দোবস্ত তাঁহাদের হস্তে ন্যস্ত ছিল।

রাশ, বি, (রাশি শব্দজ) স্তূপ, গাদা। [শয় গম্ভীর।

রাশভারী—যাহার প্রকৃতি অতি-

রাশি সন্দেশ—অল্প মূল্যের ছানার সংযোগ বিরল সন্দেশ।

রাষ্ট, বি, (রাষ্ট্র শব্দজ) প্রচার, প্রকাশ।

রাস্তা, বি, পথ। [বিশেষ।

রাস্না, বি, (রসনা শব্দজ) বৃক্ষ-

রাহা, বি, (পারশী) রাস্তা, পথ; ২। উপায়; ৩। মৌলিক কায়স্থের উপাধিবিশেষ।

রাহা খরচ—পাথেয়, পথ খরচ।

রাহাজানি, বি, (পারশী) পথে দস্যুতা, রাজপথে বা পান্থ-

নিবাসে ইত্যাদি দ্বারা পথিকের যথাসর্ব্বস্ব অপহরণ।

রিক, বি, অন্তঃকরণ, মন; ২। ব্যবস্থা।

রিকাব রেকাব, বি, পিত্তল নির্ম্মিত পাত্রবিশেষ।

রিঠা, রীটাবি, লোমজ বস্ত্রাদি ক্ষালনযোগ্য ফলবিশেষ; ২। মৎস্যবিশেষ, ইটা মাছ।

রিফু, বি, (যাং) ছিন্ন অংশ মেরামত।

রিরি, বি, ক্রোধে লোমাঞ্চ।

রিশ, বি, হিংসা, দ্বেষ, ঈর্ষা।

রিশাল, বি, পক্ষীবিশেষ, ইহার দীর্ঘ পুচ্ছ শ্বেতবর্ণ চন্দ্রক রাশিতে ভূষিত।

রীত, বি, (রীতি শব্দজ) চরিত্র, ব্যবহার।

রুই, বি, উইপোকা; ২। রোহিত মৎস্য। সর্ব্বপ্রকার মৎস্যের মধ্যে রোহিত মৎস্য শ্রেষ্ঠ।

রুখ, রুখু, বিং (রুক্ষ শব্দজ) অতৈল; ২। ক্ষীণ, ক্লিষ্ট।

রুখন, বি, কোপন, বিরক্ত হওন।

রুখেএল—রাগ করে এল। অতিশয় রাগান্বিত হইয়া আসিল।

রুজু, বিং সুম্‌কো সুম্‌কি; ২। উভয় খাতার হিসাব মিলান; ৩। ক্রি,—পেশ করা, দাখিল করা।

রুটী, বি, (রোটি বা রোটিকা শব্দজ) গোধুম চূর্ণ দ্বারা কৃত পিষ্টক; ২। (মালদহের উত্তর পশ্চিমাঞ্চলে) আটা। আটা-গুড়া, আটা হইতে রুটী প্রস্তুত হয়, অথচ রুটীকে 'আটা' বলে।

রুঠ, বিং রুক্ষ, অস্নেহ, বিস্বাদ।

রুণুরুণু, বি, ক্ষুদ্র ঘণ্টার শব্দ।

রুমাল, বি, (পারশী) গাত্রমার্জ্জনী, গামছা।

রুয়া, বি, চুল; ২। চালের প্রস্থ বাঁশ; ৩। দাঁড়িমাদির দানা; ৪। ক্রি,—রোপণ করা।

রূঢ় কথা—শক্ত কথা, অপ্রিয় বাক্য।

রূপবন্ত, বিং সুন্দর, সুশ্রী।

রূপসী, বিং স্ত্রীং, রূপবতী, সুন্দরী

রূপা, বি, (রৌপ্য শব্দজ) ধাতু-বিশেষ, রৌপ্য।

রূপালী, বিং রৌপ্য পাত মণ্ডিত।

রূপী, বি, মর্কটবিশেষ।

রে, অং, নীচ সম্বোধন; ২। রূঢ় কথা। [রাবড়ি।

রেউড়ী, বি, মিষ্টান্ন বিশেষ,

রেওয়া—(পারশী) খতিয়ান দৃষ্টে যে কাগজে সংবৎসরের মোট আয় ব্যয়, দেনা পাওনা, লাভ লোকসান, প্রভৃতির বিষয় একত্র লিখিত হয়, তাহার

নাম রেওয়া বা কারবারী নিকাসী জমা খরচ।

রেওয়াজ, বি, (পারশী) আবাধিত চলন, পদ্ধতি।

রেঁধা, বি, (রন্ধ্র শব্দজ কি?) কাষ্ঠ পরিষ্কার করণার্থ অস্ত্র বিশেষ।

রেক, বি, বেত্র নির্ম্মিত পরিমাণ পাত্রবিশেষ (৵০ সের); ২। ঈষৎ চিহ্ন।

রেক্তা, বি, (পারশী) সঙ্গীতবিশেষ।

রেখ, বি, (রেখা শব্দজ) রেখা, চিহ্ন।

রেজা, বি, স্ত্রী মজুর; ২। কদর্য্য দ্রব্য; ৩। লক্ষিত স্থান, নিশানা। [দোলাই।

রেজাই, বি, শীতবস্ত্র বিশেষ,

রেজ্‌কি, বি, (হিন্দী) ক্ষুদ্রমুদ্রা, আধুলি, সিকি ইত্যাদি।

রেঝা, বি, লক্ষিত স্থান, নিশানা; যথা,—

"ফোঁটা দিয়া বিন্ধে রেঝা,
ছাড়িতে শিখয়ে নেজা,
চামের টোপর শোভে শিরে।"
(কবিকঙ্কণ)।

রেঢো, বি, রাঢ়দেশ নিবাসী, বর্দ্ধমানাঞ্চল বাসী।

রেয়ৎ, বি, (রাইয়ত শব্দজ) প্রজা।

রেয়াৎ, বি, (আরবী) অব্যাহতি, নিষ্কৃতি; ২। অনুগ্রহ, দয়া।

রেয়ো, বি, অনিমন্ত্রিত ব্রাহ্মণ।

রেলা, বি, জনতা, ২। সমূহ, ভিড়; যথা—

"বেড়ে সাপ গা ময় গলায় হাড়মালা।
জটায় জাহ্নবী যায় কুম্ভীরের রেলা"
(শিবায়ন)

৩। বিং—অপর্য্যাপ্ত, প্রচুর।

রেশ, বি, সুর, সুরের বিলীন-প্রায় অবস্থা; ২। দ্বেষ, হিংসা।

রেশম, বি, (পারশী) গুটীপোকার লালা হইতে জাত বস্তু বিশেষ, কীট জাত সূত্র। [ঘুষ।

রেসবৎ, বি, (আরবী) উৎকোচ,

রেহা, বি, (রেখা শব্দের অপভ্রংশ) রেখা; যথা,—

"নব জলধর, বিজুরি রেহা
দ্বন্দ পাসরিয়া গেলি।" (বিদ্যাপতি)

রেহাই, বি, (পারশী) নিষ্কৃতি, অব্যাহতি।

রেহানাবদ্ধ, বি, প্রস্তুত জিনিস বন্ধক, কোন জিনিস প্রস্তুত কারণ, সেই জিনিস বদ্ধ রাখিয়া টাকা লওয়া।

রোওন, বি, রোপণ, পোঁতা।

রোঁদ, বি, (যাং) তদারক, গুপ্তানুসন্ধান।

রোঁয়া, বি, (রোম শব্দজ) লোম।

রোক, রোখ, বি, ক্রোধ; দর্প-প্রকাশ, আস্পর্দ্ধা; ২। নগদ।

রোকড়, বি, (যাং) আয়ব্যয় লিখিবার বহি, হিসাবের খাতা। খসড়া হইতে উদ্ধৃত

করিয়া যে কাগজে পরিষ্কার-রূপে খসড়ার সমুদয় জমা খরচ লিখিত হয়, তাহাকে রোকড় বা জাবেদা কহে।

রোকন, রোখন, বি, নিবারণ, আটকান, ক্রুদ্ধ হওয়া।

রোকণিয়া, বি, অলঙ্কারের রং কারক, গহনায় রসান করা।

রোকশোদ, বি, (আরবী) পরিশোধ; ২। বিদায়।

রোকা, বি, (পারশী) পত্র, ক্ষুদ্র চিঠি।

রোখাল, বিং ক্রোধযুক্ত, প্রচণ্ড।

রোগা, বিং (রুগ্ন শব্দজ) কৃশ, দুর্ব্বল।

রোজ, বি, (পারশী) তারিখ, দিবস; ২। দৈনিক মজুরি।

রোজ রোজ—প্রত্যহ।

রোজগার, বি. (পারশী) আয়, উপার্জ্জন।

রোজনামা, রোজনাম্‌চা, বি, (পারশী) দৈনন্দিন লিপি, দৈনিক হিসাবের বহি, (Diary)।

রোজা, বি, (পারশী ওঝা শব্দ কি?) বিষ চিকিৎসক, ভূত প্রেত ও বিষাদির চিকিৎসক; ২। মুসলমানদিগের উপবাস-রূপ ব্রত।

রোডসেস, বি, (Road cess) পথ প্রস্তুতের জন্য কর; পথকর।

রোড়া, বি, বণিক দ্রব্যবিশেষ, অপর নাম রয়না, কড়ার; ২। বিং—দন্তহীন [কিরণ।

রোদ, বি, (রৌদ্র শব্দজ) সূর্য্য-

রোয়া, বি, (রোপণ শব্দজ) ধানের চারা পোতাকে "রোয়া" এবং কোন কোন স্থানে "গুছিগাড়া" বলে; ২। কাঁঠালের কোশ।

রোল, বি, অব্যক্ত শব্দ, ধ্বনি।

রোশন, রোশনাই, বি (পারশী) আলোকোৎসব।

রোশনচৌকী, বি, (পারশী) বাদ্য-যন্ত্রবিশেষ, সানাইবিশেষ।

রোষাল, বিং কোপযুক্ত, ক্রোধান্বিত।

ল।

ল;—অষ্টবিংশ হলবর্ণ। অন্তঃস্থ বর্ণ।

লওন, বি, (নয়ন শব্দজ) গ্রহণ, ধারণ, স্বীকার করণ।

লওয়ান, বি, গ্রহণ করান; ২। প্রবৃত্তি দেওন।

লক্‌, বি, মাঞ্জা করা সূক্ষ্মরেশমের সূত্রবিশেষ। [মান।

লক্‌লক্‌, বিং পাতলা, দোদুল্য-

লকৃপক্, বিং লালসাযুক্ত
লক্কা, বি, পরাবতবিশেষ।
লক্ষণ, বি, গৃহস্থের মঙ্গলকামনায় অনুষ্ঠিত মঙ্গলাচার।
লক্ষ্মী, বি, বিষ্ণুর স্ত্রী, কমলা; ২। অন্ন; ৩। বিং,—শিষ্ট, শান্ত।
লক্ষ্মীপাতা, বি, লক্ষ্মীপূজার অনুষ্ঠান করণ।
লগ, বি, (লগ্ন শব্দজ) সমীপ, নিকট। [সদৃশ।
লগভগি, বি, (সাঁওতাল পরগণা)
লগা, বি, আকর্ষণী, আকুসী।
লগী, বি, নৌকা বহন দণ্ডবিশেষ, ধ্বজী।
লগে, (বাখরগঞ্জে) সঙ্গে।
লগেলগে, ক্রি বিং, তীক্ষ্ণ দৃষ্টিতে, সুযোগের চেষ্টায়।
লগ্নপত্র—বিবাহের সময়াদি নিরূপক কাগজ, যাহাতে বিবাহের দিন ক্ষণাদি নিরূপিত থাকে। [ঝাল।
লঙ্কা, বি, কটু রসযুক্ত ফলবিশেষ,
লঙ্কাপোড়া, বি, হনুমান।
লঙ্ঘন, বি, উপবাস; ২। দংশন; যথা,—

"কেহ বলে বালকের পুনঃ জনম হৈল।
কেহ বলে জাতিসর্প ডেঁই না লজ্বিল॥"
(চৈতন্য ভাগবত)

লট্‌কন, লট্‌কান, বি, লম্বমান, ঝুলান। [ঝঞ্ঝাট।
লট্‌খট্, লট্‌খটী, বি, উৎপাত,
লট্‌পট্, বি, লুণ্ঠন; ২। শ্রান্তিবশতঃ দুর্ব্বল।
লঠুয়া, বিং লম্পট, কামুক।
লড্ডুক, বি, মিষ্টান্নবিশেষ, লাড়ু।
লড়ন, বি, স্পন্দন, দোলন; ২। যুদ্ধ করা।
লড়না, বি, লড়াই, যুদ্ধ; ২। সমবয়ঃস্ক ও সমবলশালী দুই জনের মধ্যে শক্তি পরীক্ষা, কুস্তিখেলা।
লড়াই, বি, যুদ্ধ, রণ।
লড়াক, বি, যোদ্ধা, বীর
লড়ান, বি, যুদ্ধ করাণ, যুদ্ধে প্রবৃত্তি দেওয়ান।
লড়ালড়ি, বি, উভয় পক্ষের যুদ্ধ; পরস্পর বিবাদ।
লড়্‌কান, বি, মৎস্যের আহার দেওয়া; ২। লোভ দেখান।
লড়্‌চড়্, বিং চঞ্চল, অস্থির; ২ অন্যথা, ব্যতিক্রম।
লণ্ডভণ্ড, বিং উচ্ছন্ন, গোলমাল, ব্যতিব্যস্ত।
লড়্‌বড়িয়া বিং অক্ষম, অপটু; ২। দোদুল্যমান।
লতান, বি, বৃক্ষোপরি লতার আরোহণ, লতাইয়া যাওয়া।
লতাফট্‌কী, বি, বৃক্ষবিশেষ, বন উচ্ছে।
লপেট্, বিং অভ্যস্ত; ২। দ্রুত।
লপ্টন, বি, বেষ্টন, জড়ান।

লবণিয়া, বি, লবণ প্রস্তুত কারক, লবণ ব্যবসায়ী।

লবেজান, বিং (পারশী) পরিশ্রান্ত, কাতর ; যথা,—

"বিবিজান চলেযান লবেজান করে।"
(ঈশ্বরগুপ্ত)

লম্ফঝম্ফ, বি, লাফালাফি।

লম্বাই, বি, দীর্ঘতা, দীর্ঘপরিমাণ।

লম্বালম্বি, ক্রি বিং, দীর্ঘ পরিমাণে।

লয়, বি, সঙ্গীতের তাল বা সমান সময়।

লয়া, বিং নূতন। কোন কোন স্থানে 'নওয়া' বলে।

লস্কর, বি, (পারশী) সেনা, ফৌজ।

লহনা, বি, (পারশী) বাকী পাওনা।

লহমা, বি, (পারশী) অতি অল্প সময়, নিমিষ, মুহূর্ত্তে।

লহর, লেহারা, বি, তরঙ্গ, প্রবাহ; যথা,—

"যমুনার লহর লোতে হইল লাল।"
(ভারতচন্দ্র)

লহু, বিং মৃদু, অল্প ; যথা,—

"শ্যাম সুন্দর লহু লহু করি হাসে"
(চণ্ডীদাস)

লা, বি, (লাক্ষা শব্দজ) জৌ, গালা ; ২। নৌকা; ৩। গাড়ির চাকার মধ্যস্থ স্থূলকাষ্ঠ।

লাউ, বি, (অলাবু শব্দজ) অলাবু, তুম্বী। ইহা বর্ত্তুল ও দীর্ঘ ভেদে দুইপ্রকার। [বিশেষ।

লাংক্লথ, বি, (Long cloth) বস্ত্র

লাক্, লাখ্, বি, (লক্ষ শব্দজ) লক্ষ, শত সহস্র সংখ্যা।

লাক্পতি, বি, লক্ষপতি, লক্ষ-মুদ্রার অধিপতি।

লাখরাজ, বি, (পারশী) নিষ্কর ভূমি। [ভোগী।

লাখরাজদার, বি, নিষ্করভূমি

লাগ, বি, সমীপবর্ত্তিতা, নিকট; ২। নাগাল; ৩। সন্ধান; ৪। সঙ্গ; যথা,—

"বুকমাঝে দেখি তোমার কঙ্কণের দাগ
কোন কলাবতী আজি পেয়েছিল লাগ॥"

লাগন, বি, স্পর্শ হওন; ২। ক্লেশ পাওয়া; ৩। প্রবর্ত্তন; ৪। নিকটস্থ হওন।

লাগা, বি, সংযোগ, লগ্ন; ২। সন্ন্যাসীবিশেষ, নাগা।

লাগাল, বি, অন্বেষণ, সন্ধান।

লাগাও, বিং সংলগ্ন, নিকটবর্ত্তী।

লাগান, বি, মিলান, সংযুক্ত করা; ২। কুপরামর্শ দেওন।

লাগায়েৎ—পর্য্যন্ত, অবধি।

লাগালাগি, বি, ভাঙচি দেওয়া; ২। বিং,—নিকটানিকটি।

লাগি, বি, মত্ততা, নেশা; ২। বিং—জন্য, নিমিত্ত। [কুণ্ঠ।

লাঘবী, বিং কৃপণ, অদাতা, ব্যয়-

লাঙ্গরখানা, বি, (পারশী) অতিথি-শালা। [চাষী।

লাঙ্গলা, লাঙ্গলিয়া, বি, কৃষক,

লাঙ্গলি, বি, ক্ষুদ্র হালকা লাঙ্গল।
লাজ, বি, (লজ্জা শব্দজ) লজ্জা।
লাজুক, লাজুলষা, বিং লজ্জাশীল, মুখচোরা।
লাট, বি, নির্দ্দিষ্ট দিনে দেয় রাজস্ব; ২। বিং,—বিপর্য্যস্ত, এলোমেলো; ৩ অপরিস্কৃত; ৪। বি,—মৎস্যবিশেষ. লাটা মাছ, ইহা দেখিতে গজার মৎস্যের বাচ্চার মত, বর্ণ ধূসর, বদ্ধজলে ডিমপাড়ে এবং বাচ্চার রক্ষার্থে তাহার সঙ্গে থাকে; ৫। সর্ব্বপ্রধান শাসন কর্ত্তা।
লাটবন্দী, বি, বাকী খাজনার দায়ে বিক্রয় হওয়া।
লাটিম, বি, বর্ত্তুলাকার ক্রীড়া সাধন দ্রব্যবিশেষ।
লাটী, বি, লটকোণা বৃক্ষ; ২। লা. গালা।
লাঠি, লাঠী, বি, যষ্ঠি, দণ্ড।
লাঠীয়াল, বি, লাঠিখেলায় অভ্যস্ত ব্যক্তি। [অনিষ্টকারী।
লাঠেড়া, বি, যষ্ঠি প্রহারপূর্ব্বক
লাড়ন, বি, স্থানান্তরিত করণ, চঞ্চল করণ
লাড়া, বি, বিচালির গোড়া, কর্ত্তিত ধানগাছের গোড়ার অংশ।
লাড়ু, বি, (লড্ডূক শব্দজ) মিষ্ট দ্রব্যবিশেষ।
লাড়ুগোপাল, বি, দেববিগ্রহবিশেষ; ২। পাঠশালায় প্রচলিত শাস্তিবিশেষ, যশোদানন্দন গোপাল এক হাঁটু পাতিয়া ও হাঁটু তুলিয়া বসিয়া দক্ষিণ হস্ত বাড়াইয়া ক্ষীরের লাড়ু খাইতেন। অপরাধী বালককে সেই ভাবে বসাইয়া তাহার দক্ষিণ হস্তে একখানি ইষ্টক স্থাপন করিয়া শাস্তি প্রদান।
লাথী, বি, পদাঘাত।
লাফ, বি, (লম্ফ শব্দজ) লম্ফ।
লাফডিংরা, বিং দুর্দ্দান্ত, দুষ্ট।
লাফান, লাফানি, বি, লম্ফপ্রদান; ২। আস্ফালন।
লায়েক, বিং (পারশী) সাবালক, উপযুক্ত; ২। কর্ম্মকর্ত্তা।
লাল, বি, (লালা শব্দজ) থুথু; ২। (যাং) রক্তবর্ণ।
লালচ, বি, লালসা, অতিশয় স্পৃহা।
লালচিয়া, বিং অতিশয় লোভী।
লালজমি,—উর্ব্বর ক্ষেত্র।
লালুক, বিং লোভী; ২ অদৃঢ়, ভঙ্গুর।
লাশ, বি, (পারশী) শব, মৃতদেহ।
লাহ, বি, শোণিত, রক্ত।
লাহা, বি, লৌ, গালা; ২। উপাধি বিশেষ। [নের ডিম।
লিকি, বি, (লিক্ষ্ শব্দজ) উকু-

লিখিয়ে, বিং সুলেখক, যে উত্তম লিখিতে পারে।

লিগ, বি, ভূমির উপর গাড়ির চাকার চিহ্ন।

লিগা. বি, অক্ষদণ্ড; ২। গাড়ির চাকার আল্।

লিঙ্গিনী, (সাঁওতাল পরগণা) প্রতিদিন। [ঝগড়া।

লিয়াই. বি, (সাঁওতাল পরগণা)

লুঅড়ি. বি, বৃক্ষবিশেষ।

লুই, বি, (লোমশ শব্দজ) পশু-লোমনির্ম্মিত শীতবস্ত্রবিশেষ।

লুকন্, বি, (লুক্কায়ন শব্দজ) গোপন ভাবে থাকা

লুকাছাপা, বি, গোপন ভাব, অপ্রকাশ্য অবস্থা।

লুকান, বি, ছাপান, ঢাকা।

লুকি, লুকী, বিং অদৃশ্য, লুক্কায়িত, যথা,—

"শারীর পাখার আড়ে শুক হইল লুকি।"
(কবিকঙ্কণ)

লুচি, বি, ঘৃতপক্ক গোধূমচূর্ণের পিষ্ট পিষ্টকবিশেষ।

লুট, লুঠ, বি, বলপূর্ব্বক অপহরণ।

লুটান. বি, (লুণ্ঠন শব্দজ) লুণ্ঠন, অপব্যয় করণ, অতিরিক্ত খরচ করা; ২। ভূমে গড়াগড়ি।

লুটিয়ারা, লুঠেরা, বি, দস্যু, যাহারা বলপূর্ব্বক লুঠিয়া লয়।

লুটী, বি, বর্ত্তুলাকার দ্রব্য.; ২। গোলাকার।

লুট্‌পাট, বি, সবলে অপহরণ।

লুঠি, বি, চৌর্য্যবৃত্তি, অপহরণ।

লুড়ি, লুড়ী, বি, ক্ষুদ্র প্রস্তর খণ্ড।

লুণিয়া, বি, শাকবিশেষ; ২। লবণ বিক্রেতা।

লেঙট, লেঙটা, বিং উলঙ্গ, বিবস্ত্র।

লেঙটী, বি, ক্ষুদ্র ইন্দুর; ২। ছিন্ন মলিন বস্ত্র খণ্ড। [কাই।

লেই, লেহাই, বি, মণ্ড, মাড়,

লেখন, বি, পত্রিকা, চিঠি।

লেখা. বি, হিসাব।

লেখাজোখা, বি, হিসাব, সংখ্যা; ২। নিদর্শন পত্র।

লেঙ্গড়া, বিং খঞ্জ, খোঁড়া; ২। বি,—মালদহের উৎকৃষ্ট আম্র বিশেষ।

লেঙ্গুড়, বি, পুচ্ছ, লেজ।

লেচী, বি, (লোপ্ত্রী শব্দজ কি ?) ময়দা জল দ্বারা কোমল করিয়া উত্তমরূপে মর্দ্দন।

লেজ, লেজা, বি, পুচ্ছ।

লেজ গুটাইল—হারিয়া গেল। এই কথা বোধ হয়, কুকুরের কোন্দল দেখিয়া সৃষ্ট হইয়া থাকবে।

লেজঝোলা—শিশুদিগকে ভয় দেখাইবার জন্য কল্পিত জীব বিশেষ, হনুমান।

লেজা, বি, বর্ত্তুল, বাঁটুল।

লেঠা, ল্যাঠা, বি, ঝঞ্ঝাট, গোল-

যোগ, উৎপাত ; ২। মৎস্য-বিশেষ, অপর নাম গড়ই।

লেড়া, বি, গৌরাঙ্গের ভক্ত-বিশেষ ; ২। বিং—মুণ্ডিত মস্তক।

লেনাদেনা, বি, লওয়া ও দেওয়া, টাকা গ্রহণ ও পরিশোধ।

লেপ, বি, প্রলেপ ; ২। তুলা দ্বারা প্রস্তুত শীতনিবারক আস্তরণ বিশেষ।

লেপা, বিং লিপ্ত, মাখা। [কৃত।

লেপাপোঁছা, বিং নিকান, পরি-

লেপী, বি, খড়ের গোড়া বাহির করিয়া ছাওয়া।

লেপাফা, বি, (যাং) পত্রাদির আবরণ কাগজবিশেষ, মোড়ক।

লেবু, বি, অম্লরসযুক্ত ফলবিশেষ।

লেম, বি, সংসর্গ, সংস্রব ; ২। এলাকা।

লেলান, বি, অন্য জন্তুকে ধারণার্থ কুক্কুরাদি নিয়োজন।

লেহ, লেহা, বি, স্নেহ, প্রীতি ; যথা,—

"ঐছন কানুর লেহ।" (চণ্ডীদাস)

"রজনী দিবসে হব পরবশে
স্বপনে রাখিব লেহা।"
(চণ্ডীদাস)

লেহারা, বি, তরঙ্গ, স্রোত।

লো, অং, ওলো, সমবয়স্কা স্ত্রীলোকদিগের পরস্পর প্রীতি সম্বোধন বিশেষ ; ২। বি,—(লোহ শব্দের রূপান্তর, বাঁকুড়া অঞ্চলে প্রচলিত) অশ্রু, চক্ষুর জল ; যথা,—

"খুল্লনা বহিন মোর বড় মায়া মো।
কপট প্রবন্ধে কাঁদে চক্ষে নাহি লো॥"
(কবিকঙ্কণ)

লোকসান, বি, ক্ষতি, অপচয়।

লোচা, বি, চূর্ণ অথচ আর্দ্রচূর্ণ বিশেষ ; ২। পূর্ব্ববঙ্গের পরিমাণবিশেষ = ১৬ পণ।

লোচ্চা, বি, লম্পট, কামুক।

লোচ্চামী, বি, লম্পটতা।

লোটন, বি, বলপূর্ব্বক অপহরণ ; ২। পারাবত বিশেষ, একজাতীয় পায়রা ; ৩। স্ত্রীলোকের প্রাচীন কেশ বিন্যাস বিশেষ।

লোটা, বি, (হিন্দী) ধাতু নির্ম্মিত জলপাত্র বিশেষ, ঘটী।

লোটান, বি, অবলুণ্ঠন, ব্যয়করণ।

লোড়া, বি, পেষণ শিলা। পূর্ব্ববঙ্গের কোন কোন স্থানে 'পুতা' বলে।

লোণ, বি, (লবণ শব্দজ) লবণ।

লোণা, বি, ফলবিশেষ ; ২। বিং—লবণাক্ত, লবণময়

লোৎ, লোথ, বি, চিহ্ন ; ২। অপহৃত বস্তু, চোরাই মাল ; যথা,—

"লোৎ পেয়ে বাঁধে সদাগরে।"
হাতে লোথে ধরিয়াছে,
আর কি উপায় আছে।"
(ভারতচন্দ্র)

লোপাট, বি, সমস্ত ধ্বংস।

লোভা, বিং লোলুপ, লুব্ধ।

লোভাত্তি, বি, অতিশয় লালসা।

লোভান, বি, লোভ দেখান।

লোভানি, বি, চার, টোপ ; ২। পান ভোজন লোভ।

লোর, লোহ, বি, অশ্রু, চক্ষুর জল ; যথা,—

"নাহি নাহি কহয়ে নয়নে ঝরে লোর।"
(বিদ্যাপতি)

লোলা, নোলা, বি, লালসা ; ২। অভিলাষ।

লোহা, বি, (লৌহ শব্দজ) ধাতু বিশেষ ; ২। স্ত্রীলোকের আয়তির চিহ্নস্বরূপ লৌহ নির্ম্মিত হস্তাভরণ বিশেষ ; যথা,—

"আয়তির চিহ্নমাত্র লোহা এক গাছি।"
(ভারতচন্দ্র)

লোহার, বি, (হিন্দী) কর্ম্মকার, কামার।

লৌ, বি, (লোহিত শব্দজ কি ?) লোহ ; ২। লৌহ ঘটিত ঔষধ বিশেষ ; ৩। রক্ত।

লৌকিতা, বি, (লৌকিকতা শব্দজ) বিবাহাদি কর্ম্মে যে অর্থ বস্ত্রাদি কর্ম্মকর্ত্তাকে দেওয়া যায়।

লৌঠি, বি, বাঁটুল, ভাঁটা।

শ।

শ ;—ত্রিংশৎ হলবর্ণ। উষ্মবর্ণ।

শকর, বি, (পারশী ; সংস্কৃত শর্করা ; ইংরাজী—সুগার)। শর্করা, অতি শ্বেতবর্ণ বালুকাকার খাঁড়। প্রচলিত ভাষায় চিনি।

শকরপারা, বি, মিঠাই বিশেষ।

শকরশকর, বি, অতি ব্যগ্রতা প্রকাশ, সক্‌সক্‌।

শকারবকার, বি, দুর্ব্বাক্য, ইতর ভাষা, অসংলগ্ন বাক্য।

শকুনি, বি, বৃহৎ পক্ষীবিশেষ।

শকুল, বি, মৎস্যবিশেষ, শোলমাছ।

শক্‌ড়ি, বি, উচ্ছিষ্ট, এঁটো।

শক্তাই, বি, দৃঢ়তা, কাঠিন্য।

শগড়, শগোর, বি, (সাঁওতাল পরগণা) শকট।

শঙ্কর, বি, মৎস্যবিশেষ, কচ্ছপাকৃতি ; লেজ আছে, পেট সাদা, পৃষ্ঠদেশ ধূসর বর্ণ, নাসিকার ছিদ্র বৃহৎ, লেজে চাবুক হয়।

শঙ্করচিল, বি, শ্বেতবর্ণ পক্ষী বিশেষ।

শঙ্কুপট্ট, বি, দণ্ড পলাদি চিহ্নিত শঙ্কুদণ্ডের আধার। (Dial Plate)।

শজারু বি, পশুবিশেষ, গায়ে বড় বড় কাঁটা আছে।

শজিনা, বি, (শোভাঞ্জন শব্দজ কি ?) বৃক্ষবিশেষ।

শটান, বিং সরল, সোজা ; ২। বি, প্রস্থান।

শড়ঙ্গা, বিং শীর্ণ অথচ দীর্ঘ।

শড়শড়ি, বি, ভাজা অথচ সরস ব্যঞ্জন বিশেষ

শড়া, বি, দড়ি ; ২। বিং—শীর্ণ, ক্ষীণ, ৩। পচা ; যথা,—

"শড়া মহাপ্রসাদ যাহা কুণ্ডেতে জরয়ে।
ধুইয়া তাহার মধ্যে কণা যে থাকয়ে।"
(ভক্তমাল)

শণ্ডা, বি, গোঁয়ার, মূর্খ অথচ বলবান।

শতমুখী, বি, সম্মার্জ্জনী, ঝাঁটা।

শতমূলী, বি, বহুমূল বিশিষ্ট লতা বিশেষ।

শতরঞ্চ, বি, বিচিত্র সূত্র নির্ম্মিত আসন বিশেষ ; ২। ক্রীড়া প্রকরণ বিশেষ, চতুরঙ্গ।

শন্নি, বি, (শূণ্য শব্দজ) বিন্দু ; ২। বিং—রিক্ত, শূন্য। [ধান।

শন্নিধান, বি, একজাতীয় আমন

শপশপ্যা, বিং আর্দ্র, ভিজা।

শপ, সপ, বি, বড় মাদুর, বিছানা।

শফর, সফর, বি, (পারশী) ভ্রমণ।

শফরীআম, বি, পিয়ারা।

শয়চান, শৈচান, বি, (শ্যেন শব্দজ) বাজপক্ষী, শিকরাল পক্ষী।

শয়তান, বিং (যাং) দুষ্ট, প্রতারক।

শয্যাকণ্টক,— মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে শরীরের প্রতি গ্রন্থি হইতে তেজ, মরুৎ ও ব্যোম এই তিনটী ভূতের যখন উর্দ্ধ-গমন হইতে থাকে, তৎকালীন শরীরের অস্থিরতাকে শয্যা-কণ্টক বলে।

শয্যাতোলানী—বিবাহ রাত্রে বর-কন্যা যে শয্যায় রাত্রি অতি-বাহিত করেন, তাহা উত্তোল-নের পারিশ্রমিক।

শর, সর, বি, দধি দুগ্ধের অগ্র-ভাগ ; ২। নল, খাগড়া।

শরগাণ্ডী, বি, বাণ ও ধনুক।

শরণপুঁটী, বি, মৎস্যবিশেষ, বড় পুঁটীমাছ।

শরদ, বি, বীণাযন্ত্রবিশেষ।

শরম, বি, (যাং) লজ্জা।

শরা, বি, (শরাব শব্দজ) মৃত্তিকা নির্ম্মিত পাত্রবিশেষ।

শরাপ, বি, (পারশী) মদ্য, মদ।

শর্ম্মাণ, বি, শ্বেতবর্ণের নারিকেল, শুভকার্য্যে এবং ঔষধার্থে ব্যব-হৃত হয়।

শল, বিং শিথিল, আল্‌গা, ঢিলা।

শলা, বি, (শলাকা শব্দজ) শলাকা, তুলি ; ২। তৃণময় গৃহের বাখারিবিশেষ ; ৩। (যাং) পরামর্শ, মন্ত্রণা।

শলি, বি, ধান্যাদির পরিমাণ-বিশেষ। ২০ আড়ি বা ৮০ কাঠা। [পলিতা।
শলিতা, সলিতা, বি, বর্ত্তিতা
শলিন্দড়ী, বি, জোতদড়ি, যোয়ালি বদ্ধ রজ্জু।
শলী, বি, পরামর্শ, যুক্তি; যথা,—
"পুনঃ খেলে গৌরী, দশ দুই চারি,
খেলিল করিয়া শলী।
(কবিকঙ্কণ)
শলুকা, বি, শাকবিশেষ, শুলকা-শাক
শশারু, বি, শশক, খরগোস।
শস্তা, বিং সুলভ, অল্প মূল্য লভ্য।
শহর, সহর, বি, (পারশী) রাজ-ধানী, বৃহৎ নগর।
শাঁকা, শাঁখ, বি, (শঙ্খ শব্দজ) জলজন্তুবিশেষ, শঙ্খ।
শাঁখনী, শাঁখচুন্নী, বি, (শঙ্খিনী, শাঁকচূর্ণী শব্দজ) পিশাচী-বিশেষ। প্রবাদ ভ্রষ্টাস্ত্রী মরিয়া শাঁকিনী হয়।
শাঁখা, বি, (শঙ্খ শব্দজ) স্ত্রীলোক-দিগের শঙ্খনির্ম্মিত করভূষণ-বিশেষ।
শাঁখারি, বি, শঙ্খবণিক।
শাঁখী, বি, ধান্যের কীটবিশেষ, ইহা লাগিলে ধানের গাছ খাইয়া ফেলে।
শাঁস, বি, (শস্ত শব্দজ) ফলাদির সার ভাগ।
শাওন, বি, (শ্রাবণ শব্দজ) শ্রাবণ মাস; যথা,—
"এক শাওনে ধান, তিন শাওনে পান॥"
(খনা)
শাক, বি, বৃক্ষের পত্রাদি; ২। গণনীয় বৎসর; ৩। পুরাণ বর্ণিত ষষ্ঠ দ্বীপ, শাকদ্বীপ।
শাঙর, বি, শ্যামল, কৃষ্ণবর্ণ; যথা,—
"শাঙর চিকুর ভার।" (বিদ্যাপতি)
শাড়, বি, শব্দ, স্পন্দন; ২। স্পর্শ-জন্য বোধ। [বোধ।
শাড়া, বি, উত্তর, ধ্বনি; ২। স্পর্শ
শাড়া, শাটা, শট্টক, বি, ঘৃত, জল ও পিঠলী মিশ্রিত ছানা; যথা,—
"বেগুন কুমড়া কড়া,
কাঁচকলা দিয়া শাড়া,
বেসার পিঠালী ঘন কাঠি।"
(কবিকঙ্কণ)
শাড়ী, বি, (শাটী শব্দজ) স্ত্রী-লোকের পরিধেয় বসনবিশেষ।
শাড়ল, বিং সুচতুর, চৌকস, সপ্রতিভ।
শাণ, বি, ধার; ২। স্পর্শজন্য বোধ; ২। ঘর্ষণ প্রস্তর।
শাণন, বি, ধার করণ।
শাণি, বি, গবাদির খাদ্য, যাব।
শাতি, বি, (শাস্তি শব্দের অপ-ভ্রংশ) শাস্তি, শাসন।

শাদা, সাদা, বিং (শ্বেত শব্দজ) শুক্ল, শুভ্র।

শানক, শান্‌কী, বি, মুসলমানদিগের মৃণ্ময় ভোজনপাত্রবিশেষ।

শানখাটা—দেবগৃহ গঙ্গাজল দিয়া ধৌত কারয়া মস্তকের কেশ দ্বারা তাহা মুছিয়া ফেলা।

শানা, বি, বস্ত্র নির্ম্মাণার্থ যন্ত্রবিশেষ। সাধারণতঃ বাঁশের বা দাঁতের দ্বারা নির্ম্মিত। সূক্ষ্ম বস্ত্র বয়নের জন্য ব্যবহৃত শানার দন্ত খুব ঘন ঘন লাগান থাকে। ইহার মাপ ৪০ ইঞ্চির হিসাবে হইয়া থাকে, অর্থাৎ যদি কেহ হাজার শানা বলে, তাহা হইলে বুঝিতে হইবে যে, ৪০ ইঞ্চির ভিতর শানা খানায় হাজার ছিদ্র আছে।

শাপট, বি, পসলা, প্রবাহ; ২। আস্ফালন, দর্প।

শাবল, বি, (শর্ব্বলা শব্দজ) মৃত্তিকাদি খননার্থ লৌহাস্ত্রবিশেষ, খন্তা।

শাবান, সাবান, বি, (যাং) বস্ত্রাদি ক্ষালনযোগ্য দ্রব্যবিশেষ।

শাবুদ, বি, (যাং) প্রমাণ, সাক্ষ্য।

শামলা, বিং (শ্যামল শব্দজ) শ্যামবর্ণ, কৃষ্ণবর্ণ; ২। বি,—মস্তকের পাগড়ীবিশেষ।

শামাদান, বি, (পারশী, শামা—প্রদীপ+দান—যাহার উপর রাখা যায়) দীপাধার, দীপধারক বস্তু, পিলসুজ।

শামিল, বিং (যাং শুমুল শব্দজাত =সরিক হওয়া) সংযুক্ত, মিলিত, একত্রিত।

শামীয়ানা, শামিয়ানা, বি, (পারশী, শাম—সায়ং, যাহা ছাইয়া দিলে সায়ংকালীন ভাবের উদয় হয়) আচ্ছাদন, চাঁদোয়া।

শামুক, বি, (শম্বূক শব্দজ) জলশুক্তি। দেখিতে বর্ত্তুলাকৃতি, দেহ অস্থিময় আবরণে আবৃত, মুখও পৃথক অস্থিখণ্ড দ্বারা আবৃত। মুখ খুলিলে মাংসযুক্ত শরীর বহির্গত হয়, তাহাতে দুইটী শুঁয়া আছে।

শারি, বি, নিন্দাবাদ।

শাল, বি, (শলাকা শব্দজ) শলাকা; ২। শূলাস্ত্র; ৩। ইক্ষু মর্দ্দন যন্ত্রাগার; ৪। পশম নির্ম্মিত শীতবস্ত্র বিশেষ; ৫। মৎস্য বিশেষ; অপর নাম গজাল, ইহার পৃষ্ঠের দিকে কালবর্ণ, পেটের দিকে হলদে, গাত্রে লাল চাকা চাকা দাগ, আছে। ... বৃক্ষ বিশেষ।

শালা, বি, (শ্যালক শব্দজ) স্ত্রীর ভ্রাতা; ২। গালিবিশেষ

শালাই, বি, বৃক্ষবিশেষ।
শালাজ, বি, শ্যালক পত্নী, শ্যালকের স্ত্রী। [বাৎসরিক।
শালিআনা, শালিয়ানা বিং (যাং)
শালি, বি, (শ্যালী বা শ্যালিকা শব্দজ) স্ত্রীর ভগিনী।
শালিক, বি পক্ষীবিশেষ।
শালিজমি,—যে জমিতে ধান্য হয়, জলাজমি। অপর নাম—নাবালজমি, ডহর, জোল বা জোলান।
শালিধান্য—যে সকল হৈমন্তিক ধান্য কণ্ডন অর্থাৎ ছাঁটন ব্যতীতও শ্বেতবর্ণ।
শালিঞ্চ, বি, শাঞ্চে শাক।
শালুক, বি, পদ্মাদির মূল।
শাল্‌তি, বি, নৌকা বিশেষ, শালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা।
শাশুড়ী, বি, (শ্বশ্রু শব্দজ) স্ত্রীর মাতা।
শাসান, বি, ভয়প্রদর্শন, ধমকান।
শাসানি, বি, ভয় প্রদর্শনার্থ বাক্য।
শাসিয়াল, বিং তেজস্বী; ২। ধনবান।
শিঁথী, বি, মস্তকাভরণবিশেষ, সীমন্তে ধারণ যোগ্য ভূষণবিশেষ।
শিউলী, বি, (শেফালিকা শব্দজ) পুষ্পবৃক্ষবিশেষ; ২। খেজুরগাছ কাটা মজুর।
শিক্‌কাবাব, শিক্‌পোড়া, বি, ছাগলাদির যকৃত প্রভৃতি কোমলমাংসে ঘৃত ও লবণ মিশ্রিত করিয়া তাহা শলাকায় গ্রথিত করিয়া ধূমরহিত অগ্নিতে পাক করিলে, তাহার নাম সিক্‌কাবাব বা শিক্‌পোড়া।
শিকড়, বি, বৃক্ষাদির মূল, গোড়া।
শিকড়ান, বি, দারিদ্র্যভাব প্রদর্শন; ২। সতেজ হওয়া।
শিকদার বি. (যাং) প্রধানকর্ম্মচারী; ২। উপাধিবিশেষ; ৩। মুসলমান রাজত্ব সময়ে শাসন বিভাগীয় কর্ম্মচারীবিশেষ, কাজির নীম্নে শিকদার।
শিকরাল, বি, বাজপক্ষী। [শৃঙ্খল।
শিকল, বি, (শৃঙ্খল শব্দজ)
শিকা, সিকা, বি, দ্রব্যাদি রক্ষণার্থ রজ্জুময় আধারবিশেষ।
শিকার, বি, (পারশী) মৃগয়া, যাহা মৃগয়া দ্বারা পাওয়া যায়।
শিক্, বি, দীর্ঘ লৌহ।
শিক্‌থ, বি, মোম।
শিখ, বি, (শিষ্য শব্দজ কি?) জাতিবিশেষ, নানকধর্ম্মাবলম্বী জাতি। [শিক্ষা করা।
শিখন, বি, (শিক্ষণ শব্দজ) অভ্যাস,
শিখনী, বি, নাসিকামল, শ্লেষ্মা।
শিখান, বি, শিক্ষা দেওন, অভ্যাস করণ।

শিথানি, বি, মন্ত্রণা, পরামর্শ।

শিথানিয়া, বি, শিক্ষাদায়ক, শিক্ষক।

শিঙলি, বি, (শাল্মলী শব্দজ) শাল্মলী, শিমুল গাছ ; যথা,—

"চন্দন ভরমে শিঙ্লি আলিঙ্গন
শেল রহলহি কাঁটে।"
(বিদ্যাসুন্দর)

শিং. বি, (শৃঙ্গ শব্দজ) পশুগণের শৃঙ্গ।

শিঙ্গা, শিঙা, বি, (শৃঙ্গ শব্দজ) বাদ্যযন্ত্রবিশেষ।

শিঙ্গাড়া, শিঙেড়া, বি, জলজাত উদ্ভিদ ফলবিশেষ, পাণিফল; ২। মোদক প্রস্তুত খাদ্যদ্রব্য-বিশেষ।

শিঙ্গাদার, বি, শিঙা বিক্রেতা।

শিঙ্গাফুকা, বি, প্রাণত্যাগ, মৃত্যু ; যথা,—

"শিঙ্গে ফুকে শিঙ্গে পাবি,
ডাকো কেলে মাকে " (রামপ্রসাদ)

শিঙ্গার, বি, (শৃঙ্গার শব্দজ কি ?) বেশভূষা, সাজসজ্জা।

শিঙ্গি, বি, (শৃঙ্গী শব্দজ) মৎস্য-বিশেষ।

শিঙ্গেল, বি, ঘোটক চিহ্নবিশেষ ; ২। বিং,—শৃঙ্গযুক্ত।

শিচ্কা, বি, হুঁকার নলিচা পরিষ্কার করণার্থ দীর্ঘ লৌহ শলাকাবিশেষ। [হীন দ্রব্য।

শিটা, সীট, বি, মলা, গাদ ; সার-

শিড়্শিড়্, বি, শিহরণ, লোমাঞ্চ।

শিতান, শিথান, বি, শয়ন করিলে যে দিকে মস্তক থাকে, মস্তক ; ২। উপাধান, বালিস ; যথা—

"পিরীতি পালঙ্কে শয়ন করিব,
পিরীতি শিথান মাথে।"
(চণ্ডীদাস)

শিফাখানা, বি, (পারশী) চিকিৎসালয়।

শিম্, বি, লতা ফলবিশেষ। শিম দুই প্রকার। শ্বেত শিমকে শিম্বি ও শিম্বী এবং মোগলাই শিমকেপুস্ত শিম্বী ও পুস্তক-শিম্বিকা বলে।

শিমার, বি, জলজবৃক্ষবিশেষ।

শিমূল, বি, (শাল্মলী শব্দজ) বৃক্ষবিশেষ।

শিয়র, বি. (শীর্ষ শব্দজ) যে দিকে শয়নকারীর মস্তক থাকে, মস্তক।

শিয়াড়ি, বি, স্বর্ণকারের তারটানা যন্ত্রবিশেষ; ২। মূল, শিকড়।

শিয়ান, বি, (শ্যেন শব্দজ) বাজ-পক্ষী ; ২। বিং—চতুর, চালাক।

শিয়াল, শেয়াল, বি, (শৃগাল শব্দজ) পশুবিশেষ, শৃগাল।

শিয়াল ফাঁকি—বিশেষ চতুরতা পূর্ব্বক ফাঁকি দেওয়া। শিয়াল পশুর মধ্যে অতি চতুর বলিয়া প্রসিদ্ধ।

একারণ শৃগালের ন্যায় অতি চতুরতার সহিত পলায়নকে শিয়াল ফাঁকি বলে।

শির্কা, বি, (যাং) পুরাতন ইক্ষু-রস্, তাড়ি।

শিরডাঙ্গি, বি, তাঁতের অঙ্গ-বিশেষ। বাঁশের নির্ম্মিত সুচিক্কণ লম্বা কাটিকে 'শিরডাঙ্গি' বলে। 'বোওদা' বাঁধার সময় কোলপুতের উপর ইহা রাখিতে হয়।

শিরনামা, শিরোনামা, বি, পত্রের উপরি লিখিত নাম।

শির্ণী, শিরণী, শিন্নি, বি, (শিন্নি =শীরণী—যাহার দুধের ন্যায় স্বাদযুক্ত অর্থাৎ মিষ্ট। শীর (যাং)=ক্ষীর (সং) শীরণী। মিষ্টমাত্রকেই বুঝায়।) গুড় হইতে উৎপন্ন দ্রব্যবিশেষ, পাটালি। বাঙ্গালিরা সত্য-নারায়ণ পূজায় বাতাসাকে পাকাশিন্নি এবং ময়দা, দুগ্ধ, রম্ভা ও মিষ্টান্ন মিশ্রিত দ্রব্যকে কাঁচা শিন্নি বলেন।

শিরপা, বি, (শিরঃপদ শব্দজ) অশ্বের অগ্রপদ উত্তোলন।

শিরাল, শিরুলী, বি, ক্ষেত্রে লাঙ্গল দিলে যে দাগ পড়ে, তাহার নাম শিরাল, কোন কোন স্থানে উহাকে 'শিল্লে' শব্দেও ব্যবহৃত হয়; ২। মালদহের উত্তর পশ্চিম অঞ্চলে 'শিয়াল' অর্থে শৃগাল বুঝায়।

শিরিস, শিরীস, শিরীষ, বি, (যাং) পশুশৃঙ্গাদিজাত আঠাবৎ দ্রব্য-বিশেষ; ২। বৃক্ষবিশেষ।

শিরোপা, বি, (যাং) পুরস্কার, বখ্শিস।

শিল, বি, (শিলা শব্দজ) প্রস্তর নির্ম্মিত পেষণী। পূর্ব্ববঙ্গে 'পাটা' বলে।

শিলাজতু, বি, দ্রব্যবিশেষ, গ্রীষ্ম ঋতুতে সূর্য্যকিরণসন্তপ্ত পর্ব্বত হইতে নির্য্যাসবৎ যে ধাতুর সার বিগলিত হয়, তাহার নাম শিলাজতু।

শিলাবৃষ্টি, বি, দিব্য বায়ু ও তেজ সংযোগে যে জল পাষাণখণ্ডবৎ সংহত হইয়া আকাশ হইতে পতিত হয়, তাহার নাম করকা বা শিলাবৃষ্টি।

শিলারস, বি, বৃক্ষনির্য্যাস বিশেষ, ঔষধে, গন্ধদ্রব্যে লাগে। ধুনা গুগ্গুলের ন্যায় পবিত্র ধূম কার্য্যেও লাগে। শিলারস যবন দেশে উৎপন্ন হেতু ইহাকে 'তুরস্ক' বলে। [মৎস্য।

শিলিন্দ, বি, মৎস্য বিশেষ; সিলন

শিলিন্ধা, বি, বৃক্ষবিশেষ, অপর নাম পাতালগরুড়ী।

শিশু, বি, বৃক্ষবিশেষ। হিন্দুস্থানে ইহাকে শীসব, শিশু ও শীসহ বলে।

শিশি, বি, (যাং) কাচ নির্ম্মিত ক্ষুদ্রপাত্র বিশেষ।

শিষ, শীষ, বি, (শীর্ষ শব্দজ) ধান্যাদির শীর্ষ, মঞ্জরী; ২। অগ্নিশিখা; ৩। মুখধ্বনি।

শিহরণ, বি, লোমাঞ্চ হওন, চমকে উঠা। [বিশেষ।

শীতড়ী, বি, শীতবস্ত্র; ২। ব্রণ-

শীতলপাটী, বি, মাদুরবিশেষ।

শীতলা, বি, দেবীবিশেষ, বসন্ত বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রীদেবতা

শীশ, বি, মুখশব্দবিশেষ।

শুঁটী, বি, মটরাদির ফল।

শুঁঠ, বি, (শুণ্ঠী শব্দজ) শুক্‌না আদা। [শুণ্ড।

শুঁড়, বি, (শুণ্ড শব্দজ) হাতীর

শুঁড়ী, বি, (শৌণ্ডিক শব্দজ) মদ্য বিক্রেতা, জাতিবিশেষ; ২। সরুপথ।

শুঁয়া, বি, (শূক শব্দজ) ধান্যাদির অগ্রভাগ; ২। কীটবিশেষ, শুঁয়াপোকা।

শুকতারা, বি, শুক্রগ্রহ। উহা কখনও উষার পূর্ব্বে বহু দিবস পর্য্যন্ত পূর্ব্বদিকে এবং কখনও সায়ংকালে পশ্চিমাকাশে দৃষ্টি-গোচর হইয়া থাকে। প্রায় প্রতি ২০ মাসে শুক্র ৮৷৯ মাস-কাল উষাতারা হইয়া থাকে।

শুকন, বি, শুষ্ক হওন; ২। কৃশ হওন।

শুক্‌না, বিং শুষ্ক, নীরস।

শুকান, বি, শুষ্ক করণ।

শুকানি, শুক্তানি, শুক্তা, বি, তিক্তব্যঞ্জনবিশেষ; যথা—

"ঘৃতে সম্ভোলিল তথি,
হিঙ্গু জীরা, দিয়া মেথি,
শুক্তা রন্ধন পরিপাটী।"
(কবিকঙ্কণ)

শুকুতা, বি, (শুক্ত শব্দজ) চুকা পালঙ্।

শুকৃটি, শুকুটী, বিং (শুষ্ক শব্দজ) শুষ্ক, নীরস।

শুখা, বি, বৃষ্টির অভাবে যে ফসল নষ্ট হয়, তাহাকে চলিত কথায় শুখা বলে।

শুখান, বি, শুষ্ক জলাশয়; যথা,—

"শুখানের মৎস্য আর নারীর যৌবন।
ত্রপান্তরে যদি পায় রজত কাঞ্চন॥"
(কবিকঙ্কণ)

শুঝা, ক্রি, দেখা; ২। ভেদজ্ঞান করা; যথা,—

"আত্মপর নাহি শুঝে।"

শুদ্ধ-সত্ব, বিং পবিত্র; ২। পরিস্কৃত।

শুধরাণ, বি, সংশোধিত হওন, শুদ্ধ হওন।

শুধু, বিং কেবল, শুদ্ধ;

শুনন, বি, শ্রবণ, শুনা।

শুনান, বি, শ্রবণ করান।

শুনা, বি, জমিবিশেষ, যাহাতে আউস ধান্য, সরিষা, তিষি প্রভৃতি জন্মে, উচ্চভূমি।

শুভঙ্কর—ভৃগুরাম দাস নামক জনৈক বাঁকুড়া জেলা নিবাসী অঙ্কশাস্ত্রের পণ্ডিত অঙ্ক কষিবার কতকগুলি নিয়ম সহজ পদাবলীতে প্রস্তুত করেন, তাঁহার রচিত এই নিয়মগুলি ব্যবসায়ী প্রভৃতি সর্ব্ব সাধারণ লোকের বিশেষ শুভকর (উপকারী) বলিয়া তাঁহাকে শুভঙ্কর বলে। এবং ঐ পদাবলীগুলিকে শুভঙ্করের আর্য্যা বলে। শুভঙ্করের আর্য্যার সাহায্যে অঙ্ক কসিবার প্রণালীকে 'শুভঙ্করী' বলে।

শুয়া, বি, (শুক শব্দজ) শুকপক্ষী, ময়না, টেয়া প্রভৃতি পক্ষী; ২। বিং—সুখসৌভাগ্যশালিনী।

শুরু, বি, (আরবী) সূত্রপাত, আরম্ভ।

শুল্ফা, বি, দ্রব্যবিশেষ, একজাতীয় মৌরি। হিন্দী নাম সোফি।

শুলুফ, বি, চট্টগ্রাম অঞ্চলের জলযানবিশেষ। শুলুফ বিলাতী জাহাজ অপেক্ষা ক্ষুদ্র এবং দেশী কিস্তি অপেক্ষা বৃহৎ। ইহা সুন্দর ও সুদৃশ্য; হালে ও পালে চলে। শুলুফ চট্টগ্রামের গৌরব। কাপ্তেন, কর্ণধার, কুলি, খালাসী বিস্তর ভিন্ন ভিন্ন লোকে তাহার ভিন্ন ভিন্ন কার্য্য করে। বিস্তর বোঝাই থায়, বড় বড় সমুদ্র বহিয়া বাণিজ্যার্থ বিদেশে যায়। শুলুফ ব্যতীত চট্টগ্রামে বহুবিধ তরণী আছে; যথা,—পিনেস, পান্সি, বোট, বজরা, বালাম, গদু, সোড়ঙ্গ, সাম্পান, স্কুনার প্রভৃতি।

শুশুক, বি, জলজন্তুবিশেষ।

শূকতৃণ, বি, শূকড়ী ঘাস।

শূম, সোম, বিং (আরবী, সুম—অশুভ) কৃপণ, ব্যয়কুণ্ঠ। যেমন 'বেটা যেন সোম' অর্থাৎ অতি কৃপণ। (বাঙ্গালায় প্রচলিত।)

শূয়া, বি, শুঁয়া পোকা।

শূয়ার, বি, (শূকর শব্দজ) শূকর।

শূরগুজা, বি, তৈলবীজবিশেষ।

শূল, বি, অস্ত্রবিশেষ; ২। প্রসবার্থ বেগ।

শূল্কী, শূল্কি, বি, শলাকা, লম্বা বর্ষাবিশেষ।

শূলাকৃত, বি, (যাং) শিককাবাব; শলাকাগ্রে সিদ্ধ করা পক্ক মাংস।

শেকোস্ত, শিকস্ত, বিং (পারসী

—শিকস্ত—ভাঙ্গিয়া যাওয়া বা হারিয়া যাওয়া) বাঙ্গালায় কাহিল হওয়া বা হারিয়া যাওয়া ; ২। ভাঙ্গিয়া যাওয়া।

শেজ, বি, (শয্যা শব্দজ) শয্যা, বিছানা ; যথা,—

"ক্ষণে বুকে ক্ষণে পিঠে,
ক্ষণে রাখে দিঠে দিঠে.
হিয়া হৈতে শেজে না শোয়ায়।
(বলরাম দাস)

২। আলোকাধার বিশেষ।

শেট, বি, সের ; ২। প্রস্থ ; ৩। মিলন, ঐক্য ; ৪। পদবী-বিশেষ।

শেতখানা, বি, (আরবী সেহত—আরাম + পারশী—খান— ঘর অর্থাৎ যে ঘরে গিয়া আরাম লাভ করা যায়) পায়খানা।

শেপাল, বি, শেয়ালা।

শেয়ান, শেয়ানা, বিং চতুর, চালাক ; ২। বয়স্ক।

শেয়াল, বি, (শৃগাল শব্দজ) বন্য-জন্তুবিশেষ। [বিশেষ।

শেয়ালকাঁটা, বি, কণ্টকময়বৃক্ষ-

শেয়ালা, শ্যাওলা, বি, (শৈবাল শব্দজ) শেওলা, জলঘাস-বিশেষ।

শের, সের, বি, পরিমাণবিশেষ, ১৬ ছটাক ; ২। (যাং) ব্যাঘ্র।

শেল, বি, (শূল শব্দজ) শল্য নামক অস্ত্র।

শেলেঞ্চা, বি, শাকবিশেষ, হেলেঞ্চা শাক। [গার।

শেলেখানা, বি, (পারশী) অস্ত্রা-

শেষে, ক্রি বিং, অন্তিমে, পশ্চাতে।

শোওন, শোয়ন, বি, (শয়ন শব্দজ) শয়ন ; শয্যাগ্রহণ।

শোঁকান, বি, গন্ধগ্রহণ, ঘ্রাণ লওন।

শোণ, শণ, বি, বৃক্ষবিশেষ।

শোণামুখী, বি, তিক্তপত্রবিশেষ।

শোথ, বি, স্ফীততারোগ, ফুলা-রোগ। [নিদ্রা যাওন।

শোয়া, (শয়ান শব্দজ) শয়ন,

শোয়ান, বি, শয়ন করান।

শোয়াস, বি, (শ্বাস শব্দজ) শ্বাস, নিশ্বাস ; যথা,—

"তুলা পানি দিনু নাসিকা মাঝে।
তবে সে বুঝিনু শোয়াস আছে।"
(চণ্ডীদাস)

শোর, শোরগোল, বি, (যাং) প্রকাশ, প্রচার ; ২। শব্দ।

শোরা, বি, (যাং) যবক্ষার।

শোল, বি, (শকুল শব্দজ) মৎস্য বিশেষ, শোলমাছ। ইহার পৃষ্ঠের দিক কাল, মাথা লাল, পেট হরিদ্রাবর্ণ, গজাড় মাছের ন্যায় আকার। এই জাতীয় মহাশোল নামে একপ্রকার মৎস্য আছে, তাহা দেখিতে অনেকটা মিরগেল মৎস্যের ন্যায়, বর্ণ সাদা, বড় বড় আঁইস, মুখের নীচে কান্-

কোর পার্শ্বে দুইটা শুঁয়া আছে। শ্রীহট্ট জেলায় ও চট্টগ্রামে দেখিতে পাওয়া যায়।

শোলা, বি, জলজ তৃণবিশেষ; ২। বিং—হাল্কা।

শোষ, বি, সামান্য ছিদ্র; ২। শরীরে রসাধিক্য।

শোহদা, বিং (পারশী) দুষ্ট, লম্পট।

শৌল, বি, যোয়ালের উভয় পার্শ্বস্থ খিল।

শ্যাকুল, বি, কণ্টকময় বৃক্ষবিশেষ।

শ্যালা, বি, (শ্যালক শব্দজ) শ্যালক, পত্নীর ভ্রাতা।

শ্রীখণ্ডী, বি, বস্ত্রবিশেষ, সেকালে শ্রীখণ্ডী কাপড় না হইলে শ্রাদ্ধ, পূজা, সাধ প্রভৃতি মঙ্গল কার্য্য হইত না, যে দেশে এরূপ বস্ত্র পাওয়া যাইত না, সে দেশে জোলার কাপড় ব্যবহৃত হইত। ২। আসন বিশেষ, আলপনা দেওয়া বর-কন্যাকে বরণ করিবার পিঁড়ি।

শ্রীহট্ট, বি, আসাম প্রদেশের প্রধান নগরবিশেষ। শ্রীহট্ট কমলালেবুর জন্য বিখ্যাত।

শ্রীহট্টিয়া, বি, শ্রীহট্টবাসী, শ্রীহট্ট অঞ্চলের লোক; যথা,—

"আপনি হইয়া শ্রীহট্টিয়ার তনয়।
তবে ঢোল কর কোন যুক্তি ইথে হয়।"
(চৈতন্য ভাগবত)

ষ।

ষ;—একত্রিংশং হলবর্ণ। উষ্মবর্ণ।

ষট্‌কন, ষট্‌কান, বি, প্রস্থান, পলায়ন।

ষট্‌কোণ, বিং ছয়কোণ; ২। ঠিক কোণাকোণি।

ষণ্ডা, বিং দুর্ব্বিনীত, উদ্ধত; ২। জোয়ান, বলবান।

ষাট্‌, ষাইট, বি, সংখ্যাবিশেষ ৬০; ২। আপদদূর।

ষাঁড়, বি, (ষণ্ড শব্দজ) বৃষ।

ষেটেরা, ষাটিয়ারা, বি, সন্তান ভূমিষ্ঠ হইলে ৬ দিবসে ষষ্ঠী-দেবীর পূজা।

ষোল, বি. সংখ্যাবিশেষ, ১৬।

ষ্টেশেন, বি, (ইং Station) থানা, আড্ডা।

স।

স;—দ্বাত্রিংশ হলবর্ণ। উষ্মবর্ণ।

সই, সহি, বি, (সখী শব্দজ) সখী, সঙ্গিনী, বয়স্যা; ২। সত্যতাসূচক চিহ্ন, স্বাক্ষর; ৩। ক্রি,—সহ্য করা; যথা,—

"কি পাপে সহি হেন বিড়ম্বনা।"
(বীরাঙ্গনা)

সইলা, সহিলা, বি, সখীত্ব।

সইস, বি, (আরবী—সাইস=শাসন করা) অশ্বপালক।

সওয়ার, সোয়ার, বি, (পারশী) চড়নদার, আরোহী।

সওয়ারি, সোয়ারি, বি, (পারশী) যান, পাল্কী আদি; ২। বাদ্য-যন্ত্রবিশেষ, রসনচৌকি ইত্যাদি ৩। বিং—আরোহীযুক্ত।

সওয়াল, বি, (আরবী) প্রশ্ন জিজ্ঞাসা।

সওদা, বি, (পারশী) কেনাবেচা, বাণিজ্য; যথা,—

"আমা সঙ্গে সওদা করি না
পাবে কপাট।" (কবিকঙ্কণ)

২। জিনিস খরিদ।

সওদাগর, বি, (পারশী) বণিক, বাণিজ্যব্যবসায়ী। যাহারা দূরান্তর হইতে মাল চালানী করেন। [বহু বেশ।

সং, সঙ্‌, বি, নটাদির কৌতুকা-

সংযত, বি, আয়োজন।

সক, বি, স্পৃহা, বাবুয়ানা; ২। কীর্ত্তি, খ্যাতি; যথা;—

"তোরে বধি ঘুচাইব পথের কণ্টক।
জগতে জাগিয়া যেন রয়ে যায় সক॥"

সকারবকার, বি, অবাচ্যভাষণ, ইতর কথন, নীচোক্তি।

সকাল, বি, প্রত্যূষ, প্রাতঃকাল; ২। বিং—শীঘ্র।

সক্কা, বি, (যাং) ভিস্তি।

সগড়া, বি, শকটবিশেষ, গাড়ি।

সগল্লাদ, বি, মূল্যবান বস্ত্রবিশেষ; যথা,—

"চামর চামরী ভোট, সগল্লাদ গজ ঘোট,
করভ পটিুশ অঙ্গ রাখি।"
(কবিকঙ্কণ)

সঙ্গীন, বি, কিরীচ; বিং—বিষম, ভয়ানক।

সচা, বিং প্রকৃত, সত্য, যথার্থ।

সছ, বি, আরোগ্য; সচ্ছন্দ; যথা,—

"মথুরাপুরে সে কৃষ্ণ রজক মারিল।
মালাকারে বর দিয়া কুব্জ সছ কৈল॥"
(শ্রীকৃষ্ণবিজয়)

সচ্ছল, স্বচ্ছল, বিং (সচ্ছীল শব্দজ) বদান্য, দাতা; ২। সঙ্গতিপন্ন।

সজাগ, বিং জাগ্রত, ঈষৎ নিদ্রা-যুক্ত।

সজাতি, বি, একজাতি, স্বশ্রেণী।

সঞে, বি, (সনে শব্দের অপভ্রংশ) প্রাচীন কবিতায় ব্যবহৃত। অর্থ—সহিত, নিকট, হইতে।

সঞ্চ, বি, সঞ্চয়, সংস্থান; ২। জোড়, মিল।

সঞ্চান, সৈচান, বি, শ্যেনপক্ষী, শিকরাপাখী; যথা,—

"আদিদেব ধর্ম্মরায়, হইল সঞ্চান কায়,
কপোত করিল পুরন্দরে।"
(কবিকঙ্কণ)

সঞেসঞে,—প্রতি গ্রন্থিতে।

সট্‌, বিং ত্বরিত, দ্রুত।

সট্‌কন, বি, পলায়ন, প্রস্থান।

সট্‌কা, বি, ধাতু প্রস্তুত হুক্কা-বিশেষ, গড়গড়া।

সট্‌কে, বি, (শতকিম্বা শব্দজ) শত সংখ্যা লিখন।

সটীক, সঠিক, বিং প্রকৃত, যথার্থ; যথা,—

"বুঝা যায় সটীক ফটিক জল ডাকে।"
(কবিরঞ্জন)

সড়ক, বি, (হিন্দী) পথ, রাস্তা।

সড়কা, বি, আগাছা, অব্যবহার্য্য গাছ।

সড়গত, বিং অভ্যস্ত, মুখস্থ।

সড়ঙ্গ্যা, বিং দীর্ঘাকার, অস্থূল অথচ দীর্ঘ।

সড়ন, বি, নষ্ট হওন, পচন।

সড়সড়ান, বি, নিঃসরণ, চুলকান।

সড়া, বিং পচা, নষ্ট, জঘন্য; ২। বি,—রজ্জুবিশেষ।

সড়িত, বিং পচা; ২। পচিয়া দুর্গন্ধযুক্ত; যথা,—

"নথাই সড়িত হইল দেবীর কৃপায়।"
(ক্ষমানন্দ ও কেতকা দাস)

সড়্‌সড়ি, সড়্‌শড়ী, বিং নীরস, শুষ্ক, ভাজা; ২। বি,—নীরস তরকারি। [বিশেষ।

সতরঞ্চ, বি, সূত্রনির্ম্মিত আসন-

সতরঞ্জ, বি, (আরবী ও পারশী, সং—চতুরঙ্গ) ক্রীড়াবিশেষ, দাবাখেলা।

সমতল, বিং সমান, চৌরস।

সতা, বি, (সতীন শব্দের অপভ্রংশ) সপত্নী, স্বামীর অপর ভার্য্যা; যথা—

"সাত সতা গৃহে বাস বিষম জঞ্জাল।"
(কবিকঙ্কণ)

সতিন, সতীন, বি, (সপত্নী শব্দজ) সপত্নী, এক স্বামীর ভার্য্যা।

সতিন-পো, বি, (সপত্নীপুত্র শব্দজ) সপত্নীপুত্র, স্বামীর অন্য স্ত্রীর পুত্র।

সতের, বি, সংখ্যাবিশেষ; ১৭।

সৎমা, সপ্তমা, বি, বিমাতা।

সদর, বিং (যাং) প্রকাশ্য, মুখ্য, প্রধান।

সনদ, সনন্দ, বি, (যাং) প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি; ২। প্রমাণ স্বরূপ বস্তু।

সনে, বিং সহিত; ২। নিকট; ৩। হইতে।

সন্তর্পণ, ক্রি বিং, সাবধানতার সহিত, আস্তে আস্তে।

সন্তোক, বি, যৌতুক; পুরস্কার; যথা,—

"সন্তুষ্ট হইয়া রাজা দিলেন সন্তোক।"
(রামায়ণ)

সন্তোলন, বি, সাঁতোল, তরকারি সুসিদ্ধ করিয়া তৈলে মসলাদি দ্বারা ভর্জ্জিত করণ; ২। সম্যক প্রকারে তোলন।

সন্দ, বি, (সন্দেহ শব্দজ) সন্দেহ, সংশয়; যথা,—

"শমন আসার পথ ঘুচেছে
আমার মনের সন্দ দূরে গেছে।"
(রামপ্রসাদ)

"রন্দ দেখে সন্দ হয় গন্ধ ভাল নয়।"
(রাজকৃষ্ণ)

সন্দেশ বি, মিষ্টান্নবিশেষ।

সন্দংশে, ছন্দংশে, ক্রি বিং, কোন রূপ অন্তর্ভূক্ত থাকা, সম্পর্কে।

সন্ধান, বি, উপায়; ২। আকর্ষণ।

সন্ধি, বি, অনুসন্ধান; ২। সূত্র; যথা,—

"হয়েছি বিষম বন্দি,
খুঁজে পাইনে কোন সন্ধি।"

সপ, বি, (আরবী—সফ্) দীর্ঘ-কাটীর বড় মাদুর।

সপনদড়ি, বি, মালদহ জেলার রোপা ধান্যবিশেষ, দিনাজপুর জেলায় ইহাকে সোণাকুড়ি বলে।

সপ্তমা, বি, সৎমা, বিমাতা; যথা,—

"সপ্তমায়ের পায়, সমর্পিলা মোর মায়,
গেলা বাপ গউড় নগরে।" (কবিকঙ্কণ)

সফা, বি. (যাং) পৃষ্ঠা।

সফেদ, সুপেদ, বিং (পারশী) শুভ্র, সাদা। [সমূহ।

সব, বিং (সর্ব্ব শব্দজ) সকল,

সবচিন, বিং (চিন—চিহ্ন শব্দজ) সর্ব্ব পরিচিত।

সবচুল, বি, সমগ্র কেশ।

সবজান, সবজান্তা, বিং সর্ব্বজ্ঞ, যে সকল জানে; ২। যাহাকে সকলে জানে।

সবনাম, বি, ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম বস্ত্রবিশেষ, এই বস্ত্র সন্ধ্যার সময় ঘাসে বিস্তৃত করিয়া রাখিলে, আর প্রাতঃকালে তাহা বড় চেনা যায় না। যেন মাকড়-সার জালে শিশির পড়িয়াছে বলিয়া বোধ হয়। জাহাঙ্গির বাদসাহের সময়ে এই সকল বস্ত্র এত সূক্ষ্ম প্রস্তুত হইত যে, ৩০ হাত দীর্ঘ, ২ হাত বহরের থান ওজনে ৫ ভরির অধিক হইত না। উহার মূল্য তৎ-কালে ৪০০৲ টাকার কম ছিল না। এরূপ সূক্ষ্মবস্ত্র অদ্যাপি আর কোন দেশে হয় নাই।

সবলোট, বিং লম্পট; ২। সর্ব্ব-ভক্ষক; ৩। উচ্ছৃঙ্খল। (Blade)

সবুজ, বি, (পারশী—সবজ= হরিৎবর্ণ, এই জন্য শাক পাতাড়ীকে সব্‌জী বলে) হরিৎবর্ণ।

সবুর, বিং (আরবী) বিলম্ব, দেরী।

সবেরাৎ—মুসলমান পর্ব্ববিশেষ। আগামী এক বৎসরের মধ্যে কে মরিবে, কে জন্মিবে, কে সুখে থাকিবে, কে দুঃখে থাকিবে ইত্যাদি লিখিয়া ফেরেস্তাগণ ঐ রাত্রিতে ছুটী

পান; এই জন্য উহাকে "সবেরাৎ" বা 'সব্‌বরাত' বলে।

সবরেজিষ্টেশন—সবরেজিষ্টারের এলাকাধীন স্থান।

সম, বি, বৎসর; ২। সঙ্গীতে যে স্থান হইতে তালের প্রথম উৎপত্তি হয়, তাহাকে সম কহে। সমে—সহিত; যথা,—

"গুণ সমে কাটি পড়ে হাতের কোদণ্ড।"
(শ্রীকর নন্দী)

সমজ, বি, (পারশী) বুঝা, চিন্তা, ঠিক করা। [চিন্তা করণ।

সমজান, বি, বুঝন, ভাণ করিয়া

সমজদার, বি, যে কোন বিষয় ভাল বুঝিতে পারে, বুঝমান।

সমত্ত, সোমত্ত, বি, (সমর্থা শব্দের অপভ্রংশ) যুবতী।

সমাই, সম্মাই, বিং সমুদয়, সকল।

সমাজি, বি, ঘরামির ফোড়কাঠি।

সমীহিত, বি, মর্ম্ম; ২। ইচ্ছা।

সমপতি, বি, (সমপত্তি শব্দজ কি?) সৌভাগ্য; যথা,—

"নদীয়ার সমপতি বা কে বলিতে পারে।
অসংখ্যাত লোক এক ঘাটে স্নান করে।"
(চৈতন্য ভাগবত)

সমেপাষ্য, বি, সংস্থান; ২। কুলান।

সম্বন্ধী, বি, শ্যালক, শালা। পূর্ব্ববঙ্গে কোন কোন স্থানে কেবল মাত্র স্ত্রীর কনিষ্ঠ ভ্রাতাকে বলে।

সম্বরিয়া,—গুছাইয়া, সংক্ষেপ করিয়া।

সম্বরা, , বি, ব্যঞ্জন পুনঃ পাক করা, সাঁতলান।

সম্বিধান, বি, অবধান, মনোযোগ।

সম্বুল, বি, গন্ধদ্রব্য বিশেষ, জটামাংসী।

সম্ভাইল, ক্রি, প্রবেশ করিল, ঢুকিল; যথা,—

"ধরিবারে চাহে শচী ধরিতে না পারে।
ধাঞা সম্ভাইল গিয়া ঘরের ভিতরে।"
(চৈতন্য ভাগবত)

সম্ভাবনা, বি, সংস্থান, সম্পত্তি; যথা,—

"সম্ভাবনা কেবল বলদ।"
(পদ্মাপুরাণ)

"প্রভাতে খেজাড়ি মাঙ্গে কার্ত্তিক গণাই।
চারি কড়ার সম্ভাবনা তোর ঘরে নাই।"
(কবিকঙ্কণ)

সম্ভ্রম, বি, ভয়; যথা,—

"সম্ভ্রম না করে ভীষণ হাতে ধনুঃশর।"

২। মর্য্যাদা।

সংস্লিষ্ট, বিং মিলিত, সংযুক্ত।

সয়া, বি, বন্ধু, সুহৃদ্।

সয়াল, বি, ভাবাবেশ, দেবতার দৃষ্টি হেতু ভাবান্তর।

সয়ালা, বি, সমকক্ষতা, প্রতিদ্বন্দীতা; যথা,—

"বিষ্ণুদত্ত আইল গায়ে চামরী আঁচলা।
গঙ্গার সনে যার নীর ধনের সয়ালা।"
(কবিকঙ্কণ)

সর, বি, দুগ্ধ দধি প্রভৃতির সার

ভাগ (Cream); ২। নল, খাকড়া; ৩। (অনুজ্ঞা) গমন কর, স্থানত্যাগ কর।
সরগরম, বিং (পারশী) উষ্ণ; ২। উৎসাহশীল; ৩। জমকাল।
সরঞ্জাম, বি, (পারশী—সর=শেষ, অঞ্জাম=শেষ, কোন কার্য্য ভাল করিয়া শেষ) বাঙ্গালায় আয়োজন।
সরঞ্জামী খরচ—জমিদারীর কর্ম্মচারীদিগকে আদায় উস্থলের জন্য যে খরচ দিতে হয়, তাহার নাম সরঞ্জামী খরচ।
সরদাল, বি, দরজা বা জানালার মাথায় স্থাপিত কাষ্ঠ।
সরদি, সর্দ্দি, বি, (পারশী) শীতলতা, ঠাণ্ডি।
সরদার, সর্দ্দার, বি, অধিনায়ক, প্রধান ব্যক্তি।
সর্দ্দারপ'ড়ো—পাঠশালার বয়োজ্যেষ্ঠ ও লেখাপড়া সম্বন্ধে কতকটা অগ্রসর পুরাতন ছাত্র। [আচ্ছাদন।
সরপোষ, বি, (পারশী) ঢাকনী,
সরফ, বি, (পারশী) গদিয়ান।
সরফরাজ, বি, (পারশী) স্পর্দ্ধাভাব প্রদর্শন, দম্ভকরণ, কর্ত্তৃত্ব প্রদর্শন।
সরফরাজী, বি, (পারশী—সর=মস্তক, ফরাখতন=উচ্চ করা—কাহাকে সম্মানিত করা; ২। অহঙ্কার করা) কৃতিত্বপ্রদর্শন, মোড়লী।
সরবন্দ, বি, (পারশী) কোমরবন্ধ (Belt)।
সরবরাহ, বি, আদায়; ২। সংস্থান, জোগাড়। [লজ্জা।
সরম, বি, (সম্ভ্রম শব্দজ কি?)
সরমুজ, বি, শ্বেতনারিকেল।
সরহদ্দ, বি, (পারশী) চতুঃসীমা, প্রান্তরেখা, আলি।
সরা, বি, মৃৎপাত্রবিশেষ; ২। নিঃসরণ; ৩। বিং,—ব্যবহৃত।
সরাই, বি, (পারশী) পান্থশালা, পথিকদিগের থাকিবার আড্ডা।
সরাক, বি, তন্তুবায়বিশেষ।
সরাগৎ, বি, (যাং) অধিকারীর জমি। [চালন।
সরাণ, বি, স্থানান্তরিত করণ,
সরাণপুটী, বি, মৎস্যবিশেষ, ইহার বর্ণ শ্বেত, আঁস বড়, মস্তক খাট—অনেকটা কাতলা মাছের মত, ওষ্ঠের দুই পার্শ্বে ২টা শুঁয়া আছে। অপর নাম দেঁতো পুটী।
সরাপ, বি, (যাং) মদ্য, মদ
সরিক, বি, (যাং) সম্পত্তির অংশীদার।
সরিষা, বি, (সর্ষপ শব্দজ) তৈলবীজবিশেষ।

সরেস, বিং উত্তম, উৎকৃষ্ট।

সর্জ্জ, বি, আয়োজন, জোগাড়; যথা,—

"বিষ্ণুপূজা সর্জ্জ কেন কর অপহার।
বিষ্ণুকরিয়াত ভয় নাহিক তোমার॥"
(চৈতন্য ভাগবত)

সর্ব্বগ্রাস—সমস্ত ভক্ষিত, সমগ্র-অদৃশ্য (Total eclipse)।

সল, বিং (শ্লথ শব্দজ কি?) শিথিল, আল্‌গা; ২। সহজ।

সলা, সল্লা, বি, (পারশী) পরামর্শ, চুক্তি।

সলুই, বিং সরল, সোজা।

সলেবলে ক্রি বিং, ধীরে ধীরে অথচ কৌশলের সহিত।

সশা, বি, ফলবিশেষ।

সহজ, বিং, সুলভ, অনায়াস সাধ্য; ২। বি, প্রণয়; যথা—

"সহজ সহজ, সবাই কহয়ে,
সহজ ভাবিবে কে?"
(চণ্ডীদাস)

সহর, বি, (পারশী) বহুজনপূর্ণ-স্থান, নগর।

সহল, বিং শিথিল, আল্‌গা।

সহবৎ, বি, (পারশী) সুশিক্ষা।

সহবাস, বি, সংসর্গ।

সহি, সহী, বি, নিজনাম স্বাক্ষর; ২। (সখী শব্দের অপভ্রংশ) সখী।

সহুরে, বিং সহরবাসী।

সাং, সাঙ্গ, বি, ভারবহনদণ্ড, দুই পাশে দুইটী বাঁশ রাখিয়া তাহাতে দড়ি ঝুলাইয়া, সেই দড়ির মাঝখানে যে কোন ভারী সামগ্রী চাপাইয়া প্রত্যেক বাঁশেরই দুই দিকে দুইজন করিয়া কুলি কাঁধ দিয়া যে ভার বহিয়া থাকে, সেই ভার বহনের উপযুক্ত দড়ি ঝুলান বাঁশ দুইটীর নাম সাং বা সাঙ্গ। 'সাং' একটী চারি জনের কমে চলে না বলিয়া সাধারণতঃ এক একটী সাঙ্গ চারি জনের বোঝা বলিয়াই প্রসিদ্ধ।

সাঙ্গা, বি, গৃহের দেওয়ালে হাঁড়ি কলসী রাখিবার কাষ্ঠদণ্ড-বিশেষ; ২। বিধবাবিবাহ, নিকা।

সাঙ্গাত, সাঙাত, বি, মিত্র, বন্ধু।

সাঁকি, বি, কীটবিশেষ, সাঁকি পোকা ধানের বড় শত্রু, ইহারা কচি কচি পাতা খাইয়া ফেলে।

সাঁকো, বি, (সংক্রম শব্দজ) সেতু, পুল।

সাঁগা, বি, (সঙ্গ শব্দজ কি?) বিধবাবিবাহ, নিকা; যথা,—

"জন্মায়তি বটি বাগ্‌দির সাঁগা আছে।
সাঁগা করি সয়ার সকল মজে পাছে॥"
(শিবায়ন)

সাঁচ, বি, (সঞ্চ শব্দজ) পুস্তক লিখিবার পত্রবিশেষ ; ২। বিং —সত্য।

সাঁচা, বিং (সত্য শব্দজ) সত্য, অকৃত্রিম।

সাঁজ, সাঁঝ, সাঞ্জ, বি, (সন্ধ্যা শব্দজ) সন্ধ্যাকাল ; ২। আলো, প্রদীপ।

সাঁজা, সাঁচ্না, বি, দুগ্ধে দধি প্রস্তুত জন্য অম্বল দান ; যথা—
"সাঁজে সাজাইনু দুধ।" (চণ্ডীদাস)
২। ফসলী খাজনার অপর নাম 'সাঁজ'।

সাঁজাকুড়া, সাজাকুড়া, বি, বর্ম্ম, সাঁজোয়া ; যথা,—
"কনকের সাঁজাকুড়া,
বিচিত্র পাটের গড়া,
সাজাকুড়া হীরায় জড়িত।'
(কবিকঙ্কণ)

সাঁজাল, বি, গোশালাদিতে মশকাদি নিবারণার্থ গোময় দ্বারা অগ্নিকরণ।

সাঁজুড়িয়া, বি, ভারবাহক, ভারী ; যথা,—
"সাঁজুড়িয়া ভারে নিল মাছ।
(কবিকঙ্কণ)

সাঁজো, বিং সদ্যকৃত, সদ্যোজাত।

সাঁজোয়া, বি, (সজ্জা শব্দজ কি ?) বর্ম্ম, অস্ত্র নিবারণার্থ কবচ।

সাঁড়ক, বি, তৃণনির্ম্মিত গৃহের চালের চওড়া বাথারিবিশেষ।

সাঁড়া, বি, বৃক্ষবিশেষ ; ২। যন্ত্রবিশেষ।

সাঁড়াশী, বি, (সন্দংশ শব্দজ) লৌহনির্ম্মিত যন্ত্রবিশেষ, তার টানিবার যন্ত্র।

সাঁড়াসাড়ি, বিং মন্ত্রপূত ; যথা,—
"আনিয়া গাছ সাঁড়াসাড়ি।"
(ভারতচন্দ্র)

সাঁতার, বি, (সন্তরণ শব্দজ) সন্তরণ, জলোপরি ভাসন।

সাঁৎলান, বি, (সন্তোলন শব্দজ) ব্যঞ্জন তৈলাদি দ্বারা পুনঃপাক করণ।

সাঁধন, বি, প্রবেশ, অভ্যন্তরে গমন। [ফাক।

সাঁধি, বি, (সন্ধি শব্দজ) ছিদ্র,

সাঁপড়ি, সাঁপুড়া, (সম্পুট শব্দজ) হড়পী ; ২। কৌটা, ঠোঙ্গা ; যথা,—
"মনে বড় কুতূহলী,
কান্ধেতে কড়ির থলী,
সাপড়ি তরাজু লয়ে হাতে।"
(কবিকঙ্কণ)

সাঁপি, বি, যজ্ঞীয় পশু বন্ধনার্থ সংস্কৃত কাষ্ঠখণ্ড ; ২। ঘোড়-কাঠের মস্তকস্থিত বলয়াকার বা ডমরুর আকৃতি বিশিষ্ট কাষ্ঠখণ্ড।

সাঁপিরা বি, (সর্পহর শব্দজ) সাপুড়িয়া, সর্পবৈদ্য।

সাঁয়া, বিং অশিক্ষিত, নব্য।

সাঁস, বি, (শস্য শব্দজ) ফলের শস্য।

সাউ, বি, (সাহা শব্দজ কি ?) মদ্যবিক্রেতা—শুঁড়ি।

সাকৃরিদ, বি, (পারশী) শিষ্য, ছাত্র। [বাসস্থান।

সাকিন, সাকিম, বি, (পারশী)

সাগা, বি, (বাঁকুড়া অঞ্চলে প্রচলিত) দড়ি।

সাগাই, বি, (রঙ্গপুরে) কুটুম্ব।

সাগু, বি, দ্রব্যবিশেষ।

সাঙন, বি, (শ্রাবণ শব্দের অপভ্রংশ) মাসবিশেষ, শ্রাবণমাস।

সাঙর, সামর, বি, কৃষ্ণবর্ণ, কাল; যথা,—

"সুন্দর ললাটে সিন্দুর বিন্দু
সাঙর চিকুর ভারা।" (বিদ্যাপতি)
"উর পর লুটত সাঙর বেণী।"

সাচা, বিং সত্য, যথার্থ; যথা,—
"তবে জানি জ্ঞানী সব সাচা কথা কহে।
পাইবে সবারে ডাকি তর্জ্জ করি কহে॥"
(চৈতন্য ভাগবত)

সাজ, বি, (সজ্জা শব্দজ) বেশ, ভূষণদ্রব্য; ২। অস্ত্র শস্ত্রাদি।

সাজন, বি, বেশভূষাকরণ।

সাজিশ, বি, ষড়যন্ত্র।

সাজা, বি, দণ্ড, শাস্তি; ২। দুগ্ধ ঘনীকরণার্থ অম্লীভূত দধি; ৩। বিং—সাধারণ, অবিভক্ত; যথা,—
"সাজার মা গঙ্গা পায় না।" (প্রবাদ)

সাজান, বি, বেশভূষা করাণ।

সাজি, সাজী, বি, বংশ শলাকানির্ম্মিত পুষ্প পাত্রবিশেষ; যথা,—
"সাজি বহি কোন দিন চলে কার ঘরে।"
(চৈতন্য ভাগবত)
"সাজি শুদ্ধ দিল যত ছিল মালা ফুল।
সেই হেতু মালাকারে কৃষ্ণ অনুকূল॥"
(ঘনরাম)

সাজুড়িয়া, বি, ব্যাধ; ২। ভারবাহক, ভারী। [সবল।

সাজোয়ান, বিং অতি বলিষ্ঠ,

সাজো মহাল—সুন্দরবনে মধু সংগ্রহকারিদিগের প্রতিদিনের মধু সংগ্রহের আয়োজন বা প্রাত্যহিক মধু আহরণকে স্থানীয় ভাষায় সাজো মহাল বলে।

সাজোয়াল, বি, (পারশী) তহশীলদার।

সাট, সাঠ, বি, সংক্ষেপ, স্বল্পতা; ২। ইঙ্গিতে কথা বলা, সঙ্কেত; ৩। বেত্র; যথা,—
"শুনিলেন শচী গঙ্গাতীরে গৌরহরি।
ধরিতে চলিলা শচী হাতে সাট করি॥"
(চৈতন্যমঙ্গল)

সাটী, সাড়ী, সারিকা, বি, চওড়া পাড়ওয়ালা স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র; যথা,—
"বলিহারী কিবা সাটী দুকূল বাহার।"
(হেমচন্দ্র)

"সারিকা কুণ্ডল পেড়ী.
পাছে লয়ে যায় চেড়ী,
কেহ লয় বিয়নী দর্পণ।"
(কবিকঙ্কণ)

সাড়, সাড়া, বি, সংজ্ঞা, চৈতন্য।

সাড়া, বি, শব্দ; ২। উত্তর; ৩। ইঙ্গিত, ঠার; ৪। কাতলা মাছকে কোন কোন স্থলে 'সাড়া' বলে।

সাড়ে, বিং (সার্দ্ধ শব্দজ) অর্দ্ধ সহিত। [বিশেষ, ৭।

সাত, বিং (সপ্তন্ শব্দজ) সংখ্যা

সাতগাঁ—সপ্তগ্রাম, মুসলমান রাজত্বকালে সপ্তগ্রাম অতি সমৃদ্ধি সম্পন্ন জনপদ ও বানিজ্যের প্রসিদ্ধ স্থান ছিল, বিদেশীয় বানিজ্য জাহাজ সর্ব্বদা এই স্থানে যাতায়াত করিত। বর্ত্তমানে এই স্থানের পূর্ব্বগৌরব কিছুই নাই।

সাতগেঁয়ে—সপ্তগ্রামী, সপ্তগ্রামবাসী; ২। এক শ্রেণীর কাঁসারি বিশেষ।

সাতচল্লিশ, বিং (সপ্তচত্বারিংশৎ শব্দজ) সংখ্যাবিশেষ, ৪৭।

সাতনল, বি, কণ্ঠদেশের অলঙ্কার বিশেষ; ২। পাখীমারাদিগের পক্ষীমারিবার যন্ত্র বিশেষ।

সাতপাঁচ, বি, অগ্রপশ্চাৎ চিন্তা, ইতস্ততঃ করণ; যথা,—

"শুনিয়া সিমুলাপতি ভাবে সাতপাঁচ।
চিন্তামনি নিকরে মিশায় যেন কাঁচ।"
(ঘনরাম)

সাতভাই, সাতভেয়ে—কৃত্তিকা নক্ষত্র চলিত বাঙ্গালায় সাত ভাই বা সাতভেয়ে নামে প্রসিদ্ধ। এই নক্ষত্র লইয়া অনেক পৌরানিক উপাখ্যান রচিত হইয়াছে। কৃত্তিকার ৬টী তারা সহজেই দেখা যায়। পাশ্চাত্যদেশেও কথিত আছে, পূর্ব্বে ৭টী তারা সুস্পষ্ট ছিল, বোধ হয়, পূর্ব্বকালে আর একটা এখনকার অপেক্ষা উজ্জ্বল ছিল। মনোযোগ পূর্ব্বক দেখিলে কৃত্তিকা নক্ষত্র কর্ত্তরিকা তুল্য দেখায়। উহার অনেকগুলি তারা চঞ্চল প্রভা। সাতটী তারার নাম যথা;— অম্বা, দুলা, নিতত্নী, অভ্রয়ন্তী, মেঘযন্তী, বর্ষযন্তী, চুপুনীকা। এক্ষণে ছয়টী তারা স্পষ্ট, সপ্তম তারা অস্পষ্ট হইয়াছে।

সাতষট্টি, বিং (সপ্তষষ্টি শব্দজ) সংখ্যাবিশেষ, ৬৭।

সাতাত্তর বিং (সপ্তসপ্ততি শব্দজ) সংখ্যা বিশেষ, ৭৭।

সাতান, বিং (যাং)—সাতোয়ান) সঙ্গতিপন্ন।

সাতান্ন, বিং (সপ্তপঞ্চাশৎ শব্দজ) সংখ্যা বিশেষ, ৫৭।

সাতি, সাথী বি, সঙ্গী, সহচর।
সাৎ, বি, আত্মসাৎ, নিজে গ্রহণ।
সাথ, বি, (সহিত শব্দজ) সহিত, সঙ্গে।
সাদা, বিং (পারশী) যাহাতে রঙের নক্সা নাই; ২। সরল (Simple)।
সাদা রোসনাই—জমিদারী সরকারে সাদা শব্দে কাগজ ও রোসনাই শব্দে আলোক। সাদা রোসনাই বলিলে কাগজ ও আলোকের জন্য ব্যয় বুঝায়।
সাদি, সাদী, বি, (পারশী) বিবাহ।
সাদিনা, বি, সন্তান ভূমিষ্ঠ হইলে সপ্তম দিনে কৃত উৎসব।
সাধ, বি, অভিলাষ, ইচ্ছা; ২। গর্ভিনীর ইচ্ছামত ভোজন; যথা,—

"সোহাগে সুন্দরী তবে খান নানা সাধ।
(ঘনরাম)

সাধা, সাধাপাড়া, বি, অনুরোধ, তোষামোদ; ২। আদায়।
সাধস্, বি, (সাধ্বস শব্দজ) ভয়।
সান্, বি, সংজ্ঞা, অনুভবশক্তি; ২। অস্ত্রাদির ধার করিবার যন্ত্রবিশেষ; ৩। সঙ্কেত, ইঙ্গিত; যথা,—

"দাণ্ডাইনু গিয়া আমি রাজ বিদ্যমান॥
নিকটে যাইতে রাজা দিল হাত সান॥"
(কৃত্তিবাস)

সানা, বি, তন্তুবায়ের যন্ত্রবিশেষ, ইহা শর খাগড়ায় নির্ম্মিত; ২। ২॥ হাত দীর্ঘ; ২। বর্ম্মবিশেষ, উহার সঙ্গে নানা অস্ত্র সংযুক্ত থাকে।
সানাই, সানী,—(সানিকা শব্দজ) বাদ্যযন্ত্রবিশেষ; যথা,—

"মৃদঙ্গ মন্দিরা বাজে সানী।"
(কবিকঙ্কণ)

সানাসানি, বি, সঙ্কেত, ইঙ্গিত।
সানি, বি, গবাদির আহার, খৈল ভিজানর সহিত ছোট ছোট বিচালি কাটিয়া জল দিয়া মাখিয়া দেওয়াকে প্রাদেশিক ভাষায় "সানি" বলে।
সান্‌কি, বি, মুসলমানদিগের মৃত্তিকা নির্ম্মিত ভোজনপাত্রবিশেষ।
সান্তারা, বি, উত্তরবঙ্গে কোন কোন স্থলে কমলালেবুকে সান্তারা বলে।
সান্ধান, বি, প্রবেশন, প্রবেশ করণ; যথা,—

"কোন দেব অলকিতে গৃহেতে সান্ধায়।"
(চৈতন্য ভাগবত)

সাপ, বি, (সর্প শব্দজ) সর্প।
সাপট, সাপোট, বি, ঝড় তুফান; ২। দর্প, দম্ভ; যথা,—

"সাপটে দিলাম ভোট জিতি আর হারি"
(হেমচন্দ্র)

সাপুড়িয়া, বি, বিষবৈদ্য, মালবৈদ্য।

সাপ্টা, বিং, মিশ্রিত, একত্রিত, গড় ; যথা,—
"বড় সাপ্টা দরে সাৎ করিলে
খেতাব সি, এন, আই।
(হেমচন্দ্র)

সাফ, সাফশুতরা, বি, (যাং) পরিষ্কার ; ২। শেষ।

সাফরি, বি, রম্ভাবিশেষ।

সাফা, বিং সরল, সোজা ; ২। পরিষ্কৃত।

সাবই, বি, ঘাসবিশেষ, অপর নাম বাবুই ঘাস। প্রধাণতঃ সিংহভূম, বীরভূম, সাঁওতাল পরগণা, হিমালয়ের তরাই, ময়ূরভঞ্জ প্রভৃতি পার্ব্বত্য প্রদেশে স্বভাবতঃ জন্মিয়া থাকে।

সাবল, বি, খননাস্ত্র বিশেষ।

সাবান, বি, গাত্রমল দূরীকারক বস্তুবিশেষ।

সাবাশ, সাবাসি, বি, (যাং) ধন্য, প্রশংসাসূচক বাক্য।

সাব্যস্ত, বিং নিশ্চিত, অবধারিত, ঠিক ; ২। মীমাংসা।

সামলা, বি, বর্ণবিশেষ ; ২। শিরোবেষ্টনী বিশেষ, পাগড়ীবিশেষ।

সামলান, বি, সাবধান হওয়া ; সংগোপন ; ৩। সংবরণ, নিবারণ।

সামাই, শামাই, ক্রি, প্রবেশ করি ; যথা,—
"পিরীতি বেয়াধি যদি অন্তরে শামাইল।"
(চণ্ডীদাস)
ঠিক এই অর্থে পূর্ব্ব ও উত্তর বঙ্গে কোথাও কোথাও ব্যবহৃত আছে।

সামাল, বি, সাবধান, সতর্ক হওয়া

সাম্ভাল, বি, সাবধান ; যথা,—
"পড়িতে পড়িতে উঠে বলিয়া সাম্ভাল।"
(চৈতন্যমঙ্গল)

সামিয়ানা, বি, (যাং) বড় চন্দ্রাতপ, পাইল।

সামিল, বিং (সমিল শব্দজ) অন্তর্গত, সংক্রান্ত।

সাম্নাই, সাঙনাই, বি, (সংক্রান্তি শব্দজ) সংক্রান্তি দিন, সূর্য্যের রাশ্যন্তর পরিবর্ত্তন দিন।

সাম্নে, (সম্মুখ শব্দজ) সম্মুখে।

সায়, বি, সম্মতি, স্বীকার ; ২। সমাপ্ত, শেষ ; ৩। উত্তর, সাড়া।

সায়র, সায়ের, বি, পুষ্করিণী ; ২। সাগর ; যথা,—
যে রূপ সায়রে ডুবিল নয়ন
সে গুণে বান্ধিল হিয়া।"
(চণ্ডীদাস)

সায়রাৎ, বি, (যাং) ভূমির আসল জমা ব্যতীত জলকর, বনকর ইত্যাদির আয়কে সায়রাৎ বলে।

সায়স, বি, সাহস, ভরসা ; যথা,—
"বিষম সায়স ভইন কৈলা কি কারণ।"
(পদ্মাপুরাণ)

সার, বি, গোময়াদি পদার্থ, ভূমির

উর্ব্বরতা স্থাপনের পদার্থ। গোময় এবং গরুর হাড়, জমির প্রধান সার।

সারকচু, বি, মূলবিশেষ, মানকচু।

সাঁরকুড়, বি, গোময়াদি নিক্ষেপ স্থান।

সারগাদা, বি, গোময় স্তূপ।

সারমাটী, বি, সারযুক্ত মৃত্তিকা, ওঁচলা।

সারঙ্গ, বি, বাদ্যযন্ত্রবিশেষ; ২। জাহাজাদি চালক।

সারসি, বি, গৃহের কাঁচের পরকলা যুক্ত দ্বার (Sashes)।

সারা, বিং সম্পূর্ণ; ২। সমস্ত; ৩। ক্রি,—শেষ করা।

সারাণ, বি, মেরামত করা; ২। শুধরাণ; ৩। দৃঢ়করা।

সারাল, বিং সারযুক্ত।

সারি, বি, শ্রেণী; ২। নৌকার মাঝিদিগের গীত বিশেষ, নৌকার মাঝি, গ্রাম্য কৃষক ও মজুর একত্র গলা মিলাইয়া যে গান গায়, যথা,—

"রামপ্রসাদ বলে, কালী নামের যাওরে সারি গেয়ে।" (রামপ্রসাদ)

"সারি গাঁয় ছুই সারি গাবরে।" (রামেশ্বর)

৩। নিন্দাবাদ; ৪। ক্রি,—সমাপ্ত করিয়া, শেষ করিয়া।

সারিন্দা, বি, বাদ্যযন্ত্রবিশেষ, গ্রাম্য সারঙ্গ।

সারিসারি, ক্রি বিং, শ্রেণীবদ্ধ ভাবে।

সাল, বি, অব্দ, বৎসর, অতি প্রাচীন কালে, ভারতে কি অব্দ প্রচলিত ছিল, তাহা জানা যায় না। মহাভরতে উল্লিখিত রাজস্থয় যজ্ঞের পর হইতে যুধিষ্ঠিরাব্দ চলিত হয়। তৎপরে যথাক্রমে বিক্রমাদিত্য ও শালিবাহনের সংবৎ ও শকাব্দা প্রচলিত হয়। ভারতবর্ষে এতদ্ব্যতীত আরও অনেক সনের ব্যবহার আছে; যেমন চট্টগ্রামের মণি সন, ত্রিপুরার ত্রিপুরা সন, ও হিন্দী কমাল সন। ভারতে যখন মুসলমানদিগের পূর্ণ প্রভাব, তখন আরব দেশীয় হিজিরা সন ভারতে প্রবেশলাভ করে। সম্রাট আকবর এলাহী সনের প্রবর্ত্তক। মুসলমান ধর্ম্মের প্রবর্ত্তক মহম্মদ মস্তাফার আবির্ভাবের পূর্ব্বে আরবে অনেক প্রকার অব্দ প্রচলিত ছিল, এই সমস্ত অব্দ লইয়া সাল গণনার বড় অসুবিধা হইত বলিয়া, প্রাচীন আরবেরা একটী অব্দ প্রচলিত করিয়াছিল, তাহারই নাম হিজিরা। খলিফা ওমর রজু আবদুল

পণ্ডিত মণ্ডলী সমবেত করিয়া, খলিফা মহম্মদের মক্কা হইতে মদিনায় পলায়নের দিবস হইতে সাল গণনা করিলেন। কোরাণ শরিফের মতে এই সাল আমলেঁ ইজা অর্থাৎ, আদেশ প্রাপ্ত বৎসর। মহম্মদের মক্কা গমনের আরবীয় নাম "হেজরৎ"—হেজরৎ হইতেই, হিজরী শব্দের উৎপত্তি, তদবধি আকবরের সময় পর্য্যন্ত ভারতেও হিজরীর প্রাধান্য ছিল। হিজরী চান্দ্র মাস, এবং হিন্দুদের সংবৎ ও শকাব্দা সৌর মাস। চান্দ্র অব্দের সহিত সৌর অব্দের গণনা করিতে হিন্দুদের অসুবিধা হইত বলিয়া আকবরের আদেশে, তদীয় সভাসদ বিখ্যাত পণ্ডিত আমীর ফতেউল্লা সিরাজী, সৌরমাসের সহিত চান্দ্র মাস একত্র গণনা করিয়া, একটী নব অব্দ নির্দ্দিষ্ট করিলেন। আকবরের পরাক্রমের স্মরণার্থই ইহার সৃষ্টি—৯৯২ হিজরী অব্দে, আকবরের রাজত্বের সপ্তবিংশতিতম বর্ষে, 'তারিখে এলাহি' প্রবর্ত্তিত হয়, ইহাই আমাদের বাঙ্গালা সাল।

সালগ্রাম, বিং শাকবিশেষ।

সালঙ্ক, বি, অলঙ্কার; যথা,—

"কুলের কলঙ্ক, করিনু সালঙ্ক,
তবু যে না পানু হরি।"
(চণ্ডীদাস)

সালতামামী, (পারশী) বৎসরের শেষ।

সালিয়ানা, বিং (যাং) বাৎসরিক।

সালিক, বিং পক্ষীবিশেষ।

সালিস, বি, মধ্যস্থ(Arbitrator)।

সালিসী, বি, (আরবী—সুলস= তিন, ইহা হইতে সালিস= তৃতীয়) সালিসী অর্থে তৃতীয় ব্যক্তির কার্য্য, মধ্যস্থতা।

সালুক্, বি, জলজাত ফলবিশেষ, দেখিতে গোলাকার।

সালুর, বি, ভেক, ব্যাং; যথা,—

"মহাদর্পে সর্পে গিয়া ধরিছে সালুর।
বিড়ালে ডুণ্ডুভ দিয়া খেদিছে হন্দুর।"
(ঘনরাম)

সাহেব, বি, (আরবী) প্রধান ব্যক্তি, প্রভু; ২। ইউরোপীয় লোক, ইংরেজ।

সিউনী, বি, (সেচনী শব্দজ) সেচনী, জলসেচন পাত্র। আকারে কুলার ন্যায়, কিন্তু কুলা অপেক্ষা গভীর এবং কুঁলার ন্যায় বাঁশের চিয়াড়ি দিয়া বোনা।

সিউলী, বি, যাহারা খর্জ্জুর বৃক্ষ কাটিয়া রস বাহির করিয়া গুড় প্রস্তুত করে।

সিংদরজা, বি, (সিংহদ্বার শব্দজ) সিংহমূর্ত্তি চিহ্নিত প্রবেশ দ্বার, প্রধান দরজা।

সিঁড়ী বি, সোপান, পইঠা।

সিঁতী, বি, (সীমন্ত শব্দজ কি?) সীমন্তের অলঙ্কার বিশেষ; ২। সীমন্তদেশ। [বিশেষ।

সিঁদুর, বি, (সিন্দুর) রক্তবর্ণ চূর্ণ

সিঁধ, বি, (সন্ধি শব্দজ) সুড়ঙ্গ, ছিদ্র। [অস্ত্র।

সিঁধকাঠী, বি, সিঁধ কাটিবার

সিঁধাল, সিঁধেল, বি, (সন্ধিচৌর শব্দজ) সন্ধিভেদী চোর।

সিকস্তি, বি, (যাং) গতির মন্দতা, নদ্যাদির স্রোতে ভাঙ্গিয়া জমির পরিমাণ কমিলে সিকস্তি কহে।

সিকা, বি, দড়ির তৈয়ারি দ্রব্য বিশেষ; যথা,—

"যতেক আছিল সিকা টানিয়া টানিয়া।
ক্রোধাবেশে ফেলে প্রভু ছিণ্ডিয়া ছিণ্ডিয়া।"
(চৈতন্যভাগবত)

সিকি, বি, (যাং) চতুর্থাংশ, মুদ্রার চারিভাগের একভাগ।

সিকৃনি, বি, (সিঙ্ঘান শব্দজ) ন্যাসিকামল, নাকের পোঁটা।

সিঙ্গার, বি, (শৃঙ্গার শব্দজ) বেশবিন্যাস; যথা,—

"মুকুর লেই অব করত সিঙ্গার।"
(বিদ্যাপতি)

সিঙ্গারা, বি, প্যাণিফল; ২। পানিফল সদৃশ ঘৃতের খাদ্যদ্রব্য বিশেষ। [মনসা গাছ।

সিজ, বি, কণ্টকময় বৃক্ষবিশেষ,

সিজন, বি, সিদ্ধ হওয়া।

সিজানা, বি, সজিনাশাক; যথা,—

"ঘরে শাক সিজানা বাহিরে বাবুয়ানা।"
(প্রবাদ)

সিঝাপোড়া, বি, সিদ্ধপোড়া; যথা,—

"ঠাকুর কহয়ে বাপু শুন মোর কথা।
সিঝাপোড়া ব্যঞ্জন আমি করিয়ে সর্ব্বথা।"
(চৈতন্যমঙ্গল)

সিতাসায়ের, বি, ধান্যবিশেষ। মালদহ, দিনাজপুর প্রভৃতি স্থানে ইহাকে সিতাশরী ও মুঙ্গের জেলায় সিতাভোগ কহে।

সিদ্দিক, বি, (পারশী) যিনি নবির প্রতি প্রথম বিশ্বাস স্থাপন করেন এবং যাবজ্জীবন সত্য ভিন্ন মিথ্যা বলেন না।

সিধা, বি, তরকারি ইত্যাদি সম্বলিত পাত্রস্থিত তণ্ডুল; ২। (হিন্দী) সরল, সোজা।

সিনান, বি, (স্নান শব্দজ) অবগাহন। [বাসা।

সিনেহ, বি, (স্নেহ শব্দজ) ভাল-

সিন্দুক, বি, (যাং) লৌহ বা কাষ্ঠাধার বিশেষ।

সিম, বি, বৃক্ষবিশেষ, ফলবিশেষ।

সিমকচ্ছপ, বি, কচ্ছপ বিশেষ,

বড় কচ্ছপের আকার, কিছু চেপ্টা, মুখও চেপ্টা।

সিমলা, বিং গবাদির রোগবিশেষ, ইহাকে কোন কোন প্রদেশে পশ্চিমা বলে।

সিয়ন, বি, (সীবন শব্দজ) সূচী-কর্ম্ম, বস্ত্রাদি সেলাই।

সিয়ান, সিয়ানা, বিং (সজ্ঞান সব্দজ) চতুর, চালাক ; ২। বয়স্ক।

সির্কা, বি, ইক্ষুরস সম্ভূত স্নেহ-দ্রব্য বিশেষ।

সিরনী, বি, গুড়ে পাটালি। [শিশ

সিরপা, বি, (যাং) পুরস্কার, বখ-

সিলাখানা, বি, (যাং) অস্ত্রাগার।

সিলিন্দা, বি, মৎস্য বিশেষ, ইহার বর্ণ সাদা, ঠোঁট লাল, দাড় আছে, আড় মাছের মত ৩টা কাঁটা আছে, আঁইস নাই।

সিহালা, বি, শৈবাল, শেওলা।

সীঁথা, বি, সীমন্তদেশ।

সীপ, বি, জলপাত্র বিশেষ, কোষা।

সীমানা, বি, (সীমন্ শব্দজ) অবধি, সীমা, নির্ণীত অন্তভাগ।

সীসা, বি, (সীসক শব্দজ) ধাতু-বিশেষ।

সুঁড়ী, সুড়ি, বি, অপ্রশস্ত পথ ; ২। জাতি বিশেষ, মদ চোলাই যে জাতির ব্যবসা।

সুঁতী, বি, (স্রোতস শব্দজ)ক্ষুদ্র-খাল, নালা, মন্দস্রোত।

সুঁদরী, বি, (সুন্দরী শব্দজ কি ?) বৃক্ষবিশেষ।

সুঁদী, বি, (সৌগন্ধিক শব্দজ) কুমুদ, শ্বেতোৎপল ; ২। কচ্ছ-পবিশেষ, দেখিতে কচ্ছপাকৃতি, তবে কচ্ছপ অপেক্ষা আকারে ছোট। পৃষ্ঠাস্থির উপর হরি-দ্রাভ চিহ্ন আছে, শুণ্ড সঙ্কুচিত করিলে উর্দ্ধ ও নিম্নের মাংস একত্র হইয়া শুণ্ডের ছিদ্র বন্ধ করিয়া দেয়। অপর নাম উচে কাছিম।

সুকা, শুকা, বিং (শুষ্ক শব্দজ) শুষ্ক, বৃষ্টির অভাব ; ২। যে দধি প্রায় জল শূন্য।

সুকৃতিনামা, সুকৃতিপত্র, বি, শপথ পত্র, অঙ্গীকার লিপি।

সুখবাসী, বি, সুখভোগী।

সুখা, বি, (হিন্দী) শুষ্ক তাম্রকূট।

সুখেরপায়রা—সুসময়ের বন্ধু (Summer friend)।

সুগোচ, বি, সুযোগ; পন্থা।

সুচরুঙ্কুল, সুতরমঙ্কুল, বি, (সুশৃ-ঙ্খল শব্দজ) সুশৃঙ্খল, সুব্যবস্থা।

সুজান, বিং সজ্জন, ভদ্র।

সুড়ঙ্গ, বি, ছিদ্র, গর্ত্ত।

সুড়া, বি, অপ্রশস্ত পথ।

সুডৌল, সুঢপ, বি, সুগঠণ, সুন্দর আকৃতি।

সুতান, বি, উত্তমতান, সুরাগ।

সুতুলি, সুতলী, বি, শণের সুতার দড়ি।
সুদ, বি, (যাং) অর্থবৃদ্ধি।
সুদাঁড়া, বি, সুরীতি, সুনিয়ম।
সুদ্ধ, বিং সহিত, সমেত।
সুধান, বি, জিজ্ঞাসা করা; যথা,—
"দেখিয়া রাণীকে রাজা সুধান বিরলে।"
(ঘনরাম)
সুধু, শুধু বি, (শুদ্ধ শব্দজ) কেবল, একমাত্র।
সুনাজমি,—যাহাতে আউশধান্য, ইক্ষু, রবিখন্দ, তামাক প্রভৃতি উৎপন্ন হয়। ডাঙ্গাজমি।
সুন্নত, বি, (আরবী) মহম্মদীয়দিগের বাল্যকালে পুরুষাঙ্গের অগ্রভাগের ত্বকচ্ছেদ ব্যাপার।
সুপারি, বি, গুবাক, গুয়া।
সুপারিশ, বি, (যাং) অনুরোধ, উপরোধ। [পরিষ্কার।
সুপেদ, সফেদ, বিং (যাং) সাদা,
সুবচণী, বি, (শুভসূচণী শব্দজ) দেবীবিশেষ।
সুবিধা, বি, (পারশী—সুবিস্তা শব্দজ) সুযোগ।
সুবেধ, বি, সম্পর্ক, সম্বন্ধ।
সুমার, বি, (পারশী) সমষ্টি, গণনা।
সুয়া, বিং (সোহাগী শব্দের অপভ্রংশ) প্রিয়া; যথা,—
"সুয়া মাগু রান্ধি দেক পঞ্চাশ ব্যঞ্জন।"
(কবিকঙ্কণ)
সুয়েম, বি, (পারশী) যাহাতে অর্দ্ধেক রকম অর্থাৎ আট আনা রকম ফসল জন্মে, তাহার নাম সুয়েম জমি।
সুর, বি, (স্বর শব্দজ) কণ্ঠধ্বনি; ২। শব্দ। [কোল।
সুরকা, সুর্কা, বি, (চট্টগ্রামে)
সুরকী, বি, ইষ্টক চূর্ণ।
সুরতহাল, বি, (পারশী) অনুসন্ধান।
সুরাথ, বি, (যাং) প্রশস্ত পথ; ২। সুবিধা। [পাত।
সুরু, বি, (পারশী) আরম্ভ, সূত্র-
সুল্‌ফা, বি, মৌরি।
সুবা, বি, (আরবী) প্রদেশ; ২। উচ্চ পদস্থ কর্ম্মচারী।
সুবাদার, বি, প্রাদেশিক শাসনকর্ত্তা; ২। দেশীয় সৈন্যগণের পদবিশেষ।
সুশৃঙ্খল, বি, সুনিয়ম, সুব্যবস্থা।
সুশ্রীত, বিং শ্রীযুত।
সুসার, বি, কুলান, প্রতুল।
সুহরণ, বি, আঁট জুতা পরাইবার যন্ত্রবিশেষ।
সূঁই, বি, (সূচী শব্দজ) সেলাই করিবার লৌহ শলাকাবিশেষ।
সূক্ত, বি, তিক্ত ব্যঞ্জন বিশেষ।
সূক্তি, বি, শুষ্কতা।
সূচল, বিং সরু আগা বিশিষ্ট।
সূচেন, বি, প্রাচীনকালের এক প্রকার মোটা কাপড়। এই কাপড়ের পরিসর একটু কম,

পরিসর একটু কম হইলেও ইহা বহুদিন টিকিত।
সূতলী, বি, শণের দড়ি।
সূতা, বি, (সূত্র শব্দজ) সূত্র, তন্তু।
সূতিকা, বি, প্রসূতির রোগবিশেষ।
সেঁউতি, বি, (সেচনী শব্দজ) জল সেচনী, নৌকার জল ফেলিবার জন্য কাঠ বা বেত্রাদির নির্ম্মিত পাত্র বিশেষ ; যথা,—
"সেঁউতিতে পদ দেবী রাখিতে রাখিতে।
সেঁউতি হইল সোণা দেখিতে দেখিতে।"
(ভারতচন্দ্র)
সেঁউতি, বি, (সেবান্তী শব্দজ) পুষ্পবিশেষ।
সেঁকটন, সেঁটকন, বি, মুখাদি বিকৃত করণ।
সেঁজুতি, বি, স্ত্রীলোকদিগের ব্রত বিশেষ। সমগ্র কার্ত্তিকমাস-ব্যাপী ব্রতবিশেষ। স্ত্রীলোকেরা সপত্নী ভয় নিবারণার্থ প্রত্যহ সায়ংকালে ইহার পূজা করেন। সেঁজুতির শিবপূজা কালে বালিকা মাত্রেই সপত্নীর অকল্যাণ কামনা করে।
সেঁটন, বি, লুঠকরা ; ২। আহার করা।
সেঁতান, সেঁতসেঁতে, বিং (সিক্ত শব্দজ) আর্দ্র, ভিজা।
সেঁধান, বি, অভ্যন্তরে প্রবেশ।
সে, সর্ব্বং, (তদ্ শব্দের অসম্ভ্রমে) নির্দ্দিষ্ট ব্যক্তি।
সেই, সর্ব্বং, তাহাই।
[সেব।
সেউ, বি, ফলবিশেষ, হিন্দী নাম
সেক্—তাপ দেওয়া।
সেক্‌রা, বি, (স্বর্ণকার শব্দজ) জাতিবিশেষ।
সেকাল—পূর্ব্বকাল, প্রাচীনকাল।
সেখ, বি, (আরবী) মুসলমান জাতিবিশেষ, উপাধিবিশেষ।
সেখান—সেই স্থান।
সেঙাতি, বি, মিত্রতা, বন্ধুত্ব।
সেজ, বি, ফানসওয়ালা বাতিদান।
সেতার, বি, (পারশী—সে=তিন +তার) বাদ্যযন্ত্রবিশেষ।
সেথা—(সে+থা=স্থান) তথায়, সেখানে।
[পথপ্রদর্শক।
সেথুয়া, সেথো, বি, সঙ্গী ; ২।
সেপত্তনী—দরপত্তনীদারের অধীনে পত্তনি হইলে উহাকে সে-পত্তনী বলে।
সেবাত, সেবাইত, বি, (সেবক শব্দজ) পূজারি, পাণ্ডা।
সেবং জমা—দ্বাবং জমা ও বাররসদের সমষ্টিকে সেবং জমা কহে।
সেয়াকুল, বি, কণ্টকবৃক্ষবিশেষ।
সেয়ানা, বিং, চতুর, ধূর্ত্ত ; ২। বয়স্ক, যে সময়ে যৌবনের সঞ্চার হয়।
সের, বি, পরিমাণবিশেষ, ১৬ ছটাক ; ২। (পারশী) ব্যাঘ্র

সেরা, বিং (য়াং) শ্রেষ্ঠ, প্রধান।

সেরেস্তা, বি, জমিদারীর কাগজ-পত্র যেখানে থাকে; মৎস্য ধরিবার যন্ত্রবিশেষ, কাষ্ঠনির্ম্মিত চরকাবিশেষ, এই চরকায় কাঠিমের ন্যায় সূতা জড়ান থাকে, এই সুতায় বড়সী দিয়া মৎস্য ধরা হয়, চরকাটি জলের ধারে পুতিয়া টোপ ফেলা হয়।

সেলাম, বি, (আরবী) নমস্কার।

সেলামী, বি, (আরবী) জমিদারের নিকট হইতে পাট্টা লইবার সময় যাহা কিছু দেওয়া যায়; ২। উপঢৌকন।

সেহা, বি, (পারশী) জমিদারী কাগজবিশেষ; গোমস্তার আদায়ী খাজনা যে কাগজে প্রজার নামে জমা করিয়া লয়, তাহার নাম আমদানী বা সেহা।

সেহাই, বি, ঝিউনি ভিজা জল।

সেহু, বি, চালিতাবৃক্ষ; ২। সর্ব্বং,—সেই, নির্দ্দিষ্ট বক্তি।

সৈতান, (শ্যেন শব্দজ) শ্যেন-পক্ষী, বাজবৌরীপক্ষী; যথা,—

"মনি হেতু যুঝে যেন কেশরী প্রসেনে।
মাংস হেতু যুদ্ধ যেন সৈতানে দৈতানে॥"
(কবিকঙ্কণ)

সৈমোহর, বি, স্বাক্ষর, দস্তখত, নামের ছাপ; যথা,—

"আমি শিবের দলিল সৈ মোহরে
রেখেছি হৃদয়ে তুলে। (রামপ্রসাদ)

সৈয়দ, বি, (আরবী) প্রধান ব্যক্তি, মহম্মদের দৌহিত্র হোসেনের বংশীয় ব্যক্তি।

সোঁটা, বি, যষ্ঠি, লাঠী।

সোঁতা, বি, (স্রোত শব্দজ) খাল, জলা; ২। স্রোত, জলপ্রবাহ; যথা;—

"কুপিয়া অজয় বেগে ভাসাইল সোঁতে।
সেনে দেয় ভরসা আপনি ঘোড়া হোঁতে॥"
(ঘনরাম)

সোঁদাল, বি, মৎস্যবিশেষ, দেখিতে ইটামাছের মত আকার, হরিদ্রাবর্ণ, আঁইস নাই।

সোঁধা, বিং গন্ধযুক্ত; ২। যাহার টীকা হয় নাই।

সোঙরি, ক্রি, (স্মরি শব্দজ) স্মরণ করি, মনে করিয়া; যথা,—

"একা আছি বনে বসি,
পীতধড়া পড়ে খসি,
সোঙরি সে মুখশশী পরাণ মজিল সই।"
(রবীন্দ্রনাথ)

সোজা, সোজাসোজি, বিং সরল, সহজ, স্পষ্ট। [ধাতু।

সোণা, বি, (স্বর্ণ শব্দজ) প্রধান

সোণাবোয়াল, বি, মৎস্যবিশেষ, ইহার রং হরিদ্রাবর্ণ।

সোণালী, বিং স্বর্ণমণ্ডিত, গিল্টী করা।

সোণালু, বি, সোন্দালফল, ইহাকে বাঙ্গালায় সোণালু, রাখাল-

নড়ী, বানরনড়ী প্রভৃতি বলিয়া থাকে।

সোন্না, বি, ক্ষুদ্র চিমৃটাবিশেষ

সোপরদ্দ, বিং (যাং) অধীন।

সোফি, বি, বৈদান্তিক মুসলমান, যে মুসলমান বেদান্তশাস্ত্রে পণ্ডিত।

সোম, বি, (আরবী—সুম্=অশুভ) অতি কৃপণ।

সোমাইল, ক্রি, প্রবেশ করিল।

সোমাজি, বি, তৃণময় গৃহের আচ্ছাদনকালে বাঁধন তুলিবার শলাকাবিশেষ।

সোয়াথ, বি, স্বস্তি, তৃপ্তি; যথা,—

"উলটি পালটি চায় তবু না সোয়াথ পায়,
কত বা আরতি হিয়ার মাঝে।"

সোয়াদ, বি, (স্বাদ শব্দজ) স্বাদ, তার। (সৈন্য।

সোয়ার, বি, (পারশী) অশ্বারোহী

সোয়ারী, বি, (পারশী) যানবিশেষ; ২। তানপুরাদির তারবিশেষ। [খিল।

সোয়াল, বি, লাঙ্গলের যোয়ালের

সোয়াস্তি, সোয়াতি, বি, (স্বস্তি শব্দজ) সুখ, সন্তোষ; যথা,—

"খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক্।
কে মোর ব্যথিত আছে কারে কব দুখ॥"
(চণ্ডীদাস)

সোর, বি, গোলযোগ; ২। প্রকাশ।

সোলর, বিং সমান, সদৃশ।

(প্রাচীন শব্দ, ভারতচন্দ্রের ব্যবহৃত)।

সোসর, বিং সদৃশ, তুল্য; ২। বি,—আনুকূল্য। সাহায্য।

সোহাগ, বি, আদর করণ, স্নেহ প্রকাশ; যথা,—

"সভ্য জগতের তুমি সোহাগের বাতি।"
(হেমচন্দ্র)

সোহাগলী, বিং সোহাগযুক্তা, সোহাগিনী; যথা—

"গঙ্গা বড় সোহাগলী,
সদাই পাড়য়ে গালি,
স্বামীর সোহাগ দরপে।"
(কবিকঙ্কণ)

সোহাগা, বি, দ্রব্যবিশেষ, ক্ষারবিশেষ। হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে টাঙ্গনক্ষার বলে; ২। (হিন্দী) ক্ষেত্র কর্ষণের পর যে উঁচু নীচু মাটী সমান করিয়া দেওয়া হয়, তাহারই নাম সোহাগা।

সোহাগিনী, সোহাগী, বিং সুভগা, আদরান্বিতা।

সোহায়ন, বি, (সুভাবন শব্দজ) সুচিন্তা, সৎবিষয়ের অনুধ্যান।

সোহারা, বি, (হিন্দী) খর্জ্জুরবিশেষ। এই খর্জ্জুর দ্রাক্ষার ন্যায় আকৃতিবিশিষ্ট, উহা দ্বীপান্তর হইতে আনীত, এখন পশ্চিম প্রদেশে জন্মে।

সোহিনী, বি, (সুহনী শব্দজ)

রাগিণীবিশেষ; ২। সোহাগিনী।

সোহেলা, বি, (যাং) উৎসবকালীন আনন্দসূচক গান

সৌখীন, বিং বিলাসী, সুখেচ্ছু।

স্তূপ, বি, রাশিকৃত মৃত্তিকাদি।

স্ত্রীআচার—বিবাহকালীন স্ত্রীদিগের মঙ্গলাচরণবিশেষ।

স্থকিত, স্থগিত, বিং বন্ধ; ২। নিস্তব্ধ; যথা,—

"দেখি সে মোহন রূপ সর্ব্ব ভক্তগণ।
স্থকিত হইয়া সবে করে নিরীক্ষণ॥"
(চৈতন্য ভাগবত)

হ।

হ;—ত্রয়স্ত্রিংশ হলবর্ণ। উচ্চারণ স্থান কণ্ঠ।

হওন, বি, বর্ত্তন, জন্মান।

হওয়া, বি, জন্মান, উৎপত্তি

হক, বি, (যাং) যথার্থ, ন্যায্য, স্বত্ব।

হকল, হক্কল, বিং (নোয়াখালী অঞ্চলে প্রচলিত) সমস্ত, সকল। কবিকঙ্কণ চণ্ডীতে—

"হলুদ গুঁড়া হুত্তাপাতা চিহ্ন নাহি পাই।
মজিল হকল ধন কেমনে কুলাই।"

হকীয়ৎ, বি, (যাং) যথার্থবৃত্তান্ত, সূক্ষ্মবিচার, যথার্থানুসন্ধান; ২। মধ্যস্বত্ব।

হজ, বি, পঙ্ক; যথা,—

"বিরহ দারুণ হজে মদন সহায়।"
(বিদ্যাপতি)

২। (যাং) মক্কাতীর্থকৃত্য বিশেষ।

হজম, বি, (আরবী) পরিপাক; ২। আত্মসাৎ।

হজরৎ, বি, (আরবী) সম্ভ্রান্ত ব্যক্তির সম্বোধন বিশেষ, প্রভু।

হজ্জত, হুজ্জত, বি, (আরবী) বাদবিতর্ক, কলহ; যথা,—

"হুজ্জতে হারিলে কেঁদে পাড়া করে জড়।"
(হেমচন্দ্র)

হঞ্চি, বি, ক্ষুৎ, হাঁচী।

হট, বি, ছলনা, চাতুরী; যথা,—

"মনসার হটে সাধু ভিক্ষা মাগি খায়।"
(মনসার ভাসান)

"হট নাহি করহ মহত রাখ মোর।"

হটচক্র, হট্টগোল, বি, গোলযোগ, গোলমাল। [পশ্চাদগমন।

হটন, হঠন, বি, পরাস্ত হওন;

হট্‌কা, বিং অতি কৃশ অথচ দীর্ঘ।

হঠ, বি, পরাজয়; যথা,—

"মদন কৌতুকী ফিরে হঠ নাহি মান।"
(বিদ্যাপতি)

২। অবিবেচনা; ৩। ক্রি বিং,—বলপূর্ব্বক। [রুদ্ধ করা।

হঠবন্দীকরণ—বলপূর্ব্বক কারা-

হঠাৎ ক্রি বিং, (হঠ শব্দজ) দৈবাৎ, অকস্মাৎ।

হঠান, বি, পরাস্ত করণ।

হড়্‌কা, বি, আঘাত, ধাক্কা; ২। ঠেলা, বেগ।

হড়্পী, বি, বেণা প্রভৃতি শীষে বা বংশ শলাকায় প্রস্তুত পেটিকা বিশেষ ; যথা,—
মনে বড় কুতূহলী, কাঁধেতে কড়ির থলী,
হড়পী তরাজু করি হাতে।”
(কবিকঙ্কণ)

হড়বড়ন, বি, অস্পষ্ট কথন, ব্যস্ত হইয়া বলা।

হড়হড়, হড়হড়ানি, বি, অব্যক্ত ধ্বনি, মেঘাদির শব্দ।

হড়হড়ী, বি, গোলমাল, তুমুল ধ্বনি।

হতভম্ব, বিং স্তম্ভিত, নির্ব্বাক ; যথা,—
“কবি হইল হতভম্ব দেখে হিন্দুর পর্দ্দা ফাঁক। (হেমচন্দ্র)

হতিয়ার, হাতিয়ার, বি, অস্ত্র, খড়্গাদি।

হর্ত্তাকর্ত্তা, বি, (হর্ত্তাকর্ত্তা শব্দজ) সৃষ্টিপ্রলয় কর্ত্তা, সর্ব্ববিষয়ে কর্ত্তৃত্বকারী। [শব্দজ।

হত্তেল, বি, (হরিতাল শব্দজ) ধাতু

হদ্দ, বি, (আরবী) চূড়ান্ত, শেষ।

হদ্দী, বি (পারশী) সীমা।

হন্নে, বি, মৎস্যবিশেষ, নোনা চিংড়ি, কোন কোন স্থানে ‘চামাই’ বলে। [হিংস্রজন্তু।

হন্মা, বিং উগ্র, ক্ষিপ্ত ; ২। বি,—

হপ্তা, বি, (পারশী) সপ্তাহ, ৭দিন।

হপ্‌কা, বি, (নদীয়ায়) ভয়, ত্রাস।

হয়রাণ, বিং (আরবী) ক্লান্ত, শ্রান্ত।

হয়াত, বি, (পারশী) পরমায়ুঃ।

হরকত, বি, (পারাশী) ব্যাঘাত, বিঘ্ন ; ২। গোলযোগ।

হরকরা, বি, (পারশী—হর = প্রত্যেক + কার = কার্য্য) পত্রাদিবাহক।

হরদম, বিং (পারশী) ক্রমাগত, অবিশ্রান্ত।

হরফ, বিং (আরবী) অক্ষর।

হরবস, বি, (পূর্ব্ববঙ্গ) স্বর্ব্বস্ব, সমুদয় ধন ; যথা,—
“যাদুয়ার পাকে হরবস ধন গেল ভাই।”
(কবিকঙ্কণ)

হরিণবাড়ী, বি, জেলখানা, কারাগার। [ইত্যাদি।

হরিতখন্দ, বি, মটর, মসূর কলাই

হরিভক্তি, বি, প্রগাঢ়ভক্তি, অতিশয় শ্রদ্ধা।

হরিয়াল, বি, পীতবর্ণপক্ষিবিশেষ।

হরিহরআত্মা—অভেদাত্মা, অতিপ্রণয়।

হরেক, বিং (পারশী) প্রত্যেক, একে একে সমুদয়।

হরেদরে, ক্রি বিং, গড়পড়তা।

হর্‌বোলা, বি, (পারশী—হর = প্রত্যেক + হিন্দী—বোল্‌না = বুলী) যে ব্যক্তি প্রত্যেক বুলী বলিতে পারে।

হলক, বি, এক পসলা।

হলকষা, বি, বৃক্ষবিশেষ।

হল্‌কা, বিং. লঘু, পাতলা; ২। বি,—অগ্নিশিখা; ৩। সমূহ, দল।

হল্‌দি, হল্‌দী, হলুদ, বি, (হিন্দী; হরিদ্রা শব্দজ) হলুদ। হিন্দী—হর্দ্দী ও হল্‌দী।

হলফ্, বি, (আরবী) শপথ, অঙ্গীকার; যথা,—

"উপস্থিত হইয়া হলফ পড়িল।"

(কৃষ্ণকান্তের উইল)

হলফ্‌নামা—আইনে শপথপূর্ব্বক লিখিত আবেদন (Affidavit)।

হল্লা; বি, (আরবী—হাম্‌লা শব্দের অপভ্রংশ) দ্রুতবেগে তাড়ন, আক্রমণ; ২। গোলযোগ।

হলহলা, বি, গোলমাল, গোলযোগ।

হলাহলা, বি, অত্যন্ত ভালবাসা। যেখানে ভারী বন্ধুত্ব দৃষ্ট হয় সেখানে বলা হয়; এদের দুই জনে একেবারে হলাহলা গলাগলা'। (সংস্কৃত ও প্রাকৃত ভাষায়) 'হলা' একটী প্রিয় সম্বোধন। অত্যন্ত ভালবাসা-বাসি থাকিলে পরস্পর 'হলা-হলা' সম্বোধনটা বাড়ে, তাই বোধ হয়, ইহার বর্ত্তমান অর্থে প্রয়োগ হইয়াছে।

হলীশা, বি, লাঙ্গল দণ্ড।

হবুথবু, বিং জড়সড়, কুণ্ঠিত।

হস্তবুদ, বি, (পারশী) কোন মহলের মোট উৎপন্ন আয়, মোট জমা।

হা, অং, খেদসূচক, আনন্দসূচক শব্দ, হায়; ২। মুখব্যাদন; যথা,—

"দুই চক্ষু বুজে থেকে থেকে করে হা।"

(কবিরঞ্জন)

হাই, বি, (হাফিকা শব্দজ) জৃম্ভন, মুখব্যাদান।

হাইআমলা, বি, দ্রব্যবিশেষ, আমলকী, মেথি।

হাইর, হার, বি, পরাভব, পরাজয়।

হাইফাই, বি, অস্থিরতা প্রকাশ। দ্রুততা।

হাইল, বি, নৌকাদণ্ড, হাল।

হাউই, বি, (পারশী—হাওয়ায়ী) আতসবাজী বিশেষ।

হাউসওয়ালা—যাঁহারা দেশ বিদেশের সহিত অনেক টাকার কারবার চালাইয়া থাকেন। তাঁহাদিগের নাম হাউস-ওয়ালা।

হাওদা, বি, (আরবী) হস্তীপৃষ্ঠে বসিবার আসনবিশেষ। [বায়ু।

হাওয়া, বি, (আরবী) বাতাস,

হাওলাত, বি, (আরবী) কর্জ্জ, বিনা লেখা পড়ায় হাতে হাতে অল্পদিনের জন্য যে ঋণ দেওয়া যায়, তাহাকে হাওলাত বা হাতকর্জ্জা কহে।

হাও:ল, বি, সর্ব্বভক্ষক, সর্ব্বগ্রাসী যথা,—

"তিন সন কাগজ বুঝহ কালে কালে।
পাত্র হল ইন্দ্রজাল কোটাল হাওলে।"
(ঘনরাম)

হাঁ, বি, স্বীকার, সম্মতি; ২। মুখব্যাদান।

হাঁই, বি, জৃম্ভণ; ২। আকাঙ্ক্ষা।

হাঁক, বি, দীর্ঘ চীৎকার, ডাক; ২। দ্বারের অর্গলবিশেষ।

হাঁকন, বি, চীৎকার করণ, ডাকা।

হাঁকরণ—মুখব্যাদান।

হাঁকার, বি, অতিশয় চীৎকার।

হাঁকুপাঁকু, আঁকুবাঁকু, বি, ব্যস্ততা প্রকাশ। [হাঁচা।

হাঁচন, বি, (হঞ্জি শব্দজ) ক্ষুৎকরণ,

হাঁচি বি, (হঞ্জি শব্দজ) ক্ষুৎ, হাঁচা।

হাঁটন বি, গমন, চলন। [ড়ান।

হাঁটান, বি, গমন করান, ভাঁ-

হাঁটু, বি, জানুসন্ধি।

হাঁড়ল, বি, গহ্বর, গর্ত্ত; ২। বৃহৎজন্তু বিশেষ।

হাঁড়া, বি, (হণ্ডিকা শব্দজ) বৃহৎ-মৃৎপাত্রবিশেষ; ২। খেজুর রসধরা ডাবরী।

হাঁড়িচাঁচা, বি, পক্ষীবিশেষ।

হাঁড়ী, বি, (হণ্ডী বা হণ্ডিকা শব্দজ) ক্ষুদ্র মৃত্তিকা পাত্র বিশেষ; ২। হাঁড়ির আকারের লণ্ঠন।

হাঁদু, বি (হিন্দু শব্দজ) হিন্দু।

হাঁপ, বি, শ্বাসপীড়া; ২। শ্বাসত্যাগ; যথা,—

"হাঁপ ছেড়ে প্রাণ তার বাঁচে।"
(বঙ্গসুন্দরী)

হাঁপল, বি, গর্জ্জন, চীৎকার।

হাঁস, বি. (হংস শব্দজ) হংস।

হাঁসা, বিং বর্ণবিশেষ, যে রঙ ঘোরাল নহে; ২। হংসের ন্যায় শ্বেতবর্ণ; ৩। হাস্যকরা।

হাকিম, বি, (আরবী—হুকুম= আজ্ঞা দেওয়া) বিচারকর্ত্তা; ২। মুসলমান চিকিৎসক।

হাকুচ, বি, সোমরাজী বীজ।

হাকুলিবিকুলি, বিং ব্যতিব্যস্ত, অস্থির, চঞ্চল।

হাগন, হাগা, বি, মলত্যাগ।

হাঙর, হাঙ্গর, বি, হিংস্রজন্তু বিশেষ; ২। কূপের মুখের বড়পাট।

হাঙ্গাম, হাঙ্গামা, বি, (পারশী) গোলযোগ, গণ্ডগোল; ২। বিবাদ।

হাজা, বিং জলপ্লাবনে নষ্ট; ২। অতিবৃষ্টিতেও ফসল জলমগ্ন হয়, এবং বায়ুর অভাবে পচিয়া যায়, ইহাকে চলিত কথায় 'হাজা' বলে।

হাজম, বি, (পারশী) নাপিত, যে সুন্নত দেওয়ায়। [শত।

হাজার, বিং (পারশী) সহস্র, দশ

হাজি, বি, (আরবী—হজ = মক্কা-তীর্থকৃত্য বিশেষ) যে মক্কা তীর্থের কার্য্য করিয়াছে।

হাজির, বিং (আরবী) উপস্থিত, প্রস্তুত।

হাজিরজবাব—উপস্থিত বক্তা।

হাজিরজামিন—যে ব্যক্তি আদালতে অন্যব্যক্তির নির্দ্দিষ্ট সময়ে উপস্থিতির দায়ীত্ব গ্রহণ করে।

হাট, বি, (হট্ট শব্দজ) বাজার, ক্রয় বিক্রয় স্থান, যে স্থানে বহু দ্রব্য বিক্রয় জন্য উপস্থিত হয়।

হাটুরা, হাটুরিয়া, হাটুরে, বি, যাহারা হাটে দ্রব্যাদি কেনা বেচা করে।

হাট্‌কান, হাঁট্‌কান, বি, নাড়া চাড়া করণ।

হাড়, বি, (হড্ড শব্দজ) অস্থি।

হাড়গিলা, বি, অস্থি ভক্ষক পক্ষী-বিশেষ।

হাড়্‌পেকে, বিং টো টো করিয়া ঘুরিয়া শরীর পাকাইয়া যাহার হাড় সার হইয়াছে।

হাড়ি, বি, (হড্ডিক শব্দজ) নীচ জাতি বিশেষ, মেথর; ২। পশু ছেদনার্থ কাষ্ঠ যন্ত্রবিশেষ।

হাড়িকাঠ, বি, (হাড়ি—হড়ি শব্দজ—কাঠ—কাষ্ঠ শব্দজ) পশ্বাদি ছেদনার্থ কাষ্ঠবিশেষ, পদবন্ধন কাষ্ঠ।

হাত, বি, (হস্ত শব্দজ) হস্ত।

হাতকড়ি, বি, হস্তবন্ধনার্থ শৃঙ্খল বিশেষ (Hand cuffs)।

হাতকর্জ্জা, বিং হাওলাত।

হাতচালা, বি, মন্ত্রপাঠ পূর্ব্বক হস্তচালন।

হাতচিঠা—যে খাতায় টাকা বা জিনিস দিয়া গ্রহীতার রসিদ অর্থাৎ প্রাপ্তি স্বীকার জন্য নাম সহী লইতে হয়, তাহাকে হাত চিঠা কহে।

হাতছাড়া, বিং হস্তচ্যুত; ২। অনায়ত্ত।

হাতছেঁচড়, বি, ছিঁচ্‌কাচোর।

হাতড়ন, হাতড়ান, বি, হস্তদ্বারা অন্বেষণ; যথা,—

"আস্তে ব্যস্তে বসুদেব হাতাড়িয়া বুলে।
কেন হেন বিধি মোর নিখিলা কপালে।"
(শ্রীকৃষ্ণ বিজয়)

হাতড়ী, হাতুড়ী, বি, লৌহময় মুদ্গারবিশেষ কর্ম্মকারের লৌহ মুদ্গার (Hammer)।

হাততোলা, বি, হস্ত ঊর্দ্ধে উত্তোলিত করণ; ২। কোন জিনিস হাতে করিয়া দেওয়া।

হাতযোড়, বি, কৃতাঞ্জলি।

হাতল, বি, কৃষক লাঙ্গলের যে কাষ্ঠময় অংশ মুষ্টির মধ্যে ধারণ করিয়া লাঙ্গল চালায়, তাহার নাম হাতল। স্থান

বিশেষ উহাকে 'বোঁটা,' 'নিদেন' বা 'নিজেন' বলে।

হাতগুঁড়া, বি, দেওয়ালের গায়ের কাষ্ঠদণ্ড বিশেষ।

হাতসাঁই, বি, পাঠশালার বালকের শাস্তিবিশেষ। দুই হাত ও দুই পা ধরিয়া শূণ্যে ঝুলাইয়া লইয়া যাওয়া।

হাতসান, হাতসানি, বি, হস্ত দ্বারা সঙ্কেত, হাত নাড়িয়া আহ্বান।

হাতা, বি, (হাত শব্দজ) পাত্র বিশেষ, দর্ব্বী; ২। অধিগত স্থান।

হাতাড়পাতাড়, বিং বিপর্য্যস্ত, উল্টাপাল্টা।

হাতাহাতি, বি, হস্তযুদ্ধ, মল্লযুদ্ধ।

হাতিয়ার, বি, অস্ত্র, যুদ্ধোপকরণ।

হাতী, বি, (হস্তী শব্দজ) হস্তী।

হাতুড়িয়া, বি, মূর্খ বৈদ্য, কুচিকিৎসক; যথা,—

"হতুড়ে বলেন ধরি হাত,
এত ঘোরে সন্নিপাত।" (দাশরথী)

হাতুয়া, বি, মৃতবৎসা গো, বৎসবিনা দোহনীয়া গাভী।

হাতেখড়ি—শুভদিন শুভক্ষণে বালকের প্রথম বিদ্যারম্ভ।

হাত্যারা, বি, মাহুত।

হাদা—ভূমিকম্পে কোন স্থান গভীররূপে বসিয়া গেলে, তাহাকে 'হাদা' বা 'দহ' বলে।

হাদিস, বি, (পারশী) মহম্মদ প্রোক্ত উপদেশমালা, মুসলমান প্রবাদ বাক্য; ২। সূত্র।

হানন, বি, (হনন শব্দজ) প্রহার, আঘাত করা।

হানফেনে, বিং চঞ্চল, অস্থির; যথা,—

"কেহ বলে তুমি মেয়ে হানফেনে বড়।"
(কবিরঞ্জন)

হানা, বি, অস্ত্রদ্বারা আঘাত; ২। জলস্রোতে উৎপন্ন গর্ত্ত; ৩। অমঙ্গল; ৪। ঘোষণা, শব্দ, আওয়াজ; যথা,—

"পার হ'য়ে সরিৎ সমরে দিল হানা।
চমকিত চৌদিকে চঞ্চল চৌকি থানা।"
(ঘনরাম)

৫। (পারশী) গলদেশ; যথা,—

"রত্নজরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়।"

হানাহানি, বি, পরস্পর আঘাত, মারামারি; যথা,—

"সেনাগণ দানাগণ, সমরে নিদারুণ,
দু দলে করে হানাহানি।"
(ঘনরাম)

হানি, বি, (যাং) ক্ষতি।

হাপর, বি, ধাতু আবর্ত্তনপাত্র, (Forge); ২। শস্যবীজ কর্দ্দমে অঙ্কুরিত হইবার অভিলাষে প্রক্রিয়াবিশেষে—বৃক্ষণ শীতল স্থানের মাটীতে কাদা করিয়া যে জমি প্রস্তুত হয়। কর্দ্দম।

হাপরমালী, বি, (সংস্কৃত নাম ভদ্রবল্লী) বৃক্ষবিশেষ।

হাপুগণা, বি, বিপদগণনা, অশুভ চিন্তন ; ২। দুর্ভাবনা ; যথা,—

"কহে বাপু কেন হাপুগণ যুক্তি আছে।"
(কবিরঞ্জণ)

হাপুতী, বিং (হাপুত্রী শব্দজ কি ?) অপুত্রী, সন্তানবিহীনা; যথা,—

"কিবা দুঃখ পাই পুত্র ছাড়িল আমারে।
হাপুতী করিয়া মোরে গেল কোথাকারে
(চৈতন্যমঙ্গল)

হাপুসনয়নে, ক্রি বিং, অবিশ্রান্ত অশ্রুপ্রবাহযুক্ত চক্ষুতে।

হাবজা, বি, জঞ্জাল, ওঁচলা; ২। অপরিষ্কার।

হাবড়, বি, অতিশয় কর্দ্দম।

হাবা, হাবলা, বিং নির্ব্বোধ ; ২। বাক্যহীন, নির্ব্বাক।

হাবাৎ, হাভাত, বিং বিনষ্ট, ধ্বংস ; ২। দরিদ্র।

হাভাতিয়া, হাভাতে, বিং দারিদ্র্য-জনিত লালায়িত, যে ব্যক্তি অভাব বশতঃ দারিদ্র্য গোপন করিতে সম্পূর্ণ অক্ষম হইয়া আত্ম-মর্য্যাদা হারাইয়াছে, হতভাগ্য ; যথা,—

"হাভাতে যদ্যপি যায়, সাগর শুকায়ে যায়,
হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া।"
(ভারতচন্দ্র)

২। অন্নহীন, যে ভাতের অ-ভাবে হা অন্ন যো অন্ন করে।

হাবেলী, বি, (আরবী), গৃহ, ঘর।

হাম, বি, ব্রণরোগ বিশেষ ; ২। শীঘ্রভক্ষণ ; ৩। (হিন্দী) আমি

হামবড়—স্বস্ব প্রধান, নিজে নিজে প্রধান।

হামরাই, বি, সংগ্রহ, একত্রিত করণ; ২। উপস্থিত ; যথা,—

"হাজার সোয়ার সাথ হামরাই নিশানাথ।"
(কবিরঞ্জন)

হামা, হামাগুড়ি, বি, হাঁটু দ্বারা গমন, হাঁটু ও কর দ্বারা চলন।

হামাড়, বি, শস্যবিশেষ, কলাই ; ২। বিং—যথেষ্ট, প্রচুর।

হামাম, বি, পূর্ব্বকালের একরূপ গাত্রবস্ত্র বিশেষ, ইহা লম্বে ৬ হাত ও প্রস্থে ৩ হাত, তাঁতে বুনা হইত।

হামানদিস্তা, বি, (যাং) লৌহ নির্ম্মিত পেষণ যন্ত্র।

হামাম, বি, (যাং) উষ্ণস্নানাগার, স্নানার্থ জল গরমের ঘর।

হামার, বি, ধান্যাদি রক্ষার্থ বংশ নির্ম্মিত বৃহৎ পাত্র ; যথা,—

"রাজায়ে কহিয়া দিব শতেক খামার ॥
ধান চাল সরিষাতে পুরিবে হামার।"
(কবিকঙ্কণ)

হামিহওয়া—বিষয় প্রাপ্তির আ-শায় উপস্থিত হওয়া।

হামেশা, ক্রি বিং, (পারশী) অন-বরত, সর্ব্বদা।

হামেহাল, ক্রি বিং, (পারশী)—হামাহাল ; হামা=সব, (আ-

রবী), হাল=অবস্থা) সব অবস্থাতে, সদাসর্ব্বদা।

হাম্বা, হাম্লান, বি, (হম্বা শব্দজ) গরুর চীৎকার।

হাম্বির, বি, (যাং) অসাধারণ দিগ্বীজয়ী বীর।

হায়, অং, (হা, শব্দজ) দুঃখ প্রকাশক শব্দ।

হায়া, বি, (আরবী) লজ্জা, সরম।

হার, বি, কণ্ঠাভরণ বিশেষ; ২। পরাজয়।

হারনিরিখ—পরগণার প্রচলিত হার অনুসারে খাজনার নির্দ্ধারণ করাকে নিরিখ বা হার নিরিখ কহে।

হারা, বিং শ্রান্ত, ক্লান্ত; যথা,—

"ভাবের ভারেতে চলিতে না পার,
চরণ হইল হারা।
কানুর সনে. নিকুঞ্জবনে.
রঙ্গেতে হয়েছে ভোরা।"

২। বি,—অপচয়, ক্ষতি; যথা—

"অনাত্মাতে আত্মবুদ্ধি, আত্মা নাহি জানে,
ঘরে নিধি হারা করি খুজিবুলে বনে।"
(শিবায়ন)

হারাণ, বি, পরাজয়করণ; ২। দ্রব্যাদির অপচয়, খোয়ান।

হারাম, বি, (আরবী) মুসলমানদিগের অস্পৃশ্য জন্তু, শূকর।

হারামজাদা—(হারাম — ধর্ম্মানুসারে নিষিদ্ধ+জাদা—পারশী —জাদন্ (জন্মগ্রহণ) ব্যভিচার দ্বারা জাতব্যক্তিকে হারামজাদা বলে।

হাল, বি, লাঙ্গল; ২। (যাং) যে ঘটনাবলী আমার উপর উত্তরণ করিয়াছে বা আমার উপর পড়িয়াছে, তাহাই আমার হাল=অবস্থা) অবস্থা, দশা; ৩। নৌকাদণ্ড; ৪। বিং অধুনা, ইদানীং, সম্প্রতি।

হালখাতা—নূতনখাতা।

হালদার, (হাওলদার শব্দজ) উপাধিবিশেষ।

হালসানা, বি, (পারশী) পদাতিক, জমিদারের যে পাইক খাজনা আদায় করে।

হালা, বি, মুষ্টিপ্রমাণ ধানগাছ; ২। আঁটি।

হালাক, বি, (আরবী) বধ, নষ্ট, হত্যা; যথা,—

"হালান না করি করে নাহক হালক॥"

হালাগোচা, বিং, বিশৃঙ্খল, বিপর্য্যস্ত।

হালান, হালাল, বি, (আরবী) মুসলমানধর্ম্মসঙ্গত পশুপক্ষীর গলদেশ ছেদন।

হালাহোল, বি, আনন্দ, আহ্লাদ; যথা,—

এত শুনি রাজা রাণী আনন্দে উথলে।
ঘটা করি ভূপতি চলিল হালাহোলে"
(ঘনরাম)

হালি, বিং (যাং) নূতন, নবোৎ-

পন্ন, এই বৎসরের; ২। বি, নৌকাদণ্ড।

হালিম, বি, দ্রব্যবিশেষ। অপর নাম চাঁদশূর। [কৃষক, চাষী।

হালিয়া, হালুয়া, হেলে, বি,

হালুইকর, বি, (আরবী) মিষ্টান্ন প্রস্তুতকারক, যাহারা মিঠাই প্রভৃতি মিষ্টান্ন দ্রব্য প্রস্তুত করে। [আস্থিরতা প্রকাশ।

হালুচালু, বি, ব্যগ্রতা প্রকাশ,

হালুয়া, বি, (আরবী) খাদ্যদ্রব্য-বিশেষ, ঘৃত চিনি ময়দা বা শুজী দ্বারা প্রস্তুত খাদ্যদ্রব্য-বিশেষ।

হাল্কা, বিং লঘু, পাতলা।

হাবভাব, বি, বিলাস, ঢং।

হাবসি, বি, আফ্রিকা মহাদেশস্থ আবিসিনিয়ার অধিবাসী।

হাব্যাস, বি, আশ্বাস, উদ্দেশ; যথা,—

"শুনিয়া মায়ের বাণী সেই বিশ্বম্ভর।
বাপের হাব্যাসে কণ্ঠ গদগদ স্বর॥"
(চৈতন্যমঙ্গল)

'হাব্যাস' শব্দটী প্রাচীন অপ্রচলিত শব্দ। চৈতন্যমঙ্গলে কোন কোন স্থানে 'হাইবাস' শব্দের প্রয়োগ দেখা যায়। হাইবাস শব্দও বোধ হয়, হাব্যাসের রূপান্তর মাত্র। বঙ্গবাসী আফিস হইতে প্রকাশিত চৈতন্যমঙ্গলে 'হাইবাস' শব্দের প্রয়োগ দেখা যায়; যথা,—

"নানাবিধ জ্ঞানে কলা,
করে ধরি দিব্যমালা,
তুলি দেই বিশ্বম্ভর গলে।
হিয়ার হাইবাস ফেলে,
কে আছিল অন্তরে,
মনঃকথা বিকাইনু তোরে।"
(চৈতন্যমঙ্গল—আদি)

হাস, হাসি, বি, (হাস্য শব্দজ) হাস্য।

হাসা, হাঁসা, বিং হংসের ন্যায় বর্ণবিশিষ্ট; ২। ক্রি,—হাস্য করা। [কারী।

হাস্‌কুটে, বিং কৌতুকী, হাস্য-

হাসদ্, বি, (পারসী) জমাখরচে জেলার বামভাগের জমাকে হাসদ কহে। [সম্পাদন।

হাসল, বি, (আরবী) কর্ত্তব্য

হাসিল, বি, (আরবী—লভ্য, উৎপন্ন দ্রব্য) পরিসমাপ্তি; উদ্ধার, সিদ্ধি।

হাসিলজমি—যে জমিতে ফসল জন্মিতেছে, তাহার নাম হাসিল জমি।

হাহা—দুঃখাদি সূচক শব্দ; ২। হাস্যধ্বনিবিশেষ।

হিং, বি, (হিঙ্গু শব্দজ) বনিক-দ্রব্যবিশেষ। ইহাকে হিন্দুস্থানে ও বোম্বায়ে হিংগু ও মহারাষ্ট্রে ইঙ্গু বলে।

হিংচা, হিঞ্চা, বি, (হিলমোচি,

শব্দজ) জলজ শাকবিশেষ, হেলেঞ্চাশাক।
হিঁচকন, বি, হিক্কা; ২। খেঁচা; ৩। হঠাৎ টানা।
হিঁচড়ন, বি, আকর্ষণ, টানন।
হিঁয়ালী, বি, (প্রহেলিকা শব্দজ কি?) প্রহেলিকা, গূঢ়ার্থ প্রশ্ন।
হিঁয়ো—অর্থহীন ধ্বন্যাত্মক শব্দবিশেষ, শ্রমজীবিরা কোন জিনিস তুলিবার সময় সমস্বরে একত্র 'হিঁয়ো শব্দ' উচ্চারণ করিয়া 'দম' লইয়া থাকে।
হিঙুল, বি, (হিঙ্গুল শব্দজ) দ্রব্যবিশেষ। ইহা তিন প্রকার, যথা—চর্ম্মার, শুকতুণ্ডক ও হংসপদ। ইহারা উত্তরোত্তর যথাক্রমে গুণদায়ক। [ভাগ।
হিঙ্গা, বি, (নোয়াখালি) অংশ,
হিজড়া, বি, ক্লীব, নপুংসক।
হিজরী, বি, (পারশী) মুসলমানদিগের প্রচলিত শাক। (সাল—দ্রষ্টব্য)। [বিশেষ।
হিজল, বি, (সং—ইজ্জল) বৃক্ষ-
হিতাল, বি, (ময়মনসিংহ) বালিশ।
হিন্তাল, বৃক্ষবিশেষ, হেতালগাছ।
হিমশিম খাওয়া—অতিশয় শ্রান্ত হওয়া। অতিশয় কাতর করা
হিমসাগর, বি, পাথরকুচি গাছ।
হিম্মত, বি, (আরবী) বীরত্ব, সাহস।
হিয়া, বি, (হৃদয় শব্দজ) হৃদয়, বক্ষঃস্থল; যথ—

"নয়নে কাজর কপালে সিন্দুর,
ক্ষত বিক্ষত হে হিয়া।" (চণ্ডীদাস)

হিয়াকস, হীরাকস, বি, দ্রব্যবিশেষ।
হিবা, বি, (আরবী—ওহব=দান করা) দানপত্র।
হিষাহিষি, বি, পরস্পর হিংসা।
হিসাব, বি, (আরবী) গণনা।
হিসাবনবিস—হিসাব পরিষ্কারকারক, মুহুরী (Accountant)।
হিস্যা, হিস্বা, বি, (আরবী) অংশ, ভাগ। [হাস্য শব্দ।
হিহি, অং, আহ্লাদসূচক শব্দ,
হী, হুঁ, অং, স্বীকারবোধক শব্দ।
হুঁকা, হুঁক্কা, বি, (আরবী) তামাকের ধূমপানার্থ যন্ত্র। উত্তরপশ্চিম প্রদেশে নারিএল।
হুঁস, বি, (যাং) সংজ্ঞা, চৈতন্য, জ্ঞান। [আদেশ।
হুকুম, বি, (পারশী) আজ্ঞা,
হুকুতারপাত—শুক্তাপত্র।
হুচুক, হুজুক, বি, বিস্ময়জনক বাক্য, মিথ্যাকাহিনী; ২। ক্ষণস্থায়ী জনরব।
হুজুরীতালুক—যে তালুকের রাজস্ব একায়েক গবর্ণমেণ্ট সরকারে দাখিল করিতে হয়।
হুজ্জুত, বি, (পারশী) গণ্ডগোল।
হুট—অবজ্ঞা বা ঘৃণাবোধক শব্দ।
হুটরিয়া—উচট্ খাইয়া।
হুড়, বি, জনতা, গোলযোগ।
হুড়্কা, বি, (হুড়ুক্ক শব্দজ) দ্বার

রুদ্ধ করিবার বৃহৎকাষ্ঠ (Bar); ২। পতি সংসর্গ ত্যাগিনী স্ত্রী; যথা,—

"হুড়্কা মেয়ে ঝম্‌কে উঠে খসম কাছে এলে।" (দীনবন্ধু)

হুড়হুড়ে, বি, বৃক্ষবিশেষ। অপর নাম শুন্টে।

হুড়াহুড়ি, বি, ঠেলাঠেলি, মারামারি; যথা,—

"এইমত শ্রীধর ঠাকুরে হুড়াহুড়ি।" (চৈতন্য ভাগবত)

হুড়িয়াযাওয়া—অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হওয়া। শস্যক্ষেত্র স্বভাবতঃ অধিক উর্ব্বর হইলে অথবা সারাদি দ্বারা তাহাকে অধিক উর্ব্বর করিয়া তুলিলে কিম্বা জল বায়ু ও উত্তাপের অনুকূলতা প্রযুক্ত দৈব পালনের আতিশয্য হইলে শস্য 'হুড়িয়া' যায়। মালদহ জেলায় ইহাকে "হুমকোড়ো খাওয়া" বলে। ইহাতে ফুল ফলের ব্যাঘাত হয়।

হুড়ুৎ, বি, অব্যক্ত শব্দ; ২। বৃষের শব্দ। [তাড়ি।

হুড়্দুম, বিং অতিদ্রুত, তাড়াহুড়ুম, হুড়িম্ব, বি, ভাজা চিঁড়া; ২। বরিশাল জেলায় 'মুড়িকে' হুড়ুম বলে; ৩। জল মধ্যে মৎস্যের আস্ফালন শব্দ।

হুণ্ডী, বি, অর্থ সম্বন্ধীয় চিঠি। এক স্থানে টাকা জমা দিয়া অন্য স্থানে ঐ টাকা পাইবার বরাত হইলে ঐ বরাত চিঠিকে হুণ্ডী কহে। হুণ্ডি দুই প্রকার —দর্শনী বা খাড়া হুণ্ডি ও মুদ্দতি হুণ্ডি।

হুত, বি, (নোয়াখালি) পুত্র, ছেলে।

হুতাশ, বি, ভয়, দুশ্চিন্তা; যথা,—

"ভগ্ন দেহে ভগ্ন মনে বাড়িল হুতাশ।"

হুপ, বি, সাহস, ভরসা; যথা,—

"হুঁকে উঠে হুপ বাড়ে ছুটে তাড়াতাড়ি।" (কবিরঞ্জন)

হুবহু, বিং (আরবী—হু=উহা, ব=সহিত, হু=উহা, উহার সহিত উহা অর্থাৎ যে কেহ সেই) অবিকল, ঠিক (The very same)।

হুমা, বি, বন্যা, আকস্মিক জলাগম। [বিবাদ।

হুমাহুমি, বি (চট্টগ্রামে) যুদ্ধ,

হুম্‌কী, বি, ভয় প্রদর্শন, ভয় দেখান; যথা,—

"ছেলের হাতের মোয়া নয় যে খাবে হুম্‌কী দিয়ে।" (রামপ্রসাদ)

হুম্‌ড়ী, বি, পতনোন্মুখ গৃহ; ২। নিম্নদিকে ঝুকন।

হুরমত, বি, (পারশী) যাওয়ার নালিশ করা অর্থাৎ মান বা আব্রু যাওয়ার নালিশ করা।

হুল, বি, সূক্ষ্মাগ্রভাগ।

হুলহুলী, হুলাহুলী, হুলু, হুলুই, বিং স্ত্রীলোকের মঙ্গলসূচক মুখ শব্দ।

হুলা, হোলা, বি, পুং মার্জ্জার।
হুলিয়া, বি, (পারশী) পলায়িত ব্যক্তির অনুসন্ধানার্থ বিজ্ঞাপন প্রচার।
হুলুস্থুল, বি, গোলমাল, গোলযোগ।
হুশীয়ার, হুসিয়ার, বিং (পারশী) সাবধান, সতর্ক; ২। চতুর, বিজ্ঞ।
হুহু, হূহূ, বি, অগ্নির অব্যক্ত শব্দ বিশেষ; ২। যাতনা ধ্বনি; বিং—শীঘ্র শীঘ্র।
হূন, বি, জাতিবিশেষ। [হেতু।
হেঁউত, বি, উপদ্রব, উৎপাত; ২।
হেঁকেহেঁকে, ক্রি বিং, উচ্চৈঃস্বরে, চেঁচিয়ে। [টানা।
হেঁচকন, বি, আকর্ষণ, অকস্মাৎ
হেঁচ্‌কী, হেকৃচী, বি, (হিক্কা শব্দজ) আকর্ষণ; ২। টানিয়া টানিয়া কান্না; যথা,—

"হেকচী করিয়া কান্দে শজার শশার,
দুঃখ না ঘুচিল মোর সেবি কল্পতরু।"
(কবিকঙ্কণ)

হেঁট, হেট, বিং অধোমুখ, নত।
হেঁতাল, বি, (হিন্তাল শব্দজ) বৃক্ষ বিশেষ; ২। হিন্তালের লাঠিও বুঝায়। [হিম।
হেঁয়াল, হেঁয়াল', বি, শিশির,
হেঁয়ালি, বি, (প্রহেলিকা শব্দজ [illegible]) প্রহেলিকা, কূটার্থ প্রশ্ন বাক্য।
হেঁসেল, হেনসেল, বি, (হাঁড়িশালা শব্দজ) রন্ধন স্থান।
হেঁসো, বি, তীক্ষ্ণধার অস্ত্র বিশেষ, দেখিতে কাস্তের মত।
হেকাতে—বামে হেলাইয়া।
হেড়াহিড়ি, বি, প্রতিদ্বন্দীতা।
হেতের, বি, অস্ত্র; ২। জন্তু।
হেথা, ক্রি বিং, এখানে; যথা,—

"পাপগ্রহ দৃষ্টে হেথা, উড়ে গণেশের মাথা,
স্কন্ধ ফেলে পলাইল শণি।"
(শিবায়ণ)

হেদে, অং, সম্বোধন সূচক অব্যয়।
হেদোন, হেদান, বি, প্রিয়ব্যক্তি বা বস্তুর অভাবে বিমর্ষ হওন।
হেন, বিং এমন, এরূপ; ২। সদৃশ।
হেপাজাৎ, বি, (যাং) অধিকার, দখল, আয়ত্ত।
হেরণ, বি, দর্শন, দেখা।
হেলা, বি, অবহেলা, অবজ্ঞা,; ২। শ্বেত কুমুদ; ৩। বিং—বক্র হওয়া, ঝোঁকা।
হেলাঞ্চা, হেলেঞ্চা, বি, (হিলমোচি শব্দজ) শাকবিশেষ। হিঞ্চা।
হেলান, বি, বক্রভাব করণ; ২। দোলান।
হৈহৈ, হৈচৈ—গণ্ডগোল।
হোগলা, বি, সুদীর্ঘতৃণ বিশেষ, এরকা।
হোড়, বি, পাঁক, কাদা।
হোঢ়, বি, চোরামাল; ২। হুড়ী নৌকা।

হোৎকা, বিং গোঁয়ার, স্থূলবুদ্ধি সম্পন্ন।

হোথা, ক্রি বিং, ওখানে।

হোল, বি, মুষ্ক; অণ্ডকোষ।

হোলা, বি, পুং মার্জ্জার ; ২। বৃহৎ মৃৎপাত্র, মালসা ; ৩। (নোয়াখালি জেলায়) পুত্র ; ৪। বিং, —অশক্ত, ঢিলা।

হোলী, বি, (হোলাকা শব্দজ) দোলযাত্রা, ফল্গুৎসব, বসন্তোৎসব।

হোশ, বি, (পারশী) জ্ঞান, বুদ্ধি।

হৌজ, বি, (আরবী) পুকুর, চৌবাচ্চা।

হৌস, হাউস, বি, কুঠী।

হ্যাঙ্গল, বি, কুকুর।

হ্যাঙ্গলা, বি, দারিদ্র্য ভাব।

হ্যাটা-ট্যাঙ্গরা, বিং অসমান।

হ্যাদঁলা, বি, (হিন্দোল শব্দজ) শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা।

হ্যাপা, হ্যাঁপা, বি, ঝঞ্ঝাট ; ২। প্রভাব।

——:০:——

পরিশিষ্ট।

অ।

অখাদ্য, বিং (অ=অপ্রশস্ত+খাদ্য=ভোজনীয়) অভক্ষ্য, খাইবার অযোগ্য।

অগোরি, বি, (অগুরু শব্দজ) সুগন্ধি কাষ্ঠবিশেষ, কৃষ্ণবর্ণ চন্দন; যথা,—

"অগোরিচন্দন কাষ্ঠে লখাই পুড়িমু।
লখিন্দর কর্ম্ম ভইন এখানে করিমু॥"
(পদ্মাপুরাণ)

অঘাচণ্ডী, বিং অকর্ম্মণ্য, বোকা।

অঘোর, বিং অচৈতন্য, অজ্ঞান।

অঙ্গসঙ্গ, বিং সহচর, সঙ্গী; ২। মিলন।

অচি, বি, (বাখরগঞ্জ) নারিকেল মালা।

অজজাহা, বিং (ঢাকা) অত্যন্ত বেশী।

অট্টহাসি, বি, বিকট উচ্চহাস্য।

অদলবদল, বি, পরস্পর বিনিময়।

অব্যভার, বি, মন্দ ব্যবহার।

অভাজন, বিং অযোগ্য, দুর্ভাগা।

অম্বুরী, বি, সুগন্ধি উৎকৃষ্ট তামাক প্রথমে অম্বর (আম্বের বা জয়পুর) দেশ হইতে এই তামাক আসিত বলিয়া 'অম্বুরী' নাম হইয়াছে।

অষ্টমঙ্গলা—অষ্টাহ ব্যাপক মাহাত্ম্য কথন।

অস্থান, বি, কুস্থান, অপবিত্রস্থান।

আ।

আই, বি, মাতামহী; ২। নারী, রমনী; যথা,—

"আনো বহুতর বাক্য বুলিলেত আই।
সংক্ষেপ পদত ধিক দিবেন্নু জুআই॥"
(অনন্তরামায়ণ)

"কহে কোন আই, আমি যদি পাই,
পলাইয়া যাই, এদেশ থেকে।"
(রামপ্রসাদ)

৩। মাতা।

আইনড়ি, ক্রি, আসিলাম; যথা,—

"তাঁর বোলে আইনড়ি তোমার সদনে।
তাঁহার পুত্রের করিব নাম করণে॥"
(শ্রীকৃষ্ণ বিজয়)

আইলপাথার, বি, বৃহৎক্ষেত্র, বিস্তৃত প্রান্তর; যথা,—

"আইলপাথার দেখিলে
কথা কহিয়া যানু।
গিরি লোকের বাড়ী গেলে
গুরু শ্যাম বলিমু॥"

আউ, বি, জানু, হাঁটু।

আউদড়, বিং আলুলায়িত, এলো-থেলো।

আও, বি, রব, শব্দ।

আঁগুরী, বি, (অঙ্গুরী শব্দের অপভ্রংশ) অঙ্গুরীয়ক, আংটী।

আঁগোরী, বিং (অগ্রণী শব্দজ কি ?) অগ্রণী, প্রধান।

আঁস্রামাজা, বি, মেরুদণ্ড ও কটিদেশ, শিরদাঁড়া ও কোমর।

আঁজি, বি, ইষ্টক নির্ম্মিত গৃহের দেওয়ালে গাঁথনিতে উভয় ইটের মধ্যস্থ ফাঁক চূর্ণ সুরকি দ্বারা লেপন।

আকাটবাঁঝা, বি, যে স্ত্রীলোকের আদৌ সন্তান হয় নাই।

আকালী, বি, (উত্তরবঙ্গে) লঙ্কা, ঝাল।

আকুৎ, বি, (বীরভূমে) কৌতুক, [তামাসা।

আকুলীবিকুলী, বি, ব্যগ্রতাপ্রকাশ, ব্যস্ততাপ্রকাশ।

আকুসি, বি, শিকলের কড়া, যাহা দ্বারা পাখীর পা আবদ্ধ রাখা হয়; যথা,—

"এখন হয়ে অবিশ্বাসী, কাটিয়া আকুসি পলায়ে এসেছে পুরে।"

আগ্‌ডাল, বি, শাখার প্রান্তসীমা, ডালের শেষভাগ।

আচরণ, বি, ব্যবহার; ২। ভ্রমণ, বিচরণ; যথা,—

"প্রেত কাক কুকুরাদি করে আচরণ॥"

আচির, বি, আবরণ, আচ্ছাদন।

আছাড়, বি, পিছন হইতে জাপটিয়া ধরিয়া মাটীতে ফেলিয়া দেওয়া; ২। উৎপতন, পা পিছলাইয়া পড়া।

আছাড়পাছাড়—হাত পা ছুড়িয়া অত্যন্ত ব্যাকুলভাবে ক্রন্দন।

আটোপ, বি, প্রলোভন।

আতালপাতাল, বিং অসংলগ্ন, এলোমেলো; যথা,—

"প্রভু কহে সার্ব্বভৌম আর কথা কহ।
আতালপাতল কথা কেন বা বলহ॥"
(গোবিন্দের করচা)

আতা, বি, ফলবিশেষ; ২। (প্রাকৃত—অত্তা) মাতা। বিজয় গুপ্তের পদ্মাপুরাণে 'আতা'র ব্যবহার দৃষ্ট হয়; যথা,—

"আছিল আমার আতা কিছুই না জানি।"

আতি, বি, রাত্রি।

আথেব্যথে ক্রি বিং, আস্তেব্যস্তে, ব্যস্ত সমস্ত হইয়া। [গ্রহণ।

আদানপ্রদান, বি, কন্যা দান ও

আনাজিকলা—বি, কাঁচাকলা।

আরতি, বি, প্রতিমার সম্মুখে প্রদীপাদি চালন, আরতি; ২। আনুরক্তি, আসক্তি; ৩। বিং,—ব্যাকুল, অস্থির।

আর্ত্তি, বি, কাতরতা।

আর্য্য, বিং পূজ্য, মান্য; যথা,—

"বৈষ্ণবের গুরু তিনি জগতের আর্য্য।"
(চৈতন্য ভাগবত)

ক্রুদ্ধ, রাগী; যথা,—

"বিপ্র বলে মিশ্র তুমি বড় দেখি আর্য্য।"
(চৈতন্য ভাগবত)

আবরিয়া, ক্রি, আটকাইয়া; যথা,—

"চলিলেন বিপ্রবর করিতে রন্ধন।
শিশু আবরিয়া রহিলেন সর্ব্বজন॥"
(শ্রীকৃষ্ণ বিজয়)

আমারী, বি, হস্তীর উপর বসিবার আসনবিশেষ। হাওদা হইতে ইহা পৃথক। হাওদার উপরে আবরণ আছে। আমারীর আবরণ নাই।

আয়ৈল, বি, অন্তরাল, আড়াল।

আল্লা, বি, (আরবী) খোদাতালা, ঈশ্বর।

আলান, বি, ধ্বজী, নগী।

আশথাল, বি, চুল্লী, উনন।

আশ্বাস, বি, আশা দান; ২। আশঙ্কা, ভয়; যথা,—

"উপায় করিয়া গেলে আশ্বাস ঘুচিবে।"
(জগৎরামের রামায়ণ)

আস্না, বি, পৈতার সুতা প্রস্তুত করিবার যন্ত্রবিশেষ। ইহা সেলাই করিবার সূচ অপেক্ষা বৃহৎ ও কিঞ্চিৎ স্থূল লৌহ শলাকাবিশেষ।

আসোয়াস্থ, বিং অসুস্থ, পীড়িত।

আহেঙ্গা. বি, (বাখরগঞ্জ) আ-কাঙ্ক্ষা

ই।

ইজাক, বিং (পারশী) অত্যন্ত, অধিক।

ইটাল, বি, ইষ্টক, ইট।

ইনাম, বি, (পারশী) পুরস্কার।

ইন্দ্রমিঠা, বি, মিষ্ট খাদ্যদ্রব্য বিশেষ।

ইমান, বি, (পারশী) মুসলমান শাস্ত্রে মত প্রকাশকের প্রতি যে বিশ্বাস, তাহার নাম ইমান এবং তৎপ্রণীত ধর্ম্মের প্রতি শ্রদ্ধার নাম "দীন"।

ইমাম, বি, (পারশী) মসজিদ।

ইমামবারা, বি, (পারশী) অসুর-খানা।

ইয়ারকি, বি, রসালাপ।

ইরান, বি, প্রাচীন পারস্যদেশ।

উ।

উকা, বি, অগ্নি।

উথাড়িয়া, ক্রি, উত্তোলন করিয়া।

উথ্‌ড়ো, বি, (বীরভূম) রাস্তা, পথ।

উগ, ক্রি, উচ্চারণ করা, বলা; ২। উদ্গীর্ণ করা।

উঘার, বিং ব্যক্ত।

উচাট, বি, উচাটন, ব্যাকুলতা।

উছট, বি, ঠোক্কর, পায়ে হঠাৎ চোট লাগা।

উজার, বিং শূন্য, খালি।

উজ্মিস্, বি, অভ্যাস।

উড়ন, বি, পরিধান।

উড়াপাক, বি, যাহারা লাঠি তলোয়ার খেলিতে পারে

তাহাদের খেলাকেই উড়াপাক বলে।

উতরোল, বিং বিহ্বল, উৎকণ্ঠিত।

উতলা, বিং ব্যাকুল, উৎকণ্ঠিত।

উত্তরিল, ক্রি, উপস্থিত হইল, পৌঁছিল।

উদাস, বিং অনুরাগশূন্য; ২। বিষণ্ণ, মুদিত; ৩। অনাবৃত।

উদাসিনী, বিং অনাথা; যথা,—

"শিবের কুমারী আমি উদাসিনী নহি।
(পদ্মাপুরাণ)

উদ্ধার, বি, নিষ্কৃতি, অব্যাহতি; ২। (ঢাকা অঞ্চলে) হাওলাত।

উর্দ্ধবাহু, বি, যোগীবিশেষ; যাহাদের হস্ত সর্ব্বদাই উর্দ্ধদিকে ঋজু করিয়া রক্ষিত হয়।

উনমতি, বিং উন্মত্ত, অজ্ঞান।

উপপন্ন, বিং প্রাপ্ত, লভ্য; যথা,—

"কদাচিৎ কোন দিবসে খাই অন্ন।
সেই যদি নির্ব্বিরোধে হয় উপপন্ন॥"
(শ্রীকৃষ্ণবিজয়)

উপসন্ন, বিং উৎপন্ন, উপভোগ।

উপস্কার, বি, পরিষ্কার, মার্জ্জনা; ২। প্রস্তুত।

উপস্থান, বি, উপস্থিত।

উপোসী, বিং অনাহারী, অভুক্ত।

উভু, বিং উন্নত, উচ্চ।

উমড়য়ে, ক্রি, বিদীর্ণ করে, আঘাত করে।

উম্ফটী, বি, উৎসাহ।

উর, উরহ, ক্রি, আসিয়া অধিষ্ঠান কর, অবতীর্ণ হও।

উলী, বি, কুশল, মঙ্গল।

উস্‌তে, বি, ফলবিশেষ, উচ্ছে।

এ।

একতনযেকতন, ক্রি বিং, কষ্টেস্‌ষ্টে, যে কোন প্রকারে; যথা,—

"একতন যেকতন করি যে খাইতে তার
দুয়ারত ঘোড়া।"
(মাণিক চাঁদের গান)

এমান, বি, (পারশী—ইমান) ধর্ম্মনিষ্ঠা।

এয়োজাত, বি, সধবা স্ত্রীলোকদিগকে একত্র মিলাইয়া ভোজন।

এলায়—এখন।

এলেমান—জর্ম্মনীর লোক।

এস্তমাল, বিং (পারশী—ইস্তমাল) ভাল করিয়া অভ্যস্ত।

ও।

ওমরা, বি, (পারশী) ধনী, বড় লোক; ২। (ময়মনসিং জেলায়) বারান্দা। [ঠিক।

ওয়াজেব, বিং (পারশী) প্রকৃত,

ওয়াদা, বি, (পারশী) নির্দ্দিষ্ট সময়, মিয়াদ।

ওয়ারিশান, বি, উত্তরাধিকারী, পুত্রপৌত্রাদি।

ওলন্দা, বি, একজাতীয় মটর।

ওলন্দাজ, বি, হলণ্ডবাসী, হলণ্ডের লোক।

ওলাহন, বি, ভৎর্সনা।

ক।

কইলা, বি, (শ্রীহট্ট) কলসী বাঁকুড়া জেলায় "গোর্য্যা" বলে।

ককোনি, বি, কনুই।

কক্ষা, বি, সমকক্ষতা, প্রতিযোগীতা ; যথা,—

"সবে মহা অধ্যাপক করি গর্ব্ব ধরে
বালকেও ভট্টাচার্য্য সনে কক্ষা করে।"
(শ্রীকৃষ্ণবিজয়)

কজলী—বিহার প্রদেশের গ্রাম্য সঙ্গীত।

কট্ট, বি, কাঁকালের সরুস্থান ; যথা,—

"কটি কট্ট সদ্যোমরা হস্তিছাল।"
(অন্নদামঙ্গল)

কড়্খা, বি, সঙ্গীত বিশেষ।

কড়্সী, বি, কোমরের কাপড়ের বন্ধন।

কঢ়া, বিং নূতন, কাঁচা।

কতুর, বি, পারাবত, পায়রা।

কন্ধকাটা, বি, কবন্ধ, মস্তকহীন একপ্রকার ভূতযোনি।

কবহুঁ (হিন্দী) কখনও, কোন কালে

কমণ্ডলু, বি, সন্ন্যাসীদিগের মৃৎ বা কাষ্ঠময় পাত্রবিশেষ।

করজ, বি, খত, ঋণলেখ্য ; যথা,—

"লেখি লহ করজ দাস করি সুন্দরী।"

করণ, বি, কার্য্য, কর্ম্ম ; যথা,—

"শচী সম্বোধিয়া সবে বলেন বচন।
শুন ঠাকুরাণী নিজ পুত্রের করণ।"
(শ্রীকৃষ্ণবিজয়)

কর্ণাল, বি, বংশী যন্ত্রবিশেষ।

কলিঙ্গ—উড়িষ্যা ও মান্দ্রাজের উত্তরাংশ।

কসন, বি, কষ্টিপাথর।

কহর, বি, গোলযোগ, বিপদ।

কাউয়া, বি, (ময়মনসিং) কাক।

কাউশিবার—তাগাদা করা।

কাঁচিয়া গোড়া পত্তন—কোন কার্য্যের কিয়দ্দুর অগ্রসর হইয়া পুনরায় গোড়া হইতে আরম্ভ করা।

কাঁড়, বি, (বাঁকুড়া) ধনুক।

কাকুটীনাকুটী, বি, কৌতুক, পরিহাস ; যথা,—

"কাকুটী নাকুটী করে আর রঙ্গি ভঙ্গি।
পরম কৌতুকে শুনে মউল্যাম লঙ্গি।"
(শ্রীকৃষ্ণবিজয়)

কাঙ্গুরা, বি, ডঙ্কা।

কাঞ্চি, বি, গৃহের পশ্চাদ্ভাগ।

কাট্‌রা, বি, (পারশী) গঞ্জ।

কাঠখোলা—বালি না দিয়া উত্তপ্ত হাঁড়ির উত্তাপে চাউল প্রভৃতি ভাজা।

কাড়া, বি, (সাঁওতাল পরগণা) পুং মহিষ।

কাতা, বি, (কর্ত্তা শব্দজ) কর্ত্তা, প্রভু ; যথা,—

"ধাতা কাতা বিধাতার কপালে
দিয়াছি ছাই।"

কানড়, বি, পুষ্পবিশেষ।

কানার, বি, (ময়মনসিং) বাঁশের শলাকা।

কামাল, বি, মঙ্গল ; ২। বিং— প্রচুর, প্রভূত। [পাঠার্থী।

কারী, বি, (পারশী) কোরাণ

কারুয়া, বি, (জলপাইগুড়ী) ঘটক।

কীর্ত্তন, বি, হরিগুণ গান, হরিনাম মাহাত্ম্য কথন।

কুঁড়া, বি, সিদ্ধি ঘোটার পাত্র।

কুক্‌রী, বি, অস্ত্রবিশেষ।

কুড়ালী, বি, কুঠারধারী ব্যক্তি, কাঠুরিয়া।

কুত্‌লি, বি, রেশমের দ্রব্যবিশেষ।

কুলী, বি, (বীরভূম) রাস্তা, পথ।

কেউড়ী, বি, কেয়ূর, তাড়।

কেটো, বি, ছিন্ন বস্ত্র, ছেঁড়া নেকড়া।

কেদে, বি, (সাঁওতাল পরগণা) কাস্তে। [বিশেষ।

কেলেকোঁড়া, বি, কণ্টকময় বৃক্ষ

কোচ্যাপো, বি, (মেদিনীপুর) ছোট ছেলে, কচি ছেলে।

কৌতুক, বি, তামাসা ; ২। আদর ; ৩। সম্ভ্রম ; যথা,—

"জামাতারে বসাইল পরম কৌতুকে।"
(শ্রীকৃষ্ণ)

খ।

খঞ্চে, খঞ্চে, বি, টিকা তামাক প্রভৃতি রাখিবার জন্য খণ্ডে বিভক্ত মৃণ্ময় পাত্রবিশেষ, চক্‌মকির বাক্স। [ভগ্ন।

খণ্ড, বি, খাঁড়, গুড় ; ২। বিং—

খন্দকুটা, বি, নানাবিধ রবিশস্য।

খন্দর, বি, গর্ত্ত।

খনি, বি, বস্ত্রবিশেষ। পূর্ব্ববঙ্গে পাটের পাছড়াকে পাটের 'খনি' বলিত। এই খনির মধ্যে বিশেষ নিপুণতা কিছুই ছিল না, ইহার একমাত্র গৌরব খুব শক্ত হইত। গায়েন একখানা পাটের খনি পাইলে নিজেকে কৃতার্থ বোধ করিতেন ; যথা,—

"বিজয় গুপ্ত বলে গায়েন গুণমণি।
মনসা জন্মিলরে গায়েন দেও খনি।"
(বিজয় গুপ্তের পদ্মাপুরাণ)

খপ্‌খপানি, বি, সন্দেহ, সংশয়।

খরশাণ, বি, গুড়বর্জ্জিত দেশী তামাক ; ২। বিং—শাণিত, ধারাল।

খাউদা, বি, (রঙ্গপুর) দুগ্ধ, দুধ।

খাড়মুড়া, বি, খর্ব্বাকার ঝাঁটা।

খাদিকার—রঙ্গপুর জেলায় হস্তিদন্তের কারিগর।

খানেজাদ, বি, (পারশী) খানসামা, ভৃত্য বিশেষ।

খাসমালি, বি, রোসনাই। [দাসত্ব।
খিজমত, বি, (পারশী) চাকরি,
খুন্তি, বি, লৌহময় ক্ষুদ্র দর্ব্বী বিশেষ ; ২। লৌহ সূচীবিশেষ।
খোয়াব, বি, (পারশী) স্বপ্ন।

গ।

গন্ধাখু, বি, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধাধিবাস, বি, আভ্যুদয়িক কর্ম্মে চন্দন ও পুষ্পমাল্যাদি গন্ধ দ্রব্যে যে অধিবাস হয়।
গয়েশ্বরী, বি, বাসনবিশেষ।
গরকী, বি, (চট্টগ্রামে) বন্যা, বান।
গররাজী বিং অসম্মত, অস্বীকার।
গহিন, বিং গভীর, অতলস্পর্শ।
গাঁড়ার, বি, (গণ্ডক শব্দজ কি ?) জাতিবিশেষ। চিঁড়াকুটা ও বিক্রয় করিয়া জীবিকা নির্ব্বাহ যে জাতির ব্যবসা।
গাছগাড়ু, বি, বৃহৎ গাড়ু।
গাবুর, বি, পূর্ব্ববঙ্গে নৌকার মাঝিদিগের তত্ত্বাবধায়ক, ইহারা সারি গাহিয়া মাঝিদিগকে কার্য্যে আকৃষ্ট রাখিত।
গাভুর, বি, (জলপাইগুড়ি) যৌবনাবস্থা। মাণিকচাঁদের গানে এই শব্দের প্রয়োগ দেখা যায় ; যথা,—
"বান্ধিলাম বাঙ্গলা ঘর নাহি পড়ে কালী
এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা
গাভুরানী॥"

গালেব, বি, (পারশী) শত্রু।
গিট্, বি, গ্রন্থি, গিরা।
গিদার, বি, অহঙ্কার, গর্ব্ব।
গুঞ্জাবাড়ী, বি, ঠাকুরবাটী—যে বাটীতে নানাবিধ দেবদেবীর মূর্ত্তি প্রতিষ্ঠিত থাকে এবং রথ রাসযাত্রা প্রভৃতি হয়।
গুটি, বি, (বাখরগঞ্জ) কোঁচা।
গুটেক, বিং (বাঁকুড়া) অত্যন্ত, বেশী।
গুণপন্থ, বি, যে সকল শাস্ত্র জ্ঞানের পথস্বরূপ।
গুণা, বি, পাপ, অধর্ম্ম।
গুপ্তি, বি, ভিতরে ছুরি রাখিয়া যে ছড়ি প্রস্তুত ও ব্যবহৃত হয়, তাহার নাম গুপ্তি
গুর্খা, বি, নেপালের অধিবাসী "গোরখালী" হইতে ইহাদের গুর্খা নামের উদ্ভব।
গুলতান, বি, জনতা, ভিড়, গোলযোগ।
গেদ্দা, বিং স্থূল, মোটা।
গেহিনী, বি, (গৃহিণী শব্দের অপভ্রংশ) গৃহিণী, কর্ত্রী।
গোড়াইল, ক্রি, সাথে সাথে চলিল ; ২। ঘটিল, ফলিল।
গোবিন, বিং গভীর, অথই।
গোরোচনা, বি, গোমস্তকলব্ধ পীত দ্রব্যবিশেষ ; গোমস্তকস্থিত শুষ্ক পিত্ত।

গোরী, বি, গৌরবর্ণ। [দার।
গোলদার, বি, বড় বড় দোকান-
গোষ্ঠ, বি, গোচারণস্থান; ২। কৃষ্ণের গোচারণলীলা।
গোষ্ঠী, বি, বংশ; ২। দল।
গৌরব, বি, ভার, গুরুত্ব; ২। মান; ৩। ঔজ্জ্বল্য।

ঘ।

ঘড়িয়াল, বি, যে ঘটীযন্ত্র বাজায়। পূর্ব্বকালে কোতোয়ালের ন্যায় ঘড়িয়ালও রাজাদের কর্ম্মচারী ছিলেন। যথাসময়ে ঘড়ি বাজানই তাঁহাদের কার্য্য।
ঘরগারী, বি, ঘর সংসার।
ঘরজামাই, বি, চিরদিন শ্বশুরগৃহ-বাসী জামতা।
ঘরণী, বি, স্ত্রী, পত্নী।
ঘাঁটা, বি, (ময়মনসিং) রাস্তা।
ঘাগী, বিং দুষ্ট; ২। পাকা।
ঘাড়িভাঙ্গা, বি, গ্রীবাদেশ অবনত হইয়া পড়া।
ঘিলু, বি, (পাবনা) মস্তিষ্ক, মাথার মগজ।
ঘুরুশে, বি, ঘূর্ণাবায়ু।
ঘোষণা, বি, বিজ্ঞাপন, জানান দেওয়া; ২। চিহ্ন; ৩। কলঙ্ক, যথা,—
"দিন যাবে রবে না
দীনের দিন যাইবে হরি
রবে কেবল ঘোষণা।"

চ।

চঞ্চুরী, বি, চটক।
চতুয়া, বি, চতুর্দ্দার। [পাইয়া।
চমকি, ক্রি, আশ্চর্য্য হইয়া, ভয়
চাতর, বি, (জলপাইগুড়ী) আঙ্গিনা, উঠান।
চাপাটি, বি, পিষ্টক, পিঠা।
চালায়, ক্রি, লইয়া যায়; ২। ব্যস্ত করে; যথা,—
"চালায় প্রভু ফাঁকি জিজ্ঞাসিলে।"
চালেন, ক্রি, ব্যঙ্গ করেন; যথা—
"তাবৎ শ্রীহরি ট্রিয়ারে চালেন ঠাকুর।
যাবৎ তাহার ক্রোধ না হয় প্রচুর॥"
চিকুরহানা—বিদ্যুৎ স্ফুরণ।
চিন্তিব, ক্রি, শিখিব; যথা,—
"চিন্তিব তোমার স্থানে গুণ বিশ্বম্ভর।"
চীর, বি, বস্ত্রখণ্ড।
চুলবুলানি, বি, স্পর্দ্ধা; ২। ব্যস্ততা। [চালাক।
চেন্দড়, বিং (বীরভূম) চতুর,
চৈতালি, বি, রবিখন্দ, গম, যব, সরিষা প্রভৃতি যে সকল শস্য শীতকালে জন্মে।
চোঁকা, বিং শাণিত, তীক্ষ্ণ।
চৌচির, বিং (চৌ—চারি+চির—বিদীর্ণ) চারি ভাগে বিদীর্ণ, বহুধা বিদীর্ণ।
চৌতিশা, বি, (চৌ—চারি+তিশা—ত্রিশ শব্দজ) চৌত্রিশ অক্ষরা স্তুতি।

চৌরস, বিং প্রসারিত ; যথা,—
"চাঁচর চিকুর রামের চৌরস কপাল।"
(রামায়ণ)

ছ।

ছদ, বি, প্রথা ; ২। পত্র।
ছন্ন, বি, দূর, তফাৎ। [স্বাস্থ্য।
ছরৎ, বি, শরীর, দেহ ; ২।
ছাঁক, বি, অবসর, অবকাশ।
ছাঞ্চত, বি, (রঙ্গপুর) ছাঁচতলা, চালের প্রান্তভাগের নিম্নস্থান।
ছাপাছাপি, বি, লুকাচুরি ; ২। কানায় কানায় পরিপূর্ণ।
ছামুর—সম্মুখের।
ছুছু, বিং শূন্য, খালি।
ছোঁ, বি, শাবক, ছানা ; ২। চঞ্চু-দ্বারা আঘাত।
ছোড়ান, বি, মুক্তি ; যথা,—
"তবে আসি কংসরাজা বাসুদেবে আনি
বন্দী ছোড়ান করি কৈল প্রিয়বাণী॥"
(শ্রীকৃষ্ণবিজয়)

জ।

জওজে, (পারশী) স্বামী।
জক্‌সক, বিং (পারশী) যথেষ্ট, প্রচুর। [যোগ।
জগাখিচুড়ী, বি, গণ্ডগোল, গোল-
জট, বি, চুল, কেশ ; ২। সংহত কেশ, জটা।
জমাদার—১০। ১৫ বা ২০। ৩০ প্রভৃতি নির্দ্দিষ্ট সংখ্যক পদাতি বা বরকন্দাজ যার অধীনে থাকে।
জলচৌকী, বি, হস্তপদাদি প্রক্ষা-লন বা স্নানাদি করিবার জন্য কাষ্ঠাসন বিশেষ।
জলপান, বি, মুড়ি মুড়কি ও চাউল ভাজা। [প্রেক।
জলুই, বি, (সাওতাল পরগণায়)
জাতভায়া, জাতভাই, বি, স্বজাতি, একজাতি।
জামকী, বি, (পারশী) পোষাকের চুমকির জলুষ।
জামদানী, বি, বস্ত্রবিশেষ।
জামালকোটা, বি, এরণ্ডজাতীয় বৃক্ষবিশেষ।
জারিয়া, বি, (পারশী) ক্রীত-দাসীবিশেষ। তবে ইহারা নিতান্ত হীনভাবের দাসী নহে। [জগজ্জয়ী।
জাহানকোষা, বি, (পারশী)
জ্ঞাস্তা, বি, জ্ঞাতি।
জিগা, বি, (উত্তরবঙ্গে) জিউলী-গাছ। [বিদ্যুৎ।
জিলিক, বি, (ঢাকা অঞ্চলে)
জিহি, বি, জিহ্বা।
জীউ, বি, (হিন্দী) জীবন ; ২। ক্রি,—জীবিত থাকুক, বাঁচিয়া থাকুক ; যথা,—
"সবে বলে জীউ জীউ এ হেন পণ্ডিত।"
(চৈতন্যভাগবত)

জুকা, ক্রি, সমতুল করা, সমান করা।

জুন, বি, স্পর্দ্ধা, তেজ।

জুনী, বি, (পাবনা জেলায়) জোনাকি পোকা।

জুম, বি, (পারশী) অহিতাচার, অত্যাচার, জুলুম।

জোড়, বি, (বাঁকুড়ায়) ক্ষুদ্র নদী।

ঝ।

ঝাঁকি, বি, দর্শন; যথা,

"অপরাহ্নে মহাপ্রভু পুরীতে পৌছিলা।
কোটী২ লোক তথা আসি ঝাঁকি দিল॥"
(গোবিন্দের করচা)

ঝোলাঙ্গা, বি, ঝুলি, ভিক্ষাধার।

ট।

টহলদার, বি, প্রত্যুষে যে গায়কগণ নামগান করিয়া বেড়ায়।

টহাবাজার, বি, মৎস্য, তরকারী বিক্রয়ের বাজার।

টাইটুম্বুর,—কোন পাত্রের কাণায় কাণায় পরিপূর্ণ।

টাউর, বি, (বীরভূমে) দরমা।

টাকী, বি, (খুলনায়) চ্যাংমৎস্য।

টাট, টাল, বি, বংশের মঞ্চ, বাঁশের মাচা।

টিআ, টিয়া, বি, (চট্টগ্রামে) নিতম্ব প্রদেশ, পাছা।

টিমি, বি, কেরোসিন জ্বালিবার টিনের ডিবে (Lamp)।

টুই, বি, (বীরভূমে) ঘরের মটকা।

টেঁক, বি, কটিদেশ, করচ; ২। কটিদেশের বস্ত্র; ৩। নদীর বাঁক। [বিশেষ।

টোনা, বি, স্বামীবশীকরণ ঔষধ-

ঠ।

ঠাডা, বি, (বাখরগঞ্জ) বজ্র।

ঠাণ, বি, (স্থান শব্দজ) স্থান, ঠাঁই।

ড।

ডঙ্কা, বি, জানান দিবার জন্য যে বাদ্য হয়।

ডাঙ্গান, বি, প্রহার।

ডেঁকা, ড্যাঁপ, বি, সাপের ছানা।

ডেগড়ো, বি, বৃন্তসহ তালপত্র।

ডেহুয়া, ডেউয়া, বি, (উত্তরবঙ্গে) মান্দার।

ড্যাব্‌রা, বিং (বাখরগঞ্জ) উল্টা।

ঢ।

ঢাই, বি, (চট্টগ্রাম) ঢাকী।

ঢামালি, বি, রঙ্গভঙ্গ, রং তামাসা; যথা,—

"যতেক গোকুল নারী,
কৌতুকে ঢামালি করি;
ক্রীড়া করে যশোদার পাশে।"
(শ্রীকৃষ্ণবিজয়)

ঢালি, বি, যাহারা ঢাল লইয়া যুদ্ধ করে, ঢাল তলোয়ারধারী পদাতিক সৈন্য।

ঢেবাড়োরা — ঢোলের দ্বারা ঘোষণা।

ঢোল, বি, বাস্তযন্ত্রবিশেষ; ২। কৌতুক, তামাসা; যথা,—
"আপনি হইয়া শ্রীহট্টিয়ার তনয়।
তবে ঢোল কর কোন যুক্তি ইথে হয়॥"
ঢোলসমুদ্র—বঙ্গোপসাগর।

ত।

তবকী, বি, তবকী অর্থাৎ তোমর বা অগ্ন্যস্ত্রবিশেষ যে ধারণ করে।
তরজা, বি, কূট সমস্যা।
তরমূল, বি, (রঙ্গপুর) পেঁপে।
তর্কাতর্কি, বি, শাস্ত্রীয় বাদানুবাদ বা বিচার; ২। বাদানুবাদ।
তাঁবি, তাঁবী, বি, (তাম্রী শব্দজ) ঘটীযন্ত্র বিশেষ, জলঘড়ী, সংস্কৃত নাম কপাল যন্ত্র, প্রাচীন আর্য্যগণ রাত্রিকালে কালনিরূপণ জন্য এই যন্ত্র আবিষ্কার করেন।
তাক, সর্ব্বং তাহাকে; যথা,—
"তাক দেই অর্জ্জুনেরে যে দেশাত মেতে"
(সঞ্জয় মহাভারত)
তিথাল, বিং শাণিত, তীক্ষ্ণ।
তিতা, বি, (তিক্ত শব্দজ) তিক্ত; যথা,—
"তিতা কেন দেহ মোর ননদী বচনে।"
(চণ্ডীদাস)
২। (সিক্ত শব্দজ কি?) আর্দ্র; ভিজা; যথা,—
স্নানান্তে তিতাবস্ত্র এড়িলেন শ্রীশচিনন্দন"
(চৈতন্যভাগবত)
তৈক্যা, বি, (চট্টগ্রাম) টুপি।
তোক, তোত, সর্ব্বং তোমাকে; যথা,—,
"দশ হস্তী দিমু তোক পরম সুন্দর"
(কবীন্দ্র)
"পিতৃতো, মাতৃতো, করি তোত অনুরাগ"
(অনন্ত রামায়ণ)
তোমর, বি, অস্ত্রবিশেষ।
ত্বরাপর, বিং দ্রুত, তাড়াতাড়ি।

থ।

থাইঠ, বি, (বাখরগঞ্জ) যন্ত্রণা, জ্বালা।
থাবাকমারি, বিং (বাখরগঞ্জ) [দ্রুত, শীঘ্র।

দ।

দড়িয়া যাওয়া—শক্ত হইয়া যাওয়া।
দণ্ডপাখা, বি, ব্যজনবিশেষ।
দন্দবাদ, বি, কলহ, বিবাদ।
দপ্তর, বি, (পারশী) সেরেস্তা।
দলম্মল,—দলদল করিয়া দুলিতে থাকা।
দশঠাকুর, বি, কুটুম্ব সাধারণ।
দাওয়াই, বি, (হিন্দী) ঔষধ।
দাওয়াইখানা, বি, (হিন্দী) ঔষধালয়।
দায়, বি, দোহাই।
দ্বারস্থ, বিং, দরজায়স্থিত; ২। বশীভূত, বাধ্য।
দিঠি, বি, (দৃষ্টি শব্দজ) দৃষ্টি, নজর; ২। চক্ষু। [লোক।
দিনেমার, বি, ডেন্মার্কদেশীয়-
দিয়ার, বি, (রঙ্গপুর) প্রদীপ।

দিলগির, বি, (পারসী) খোস-মেজাজী।
দীপগাছা, বি, কাঠের প্রদীপ বা মাটীর প্রদীপাধার।
দুট্টা—(মেদিনীপুর) দুইটী। বাখরগঞ্জে—দুগ্‌গা। চট্টগ্রামে দুয়া।
দুরস্ত, বিং সমান, সমতুল।
দুরা, বি, (পাবনা) কচ্ছপ।
দেওয়া, (যশোহর) মেঘ।
দেওয়ান, বি, দরবার। [ধ্যক্ষ।
দেয়ান, বি, প্রধান মন্ত্রী ও কোষা-
দেশমুখ, বি, উপাধিবিশেষ; ২। গ্রামের প্রধান; ৩। বিভাগীয় রাজস্ব সংগ্রাহক।
দেশোয়ালী, বি, উত্তরপশ্চিমাঞ্চলায় লোক।
দোন,—দুই।
দোজা, বি, উত্তরীয়, চাদর।
দোআঁস, বি, যে মাটীতে এঁটেল ও বালীর ভাগ সমান থাকে।
দোস্ত, বি, জ্যোৎস্না; ২। (চট্টগ্রাম) বন্ধু।

ধ।

ধকড়া, বি, (জলপাইগুড়ি) চট।
ধরেয়াব, (রঙ্গপুর) ইন্দুর।
ধম্মারা, বি, মন্দির, দেবালয়।

ন।

নক্‌করে, ক্রি বিং, অন্যের অলক্ষিত ভাবে।

নখ্‌তা, নাখোতা, বি, নক্ষত্র; যথা,—

"মাস নখ্‌তা, তিথি যুতা।" (খনা)

নড়কথা—প্রত্যেক।
নড়িলা, ক্রি, চলিলেন, যাইলেন; যথা,—

"নড়িলাত কানাঞি সব ছাওয়াল লইয়া
নিজ নিজ বাছুর সনে গেল চালাইয়া।"

নবসত, বি, দ্বিরাগমন।
নরসুন্দর, বি, ক্ষৌরকার, নাপিত।
নাআঁটে—কুলায় না, অনাটন হয়, টানাটানি পড়ে।
নাগরা, বি, রণবাদ্যবিশেষ।
নাগরী, বি, নগরবাসী; ২। দেবনাগরাক্ষর।
নাচুনী, বি, তাঁতের অঙ্গবিশেষ। নাচুনী প্রত্যেক 'বোওয়া' পাটার উপরে দুই গাছি সুতার দড়ি দিয়া বাঁধা থাকে। নাচুনীর ঠিক মধ্যভাগে একটী ছিদ্র থাকে, ঐ ছিদ্র দিয়া দড়ি প্রবেশ করাইয়া ফ্রেমের উপরিস্থ কাষ্ঠখণ্ড ঝুলাইয়া রাখা হয়।
নাটক, বি, নর্ত্তক।
নাটুয়া, বি, রঙ্গভূমির অভিনেতা।
নাপানী, বি, বিলাস, ভঙ্গী বা হাবভাব কারিনী।
নামডাক, বি, সুনাম, প্রতিপত্তি।
নায়, বি, নৌকায়; ২। ক্রি,—স্নান করে।

নায়ক, বি, গৃহস্বামী; ২। নেতা, প্রধান গায়ক।

নিন্দ, বি নিদ্রা [ধারায়।

নিমিঝিমি, বিং অবিশ্রান্ত মূষল-

নিয়র, বি, শিশির, হিম; ২। বিং—নিকট; যথা,—

"নিয়র পুখরি দূরে যায়।"

(ডাকের বচন)

নিরাময়, বিং নির্ম্মল, নির্দ্দোষ।

নিবসতি, বি, গৃহ।

নিশাপতি, নিশীশ্বর, বি, হিন্দু-রাজত্বের শাসনবিভাগীয় কর্ম্ম-চারীবিশেষ। হিন্দুরাজগণ পুলিস দারগার কাজ নিশা-পতিদিগের দ্বারা করাইতেন।

নেওতা, বি, (হিন্দী) নিমন্ত্রণ।

নেওয়া, বি, (উত্তরবঙ্গে) আতা।

নেবাজ, বি, (পারশী) প্রতিপালক, অনুগ্রাহক।

প।

পয়ম, বি, (ঢাকা) সজলভূমি।

পখা, বি, পক্ষ।

পঙ্ক্ষী, বি, (পক্ষী শব্দের অপ-ভ্রংশ) পাখী।

পচান, বি, পাককরণ; ২। নষ্ট-করণ; ৩। জরান।

পয়দল, বি, পদাতিক সৈন্য।

পরাত, বি, পিতলের বাসনবিশেষ, কানাওয়ালা বড় পিতলের থালা।

পরিচ্ছেদ, বি, পুস্তকের ভাগ; ২। শেষ, পূর্ণ।

পরিবাদ, বি, নিন্দা, অখ্যাতি।

পরিহার, বি, পরিত্যাগ; ২। অবজ্ঞা; ৩ প্রার্থনা; ৪। ভিক্ষা, দীনতা।

পাউঠা, বি, পদচিহ্ন। [চাল্‌তা।

পাঁচকোল, বি, (উত্তরবঙ্গে)

পাঁজিপুথি, বি, পঞ্জিকা ও পুস্তক, শাস্ত্রীয় গ্রন্থাদি।

পাক্‌না, বিং পক্ব।

পাকিমালা, বি, কাঠের মালা।

পাকুড়, বি, (উত্তরবঙ্গে) অশ্বত্থ-গাছ। [দড়ি।

পাঘা, বি, (বাঁকুড়ায়) গরুর

পাতাসেজ, বি, কণ্টকময় বৃক্ষ-বিশেষ। মনসাপূজায় এই বৃক্ষ ব্যবহৃত হয়।

পালটীঘর—সমানঘর, যাহাদের সঙ্গে নির্দ্দোষে আদান প্রদান চলে। [অন্দরমহল।

পাশদুয়ার, বি, (ময়মনসিং)

পিউ, বি, পানি, জল; যথা,—

"ময়ূর ময়ূরী নাচে, চাতকিনী পিউ যাচে,
আর কি বিরহী বাঁচে বুঝিনু নিষ্কর্ষ।"

(ভারতচন্দ্র)

পিওন, বি, দ্রব দ্রব্যের গলাধঃ-করণ; ২। পত্রবাহক।

পিক, বি, থুথু; ২। পানের ছেপ।

পিকদান, পিকদানী, বি, নিষ্ঠী-বনপাত্র।

পিচ্, বি, বৃক্ষবিশেষ, ফলবিশেষ।
পিচটী, পিচুটী, বি, (পিঞ্জট শব্দজ) নেত্রমল, চক্ষুর ময়লা।
পিচল, পিছল, বিং (পিচ্ছিল শব্দজ) তেলা, গড়ানিয়া; ২। স্খলন।
পিচ্‌কারী, বি, বেগে জলনিঃসারক ক্ষুদ্র যন্ত্রবিশেষ।
পিছন, পিছান, বি, পশ্চাদপদ হওন, পশ্চাদ্বর্ত্তী হওন।
পিছপাও, বি, পশ্চাদপদ।
পিছা, বি, (পূর্ব্ববঙ্গে) খড়ের সম্মার্জ্জনী, ঝাড়ুন।
পিছাড়ী, পিছুড়ী, বি, পশ্চাদ্‌গমন, পশ্চাদপদ সঞ্চালন।
পিছাপিছি, বিং পরস্পর পশ্চাৎ।
পিছার, বি, পশ্চাদ্ভাগ। [কার।
পিছিলা, বিং পূর্ব্ববর্ত্তী, আগে-
পিছে, বি, পৃষ্ঠে, পশ্চাদ্ভাগে; ২। বিং—প্রতি, প্রত্যেক।
পিছ্‌লন, বি, পদস্খলন।
পিট, পিঠ, বি, (পৃষ্ঠ শব্দজ) পৃষ্ঠদেশ।
পিট্‌টান, বি পলায়ন।
পিটন, বি, আঘাতকরণ, প্রহার করণ, মারন, তাড়ন।
পিটলী, পিটুলী, বি, বৃক্ষবিশেষ; ২। জলযুক্ত পেষিত তণ্ডুল।
পিট্‌পিট্, ক্রি বিং, সঙ্গে সঙ্গে; ২। চক্ষুর পাতা অনবরত সঞ্চালন।
পিট্‌পিটে, বিং শুচিবাইগ্রস্ত।
পিটা, বি, (পিষ্টক শব্দজ) পিষ্টক; ২। বিং—আঘাতিত।
পিটনা, বি, মূদ্গর, পিটিবার কাষ্ঠ মূদ্গরবিশেষ। [দাঁড়া।
পিঠদাঁড়া, বি, মেরুদণ্ড, শির-
পিঠমোড়া, বি, উভয়হস্ত পৃষ্ঠদেশে লইয়া বন্ধন।
পিড়া, পীড়া, বি, (পীঠ শব্দজ) বেদী; ২। কাষ্ঠাসনবিশেষ; ঘরের দাওয়া।
পিড়ঙ্গ, বি, শাকবিশেষ।
পিণ্ডালু, বি, আলুবিশেষ, চুবড়ি-আলু। [আসন।
পিণ্ডিকা, বি, পিঁড়ি, বসিবার
পিণ্ডী, বি, খর্জ্জুরবিশেষ, পিণ্ড-খেজুর, পারস্যদেশের দক্ষিণ ভাগের গাছ। তথায় ইহার বিস্তর চাষ হয়। ইহার গাছ ৩০।৪০ হাত দীর্ঘ হয়, ৮।১০ বৎসর পরে ফলে এবং ১০০ বৎসরেরও উপর বাঁচে; ২। পিণ্ড, ভাতের ডেলা।
পিণ্ডীচট্‌কান, বি, শ্রাদ্ধ করা; ২। প্রহার করণোদ্যোগ; ৩। স্ত্রীলোকের গালিবিশেষ
পিত্তল, বি, (পিত্তল শব্দজ) মিশ্রিত ধাতু বিশেষ।
পিত্তপড়া—নির্দ্দিষ্ট সময়ে ভোজন না করিলে পরিপাক যন্ত্রগুলি

ভগ্নমনোরথ হইয়া শিথিল ও অবসন্ন হইয়া পড়ে। যে ক্ষুধার উদ্রেক হইয়াছিল, তাহার বিরতি হয়। এই অবস্থাকেই পিত্তপড়া বলে।

পিত্তি, বি, (পিত্ত শব্দজ) শরীরস্থ ধাতুবিশেষ; অবজ্ঞার ভাষায় ঘৃণা, লজ্জা।

পিত্তেশ, বি, (প্রত্যাশা শব্দজ) প্রত্যাশা, ভরসা।

পিনাশ, বি, নাসিকারোগবিশেষ; ২। পিনাক যন্ত্র।

পিনিস, বি, (বাং) নৌকাবিশেষ।

পিন্ধন, বি, পরিধান।

পিপা, বি, কাষ্ঠনির্ম্মিত গোলাকার বৃহৎ পাত্রবিশেষ।

পিপীড়া, বি, (পিপীলিকা শব্দজ) পিপীলিকা।

পুহৈর, বি, পুষ্করিণী, পুকুর।

পেখন, বি, দর্শন, দেখা।

পেয়ার, বি, ফলবিশেষ; ২। বিং— প্রিয়।

পোখরি, বি, (হিন্দী) পুষ্করিণী।

পোয়া, বি, সেরের চতুর্থাংশ; ২। ঢেঁকির দুই পাশের হাড়িকাঠের ন্যায় যে দুই খুঁটার উপর ঢেঁকি থাকে।

পোষণ, বি, আহার; যথা,—
"প্রভু বলে কৃষ্ণ পোষ্টা করিব পোষণ।"

ফ।

ফগ্ন, বি, ফণা।

ফরমান, বি, পাতশার হুকুম, হুকুমনামা।

ফরমাহ, বি, হুকুম দিন।

ফর্ম্মা, বি, ছাঁচ, আকৃতি।

ফররা, বি, (পারশী) সুখ।

ফলসা, বি, অম্লমধুর ফলবিশেষ।

ফাউগ, বি, আবির।

ফাঁর, বি, বিদারণ; ২। আঘাতচিহ্ন।

ফাঁসমাটী, বি, জন্তুগণের মলমূত্র পচিয়া যে মাটী প্রস্তুত হয় তাহার নাম ফাঁস মাটী।

ফুতা, বি, (চট্টগ্রামে) সুতা।

ফুরণ, বি, (স্ফুরণ শব্দজ) ফুলন।

ফুলান, বি, গর্ব্বে শীষ জন্মান।

ফেকো, বি, ফেণা।

ফের, বি, বাধা, বিঘ্ন।

ফেরফার, বি, উল্টাপাল্টা, ছল কৌশল।

ব।

বক্ত, বি, (পারশী) অদৃষ্ট, ভাগ্য।

বড়ু, বি, ব্রাহ্মণপুত্র; ২। (বটু শব্দের অপভ্রংশ) ছাত্র।

বন্দেগী, বি, (পারশী) সেলাম।

বল্লম, বি, বর্শা, অস্ত্রবিশেষ।

বহির্ব্বাস, বি, বৈষ্ণবেরা প্রথমতঃ কপ্নী আঁটিয়া তাহার পর যে

একখানা টুক্‌রা কাপড় পরে,
তাহার নাম বহির্ব্বাস।

বহু, বি, বধূ—বউ, প্রাচীন বঙ্গীয় অনেক পুস্তকে দৃষ্ট হয়; যথা,—

"যাহার বহু ঝি দুরে যান্তি।
তাহার নিকটে বসে অসতী॥"
(ডাকের বচন)

বাইট্যা, বি, (ঢাকা) অংশ। মানভূম জেলায়—বাথ্‌রা এবং মেদিনীপুরে—বাঁটী।

বাউড়ী. বি, ঘূর্ণাবায়ু। [ধিধারী।

বাঁড়ুরী, বি, বন্দ্যোপাধ্যায় উপা-

বাঁদী, বি, চাকরাণী; ২। বেশ্যা।

বাগড়, বাগড়া, বি, কুমন্ত্রণা, কুপরামর্শ।

বাড়, বি, পাশ, কিনারা, ধার।

বাড়ি, বি, যষ্ঠি, লাঠী।

বাতাড়, বি, বেড়া। [গ্রস্ত।

বাতুল, বিং পাগল, বায়ুরোগ-

বাদা, ব্যধা, বি, খড়ম; ২। (বাঁকুড়া জেলায়) ক্ষেত্র।

বাপু. বি, বৎস, বাছা; ২। স্নেহ প্রকাশক সম্বোধন; ৩। প্রাচীন সাহিত্যে 'বাপু' শব্দ কোন কোন স্থলে সন্তান কর্ত্তৃক পিতার প্রতি ব্যবহৃত দেখা যায়; যথা,—

"পদ্মা বলে তুমি বাপু সংসারের সার।
ঝির অপমান বাপু না দেখ একবার॥"
(পদ্মাপুরাণ)

২। বেহুলা পিতার প্রতি—

"বেহুলা বলেন বাপু শুন নিবেদন।
স্বপ্ন দেখিয়া আমি করেছি রোদন॥"

বায়ন, বি, বাদক।

বারমাস্যা, বি, বারমাসের বিবরণ। বারমাসের সুখ দুঃখের বৃত্তান্ত। আমরা প্রাচীন অনেক কাব্যেই—বারমাসের বর্ণনা দেখিতে পাই। চণ্ডী-কাব্যে ফুল্লরা ও খুল্লনার বার-মাস্যা, বিদ্যাসুন্দরে বিদ্যার বারমাস্যা ও অন্যান্য গ্রন্থে বার-মাস্যার বিষয় বর্ণিত আছে।

বারি,—বি, ঘট।

বাহুড়ান, বি, ফিরাণ।

বিতথা, বি, দুর্দ্দশা, দুরবস্থা।

বিতরি, বি, (রঙ্গপুর) আউস ধান্য।

বিদিত, বিং অবগত; ২। প্রচা-রিত।

বিভা, বি, বিবাহ।

বিভূতি, বি, (যশোহর) ভীমরুল।

বিরক্ত, বিরক্তি, বিং উদাসীন, সংসার অনুরাগশূন্য; যথা,—

"জন্ম হৈতে বিশ্বরূপ হৈলা বিরক্তি।"

বিলই, বি, (বাখরগঞ্জ) বিড়াল।

বিহন, বি, (বাঁকুড়া) ধানের বীজ।

বুন্দা, বি, বৃষ্টি বিন্দু।

বেআলি, বেয়ালি, বি, অনৈক্য, বিবাদ; যথা,—

"উচিত বলিতে পাড়ে গালি।
পোয়ে ঝিয়ে হয় বেআলি॥"
(ডাকের বচন)

বেণেভাঙ্গি, বি, সিদ্ধিখোর।

বেদনী, বিং ব্যথিত।

বেভরক, বিং (ঢাকা) নির্লজ্জ, লজ্জাহীন।

বেভাস বিং অসংলগ্ন, অসঙ্গত।

বেলাবেলি, ক্রি বিং, সময় থাকিতে।

বৈল, বি, মুকুল।

বোঁদেলা, বি, বুন্দেলখণ্ডবাসী চোয়াড় জাতি।

বৌকাঁটকী, বি, যে স্ত্রীলোক বধূকে জ্বালাযন্ত্রণা দেয়।

ব্যতীত, বি, উল্লঙ্ঘন, অমান্য।

ব্যবসায়, বি, ব্যবহার; যথা,—
"এইরূপ প্রভুর কেমন ব্যবসায়।"
(চৈতন্যভাগবত)

ব্যাগগাতা, বি, (ব্যাগ্রতা শব্দজ) অনুনয়, মিনতি।

ব্যাহা, বি, (খুল্না) চিচিঙ্গা।

ভ।

ভদ্রকর, ক্রি, ক্ষৌরকার্য্য সমাধা কর; যথা,—
"ভদ্রকর ছাড় এই মলিন বসন।"
(চৈতন্যচরিতামৃত)

ভবিতব্য, বি, বিধিলিপি; ২। বিং—অবশ্যম্ভাবী, যাহা নিশ্চয় ঘটিবে।

ভাইত, বি, ভ্রাতা, ভাই; যথা,—
"ভাইত বিদায় করি বিপুলা সুন্দরী।"
(পদ্মাপুরাণ)

ভাঙ্গড়, ভাঙ্গী, বি, সিদ্ধিখোর।

ভাজি, বি, ভাজন, পাত্র।

ভাবক, বিং ক্ষণস্থায়ী ভাবযুক্ত।

ভাষণা, বি, ঘোষণা, বিজ্ঞাপন; যথা,—
"ফাঁসনা কেবল বৈল, বাসনা পুরণ নৈল,
লাভে হ'তে লাভ হইল, লোকে মিথ্যা ভাষণা।
(ভারতচন্দ্র)

ভুসঙ্গ, বি, ভস্ম, ছাই।

ভূঞারাজা, বি, (ভূঞা—ভূমিপ শব্দজ) বড়বড় রাজগণের অধীনস্থ রাজগণ বড় রাজগণের ছত্রধারী রাজা।

ভূচালা, বি, ভূমিকম্প।

ভেটকী, বি, (ঢাকাঞ্চলে) ধমক, তাড়না।

ভেদ, বি, রহস্য, নিগূঢ়মর্ম্ম।

ভেরুআ, ভুরা, বি, ভেলা; যথা,—
"নক্ষত্র সঞ্চারে যেন ভুরার চলন।"
"চিত্তে ক্ষেমা দিয়া যায় ভেরুআ ভাসাইয়া
(নারায়ণদেবের পদ্মাপুরাণ)

ভোগ, বি, দেবপ্রতিমার আহার; ২। সচিব, মন্ত্রী; যথা,—
"পঞ্চ গৌড়েশ্বর, ভোগ পুরন্দর,
ভণে যশরাজ খান।"

ভোগুল, বি, নিষ্ফল।

ভোরঙ্গ, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

ভ্যাওট, বি, ভেট্‌কীমাছ।

ম।

মকমকি, বি, ভেকের শব্দ।

মঙ্গল, বি. কুশল; ২। মাহাত্ম্য, মহিমা; ৩। প্রস্তাবনা, প্রবন্ধ; যথা,—

"পূর্ণ কর নূতন মঙ্গল।"

মজ্গুর, বি, মৎস্যবিশেষ, মাগুর-মাছ।

মঞ্জরী, বি, স্বীকার, সম্মতি।

মণ্ডপ, বি, অতিথিশালা।

ময়ঙ্ক, বি, মৃগাঙ্ক, চন্দ্র।

মশালচী, বি, মশালধারী।

মাউশ, বি, (জলপাইগুড়ী) মাসীর স্বামী, মেসো।

মাঝু, বি, মধ্যস্থল।

মাটিকোঠা, বি, অদগ্ধমৃত্তিকা নির্ম্মিত অট্টালিকা।

মাড়াল, বি, পথ।

মাথাকাড়া দেওয়া—বড় হওয়া, ঢেঙ্গা হওয়া।

মান্দাস, বি, ভেলা।

মাল, বি, মল্লযোদ্ধা।

মালিকা, বি, মালা।

মাল্লি, বি, পথ্য।

মাসড়া, বি, মাসিক বৃত্তি।

মাহুতি, বি, গজারূঢ় সৈন্য।

মিয়া, বি, (পারশী) মুসলমানের মহাশয় সম্বোধন।

মুরুচা, বি, (পারশী) যুদ্ধার্থ যেখানে সৈন্য অবস্থান করে, তাহার সম্মুখে ও চারিধারে আত্মরক্ষার্থ মাটির বা পাকা গাঁথিয়া একটা বেড়ার মত যে নির্ম্মাণ করে, তাহার নাম (Bastion)।

মুরুৎ, বি, (পারশী) মূর্ত্তি।

মুহুমুহু, বি, মুহুর্মুহু, বারংবার।

মূচ্ছল, বি, বাদ্যযন্ত্রবিশেষ।

মেকামেকী — সর্ব্বদা, কচ্‌কচ্‌ করা বা বিকট শব্দ করা।

মেকুর, বি, বিড়াল।

মোক, মোত, সর্ব্বং, আমাকে। প্রাচীন সাহিত্যে ব্যবহৃত।

মোজাহেম, বি, (পারশী) স্বত্বের দাবী।

র।

রক্ষিতা, বি, রক্ষয়িতা—; যথা,—

"আমার সবারে কৃষ্ণ আছেন রক্ষিতা।"

রগুড়ে, বিং আমোদপ্রিয়, কৌতুকী।

রম্ভা, বি, অপুত্রক বিধবা, রাঁড়।

রাজাই, বি, রাজত্ব।

রামতলঘরা, বি, অপরাধীর শাস্তি বিশেষ; যথা,—

"না মারিল হুকুম হইল রামতলঘরা।
বিচারিল আছে এই জীবনেই মরা॥"
(চৈতন্যমঙ্গল)

রাহুত বি, স্বনামখ্যাত জাতি-বিশেষ।

রুঠা, বিং (চট্টগ্রামে) অনুর্ব্বর।

ল।

লগণচাঁদা,—জন্মকালীন যাহার জন্মলগ্নে চন্দ্র অবস্থিতি করেন।
লগ্ন, বিং বিবাহাদি কার্য্যের নির্দ্দিষ্ট সময়; বিং—সংলগ্ন।
লঘু, বিং ক্ষুদ্র, অল্প।
লহড়, বি, দৌড়, লড়। [ছন্দ।
লাচাড়ী, বি, ছন্দোবিশেষ, ত্রিপদী-
লোভীষ্ঠ, বিং অতিলোভী।

শ।

শাহানশাহা, বিং (পারশী) রাজার রাজা।
শুখান, বিং শুষ্ক, জলশূন্য।

স।

সঙ্গোপন, বি, লুকান; ২। মৃত্যু।
সজ্জিকা, বি, (উত্তর বঙ্গে) হুঁওগাছ।
সভাসুন্দর, বি, রজক, টোপা।
সমসর, বি, সমতুল্য, সদৃশ।
সমন্বয়, বি, মিল, ঐক্য।
সমাজপতি, বি, সমাজের নায়ক, যাহার কথা অনুসারে সমাজ পরিচালিত হয়।
সমাধান, বি, শেষ; যথা,—
"নিমিষেকে জীবন যৌবন সমাধান।"
সমালি, বি, ফুলের তোড়া।
সম্ভার, বি আয়োজন।
সরপেচ, বি, পাত্রবিশেষ, সরপোষ।
সলুই, বি, সাপের ছানা।
সহজিয়া, বি, সম্প্রদায়বিশেষ।
সহবর্ত্তী, বি, সহকারী।
সাঁই, বি, প্রভু।
সাঙ্গোপাঙ্গ, বি, দলবল।
সাজোয়াল, (পারশী) তহশীলদার
সাটীমাছ, বি, (উত্তরবঙ্গে) ল্যাটা মাছ।
সাপটিয়া—জড়াইয়া।
সাফাই, বি, (পারশী) নির্দ্দোষিতা প্রমাণ।
সুঝে, ক্রি, সমঝ করে বা তলাইয়া বুঝে। [উপায়।
সুরাখ, বি, সুবিধা; ২। পথ,
সেঁওয়ালী, বিং সন্ধ্যাকালীন।
সেয়াথ, বি, মঙ্গল, কুশল।
সোড়ং, বি, (উত্তরবঙ্গে) ওল।

হ।

হল্‌কা, বি, (পারশী) হস্তীরদল।
হাবাল, বি, (পারশী) জিম্মা।
হাভাষে—হাহাকার শব্দকরে।
হার্ম্মাদ, বি, পর্ত্তুগিজ জলদস্যু।
হাসল, বি, (পারশী) কর্ত্তব, সম্পাদন।

সম্পূর্ণ।

পদে 'সর্ব্বৈঃ বীরৈঃ শরণযুক্তা' অর্থ ভাষ্যেও গৃহীত হইয়াছে; কিন্তু উহার অর্থ বৈপরীত্য দৃষ্ট হয়। ঐ পদের অর্থ সংস্কৃতেরই অনুরূপ হওয়া উচিত। 'সকল বীর-সাধকগণের দ্বারা শরণযুক্ত', অর্থাৎ বীর-সাধকগণের দ্বারা সুসেবিতা। স্মরণাতীত কাল হইতে বৈদিক সাধনা-প্রণালীর মধ্যে বীর-সাধকের স্থান উচ্চে। বীর-সাধক 'নেতি নেতি' করিয়া অর্থাৎ জগৎ মিথ্যা, ব্রহ্ম সত্য; এই বিচার করিতে করিতে কঠোর ব্রহ্মচর্য্য, ধ্যান-ধারণাদির দ্বারা ভগবৎ-সান্নিধ্য লাভ করেন। আর সেই লাভের হেতু বা পথের সহায়—জ্ঞানদায়িনী উষা। অতএব ইহা নিশ্চয় যে, ঐ সর্ব্ববীরাঃ পদটী উষার বিশেষণ। এতদনুসারে ভাষ্যকার 'অশ্বদা' পদেরও সার্থকতা রক্ষা হইতে পারে। এই সূক্তের চতুর্দ্দশ ঋকে অশ্ব শব্দে 'ব্যাপনশীল স্বকীয় কিরণ" অর্থ গ্রহণ করিয়াছেন। সুতরাং তাঁহার মতেও, 'অশ্বং দদাতি' এই ব্যুৎপত্তির দ্বারা 'ব্যাপনশীল স্বকীয় কিরণপ্রদায়িনী'—এইরূপ অর্থই দাঁড়ায়। আমরাও ঐ অর্থ গ্রহণ করিয়াছি। কিন্তু ভাষ্যকারের মতের পূর্ব্বাপর সামঞ্জস্য কি করিয়া রক্ষা হইতে পারে? তাহার পর 'গোমতীঃ' পদ ভাষ্যকারের মতে 'উষসঃ' পদের বিশেষণ হইয়াছে; কিন্তু ইহা কিরূপে সম্ভব হইবে? 'উষসঃ' পদটী প্রথমার বহুবচন ও কর্ত্তৃকারক। যদি উহার বিশেষণ হইত, তাহা হইলে 'গোমত্যঃ' এইরূপ হইত। অতএব, 'গোমতীঃ' পদ 'উষসঃ' পদের বিশেষণ নহে। উহা দ্বিতীয়ার বহুবচনে আছে। উহার অর্থ—'ব্রহ্মরূপা মহাবিদ্যা।' উহার ব্যুৎপত্তি এই যে,—"গো' পৃথিবী যাঁহাতে আছে, তিনি গোমান্; তাহার স্ত্রীলিঙ্গে গোমতী।' অর্থাৎ, বিশ্বরক্ষয়িত্রী মহাবিদ্যা বা ব্রহ্মবিদ্যা।

বীর ত্যাগী সাধক যখন জ্ঞানদায়িনী চৈতন্যময়ী উষাকে লাভ করিতে পারেন, তখন কর্ম্মকোলাহলের আপাত দৃশ্যমান এই ক্ষীণ শিখাটী নিভিয়া যায়, তিনি ব্রহ্মবিদ্যার অধিকারী হন ও অমৃতের আস্বাদ পাইয়া অমর হইয়া যান। ইহাই এ ঋক্ বুঝাইতেছেন। এই মহাভাবই এ ঋকের মধ্যে নিহিত; এবং ইহাই মানব-জীবনের একমাত্র প্রাপ্য। (১ম—১১৩ সূ—১৮ঋ)॥

———•———